Acc. No. 512 Shelf No. 5H7R

Title
SubTitle Sankalpa Kalpadrumah

Role ✓ Author | Editor | Comment. | ✓ Transl. | Compiler |

Jiva Gosvami
Sacinandana Gosvami

Edition

Publisher Nityasvarupa Brahmacari cai

Place Vrindavan Year 1908 Ind.Yr. 422

Lang. Sanskrit Script Bengali

Subject

P.T.O. ➡

Digitized at BRCindia.com

শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ
"শ্রী... ...রাগ"
১৬৮।২, সাউথ সিঁথি রোড, কলিকাতা-২

# সঙ্কল্পকল্পদ্রুমঃ

Acc No 512

পূজ্যপাদ

শ্রীপাদ জীবগোস্বামি বিরচিতঃ।

---

শ্রীধাম নবদ্বীপনিবাসি পণ্ডিত

শ্রীশচীনন্দন গোস্বামি ভক্তিরত্নকৃত

বিমলানাম্নীটীকয়া অনুবাদেনচ সহিতঃ।

---

শ্রীরাধাবিনোদৈক জীবন রাজর্ষি রায়

শ্রীল শ্রীযুক্ত বনমালী রায় বাহাদুর ভক্তিভূষণস্য সাহায্যেন।

---

শ্রীধাম বৃন্দাবনস্থ।

শ্রীদেবকীনন্দনাখ্য যন্ত্রে

শ্রীনিত্যস্বরূপ ব্রহ্মচারিণা

মুদ্রিতঃ প্রকাশিতশ্চ।

শ্রীচৈতন্যাব্দাঃ ৪২২।

মূল্যং ১৷৹ সার্দ্ধৈকরৌপ্যকং।

শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ
"শ্রীপাদপরাগ"
১৬৮।২, মাওথ সিঁথি রোড, কলিকাতা-২

# ভূমিকা

নিখিল বৈষ্ণবীয় সুসিদ্ধান্ত গ্রন্থ সমূহের প্রণেতা শ্রীপাদ জীবগোস্বামি মহাশয় শ্রীমদ্ ভাগবতীয় দশমস্কন্ধোক্ত শ্রীকৃষ্ণলীলার সমন্বয়, সুসিদ্ধান্ত বা ভাষ্যস্বরূপ গোপালচম্পূ নামক গ্রন্থ প্রণয়ন করিয়া তাহারই অনুক্রমিকাস্বরূপ এই সঙ্কল্পকল্পদ্রুম গ্রন্থখানি প্রকাশ করতঃ শ্রীরাধাগোবিন্দের স্বকীয় নিত্য লীলাদি বর্ণন করিয়াছেন। এই শ্রীরাধাকৃষ্ণের স্বকীয় নিত্য লীলা স্মরণাদিই পরম পদপ্রার্থিজীবের একান্ত কর্ত্তব্য বলিয়া তিনি স্বয়ং সাধকজীবের প্রতি উপদেশ ছলে স্বীয় মনের প্রতিই যেন উপদেশ করিয়াছেন।

গ্রন্থের প্রামাণ্যাদি সম্বন্ধে অতিরঞ্জিত বর্ণন করাই অনাবশ্যক কারণ উক্ত গ্রন্থকর্ত্তা শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর নিত্য পারিষদ ও ছয় গোস্বামীর অন্তর্গত, শ্রীকৃষ্ণলীলায় তিনিই শ্রীভানুমতী মঞ্জরী নামে অভিহিত, ইঁহার প্রকাশিত গ্রন্থের প্রামাণ্য সম্বন্ধে বা ইঁহার প্রকটিত ভগবৎপ্রাপ্তির সদুপদেশ সম্বন্ধে সমালোচনা করা অজ্ঞতা মাত্র।

আহা! যিনি শ্রীরূপ সনাতনের অনুগত প্রিয়তম, যাঁহাদের উপদেশে সম্যক্ শিক্ষিত, এবং যাঁহাদের কৃপায় বা যাঁহাদের আদেশে ভক্তিগ্রাহী হইয়া ভক্তিজগতে ভক্তিগ্রন্থ প্রচার করতঃ জগৎবাসি জীবগণকে বিশুদ্ধ ভক্তিরস আস্বাদন করাইয়াছেন, তৎকৃত গ্রন্থ— স্বয়ংই প্রমাতা ইহাতে কোন সন্দেহ নাই।

তিনি ভক্তিসংরক্ষক বহুবিধ দুর্জ্ঞেয় সিদ্ধান্ত গ্রন্থ প্রকাশ করিয়া ভক্তিজগতে ভক্তিনিষ্ঠ জীবগণের পরম পদ প্রাপ্তির নির্ভেদ্য উপায় অকাট্য শাস্ত্র প্রমাণ-যুক্তি দ্বারা সুন্দররূপে নির্দ্ধারিত করিয়াছেন। যদিচ শ্রীরূপ সনাতন প্রভৃতি গোস্বামিপাদগণ সংসারক্ষেত্রে ভক্তিবীজ রোপণ করিয়া অঙ্কুরিত করিয়াছেন সত্য, কিন্তু যেমন সাধারণ বীজাঙ্কুর, ভক্ষক পশু হইতে রক্ষা করিতে হইলে তাহার চতুর্দ্দিক্ কণ্টকাদি দ্বারা পরিবেষ্টিত ও তদুপরি বারিসিঞ্চন করিতে হয়, [illegible] তাঁহারা সেই অঙ্কুর সংরক্ষণে বিশেষ প্রয়াস না করিয়া সামান্য রূপে [illegible]ঙ্কুর সংরক্ষণ করিয়াছেন। পরন্তু ভক্তিবীজাঙ্কুর সংরক্ষণে তাঁহা- [illegible]দেশ বাক্য শিরোধার্য্য করিয়া তৎপ্রমাণ্যে বেদ বেদান্ত দর্শনাদি

Digitized at BRCindia.com

শক্তিধারি শ্রীপাদ জীবগোস্বামি মহাশয় কর্কশ কুতর্কাদি জ্ঞানমাত্রাবলম্বি নানাবিধ অমূলক মোহশাস্ত্র রূপ অজ মহিষাদির কবল হইতে সেই ভক্তিবীজাঙ্কুর রক্ষা করিবার নিমিত্ত বিবিধ শ্রুতিস্মৃতি উপনিষদ্রূপ দুর্ভেদ্য বজ্রতুল্য সুদৃঢ় ভিত্তি নিচয় সঞ্চয় করতঃ তদ্দ্বারা সেই ভক্তিবীজাঙ্কুরের চতুর্দ্দিগ্ পরিবেষ্টন পূর্ব্বক অনন্তকালের জন্য দুর্দ্দম্য ভক্তকদিগের মুখবন্ধ করিয়া রাখিয়াছেন এবং স্বীয় যুক্তি বারি সিঞ্চনে সেই অঙ্কুর, বৃক্ষরূপে পরিণত করিয়া ভক্তিবৃক্ষের ফলরসাস্বাদনে ভক্তিজগতে ভক্তগণকে নির্ব্বিবাদে পরমাপ্যায়িত করিয়াছেন।

শ্রীজীব গোস্বামী শ্রীমন্মহাপ্রভুর নিত্য পার্ষদ এবং তদীয় অচিন্ত্যভেদাভেদবাদ মতাবলম্বন পূর্ব্বক যিনি স্বকৃত সর্ব্বসম্বাদিনীতে ও শ্রীগোপাল ভট্ট গোস্বামীর আদেশে তদ্রচিত শ্রীভাগবত সন্দর্ভে [ ষট্‌সন্দর্ভে ] সুদৃঢ় শাস্ত্র প্রমাণ বা অলঙ্ঘ্য যুক্তি দ্বারা পরমত খণ্ডন পূর্ব্বক স্বমত সংস্থাপন করিয়া গৌড়ীয় সম্প্রদায়ের মত রক্ষা বিধান করিয়াছেন।

আন্তরিক দুঃখের বিষয় এই যে সেই শ্রীপাদ গোস্বামি মহাশয়ের ভক্তিবৃক্ষ সংরক্ষক গ্রন্থ বা ভগবৎ প্রাপ্তির একমাত্রোপযোগি মত গুলি আজকাল ভক্তিজগতে বিরল প্রচার হইয়া পড়িয়াছে।

যাহাহউক শ্রীজীবের জীবন স্বরূপ এই 'সঙ্কল্পকল্পদ্রুম" জীবের জীবন বলিতেও বোধ হয় বাধা পাইব না, কারণ ভগবৎসম্বন্ধীয় যাবতীয় সঙ্কল্পের (কামনার) কল্পদ্রুম [কল্পবৃক্ষ] অর্থাৎ কল্পবৃক্ষের নিকটে যাহা প্রার্থনা করা যায় তাহাই প্রাপ্ত হওয়া যায়। উক্ত গ্রন্থও ভাগবতীয় সঙ্কল্পের কল্পতরু অর্থাৎ ইহার নিকটও ভগবৎ সম্বন্ধীয় যাহা প্রার্থনা করা যায় তাহাই মিলিয়া থাকে।

জীবমাত্রেই প্রতি জন্মে অনিত্য সংসারের অনিত্য ও অকিঞ্চিৎকর অসার সুখ সম্ভোগে এবং জন্মে জন্মে সংসারে গমনাগমনের জন্য অপার দুঃখ ভোগকরতঃ বিগত তৃষ্ণ হইয়া নিত্যধাম ও নিত্য সুখপ্রাপ্তির নিমিত্ত উৎকণ্ঠিত হইয়া থাকেন। সেই জন্য বোধ হয় জীবের জীবন শ্রী... প্রতি করুণা করিয়া জীবের নিত্য বাঞ্ছনীয় নিত্য সুখ প্রাপ্তির ... কৃষ্ণের স্বকীয় নিত্য লীলা প্রকাশ করিয়া থাকিবেন। জীবগণ...

Digitized at BRCindia.com

ও তদনুগত ভজন দ্বারা নিত্যধামে নিত্য পরিকরে মিলিত হইয়া নিত্যলীলার রসাস্বাদন করতঃ নিত্য নব নব ভাবে ভাবিত মতি হইয়া নিত্য সুখসাগরে অবগাহন পূর্ব্বক নিত্যানন্দ ভোগ করিবে সন্দেহ নাই।

আহা! এই অমূল্য গ্রন্থরত্ন খানি এত কাল দুর্লভ বলিয়া অপ্রকট ছিলেন, কিন্তু আমরা বহু অনুসন্ধানে এই শ্রীধামে এক খানি মাত্র গ্রন্থ প্রাপ্ত হইয়া থাকি। তাহাও ভ্রমাদি সঙ্কুলবশতঃ ছন্দাদি সমন্বয় না হওয়ায় বড়ই দুর্ব্বোধ হইয়া পড়ে, তজ্জন্য প্রথমতঃ গ্রন্থ মুদ্রণে অক্ষম বশতঃ কিংকর্ত্তব্য-বিমূঢ় হইয়া ছিলাম কিন্তু ইচ্ছাময়ের ইচ্ছায় শ্রীরাধাকুণ্ডবাসি পণ্ডিত প্রবর ভক্তগণাগ্রগণ্য ৺নিত্যানন্দ দাস বাবাজি মহাশয়ের লিখিত একখান ভাবার্থ মাত্র প্রকাশ অনুবাদ প্রাপ্ত হই, তদ্দৃষ্টে সময়োচিত যথাসাধ্য ভাবগ্রহণ পূর্ব্বক সামান্য ব্যাখ্যা ও অনুবাদ করিয়া সদাশয় ভক্তগণের নয়নগোচর করিতে সমর্থ হইলাম।

এখন সহৃদয় ভগবদ্ভক্তগণ ভ্রমপ্রমাদাদি দোষ পরিহার পূর্ব্বক এই সকল্পকল্প-দ্রুমের রসময় ফলাস্বাদন করিয়া স্ব স্ব সঙ্কল্পের সিদ্ধিপ্রাপ্ত হইলে মদীয় যাবতীয় আয়াস সফল মনে করিব ইতি।

Digitized at BRCindia.com

শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ
"[illegible]"
১২৫।২, [illegible] সিঁথি রোড, কলিকাতা-২

শ্রীমজ্জীবগোস্বামিকৃত—

# সংকল্পকল্পদ্রুমঃ।

শ্রীশ্রীরাধাদামোদরাভ্যাং নমঃ।

শ্রীকৃষ্ণ ! কৃষ্ণচৈতন্য ! সসনাতনরূপক !
গোপাল ! রঘুনাথাপ্ত ! ব্রজবল্লভ ! পাহি মাম্ ॥ ১ ॥

---

গৌরাঙ্গসুন্দরং বন্দে নিত্যানন্দবিভূষিতং।
যৎকৃপালবমাদায় বোধিনী বর্ণ্যতে ময়া ॥

তদেবমারম্ভসম্ভব(১)দন্তর্মহসা সহসা( ২ ) বিলিখ্য তদিদমুল্লিখ্যতে। কিমিদং মদিষ্টদেবস্য মদন্বিষ্ট( ৩ )দয়শিষ্টতদ্ভক্তসমুদয়স্য চ ক্রমতঃ স্মরণমাবির্ভূতম্। কিম্বা কেবলস্য মদিষ্টদেবস্য। কিম্বা ( ৪ ) তদ্বিশিষ্টস্য। আং আং ( ৫ ) তত্ত্বত ( ৬ ) স্তং ত্রয়মপি স্বতন্ত্রতয়া লভ্যতে। তত্র প্রথমং তাবৎ প্রথমতঃ

---

গ্রন্থ আরম্ভসময়ে আমার হৃদয়ে এক তেজ আবির্ভূত হইয়াছিল, সেই তেজোবলেই সহসা শ্লোকটি লিখিয়া ইদানীং চিন্তা করিতেছি যে, আমি এই শ্লোকদ্বারা আমার ইষ্টদেবকে স্মরণ করিলাম, অথবা নির্বিশেষণ ভক্তসমুদয়কে স্মরণ করিলাম, কিম্বা কেবলমাত্র ইষ্টদেবকে স্মরণ করিলাম কিম্বা বিশেষণ

---

[১] জায়মান। [২] উৎসাহেন। সহসা অতর্কিতং। অতর্কিতে তু সহসেত্যমরঃ। [৩] অন্বেষণীয়। মদন্বিষ্টো নির্ব্বিশেষণো ভক্তসমুদায় এবো-চ্যতে ভক্তবিশিষ্টৈসাবেত্যর্থঃ নতু মদন্বিষ্টদয়েত্যাদিবিশেষণবিশিষ্টভক্তসমুদায়-বিশিষ্টস্য তাদৃগর্থস্ত প্রথমপক্ষএব। [৪] প্রতিভয়া নার্থনিধানাৎ। [৫] জ্ঞাতং-জ্ঞাতং আমেবং পরমং মতে ইত্যমরঃ। [৬] অনেকোদ্দেশে সকৃৎপ্রবৃত্তিস্তন্ত্রতা।

Digitized at BRCindia.com

প্রথয়ামি। অত্র শ্রীপদমন্তদন্যদপি (১) কিঞ্চিদনুষ্টুপ্‌ছন্দঃপরচ্ছন্দতয়া (২) পূর্ব্বত্র (৩) পরপরত্র চ যত্র ন দত্তং তত্র চ সন্ধাতব্যম্॥

যথা হে শ্রীকৃষ্ণনাম্নাতিধন্য সর্ব্বমূর্দ্ধন্য! হে শ্রীকৃষ্ণচৈতন্য সর্ব্বশর্ম্মদকীর্ত্তন্য! (৪) হে মহিতশ্রীসনাতনসহিতশ্রীরূপনামধেয়! মন্মূর্দ্ধন্যাধেয়! (৫)। হে শ্রীগোপালভট্টাখ্যপ্রবৃদ্ধভট্টারতা (৬) সমৃদ্ধ! হে শ্রীরঘুনাথদাস! নামধামতয়াঽতিপ্রসিদ্ধপরমভক্তিপরাবিদ্ধ! (৭) হে তেষামেবাপ্তব্রজতা-(৮) সিদ্ধবর্ণনসংকর্ণগর্ভাভরণ-শ্রীভূগর্ভাদিসংজ্ঞাধিকরণ! হে শ্রীবল্লভ! প্রাগ্‌ভবীয়-দুর্ল্লভসুকৃতসন্ধীয়মান (৯) মদীয়শরণপিতৃচরণ!। কিম্বা। হে শ্রীরঘুনাথ-(১০)স্তাপ্তান্ ব্রজত্যনুব্রজতীতি তত্তয়া সর্ব্ববল্লভ শ্রীবল্লভ! মাম্পাহি নিজচরণচ্ছায়য়া মৎপ্রতিপালকতামায়াহি॥

---

বিশিষ্ট ইষ্টদেবকে স্মরণ করিলাম। এক্ষণে আমি তন্ত্রতায়* ব্যাখ্যা করিতেছি না, স্বতন্ত্ররূপেই তিনটি ব্যাখ্যা করিতেছি। অগ্রেই জানাইতেছি যে এই শ্লোকে শ্রী এই পদটি অনুষ্টুপ্‌ছন্দের অনুরোধে পূর্ব্বে ও পরে যে স্থলে যেস্থলে প্রদত্ত হয় নাই সেই সেই স্থলে শ্রীপদ ব্যবহার করিবেন।

হে শ্রীকৃষ্ণ! আপনি নাম প্রভাবে অতিধন্যগণের মস্তকোপরি বিরাজ করেন, হে শ্রীকৃষ্ণচৈতন্য! আপনি সর্ব্বমঙ্গলপ্রদ পুরুষগণেরও মঙ্গলার্হ, পূজিত শ্রীসনাতন সহিত শ্রীরূপ! আপনিই আমার মস্তকের আধেয়, হে শ্রীগোপালভট্ট! আপনি ভট্টারকতা গুণে অর্থাৎ পূজ্যতাগুণে সমৃদ্ধিমান্, নামধামেতে অতি প্রসিদ্ধ! পরমভক্তিসংযুক্ত! হে শ্রীরঘুনাথ দাস! এবং ইঁহাদের অন্তরঙ্গ বলিয়া পরিচিত ও সাধুদিগের কর্ণগর্ভের আভরণ স্বরূপ! হে ভূগর্ভাদিগণ! পূর্ব্বজন্মের দুর্লভ সুকৃতি বলে যাঁহার শরণ প্রাপ্ত হইয়াছি, সেই

---

[১] হে অতিধন্য! হে সর্ব্বমূর্দ্ধন্যেত্যাদ্যপি। [২] অধীনতয়া।
[৩] শ্রীকৃষ্ণচৈতন্যেত্যাদিষু শ্রীকৃষ্ণেত্যেব। [৪] কীর্ত্তনার্হ। [৫] স্থাপ্য।
[৬] পূজ্যতা। ভট্টারঃ পূজ্য ইতি ত্রিকাণ্ডশেষাৎ। [৭] যুক্ত।
[৮] বন্ধুবর্গতা। [৯] সংযুক্ত। [১০] রামস্য।

---

* অনেক উদ্দেশ করিয়া একবার প্রবৃত্তি।

Digitized at BRCindia.com

অথ দ্বিতীয়মপি প্রতীয়মানং নির্মামি (১)।

শ্রীকৃষ্ণেতি। শ্রীরত্র রাধা। এবা হি শ্রীপ্রধানতয়া সাধয়িষ্যমাণতায়াং নিরাবাধা। তদনন্তরকৃষ্ণশব্দশ্চাত্র শব্দব্রহ্মগূঢ়পরব্রহ্মনন্দনন্দনবাচকতায়াং রূঢ়ঃ (২)। তেন হে রাধাখ্যস্বরূপশক্তিযুক্তকৃষ্ণেত্যর্থশ্চ নির্ব্যূঢ়ঃ (৩) কৃষ্ণেতি। "কৃষিভূর্বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃত্তিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে" ইতি প্রমাণজ্ঞাতচরঃ কৃষ্ণশব্দস্তত্র যোগপুরস্কৃতরূঢ়িতয়া তৎপরঃ। ভূরিতি ভাবক্বিবন্তাকরঃ। সচায়ং ভাবশব্দবদ্ধাত্বর্থমাত্রতাধরঃ। ধাত্বর্থশ্চাত্রাকর্ষণম্। তদেব স্ফুটমাপ্ততয়া (৪) প্রমনসামাকর্ষণম্ (৫)। তত-

পিতৃচরণ! শ্রীবল্লভ! অথবা যিনি শ্রীরঘুনাথ রামচন্দ্রের ভক্তগণের পরিচর্য্যা করেন অতএব সকলেরই বল্লভ! শ্রীবল্লভ! নিজচরণচ্ছায়ায় আমায় প্রতিপালন করুন॥

অনন্তর প্রতীয়মান দ্বিতীয় অর্থ প্রকাশ করিতেছি, "শ্রীকৃষ্ণ ইতি" এস্থলে শ্রীশব্দের অর্থ রাধা, সুধীগণ রাধাকেই নির্ব্বাধে শ্রীপ্রধানা বলিয়া সাধন করিয়াছেন। তদনন্তর "শ্রীকৃষ্ণ" এইস্থলে যে কৃষ্ণশব্দ আছে, সেই কৃষ্ণশব্দ শব্দব্রহ্ম* গূঢ় নন্দনন্দনেই রূঢ় অর্থাৎ কৃষ্ণ বলিবামাত্র নন্দনন্দনেরই স্মরণ হইয়া থাকে, অতএব এক্ষণে স্থির হইল যে, শ্রীকৃষ্ণশব্দের অর্থ রাধানাম্নী স্বরূপশক্তিযুক্ত কৃষ্ণ। কৃষ্ণেতি এক্ষণে কৃষ্ণশব্দের ব্যাখ্যা করিতেছি। "কৃষিভূর্বাচকঃ শব্দঃ ণশ্চ নির্বৃত্তিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে" ইতি॥ এই প্রমাণ অনুসারে কৃষ্ণশব্দ যোগপুরস্কৃত হইয়া রূঢ়ির বলে তৎপর অর্থাৎ নন্দনন্দনবোধক হইয়া থাকে, সেই ভূ শব্দটি ভাববাচ্যে ক্বিপ্ প্রত্যয় করিয়া নিষ্পন্ন হইয়াছে, সেই ভূ শব্দটি ভাব শব্দের ন্যায় ধাত্বর্থ মাত্রকেই ধারণ করিয়াছে, ধাত্বর্থ আকর্ষণ, অতএব নিশ্চয় হইল যে এস্থলে কৃষি অর্থাৎ পণ্ডিতগণের মন আকর্ষণ, অনন্তর ভিন্নপদার্থরূপে অবগতশ্চ

(১) প্রতীতিবিষয়ং ব্যঙ্গং করোমি। (২) প্রসিদ্ধঃ। (৩) সিদ্ধঃ।

(৪) প্রাপ্ততয়া। (৫) পণ্ডিতানামাকর্ষণং তেষাং সম্মতং স্যান্ন তু সামান্যতারূপমিত্যর্থঃ।

* শব্দব্রহ্ম—বেদ।

Digitized at BRCindia.com

ভিন্নপদার্থতয়াবগতয়োর্দয়িতয়োরিব তয়োরৈক্যং যোগ এবেতি তদ্‌যুক্ত আনন্দঃ সর্ব্বাকর্ষকানন্দেত্যর্থ এবানন্দঃ। পরং ব্রহ্মেতি। নরাকৃতিপরং ব্রহ্মেতি প্রসিদ্ধিঃ। যোগপুরস্কৃতরূঢ়তোপগূঢ়তয়া(১)পি শ্রীনন্দনন্দন (২) মেব ব্যক্তি তচ্ছব্দশক্তিরিতি ব্যক্তিসিদ্ধিশ্চ (৩) তদেতদভিধীয়তে চ (৪) ইতি। তস্মাদেব তদীয় (৫) স্বভাববিশেষভাবনার্থমেব পুনরুক্তিরিয়ং যুক্তিং যুনক্তি। চৈতন্যেতি। হে সর্ব্বপ্রকাশকসদ্রূপতয়া সর্ব্বাশ্রয়স্বরূপ! তদ্রূপতা চ বিপশ্চিদ্ভিরবগতা। "সচ্চিদানন্দরূপায় কৃষ্ণায়াক্লিষ্টকর্ম্মণ" ইতি তাপনীয়নান্দীনিশমনাৎ॥ "ত্বয্যেব নিত্যসুখবোধতনা"বিতি শ্রীভাগবতীয়ব্রহ্মস্তবে নিগমনাচ্চ। সসনাতনরূপকেতি। হেসনাতনেন সদাতনেন স্বস্বরূপমনুভবদ্ভিরপি সুনিরূপেণ সুরূপেণ রূপেণ সহ বর্ত্তমান! তেন স্বভক্তিবিত্তচিত্তমনুবর্ত্তমান গোপালরঘুনাথাপ্তব্রজবল্লভেতি। গোপালেষু যে রঘবো লঘবো যে নাথা মুখ্যা ইতি বিখ্যাতগাথাস্তৈরাপ্তস্য ব্রজস্য বল্লবতল্লজ (৬)

---

দয়িতযুগলের ন্যায় কৃষি ও ণ এই উভয়ের ঐক্যই যোগ, সুতরাং তদ্‌যুক্ত আনন্দই সর্ব্বাকর্ষক আনন্দ। পরং ব্রহ্ম পদ নরাকৃতি পরং ব্রহ্মেই প্রসিদ্ধ। যোগপুরস্কৃতরূঢ়তায় উপগূঢ় অর্থাৎ লুক্কায়িত হইলেও শব্দশক্তি নন্দনন্দনকেই ব্যক্ত করিয়া দেয়, এক্ষণে ব্যক্তিসিদ্ধ হইল, ইহাই অভিধাবৃত্তি দ্বারা প্রতিপাদিত হইতেছে, তদীয় স্বভাববিশেষ চিন্তার জন্য 'কৃষ্ণ কৃষ্ণ' এই দ্বিরুক্তি জানিবে। হে চৈতন্য অর্থাৎ সর্ব্ব প্রকাশকসদ্রূপতাসহিত সর্ব্বাশ্রয়স্বরূপ! আপনার সদ্রূপতা পণ্ডিতগণ অবগত আছেন। "সচ্চিদানন্দরূপায় কৃষ্ণায়াক্লিষ্টকর্ম্মণ" ইতি তাপনীয়নান্দী শ্রবণ করা যায়। "ত্বয্যেব নিত্যসুখবোধতনা"বিতি শ্রীভাগবতীয় ব্রহ্মস্তবেও কথিত আছে। "সসনাতনরূপকেতি" হে সনাতনরূপক! অর্থাৎ আপনি স্বরূপানুভবকারি পুরুষগণ কর্ত্তৃক সুনিরূপ্য সনাতন অর্থাৎ চিরস্থায়ি সুন্দর রূপসহ বিরাজ করেন, যে চিত্ত শ্রীকৃষ্ণভক্তি-

---

(১) আলিঙ্গিততয়া। (২) নন্দইত্যর্থবরানন্দ।

(৩) স্বরূপ। বিশেষার্থপ্রাকট্যস্য সিদ্ধিশ্চজাতেতি বিশেষঃ।

(৪) অভিধাবৃত্ত্যা প্রতিপাদ্যতে। (৫) সর্ব্বাকর্ষক। (৬) শ্রেষ্ঠ।

Digitized at BRCindia.com

নন্দনন্দন ইত্যুক্তস্ত্রৈলোক্যানন্দবর্দ্ধনঃ
অনাদিজন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব যঃ ॥ ২ ॥

---

ব্রজস্য বল্লভ ?। কিম্বা। গোপালানাং লঘুরিষ্টঃ স চ নাথশ্চ যস্তস্য সম্বোধনং। ত্রিষ্বিষ্টেঽল্পে লঘুরিতি নানার্থবর্গলব্ধবোধনম্। আপ্তব্রজবল্লভেতি। আপ্ত-ব্রজানাং স্বজনসমূহানাং বল্লভ! পরেষামলভ্যসংপ্রভ ?॥

অথ তৃতীয়মপি সন্তৃতীকরবাণি(১)।

হে শ্রীকৃষ্ণেতি। শ্রীরত্র চ পরমপ্রেয়সীষু শ্রেয়সী রাধা ততস্তদ্‌যুক্ততয়া মধুরলীলায়ামসঙ্কীর্ণ ?। (২) হে কৃষ্ণচৈতন্যাখ্যভক্তাবতারতাদাত্ম্যাপন্নতয়া-বতীর্ণ!। হে গোপালরঘুনাথাভ্যাং তত্তন্নামাভ্যামপি স্বভক্তাভ্যামাপ্তঃ প্রাপ্তো যো ব্রজস্তস্য বল্লভতয়া সর্ব্বদা বিদ্যমান্! মাং পাহি মৎপালকতাং-যাহীতি ॥ ১ ॥

স্বেষ্টং পরিচায়য়তি, নন্দনন্দনেতি, কোঽসা ইত্যত আহ, নন্দনন্দনঃ কৃষ্ণঃ যশোদাগর্ভসিন্ধুসমুত্থসুধাংশুঃ, ন তু দেবকীগর্ভপ্রাদুর্ভূতো (বাসুদেবঃ), যশোদা-

---

কেই বিত্ত অর্থাৎ ধন বলিয়া গণনা করিয়াছে, সেই চিত্তের আপনি অনুসরণ করিয়া থাকেন। হে গোপাল রঘুনাথাপ্তব্রজবল্লভ! অর্থাৎ আপনি অপ্রাপ্ত-বয়াও প্রাপ্ত বয়া গোপাল বৃন্দের এবং অন্যান্য প্রশস্তব্রজবাসিবৃন্দের বল্লভ অর্থাৎ প্রিয়।

এক্ষণে তৃতীয় অর্থ প্রকাশ করিতেছি। হে শ্রীকৃষ্ণ! আপনি পরমপ্রেয়সী মধ্যে শ্রেষ্ঠা রাধিকাযুক্ত হইয়া মধুররস আস্বাদন করিতেছেন। আপনি শ্রীচৈতন্য নামে ভক্তাবতারে তাদাত্ম্য প্রাপ্ত হইয়া অবতীর্ণ হইয়াছেন। সনাতন রূপ নামে অত্যন্তানুরক্ত স্বভক্তযুগলসহ বর্ত্তমান! গোপাল ও রঘুনাথ নামে অপর ভক্তদ্বয় যে ব্রজ প্রাপ্ত হইয়াছেন সেই ব্রজের সর্ব্বত্র বল্লভরূপে বর্ত্তমান, আপনি আমাকে রক্ষা করুন ॥ ১ ॥

যিনি নন্দনন্দন অর্থাৎ নন্দের পুত্র বলিয়া কথিত হইয়াছেন, এবং যিনি

---

(১) প্রস্তুতীকরবানি। (২) সঙ্কীর্ণসঙ্কুলাকীর্ণং ত্রয়ং জনাদিভির্ন্নিরবকাশ-ইতি টীকাসু নিরন্তরাবৃত্ত ইতি ক্ষীরঃ তস্মাৎ হে অসংকীর্ণ সাবকাশ।

Digitized at BRCindia.com

নবীননীরদশ্যামং তং রাজীববিলোচনং।
বল্লবীনন্দনং বন্দে কৃষ্ণং গোপালরূপিণম্ ॥ ৩ ॥
১ যুগ্মম্।

গর্ভসমুখোনন্দনন্দনস্য তন্ত্রৈঃ পরমরহসি রক্ষিতঃ, দৃশ্যতে চ লোকেঽনর্ঘং রত্নং বহিরঙ্গলোকলোচনান্তরালে রক্ষ্যতে সুদৃঢ়পেটিকাভ্যন্তরে পরমযত্নেন। ভো! এতাদৃকৃপরমগোপ্যত্বে কো হেতুরিতি বাচ্যং ন, যতোঽসৌ নন্দনন্দনঃ, যঃ সর্ব্বান্ নন্দয়তি স নন্দঃ, স্বহৃদয়ান্তঃপ্রকোষ্ঠনিহিতানন্দরত্নজাতং বিকীর্য্য নিরানন্দান্ অতএব দরিদ্রান্ দুর্ভগান্ সুখয়তি গোপরাজো বহুকোটীশ্বরশ্রেষ্ঠিপতিবৎ, এতাদৃশং মহাসমৃদ্ধং গোপরাজং বহুগণিতানন্দাধীশমপি যঃ স্বকোষাৎ উদ্ধৃত্য প্রতিক্ষণং আনন্দপ্রদানেনানন্দয়তি অনুমেয়ং তস্য যশোদাসুতস্যানন্দবৈভবং। সর্ব্বতঃ সমৃদ্ধস্য তস্য তত্ত্বেন গুপ্তেনৈব ভবিতব্যং অন্যথাস্মৎপরিপালকস্য তস্য বহুভিঃ সহ পরিচয়ে জাতেঽস্মাকং হানির্ভবিষ্যতি ইতীর্ষ্যাকলুষাশয়েনেব তান্ত্রিকাঃ প্রতিগ্রহীতারস্তং পরমরহসি রক্ষিতবন্তঃ, দানশৌণ্ডোঽসৌ কথং সুষ্ঠু মন্যেত প্রতিগ্রহীতৄণাং দুষ্টাশয়মিত্যাহ ত্রৈলোক্যানন্দবর্দ্ধনঃ, নন্দনন্দনঃ প্রতিক্ষণং ত্রিলোকবাসিভ্যো নবান্ নবান্ আনন্দান্ দত্ত্বা পুনরপি তান্ বর্দ্ধয়তি, ন তু কেবলমন্তরঙ্গেভ্যো দত্তবান্, যথা পরমসুহৃৎপিত্রাদিঃ ধনশালী প্রিয়েভ্যঃ পুত্রপ্রেয়স্যাদিভ্যঃ শতসংখ্যকং সহস্রাদিসংখ্যকং বা রজতাদিপারিতোষিকত্বেন দত্ত্বা পুনস্তৎ কুসীদেন বাণিজ্যাদিব্যবহারেণ চ বর্দ্ধয়তি ইতি লোকব্যবহারো দ্রষ্টব্যঃ। নতু নন্দনন্দনস্তে প্রেয়সীপ্রেমবিবর্জ্জিতহৃদয়ঃ, অতএব উদাসীনঃ, উদাসীনঃ খলু ধনাগ্রহং ন প্রকাশয়তি, বিতরতি ধনানি যথেচ্ছং ইতি লোকব্যবহারে দৃশ্যতে; ন হি ন হি অসৌ বিদগ্ধশিরোমণিরনাদিসিদ্ধানাং রাধিকাদীনাং জন্মসিদ্ধানাং সাধনবলেন গোপীদেহং গতানাং, অন্যাসাঞ্চ পতিঃ কান্তঃ, দণ্ডকারণ্যবাসিনঃ মুনয়ঃ সাধনসিদ্ধগোপ্য ইতি জ্ঞেয়ং, অনাদিত্বং হি প্রাগভাবাপ্রতিযোগিত্বং ॥২॥

পিতৃমাত্রপরিচিতে পুরুষে প্রামাণিকানামাস্থা ন দৃশ্যতেঽতো মাতর-

ত্রৈলোক্যের আনন্দ বর্দ্ধিত করিয়া থাকেন, যিনি অনাদি জন্মসিদ্ধ গোপীগণের পতি ॥ ২ ॥

Digitized at BRCindia.com

মপি পরিচায়য়তি নবীনেতি। অসৌ বল্লবীনন্দনঃ, বল্লবশব্দস্য গোপজাতৌ শক্তিঃ তেন বল্লবী গোপী শ্রীযশোদা বাৎসল্যরসসুরধনী, সামান্যবাচী শব্দঃ কচিদ্ বিশেষপরো ভবতি, শ্রীমতো নন্দস্য ধর্ম্মপত্নী, তস্যা নন্দনঃ পুত্রঃ। নমু বিশিষ্টরূপবতি নায়কে যুবতীনামনুরাগঃ সঞ্চরতি, শ্রুতঞ্চাস্মাভিঃ "কন্যা বরয়তে রূপ"মিতি, নন্দনন্দনঃ কৃষ্ণবর্ণঃ, কৃষ্ণবর্ণে হি পুরুষে রূপগর্ব্বিতানাং প্রেমিকাণাং নায়িকানাম্ আদরঃ প্রায়ো ন ভবতি ; ন হি ন হি! মদীয়ো নন্দনন্দনঃ কৃষ্ণস্তু নবীননীরদশ্যামঃ, অন্যেষাং নীরদানাং হি নীরবর্ষণাবসানে শ্যামঃ পাণ্ডুঃ ভবতি, মদিষ্টস্য নীরদস্থানীয়স্য অবিচ্ছেদেন কারুণ্যবারিবর্ষণেঽপি বর্ণঃ শ্যামঃ পাণ্ডুর্ন ভবতি, অতএবোক্তং কবিনা নবীননীরদশ্যাম ইতি নবীনোঽপূর্ব্বঃ,অপূর্ব্বরূপশালীত্যর্থঃ। নয়পরানুরাগাকর্ষণসুদক্ষমস্য নয়নসৌভগং ত্বয়া তু ন বর্ণিতং,কথং বয়ং মানসহংসং* প্রহরিশূন্যে তত্র নিবেশয়িষ্যামঃ ? ন হি ন হি ভবদ্ভিঃ নিঃসন্দেহং তত্র† স স্থাপ্যতাং যতোঽসৌ রাজীববিলোচনঃ অস্য লোচনে রাজীবাদ্ বিশিষ্টে,রাজীবন্তু দিনাত্যয়ে মলিনং বর্ষাসু ছিন্নভিন্নঞ্চ ভবতি। কিঞ্চ রাসু শব্দেষু লক্ষণয়া তদাশ্রয়াকাশে জীবো জীবিতং যস্য তৎ অর্থাৎ মৃতং মৃতস্য কিং নাম সৌন্দর্য্যং দৃশ্যতে চ রাজীবং জীবনাদ্ বহিরেব। অত উক্তং রাজীববিলোচনঃ, ধিক্কৃতকমলনয়নঃ ইত্যর্থঃ। নমু সৌন্দর্য্যবৈদগ্ধ্যগুণবত্ত্বেঽপি দুর্ব্বলে কস্যাস্থা ভবেৎ ন হি ন হি অসৌ সার্ব্বভৌমশ্চক্রবর্ত্তী চ, গাং দিশং পালয়ন্তি যে তে গোপালা ব্রহ্মানন্তাদয়ঃ ত এব রূপাণি মূর্ত্তয়ঃ বিদ্যন্তে যত্র ইতি অনুযোগিত্বং তস্য স্বামিত্বেন, তদাজ্ঞাবর্ত্তিনঃ তৎপ্রতিনিধয় এব, তে রাজভৃত্যাস্তু রাজমূর্ত্তয়স্তচ্ছক্তিধরত্বাৎ। গোপালরূপিত্বঞ্চ শ্রুতিপ্রসিদ্ধং, গোপালরূপিণমিত্যানেনৈব চরমতত্ত্বস্য নরাকৃতিত্বং সূচিতং, তথাভূতং তমহং বন্দে পূর্ব্বশ্লোকেনান্বয়ঃ,দ্বাভ্যান্তু যুগ্মকং প্রোক্তং ত্রিভিঃ শ্লোকৈর্বিশেষকং। কলাপকং চতুর্ভিঃ স্যাৎ তদূর্দ্ধং কুলকং স্মৃতং॥ ৩॥

---

যিনি নূতন মেঘের ন্যায় শ্যাম, যাঁহার লোচনযুগল কমলকেও ধিক্কার করে, সেই বল্লবীনন্দন গোপালরূপী কৃষ্ণকে বন্দন করি॥ ৩॥

---

* মানসং। † নন্দনন্দনে।

বৃন্দারণ্যে জরন্ জীবঃ কশ্চিৎ প্রাহ মনঃ প্রতি ।
ম্রিয়সে হ্যপাস্প্রতং মূঢ় ! গূঢ়ামেতাং সুধাং পিব ॥ ৪ ॥
তাং পিবন্নেব হে স্বান্ত ! স্বঞ্চ গোকুলসঙ্গতং ।
সেবাঞ্চ বাঞ্ছিতাং কাঞ্চিদ্ ভাবভেদেন ভাবয় ॥ ৫ ॥

ইদানীং প্রকৃতমারভতে বৃন্দারণ্যেতি বৃন্দানাম্নী বনদেবী রাধাকৃষ্ণবিলাস-সহচরী তয়াঽধ্যুষিতমরণ্যং রাধাকৃষ্ণরাসরঙ্গভূমিঃ তস্মিন্ বহুকালাবস্থানাৎ জরন্ অর্থাৎ পরিণতবুদ্ধিঃ নিষ্কর্ষগ্রহণপটুঃ অরণ্যে অপরপুরুষদর্শনাভাবাৎ কমুপদিশেৎ হিতং, জ্ঞাততত্ত্বস্যাঽন্যুপদেশাৎ জ্ঞানিনো গৌরবাপলাপোঽপি ভবতি, উক্তঞ্চ ভাগবতে "সরস্বতী জ্ঞানখলে যথাসতী" ইতি গৌরবাপলাপভীতঃ তথাভূতঃ কশ্চিজ্জীবঃ অরণ্যং পরিত্যজ্য দেশান্তরং গত্বা স্বাভীষ্টং সাধয়িতুমসমর্থ ইতি সূচিতং, বহু বিচিন্ত্যোপদেশপাত্রমুপলভ্য কথয়তি, অহহ ! মৎসন্নিধানে বরাকোঽয়ং সংকল্পঃ তিষ্ঠতি অয়ং হি নিত্যং মামাশ্রিতঃ মাং বিনা অন্যন্ন জানাতি, তস্যৈবোপকারো ভবতু ইতি তদাহ মনঃ প্রতি মনস্তু সংকল্পাত্মকমন্তঃকরণং । আহূয়োপদিশতি ম্রিয়স ইতি রে চঞ্চল ! রে স্বমার্গকণ্টকদায়িন্ মূর্খ ! তুভ্যং তু ময়া প্রাগেবৈষা সুধা দত্তা; কথং হতভাগ্যেন ছন্নমতিনা ত্বয়ৈষা ন পীতা মরিষ্যস্যেব, ত্বৎসাহচর্য্যাদ্ অহমপি । শ্রুতা ন পুরাণবার্ত্তা ? প্রাকৃতসুধার্থমপি দেবাসুরৈঃ বহু ক্লিষ্টং, ত্বন্তু মত্তোঽনায়াসেনৈবাপ্রাকৃতাং তাং প্রাপ্তবান্ । গূঢ়ামিতি অহং হি শ্রীমতো বলবতো গরুড়াদপি ক্লেশং সমনুভূয় সম্যগুপ্তসুধাত্তময্যাৎ কস্মাচ্চিৎ মনসঃ সুগুপ্তাম্ এতামাহৃতবান্, ইদানীং ত্বদপরাধমহং ক্ষমেঽতো বিলম্বং মা কুরু পিব । সুধাসৌ সুধী জ্ঞেয়াতঃ কবিনা বিশেষেণ ন কথিতং জানাতি নিত্যসহচরঃ শ্রোতা ॥ ৪ ॥

নন্ু পানেনৈবালং ভবিষ্যতি কিং ? ন যথা আসবসেবী পানানন্তরং সুমধুর-সঙ্গীতসেবনং মধুররসভাবনাং চ করোতি তথা ত্বমপি মত্ততাং মাদকোপযোগিভোগেন যথেষ্টং বর্দ্ধয় আসবসেবিবৎ, অরে রে ! তদা তে ভুক্তিমুক্তী করতলগত এবেতি বিদ্ধি, ভো মহোদয় ! কিমহং করিষ্যাম্যাস্থিরমতিরিতি মনসা পৃষ্টঃ

বৃন্দাবনবাসি কোন বৃদ্ধজীব আপন মনকে বলিয়াছিলেন যে হে মূঢ় ! তুমি অনর্থক মরিতেছ কেন ? এই গূঢ় সুধা পান কর ॥ ৪ ॥

Digitized at BRCindia.com

মঙ্গলঃ সর্ব্বলোকানাং গোপক্ষৌণীভৃদঙ্গজঃ।
ভব্যং পল্লবয়ন্ পায়াদ্ বল্লবীজনবল্লভঃ ॥ ৬ ॥
অহো! বকীত্যাদিকীর্ত্তিঃ কৃষ্ণস্ত্ব ভগবান্ স্বয়ং।
অস্তি যস্তস্য পিত্রাদিতয়া চিত্রায় কৃপ্তবান্ ॥ ৭ ॥—

প্রাহ তাং পিবন্নিতি। ভাবনামাত্রেণৈবেষ্টসিদ্ধিস্তব কেনাপি কায়কৃতব্যাপারেণ বিনাঽপি, যথা ভোগী বিচিত্রাসনাসীনঃ সন্ আত্মানং ভোগিনং ভাবয়তি তথা ত্বমপ্যাত্মানং গোকুলরূপপরার্দ্ধ্যাসনাসন্নং ভোগিনং ভাবয়, ভাবভেদেন বাঞ্ছিতাং সেবাম্ উপাসনাঞ্চ ভাবয় ॥ ৫ ॥

নমু মম তেন কিং ভবিষ্যতি ইত্যত আহ মঙ্গলেতি। অসৌ গোপক্ষৌণীভৃদঙ্গজঃ গোপরাজাত্মজো মঙ্গলঃ,কেষাম্? ইত্যত আহ,সর্ব্বলোকানাম্,যে তু লোচনবন্তো হিতাহিতদর্শনপটব স্তেষামেব সর্ব্বেষাং মঙ্গলঃ ন ত্বরসিকানাং জড়মতীনাম্। বল্লবীনাং গোপীনাং প্রেয়সীনাং তদনুগতজনানাঞ্চ বল্লভঃ, ভব্যং মঙ্গলং পল্লবয়ন্ বিতন্বন্ পায়াৎ অব্যাৎ ॥ ৬ ॥

ইদানীং নন্দনন্দনস্য কীর্ত্তিং প্রদর্শয়তি অহো! বকীতি। যঃ পূতনামপি অমৃতং প্রদদৌ যা জিঘাংসয়াঽপি অমৃতং লভতে স্ম, কিমুত সদিচ্ছয়া, যাসৌ কালকূটং দত্ত্বাপি অমৃতং লভতে স্ম, কিমুত সুধাদ্যং দত্ত্বা, অতস্তং বিনা অন্যং কং দয়ালুং ব্রজেম, তস্যৈব স্বয়ং ভগবত্ত্বমিত্যাহ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং, নবসা উচ্ছৃঙ্খলস্তুত স্থিরঃ কথং বিদ্যাম্ ন হি ন হি, শ্রীকৃষ্ণো নন্দযশোদয়োর্বাৎসল্য-মমতাশৃঙ্খলয়া দৃঢ়ংবদ্ধঃ পলায়িতুমক্ষমঃ ইত্যাহ অস্তি য ইত্যাদি ॥ ৭ ॥

হে মন! সেই সুধা পান করিতে করিতে অন্তরে আপনাকে গোকুল সঙ্গত বলিয়া ভাবনা কর, বাঞ্ছিত কোন সেবা ভাবভেদে ভাবনা কর ॥ ৫ ॥

সর্ব্বলোকের মঙ্গলস্বরূপ বল্লবীজনের অর্থাৎ গোপীসমুদয়ের কান্ত গোপ-রাজপুত্র মঙ্গল বিস্তার করিয়া রক্ষা করুন ॥ ৬ ॥

যিনি অনিষ্টেচ্ছায় সমাগত বকী অর্থাৎ পূতনাকেও মোক্ষ প্রদান করিয়া কীর্ত্তি রক্ষা করিয়াছেন, যাঁহাকেই স্বয়ং ভগবান্ বলিয়া নির্দ্ধারিত করিয়াছেন,



Digitized at BRCindia.com

স্তুতস্তদ্ভূরিভাগ্যেতি তথা চেত্থং সতামিতি।
নেমং বিরিঞ্চ ইত্যেবং নায়ং শ্রিয় ইতি ব্রজঃ ॥ ৮ ॥
যস্তং কো বাশ্রয়েন্মাত্র ক্ষিতাবিন্দ্রিয়বান্ নরঃ।
তস্মাদ্ভ্রাতর্নিজত্রাতঃ স্বান্ত! স্বান্তস্তমাশ্রয় ॥ ৯ ॥

ত্রিভিঃ কুলকং।

উপদেশং দেশরূপং মম মানয় মানস!।
সুধাধারাধরঃ সোঽয়ং কল্পঃ স্যাৎ কল্পভূরুহঃ ॥ ১০ ॥

---

অস্য বাসস্থলমহত্বং প্রদর্শয়তি, তদ্ভূরিভাগ্যমিতি। ব্রহ্মাপি গোকুলবাসিপদরজঃ,সাগ্রহং প্রার্থয়ন্তে কিমুতান্যে, তথা চেত্থমিতি তৎসহচরাণামপি গোপালানাং মহত্বং প্রদর্শয়তি,গর্ভধারিণ্যা যশোদায়া ভাগ্যং প্রদর্শয়তি নেমং বিরিঞ্চরিত্যাদি, প্রেয়সীনাং ভাগ্যমাহ নায়ং শ্রিয় ইতি ॥ ৮ ॥

গুণবত্তমোঽসৌ এব ত্রাতা, যদি তে স্বত্রাণেচ্ছা তর্হি তমাশ্রয়, সর্ব্বে তমেবাশ্রয়ন্তে। ভ্রাতরিতি স্নেহসূচকং সম্বোধনং ইতিকুলকং ॥ ৯ ॥

উপদেশমিতি—দেশরূপং দেশকালপাত্রোপযুক্তম্ উপদেশং মানয় শৃণু ইত্যর্থঃ। বক্রকটূক্তিভিন্নমর্ম্মানং স্নেহেন সম্বোধয়তি মানস ইতি পরমাত্মরূপ ইত্যর্থঃ, ভঙ্গ্যা ত্বং হংসরূপোঽসি ইতি কথিতবান্ হংসা হি মানসচারিত্বান্মানসা

---

পিতামাতাবন্ধুস্বজনাদি যাঁহার সহিত মিলিত হইয়া আশ্চর্য্য সুখসম্ভোগ করেন, যাঁহার ক্রীড়াস্থল ব্রজমণ্ডলে ব্রহ্মাও তৃণাদি রূপে জন্মগ্রহণ প্রার্থনা করিয়াছেন, যিঁনি গোবর্দ্ধন বৃন্দাবন মধ্যে শ্রীরাম সুবল মধুমঙ্গল প্রভৃতি মিত্রগণসহ নানাক্রীড়া করিয়াছেন, শ্রীযশোদা যে শ্রীকৃষ্ণ হইতে যেরূপ প্রসাদ লাভ করিয়াছেন, তদনুরূপ প্রসাদ ব্রহ্মাদিদেবগণও প্রাপ্ত হয়েন নাই। রাসোৎসবে ব্রজদেবীগণ শ্রীকৃষ্ণ হইতে যেরূপ সৌভাগ্য লাভ করিয়াছেন, বক্ষঃস্থল বিলাসিনী লক্ষ্মীও সেরূপ সৌভাগ্য প্রাপ্ত হয়েন নাই, অতএব বলি এই পৃথিবীমধ্যে কোন্ ইন্দ্রিয়বান্ ব্যক্তি তাঁহাকে আশ্রয় না করে? হে ভ্রাতঃ! যদি আপনাকে রক্ষা করিতে চাও, তবে মনে মনে তাঁহাকে আশ্রয় কর ॥ ৭ । ৮ । ৯ ॥

Digitized at BRCindia.com

মূলং জন্মাদিলীলাস্য স্কন্ধঃ স্যান্নিত্যলীলতা।
শাখা স্তত্তদৃতুশ্লোকাঃ ফলং প্রেমময়ী স্থিতিঃ ॥ ১১ ॥

অথ মহাকুলকেন জন্মাদিলীলা—

যস্তন্ত্রমন্ত্রয়োর্গুপ্তমুক্তঃ শ্রীনন্দনন্দনঃ।
তদ্রূপতাং নিজাং ব্যাঞ্জীৎ কুতশ্চিৎ কুতুকাদ্ভুবি ॥ ১২ ॥

---

ভবিতুমর্হন্তি অতো হংসরূপী ত্বমপি অসদ্ হিত্বা সদ্গ্রহণপটুঃ, অসৌ সুধাধারাধরঃ সুধাবর্ষী মেঘো ভবতি। তথাত্বে বর্ষণাবসানেঽসারত্বং সংঘটেত ইত্যতঃ পুনরাহ কল্পভূরুহঃ কল্পঃ কল্পবৃক্ষসদৃশঃ কল্পভূরুহো হি ধারাধরবৎ ন ক্ষণস্থায়িনো ভবন্তি ॥ ১০ ॥

ভূরুহত্বং প্রপঞ্চয়তি। মূলং জন্মাদীতি, অস্য ভূরুহঃ মূলং জন্মাদিলীলা, স্কন্ধঃ নিত্যলীলতা রাধাকৃষ্ণবিহারঃ, তত্তদৃতুশ্লোকাঃ শাখাঃ, প্রেমময়ী স্থিতিরস্তিত্বং চ ফলং ভবতি, গ্রন্থস্য অভিধেয়মভিহিতমনেন শ্লোকেন ॥ ১১ ॥

ইদানীং জন্মাদিলীলাং প্রপঞ্চয়তি, যস্তন্ত্রমন্ত্রয়োরিতি। যো নন্দনন্দনঃ তন্ত্রমন্ত্রয়োর্গুপ্তঃ, তন্ত্রেষু শাস্ত্রেষু (গুপ্তঃ) লুক্কায়িতঃ, মন্ত্রাদ্বীজনামাত্মকান্‌ মন্ত্রাৎ মুক্তঃ সাধকহৃদি স্ফুরন্মূর্ত্তির্ভবতিতন্ত্রশ্চ মন্ত্রশ্চ তয়োর্মুক্তঃ, উভয়ত্র ষষ্ঠী সম্বন্ধবিবক্ষয়া ভূগ্বগ্নিপতনবৎ সমাসঃ। ভুবি নিজাং তদ্রূপতাং নন্দাত্মজতাং ব্যাঞ্জীৎ প্রকটয়ামাস হেতুমাহ কুতশ্চিৎ কুতুকাদিতি কৌতূহলবিশেষ-স্ফুরণাৎ ॥ ১২ ॥

---

হে মানস! দেশকালোপযুক্ত আমার এই উপদেশ গ্রহণ কর, সেই নন্দ-নন্দন সুধাধারাধর অর্থাৎ সুধাবর্ষি-মেঘস্বরূপ, এবং কল্পবৃক্ষ সদৃশ ॥ ১০ ॥

জন্মাদি লীলা এই কল্পবৃক্ষের মূল, নিত্যলীলতা স্কন্ধ, ঋতুবর্ণন শ্লোকসকল শাখা, এবং প্রেমময়ী স্থিতিই ফল জানিবেন ॥ ১১ ॥

যে শ্রীনন্দনন্দন তন্ত্রে গুপ্ত আছেন, এবং মন্ত্রবলে মুক্ত হয়েন। এই ভূম-ণ্ডলে কোন কৌতুক বিস্তারার্থ যিনি নিজের নন্দনন্দনতা প্রকাশ করিয়াছেন ॥ ১২ ॥

Digitized at BRCindia.com

যঃ প্রাগিতি হি পদ্যাভ্যাং নন্দাত্মজতয়া স্বতঃ।
বাসুদেবতয়া কার্য্যবশাদ্ গর্গেণ নিশ্চিতঃ॥ ১৩॥
যঃ শ্রীনন্দযশোদান্তর্হৃদি স্ফূর্ত্তিং গতস্ততঃ।
উদ্যংশ্চক্রে দুগ্ধসিন্ধোরিন্দোর্জন্মবিড়ম্বনম্॥ ১৪॥
যঃ সর্ব্বর্দ্ধিব্রজং নন্দব্রজং স্বং জন্মমাত্রতঃ।
রমাণাং জায়মানানামারামং ধাম নির্ম্মমে॥ ১৫॥

জন্মমূলং দ্রঢ়য়তি যঃ প্রাগিতি। হে নন্দ! তবায়ং নবীনাত্মজঃ কচিৎ বসুদেবাৎ ত্বন্মিত্রাজ্জাত ইতি, গর্গবাক্যস্যায়মাশয়ঃ স্বরূপতস্তু নন্দস্যৈব পুত্রঃ, যথা কশ্চিন্মায়াবী কিমপ্যদ্দিশ্য মায়াবলেন কস্যচিৎ পুত্রাদির্ভবতি তদ্বদ্ কৃষ্ণো দেবকীগর্ভে বসুদেবতঃ প্রাদুর্ভূত ইতি জ্ঞেয়ং॥ ১৩॥

যঃ শ্রীতি। অন্তর্হৃদি মনসি ন তু প্রাকৃতার্ভকবৎ রেতোজঠরয়োঃ, স্ফূর্ত্তিং গত ইত্যনেন নন্দাত্মজত্বস্য প্রাগভাবপ্রতিযোগিত্বং নিরাকৃতং তদেব দ্রঢ়য়তি চন্দ্রত্বমারোপ্য কৃষ্ণে, উদ্যন্নিতি যথা পূর্ব্বসিদ্ধশ্চন্দ্রমা ক্ষীরোদমথনাৎ প্রাদুর্ভূতঃ, বিড়ম্বনমনুকরণং॥ ১৪॥

ইদানীং তদ্ধাম্নঃ প্রমোদকাননমণ্ডিতত্বং বর্ণয়তি। যঃ জন্মমাত্রতঃ প্রাদুর্ভাবক্ষণত এব, নন্দব্রজঃ নন্দাধ্যাষিতো ব্রজঃ, মথুরাসন্নিহিতজনপদঃ, তস্মিন্ জনপদে নন্দাদীনাম্ গোপানাং গোষ্ঠমাসীৎ তেন অদ্যাপি অসৌ জনপদো ব্রজ ইতি নাম্না খ্যাতঃ, ব্রজঃ শব্দো গোষ্ঠবাচ্যপি, "গোষ্ঠাধ্বনিবহা-ব্রজ ইত্যমরঃ" তং স্বীয়ং সর্ব্বর্দ্ধিব্রজং সর্ব্বসম্পত্তিযুক্তং নির্ম্মমে তথা রমাণাং

যঃ প্রাগিতি এই শ্লোকযুগল দ্বারা গর্গাচার্য্য যাঁহাকে স্বভাবতই নন্দপুত্র বলিয়া নিশ্চয় করিয়াছেন এবং কোন কার্য্যবশতই বসুদেবের পুত্র বলিয়া নির্ণয় করিয়াছেন॥ ১৩॥

যিনি শ্রীনন্দ যশোদার অন্তর্হৃদয়ে স্ফূর্ত্তি প্রাপ্ত হইয়াছিলেন এবং ক্ষীরসিন্ধু হইতে চন্দ্রজন্মের অনুকরণ করিয়াছিলেন॥ ১৪॥

যিনি জন্মগ্রহণ করিবামাত্র নন্দব্রজকে সর্ব্বসমৃদ্ধিসম্পন্ন করিয়াছিলেন

Digitized at BRCindia.com

যঃ স্বমাধুর্য্যপীযূষং সর্ব্বত্র পরিবেশয়ন্ ।
জিগায় মোহিনীরূপং ক্ষীরনিরধিতীরগম্ ॥ ১৬ ॥
যঃ কোমলপদাগ্রেন শকটং তদ্বিশঙ্কটম্ ।
স্বজ্যোৎস্নাবরণং মত্বা চিক্ষেপাক্ষেপবানিব ॥ ১৭ ॥

---

শ্রীরাধায়াঃ তৎসখীনাং অন্যাসাং তৎপ্রেয়সীনামপি জায়মানানাম্ আরামং ক্রীড়াস্থানং ধাম বেশ্ম নির্ম্মমে নির্ম্মিতবান্ ইত্যনেন প্রেয়সীনাং জন্ম তু কৃষ্ণজন্মতঃ পশ্চাদেব ইতি জ্ঞেয়ং হেত্বর্থে পঞ্চম্যাং তস্, রাজপুত্রে নবযৌবনোন্মুখে সতি অনাদিষ্টা অপি কিঙ্করাস্তদ্বিলাসহর্ম্ম্যং রম্যোদ্যানঞ্চ নির্ম্মিমতে, তথা কৃষ্ণে ব্রহ্মাণ্ডরাজচক্রবর্ত্তিনি প্রাদুর্ভূতে লোকপালা ব্রজভুবং সম্পত্তিভিঃ কেলিকুঞ্জৈঃ ফলপুষ্পপুরৈঃ পাদপৈর্লতাভিশ্চ অত্যর্থং ভূষিতাং চক্রুঃ ॥ ১৫ ॥

যঃ স্বমাধুর্য্য ইতি যঃ স্বমাধুর্য্যমেব পীযূষং সর্ব্বত্র পরিবেশয়ন্ বিভজন্ ক্ষীরনীরধিতীরগং দুগ্ধসমুদ্রতটস্থং মোহিনীরূপং মায়িনীমূর্ত্তিং জিগায় জিতবান্ ॥ ১৬ ॥

যঃ কোমলেতি যঃ কোমলপদাগ্রেণ মৃদুচরণাগ্রেণ স্বজ্যোৎস্নাবরণং মত্বা অনেন শকটেন মম জ্যোতিরাব্রিয়তে ইতি মত্বা আক্ষেপবান্ ইব বিশঙ্কটং অতিবৃহৎ শকটং বৃষবাহ্যযানং পদা চিক্ষেপ দূরং প্রাপয়ামাস ইতি ॥ ১৭ ॥

---

এবং রমাগণ অর্থাৎ রাধিকাদি ব্রজদেবীগণ জন্মগ্রহণ করিবেন বলিয়া নন্দ ব্রজে আরাম অর্থাৎ প্রমোদ উদ্যান ধাম অর্থাৎ লতাকুঞ্জগৃহ নির্ম্মাণ করিয়াছিলেন ॥ ১৫ ॥

যিনি স্বমাধুর্য্যরূপ পীযূষ, অর্থাৎ অমৃত সর্ব্বত্র পরিবেশন করিয়া ক্ষীরসাগর-তীরস্থ মোহিনীরূপকেও জয় করিয়াছিলেন ॥ ১৬ ॥

যিনি অতিবৃহৎ এক শকটকে নিজ অঙ্গকান্তির প্রতিবোধক বোধে ক্রুদ্ধ হইয়াই যেন নিজকোমল পদাগ্রদ্বারা দূরে নিক্ষেপ করিয়াছেন ॥ ১৭ ॥

Digitized at BRCindia.com

যঃ পূজিতপদক্ষেপকূজিতস্মিতরোচিষাং।
শোভয়া লোভয়ামাস বালিকাঃ কুলপালিকাঃ॥ ১৮॥
যঃ স্বনামাদ্যমাসাদ্য গর্গাদ্ বর্গানিজাননু।
হর্ষং ববর্ষ ন্যগ্জল্পন্নোমিত্থং সোমজিন্মুখঃ॥ ১৯॥
যস্তৃণাবর্ত্তমাসাদ্য সদ্যঃ সম্বর্ত্তবর্ত্তনং।
সম্বর্ত্তয়ংস্তমানিন্যে বিপরীতপরীততাং॥ ২০॥

---

যঃ পূজিত ইতি। যঃ পূজিতপদক্ষেপো মনোহরচরণচালনং, কূজিতং কণ্ঠধ্বনিঃ, স্মিতং ইষদ্ধাস্যং, রোচিঃ কান্তিঃ এতেষাং শোভয়া লাবণ্যেন কুলপালিকাঃ কুলং পালয়ন্তি যাস্তা বালিকাঃ কন্যকাঃ কুলবতীর্লোভয়ামাস কৃষ্ণস্য পূজিত-পদক্ষেপাদিশোভয়া জাতানুরাগাস্তা অভবন্ ইত্যর্থঃ॥ ১৮॥

যঃ স্বনামাদ্যমিতি। যঃ শ্রীকৃষ্ণঃ গর্গাৎ যদুপুরোহিতাৎ স্বনামাদ্যং স্বনাম-কারণম্ আসাদ্য শ্রুত্বা অনু পশ্চাৎ সোমজিন্মুখঃ মুখশোভয়া চন্দ্রমপি জয়তি চন্দ্রজিদ্বদনঃ সন্ ওমিত্থম্ ইতি ন্যগ্জল্পন্ ভঙ্গ্যা কথয়ন্ নিজান্ বর্গান্ আত্মীয়ান্ হর্ষং ববর্ষ॥ ১৯॥

যস্তৃণাবর্ত্ত ইতি। যঃ সম্বর্ত্তবর্ত্তনঃ ঘূর্ণী ইতি খ্যাতিঃ গচ্ছন্তং তৃণাবর্ত্তং কঞ্চিদ্ অসুরং সম্বর্ত্তয়ন্ ভ্রাময়ন্ কণ্ঠে গৃহীত্বা বলাৎ পরাবর্ত্ত্য বিপরীতপরীততাম্ ঊর্দ্ধমুখত্বেন শয়ানতাম্ আনিন্যে আনীতবান্॥ ২০॥

---

যিনি স্বীয় পূজিত পদচালন শব্দের ও ঈষদহাস্যকিরণের শোভা দ্বারা কুলপালিকা অর্থাৎ কুলবতী কন্যাগণের হৃদয়ে লোভের সঞ্চার করাইয়াছিলেন॥ ১৮॥

যিনি যদুপুরোহিত গর্গাচার্য্যমুখে স্বীয় নামের কারণ শ্রবণ করিয়াছিলেন পরে ভঙ্গি পূর্ব্বক 'ওম্' এই স্বীকারসূচক শব্দটী উচ্চারণ করিয়া আত্মীয়গণের হৃদয়ে হর্ষ বর্ষণ করিয়াছিলেন॥ ১৯।

যিনি ঘূর্ণিবায়ুরূপে সমাগত তৃণাবর্ত্ত নামে অসুরকে ঘূর্ণন করিয়াছিলেন ও ঊর্দ্ধমুখে শায়িত করিয়া বলপূর্ব্বক কণ্ঠধারণ করিয়াছিলেন॥ ২০॥

Digitized at BRCindia.com

যঃ শ্রীরামং নিজারামং সঙ্গচ্ছন্নচ্ছখেলয়া।
বালানানন্দয়ন্নন্দরাজকেশরিনন্দনঃ ॥ ২১ ॥
যঃ পুণ্ড্রং রোচনারুচ্যং কঞ্চুকং কাঞ্চনপ্রভম্।
দধন্মাতুস্তত্তদাসী ত্বৎসঙ্গাসী যদাজনি ॥ ২২ ॥
যঃ কুর্ব্বন্ কর্দ্দমক্রীড়াং নির্ব্যাজমনয়া ধৃতঃ।
দ্বয়োঃ সুখেন দুঃখেন স্নিগ্ধান্ দিগ্ধান্ বিনির্ম্মমে ॥ ২৩ ॥

যঃ শ্রীরামমিতি। যঃ নিজারামং নিজবিশ্রামালয়স্বরূপং শ্রীরামং শ্রীবলদেবং সঙ্গচ্ছন্ সংব্রজন্ নন্দরাজকেশরিনন্দনঃ নন্দ এব রাজকেশরী রাজসিংহঃ তস্য নন্দনঃ পুত্রঃ বালান্ নিজসহচরান্ অচ্ছখেলয়া মনোরমক্রীড়য়া আনন্দয়ৎ প্রমোদিতবান্ ॥২১॥

যঃ পুণ্ড্রমিতি। নন্দনন্দনঃ যদা মাতুরুৎসঙ্গাসী ক্রোড়শায়ী অজনি তদা রোচনারুচ্যং পুণ্ড্রং গোরোচনানির্ম্মিতং তিলকং কাঞ্চনপ্রভং সুবর্ণ-বর্ণম্ কঞ্চুকং চ অঙ্গাবরণং দধৎ আসীৎ ॥ ২২ ॥

যঃ কুর্ব্বন্নিতি যঃ কর্দ্দমক্রীড়াং কর্দ্দমেষু পঙ্কেষু ক্রীড়াং বিতন্বন্ অনয়া যশোদয়া ধৃতঃ নির্ব্যাজং নিশ্ছলং অরে চপল! কথং পঙ্কে ক্রীড়সি ইত্যুক্ত্বা বলাদ্ গৃহীতঃ সন্ দ্বয়োঃ কর্দ্দমক্রীড়াধৃত্যোঃ আত্মীয়ান্ অয়ং জনন্যা ধৃতঃ সুচঞ্চল ইতি সুখেন-হেতুনা স্নিগ্ধান্ স্নেহপূর্ণান্ দুঃখেন চ দিগ্ধান্ অহহ! দিব্যলাবণ্যবান্ কর্দ্দমলিপ্ত ইতি দুঃখেন ব্যথিতান্ বিনির্ম্মমে কৃতবান্ ইতি ॥ ২৩ ॥

নিজ আরাম অর্থাৎ বিশ্রামস্থান স্বরূপ বলদেব সহ মিলিত হইয়া যে নন্দ-রূপ রাজসিংহকুমার মধুর ক্রীড়া করিয়াছিলেন ও সহচর বালকদিগকে আনন্দিত করিয়াছিলেন ॥ ২১ ॥

যিনি যে সময় জননীর ক্রোড়শায়ী হইতেন, সেই সময় সেই স্নেহময়ী জননী গোরোচনানির্ম্মিত তিলকে ও সুবর্ণবর্ণ কঞ্চুকে অর্থাৎ অঙ্গাবরণে তাঁহাকে বিভূষিত করিতেন ॥ ২২ ॥

যিনি যে সময় কর্দ্দমক্রীড়া করিতেছিলেন সেই সময় জননীকর্তৃক অক্লেশে ধৃত হইয়া আত্মীয় সকলকে সুখে ও দুঃখে লিপ্ত করিতেন, আত্মীয়গণ তাঁহার

Digitized at BRCindia.com

যঃ সমং সহজাতেন রিঙ্গন্নঙ্গনকর্দ্দমে।
কিঞ্চিৎ কাতরধীঃ পশ্যন্ মাতরং দ্রুতমিযিবান্ ॥ ২৪ ॥
যস্তয়ালিঙ্গিতঃ সাস্রস্মিতং স্তন্যমনন্যধীঃ।
অপায়ি সুষ্ঠু চাপ্যায়ি স্মিতং বিভ্রদুদৈক্ষি চ ॥ ২৫ ॥
যস্তদা মাতুরানিন্যে সর্ব্বং বিস্মৃতিবিস্মৃতং।
বদন্নিব সুসমুগ্ধবালসিংহাবলোকনঃ ॥ ২৬ ॥

যঃ সহজাতেন বলদেবেন গোমূত্রগোময়াদিদ্বে চত্বরে অঙ্গনকর্দ্দমে রিঙ্গন্ ক্রীড়ন্ কিঞ্চিৎ অপরিচিতং সত্বং পশ্যন্ অবলোকয়ন্ ভীতঃ সন্ মাতরং যশোদাং দ্রুতম্ ইযিবান্ গতবান্, ইধাতোঃ কস্থ স্বভাবোক্তিরত্র ॥ ২৪ ॥

য স্তয়া যশোদয়া আলিঙ্গিতঃ সন্ সাস্রস্মিতং অশ্রুহাস্যসহিতং যথা স্যাৎ তথা অনন্যধীঃ অনন্যাসক্তশ্চ সন্ স্তন্যং স্তনদুগ্ধং অপায়ি পায়িতঃ, আপ্যায়ি প্রীণিতশ্চ ততঃ স্মিতং বিভ্রৎ ঈষদ্ হসন্ উদৈক্ষি দৃষ্টশ্চ ॥ ২৫ ॥

তদা বাল্যাবস্থায়াং যঃ বদন্নিব বাল্যমঞ্জুধ্বনিং কুর্ব্বন্ মাতু র্জনন্যাঃ সর্ব্বং ব্যাপারং বিস্মৃতিবিস্মৃতম্ অত্যন্তবিস্মৃতিমানিন্যে। অসৌ কিম্ভূতঃ? বালসিংহাবলোকনঃ সুসমুগ্ধস্য চাঞ্চল্যগাম্ভীর্য্যবত্বেন অতিমনোহরস্য বাল্যসিংহস্য অবলোকনবৎ অবলোকনং যস্য ইতি, অল্পবপুরপি তীব্রতেজোব্যঞ্জকনয়নো বালসিংহো ভবতি ॥ ২৬ ॥

কর্দ্দমক্রীড়া দর্শন করিয়া ও জননী এক্ষণে এই চঞ্চলকে ধরিয়াছেন বলিয়া সুখলাভ করিয়াছিলেন ও তাঁহার সুন্দর অবয়বে পঙ্কলেপ দেখিয়া দুঃখিতও হইয়াছিলেন ॥ ২৩ ॥

যিনি সহজাত বলদেব সহ অঙ্গনস্থ কর্দ্দমে ক্রীড়া করিতে করিতে কোন অপরিচিত বস্তু দেখিলেই ভীত হইয়া মাতার নিকট দ্রুত গমন করিয়াছিলেন ॥ ২৪ ॥

যিনি যশোদাকর্ত্তৃক আলিঙ্গিত হইয়া অনন্যচিত্তে অশ্রু ও ঈষৎ হাস্যের সহিত স্তনপান করিয়াছিলেন, যশোদাও যাঁহাকে চুম্বনাদি দ্বারা আপ্যায়িত ও স্নেহভরে বারম্বার নিরীক্ষণ করিয়াছেন ॥ ২৫ ॥

যিনি সেই সময় চঞ্চল গম্ভীর বালসিংহের ন্যায় অবলোকন করিতে

Digitized at BRCindia.com

যস্তদা মৃত্তিকাং ভক্ষন্নলক্ষ্যমনয়া ধৃতঃ।
দয়য়া কিং ভয়াদস্যাস্ত্রাতঃ স্রাগ্‌যোগমায়য়া ॥ ২৭ ॥
যঃ শ্রীরামান্বয়ী কামান্‌ ননাট সহপাটবং।
বৃদ্ধানাং সুখমৃদ্ধানাং কুর্ব্বাণস্তালপালনং ॥ ২৮ ॥

---

যস্তদেতি। যস্তদা বালো মৃত্তিকাং ভক্ষন্‌ বালস্বভাবাৎ, অনয়া কৌতুকা-বেশেন যশোদয়া ধৃতঃ অরে রে দুর্ব্বিনীতপুত্র! মদ্‌গৃহে কিং নবনীতাদিকং নাস্তি যৎ ত্বয়া মৃত্তিকা ভক্ষ্যতে ইতি বিচিন্ত্য অলক্ষ্যং যথা স্যাত্তথা ধৃতঃ সুতরাং ভীতঃ, মাতা মে কিং বিধাস্যতি ইতি অস্যাঃ স্বমাতুর্ভয়াৎ স্বপ্রভুং কাতরং দৃষ্ট্বা যোগমায়য়া নিজশক্ত্যা স্রাগ্‌ ঝটিতি দয়য়া কিং নু কিং ন হি অয়ং মে সেবাবসর ইতি শ্রদ্ধয়া বিচিন্ত্য ত্রাতো রক্ষিতঃ, মুখগহ্বরে মৃদ্ভক্ষণ-চিহ্নম্‌ অপলাপ্য বৈপরীত্যেন জগৎ তত্র তস্যৈ প্রদর্শিতমিতিভাবঃ ॥ ২৭ ॥

যঃ শ্রীরামান্বয়ীতি, শ্রীরামেন শ্রীবলদেবেন অন্বয়ঃ সংযোগঃ শ্রীরামান্বয়ঃ তদ্‌-বিদ্যতে যস্য স শ্রীরামান্বয়ী অস্ত্যর্থে ইন্‌ বলদেবসংযুক্তঃ সুখম্‌ ঋদ্ধানাং মূল্যবৎ-খাদ্যপ্রদানোৎসুকানাং বৃদ্ধানাং গোপানাং গোপীনাঞ্চ তালপালনং কুর্ব্বাণঃ তালানুযায়ী ভবন্‌ সহপাটবং পাটবেন নৈপুণ্যেন সহ বর্ত্তমানং যথা স্যাৎ তথা সহ-পাটবং "সহঃ সো বা" ইতি বিকল্পাৎ সহো ন স ইতি কামং পর্য্যাপ্তং ননাট ননর্ত্ত ॥ ২৮ ॥

---

করিতে বাল্যসুলভ আধ আধ কথা উচ্চারণ করিয়া জননীর সর্ব্ববিষয়ে অত্যন্ত বিস্মৃতি উৎপাদন করিতেন ॥ ২৬ ॥

সেই সময় মৃত্তিকা ভক্ষণ করিতে করিতে জননী কর্তৃক অলক্ষ্যে ধৃত হইয়া ভীত হইলে যোগমায়া ঝটিতি যাঁহাকে রক্ষা করিয়াছিলেন ॥ ২৭ ॥

যিনি শ্রীরামের সহিত মিলিত হইয়া খাদ্যপ্রদানোৎসুক বৃদ্ধগোপগোপী-দের হস্তদত্ত তাল অনুসারে পটুতার সহিত সুখে নৃত্য করিয়াছিলেন ॥ ২৮ ॥



Digitized at BRCindia.com

যঃ ক্রীণন্ করবিভ্রষ্টমূল্যেনাপ্যমিতং ফলং।
ফলান্যনন্তলভ্যানি দদে বিক্রীণতীং প্রতি ॥ ২৯ ॥
যস্তর্ণকান্ পুরা মুঞ্চন্নঞ্চন্ বালবলান্বিতঃ।
দোহানুকরণং কুর্ব্বন্ সুখদোহায় কৢপ্তবান্ ॥ ৩০ ॥
যঃ কর্ষন্নপি বৎসস্য পুচ্ছং সঙ্কর্ষণান্বিতঃ।
তেন কর্ষং ব্রজন্ ভ্রাতৃভার্য্যাভিঃ পর্য্যহস্যত ॥ ৩১ ॥

---

যঃ ক্রীণন্নিতি, যঃ করবিভ্রষ্টমূল্যেন ধান্যেন অমিতং প্রচুরং ফলং ক্রীণন্ বিক্রীণতীং প্রতি অনন্তলভ্যানি ফলানি দদে দত্তবান্, স্বয়ং প্রাকৃতানি ফলানি ক্রীত্বা ধান্যেন তস্যৈ বহুমূল্যানি রত্নানি পারিতোষিকত্বেন দদৌ, এতাদৃগ্ দয়ালুঃ পরমর্ম্মগ্রাহী কো হস্তি জগতি ইতি ভাবঃ ॥ ২৯ ॥

যস্তর্ণকানিতি যঃ পুরা অগ্রে তর্ণকান্ বৎসান্ মুঞ্চন্ বন্ধনাৎ শিথিলয়ন্ বালবলান্বিতঃ বালৈঃ সহচরৈঃ বলেন অগ্রজেন বলদেবেন চ অন্বিতঃ সংযুক্তা দোহানুকরণং কুর্ব্বন্ সুখদোহায়ঃ কৢপ্তবান্ সর্ব্বেষাং সুখমুৎপাদিতবান্ ইত্যর্থঃ ॥ ৩০ ॥

যঃ কর্ষন্নিতি, যঃ সঙ্কর্ষণান্বিতঃ সঙ্কর্ষণেন বলদেবেন অন্বিতো যুক্তঃ সন্ বৎসস্য পুচ্ছং লাঙ্গুলং কর্ষন্ পুনস্তেন বৎসেনাপি কর্ষম্ আকর্ষণং ব্রজন্

---

যিনি করচ্যুত ধান্যরূপ মূল্য দিয়া প্রচুর ফল ক্রয় করিয়াছিলেন কিন্তু ঐ বিক্রেত্রীকে যিনি অনন্তলভ্য অর্থাৎ অতিদুর্লভ রত্নরাজি প্রদান করিয়াছিলেন ॥ ২৯ ॥

যিনি বলদেব ও অন্যান্য বালকবৃন্দ সহ মিলিত হইয়া অগ্রেই বৎস সকলের বন্ধন মোচন করিতেন ও গোদোহনের অনুকরণ করিয়া সকলেরই সুখ সম্পাদন করিতেন ॥ ৩০ ॥

যিনি সঙ্কর্ষণ অর্থাৎ বলদেব সহ মিলিত হইয়া বৎসের পুচ্ছ আকর্ষণ

Digitized at BRCindia.com

যঃ কুর্ব্বন্নপি গব্যানাং চৌর্য্যং ভব্যায় দিদ্যুতে।
যস্য তাভির্ব্বিবাদশ্চ সুখসম্বাদসিদ্ধয়ে ॥ ৩২ ॥
যঃ স্বং দামোদরং শৃণ্বন্ সামোদব্রীড়মঞ্চতি।
প্রসূশিক্ষাময়স্নেহাদ্ বাল্যস্নেহান্তরাদপি ॥ ৩৩ ॥

---

প্রাপ্নুবন্ ভ্রাতৃভার্য্যাভি রূপহাসচতুরাভিঃ পর্য্যহস্যত, দেবর ! ত্বদর্থং গোপরাজেন বৎসাশ্বাদিযানং ন ক্রেয়মিতি ভাবঃ ॥ ৩১ ॥

যঃ কুর্ব্বন্নিতি, যো গব্যানাং নবনীতাদীনাং চৌর্য্যং কুর্ব্বন্নপি ভব্যায় দিদ্যুতে সাধুবদ্ অদৃশ্যত ইত্যর্থঃ। কৃষ্ণেন নবনীতাদিকে হৃতেঽপি গোপানাং গোপীনাঞ্চ পরং সুখমজায়ত তর্হি কথং কৃষ্ণেন তাসাং গোপীনাং নবনীতাদিচৌর্য্যার্থং বিবাদোঽভূদিত্যাহ তাভির্গোপীভির্যস্য কৃষ্ণস্য বিবাদঃ কলহঃ সুখসম্বাদ-সিদ্ধয়ে সুখেন আহ্লাদেন সহ সংবাদো বাদানুবাদঃ তস্য সিদ্ধয়ে সম্পাদনায় অভূৎ তাসাং তু কৃষ্ণেন সাকং বাদানুবাদে প্রবললালসা আসীৎ, নবনীতাদি-চৌর্য্যজন্যবিবাদেন তু লালসা ফলবতী বভূব ইতি জ্ঞেয়ং ॥ ৩২ ॥

যঃ স্বমিতি, যঃ সুখপ্রদাৎ বাল্যস্নেহান্তরাৎ বাল্যোচিতস্বচেষ্টান্তরাদপি প্রসূশিক্ষাময়স্নেহাৎ জনন্যুপদেশময়স্নেহাৎ যথা কর্ম্ম তথা ফলম্ ইত্যানুযায়ি-বন্ধনাত্মকস্নেহাৎ স্বমাত্মানং দামোদরং শৃণ্বন্ ভো দামোদর ! ক গচ্ছসি, পুনস্তেয়ং করিষ্যসি ইতি উপহসিতঃ সন্ সামোদব্রীড়ং আমোদেন আহ্লাদেন ব্রীড়য়া লজ্জয়া চ সহ বর্ত্তমানং যথা স্যাৎ তথা অঞ্চতি গচ্ছতি ॥ ৩৩ ॥

---

করিতেন এবং বৎসও আকর্ষণ করিলে দেবরপত্নীগণ যাঁহাকে দেখিয়া পরিহাস করিতেন ॥ ৩১ ॥

যিনি নবনীতাদি গোরস চুরি করিয়াও ভদ্রের ন্যায় প্রতীত হইতেন, পরে গোপীদিগের সহিত তাঁহার চৌর্য্যনিমিত্ত বিবাদ হইত, কিন্তু সেই বিবাদ পরম সুখেরই কারণ হইত, কারণ গোপীগণ তাঁহার সহিত বাগ্‌যুদ্ধে পরম সুখলাভ করিতেন ॥ ৩২ ॥

যিনি অন্যান্য স্বীয় বাল্যক্রীড়া হইতে সুখকর জননীর উপদেশময়

Digitized at BRCindia.com

যঃ সুষ্ঠু খেলয়াবিষ্টঃ স্বমাত্রা প্রণয়ান্মুহুঃ ।
কৃষ্ণ ! কৃষ্ণারবিন্দাক্ষেত্যাহুতোঽপ্যাশু নাযযৌ ॥ ৩৪ ॥
যঃ শ্রীবৃন্দাবনং প্রাঞ্চন্ ভ্রাত্রা সহ বনাস্পদং ।
হাসয়ন্ ভাসয়ামাস মাতরৌ যাতরৌ মিথঃ ॥ ৩৫ ॥
যঃ শ্রীবৃন্দাবনে লব্ধে প্রারব্ধক্রীড়মন্বভূৎ ।
রামদামাদিভিঃ সখ্যং তৎপ্রখ্যং ভ্রমরাদিভিঃ ॥ ৩৬ ॥

যঃ সুষ্ঠ্বিতি। যঃ খেলয়া বাল্যক্রীড়য়া সুষ্ঠু নিতরামাবিষ্টো নিহিতচিত্তঃ সন্ স্বমাত্রা যশোদয়া প্রণয়াৎ স্নেহভরেণ মুহুর্বারম্বারং কৃষ্ণ ! কৃষ্ণ ! অরবিন্দাক্ষ ! ইতি স্নেহপূর্ণনামভিরাহুতো ঽপি আশু ঝটিতি ক্রীড়াসুখং পরিত্যজ্য ন আযযৌ আগতবান্ ॥ ৩৪ ॥

যঃ শ্রীতি,যঃ বনাস্পদং বনস্থানং শ্রীবৃন্দাবনং,বৃন্দাবনস্য গোষ্ঠবাহুল্যবত্ত্বেঽপি বনবাহুল্যং জ্ঞেয়ং ভ্রাত্রা বলদেবেন প্রাঞ্চন্ পর্য্যটন্ মিথঃ পরস্পরং যাতরৌ ভ্রাতৃপত্ন্যৌ, রোহিণীযশোদে ইতি জ্ঞেয়ং, মাতরৌ হাসয়ন্ হাস্যং কারয়ন্, সখি ! অনয়োঃ তুল্যসত্ত্বয়ো নিরন্তরভ্রমণেনাপি ক্ষুৎপিপাসোদ্রেকো ন ভবতি কিং ? ইতি সহাস্যং বর্ণয়ন্ত্যৌ ভাসয়ামাস দ্যোতয়ামাস ॥ ৩৫ ॥

যঃ শ্রীতি। যঃ শ্রীবৃন্দাবনে সর্ব্বসম্পত্তিসুশোভিতে বৃন্দাধিষ্ঠিতবনে লব্ধে গতে সতি রামো বলদেবঃ দামা শ্রীদামা তে আদৌ অগ্রণ্যো যেষাং তৈঃ

স্নেহসূচক দামোদর নামে আপনাকে অভিহিত জানিয়া আমোদ ও লজ্জাভরে গমন করেন ॥ ৩৩ ॥

যিনি খেলাতে এতই আবিষ্ট হইতেন যে যশোদা কৃষ্ণ ! কৃষ্ণ ! অরবিন্দাক্ষ ! ইত্যাদি স্নেহগর্ভনামে বারম্বার আহ্বান করিলেও তাঁহার নিকট আগমন করিতেন না ॥ ৩৪ ॥

যিনি ভ্রাতা বলদেব সহ বনবহুল বৃন্দাবনের বনে বনে ভ্রমণ করিয়া রোহিণী যশোদা এই মাতৃ যুগলকে হাস্য করাইয়াছিলেন ও স্বীয় অঙ্গ কান্তিতে বনভূমি আলোকিত করিয়াছিলেন ॥ ৩৫ ॥

Digitized at BRCindia.com

যঃ শ্রীরামেণ তত্রাপি বীক্ষ্য প্রীতিমগাৎ পরাং।
বৃন্দাবনং গোবর্দ্ধনং যমুনাপুলিনান্যপি ॥ ৩৭ ॥
যঃ প্রাপ্তমধ্যকৌমারঃ পিত্রা সার্দ্ধং বনং ব্রজন্।
পৃচ্ছন্ নামানি ধামানি পশ্যন্মুদমবাপ্তবান্ ॥ ৩৮ ॥

---

সখিভিঃ তৎপ্রখ্যং তত্তুল্যং ভ্রমরাদিভিশ্চ ভ্রমরা আদৌযেষামিতি. তৈঃ, আদি-পদাৎ পশবঃ পক্ষিণশ্চ, প্রারব্ধক্রীড়ং প্রারব্ধা ক্রীড়া যত্র ইতি তৎ সখ্যং অন্বভূৎ অনুভূতবান্ ॥ ৩৬ ॥

যঃ শ্রীরামেণেতি, যঃ শ্রীরামেণ শ্রীবলদেবেন সহ তত্র ক্রীড়াস্থানে বৃন্দাবনং রম্যং কাননং, গোবর্দ্ধনং তন্নাম্না খ্যাতমদ্রিং, যমুনাপুলিনানি যমুনাং তস্যাঃ পুলিনানি সৈকতানি অপি বীক্ষ্য আগ্রহেণ দৃষ্ট্বা পরাং পরমাং প্রীতিমপি অগাৎ গতবান্, অহো! এতাদৃশী রমণীয়তা শ্রীবৈকুণ্ঠে শ্রীকৈলাসাদিষ্বপি নাস্তি ইতি বিচিন্তয়ন্ প্রীতিমান্ বভূব এতৎ পরিত্যজ্য কাস্মাভির্বিহর্ত্তব্যমিতি-ভাবঃ ॥ ৩৭ ॥

যঃ প্রাপ্তেতি, প্রাপ্তমধ্যকৌমারঃ প্রাপ্তং মধ্যকৌমারং যেন অসৌ প্রাপ্তমধ্যকৌমারঃ চতুঃপঞ্চবর্ষবয়স্কঃ সন্ পিত্রা নন্দেন সার্দ্ধং বনং ব্রজন্ গচ্ছন্ নামানি "পিতঃ অস্য বৃক্ষস্য কিং নাম অস্য পশোঃ পক্ষিণশ্চ কিং নাম কুত্র বা তিষ্ঠতি অয়ম্ এবম্ প্রকারেণ" পৃচ্ছন্ ধামানি লতাকুঞ্জরূপাণি চ ভবনানি পশ্যন্ মুদং হর্ষমবাপ্তবান্ গতবান্ ॥ ৩৮ ॥

---

যিনি বৃন্দাবনে বলরাম ও শ্রীদামাদিসহ এবং সখিতুল্য ভ্রমরাদিসহ ক্রীড়া আরম্ভ করিয়া সখিত্ব বিস্তার করিয়াছিলেন ॥ ৩৬ ॥

যিনি শ্রীবলরাম সহিত বৃন্দাবন গোবর্দ্ধন যমুনাপুলিন সকল নিরীক্ষণ করিয়া পরম প্রীতিলাভ করিয়াছিলেন ॥ ৩৭ ॥

যিনি মধ্যকৌমারাবস্থায় অর্থাৎ চতুঃপঞ্চবর্ষ বয়সে পিতার সহিত বনে গমন করিয়াছিলেন এবং বৃক্ষ ও পশুপক্ষ্যাদির নাম জিজ্ঞাসা করিয়া ও লতাকুঞ্জরূপ ধাম দেখিয়া সুখলাভ করিয়াছিলেন ॥ ৩৮ ॥

Digitized at BRCindia.com

যঃ ক্রীড়ন্ শিশুরব্রীড়মগ্রজেন ব্রজেন্দ্রজঃ।
জল্পাজল্পি মিথশ্চক্রে হস্তাহস্তি পদাপদি ॥ ৩৯ ॥
যশ্চারয়ন্ নিজান্ বৎসান্ বৎসকং নাম দানবং।
বকং বকবদাকারং দারয়ন্ মুক্তিমার্দ্দয়ৎ ॥ ৪০ ॥
যঃ স্বৈর্বিহরণং চক্রে মেষীহরণসংজ্ঞিতং।
ব্যোমঞ্চ ব্যোমতাং নিন্যে কুর্ব্বন্তং প্রতিলোমতাং ॥ ৪১ ॥

যঃ ক্রীড়ন্নিতি। যো ব্রজেন্দ্রজঃ ব্রজেন্দ্রো নন্দঃ তস্মাজ্ জায়তে যঃ স ব্রজেন্দ্রজঃ শিশুর্বালকঃ অগ্রজেন শ্রীবলদেবেন অব্রীড়মসঙ্কোচম্, অয়ং মম অগ্রজো মান্তঃ কথং মাননীয়েন অনেন সাকং বিশ্রব্ধং ক্রীড়িতব্যং ময়া ইতি মনসি ন গণয়িত্বা জল্পাজল্পি জল্পেন জল্পেন যদ্যুদ্ধং প্রবৃত্তং তৎ জল্পাজল্পি, হস্তাহস্তি হস্তাভ্যাং হস্তাভ্যাং যদ্যুদ্ধং প্রবৃত্তং তৎ হস্তাহস্তি, পদাপদি পদ্ভ্যাং পদ্ভ্যাং যদ্যুদ্ধং প্রবৃত্তং তৎপদাপদি ক্রীড়ন্ মুদং হর্ষম্ অবাপ্তবান্ ইতি পূর্ব্বেনান্বয়ঃ ॥ ৩৯ ॥

যশ্চারয়ন্নিতি। যো নিজান্ বৎসান্ তর্ণকান্ চারয়ন্ পালয়ন্ বৎসরূপেণ বৎসদলে সমায়াতম্ অসদভিলাষং বৎসকং নাম দানবং তথা বকবদাকারং বকমপি দারয়ন্, ঈষিকাদারণবৎ ইতি জ্ঞেয়ং, মুক্তিং সাযুজ্যমার্দ্দয়ৎ প্রাপয়ৎ ॥ ৪০ ॥

যঃ স্বৈরিতি। যো মেষীহরণসংজ্ঞিতং মেষীহরণং সংজ্ঞা আখ্যা যস্ত ইতি তদ্গ্রাম্যজনপ্রসিদ্ধং বিহরণং ক্রীড়াং চক্রে, তদা প্রতিলোমতাং প্রতিকূলতাং

যে ব্রজেন্দ্রনন্দন শৈশব অবস্থায় অগ্রজ বলদেবসহ অসঙ্কোচে পরস্পর জল্পাজল্পি [ বাদানুবাদ ] হস্তাহস্তি, [হাতে হাতে যুদ্ধ] পদাপদি [পায় পায় যুদ্ধ ] করিয়াছিলেন ॥ ৩৯ ॥

যিনি নিজ বৎস চারণকালে বৎসাকৃতি বৎস নামক দানবকে বিনাশ করিয়াছিলেন এবং বকাকৃতি বকাসুরকে ঈষিকাবিদারের স্তায় বিদীর্ণ করিয়া মুক্তি গ্রহণ করাইয়া ছিলেন ॥ ৪০ ॥

যিনি স্বীয় সহচর সমুদয় সহ মেষীহরণ নামে ক্রীড়া করিয়াছিলেন, সেই

Digitized at BRCindia.com

যঃ কুর্ব্বংস্তমঘং খণ্ডং বিধেরঘমতঃ পরং।
নিন্যে স্বজ্যোতিষি প্রাঞ্চং তদর্ব্বাগ্ ভক্তিতেজসি ॥ ৪২ ॥
যঃ কৌমারমতিক্রম্য রম্যপৌগণ্ডমণ্ডনঃ।
চক্রে গোপালতাং গচ্ছন্ লোকপালকপালতাং ॥ ৪৩ ॥

---

কুর্ব্বন্তমাচরন্তং ব্যোমং তন্নাম্না খ্যাতমসুরবিশেষং ব্যোমতাং শূন্যতাং নিন্যে অর্থাৎ মৃত্যুকবলং প্রাপয়ামাস ইতি ভাবঃ ॥ ৪১ ॥

যঃ কুর্ব্বন্নিতি, যোঽঘাখ্যমসুরং সর্পাকারং খণ্ডং ভিন্নং কুর্ব্বন্ অতঃ পরং বিধেঃ স্রষ্টুরঘং পাপং মায়াম্ খণ্ডং কুর্ব্বন্ অর্থাৎ ভিন্দন্, পূর্ব্বোক্তং অঘাসুরং স্বজ্যোতিষি স্বাঙ্গতেজসি তদর্ব্বাক্ তৎপশ্চাৎ প্রাঞ্চং প্রবীণম্ অর্থাৎ শ্রীব্রহ্মাণং ভক্তিতেজসি ভক্তিপ্রভাবে নিন্যে প্রাপিতবান্, নিপুণবৎ যথাযোগং স্থাপয়ামাস ইতি ভাবঃ ॥ ৪২ ॥

যঃ কৌমারমিতি, যঃ কৌমারং পঞ্চমাব্দং, যথাহ শ্রীধরস্বামী "কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। কৈশোরমাপঞ্চদশাৎ তদূর্দ্ধং যৌবনং স্মৃতং" অতিক্রম্য অতীত্য রম্যপৌগণ্ডমণ্ডনঃ রম্যং সুন্দরং পৌগণ্ডস্য তদাখ্যস্য বয়সো মণ্ডনং শোভা যস্মিন্ তথাভূতঃ সন্ বৎসপালতাং বিহায় গোপালতাং গচ্ছন্ লোকপালকপালতাং লোকপালকা দেবা স্তান্ পালয়তি যোঽসৌ লোকপালকপাল স্তস্য ভাবঃ লোকপালপালকতা তাং চক্রে কৃতবান্ ॥ ৪৩ ॥

---

সময় প্রতিকূল আচরণকারী ব্যোমাসুরকে ব্যোমতা অর্থাৎ শূন্যতা পাওয়াইয়াছিলেন [শূন্য-মৃত্যু] ॥ ৪১ ॥

যিনি সর্পাকৃতি অঘাসুরকে খণ্ড খণ্ড করিয়া এবং ব্রহ্মার পাপ [মায়া] ভেদ করিয়া উক্ত অঘাসুরকে স্বীয় অঙ্গতেজে ও ব্রহ্মাকে নিজ ভক্তিতেজে নিমজ্জিত করিয়াছিলেন ॥ ৪২ ॥

যিনি কৌমারদশা অতিক্রম করিয়া সুন্দর পৌগণ্ড শোভা বিশিষ্ট হইলেন এবং বৎসপালন পরিত্যাগ পূর্ব্বক গোপাল হইয়া লোকপালক সকলের পালন কর্ত্তা হইয়াছিলেন ॥ ৪৩ ॥

Digitized at BRCindia.com

যঃ কালকূটনিষ্পিষ্টচেতনান্ ব্রজকেতনান্।
চেতয়ামাস কৃপয়া লোচনামৃতবৃষ্টিভিঃ ॥ ৪৪ ॥
যঃ কালিয়মপি ব্যক্তং নিজাঙ্ঘ্রিযুগমুদ্রয়া।
ব্যঞ্জন্ মমেতি শরণাগতানন্যানরঞ্জয়ৎ ॥ ৪৫ ॥
যঃ শুকেন ব্রজপ্রেমাস্পদত্বেনেত্থমীরিতঃ।
কৃষ্ণেঽর্পিতাত্মসুহৃদিত্যাদি প্রোচ্য প্রশোচ্য চ ॥ ৪৬ ॥

যঃ কালকূট ইতি, যঃ কালকূটনিষ্পিষ্টচেতনান্ কালকূটেন হলাহলেন কালকূটং হলাহলমিত্যমরঃ, নিষ্পিষ্টানি অপহৃতানি চেতনানি সংজ্ঞা যেষাং ইতি তান্ ব্রজকেতনান্ ব্রজবাসিনো লোচনামৃতবৃষ্টিভি রবলোকনকারুণ্য-বারিবর্ষণৈঃ কৃপয়া চেতয়ামাস ॥ ৪৪ ॥

যঃ কালিয়েতি। যঃ কালিয়ং গভীরজলসঞ্চারিণমপি সর্পং ব্যক্তং লোক-লোচনবিষয়তাং প্রাপয়ন্ নিজস্য অঙ্ঘ্রিযুগং চরণযুগলং তস্য মুদ্রয়া অঙ্কনেন অয়ং মম দাস ইতি ব্যঞ্জন্ বিজ্ঞাপয়ন্ অন্যান্ শরণাগতান্ অরঞ্জয়ৎ তেষাং মনস্তোষয়ামাস। কালিয়োঽনিষ্টমাচর্য্যাঽপি প্রভুপাদলাঞ্ছিততাং প্রাপ অহো প্রভোরেতাদৃশী মহানুভাবতা ইতি ভক্তাশ্চিন্তয়ামাসুঃ ॥ ৪৫ ॥

যঃ শুকেন। কৃষ্ণেঽর্পিতাত্মসুহৃদর্থকলত্রকামা ইতি দশমস্কন্ধস্থষোড়শাধ্যায়ে দশমশ্লোকেন প্রশোচ্য শোকং প্রকাশ্য প্রোচ্য কথয়িত্বা আবালবৃদ্ধবনিতা

যিনি কালকূট বিষে হতচেতন ব্রজবাসি সখাদিগকে কৃপা পূর্ব্বক লোচনা-মৃতবর্ষণে পুনর্জীবিত করিয়াছিলেন ॥ ৪৪ ॥

যিনি কালিয়নাগকে ব্যক্ত অর্থাৎ লোকলোচনবর্ত্তী করিয়া তাহার শিরো-দেশ স্বীয় চরণ চিহ্নে লাঞ্ছিত করিয়াছিলেন এবং লোক সকলকে জানাইয়া ছিলেন যে এই কালিয় অদ্য হইতে আমার হইল। অন্যান্য ভক্তগণও যাঁহার এই কালিয় লাঞ্ছনবিহারে প্রীতি লাভ করিয়াছিলেন ॥ ৪৫ ॥

শুকদেব ব্রজপ্রেমভরে শোকপ্রকাশ পূর্ব্বক "কৃষ্ণেঽর্পিতাত্মসুহৃৎ" এই শ্লোক বর্ণনা করিয়া "আবাল বৃদ্ধ বনিতা" এই শ্লোকও যাঁহাকে উদ্দেশ করিয়া রচনা করিয়াছিলেন। "আবাল ইতি" বালক হইতে বৃদ্ধ বনিতা

Digitized at BRCindia.com

আবালবৃদ্ধবনিতাঃ সর্ব্বাঙ্গপশুবৃত্তয়ঃ।
নির্জ্জগ্মুর্গোকুলাদ্দীনাঃ কৃষ্ণদর্শনলালসাঃ ॥ ৪৭ ॥
যস্তস্মিন্ সংভ্রমে রোধান্নিষ্ক্রান্তা ব্রজকন্যকাঃ।
মেনে তাঃ প্রথমং পশ্যন্ স্বং কৃতার্থং কৃতাবিহ ॥ ৪৮ ॥
যস্তদা দহনং গোষ্ঠপ্রেম্নাকৃষ্টবিবেচনঃ।
প্রেম্নস্তস্য পরীক্ষার্থমিব দ্রাগপিবৎ প্রভুঃ ॥ ৪৯ ॥

---

ইতি তত্রৈব স্কন্ধেঽধ্যায়ে পঞ্চদশশ্লোকেন ব্রজপ্রেমাস্পদত্বেন ইত্থম্ এবম্প্রকারেণ ঈরিতঃ কথিতঃ ॥ ৪৬। ৪৭ ॥

যস্তস্মিন্নিতি তস্মিন্ সংভ্রমে কৃষ্ণানুসন্ধানজনিতসংবেগে রোধাৎ অন্তঃপুরাৎ ব্রজকন্যকা অবরোধবাসিন্যো নিষ্ক্রান্তা লজ্জাং গুরুজনসাধ্বসং চ ত্যক্ত্বা ইতি শেষঃ। বিপৎপাতে সতি মর্য্যাদাভঙ্গো ভবতি ইতি জ্ঞেয়ং, যঃ পরম-গহনাশয়ঃ শ্রীকৃষ্ণস্তা অসূর্য্যাম্পশ্যাঃ প্রথমম্ আদৌ পশ্যন্ সকটাক্ষমিতিভাবঃ ইহ কৃতৌ কালিয়হ্রদপ্রবেশলীলায়াং স্বং কৃতার্থং মেনে গণয়ামাস। একেন সাধনেন ফলদ্বয়ম্ আপাদিতং তেন চতুরচূড়ামণিনা কৃষ্ণেন ইতি ভাবঃ ॥ ৪৮ ॥

যঃ শ্রীকৃষ্ণো গোষ্ঠপ্রেম্না গোষ্ঠানাং লক্ষণয়া গোষ্ঠবাসিনাং প্রেম্না অনু-রাগেন আকৃষ্টবিবেচনঃ আকৃষ্টম্ অধিকৃতং বিবেচনং প্রজ্ঞা যস্য স ব্রজবাসিনাম্ উপকারার্থং সদৈব স্ফুরতি বুদ্ধির্যস্য তথাভূতঃ স ইতি জ্ঞেয়ং, তস্য অসমোর্দ্ধস্য প্রেম্নোঽনুরাগস্য পরীক্ষার্থমিব আদৌ দহনম্ অগ্নিম্ উৎপাদ্য পশ্চাৎ অপিবৎ, মাভূদ্ বিক্লবানামেষামিতঃ কষ্টম্ ইতি বিচার্য্য ইতি শেষঃ। নম্ভ কুতোঽস্য

---

পর্য্যন্ত সকল ব্রজবাসী কৃষ্ণের অমঙ্গল আশঙ্কা করিলে তাঁহাদের সমস্ত অঙ্গ নিশ্চেষ্ট হইয়াছিল, পরে তাঁহারা কৃষ্ণদর্শনলালসায় দীনভাবে গোকুল হইতে নির্গত হইয়াছিলেন ॥ ৪৬। ৪৭ ॥

যে সম্ভ্রমে ব্রজকন্যাগণ অন্তঃপুর হইতে নির্গত হইয়াছিলেন, যিনি সেই ব্রজ-কন্যাদিগকে প্রথমে নিরীক্ষণ করিয়া আপনাকে কৃতার্থ জ্ঞান করিয়াছিলেন। ৪৮॥

যিনি কালিয়দমনরাত্রিতে ব্রজবাসিবৃন্দের অসমোর্দ্ধপ্রেম পরীক্ষার্থ অগ্নি

Digitized at BRCindia.com

যঃ স্পর্শাদমৃতীকুর্ব্বন্ বিষং বিষধরঞ্চ তং।
স্বাশ্রিতান্ অমৃতীকর্ত্তুং কৃতী কৈমুত্যমৈক্ষয়ৎ ॥ ৫০ ॥
যস্তু ভাণ্ডীরমাসাদ্য মল্লতাণ্ডবমাচরন্।
শুভদ্র মণ্ডলীভদ্র ভদ্রবর্দ্ধন গোভটাঃ ॥ ৫১ ॥
যক্ষেন্দ্রভট ইত্যেবং কৢপ্তসঙ্গৈঃ কুমারকঃ।
সবয়োভিঃ সুখং যত্র লেভে কাশ্চিৎ কুমারিকাঃ ॥ ৫২ ॥

---

গোপালবালস্য এতদ্ যোগ্যত্বং ? নহি নহি অসৌ প্রভুঃ অচিন্তনীয়শক্তিরিতি ॥ ৪৯ ॥

যঃ স্পর্শাদিতি যঃ শ্রীকৃষ্ণো বিষং গরলং বিষধরং সর্পং চ কালিয়ং স্পর্শাৎ পাদাম্বুজস্পর্শাৎ লোচনামৃতস্পর্শাচ্চ অমৃতীকুর্ব্বন্ অনমৃতং অমৃতং করোতি ইতি অভূততদ্ভাবে চ্বিশতৃচ স্বাশ্রিতান্ অমৃতীকর্ত্তুং সালোক্যাদীন্ প্রাপয়িতুং কৃতী কুশলঃ কৈমুত্যম্ ঐক্ষয়ৎ অদর্শয়ৎ ঈক্ষঞ্ঃস্তাৎঘীদিপ্. যে তু বিষধরাঃ পরমদ্রোহিনঃ তান্ অপি অমৃতান্ করোতি, যে তু তৎপদারবিন্দৈকজীবনাঃ তেষাং কিমুত বক্তব্যমিতি ভাবঃ ॥ ৫০ ॥

যস্তু ভাণ্ডীরমিতি যস্তু শ্রীকৃষ্ণো ভাণ্ডীরমাসাদ্য ভাণ্ডীরনামকং বনং গত্বা অসৌ কিম্ভূতঃ? কুমারকঃ অকৃতদারঃ, শুভদ্র মণ্ডলীভদ্র ভদ্রবর্দ্ধন গোভট যক্ষেন্দ্র ইতি নামভিঃ খ্যাতৈঃ "এবমন্যে বহুসহচরা আসন্ ইতি জ্ঞেয়ং" কৢপ্তসঙ্গৈঃ কৢপ্তঃ প্রসিদ্ধঃ সঙ্গঃ সাহিত্যং যেষাং কৃষ্ণেন তৈঃ সবয়োভিঃ

---

সৃষ্টি করিলেন, পরে তাঁহাদের প্রেমে বিবেচনা আকৃষ্ট হইলে সর্ব্বকর্ম্মক্ষম প্রভু ঝটিতি সেই অগ্নি পান করিয়াছিলেন ॥ ৪৯ ॥

যিনি স্বীয়স্পর্শপ্রভাবে বিষ ও বিষধরকেও অমৃত করিয়াছিলেন, সেই কৃতী স্বাশ্রিতগণকে যে অমৃত করিবেন, এবিষয়ে কি বক্তব্য আছে ॥ ৫০ ॥

যিনি কৌমার অবস্থায় ভাণ্ডীরবনে গমন করিয়া শুভদ্র, মণ্ডলীভদ্র, ভদ্রবর্দ্ধন, গোভট্ট, যক্ষেন্দ্রভট্টরূপ সমবয়স্ক সহচরসহ মল্ললীলা করিয়াছিলেন, সেই সময় গোপালী, পালিকা, ধন্যা, বিশাখা, ধ্যাননিষ্ঠিকা, রাধা, অনুরাধা

Digitized at BRCindia.com

গোপালী পালিকা ধন্যা বিশাখা ধ্যাননিষ্ঠিকা।
রাধানুরাধা সোমাভা তারকা দশমী তথা ॥ ৫৩ ॥
কৌতুকায় গতা যাসু মল্লী মল্লীতি-নর্ম্মকৃৎ ॥ ৫৪ ॥
মধ্বাজ্যনিভমাস্বাদ্য যাভিঃ কৢপ্তং স্ম মাদ্যতি ॥ ৫৫ ॥
( পূর্ব্ববন্মহাকুলকান্তশ্চতুর্ভিরন্বয়।)
যঃ কাম্যে কাম্যকে গত্বা সরঃ সাগরসন্নিভং।
লঙ্কাকল্পাকৃতাকল্পং নিত্যং দীব্যতি সঙ্গিভিঃ ॥ ৫৬

---

সমানং বয়ো যেষাং তৈঃ তুল্যহায়নৈঃ মল্লতাণ্ডবং মল্লনৃত্যং অর্থাৎ মল্লক্রীড়াম্ আচরন্ যত্র ক্রীড়াভূমৌ কাশ্চিৎ কুমারিকা নিম্নোল্লিখিতা। ৫১। ৫২ ॥

কান্তা ইত্যাহ গোপালীতি, গোপালী, পালিকা, ধন্যা, বিশাখা, ধ্যাননিষ্ঠিকা, রাধা, অনুরাধা, সোমাভা, তারকা, দশমী এতা দশ সমীপং কৌতুকায় গতাঃ, যাসু মল্লী মল্লী ইতি নর্ম্মকৃৎ অহং মল্লঃ তথা সুন্দরি! ত্বমপি মল্লী ভব, মল্লীমল্লয়োরাবয়োর্যুদ্ধং ভবতু এবম্প্রকারেণ কৌতুকং কৃতবান্ কুতুকীতি ভাবঃ ॥ ৫৩—৫৪ ॥

মধ্বাজ্যনিভমিতি যাভির্গোপীভিঃ কৢপ্তং মধ্বাজ্যনিভং মধুঘৃতসংযুক্তখাদ্যসদৃশং নর্ম্মবচনম্ আস্বাদ্য অনুভূয় অর্থাৎ পরমাদরেণ শ্রুত্বা মাদ্যতি স্ম মত্তো বভূব, কো নাম যুবতীনাং কৌতুককরং বচনং শ্রুত্বা ন মাদ্যতি ইতি ভাবঃ পূর্ব্ববন্মহাকুলকান্তশ্চতুর্ভিরন্বয়ঃ ॥ ৫৫ ॥

যঃ কাম্য ইতি, যঃ শ্রীকৃষ্ণঃ কাম্যে মনোহরে কাম্যকে কাম্যকাখ্যে বনে সাগরসন্নিভং সরঃ অতিপ্রশস্তং জলপরিপূর্ণং সরোবরং গত্বা সঙ্গিভিঃ সখিভিঃ লঙ্কাকল্পকৃতাকল্পং লঙ্কাকল্পঃ লঙ্কাব্যবহারসদৃশঃ কৃতঃ আকল্পঃ বেশো যস্যাং

---

সোমাভা, তারকা ক্রীড়াস্থানে আসিলে যিনি তাঁহাদিগের সহিত মল্লী মল্লী বলিয়া কৌতুক প্রকাশ করিয়াছিলেন ॥ ৫১। ৫২। ৫৩ ॥

যিনি গোপালী প্রভৃতি গোপকুমারিকাসকলের ঘৃতমধুর ন্যায় সুস্বাদ [illegible] কৌতুকময় নর্ম্মবাক্য শ্রবণ করিয়া মত্ত হইতেন ॥ ৫৫ ॥

Digitized at BRCindia.com

যঃ কৈশোরং ততঃ সজ্জন্ বসন্তমিব ষট্পদঃ।
লোলয়ন্নাত্মনশ্চিত্তং লোলয়ামাস পদ্মিনীঃ ॥ ৫৭ ॥
যস্তা ব্রজরমা নিত্যপ্রেয়সীঃ কুতুকাত্মনা।
লীলাশক্ত্যান্যথা ভানং নীতা গুপ্তমরঞ্জয়ৎ ॥ ৫৮ ॥
যঃ শ্রীরামেণ ধেনূনাং রক্ষায়াং ধেনুকাসুরং।
নিঘ্নন্ বিঘ্নমপাকার্ষীদকার্ষীদভয়ং দিবি ॥ ৫৯ ॥

ক্রীড়ায়াং তৎ যথা স্যাৎ তথা নিত্যং দীব্যতি ক্রীড়তি, কদাচিৎ সেতুবন্ধনং কদাচিৎ লঙ্কাদাহং কদাচিৎ নাগপাশবন্ধনঞ্চ অভিনীতবান্ পরমকুতুকীতি ॥৫৬॥

যঃ কৈশোরমিতি ততঃ তদনন্তরং যঃ ষট্পদো ভ্রমরো বসন্তমিব কৈশোরং সজ্জন্ গচ্ছন্ আত্মনশ্চিত্তং লোলয়ন্ চপলয়ন্ অর্থাদ্ অস্থিরমতিঃ সন্নিত্যর্থঃ পদ্মিনীঃ তদাখ্যাঃ সুন্দরীঃ "ভ্রমরপক্ষে কমলিনীঃ" লোলয়ামাস তা অপি অস্থিরা অকরোদ্ ইত্যর্থঃ" যথা চঞ্চলো ভ্রমরঃ পদ্মিনীশ্চালয়তি তদ্বদিতি জ্ঞেয়ং ॥৫৭॥

যস্তা ইতি যো নিত্যপ্রেয়সীঃ ব্রজরমা ব্রজলক্ষ্মীঃ মহালক্ষ্মীঃ চিরসিদ্ধ-প্রণয়িনীঃ কুতুকাত্মনা কৌতুকস্বভাবেন লীলাশক্ত্যা মায়য়া অন্যথাভানং পরভার্য্যাত্বং নীতা প্রাপিতা গুপ্তং রহসি অরঞ্জয়ৎ রময়ামাস, গুপ্তে হি রসপোষণং ভবতিতরাম্ ইতি রসশাস্ত্রসম্মতিরিতি ॥ ৫৮ ॥

যঃ শ্রীরামেণেতি যো ধেনূনাং রক্ষায়াং নিযুক্তঃ সন্ শ্রীরামেণ শ্রীবলদেবেন ধেনুকাসুরং খরাকারং তালবনবাসিনং সপরিবারং কঞ্চিদ্ অসুরং নিঘ্নন্

যিনি মনোহর কাম্যবনে গমন করিয়া সাগরসদৃশ সরোবরতীরে সহচরবর্গ সহ লঙ্কালীলার অভিনয় করিয়াছিলেন ॥ ৫৬ ॥

যিনি বসন্তকালে ভ্রমরের ন্যায় কৈশোর দশা প্রাপ্ত হইলে আপন চিত্ত চঞ্চল করিয়া পদ্মিনী সকলকেও চঞ্চল করিয়াছিলেন ॥ ৫৭ ॥

যিনি কৌতুকবশতঃ নিত্যপ্রেয়সী ব্রজলক্ষ্মীসকলকে লীলাশক্তিবলে পরভার্য্যা করিয়া গুপ্তে তাঁহাদের সহিত ক্রীড়া করিয়াছিলেন ॥ ৫৮ ॥

যিনি ধেনুরক্ষাকালে বলরাম কর্ত্তৃক ধেনুকাসুরকে বধ করিয়া তাল-

Digitized at BRCindia.com

যশ্চক্রে ধেনুমাদায় সায়ং ব্রজমুপাগতঃ।
পূর্ব্বরাগং কিশোরীণামপূর্ব্বং ব্যতিবীক্ষয়া ॥ ৬০ ॥
যঃ পূর্ব্বং লজ্জয়া দূতকামলেখাদ্যুপায়তাং।
বিজহন্নিজনেত্রান্তং নিন্যে নূতনদূততাং ॥ ৬১ ॥
যস্তাসু স্ফুটমাসজ্য বিরজ্য লঘু সর্ব্বতঃ।
তদঙ্গসঙ্গভিক্ষার্থং বেণুশিক্ষামসাধয়ৎ ॥ ৬২ ॥

---

বিনাশয়ন্ বিঘ্নং "তালফলভক্ষণে" অপাকার্ষীৎ দূরীচকার, দিবি স্বর্গে চ অভয়ম্ অকার্ষীৎ কৃতবান্, স্বর্গবাসিনো দেবাস্ত ধেনুকাসুরাৎ ত্রস্তা আসন্, পূর্ব্বোক্তাসুরস্য বধে তেঽভয়ংগতা ইতি ভাবঃ ॥ ৫৯ ॥

যশ্চক্র ইতি যঃ শ্রীকৃষ্ণঃ ধেনুম্ আদায় সায়ং দিনান্তে ব্রজমুপাগতঃ সন্ কিশোরীণাং নবানুরাগবতীনাং মুগ্ধানাং ব্যতিবীক্ষয়া পরস্পরকটাক্ষপাতেন অপূর্ব্বম্ অনন্যসাধারণং পূর্ব্বরাগং চক্রে কৃতবান্ "শ্রবণাদ্ দর্শনাদ্ বাপি মিথঃ সংরূঢ়রাগয়োঃ। দশাবিশেষো যঃ প্রাপ্তঃ পূর্ব্বরাগঃ স উচ্যতে" ইতি সাহিত্য-দর্পণে ॥ ৬০ ॥

যঃ পূর্ব্বমিতি যঃ শ্রীকৃষ্ণঃ পূর্ব্বং লজ্জয়া হ্রিয়া দূতকামলেখাদ্যুপায়তাং বিজহন্ ত্যজন্ যথা অনুরাগী দূতং প্রস্থাপয়তি কামলেখাঞ্চ প্রেরয়তি তথা ন কিন্তু নিজনেত্রান্তং নিজনেত্রকটাক্ষং নূতনদূততাং নিন্যে প্রাপয়ামাস ॥ ৬১ ॥

যস্তাস্বিতি যঃ শ্রীকৃষ্ণঃ তাসু নবব্রজাঙ্গনাসু আসজ্য আসক্তো ভূত্বা সর্ব্বতঃ লঘু ক্রমশো বিরজ্য বিরক্তো ভূত্বা তদঙ্গসঙ্গভিক্ষার্থং তাসামঙ্গসঙ্গঃ তদঙ্গসঙ্গঃ

---

ভক্ষণের বিঘ্ন দূর করিয়াছিলেন এবং স্বর্গেও অভয় স্থাপন করিয়াছিলেন ॥ ৫৯ ॥

যিনি সায়ংকালে ধেনু লইয়া ব্রজভূমিতে প্রত্যাগত হইলে পরস্পর কটাক্ষপাতে কিশোরীগণের পূর্ব্বরাগ সঞ্চারিত করিয়াছিলেন ॥ ৬০ ॥

যিনি লজ্জাবশতঃ পূর্ব্বে কামলেখাদি উপায় পরিত্যাগ করিয়া নিজনেত্র-কটাক্ষেই নূতনদূতস্বরূপ করিয়া প্রেরণ করিয়াছিলেন ॥ ৬১ ॥

Digitized at BRCindia.com

যশ্চেতনাচেতনালিং কর্ষন্নপ্যাশু বেণুনা।
তাঃ ক্রষ্টুং সুষ্ঠু নাহশক্নোৎ যতস্তা লজ্জয়া সিতাঃ॥ ৬৩॥
যঃ শ্রীভাণ্ডীরনামানং বটং শশ্বদটন্নধাৎ।
নানাক্রীড়াং সনীড়ানামদভ্রং বিভ্রদুৎসবং॥ ৬৪॥
যঃ শ্রীদাম্না সুদাম্না চ ভদ্রসেনার্জ্জুনাদিভিঃ।
খেলাদস্তবলাচ্চক্রে তৎপ্রলম্বপ্রলম্ভনং॥ ৬৫॥

---

তস্ত ভিক্ষার্থং লাভার্থং তাসাং মনোহরণার্থম্ ইতি যাবৎ বেণুশিক্ষাম্ অসাধয়ৎ বেণুবাদনমভ্যস্তবান্ ইতি ভাবঃ॥ ৬২॥

যশ্চেতনাচেতনেতি যঃ শ্রীকৃষ্ণঃ বেণুনা বংশ্যা চেতনাচেতনালিং সচেতনাচেতনভূতবর্গম্ আশু শীঘ্রং কর্ষন্ স্বাভিমুখীকুর্ব্বন্ অপি তা ব্রজকামিনীঃ ব্রজসুন্দরীঃ ক্রষ্টুং স্বাভিমুখীকর্ত্তুং সুষ্ঠু ন অশক্নোৎ, যতস্তাঃ কিশোর্য্যাঃ লজ্জয়া সিতা বদ্ধাঃ॥ ৬৩॥

যঃ শ্রীভাণ্ডীরেতি যঃ শ্রীভাণ্ডীরনামানং বটং শশ্বৎ সর্ব্বদা অটন্ ভ্রমন্ সনীড়ানাং পক্ষিনাম্ অদভ্রং অত্যর্থম্ উৎসবং বিভ্রৎ নানাক্রীড়াং বিবিধবাল্য-লীলাম্ অধাৎ কৃতবান্ ইতি॥ ৬৪॥

যঃ শ্রীদাম্নেতি যঃ শ্রীদাম্না তদাখ্যেন সহচরেণ সুদাম্না ভদ্রসেনার্জ্জুনা-দিভিশ্চ দস্তবলাৎ বলপ্রধানাৎ খেলাৎ তুল্যবলক্রীড়নবিশেষাদ্ ইতি যাবৎ তৎপ্রলম্বপ্রলম্ভনং প্রসিদ্ধস্ত প্রলম্বস্ত তদাখ্যস্তাসুরস্ত প্রলম্ভনং প্রবঞ্চনং চক্রে কৃতবান্ ইতি শেষঃ॥ ৬৫॥

---

যিনি কিশোরীদের প্রতি আসক্ত হইয়া ক্রমে ক্রমে সর্ব্ববিষয়ে বিরক্ত হইলেন, এবং তাঁহাদের সঙ্গপ্রাপ্ত্যাশায় বেণুশিক্ষা করিয়াছিলেন॥ ৬২॥

যিনি বংশীস্বরে চেতন অচেতন সকলকেই আকর্ষণ করিলেও তাঁহাদিগকে আকর্ষণ করিতে পারেন নাই, কারণ তাঁহারা লজ্জাবদ্ধ ছিলেন॥ ৬৩॥

যিনি শ্রীভাণ্ডীর নামে বটবৃক্ষে সর্ব্বদা ভ্রমণ করিয়া পক্ষিদের উৎসব বিধান করিতে করিতে নানাক্রীড়া করিয়াছিলেন॥ ৬৪॥

Digitized at BRCindia.com

যঃ প্রলম্বং লম্বমানং জীবনাদ্বলতেজসা।
বিধায় বিদধে তীব্রাং নবশক্তিং দবীয়সীং ॥ ৬৬ ॥
যঃ কাননে সুদীর্ঘাহে নিদাঘে কৃতকেলিকঃ।
অপরাহ্ণে প্রেয়সীনামানন্দং বিদধে যথা ॥ ৬৭ ॥
গোপীনাং পরমানন্দ আসীদ্গোবিন্দদর্শনে।
ক্ষণং যুগশতমিব যাসাং যেন বিনাঽভবৎ ॥ ৬৮ ॥
পূর্ব্ববদ্যুগ্মকং ॥

---

যঃ প্রলম্বমিতি যঃ শ্রীকৃষ্ণঃ লম্বমানং দীর্ঘাকারং প্রলম্বং তদাখ্যমসুরং বলতেজসা বলস্য বলদেবস্য তেজসা বীর্য্যেণ জীবনাদ্ বিধায় বিমুচ্য দবীয়সীং বর্দ্ধিষ্ঠাং তীব্রাং নবশক্তিং বিদধে সঞ্চিতবান্ ইত্যর্থঃ ॥ ৬৬ ॥

যঃ কানন ইতি যঃ শ্রীকৃষ্ণঃ কাননে বনে সুদীর্ঘাহে নিদাঘে সুদীর্ঘম্ অহ যস্মিন্ তস্মিন্ নিদাঘে গ্রীষ্মে "গ্রীষ্মেহি দিনমানবৃদ্ধির্ভবতি" কৃতকেলিকঃ ক্রীড়াপরো বভূব, অপরাহ্ণে প্রেয়সীনাং স্বকান্তানাম্ আনন্দম্ আহ্লাদং বিদধে জনয়ামাস ইতি ॥ ৬৭ ॥

গোপীনামিতি সায়াহ্নে গোবিন্দদর্শনে সতি গোপীনাং পরমানন্দ আসীৎ যাসাং গোপীনাং যেন কৃষ্ণেন বিনা ক্ষণং যুগশতমিব অভবৎ ॥ ৬৮ ॥ পূর্ব্ববদ্ যুগ্মকম্।

---

যিনি শ্রীদাম, সুদাম, ও ভদ্রসেন অর্জ্জুন প্রভৃতির সহিত খেলা করিতে করিতে প্রসিদ্ধ প্রলম্বাসুরকে বঞ্চিত করিয়াছিলেন ॥ ৬৫ ॥

যিনি দীর্ঘাকার প্রলম্বাসুরকে বলরামের তেজোদ্বারা জীবন হইতে মুক্ত করিয়া কোন বর্দ্ধনশীল নব শক্তি সঞ্চয় করিয়াছিলেন ॥ ৬৬ ॥

যিনি গ্রীষ্মকালের সুদীর্ঘদিবসে যেরূপ ক্রীড়া করিতেন, সেইরূপ অপরাহ্ণে প্রেয়সীদিগকেও আহ্লাদিত করিতেন ॥ ৬৭ ॥

যাঁহাকে না দেখিলে গোপীগণের এক ক্ষণও শতযুগের ন্যায় বোধ হইত, সেই গোপীগণ অপরাহ্ণে গোবিন্দ দর্শন করিয়া পরমানন্দ লাভ করিয়াছিলেন ॥ ৬৮ ॥

Digitized at BRCindia.com

যঃ সদা দৃষ্টিহৃদ্বৃষ্টিবর্ষারূপনিশাক্ষয়ে।
শরদং প্রাতরাসাদ্য প্রিয়াণামহৃতান্ধতাং ॥ ৬৯ ॥
যঃ শ্রীগোবর্দ্ধনপ্রেম স্বপ্রেমধনজীবিষু।
স্বগোত্রেষ্বপি সঞ্চার্য্যান্যানপ্যার্য্যানশিক্ষয়ৎ ॥ ৭০ ॥
যঃ শ্রীগোবর্দ্ধনং বিভ্রচ্ছক্রং বিভ্রষ্টগর্ব্বতাং।
নিন্যে গোষ্ঠং যতুন্নিন্যে শ্রেষ্ঠং স্বপ্রেষ্ঠজাতিষু ॥ ৭১ ॥

যঃ সদা দৃষ্টীতি যঃ সদা সর্ব্বদা দৃষ্টিহৃদ্বৃষ্টিবর্ষারূপনিশাক্ষয়ে দৃষ্টিহৃদ্ যা বৃষ্টিবর্ষা সা এব নিশা তস্যাঃ ক্ষয়ে অবসানে শরদমেব প্রাতরাসাদ্য প্রিয়াণাং প্রেয়সীনাম্ অন্ধতাম্ দর্শনাসামর্থ্যং অহৃত হৃ টী তন, নিশাবসানে যথা নয়নস্য দর্শনসামর্থ্যং ভবতি, তথা বর্ষাবসানে গোপীনাং কৃষ্ণদর্শনোৎসবো ভবতি ইতি জ্ঞেয়ং ॥ ৬৯ ॥

যঃ শ্রীগোবর্দ্ধনপ্রেম ইতি যঃ শ্রীকৃষ্ণঃ স্বপ্রেমধনজীবিষু স্বস্মিন্ শ্রীকৃষ্ণে প্রেমা অনুরাগঃ স এব ধনং তেন জীবন্তি যে তেষু কৃষ্ণানুরাগমাত্রমাশ্রিত্য প্রাণান্ ধারয়ৎসু ইতি ভাবঃ। স্বগোত্রেষু স্ববংশোদ্ভবেষু গোবর্দ্ধনে প্রেম অনুরাগং সঞ্চার্য্য "অয়ং গোবর্দ্ধনো হরিদাসবর্য্যঃ এতস্মিন্ শ্রদ্ধা বিধেয়া এবম্প্রকারেণ ইতি জ্ঞেয়ং" অন্যান্ অপি আর্য্যান্ ভদ্রান্ অশিক্ষয়ৎ ইতি ॥ ৭০ ॥

যঃ শ্রীগোবর্দ্ধনমিতি যঃ শ্রীকৃষ্ণঃ শ্রীগোবর্দ্ধনং বিভ্রৎ "করেণ ইতি জ্ঞেয়ং" শক্রম্ ইন্দ্রং বিভ্রষ্টগর্ব্বতাং বিভ্রষ্টঃ পাতিতো গর্ব্ব "অহমীশ্বর ইত্যাকারস্ত" অহঙ্কারো যেন স বিভ্রষ্টগর্ব্বঃ তস্য ভাবঃ তাং নিন্যে প্রাপয়ামাস কিঞ্চ গোষ্ঠং গোষ্ঠবাসিনং স্বপ্রেষ্ঠজাতিষু স্বস্য প্রেষ্ঠজাতয়ঃ প্রণয়াস্পদসত্বানি তেষু শ্রেষ্ঠম্ উন্নিন্যে কৃতবান্ ইতি শেষঃ ॥ ৭১ ॥

যিনি দৃষ্টিহারিণী বৃষ্টিবর্ষারূপ নিশার অবসানে শরৎকালরূপ প্রভাত হইলে প্রেয়সীবর্গের কান্ত অদর্শনরূপ অন্ধতা অপহরণ করিয়াছিলেন ॥ ৬৯ ॥

শ্রীনন্দনন্দনের প্রেমরূপ ধন দ্বারা যাঁহারা জীবিত থাকেন, এতাদৃশ স্ববংশ্যগণকে শ্রীগোবর্দ্ধন-প্রেম শিক্ষা দিয়া যিনি অন্যান্য আর্য্যদিগকেও গোবর্দ্ধন-প্রেম শিক্ষা দিয়াছিলেন ॥ ৭০ ॥

Digitized at BRCindia.com

যঃ শ্রীগোবিন্দতাং বিন্দন্নবিন্দদ্বিশ্বনন্দিতাং।
যস্মিথঃ শত্রুজন্তূনাং মৈত্র্যা ব্যধিত শন্তুতাং ॥ ৭২ ॥
যঃ পাশিলোকাদানীয় পিতরং মাতৃজীবনং।
অজীবয়দ্‌ব্রজং সর্ব্বং তং বিনা গতজীবনং ॥ ৭৩ ॥
যঃ স্বানাং ব্রজলোকানাং হৃদোকাস্তান্ বিশোকয়ন্।
তেষাং স্বস্য চ গোলোকং নিত্যালোকমলোকয়ৎ ॥ ৭৪ ॥

---

যঃ শ্রীগোবিন্দ ইতি যো শ্রীগোবিন্দতাং সুরভিদেব্যা অভিষিক্তঃ সন্ গোবিন্দ ইতি আখ্যাং বিন্দন্ গচ্ছন্ বিশ্বনন্দিতাং জগদাহ্লাকতাম্ অবিন্দৎ যদ্ যস্মাৎ শত্রুজন্তূনাম্ অহিনকুলাদীনাম্ অপি মিথঃ পরস্পরং মৈত্র্যা মিত্রভাবেন শন্তুতাং সুখবত্তাম্ ব্যধিত, বি ধা টী তন্ ॥ ৭২ ॥

যঃ শ্রীকৃষ্ণঃ পাশিলোকাৎ পাশী বরুণঃ তস্য লোকাৎ ভুবনাৎ মাতৃজীবনং মাতুর্জীবনং যং বিনা মাতা অনুমৃতা ভবিষ্যত্যেব এতাদৃশং পিতরমানীয় তং নন্দং বিনা গতজীবনং মৃতপ্রায়ং সর্ব্বং ব্রজম্ অজীবয়ৎ জীবয়ামাস টী দি ॥ ৭৩ ॥

যঃ স্বানামিতি স্বানাম্ আত্মীয়ানাম্ ব্রজলোকানাং হৃদোকাঃ হৃৎ শুকঃ স্থানং যস্য স তান্ ব্রজবাসিনো বিশোকয়ন্ শোকরহিতান্ কুর্ব্বন্ তেষাং ব্রজবাসিনাং স্বস্য নিত্যালোকং গোলোক "যদ্ ধাম বর্ত্ততি সর্ব্বোপরি আলোকয়ৎ প্রাদর্শয়দ্ ইতি ॥ ৭৪ ॥

---

যিনি শ্রীগোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়া ইন্দ্রকে গর্ব্বচ্যুত করিয়াছিলেন এবং নিজ প্রণয়াস্পদগণের মধ্যে গোষ্ঠকেই শ্রেষ্ঠ করিয়াছিলেন ॥ ৭১ ॥

যিনি সুরভি কর্ত্তৃক অভিষিক্ত হইয়া শ্রীগোবিন্দ এই আখ্যা লাভ করিয়াছিলেন এবং পরস্পরবিরোধি জন্তুগণের মধ্যে মিত্রতা সংস্থাপন করিয়াছিলেন ॥ ৭২ ॥

যিনি স্বীয় মাতার জীবনস্বরূপ পিতাকে বরুণলোক হইতে আনয়ন করিয়া সেই নন্দবিয়োগে মৃতপ্রায় ব্রজকে পুনর্জ্জীবিত করিয়াছিলেন ॥ ৭৩ ॥

Digitized at BRCindia.com

যশ্চিত্তবাসসী নীত্বা কুমারীণাং পরং দদে।
ন পূর্ব্বং যেন তা বদ্ধা সম্বদ্ধা নিত্যমাত্মনি ॥ ৭৫ ॥
যঃ স্ববংশীকয়া মোহবাধিতাং রাধিকামনু।
পূর্ণাঃ পুলিন্দ্য ইত্যাদিবৃত্তং বৃত্তং বিনির্ম্মমে ॥ ৭৬ ॥

---

যশ্চিত্তবাসসীতি যঃ শ্রীকৃষ্ণঃ কুমারীণাম্ অপরিগৃহীতানাম্ চিত্তবাসসী চিত্তঞ্চ বাসো বস্ত্রঞ্চ তে নীত্বা পরম্ অভীষ্টং বরং দদে। যেন শ্রীকৃষ্ণেন তাঃ পূর্ব্বং বদ্ধা ন ইতি কাকু ইদানীং তত্ত্বমাহ অপি তু তা আত্মনি নিত্যং সম্বদ্ধা গ্রথিতা ইতি ॥ ৭৫ ॥

যঃ স্ববংশীকয়েতি যঃ শ্রীকৃষ্ণঃ স্ববংশীকয়া স্বহস্তমুরল্যা রাধিকাং বৃষভানুনন্দিনীং মোহবাধিতাং সখি! কিমেতৎ প্রাণান্ ধারয়িতুং ন পারয়েঽহম্ ইত্যাদ্যাকারো মোহঃ বুদ্ধিবিভ্রংশঃ তেন বাধিতাং নিতরাং পীড়িতাং কৃত্বা অনু পশ্চাৎ পুলিন্দ্য অপি কৃষ্ণপ্রেমাযোগ্যা ম্লেচ্ছজাতীয়যুবতয়োঽপি কৃষ্ণচরণাম্বুজস্পৃষ্টতৃণলগ্নকুঙ্কুমৈঃ স্তনযুগং মুখমণ্ডলঞ্চ রঞ্জয়ন্ত্যো ধন্যাঃ, অহমধন্যা ইত্যর্থেন পূর্ণাঃ পুলিন্দ্য ইত্যাদিবৃত্তং বৃত্তান্তসম্বলিতং শ্লোকং বিনির্ম্মমে চকার অহো কৃষ্ণবংশীধ্বনিপ্রাবল্যং পরমগম্ভীরামপি চঞ্চলয়তীতি ॥ ৭৬ ॥

---

পরম অন্তরঙ্গ ব্রজবাসিবৃন্দের হৃদয়বিহারী যিনি তাঁহাদিগকে শোকরহিত করিয়া স্বীয় নিত্যালোক গোলোক দর্শন করাইয়াছিলেন ॥ ৭৪ ॥

যিনি ব্রজকুমারীগণের চিত্ত ও বস্ত্র হরণ করিয়া তাঁহাদিগকে অভীষ্ট বরদান করিয়াছিলেন এবং তাঁহাদিগকে অপূর্ব্বপ্রেমে বদ্ধ করিয়াছিলেন বটে, কিন্তু সেই কুমারীগণ নিত্যই তাঁহার আত্মায় সম্বদ্ধ আছেন ॥ ৭৫ ॥

যিনি স্বীয় বংশীপ্রভাবে রাধিকাকে মোহপীড়িত করিয়া পশ্চাৎ পূর্ণাঃ পুলিন্দ্য এই ঘটনাসম্বলিত বৃত্ত নির্ম্মাণ করিয়াছিলেন ॥ ৭৬ ॥

Digitized at BRCindia.com

যঃ সখীনখিলাগ্রীয়ান্ গ্রীষ্মান্তঃপ্রেমসম্পদা।
সম্মদাদাজুহাবামূন্ ক্রমাদেবং মুদাং প্রদঃ॥ ৭৭॥
হে স্তোককৃষ্ণ! হে অংশো! শ্রীদামন্! সুবলার্জ্জুন!
বিশাল! বৃষভৌজস্বিন্! দেবপ্রস্থ! বরূথপ!॥ ৭৮॥
এবমাহূয় ভূয়স্তান্নর্ম্মসূনৃতগীর্বৃতং।
আহ বৃন্দাবনস্থানাং স্থাবরাণাং বরাঙ্গতিং॥ ৭৯॥
পূর্ব্ববত্রিভিঃ।

---

যঃ সখীনিতি যঃ শ্রীকৃষ্ণঃ অখিলাগ্রীয়ান্ অখিলেষু কৃষ্ণাভীষ্টকর্ম্মসু অগ্রীয়ান্ অহমপূর্ব্বিকয়া গমনশীলান্ সখীন্ গ্রীষ্মান্তঃপ্রেমসম্পদা গ্রীষ্মস্য নিদাঘস্য অভ্যন্তরে যা প্রেয়ঃ সম্পৎ তয়া "হেতৌ তৃতীয়া" সম্মদাৎ অনুরাগাৎ মুদাংপ্রদঃ হর্ষপ্রদঃ সন্ এবং ক্রমাৎ অমূন্ আজুহাব ইতি॥ ৭৭॥

হে স্তোককৃষ্ণ ইতি হে স্তোক কৃষ্ণেত্যাদি ইতি॥ ৭৮॥

এবমাহূয়েতি এবম্প্রকারেণ তান্ সখীন্ আহূয় সম্বোধ্য নর্ম্মসূনৃতগীর্বৃতং নর্ম্মনঃ কৌতুকোক্ত্যা যা সূনৃতা গীর্ভাষা তয়া বৃতং যথা স্যাৎ তথা বৃন্দাবনস্থানং স্থাবরাণাম্ অচরাণাম্ বরাং রমণীয়াং গতিং প্রকারমাহ॥ ৭৯॥

---

যিনি গ্রীষ্মকালের সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া সর্ব্বকর্ম্মে অগ্রগমনোন্মুখ সহচর-বৃন্দকে আহ্লাদভরে এইরূপে ক্রমে ক্রমে আহ্বান করিয়াছিলেন॥ ৭৭॥

হে স্তোককৃষ্ণ! হে অংশো! হে শ্রীদামন্! হে সুবল! হে অর্জ্জুন! হে বিশাল! হে বৃষভ! হে ওজস্বিন্! হে দেবপ্রস্থ! হে বরূথপ! এইরূপে আহ্বান করিয়া তাঁহাদিগকে নর্ম্মবাক্যে আপ্যায়িত করিয়াছিলেন এবং বৃন্দাবনস্থ স্থাবরদিগের সৌন্দর্য্যপ্রণালী বর্ণন করিয়াছিলেন॥ ৭৮। ৭৯॥

Digitized at BRCindia.com

যস্তাসাং যজ্ঞপত্নীনাং মহিমস্নেহবৃদ্ধয়ে।
বুভুক্ষাং সখিভির্ব্যঞ্জন্নন্নভিক্ষাং বিনির্ম্মমে ॥ ৮০ ॥
যস্তত্রাশোকবন্যায়াং ধন্যায়াং সখিভিঃ সহ।
ক্রীড়ন্নির্বর্ণিতস্তাভিঃ শ্যামমিত্যাদিবর্ণিতঃ ॥ ৮১ ॥
যঃ সদা নর্ম্মশর্ম্মার্থী মধুমঙ্গলনামিনং
নর্ম্মসন্ত্রিনমাসজ্য ভোজ্যন্মিত্রাণ্যরঞ্জয়ৎ ॥ ৮২ ॥

---

যঃ তাসামিতি যঃ শ্রীকৃষ্ণস্তাসাম্ অতিভাগ্যবতীনাং শ্রীমদ্ভাগবত-প্রসিদ্ধানাং যজ্ঞপত্নীনাম্ ঋষিভার্য্যাণাং মহিমস্নেহবৃদ্ধয়ে মহিমা মহত্ত্বং স্নেহশ্চ তয়োর্বৃদ্ধয়ে উন্নত্যৈ বুভুক্ষাং ভোজনেচ্ছাং ব্যঞ্জন্ প্রকটয়ন্ সখিভিরন্নভিক্ষাং বিনির্ম্মমে কৃতবান্ ইতি ॥ ৮০ ॥

যস্তত্রাশোক ইতি যস্তত্র ধন্যায়াং প্রশংসার্হায়াম্ অশোকবন্যায়াম্ অশোক-কাননে সখিভিঃ সহচরৈঃ ক্রীড়ন্ নির্বর্ণিতঃ, যতঃ তাভির্যজ্ঞপত্নীভিঃ শ্যামং হিরণ্যপরিধিম্ ইত্যাদ্যাকারেণ বর্ণিত ইতি ॥ ৮১ ॥

যঃ সদা নর্ম্মেতি যঃ শ্রীকৃষ্ণঃ সদা নর্ম্মশর্ম্মার্থী নর্ম্ম কৌতুকম্ এব শর্ম্ম সুখং তস্য অর্থী যাচকঃ সন্ মধুমঙ্গলনামিনং মধুমঙ্গল নাম বিদ্যতে যস্য স তং অস্ত্যর্থে ইন্ নর্ম্মমন্ত্রিনং কৌতুকসচিবম্ আসজ্য ভুঞ্জন্ মিত্রাণি সখীন্ অরঞ্জয়ৎ তর্পিতবান্ ইতি ॥ ৮২ ॥

---

যিনি সেই যজ্ঞপত্নীগণের স্নেহ ও মহিমাবৃদ্ধিরজন্য সহচরবৃন্দ দ্বারা নিজের ক্ষুধার উদ্রেক বিজ্ঞাপিত করিয়া তাঁহাদিগকে অন্নভিক্ষা করাইয়াছিলেন ॥ ৮০ ॥

যিনি সেই ধন্য অশোকবনেতে সহচরবর্গ সহ ক্রীড়া করিতে করিতে শ্যামং হিরণ্যপরিধিম্ এইরূপে যজ্ঞপত্নীগণ কর্ত্তৃক বর্ণিত হইয়াছেন ॥ ৮১ ॥

নিত্য-নর্ম্মসুখাভিলাষী যিনি মধুমঙ্গল নামে নর্ম্মসচিব সহ মিলিত হইয়া অন্যান্য মিত্র সকলকে ভোজন করাইয়া তাঁহাদিগকে আহ্লাদিত করিতেন ॥ ৮২ ॥

Digitized at BRCindia.com

যঃ স্বজীবনজীবানাং চাতকীনামিবাম্বুদঃ
স্বজীবনেন তাদাত্ম্যমকরোদ্ব্রজসুভ্রুবাং ॥ ৮৩ ॥
যঃ পরেষাং হ্রেপণতাং শক্তিসংখ্যাল্পতাং বিদন্
গুপ্তাগণ্যস্বকান্তাসু বংশীদূতীমমন্যত ॥ ৮৪ ॥

---

যঃ স্বজীবনজীবানামিতি চাতকীনাং মেঘাম্বুপায়িপক্ষিবিশেষাণাম্ অম্বুদো মেঘ ইব স্বজীবনজীবানাম্ স্বস্য কৃষ্ণস্য জীবনেন 'অন্যত্র জলেন' জীবো যাসাং তাসাং ব্রজসুভ্রুবাং ব্রজসুন্দরীণাং স্বজীবনেন স্বাত্মনা তাদাত্ম্যং সম্বৈক্যম্ অকরোৎ কৃতবান্ নায়কনায়িকয়োরেকপ্রাণতাঽভূদ্ ইতি জ্ঞেয়ং ॥ ৮৩ ॥

যঃ পরেষামিতি যঃ শ্রীকৃষ্ণঃ পরেষাং অন্যেষাং জন্তূনাং দৌত্যকার্য্যে চিন্ত্যমানানাং প্রাণিনাং হ্রেপণতাং লজ্জাজনকতাং বিদন্ "অপরদূতপ্রেরণে তাসাং লজ্জয়া ভবিতব্যমিতি" তাসাং পরমগহনাশয়ানাং চিত্তদ্রবীকরণে অন্যস্য প্রাকৃতদূতস্য কা শক্তিঃ, অসংখ্যেয়াশ্চ মৎপ্রেয়স্যঃ তৎপরিমিতা দূতা অপি কথং সম্ভবেয়ুঃ ইত্যাশয়বান্ শক্তিশ্চ সংখ্যা চ তয়োরল্পতাং বিদন্ জানন্ গুপ্তাগণ্যস্বকান্তাসু গুপ্তা পরমরহসি বর্ত্তমানা অগণ্যা অপরিমেয়া যাঃ স্বকান্তাঃ পরপরিণীতা অপি স্বস্য কান্তা বল্লভাঃ তাসু বশীকৃতাম্ দৌত্য-কর্ম্মণি সুদক্ষাং বায়ৌ বিহরণশীলাম্ অন্যৈঃ সর্ব্বথাঽলক্ষ্যাম্ বংশীদূতীম্ অমন্যত, ইয়মেব মৎকর্ম্মসাধননিপুণা মৎসঙ্গিনী পরমরমণীয়া গোপীমনোহর্ম্ম্যং পশ্যতু কৃতার্থা ভবতু যত ইয়ং মৎসেবিকা ইত্যাশয়েন তাং বংশীদূতীমেব প্রৈরয়দ ইতি ॥ ৮৪ ॥

---

মেঘ যেমন স্বজীবনজীব অর্থাৎ যাহারা মেঘের জলপান করিয়া জীবন ধারণ করে, সেই চাতকী সকলকে নিজ জীবন অর্থাৎ জলের অনুগত করে সেইরূপ যিনি নিজ জীবনের সহিত ব্রজসুন্দরীদিগের তাদাত্ম্য অর্থাৎ এক প্রাণতা সম্পাদন করিয়াছিলেন ॥ ৮৩ ॥

যিনি অন্যান্য দূতসকলের লজ্জাজনকতা ও শক্তিসংখ্যার অল্পতা অবগত

Digitized at BRCindia.com

যশ্চিরাদেব মুরলীশিক্ষায়াং বীক্ষ্য পূর্ণতাং
তয়াসাদ্য প্রিয়াস্তূর্ণং পূর্ণং মেনে স্বমঞ্জসা ॥ ৮৫ ॥
য স্ত্যাগব্যাজভৃন্নর্ম্ম ব্যাজহার প্রিয়াঃ প্রতি
প্রতিনর্ম্ম প্রিয়াবৃন্দাদ্ বিন্দন্ শর্ম্মান্ববিন্দত ॥ ৮৬ ॥

---

যশ্চিরাদেব যঃ শ্রীকৃষ্ণঃ চিরাদেব বহুকালেন বহ্বায়াসেন মুরলীশিক্ষায়াং পূর্ণতাং সফলতাং বীক্ষ্য তয়া মুরল্যা করণেন প্রিয়া গোপীস্তূর্ণম্ আসাদ্য স্বম্ আত্মানং অঞ্জসা সুখেন পূর্ণং মেনে গণিতবানিতি ॥ ৮৫ ॥

যস্ত্যাগ ইতি যঃ শ্রীকৃষ্ণঃ প্রিয়াঃ প্রতি রাসারম্ভে বংশীরবাকৃষ্টগোপীঃ প্রতি ত্যাগব্যাজভৃৎ হে কুলনার্য্যঃ! যূয়ং কথম্ এতস্মিন্ নির্জ্জনে কাননে রাত্রা আযাতা যুষ্মান্ ন দৃষ্ট্বা পত্যাদয়ো যুষ্মাকম্ অবশ্যং চিন্তিতা ভবিষ্যন্তি কিঞ্চ পরপুরুষসংসর্গ ঐহিকপারত্রিকামঙ্গলজনক ইত্যাদ্যাকারেণ ত্যাগ-ব্যাজভৃৎ ছলেন ত্যাগসূচকবচনপ্রয়োক্ত্যা কুতুকী প্রিয়াবৃন্দাৎ প্রেয়সী-বর্গাৎ প্রতিনর্ম্ম প্রত্যুত্তরনর্ম্মবচনং বিন্দন্ শ্রুত্বা অনু পশ্চাৎ শর্ম্ম অবিন্দত অন্বভবদ্ ইতি ॥ ৮৬ ॥

---

হইয়া গুপ্ত অগণ্য স্বকান্তাবর্গের পক্ষে বংশীকেই দূতী বলিয়া স্থির নিশ্চয় করিয়াছিলেন ॥ ৮৪ ॥

যিনি বহুকাল মুরলীশিক্ষা করিয়া সেই মুরলীপ্রভাবে শীঘ্রই প্রিয়াদিগকে প্রাপ্ত হইয়া আপনাকে সুখপূর্ণ বলিয়া গণনা করিয়া-ছিলেন ॥ ৮৫ ॥

রাসারম্ভ কালে যিনি ধর্ম্মোপদেশময় অস্বীকারসূচক বাক্যপ্রয়োগ করিয়া গোপীবৃন্দের নর্ম্মময়-প্রত্যুত্তর-বাক্যশ্রবণে সুখলাভ করিয়া ছিলেন ॥ ৮৬ ॥

Digitized at BRCindia.com

যঃ সদা যোগমায়াখ্যাং শক্তিমাসক্তিতঃ শ্রিতঃ।
পৌর্ণমাসীতি নামাসীদ্‌ব্রজে যাসীত্তপস্বিনী ॥ ৮৭ ॥
যস্তয়া দিব্যয়া শক্ত্যা ঽনন্তধানন্তসুভ্রুবাং।
বিভ্রদ্বিলাসনর্ম্মাদি শর্ম্মালভত সর্ব্বদা। ৮৮ ॥
যঃ কৃত্বা রাসখেলায়াং মুদং দ্বন্দ্বং পুনর্মুদং।
খেলেয়মিতি তদ্ব্যঞ্জন্নমুমুদদমূঃ প্রিয়াঃ ॥ ৮৯ ॥

---

যঃ সদেতি যঃ শ্রীকৃষ্ণো যোগমায়াখ্যাং শক্তিম্ আসক্তিতঃ অনুরাগসঞ্চারাদ্ধেতোঃ শ্রিতঃ অধিকৃতবান্ যা যোগমায়া পৌর্ণমাসীতিনামাসীৎ যা ব্রজে যমুনাতীরে তপস্বিনী তপশ্চরণশীলা চ আসীৎ, ব্রজবাসিনঃ সর্ব্বে কাচিৎ বৃদ্ধা তপস্বিনী ইতি তাং মন্যন্তে স্ম ইতি ॥ ৮৭ ॥

যস্তয়া দিব্যেতি যঃ শ্রীকৃষ্ণঃ তয়া যোগমায়য়া দিব্যয়া অচিন্ত্যস্বরূপয়া শক্ত্যা স্বনিষ্ঠকার্য্যোৎপাদিকয়া বৃত্ত্যা অনন্তসুভ্রুবাম্ অসংখ্যব্রজসুন্দরীণাং বিলাসনর্ম্মাদি বিলাসো বিভ্রমঃ নর্ম্ম কৌতুকবচনং আদৌ যস্ত তৎ তথাভূতং শর্ম্ম সুখং অনন্তধা অনন্তপ্রকারেণ ধাচ্ প্রকারে বিভ্রৎ জনয়ন্ স্বয়মপি সর্ব্বদা শর্ম্ম সুখম্ অলভত প্রাপ্তবান্ অহো অসৌ বিলাসী ॥ ৮৮ ॥

যঃ কৃত্বেতি যঃ শ্রীকৃষ্ণঃ রাসখেলায়াং রাসক্রীড়ায়াম্ মুদং হর্ষং কৃত্বা অনুভূয় দ্বন্দ্বং যুগলং মুদং যথা স্যাৎ তথা খেলেয়ম্ ইতি কান্তাভ্যো ব্যঞ্জন্ অমূঃ প্রিয়াঃ অমুমুদৎ মুদ্ ণ্যন্তাৎ টী তন্ ইতি ॥ ৮৯ ॥

---

যিনি অনুরাগ বশতঃ যোগমায়ানামে নিজশক্তিকে আশ্রয় করিতেন, যে যোগমায়া ব্রজে পৌর্ণমাসীনামে কোন তপস্বিনী বলিয়া খ্যাত ছিলেন ॥ ৮৭ ॥

যিনি সেই দিব্যশক্তিবলে অগণ্য ব্রজসুন্দরীদের অনন্তপ্রকারে বিলাস নর্ম্মাদি উৎপাদন করিয়া স্বয়ং ও সর্ব্বদা সুখলাভ করিতেন ॥ ৮৮ ॥

যিনি রাসক্রীড়াতে হর্ষ অনুভব করিয়া পুনরায় যুগলরূপে মিলিত হইয়া

Digitized at BRCindia.com

যস্ত্যজন্নপি তাঃ সর্ব্বাঃ পর্ব্বাতনুত কুত্রচিৎ।
অপ্যেণপত্ন্যীত্যাদ্যং যত্তত্র কর্ণামৃতং মতং॥ ৯০॥
যস্তাসাং জয়তীত্যাদি বিলাপাদ্ব্যগ্রতাং গতঃ।
তাসামাবিরভূদেবং সুধীভিরধিবর্ণিতঃ॥ ৯১॥

---

যস্ত্যজন্নপি যঃ শ্রীকৃষ্ণস্তাঃ সর্ব্বাঃ কান্তাঃ ত্যজন্ বিহায় কুত্রচিৎ রহসি পর্ব্ব আনন্দোৎসবং "শ্রীরাধিকয়া সহ ইতি জ্ঞেয়ম্" অতনুত কৃতবান্, তত্র রাস-সংরম্ভস্থলে অপ্যেণপত্নীত্যাস্থং বিয়োগকাতরাভির্গোপীভিঃ যদুক্তং তৎ কর্ণামৃতং কর্ণয়োঃ পীযূষং মতং তস্য ইতি॥ ৯০॥

যস্তাসাং জয়তীত্যাদি যঃ শ্রীকৃষ্ণঃ তাসাং গোপীনাং জয়তি তেঽধিক-মিত্যাদিবিলাপবচনং শ্রুত্বা ব্যগ্রতাং কাতরতাং গতঃ "ইমাঃ কিষ্টা মাভূবন্" ইতি বিচিন্ত্য তাসামাবিরভূৎ শৌরিরিত্যাকারেণ সুধীভিঃ শুকদেবৈঃ, "সুধীভিরিত্যত্র গৌরবে বহুবচনম্" অধিবর্ণিত ইতি॥ ৯১॥

---

খেলা করিব এবং এইরূপই যুগল ক্রীড়া, গোপীদিগকে ইহা প্রকাশ করিয়া তাঁহাদিগকে আমোদিত করিয়াছিলেন॥ ৮৯॥

যিনি অন্যান্য গোপীগণকে পরিত্যাগ করিয়া কোন স্থলে শ্রীমতী রাধিকাকে লইয়া আনন্দোৎসব বিস্তার করিয়াছিলেন, তখন বিরহকাতরা গোপীগণ "অপ্যেণপত্নী" ইত্যাদি যে শ্লোক গান করিয়াছিলেন তাহা তাঁহার কর্ণযুগলের অমৃতস্বরতুল্য হইয়াছিল॥ ৯০॥

যিনি জয়তি ইত্যাদি বিলাপাত্মক শ্লোক শ্রবণ করিয়া তাঁহাদের সম্মুখে উপস্থিত হইলে সুধীগণ যাঁহার উদ্দেশ্যে "তাসামাবিরভূচ্ছৌরি" এই শ্লোক পাঠ করিয়াছিলেন। ৯১॥

Digitized at BRCindia.com

যস্তাসাং স্তনকাশ্মীরশস্তবস্ত্রাসনং গতঃ।
ররাজ তারকারাজরাজৎপুলিনধামনি ॥ ৯২ ॥
যঃ প্রহেলিকয়া তাসাং স্বপরাজয়মামৃশন্।
ন পারয়েঽহমিত্যাদিরীত্যা সম্মতবান্ ঋণী ॥ ৯৩ ॥
যঃ শ্যামঃ স্বর্ণগৌরীভিঃ পরাং শোভাং যযৌ যথা।
তত্রাতিশুশুভে রাজন্! ভগবানিতি সংপ্রথা ॥ ৯৪ ॥

যঃ শ্রীকৃষ্ণঃ তাসাং গোপীনাং স্তনকাশ্মীরৈঃ স্তনলগ্নকুঙ্কুমৈঃ শস্তং সুখকরং যদ্ বস্ত্ররূপং আসনং তত্র গতঃ উপবিষ্টঃ তারকারাজেন চন্দ্রেণ রাজৎ দীপ্তিমৎ যৎ পুলিনমেব ধাম তত্র ররাজ ॥ ৯২ ॥

যঃ শ্রীকৃষ্ণঃ তাসাং প্রহেলিকয়া বাক্‌কৌশলেন স্বপরাজয়মামৃশন্ পর্য্যালোচয়ন্ ন পারয়েঽহমিতি শ্রীমদ্ভাগবতোক্তশ্লোকেন অহং ঋণীতি সম্মতবান্ ॥ ৯৩ ॥

যঃ শ্যামঃ শ্রীকৃষ্ণঃ স্বর্ণগৌরীভিঃ গোপীভিঃ যথা পরাং শোভাং যযৌ গতবান্, হে রাজন্! ভগবান্ তত্র অতিশুশুভে, ইতি যৎ ভাগবতবচনং তথা সুযুক্তমিতি ভাবঃ ॥ ৯৪ ॥

যিনি সেই গোপীদিগের স্তনকুঙ্কুম-যুক্ত বস্ত্রে উপবেশন করিয়া চন্দ্রকিরণ-যুক্ত পুলিনরূপ ধামে শোভাযুক্ত হইয়াছিলেন ॥ ৯২ ॥

যিনি সেই গোপীদিগের বাক্‌কৌশলে স্বীয় পরাজয় স্বীকার করিয়া "ন পারয়ে ঽহমিতি" শ্রীমদ্‌ভাগবতের শ্লোক দ্বারা নিজের ঋণিত্ব বিজ্ঞাপিত করিয়াছিলেন ॥ ৯৩ ॥

যে শ্রীকৃষ্ণ স্বর্ণবর্ণ গোপী সকলের পরমা শোভা-প্রাপ্ত হইয়াছিলেন। "হে রাজন্! তথায় ভগবান্ অতিশয় শোভাপ্রাপ্ত হইয়াছিলেন" এই শ্রীমদ্‌ভাগবতবাক্য যুক্তিযুক্তই হইয়াছিল ॥ ৯৪ ॥

Digitized at BRCindi

যস্তাসাং স্ববিহারেণ শ্রান্তানাং মুখপঙ্কজং।
প্রামৃজৎ করুণঃ প্রেম্না শন্তমেনাঙ্গ ! পাণিনা ॥ ৯৫ ॥
যঃ ক্রীড়ন্ বারিবনয়োশ্চিক্রীড় ইব তাঃ পুনঃ।
অনুনীয় বিনির্ণীয় স্বসঙ্গং নিলয়ং গতঃ ॥ ৯৬ ॥
যস্তীর্থব্যাজমব্রাজীৎ ব্রজেন বনমাম্বিকং।
যত্রাশেষেণ বেশেন ছলয়ামাস চাবলাঃ ॥ ৯৭ ॥

---

যস্তাসামিতি যঃ শ্রীকৃষ্ণঃ স্ববিহারেণ স্বেন শ্রীকৃষ্ণেন বিহারঃ ক্রীড়া তেন হেতুনা শ্রান্তানাম্ শ্রমযুক্তানাম্ ঘর্ম্মাক্তকলেবরাণামিতি যাবৎ মুখপঙ্কজং বদনকমলং দৃষ্ট্বা করুণঃ দয়াশীলঃ প্রেম্না অনুরাগেণ সন্তমেন সুখময়েন পাণিনা হস্তেন প্রামৃজৎ মার্ষ্টিস্ম ॥ ৯৫ ॥

যঃ ক্রীড়ন্নিতি যঃ শ্রীকৃষ্ণঃ বারিবনয়োঃ বারি জলং বনং কাননং তয়োঃ ক্রীড়ন্ পুনশ্চিক্রীড়, তাঃ পুনরনুনীয় অনুনয়ং কৃত্বা স্বসঙ্গং বিনির্ণীয় নিলয়ং গেহং গতঃ ইতি ॥ ৯৬ ॥

যস্তীর্থব্যাজমিতি যঃ শ্রীকৃষ্ণঃ তীর্থব্যাজং তীর্থগমনচ্ছলং যথা স্যাৎ তথা ব্রজেন ব্রজবাসিনা আম্বিকং অম্বিকাদেব্যাধিষ্ঠিতং বনং অব্রাজীৎ গতবান্ যত্র আম্বিকে বনে অশেষেণ নানারূপেণ বেশেন আকল্পেন অবলা গোপীশ্ছলয়ামাস বঞ্চিতাশ্চকার ইতি ॥ ৯৭ ॥

---

যে শ্রীকৃষ্ণ করুণাভরে নিজসঙ্গে বিহারহেতু পরিশ্রান্ত গোপী সকলের মুখ-পঙ্কজ সুখকর স্বীয় হস্তদ্বারা মার্জ্জনা করিয়াছিলেন ॥ ৯৫ ॥

যিনি জলে এবং বনে ক্রীড়া করিয়া তাঁহাদের অনুনয় করিয়া পুনর্ব্বার নিজসঙ্গের বিনির্ণয় করিয়া গৃহে গমন করিয়াছিলেন ৯৬ ॥ ৯৬ ॥

যিনি তীর্থ-গমনচ্ছলে ব্রজবাসি সকলের সহিত অম্বিকা-বনে গমন করিয়াছিলেন। যে স্থলে অশেষ বেশদ্বারা অবলাসকলকে ছলনা করিয়াছিলেন ॥ ৯৭ ॥

at BRCindia.com

যঃ সর্ব্বজীবনং জীবং বিতরন্ পিতরং প্রতি।
পদা সর্পন্ স্পৃশন্ সর্পং মুনেঃ শাপাদপাকরোৎ ॥৯৮॥
যঃ সুদর্শনতাং নিন্যে মহাসর্পং কুদর্শনং।
কারুণ্যকারুঃ কঞ্চারিং ন চকারাপি দারুণং ॥ ৯৯ ॥
যঃ পূর্ব্বং নির্ম্মমে হোরীপর্ব্বং যক্ষস্য ধর্ষণং।
অন্তর্যামিবত্তন্মন্যে তাদৃগ্‌গ্রামীণপর্ব্বসু ॥ ১০০ ॥

---

যঃ সর্ব্বজীবনমিতি যঃ শ্রীকৃষ্ণঃ পিতরং শ্রীনন্দং প্রতি সর্ব্বজীবনং সর্ব্বেষাং জীবনস্বরূপং জীবং নন্দপ্রাণান্ বিতরন্ দদৎ পদা সর্পন্ গচ্ছন্ মুনেঃ শাপাৎ সর্পং অপাকরোৎ, সর্পদেহাৎ তং মোচয়ামাস ॥ ৯৮ ॥

যঃ সুদর্শতামিতি যঃ শ্রীকৃষ্ণঃ কুদর্শনং কুৎসিতাকারং মহাসর্পং সুদর্শনতাং সুবেশতাং নিন্যে প্রাপয়ামাস কারুণ্যকারুরপি দয়াপরিপূর্ণোঽপি কঞ্চ অরিং প্রতি দারুণং ন চকার কৃতবান্ অপিতু কৃতবান্ অর্থাৎ অন্তরা অন্তরা ঘোরকর্ম্মণি অপি প্রবৃত্ত ইতি জ্ঞেয়ম্ ॥ ৯৯ ॥

যঃ পূর্ব্বং নির্ম্মমইতি যঃ শ্রীকৃষ্ণঃ পূর্ব্বং যক্ষস্য শঙ্খচূড়স্য ধর্ষণং বিনাশহেতুং হোরীপর্ব্বং ফাল্গুনপৌর্ণমাসী প্রসিদ্ধং পর্ব্ববিশেষং নির্ম্মমে বিহিতবান্, তাদৃগ্-গ্রামীণপর্ব্বসু গ্রামপ্রসিদ্ধেষু পর্ব্বসু অহং তং অন্তর্য্যামিবৎ মন্যে গণয়ামি, অন্যথা শঙ্খচূড়স্য দুষ্প্রবৃত্তিং কথং জ্ঞাতবান্ ইতি ॥ ১০ ॥

---

যে শ্রীকৃষ্ণ সকলের জীবনেরস্বরূপ, পিতাকে জীবন বিতরণ করিতে গমন করিয়া পাদদ্বারা সর্পকে স্পর্শ করিয়া মুনির শাপ হইতে বিমুক্ত করিয়াছিলেন ॥ ৯৮ ॥

যিনি কদাকার মহাসর্পকে সুদর্শন অর্থাৎ সুবেশ করিয়াছিলেন। তিনি দয়ালু হইয়াও কোন অরির প্রতি দারুণ হয়েন নাই? ৯৯ ॥

যিনি পূর্ব্বে যক্ষের বিনাশহেতু হোরী-পর্ব্ব সৃষ্টি করিয়াছিলেন। সেই গ্রামীণ-পর্ব্বে তিনি অন্তর্যামীর ন্যায় ব্যবহার করিয়াছিলেন ॥ ১০০ ॥

Digitized at BRCindia.com

যঃ প্রাতরাদিজাঃ ক্রীড়াঃ কুর্ব্বংস্তাসু স্ফুরন্নপি।
শ্লোকানাং যুগ্মসঙ্খ্যেন শ্লোকিতস্তাভিরন্বহং॥ ১০১॥
যঃ শ্রীগোবর্দ্ধনে রাসবর্দ্ধনেচ্ছাবিবর্দ্ধনে।
সংগম্য প্রেয়সীসঙ্ঘং নর্ম্মসঙ্গররঙ্গবান্॥ ১০২॥
গোষ্ঠপ্রকোষ্ঠতঃ ক্রুষ্টং শ্রুত্বারিষ্টং কৃতং কটু।
তত্র সংগত্য সংযত্য তং নিহত্য মুদং গতঃ॥ ১০৩॥

---

যঃ প্রাতরাদিজাঃ ক্রীড়াইতি যঃ শ্রীকৃষ্ণঃ প্রাতরাদিজাঃ প্রভাতমারভ্য যাঃ ক্রীড়াঃ কুর্ব্বন্ আচরন্ তাসু গোপীষু অর্থাৎ তাসাং হৃদয়েষু স্ফুরন্ শ্লোকানাং যুগ্মসঙ্খ্যেন প্রত্যেকং শ্লোকযুগেন তাভিঃ গোপীভিঃ অন্বহং প্রত্যহং শ্লোকিতঃ শ্লোকাভ্যাং বর্ণিতঃ ইতি॥ ১০১॥

যঃ শ্রীগোবর্দ্ধনইতি যঃ শ্রীকৃষ্ণঃ রাসবর্দ্ধনেচ্ছাবিবর্দ্ধনে রাসস্য শ্রীমদ্ভাগবত-প্রসিদ্ধবহুনর্ত্তকীযুক্তক্রীড়াবিশেষরূপস্য বর্দ্ধনে যা ইচ্ছা তস্যা বিবর্দ্ধনে বর্দ্ধন-জনকে শ্রীগোবর্দ্ধনে প্রেয়সীসঙ্ঘং কান্তাবর্গং সংগম্য আনীয় নর্ম্মসঙ্গর-রঙ্গবান্ নর্ম্মসঙ্গরঃ কৌতুকযুদ্ধং তত্র রঙ্গবান্ ক্রীড়িতবান্ ইতি॥ ১০২॥

গোষ্ঠপ্রকোষ্ঠত ইতি গোষ্ঠপ্রকোষ্ঠতঃ গোষ্ঠপ্রদেশতঃ অরিষ্টকৃতং অরিষ্ট-নাম্না কেনচিদ্ অসুরেণ কৃতং কটু কর্ণবিদারকং ক্রুষ্টং শব্দং শ্রুত্বা তত্র তদসুরসমীপং সংগত্য গত্বা সংযত্য পরাভূয় নিহত্য মুদং হর্ষং গতঃ, হৃষ্টোঽভূৎ॥ ১০৩॥

---

যিনি প্রাতরাদিকালে ক্রীড়া করিয়া সেই গোপীদের হৃদয়ে স্ফূর্ত্তিমান্ হইয়াছিলেন এবং সেই গোপীবর্গ কর্ত্তৃক দুই দুই শ্লোক দ্বারা বর্ণিত হইয়াছিলেন॥ ১০১॥

রাসক্রীড়া বর্দ্ধনের ইচ্ছাবিবর্দ্ধন শ্রীগোবর্দ্ধনে প্রেয়সীবর্গের সহিত মিলিত হইয়া নর্ম্মযুদ্ধে ক্রীড়া করিয়াছিলেন॥ ১০২॥

গোষ্ঠপ্রকোষ্ঠ হইতে অরিষ্টাসুর কৃত কর্ণ বিদারক কটুশব্দশ্রবণ করিয়া

Digitized at BRCindia.com

পুনঃ শীঘ্রং গিরিং গচ্ছন্ সঙ্গিনীভিঃ সভঙ্গিভিঃ।
রাসমুল্লসয়ামাস ভাসয়ামাস চাখিলং ॥ ১০৪ ॥
পূর্ব্ববৎত্রিভিঃ।
যঃ কুণ্ডং পুণ্ডরীকাক্ষস্তন্নির্ম্মায় স্থনর্ম্মকৃৎ।
শ্রীরাধিকাং ধন্যমন্যৎ কারয়ামাস সারভৃৎ ॥ ১০৫ ॥

---

পুনঃ শীঘ্রমিতি যঃ শ্রীকৃষ্ণঃ পুনঃ শীঘ্রং ঝটিতি গিরিং গোবর্দ্ধনং গচ্ছন্ গত্বা সভঙ্গিভিঃ, ভঙ্গ্যা সহ বর্ত্তন্তে যাঃ তাভিঃ সঙ্গিনীভিঃ সহচরীভিঃ রাসং রসযুক্তক্রীড়াং উল্লাসয়ামাস প্রবর্ত্তয়ামাস অখিলং কৃৎস্নং চ ভাসয়ামাস স্বকান্ত্যা প্রকাশয়ামাস পূর্ব্ববৎ ত্রিভিঃ ॥ ১০৪ ॥

যঃ কুণ্ডমিতি পুণ্ডরীকাক্ষঃ পুণ্ডরীকবৎ শ্বেতকমলবৎ অক্ষিণী নেত্রে যস্য স পুণ্ডরীকাক্ষঃ, পরমর্ম্মদর্শননিপুণ ইত্যর্থঃ স্থনর্ম্মকৃৎ পরমকুতুকী তৎ প্রসিদ্ধং কুণ্ডং নির্ম্মায় অদ্যাপি ব্রজে শ্যামকুণ্ডস্য প্রসিদ্ধিরস্তি, অয়ি রাধিকে! পশ্য কীদৃগ্ কুণ্ডং লোকপাবনং ময়া নির্ম্মিতং ইত্যাকারেণ নর্ম্মকৃৎ ইতি জ্ঞেয়ং অয়ু সারভৃৎ সারং স্থায়িবস্তু অর্থাৎ হিতং বিভর্ত্তি অসৌ শ্রীরাধিকাং অন্যং ধন্যং প্রশস্যং কুণ্ডং কারয়ামাস, শ্রীরাধিকাঽপি প্রতিযোগিতয়া অন্যৎ অন্যরূপং কুণ্ডং কৃতবতী ॥ ১০৫ ॥

---

সেই অসুর সমীপে গমনপূর্ব্বক তাহাকে পরাজিত ও নিহত করিয়া হর্ষ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১০৩ ॥

পুনর্ব্বার শীঘ্রই শ্রীগোবর্দ্ধন গিরি গমন করিয়া সভঙ্গি অর্থাৎ কৌতুক-কুশল সহচরীবর্গের সহিত রাস বিস্তার করিয়া চরাচর প্রোদ্ভাসিত করিয়াছিলেন ॥ ১০৪ ॥

যে পুণ্ডরীকাক্ষ কুণ্ড নির্ম্মান করিয়া রাধিকার সহিত কৌতুক-বিস্তার করিয়াছিলেন, পশ্চাৎ সেই সারগ্রাহী শ্রীরাধিকা কর্ত্তৃকও অপর এক ধন্য কুণ্ড করাইয়াছিলেন ॥ ১০৫ ॥

Digitized at BRCindia.com

যঃ কংসেনেশিতং গোষ্ঠক্লেশিনং বাজিবেশিনং।
বেশিনং কেশিনঞ্চক্রে যমস্য প্রতিবেশিনং॥ ১০৬॥
যঃ পিত্রাদ্যনুরাগেণ চিত্রাভঃ সর্ব্ববিস্মৃতিঃ।
কংসধ্বংসকমপ্যার্চ্ছীন্ন হন্তুং গন্তুকামতাং॥ ১০৭॥
যঃ স্নিগ্ধস্মিতয়া দৃষ্ট্যা বাচা পীযূষকল্পয়া।
চরিত্রেনানবদ্যেন শ্রীনিকেতেন চাত্মনা॥ ১০৮॥

---

যঃ কংসেনেতি যঃ শ্রীকৃষ্ণঃ কংসেন মথুরাধীশেন ঈশিতঃ প্রেরিতং গোষ্ঠক্লেশিনং যেন দুরাত্মনা অসুরেণ গোষ্ঠস্থাঃ সর্ব্বে প্রপীড়িতা বভূবুঃ ইত্যর্থঃ বাজিবেশিনং অশ্বরূপধারিণং কেশিনং তদাখ্যং অসুরং বেশিনং, বেশঃ প্রবেশঃ বিদ্যতে যস্য স বেশী তং প্রবিশন্তমিতি ভাবঃ যমস্য অন্তকস্য প্রতিবেশিনং তন্নগরবাসিনং চক্রে কৃতবান্॥ ১০৬॥

যঃ পিত্রাদ্যনুরাগেণ যঃ শ্রীকৃষ্ণঃ পিত্রাদ্যনুরাগেণ পিত্রাদীনাং নন্দাদীনাম্ অনুরাগঃ তেন চিত্রাভঃ চিত্রবৎ আভা যস্য সঃ চিত্রাভঃ, ত্যক্তসর্ব্বচেষ্টঃ ইত্যর্থঃ অতএব সর্ব্ববিস্মৃতিঃ, সর্ব্বেষাং বিস্মৃতির্যস্য সঃ স্বকর্ত্তব্যপ্রতিপালনে তস্য বিস্মৃতির্জাতা ইতি ভাবঃ তদাহ কংস এব ধ্বংসকঃ সর্ব্বভূতদ্রোহী তং হন্তুং গন্তুকামতাং সমতুম্ মন ইতি চতুর্থ্যা মলোপঃ ন আর্চ্ছীৎ, অহো! ব্রজবাসিনাং তত্রানুরাগঃ॥ ১০৭॥

যঃ স্নিগ্ধস্মিততয়া ইতি যঃ শ্রীকৃষ্ণঃ স্নিগ্ধস্মিততয়া, স্নিগ্ধং রুচিরং স্মিতং ঈষদ্

---

যিনি কংসপ্রেরিত গোষ্ঠ-ক্লেশদায়ক ঘোটক-বেশধারী কেশী নামক অসুরকে প্রবেশ করিতে দেখিয়া তাহাকে যম প্রতিবেশী করিয়াছিলেন॥১০৬॥

যিনি পিত্রাদির অনুরাগভরে চিত্রাভ অর্থাৎ কিং কর্ত্তব্য বিমূঢ় হইয়াছিলেন ও সকল বিষয়েই তাঁহার বিস্মৃতি ঘটিয়াছিল এমন কি কংসরূপ ধ্বংসককে হনন করিতে যাইবার ইচ্ছাও করিতে পারেন নাই॥ ১০৭॥

যিনি স্নিগ্ধ ঈষৎ-হাস্য সহিত দৃষ্টি, সুধাতুল্য বচনাবলী, অনিন্দনীয় চরিত্র,

Digitized at BRCindia.com

ইমং লোকমমুঞ্চাভিরময়ন্ সুতরাং ব্রজং।
রেমে ক্ষণদয়া দত্তক্ষণস্ত্রীক্ষণসৌহৃদঃ ॥ ১০৯ ॥
যস্তথা সহগোপীভিশ্চিক্রীড় ব্রজরাজজঃ।
যথাব্দকোটিপ্রতিমঃ ক্ষণস্তেন বিনাঽভবৎ ॥ ১১০ ॥

---

হাসাং যস্তাং তয়া দৃষ্ট্যা পীযূষকল্পয়া সুধাতুল্যয়া বাচা বাক্যেন, তদ্বাক্য-শ্রবণেন সুধাস্বাদো ভবতি ইতি ভাবঃ, অনবদ্যেন মনোজ্ঞেন চরিত্রেণ শীলেন শ্রীনিকেতেন শ্রিয়াঃ লক্ষ্ম্যা নিকেতঃ বাসো যত্র তথাভূতেন আত্মনা শরীরেণ, "আত্মা যত্নধৃতির্বুদ্ধিঃ স্বভাবো ব্রহ্ম বর্ষ্ম চ" ইত্যমরঃ ইমং লোকং প্রত্যক্ষলোকং অমুং লোকং দিব্যলোকং সুতরাং কৈমুত্যেন ব্রজমপি রময়ন্ অসৌ দত্তক্ষণস্ত্রীক্ষণসৌহৃদঃ দত্তঃ ক্ষণঃ উৎসবঃ যাভিঃ তাঃ স্ত্রিয়ঃ তাসাং ক্ষণে সৌহৃদং যস্য স ক্ষণদয়া রাত্রৌ, ক্ষণম্ উৎসবঃ দদাতি যা সা ক্ষণদা রাত্রিঃ "ত্রিযামা ক্ষণদা ক্ষপা" ইত্যমরঃ তয়া রেমে ক্রীড়িতবান্ পূর্ব্ববৎ যুগ্মকং। ১০৮—১০৯ ॥

যস্তথাইতি যঃ ব্রজরাজজঃ ব্রজরাজঃ শ্রীনন্দঃ তস্মাৎ জায়তে যঃ স ব্রজরাজজঃ গোপীভিঃ প্রেমবতীভিঃ স্ত্রৈয়ং তথা চিক্রীড় যথা তেন শ্রীকৃষ্ণেন বিনা তাসাং ক্ষণোঽপি কালঃ অব্দকোটিপ্রতিমঃ অব্দকোটিঃ বর্ষকোটিঃ প্রতিমা প্রতিরূপং যস্য তথা ভূতো অভবৎ ক্ষণোঽপি কালঃ তেন বিনা তাসাং দুর্যাপ্য ইতি ভাবঃ ॥ ১১০ ॥

---

কমলানিকেতন শ্রীবিগ্রহ, এই সকলের সৌন্দর্য্যে এই মর্ত্ত্যলোক ও স্বর্গলোকেরও অভিরাম হইয়াছিলেন, সুতরাং তিনি যে ব্রজের অভিরাম হইবেন এ বিষয়ে আর কি বক্তব্য আছে। তিনি নেত্রোৎসব দায়িনী স্ত্রীদিগেরও উৎসবদায়ক রাত্রিতে বিহার করিছিলেন ॥ ১০৮—১০৯ ॥

যে ব্রজরাজপুত্র গোপীদিগের সহিত এরূপ ক্রীড়ামত্ত হইয়াছিলেন যে, সেই ব্রজরাজপুত্র বিনা গোপীদিগের এক ক্ষণও কোটিবর্ষ তুল্য হইয়াছিল ॥ ১১০ ॥

Digitized at BRCindia.com

যঃ কান্তামুখচন্দ্রাণাং ভাসা ভাসিনি দিগ্‌গণে।
রাগসাগরনির্ম্মগ্নশ্চলিতুং নাপি চ ক্ষমঃ ॥ ১১১ ॥
কিঞ্চিত্তদ্‌ব্যক্তিবাতালিলজ্জাবীচিবিচালিতঃ।
কংসঘাতমিষাপাতনিজেচ্ছাভাসমাগতঃ ॥ ১১২ ॥

যঃ কান্তেতি কান্তামুখচন্দ্রাণাং, কান্তানাং প্রেয়সীনাম্ মুখানি এব চন্দ্রাঃ তেষাং ভাসা দীপ্ত্যা "ভাশ্ছবিঃ দ্যুতিদীপ্তয়" ইত্যমরঃ ভাসিনি দীপ্তিবিশিষ্টে ইতি শতৃপ্রত্যয় স্বত্বং রাগ এব সাগরঃ পরমগম্ভীরত্বাৎ সাগরোপমা তত্র নিমগ্নঃ চলিতুম্ অপি ক্ষমো ন বভূব, প্রেমাকৃষ্ট সন্ ব্রজং পরিত্যজ্য অন্যত্র কুত্রাপি ন যযৌ রাত্রৌ যথা গভীরজলপতিতো মত্তহস্তী কথঞ্চিৎ তত উত্থিতোঽপি চন্দ্রিকাজালৈঃ পথি ভ্রান্তো ভবতি ইতি ধ্বনিঃ ॥ ১১১ ॥

কিঞ্চিৎতদ্ব্যক্তিবাতালীতি যঃ শ্রীকৃষ্ণঃ কিঞ্চিৎতদ্‌ব্যক্তিবাতালি লজ্জা-বীচিবিচালিতঃ; কিঞ্চিৎ তস্য গূঢ়ভাবস্য গোপীভিঃ সহ ইতি জ্ঞেয়ঃ ব্যক্তিঃ প্রচারঃ সা এব বাতালিঃ বায়ুপংক্তিঃ তস্যা হেতোঃ যা লজ্জা সা এব বীচিঃ তরঙ্গঃ বীচিস্তরঙ্গ উর্ম্মির্বা ইত্যমরঃ তয়া বিচালিতঃ অহহ! রাগী আদৌ রাগসাগরনিমগ্নঃ পশ্চাৎ লজ্জাবীচি বিচালিতঃ অহো! সহিষ্ণুতা শ্রীকৃষ্ণস্য ততঃ কংসঘাতমিষাপাতিনিজেচ্ছাভাসমাগতঃ সমাগমঃ কংসস্য ঘাত এব মিষং ছলং তস্য আপাতঃ তেন হেতুনা যো নিজেচ্ছাভাসঃ তং আগতঃ প্রাপ্তবান্। কংসঘাতেচ্ছায়া আভাসত্বং হি স্বেষ্টসাধনতায়া অভাবাৎ ॥১১২॥

কান্তাগণের মুখচন্দ্রের চন্দ্রিকায় দিগঙ্গনাগণ ভাসিত হইলে রাগ-সাগরে নির্ম্মগ্ন সেই ব্রজরাজাত্মজ গমন করিতে সক্ষম হয়েন নাই ॥ ১১১ ॥

গোপীদিগের সহিত প্রণয়ের প্রকাশরূপ বায়ুহিল্লোলে যে লজ্জা-তরঙ্গ উৎপন্ন হইয়াছিল সেই তরঙ্গ-বেগে বিচলিত হইয়াই যেন তিনি কংস বিনাশ-রূপ ছল সমাগমের ইচ্ছাভাস প্রস্ত হইয়াছিলেন ॥ ১১২ ॥

Digitized at BRCindia.com

তটস্থতামটস্মূরীচক্রে মধুপুরীগতিং ॥ ১১৩ ॥
আঃ কিম্বাচ্যা ব্রজে যাচ্যা প্রাণিমাত্রে তনোঃ স্থিতি ॥ ১১৪ ॥
পূর্ব্ববৎত্রিভিঃ।
যঃ স্বাং স্তত্তদ্গুণঃ সর্ব্বানলং হাতুং ন তে চ যং।
আস্তাং ব্রজে প্রেমশূরো দূরাদেব তথা কথা ॥ ১১৫ ॥

---

তটস্থতামিতি তটস্থতাং উদাসীনতাং নতু অন্তরেণ অটন্ গতঃ মধুপুরীগতিং মথুরাগমনং উরীচক্রে স্বীচকার ইত্যর্থঃ ॥ ১১৩ ॥

আঃ কিম্বাচোতি শ্রীকৃষ্ণস্য মথুরাগমনকালে প্রাণিমাত্রে দেহধারিষু সর্ব্বেষু তনোঃ শরীরস্য স্থিতিঃ রক্ষা যাচ্যা প্রার্থনীয়া আঃ কিং ইতি বাচ্যা কথনীয়া অভূদিতি শেষঃ, শ্রীকৃষ্ণস্য মথুরাপ্রয়াণকালে ঘোরেণ দুঃখেন প্রাণান্ ধারয়িতুম্ অসমর্থপ্রায়া অভবন্ সর্ব্বে, কৃষ্ণবিয়োগদুঃখিতানাং প্রাণরক্ষণে সাধবঃ প্রার্থয়ন্তে স্ম ভো নারায়ণ ! দয়স্ব, অন্যথা মহতী বিপৎ ইতি ব্রজবাসিনাং শঙ্কটবর্ণনাং কিং কুর্য্যাম্ ॥ ১১৪ ॥

যঃ স্বামিতি যঃ স্বান্ স্বকীয়ান্ সর্ব্বান তত্তদ্গুণঃ তস্য শ্রীকৃষ্ণস্য গুণঃ হাতুম্ ত্যক্তুং অলং সমর্থো ন বভূব তে চ স্বে যং তদ্গুণং হাতুং অলং সমর্থা ন বভূবুঃ। ব্রজে প্রেমশূরঃ আস্তাম্, অন্তরঙ্গতমে কেবলং ব্রজে তস্য অসাধারণঃ প্রেমা এবং ন দূরাদেব তথা কথা, সর্ব্বত্র তস্য প্রেমা গত ইতি ভাবঃ ॥ ১১৫ ॥

---

অবশেষে উদাসীন হৃদয়ে মধুপুরী গমন করিতে অঙ্গীকার করিয়াছিলেন ॥ ১১৩ ॥

কৃষ্ণের মথুরা প্রয়াণকালে প্রাণি মাত্রেরই শরীর রক্ষার্থ নারায়ণের নিকট যেরূপ প্রার্থনা করিতে হইয়াছিল এ বিষয়ে আমি কি বর্ণনা করিব ॥ ১১৪ ॥

তাঁহার সেই গুণ আত্মীয় সকলকে পরিত্যাগ করিতে সমর্থ হয় নাই। তাঁহারাও সেই সেই গুণকে পরিত্যাগ করিতে পারে নাই। ব্রজে সেই প্রেম-বীরের কথা দূরে থাকুক, দূরেতেও সেইরূপ কথা ॥ ১১৫ ॥

৭

Digitized at BRCindia.com

যঃ পৃথ্ব্যা প্রথমস্কন্ধে ধর্ম্মাগ্রে বর্ণিতান্ গুণান্।
নিত্যমাপ্তস্তথাত্রাপিবর্ণ্যঃসম্লবকর্ণ্যতাং ॥ ১১৬ ॥
সর্ব্বানন্দপ্রদানন্দকন্দঃ তত্তদ্গুণবলিঃ।
সর্ব্বপর্ব্বদমাহাত্ম্যাদ্বরঃ সর্ব্বত ঈশ্বরঃ ॥ ১১৭ ॥
সর্ব্বদা বৃদ্ধিভাগৃদ্ধিঃ সর্ব্বারাধনভূধনং।
স্বরূপরূপসাদ্গুণ্যপুণ্যকৃৎ কর্ম্মশর্ম্মদঃ ॥ ১১৮ ॥

---

যঃ পৃথ্যোতি যঃ শ্রীকৃষ্ণঃ পৃথ্ব্যা প্রথমস্কন্ধে শ্রীমদ্ভাগবতে ধর্ম্মাগ্রে বর্ণিতান্ কথিতান্ গুণান্ নিত্যং সর্ব্বদা আপ্তঃ প্রাপ্তবান্ তত্রাপি হে সন্ বর্ণ্যঃ কথনযোগ্যঃ, অবকর্ণ্যতাং সাগ্রহং শ্রূয়তাম্ ইতি ॥ ১১৬ ॥

সর্ব্বানন্দপ্রদেতি তত্তদ্গুণাবলিঃ তস্য শ্রীকৃষ্ণস্য সা গুণানাং ভক্তবাৎসল্যাদীনাম্ আবলিঃ পংক্তিঃ বীথ্যালিরাবলিঃ পংক্তিঃ ইত্যমরঃ সর্ব্বানন্দপ্রদানন্দকন্দঃ, সর্ব্বেষাম্ আনন্দানাং সুখানাং প্রদা যে আনন্দা তেষামপি কন্দঃ মূলং কিঞ্চ অসৌ সর্ব্বতঃ সর্ব্বেভ্যঃ বর শ্রেষ্ঠঃ ঈশ্বরঃ তদ্ধেতুমাহ সর্ব্বপর্ব্বদমাহাত্ম্যাৎ সর্ব্বং কৃৎস্নং:পর্ব্বদং উৎসবদং যন্মাহাত্ম্যং তস্মাৎ ॥ ১১৭ ॥

সর্ব্বদা বৃদ্ধিভাগ্ ইতি যস্য ঋদ্ধিঃ ঐশ্বর্য্যং সর্ব্বদা বৃদ্ধিভাগ্ ভজ ধাতোঃ বিণ্ উত্তরোত্তরবৃদ্ধিশীলা ইদানীং ধনমাহ সর্ব্বারাধনভূধনং, সর্ব্বৈঃ দেবাদিভিঃ আরাধনং সেবা তদেবভূঃ স্বরূপং যস্য তৎ সর্ব্বারাধনভূ তদ্ এব তস্য ধনমিতি যঃ স্বরূপরূপসাদ্গুণ্যপুণ্যকৃৎকর্ম্মশর্ম্মদঃ স্বরূপং দ্বিভুজত্বাদি রূপং নবীন

---

যিনি প্রথমস্কন্ধে ধর্ম্মাগ্রে পৃথিবী কর্ত্তৃক বর্ণিত গুণ সমুদয় নিত্যই প্রাপ্ত হইয়া থাকেন, তথাপি আগ্রহ পূর্ব্বক শ্রবণ করুন ॥ ১১৬ ॥

তাঁহার সেই সেই গুণাবলী সর্ব্বানন্দ-প্রদায়ী আনন্দের মূলস্বরূপ এবং সকলের উৎসবদায়ি মাহাত্ম্যহেতু তিনি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ঈশ্বর ॥ ১১৭ ॥

যাঁহার সমৃদ্ধি সর্ব্বদা উত্তরোত্তর বর্দ্ধিত হইতেছে, যিনি স্বরূপ রূপ ও সাদ্গুণ্য দ্বারা পুণ্যজনক কর্ম্মরূপ সুখ প্রদান করিয়া থাকেন ॥ ১১৮ ॥

Digitized at BRCindia.com

দৃষ্টিঃপ্রতি সুধাবৃষ্টিপ্রভ সুন্দরতাপ্রভা।
বর্ণানাংস্যন্দদিগ্মাত্রকর্ণানন্দকরস্বরঃ ॥ ১১৯ ॥
অশ্বাসানামপিশ্বাসকারিসৌরভগৌরবঃ।
অধরস্পৃষ্টনীরাদিস্পৃষ্টশ্রীরসনারসঃ ॥ ১২০ ॥

---

নীরদশ্যাম সাদ্গুণ্যং শ্রেষ্ঠত্বং কায়বাগ্গুণানাম্ ইতি এতৈঃ যৎ পুণ্যকৃৎ শুভাদৃষ্টজনকং কর্ম্ম "তৎস্মরণাদিরূপমিতি ভাবঃ" তদেব শর্ম্ম সুখং তদ্ দদাতি ॥ ১১৮ ॥

দৃষ্টিপ্রতিসুধাবৃষ্টিরিতি যস্য শ্রীকৃষ্ণস্য সর্ব্বান্ প্রতি দৃষ্টিঃ সুধাবৃষ্টিপ্রভ-সুন্দরতপ্রভা, সুধাবৃষ্টি-প্রভা সুধাবর্ষণতুল্যা যা সুন্দরতা, তয়া যুক্তা প্রভা যস্যাঃ সা তথাভূতা ভবতি ইদানীম্ স্বরং বর্ণয়তি যস্য স্বরঃ বর্ণানাং ককারাদীনাং স্যন্দমাত্রেণ উচ্চারণমাত্রেণ কর্ণানন্দকরঃ শ্রবণ-সুখজনকঃ ॥ ১১৯ ॥

অশ্বাসানামপীতি যস্য শ্রীকৃষ্ণস্য সৌরভ-গৌরবং সৌগন্ধ্যমাহাত্ম্যং অশ্বাসানাং শ্বাসরহিতানাম্ অর্থাৎ পরম্ অবসন্নানাম্ ইতি ভাবঃ শ্বাসকারি উজ্জীবকং সর্ব্বেষাং জীবনস্বরূপং কিঞ্চ অসৌ কৃষ্ণঃ অধরস্পৃষ্টনীরাদিস্পৃষ্টশ্রীরসনারসঃ অধরেণ স্পৃষ্টং যৎ নীরাদি জলাদি তেন স্পৃষ্টঃ শ্রিয়াঃ কমলায়া রসনায়া জিহ্বায়া রসঃ ঔৎসুক্যং যেন তথাভূতঃ কমলাঽপি তদধরচুম্বনে নিত্যং লালসাবতীতি জ্ঞেয়ং ॥ ১২০ ॥

---

যাঁহার দৃষ্টি সুধাবৃষ্টির তুল্য সুন্দরতাযুক্ত, তাঁহার স্বর বর্ণ-সকলের উচ্চারণ মাত্রেই কর্ণযুগলের আনন্দকর ॥ ১১৯ ॥

তিনি হতাশ্বাস সকলেরও উজ্জীবনকারি-সৌরভের গৌরবযুক্ত এবং অধরস্পৃষ্ট জলাদি দ্বারা লক্ষ্মীরও জিহ্বায় লালসা সঞ্চারিত করিয়া থাকেন ॥ ১২০ ॥

Digitized at BRCindia.com

স্বস্পর্শিস্পর্শনস্পর্শাদ্বিশ্বতাপাপযাপনঃ।
জগতঃ শুচিতাধাম নামধামস্মৃতীড়িতঃ ॥ ১২১ ॥
অনন্তসচ্চিদানন্দজ্যোতির্দ্যোতিকলেবরঃ।
বপুরংশুকয়োরংশুসম্পদ্বিষ্ণুরমাজয়ী ॥ ১২২ ॥

স্বস্পর্শি ইতি যঃ শ্রীকৃষ্ণঃ স্বস্পর্শিস্পর্শনস্পর্শাৎ স্বসা শ্রীকৃষ্ণস্য স্পর্শঃ বিদ্যতে যস্য স স্বস্পর্শী অস্ত্যর্থা ইন্ তস্য স্পর্শনং বিদ্যতে যস্য স স্বস্পর্শিস্পর্শনঃ তস্য স্পর্শাৎ সঙ্গাৎ বিশ্বস্য নিখিলস্য তাপাপযাপনঃ তাপক্ষয়কারকঃ, পুনঃ কিম্ভূতঃ জগতঃ অখিলস্য শুচিতা পবিত্রতা তস্যা ধাম আশ্রয়স্থলং নামধাম নাম্না সহ ধাম নামধাম তস্য স্মৃত্যা ঈড়িতঃ স্তুতঃ তস্য নামধাম্নোঃ স্মরণেন সর্ব্বাপচ্ছান্তি র্ভবতি ইতি ভাবঃ ॥ ১২১ ॥

অনন্ত সচ্চিদানন্দেতি যঃ শ্রীকৃষ্ণঃ অনন্তসচ্চিদানন্দজ্যোতির্দ্যোতিকলেবরঃ অনন্তেন অনবচ্ছিন্নেন সচ্চিদানন্দেন জ্যোতিষা কান্ত্যা দ্যোতি দীপ্তিমৎ কলেবরং গাত্রং যস্য তথাভূতো ভবতি ইতি শেষঃ বপুঃ শরীরং অংশুকং পীতাম্বরং তয়োঃ অংশুরেব সম্পৎ ঋদ্ধিঃ তয়া বিষ্ণুঃ বৈকুণ্ঠপতিঃ রমা তৎপত্নী কমলা এতয়োঃ জয়ী ॥ ১২২ ॥

নিজের স্পর্শবিশিষ্ট পুরুষের স্পর্শপ্রভাবে সকলের তাপ অপহরণ করিয়া থাকেন। তিনি জগতের পবিত্রতার আধার স্বরূপ নাম ও ধামের স্মৃতি দ্বারা প্রশংসিত হইয়া থাকেন ॥ ১২১ ॥

যিনি অনবচ্ছিন্ন সচ্চিদানন্দ জ্যোতির দ্বারা দ্যুতিবিশিষ্ট কলেবরযুক্ত হইয়া থাকেন, যিনি শরীর এবং অংশুক অর্থাৎ বস্ত্রের দীপ্তিরূপ সম্পত্তি দ্বারা বিষ্ণু ও লক্ষ্মীকে জয় করিয়া থাকেন ॥ ১২২ ॥

Digitized at BRCindia.com

জগদ্ভূষণশোভাভৃদ্বিভূষণবিভূষণঃ।
তূর্ণং যথারুচিব্যাপিরুচিবীর্য্যগুণাকৃতিঃ ॥ ১২৩ ॥
লক্ষ্মীদৃক্‌পক্ষবিষ্কম্ভি লক্ষ্মলক্ষিতবিগ্রহঃ।
শঙ্খচক্রাদিচিহ্নশ্রীদুর্ণিহ্নবনিজস্থিতিঃ ॥ ১২৪ ॥

জগদ্ভূষণ ইতি জগদ্ভূষণশোভাভৃদ্বিভূষণবিভূষণঃ জগতঃ ভূষা-শোভে বিভর্ত্তি যদ্ বিভূষণং অলঙ্কারঃ তস্য বিভূষণঃ ভূষিত কারকঃ পুনঃ কিম্ভূতঃ তূর্ণং যথারুচিব্যাপিরুচিবীর্য্যগুণাকৃতিঃ তূর্ণং ঝটিতি যথারুচি রুচিমনতিক্রম্য ইতি যথাভিলাষং ব্যাপ্নোতি রুচিঃ কান্তিঃ বীর্য্যং পরাক্রমঃ গুণঃ দয়ালুতা আকৃতিঃ গাত্রসংগঠনং যস্য এতাদৃক্ সঃ রুচিবীর্য্যগুণাকৃতিপ্রকাশক ইতি ভাবঃ ॥ ১২৩ ॥

লক্ষ্মীদৃগ্ ইতি লক্ষ্মীঃ কমলা তস্যাঃ দৃশোঃ নয়নয়োঃ পক্ষ্মণাম্ নেত্রাবরকাগ্রলোম্নাং বিষ্কম্ভি অবরোধকং লক্ষ্ম চিহ্নং তেন লক্ষিতঃ বিগ্রহঃ শরীরং যস্য সঃ পুনঃ কিম্ভূতঃ শঙ্খচক্রাদিচিহ্নশ্রীদুর্নিহ্নবনিজস্থিতিঃ শঙ্খচক্রাদীনি চিহ্নানি তেষাং শ্রিয়ঃ তাভিঃ দুর্নিহ্নবাঃ দুর্গোপ্যা নিজস্য স্বস্য স্থিতির্যস্য সঃ শঙ্খচক্রাদিচিহ্নৈঃ অভিজ্ঞা ভক্তাঃ তং সুষ্ঠু অবগচ্ছন্তি ইতি ভাবঃ ॥ ১২৪ ॥

যাহারা জগতের ভূষণ ও শোভা পূরণ করিয়া থাকে, এতাদৃশ বিভূষণ সকলেরও যিনি বিভূষণ-স্বরূপ এবং যিনি ঝটিতি রুচি অনুসারে ব্যাপনশীল রুচি বীর্য্য গুণ ও আকৃতি বিশিষ্ট হইয়া থাকেন ॥ ১২৩ ॥

যাঁহার বিগ্রহ অর্থাৎ শরীর লক্ষ্মীর নয়ন-পক্ষ্মের অবরোধকারি চিহ্ন দ্বারা লক্ষিত হইয়া থাকে, যাঁহার নিজ স্থিতি শঙ্খ চক্রাদিরূপ চিহ্নের শোভাহেতু গোপনীয় হইতে পারে না ॥ ১২৪ ॥

Digitized at BRCindia.com

জেতুং স্বমপ্যবিশ্রান্তং শশ্বদ্বল্লুবলাবলিঃ।
কিশোরতামনঃসারচোরতাবিশ্বমোহনঃ ॥ ১২৫ ॥
বিলাসহাসলীলাস্যকৃতলাস্যকলাজয়ঃ।
বিকার-রহিতাকারঃ স্ফুরৎপ্রেমবিকারবান্ ॥ ১২৬ ॥

জেতুং স্বমপ্যেতি পুনঃ কীদৃক্ স্বমপি আত্মানমপি অবিশ্রান্তং নিরন্তরং জেতুং পরাভবিতুম্ শশ্বদ্ বল্লবলাবলিঃ শশ্বৎ নিত্যং বল্লঃ রমণীয়া বলানাম্ আবলিঃ পংক্তিঃ যস্য সঃ কিশোরতেতি পুনঃ কিম্ভূতঃ কিশোরতামনঃসারঃ চোরতাবিশ্বমোহনঃ কিশোরতয়া পৌগণ্ডাতিক্রান্তবয়সা "যদুক্তং শ্রীধর-স্বামিনা, কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি কৈশোরমাপঞ্চদশাৎ তদূর্দ্ধং যৌবনং স্মৃতং" কান্তানাম্ মনসঃ সারস্য লজ্জাধৈর্য্যাদিকস্য যা চোরতা তয়া বিশ্বমোহনঃ জগন্মনোরঞ্জকঃ আশ্চর্য্যং তস্য মহত্বং! চৌরত্বেঽপি জগচ্চিত্তাকর্ষকত্বম্ ইতি ভাবঃ॥ ১২৫ ॥

বিলাসহাসলীলাস্যেতি পুনঃ কীদৃগ্ ইতি :বিলাসহাস্যলীলাস্যকৃতলাস্য-কলাজয়ঃ বিলাস আমোদঃ হাসঃ লীলয়া যুক্তম্ আস্যং লীলাস্যং মাধুর্য্যাতিশয়-সম্পন্নং মুখমণ্ডলং তৈঃ কৃতঃ লাস্যকলায়াঃ রাসক্রীড়ায়া জয়োঃ যেন স। পুনঃ কীদৃক্? বিকাররহিতঃ প্রাকৃতকামবিকৃত্যা রহিত আকারঃ কায়চেষ্টা যস্য সঃ অথচ স্ফুরতঃ অজস্রং নিঃসরতঃ প্রেম্নঃ বিকারঃ বিকৃতিঃ স্ফুরৎপ্রেমবিকারঃ স বিদ্যতে যস্য সঃ অপ্রাকৃতপ্রেমমস্থণমর্ম্মাসৌ ইতি ভাবঃ॥ ১২৬ ॥

যিনি আত্মজয়ি মনোহর নিত্যস্থায়ি বলসমূহ দ্বারা সংযুক্ত হইয়া থাকেন, এবং কিশোরতা দ্বারা মনের সার স্বরূপ লজ্জাদি অপহরণ করিয়া বিশ্বমোহন করিয়াছিলেন॥ ১২৫ ॥

যিনি বিলাস হাস্যরূপ লীলাযুক্ত মুখমণ্ডল দ্বারা লাস্য কলা জয় করিয়াছেন অথচ বিকার রহিত আকার-বিশিষ্ট এবং স্ফুর্ত্তিযুক্ত প্রেমের বিকার বিশিষ্ট॥ ১২৬ ॥

Digitized at BRCindia.com

পুরাপি নব ইত্যেবং পুরাণাদিবিনিশ্চিতঃ।
অনূতনতনুঃশ্রীমান্ সদানূতনবত্তনুঃ ॥ ১২৭ ॥
সর্ব্বেষাং মনসঃ কর্ত্তুং প্রমনস্তাং স্ফুরন্মনাঃ।
বৈদগ্ধীদিগ্ধসদ্‌বুদ্ধিচাতুরীপ্রচুরীকরঃ ॥ ১২৮ ॥
বিশ্বেষাং বুদ্ধিকৃদ্বুদ্ধিঃ সিদ্ধীনামপিসিদ্ধিকৃৎ।
দক্ষতালক্ষশিক্ষাকৃদ্ দক্ষতাভির্বিলক্ষণঃ ॥ ১২৯ ॥

---

পুরাপি নব ইতি যঃ শ্রীকৃষ্ণঃ পুরা অতিপূর্ব্বকালে পুরাণাদিভিঃ পুরাণশ্রুতিস্মৃত্যাদিভিঃ বিনিশ্চিতঃ বিশেষেণ বর্ণিতোঽপি ন প্রাচীনঃ অপি তু নব এব কিশোর এব কিঞ্চ অসৌ শ্রীমান্ অনূতনতনুঃ অনাদিসিদ্ধবিগ্রহঃ অথচ সদা সর্ব্বস্মিন্ কালে নূতনবৎতনুঃ, প্রাকৃতজনাঙ্গবৎ তদঙ্গং ন বিকারবৎ ইতি ভাবঃ ॥ ১২৭ ॥

সর্ব্বেষাং মনস ইতি সর্ব্বেষাং জন্তূনাম্ মনসঃ অন্তঃকরণস্য প্রমনস্ত্বং, প্রকৃষ্টং মনো যস্য স প্রমনাঃ তস্য ভাবঃ প্রমনস্ত্বং, তৎ কর্ত্তুং সাধয়িতুং স্ফুরন্মনাঃ, চঞ্চলং মনো যস্য সঃ, অর্থাৎ অসৌ সর্ব্বান্ স্বাভিমুখং আনেতুম্ যততে ইতি ভাবঃ ॥ কিঞ্চ অসৌ বৈদগ্ধীদিগ্ধসদ্‌বুদ্ধিচাতুরীপ্রচুরীকরঃ বৈদগ্ধী রসিকতা তয়া দিগ্ধা যুক্তা যা সদ্‌বুদ্ধিঃ চাতুরী কৌশলং চ তয়োঃ প্রাচুর্য্যকারকঃ সঃ, অসৌ নায়কতম ইতি ভাবঃ ॥ ১২৮ ॥

বিশেষমিতি যস্য বুদ্ধিঃ বিশ্বেষাং বুদ্ধিকৃৎ বুদ্ধিজননী, অপি চ অসৌ সিদ্ধীনাং বিভূতীনাম্ সিদ্ধিকৃৎ সিদ্ধিজনকঃ পুনঃ কিম্ভূতঃ দক্ষতায়াঃ সর্ব্ব-

---

যিনি প্রাচীন হইয়াও পুরাণাদি দ্বারা নবীন বলিয়া কথিত হইয়াছেন। যিনি প্রাচীন শরীর হইয়াও সর্ব্বদা নিত্য নূতন বলিয়াই প্রতীত হইয়া থাকেন ॥ ১২৭ ॥

যিনি সকলেরই মনকে প্রমনস্তা অর্থাৎ প্রফুল্ল করিবার জন্য বাসনা করিয়া থাকেন, যিনি রসিকতাযুক্ত সদ্‌বুদ্ধির চাতুরী প্রচুররূপে প্রকাশ করিয়া থাকেন ॥ ১২৮ ॥

যাঁহার বুদ্ধি সকলেরই বুদ্ধিজননী এবং সিদ্ধি সকলেরও সিদ্ধিকারিণী,

Digitized at BRCindia.com

তুচ্ছোপকারিতাবিন্দুসিন্ধুকারী কৃতজ্ঞতঃ।
সুদৃঢ়ব্রততাব্রাতত্রাতশশ্বদনুব্রতঃ ॥ ১৩০ ॥
নিজমর্য্যাদয়াবদ্ধ শ্রুতিমর্য্যাদচেষ্টিতঃ।
চেষ্টিতং তাবদাস্তাং তদ্দৃষ্টিমাত্রস্তথাগুণঃ ॥ ১৩১ ॥

বিষয়কনৈপুণ্যস্য লক্ষশিক্ষা লক্ষপ্রকারা শিক্ষা তাং কুর্ব্বন্তি যা দক্ষতা নিপুণতা তাভির্বিলক্ষণঃ অপ্রতিম ইত্যর্থঃ ॥ ১২৯ ॥

তুচ্ছোপকারীতি অসৌ শ্রীকৃষ্ণঃ তুচ্ছোপকারিতাবিন্দুসিন্ধুকারী তুচ্ছা যা উপকারিতা তস্যাঃ বিন্দুঃ লবঃ তমপি সিন্ধুং সমুদ্রং করোতি, অল্পমপি উপকারং অসৌ বহু মন্যতে, তদ্ধেতুমাহ কৃতজ্ঞতঃ, উপকারস্মরণপরত্বাৎ সুদৃঢ়ব্রতেতি সুদৃঢ়ায়াঃ ব্রততায়া কর্ত্তব্যনিষ্ঠতায়া ব্রাতঃ সমূহঃ তেন ত্রাতঃ রক্ষিতঃ শশ্বদ্ নিত্যং অনুব্রতঃ অনুগতঃ অর্থাৎ শরণাগতঃ যেন অসৌ দৃঢ়প্রতিজ্ঞঃ কদাপি শরণাগতং ন মুঞ্চতি কেনাপ্যুপায়েন তমুদ্ধরতি ইতি ভাবঃ ॥ ১৩০ ॥

নিজমর্য্যাদয়েতি নিজমর্য্যাদয়া নিজসামর্থ্যেন বদ্ধশ্রুতিমর্য্যাদচেষ্টিতঃ বদ্ধং শ্রুতেঃ মর্য্যাদায়াং চেষ্টিতং যস্য স ভবতি ইতি শেষঃ তস্য প্রভাবমাহ তস্য চেষ্টিতং তাবদ্ আস্তাম্ তদ্দৃষ্টিমাত্রস্তথাগুণঃ তস্য ভ্রূভঙ্গ্যা সর্ব্বে স্বমার্গে তিষ্ঠন্তি ইতি ভাবঃ ॥ ১৩১ ॥

নৈপুণ্য বিষয়ে লক্ষ প্রকার শিক্ষাদায়িনী যে দক্ষতা-সমুদয় ঐ দক্ষতা-সমুদয়ে তিনি বিলক্ষণ হইয়া থাকেন ॥ ১২৯ ॥

যিনি তুচ্ছ উপকার বিন্দুকেও কৃতজ্ঞতা গুণে সাগরতুল্য গণনা করিয়া থাকেন। যিনি সুদৃঢ় নিষ্ঠতার সমূহ দ্বারা সর্ব্বদা অনুব্রত সকলকে রক্ষা করিয়া থাকেন ॥ ১৩০ ॥

যিনি নিজ মর্য্যাদা দ্বারা বদ্ধ শ্রুতি সকলের মর্য্যাদা রক্ষণ বিষয়ে চেষ্টা করিয়া থাকেন। তাঁহার চেষ্টা সম্বন্ধে কি বর্ণন করিব? যাঁহার দৃষ্টিমাত্র দ্বারাই সকলে স্ব স্ব মার্গে অবস্থান করিয়া থাকে ॥ ১৩১ ॥

Digitized at BRCindia.com

যজ্ঞজ্ঞঃ কালদেশাদিপ্রজ্ঞঃ সর্ব্বজ্ঞশেখরঃ।
সর্ব্বজ্ঞতামবজ্ঞায় প্রজ্ঞতাতর্কিতাখিলঃ ॥ ১৩২ ॥
ধীরতাস্থিরতাশোভিবীরতানিরতান্তরঃ।
কান্ত্যা দান্ত্যা চ শান্ত্যা চ সহকান্ত্যা স্বয়ংবৃতঃ ॥ ১৩৩ ॥

---

যজ্ঞজ্ঞ ইতি যঃ যজ্ঞজ্ঞঃ, যজ্ঞং জানাতি ইতি যজ্ঞজ্ঞঃ অর্থাদসৌ যজ্ঞফলদাতা কালদেশাদিপ্রজ্ঞঃ, কালস্য দেশস্য আদি পদাৎ আকাশাদীনাঞ্চ প্রজ্ঞঃ সাক্ষিত্বেন নিত্যদৃক্ ইত্যর্থঃ পুনঃ কিম্ভূতঃ সর্ব্বজ্ঞশেখরঃ সর্ব্বজ্ঞেষু অন্তর্য্যাম্যাদিষু শেখরঃ চূড়ামণিঃ সর্ব্বজ্ঞতাম্ অবজ্ঞায় সর্ব্বজ্ঞতানাম্নীং শক্তিং অবজ্ঞায় প্রজ্ঞতাতর্কিতাখিলঃ সর্ব্বজ্ঞতা শক্তিঃ দূরে তিষ্ঠতু প্রজ্ঞতয়া স্বনিষ্ঠয়া বৃত্ত্যা তর্কিতং জ্ঞাতং অখিলং সদ্ অসৎ কৃৎস্নং যেন স তথাভূতো ভবতি ॥ ১৩২ ॥

ধীরতাস্থিরতেতি পুনঃ কীদৃগ্ ধীরতাস্থিরতাশোভিধীরতানিরতান্তরঃ ধীরতা বিবেকিত্বং স্থিরতা মনঃকায়য়োঃ ধৈর্য্যং তাভ্যাং শোভিনী যা বীরতা উৎসাহশীলতা তয়া নিরতং ব্যাপ্তং অন্তরং যস্য সঃ পুনঃ কীদৃক্ ক্ষান্ত্যা ক্ষমাগুণেন দান্ত্যা দমগুণেন শান্ত্যা শমগুণেন কান্ত্যা দীপ্ত্যা সহ স্বয়ং বৃতঃ শালীনতাপরিপূর্ণোঽয়ং ভাবঃ ॥ ১৩৩ ॥

---

যিনি যজ্ঞজ্ঞ অর্থাৎ যজ্ঞ ফলদাতা যিনি কাল দেশাদির অভিজ্ঞ যিনি সর্ব্বজ্ঞগণের চূড়ামণি। যিনি সর্ব্বজ্ঞতা শক্তিকে অবজ্ঞা করিয়া প্রজ্ঞতা দ্বারাই সমস্ত তর্কিত করিয়া থাকেন ॥ ১৩২ ॥

যাঁহার অন্তর ধীরতা এবং স্থিরতায় শোভাযুক্ত বীরত্বে পরিপূর্ণ আছে। যিনি স্বয়ং ক্ষমাগুণে দমগুণে এবং কান্তির সহিত শমগুণে বিরাজ করিতেছেন ॥ ১৩৩ ॥



Digitized at BRCindia.com

ধর্ম্মদাননিদানশ্রীঃ শূরস্থরতমানসঃ।
মান্যসামান্যবর্দ্ধিষ্ণুমান্যতাক্রিয়তাপরঃ ॥ ১৩৪ ॥
অক্ষীণবিনয়ঃ সুষ্ঠুলজ্জিতঃ কূটবর্জ্জিতঃ।
কীর্ত্তিপ্রতাপপূর্ত্তিভ্যাং কৃতসল্লোক মূর্ত্তিকঃ ॥ ১৩৫ ॥
সাধূনাং মাধুরীদানান্নিত্যসাধুসমাশ্রয়ঃ।

ধর্ম্মদানেতি ধর্ম্মশ্চ দানঞ্চ তয়োঃ নিদানং শ্রীঃ সম্পত্তির্যস্য সঃ ভবতি পুনঃ কীদৃক্ শূরস্থরতমানসঃ শূরেষু বীরেষু স্থরতঃ বিশেষণলিপ্তঃ মানসঃ যস্য স ভবতি পুনঃ কিম্ভূত মান্যসামান্যানাং সম্বন্ধে যা বৰ্দ্ধিষ্ণুর্মান্যতা তস্যাং ক্রিয়া যস্য স মান্যসামান্যবর্দ্ধিষ্ণুমান্যতাক্রিয়ঃ তস্য যো ভাবঃ মান্যসামান্য-বর্দ্ধিষ্ণুক্রিয়তা তস্যাং প্রিয়ঃ কুশল ইতি ॥ ১৩৪ ॥

অক্ষীণবিনয় ইতি পুনস্তং বিশিনষ্টি অক্ষীণবিনয়ঃ, অক্ষীণঃ অব্যাহতঃ বিনয়ঃ যস্য স তথাভূতো ভবতি, সুষ্ঠুলজ্জিতঃ সুষ্ঠু নিতরাং লজ্জিতঃ হ্রীমণ্ডিতঃ, কূটবর্জ্জিতঃ কূটেন কৈতবেন বর্জ্জিতঃ সরল ইত্যর্থঃ, পুনঃ কীদৃক্ ইতি কীর্ত্তিশ্চ প্রতাপশ্চ পূর্ত্তিশ্চ কীর্ত্তিপ্রতাপপূর্ত্তী তাভ্যাং কৃত-সল্লোকমূর্ত্তিকঃ কৃতা সল্লোকানাং সাধূনাম্ মূর্ত্তির্যেন স তথাভূতো ভবতি তস্য বহ্ব্যঃ সংকীর্ত্তয়ঃ সন্তি ইতি ভাবঃ ॥ ১৩৫ ॥

সাধূনামিতি সাধূনাং শান্তচিত্তানাং মাধুরীদানাৎ স্বনিষ্ঠসৌন্দর্য্যপ্রদানাৎ ইত্যত্র সম্প্রদানে সম্বন্ধবিবক্ষয়া ষষ্ঠী, নিত্যং সদা সাধুসমাশ্রয়ঃ সাধূনাং

যাঁহার শ্রী ধর্ম্ম ও দানের নিদান অর্থাৎ আদি কারণ হইয়াছে, যাঁহার মানস বীর সকলের প্রতি অনুরক্ত হইয়াছে। যিনি মান্য সকলের বর্দ্ধনশীল মান রক্ষণ ক্রিয়ায় তৎপর হইয়া থাকেন ॥ ১৩৪ ॥

যাঁহার বিনয় কোন সময়েও ক্ষীণ হয় না, যিনি অতিশয় লজ্জাযুক্ত ও কূটবর্জ্জিত অর্থাৎ সরল, যিনি কীর্ত্তি ও প্রতাপের পূর্ণতা দ্বারা সাধুলোক সকলের মূর্ত্তি ধারণ করিয়াছেন ॥ ১৩৫ ॥

যিনি সাধু সকলকে সর্ব্বদা মাধুরী দান করেন বলিয়া সাধু সকলের সম্যক্

Digitized at BRCindia.com

দ্বিষাঞ্চ মুক্তিকৃন্মুক্তি ভাগাকর্ষিগুণাম্বুধিঃ॥ ১৩৬॥
নানাভাষালিসম্ভাষোদেবপর্য্যন্তদেবনঃ।
প্রত্যথ্যাদিন্যপি প্রীতিঃসত্যতাস্ফুরদীরিতঃ॥ ১৩৭॥
বাবদূকসুধীমূকস্থিতিকারিসুধীধরঃ।
দৃষ্টমাত্রতয়া সর্ব্ব বুধতাবুধতা গুরুঃ॥ ১৩৮॥

---

সমাশ্রয়ো ভবতি অর্থাৎ সাধবঃ তৎ সমাশ্রয়ন্তে কিঞ্চ দ্বিষাং শত্রূণাং মুক্তিকৃৎ, মুক্তিরেব ভাগঃ দ্রব্যং তস্মাৎ আকর্ষিণঃ যে গুণাঃ তেষাম্ অম্বুধিঃ সমুদ্রঃ॥ ১৩৬॥

নানাভাষালীতি নানাভাষাঃ সংস্কৃতাদয়ঃ তা এব আলয়ঃ সখ্যঃ তাভিঃ সম্ভাষা যস্য স তথাভূতো ভবতি, পুনঃ কীদৃক্ দেবপর্য্যন্তদেবনঃ দেবৈরপি দীব্যত্যসৌ নায়ক ইতি ভাবঃ অস্য প্রত্যগ্বাদিনি বিরুদ্ধবাদিনি অপি প্রীতিঃ অনুরাগঃ কিং পুনঃ ঔদাসীন্যং বিদ্বেষো বা পুনঃ কীদৃক্ সত্যতয়া স্ফুরৎ সুস্পষ্টং ঈরিতং বচনং যস্য স তথাভূতো ভবতি॥ ১৩৭॥

বাবদূক ইতি অসৌ শ্রীকৃষ্ণঃ বাবদূকসুধীমূকস্থিতিকারিসুধীধবঃ বাবদূকানাং বাচালানাং সুধিয়াং পণ্ডিতানাং মূকবৎ স্থিতিং কারয়তি যা সুধীঃ সুবুদ্ধিঃ তাং ধারয়তি যঃ স ভবতীতি শেষঃ, দৃষ্টমাত্রতয়া দৃষ্টিবিষয়ীভূতত্বমাত্রেণ সর্ব্ববুধতানাং সর্ব্বজ্ঞসমূহানাং বুধতায়াঃ পাণ্ডিত্যস্য গুরুঃ আচার্য্যঃ॥ ১৩৮॥

---

আশ্রয় হইয়া থাকেন। যিনি শত্রু সকলকেও মুক্তি প্রদান করিয়া থাকেন, কিন্তু তাঁহার গুণ সমুদ্র মুক্তি-ভাগ হইতে আকর্ষণ করিয়া থাকে॥ ১৩৬॥

যিনি সংস্কৃতাদি নানা ভাষার সম্ভাষণ করিয়া দেবতা সকলকেও কৌতুক যুক্ত করিয়া থাকেন। বিরুদ্ধ বাদী লোক সকলের প্রতিও প্রীতি প্রকাশ করিয়া থাকেন। যাঁহার বাক্য সত্যতাযুক্ত॥ ১৩৭॥

যিনি বাচাল সুবুদ্ধি পণ্ডিত সকলেরও মূকত্ব সম্পাদনকারিণী বুদ্ধি ধারণ

Digitized at BRCindia.com

যোগ্যানামপি যোগ্যাশীরঙ্কানামপি শঙ্করঃ।
শরণাগতরক্ষায়াঃ শরণং শর্ম্মকর্ম্মঠঃ ॥ ১৩৯ ॥
নচ ভক্তিং বিনা সক্তিবিন্দুঃ সিন্ধুবদন্তরঃ।
সমঃ সর্ব্বত্র ভক্তানাং ভক্তইত্যপ্যসৌ সমঃ ॥ ১৪০ ॥

---

যোগ্যানামিতি যোগ্যানাম্ গুণাস্পদানাম্ সম্বন্ধে যোগ্যাশীঃ যথোপযুক্ত-বরদানকর্ত্তা ইদানীং দুর্গতদয়ালুতাং দর্শয়তি রঙ্কানাম্ দরিদ্রানামপি শঙ্করঃ মনোভীষ্টপুরকঃ কিঞ্চ শরণাগতরক্ষায়াঃ সম্বন্ধে শরণং তং বিনা অন্তৎ শরণং নাস্তি ইতি ভাবঃ পুনঃ কীদৃক্‌ ? শর্ম্মকর্ম্মঠঃ কল্যাণকর্ম্মকুশল ইতি ভাবঃ ॥ ১৩৯ ॥

নচ ভক্তিমিতি ভক্তিম্ অনুরাগং বিনা তস্য আসক্তিবিন্দুঃ লবপরিমিতা অপি আসক্তিঃ স্নেহঃ কস্যাপি সম্বন্ধে নচ ভবতি, কিঞ্চ অসৌ সিন্ধুবদন্তরঃ সমুদ্রবৎ গভীরাশয়ঃ, ব্রজাদপি কঠোরাণি মৃদুনি কুসুমাদপি লোকোত্তরাণাং চেতাংসি কোম্নু বিজ্ঞাতুমর্হতি। সমঃ সর্ব্বত্রেতি ভক্তানাম্ অনুগতানাম্ সম্বন্ধে সর্ব্বত্র কুটিলবর্জ্জিতঃ উদারঃ ইত্যর্থঃ তস্য শ্রীকৃষ্ণস্য ভক্ত ইতি অপি সমঃ তথা উদারঃ ॥ ১৪০ ॥

---

করিয়া থাকেন। যিনি দৃষ্ট হইবামাত্র সকল পণ্ডিত শ্রেণীর বুধতার অর্থাৎ পাণ্ডিত্যের গুরু হইয়া থাকেন ॥ ১৩৮ ॥

যিনি যোগ্য সকলকে যোগ্য আশীর্ব্বাদ করিয়া থাকেন, দরিদ্র সকলেরও কল্যাণকর হইয়া থাকেন। শরণাগতের রক্ষাবিষয়ে যিনি শরণ হইয়া থাকেন এবং যিনি কল্যাণময় কর্ম্মানুষ্ঠানে কর্ম্মকুশল হইয়া থাকেন ॥ ১৩৯ ॥

ভক্তি বিনা তাঁহার কাঁহারও প্রতি বিন্দু পরিমিত আসক্তি হইতে পারে না, তিনি ভক্ত সকলের সম্বন্ধে সম হইয়া থাকেন, সেই ভক্তও সর্ব্বত্র সম হইয়া থাকেন ॥ ১৪০ ॥

Digitized at BRCindia.com

ভক্তানাং ভক্ততানন্দী প্রেমস্থেমবশীকৃতঃ।
তত্তদ্রূপগুণক্রীড়াকৃতস্বাবধিবিস্ময়ঃ ॥ ১৪১ ॥
স্নেহাভিষেকাদ্বিশ্বেষাং প্রাজ্যসাম্রাজ্যপূজিতঃ।
সর্ব্বত্র স্নেহপীযূষবর্ষিনিত্যনবাম্বুদঃ ॥ ১৪২ ॥

---

ভক্তানামিতি কিঞ্চ ভক্তানাম্ ভক্ততানন্দী ভক্ততয়া সাধনেন আনন্দী আনন্দয়তি আত্মানং য স, সদানন্দোঽপি ভক্ত্যা আত্মানম্ আনন্দয়তি ইতি ভাবঃ কিঞ্চ প্রেমস্থেমবশীকৃতঃ, প্রেমস্থেম্না প্রেমগৌরবেণ বশীকৃতঃ তত্তদ্রূপগুণ ইতি তত্তদ্রূপেণ অত্যাশ্চর্য্যস্বরূপেণ রূপেণ বর্ণাকৃতিসৌন্দর্য্যেণ গুণেন ক্রীড়য়া চ কৃতঃ স্বাবধিবিস্ময়ঃ যেন স ভবতি ইতি শেষঃ অসৌ স্বকীয়ং রূপাদিকং দৃষ্ট্বা স্বয়মপি বিস্মিতো ভবতি ইতি ভাবঃ ॥ ১৪১ ॥

স্নেহাভিষেকাদিতি বিশ্বেষাং চরাচরানাং স্নেহাভিষেকাৎ স্নেহেন যোঽভিষেকঃ অভিষেচনং তস্মাৎ জ্ঞাপকত্বহেতোঃ প্রাজ্যসাম্রাজ্যপূজিতঃ প্রাজ্যং যথেষ্টং সাম্রাজ্যং তত্র পূজিতঃ ইতি অনুমিতিঃ ইয়ং স্নেহাভিষেক-বিশেষহেতুকা কিঞ্চম্ সর্ব্বত্র স্নেহ এব পীযূষং তদ্বর্ষতি স্নেহপীযূষবর্ষী স চ নিত্যশ্চ নবশ্চ অম্বুদঃ মেঘশ্চেতি স্নেহপীযূষবর্ষিনিত্যনবাম্বুদঃ তদ্রূপঃ স ভবতি এতেন তস্যাপূর্ব্বমেঘত্বং সূচিতং ॥ ১৪২ ॥

---

যিনি ভক্ত সকলের ভক্ততা দ্বারা আপনাকে আনন্দিত করিয়া থাকেন এবং প্রেমের স্থিরতা দ্বারা বশীকৃত হইয়া থাকেন, সেই সেই রূপ গুণ ও ক্রীড়া দ্বারা নিজকেও বিস্ময় যুক্ত করিয়া থাকেন ॥ ১৪১ ॥

যিনি বিশ্ব অর্থাৎ সকলের স্নেহ দ্বারা অভিষিক্ত হইয়া বিস্তীর্ণ সাম্রাজ্যেই অধিষ্ঠিত হইতেছেন। তিনি সর্ব্বত্র স্নেহরূপ অমৃত বর্ষণকারী নিত্য নূতন মেঘস্বরূপ হইয়াছেন ॥ ১৪২ ॥

Digitized at BRCindia.com

গোষ্ঠবৃন্দাটবীশংসিবংশীগানমধূন্মদঃ।
নিজপ্রিয়াবলীভাগ্যস্পৃহি বিষ্ণুপ্রিয়ার্চ্চিতঃ॥ ১৪৩॥
কিম্বহূক্তেন সূক্তেন সূক্তেন শ্রূয়তামিদং।
কৃষ্ণ এবহি কৃষ্ণঃস্যাৎ কৃষ্ণস্যাৎ কৃষ্ণ এবহি॥ ১৪৪॥
পূর্ব্ববদেকোনত্রিংশভিঃ॥
যস্তাদৃগ্‌গুণবান্‌গোষ্ঠং নাত্যন্তং ত্যক্তুমর্হতি।
তাদৃগ্‌গুণান্বয়িপ্রেম্না তস্য বদ্ধশ্চ তদ্যথা॥ ১৪৫॥

---

গোষ্ঠবৃন্দাটবীতি গোষ্ঠঃ চ বৃন্দাটবী চ, গোষ্ঠবৃন্দাটব্যৌ তয়োঃ শংসিনী যা বংশী তস্যা গানমেব মধু তেন উন্মদঃ মত্ততাযুক্তঃ, নিজপ্রিয়ানাং গোপীনাং আবলী পংক্তিঃ তস্যা ভাগ্যং স্পৃহয়তি যা কমলা তয়া অর্চ্চিতঃ॥ ১৪৩॥

কিম্বহূক্তেনেতি সূক্তেন শোভনৈঃপণ্ডিতৈরুক্তেন সূক্তেন বর্ণণেন বহুনা কিম্ ভবেৎ, ইদং সর্ব্বস্বং শ্রূয়তাং মত্তঃ, কৃষ্ণ কৃষ্ণ এব, ইত্যাদি কুত্রাপি অন্যত্র কৃষ্ণস্তোপমা নাস্তি ইতি ভাবঃ॥ ১৪৪॥

যস্তাদৃগ্ গুণবান্ ইতি যঃ শ্রীকৃষ্ণঃ তাদৃগ্ গুণবান্ অসাধারণগুণমণ্ডিতঃ অপি গোষ্ঠং ব্রজং ত্যক্তুং অত্যন্তং ন অর্হতি ন সমর্থো ভবতি তদ্ধেতুমাহ তস্য ব্রজস্য ব্রজবাসিনাম্ ইত্যর্থঃ তাদৃগ্‌গুণান্বয়িপ্রেম্না কৃষ্ণবন্ধনাকূলগুণযুক্তানুরাগেণ বদ্ধঃ, যথা তদ্‌গোষ্ঠং শ্রীকৃষ্ণেন বদ্ধং॥ ১৪৫॥

---

গোষ্ঠ ও বৃন্দাবনে বংশী গানের মধু দ্বারা উন্মত্ত হইয়া থাকেন, তাঁহার নিজ নিজ প্রিয়াবলী অর্থাৎ গোপী সকলের ন্যায় ভাগ্য স্পৃহাকারিণী কমলা দ্বারা অর্চ্চিত হইয়া থাকেন॥ ১৪৩॥

বহু কথায় প্রয়োজন কি? সংক্ষেপে এই কথা শ্রবণ করুন। কৃষ্ণই কৃষ্ণ হইয়া থাকেন কৃষ্ণ কৃষ্ণই হইয়া থাকেন॥ ১৪৪॥

যিনি তাদৃশ গুণবান্ হইয়াও গোষ্ঠ পরিত্যাগে কোনমতেই সমর্থ হয়েন

Digitized at BRCindia.com

দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাংনোব্রজৌকসাং।
নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং॥ ১৪৬॥
পূর্ব্ববদেব যুগ্মকং॥
যঃ সজ্জন্ কালিয়ক্রোড়ং ব্রজং সজ্জন্তমাত্মনি।
বিমৃশন্নুন্মমজ্জ দ্রাগ্ বর্দ্ধন্ হর্ষং জগত্যপি॥ ১৪৭॥
যঃ শক্রে বক্রতাং পশ্যন্ প্রেম্না যন্ ব্রজবশ্যতাং।
হৃদ্যার্থং তমিমং বিদ্বানত্র ব্যানগ্ যথার্থতাং॥ ১৪৮॥

---

দুস্ত্যজ ইতি দশমস্কন্ধশ্লোকঃ॥ ১৪৬॥

যঃ সজ্জন্ ইতি শ্রীকৃষ্ণঃ কালিয়ক্রোড়ং সজ্জন্ নিমগ্নঃ সন্ আত্মনি ব্রজং নন্দাদীন্ সজ্জন্তং বিমৃশন্ বিচারয়ন্, মম কালিয়সঙ্গতিং বীক্ষ্য ব্রজবাসিনঃ সর্ব্বে নিতরাং দুঃখপীড়িতা ইতি বিতর্ক্য দ্রাক্ ঝটিতি জগতি চরাচরে হর্ষং বর্দ্ধন্ উন্মমজ্জ, কালিয়শিরসি ননর্ত্ত ইতি যাবৎ॥ ১৪৭॥

যঃ শক্র ইতি যঃ শ্রীকৃষ্ণঃ শক্রে ইন্দ্রে বক্রতাম্ কুটিলতাম্ পশ্যন্ গণয়ন্ প্রেম্না ব্রজবশ্যতাম্ যন্ গচ্ছন্ ব্রজাকৃষ্টচেতা সন্ ইতি ভাবঃ বিদ্বান্ হিতাহিত-বিবেকবান্ যথার্থতঃ তমিমং হৃদ্যার্থং হৃদয়গ্রাহ্যর্থং ব্যানগ্ কথিতবান্॥ ১৪৮॥

---

না, কারণ তিনি সেই গোষ্ঠের তাদৃশ গুণযুক্ত প্রেম দ্বারা বদ্ধ হইয়াছেন, সেই গোষ্ঠও তাঁহার প্রেমে বদ্ধ হইয়াছে॥ ১৪৫॥

হে নন্দ! আপনার এই পুত্রে মাদৃশ ব্রজবাসি সকলের দুস্ত্যজ অনুরাগ অনুভূত হইতেছে, আমাদের অন্তরে এইরূপ ভাবের উৎপত্তি কি জন্য হইতেছে?॥ ১৪৬॥

যিনি কালিয় ক্রোড়ে সঙ্গত হইলে সমস্ত ব্রজ অর্থাৎ নন্দাদি যেন কৃষ্ণেতেই লগ্ন হইয়াছিলেন অর্থাৎ তাঁহার দুঃখে ব্রজবাসিবৃন্দ আত্ম সমর্পণ করিয়াছিলেন। তখন তিনি ব্রজবাসিবৃন্দের এই অসহনীয় অবস্থা বিবেচনা করিয়া জগতে হর্ষ বিস্তার করিয়া উত্থিত হইয়াছিলেন॥ ১৪৭॥

Digitized at BRCindia.com

তস্মান্মচ্ছরণং গোষ্ঠং মন্নাথং মৎপরিগ্রহং।
গোপায়ে স্বাত্মযোগেন সোঽয়ং মে ব্রত আহিতঃ ॥ ১৪৯ ॥
পূর্ব্ববদেব যুগ্মকং ॥

যঃ সঙ্কল্পং ব্যধাদেবং কিঞ্চ ভূধরধারণং।
সপ্ত তত্রাপ্যহোরাত্রাংস্তন্মাত্রাঙ্গীকৃতিস্থিতিঃ ॥ ১৫০ ॥
কিঞ্চ যঃ সখিবৎসেষু লুঞ্চিতেষু বিরিঞ্চিনা।
সসর্জ্জান্যাংস্তদাকারান্ পরংস্বেন পরেণ ন ॥ ১৫১ ॥

---

তস্মান্মচ্ছরণমিতি মচ্ছরণং মদাশ্রিতং গোষ্ঠং ব্রজং স্বাত্মযোগেন, স্বশক্ত্যা গোপায়ে রক্ষামি সোঽয়ং মে আহিতঃ অঙ্গীকৃতঃ ব্রতঃ নিষ্ঠা, সর্ব্বদুঃখেভ্য ব্রজবাসিনো রক্ষিষ্যামি' ইতি ভাবঃ ॥ ১৪৯ ॥

যঃ সঙ্কল্পমিতি যঃ শ্রীকৃষ্ণঃ এবং সঙ্কল্প্য ভূধরধারণং গোবর্দ্ধনধারণং ব্যধাৎ কৃতবান্ তত্রাপি সপ্ত অহোরাত্রান্ ব্যাপ্য তন্মাত্রস্ত গোবর্দ্ধনপর্ব্বতমাত্রস্ত অঙ্গীকৃতৌস্থিতিঃ যস্ত সঃ ॥ ১৫০ ॥

কিঞ্চ য ইতি কিঞ্চ যঃ শ্রীকৃষ্ণঃ সখিবৎসেষু বিরিঞ্চিনা চতুর্মুখেন লুঞ্চিতেষু অপহৃতেষু স্বেন সমবায়েন তদাকারান্ অন্যান্ সসর্জ্জ ন পরেণ ॥ ১৫১ ॥

---

ইন্দ্রের কুটিলতা অবগত হইয়া প্রেমবলে ব্রজের বশীভূত হইয়া সেই বিদ্বান্ আপনার মনোভিপ্রায় ব্যক্ত করিয়াছিলেন ॥ ১৪৮ ॥

আমি এই গোষ্ঠের শরণ, আমিই এই গোষ্ঠের নাথ, আমি গোষ্ঠ পরিগ্রহ করিয়াছি, আমি স্বীয় আত্মযোগে এই গোষ্ঠ রক্ষা করিব, এইরূপ ব্রতও অঙ্গীকার করিয়াছি ॥ ১৪৯ ॥

যিনি ভূধর ধারণ বিষয়ে সংকল্প করিয়াছিলেন এবং সপ্ত অহোরাত্র পর্য্যন্ত সেই গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়াছিলেন ॥ ১৫০ ॥

ব্রহ্মা কর্ত্তৃক সখি ও বৎস সকল অপহৃত হইলে যিনি নিজ দ্বারাই যথার্থ

Digitized at BRCindia.com

তথাপ্যনির্বৃতিং গচ্ছংস্তানাযচ্ছদ্বিরিঞ্চিতঃ।
স্বপ্রেমাধিকতৎপ্রেমবশতামাসদদ্ যতঃ ॥ ১৫২ ॥

পূর্ব্ববদেব যুগ্মকং

যস্তান্ স্বস্মিন্ বকগ্রস্তে গ্রস্তেহাপ্রাণতামিতান্।
স্বমাত্রপ্রাণপাত্রাঙ্গান্ বিদন্ বিন্দন্নপি স্থিতঃ ॥ ১৫৩ ॥

---

তথাপ্যনির্বৃতিমিতি তথাপি আত্মনা সর্ব্বরূপতাং গচ্ছত্যপি অনির্বৃতিং অশান্তিং গচ্ছন্ বিরিঞ্চিতঃ তান্ সখিবৎসান্ আযচ্ছৎ গৃহীতবান্। তদ্ধেতুমাহ যতঃ স্বপ্রেম্নঃ তান্ প্রতি স্বনিষ্ঠঃ যঃ প্রেমা তস্মাৎ অধিকঃ তৎপ্রেমা তেষাং সখিবৎসানাং কৃষ্ণং প্রতি প্রেমা তেন বশতাম্ অধীনতাম্ আসদৎ অগচ্ছৎ সখিবৎসনিষ্ঠঃ প্রেমা কৃষ্ণনিষ্ঠপ্রেম্নঃ অধিক ইতি হেতোঃ শ্রীকৃষ্ণঃ তৎপ্রেম-সুখমনুভবিতুং তান্ পুনরানয়ৎ ব্রহ্মতঃ ॥ ১৫২ ॥

যস্তানিতি যঃ শ্রীকৃষ্ণঃ স্বস্মিন্ বকগ্রস্তে সতি তান্ গ্রস্তেহাপ্রাণতামিতান্ গ্রস্তা ঈহা প্রাণাশ্চ যেষাং ইতি তস্য ভাবঃ গ্রস্তেহাপ্রাণতা তয়ামিতান্ লক্ষিতান্ স্বমাত্রপ্রাণপাত্রাঙ্গান্ স্বমাত্রং শ্রীকৃষ্ণমাত্রং প্রাণপাত্রম্ যস্য তথাভূতং অঙ্গং যেষাং তথাভূতান্ বিন্দন্ জানন্, অহহ অলং ক্লেশেন এষাং বরাকানাম্ ইতি বিচিন্ত্য ভিন্দন্ চঞ্চুপুটম্ অপি স্থিতঃ ॥ ১৫৩ ॥

---

বৎস ও বৎসপালের ন্যায় অন্য অন্য আকার সৃষ্টি করিয়াছিলেন। সেই অভিনব সৃষ্ট আকার সমুদয় মায়িক নহে, কারণ অপর উপাদানে নির্ম্মিত নহে ॥ ১৫১ ॥

তথাপি তিনি স্বাস্থ্য লাভ করিতে না পারিয়া ব্রহ্মা হইতে তাঁহাদিগকে আনয়ন করিয়াছিলেন। কারণ স্বনিষ্ঠপ্রেম হইতে সখি বৎস নিষ্ঠ প্রেমের আধিক্য বলে তিনি বশীভূত হইয়াছিলেন ॥ ১৫২ ॥

যিনি স্বয়ং বকাসুর কর্ত্তৃক গ্রস্ত হইলে সখিবর্গকেও চেষ্টা ও প্রাণ রহিত রূপে অবলোকন করিয়া এবং নিজকেই তাঁহাদের অঙ্গের প্রাণস্বরূপ অব-লোকন করিয়া বকাসুরকে ভেদ করিয়া অবস্থিত হইয়াছিলেন ॥ ১৫৩ ॥



Digitized at BRCindia.com

যস্তেষ্বঘনিগীর্ণেষু স্বয়ং কীর্ণেহিতাং ব্রজন্।
তদ্গণান্তর্বিশন্নাত্মনির্বিশেষান্ বিবেদ তান্ ॥ ১৫৪ ॥
যস্তত্রাপ্যদ্ভুতং প্রেম শ্রীমন্নন্দযশোদয়োঃ।
দম্পত্যোর্নিতরামাসীদ্গোপগোপীষ্বিতি স্মরন্ ॥ ১৫৫ ॥
সদাপি বেদবদ্বেদ তদশেষবিদাম্বরঃ।
যদেব শুকদেবাদ্যা বাদ্যাভং জগুরুচ্চকৈঃ ॥ ১৫৬ ॥

---

যস্তেষ্বঘনিগীর্ণেম্বিতি যঃ তেষু সখিষু অঘনিগীর্ণেষু অঘেন সর্পাকারাসুরেন নিগীর্ণেষু গিলিতেষু স্বয়মপি সখীন্ দুর্গতান্ দৃষ্ট্বা কীর্ণেহিতাং বিক্ষিপ্তচেষ্টতাং ব্রজন্ তেষাং দুঃখেন স্বয়মপি ক্ষণং মুগ্ধঃ সন্ তদ্গণান্তর্বিশন্ সর্পমুখগহ্বরে দুর্গতৈঃ সখিভিঃ মিলিতঃ তান্ আত্মনির্বিশেষান্ আত্মনা নির্বিশেষান্ বিশেষরহিতান্ বিবেদ জ্ঞাতবান্, সখিবর্গ ! যুষ্মাকং যা গতিঃ মমাপি সা ভবতু ইতি ভাবঃ ॥ ১৫৪ ॥

যস্তত্রাপ্যদ্ভুতং প্রেমেতি যঃ শ্রীকৃষ্ণঃ শ্রীমন্নন্দযশোদয়োঃ তত্র শ্রীকৃষ্ণে অর্থাৎ স্বস্মিন্ অদ্ভুতং যৎ প্রেম আসীৎ, দম্পত্যোর্নিতরাম্ আসীৎ গোপগোপীষু ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে অষ্টমাধ্যায়ে শুকপঠিতং শ্লোকং স্মরন্ অশেষ-বিদাম্বরঃ নিখিলতত্ত্বজ্ঞঃ সদাপি বেদবৎ তৎ প্রেম বেদ শুকদেবাদ্যা যৎপ্রেম বাদ্যাভং দুন্দুভিনাদবৎ উচ্চৈকৈঃ জগুঃ ভূয়োভূয়ঃ স্পষ্টং বর্ণিতবন্ত ইতি ভাবঃ ॥ ১৫৫—১৫৬ ॥

---

অঘাসুর কর্তৃক সখিবর্গ গিলিত হইলে যিনি চেষ্টা রহিত হইয়াছিলেন। পরে তিনি তাঁহাদের গণের মধ্যে প্রবেশ করিয়াছিলেন অর্থাৎ সর্পমুখেই প্রবেশ করিয়াছিলেন। কারণ তিনি তাঁহাদিগকে আত্মনির্বিশেষ অর্থাৎ আত্ম হইতে অভিন্নরূপে অবগত আছেন ॥ ১৫৪ ॥

সেই গোপ গোপী সকল মধ্যে নন্দ যশোদারূপ দম্পতিরই কৃষ্ণের প্রতি অদ্ভুত প্রেম বর্তমান ছিল, ইহা স্মরণ করিয়া সেই সর্বজ্ঞ শিরোমণি সেই

Digitized at BRCindia.com

যঃ স্বীয়ামৃণিতাং ব্যক্তাং ত্যক্তাং কর্ত্তুমশক্নুবন্।
ন পারয়েহমিত্যাদ্যং প্রতিজজ্ঞে প্রিয়াঃ প্রতি ॥ ১৫৭ ॥
যঃ কংসাদ্যান্ দন্তবক্রপ্রাপ্তান্ সান্বয়ান্ বিনির্ম্মমে।
তদ্বিনা ব্রজমাগন্তুং শান্তিঃ স্যান্নেত্যচিন্তয়ৎ ॥ ১৫৮ ॥

---

যঃ স্বীয়ামিতি যঃ শ্রীকৃষ্ণঃ ব্যক্তাং চরাচরপ্রকটিতাং স্বীয়াং ঋণিতাং অধমর্ণতাং ত্যক্তাম্ হীনাং কর্ত্তুম্ অশক্নুবন্ অসমর্থঃ সন্ ন পারয়েহহমিতি শ্রীমদ্ভাগবতদশমস্কন্ধে দ্বাত্রিংশাধ্যায়ে পঠিতং শ্লোকং অপি পঠিত্বা প্রিয়াঃ প্রতি প্রতিজজ্ঞে প্রতিজ্ঞাতবান্ হে গোপ্যঃ ভবতাং অদেয়দায়িত্বাৎ অহং ঋণী এব ॥ ১৫৭ ॥

যঃ কংসাদ্যান্ ইতি যঃ শ্রীকৃষ্ণঃ দন্তবক্রপ্রাপ্তান্ দন্তবক্রেণ প্রাপ্তান্ যুক্তান্ কংসাদ্যান্ সান্বয়ান্ অন্বয়েন মৃত্যুনা সহ বর্ত্তমানান্ বিনির্ম্মমে কৃতবান্ তদ্ বিনা দুষ্টাসুরানাং বধং বিনা ব্রজমাগন্তুম্ শান্তির্ন স্যাৎ ইত্যচিন্তয়ৎ অন্যথাহসুরৈঃ পুনঃ পুনঃ ব্রজম্ আক্রান্তং ভবিষ্যতি ইতি ভাবঃ ॥ ১৫৮ ॥

---

প্রেম বেদের ন্যায় অবগত হইয়াছিলেন। যে বিষয় শ্রীশুকদেব প্রভৃতি দুন্দুভি শব্দের ন্যায় উচ্চ করিয়া গান করিয়াছেন ॥ ১৫৫—১৫৬ ॥

যিনি স্বীয় খ্যাত অধমর্ণতা পরিত্যাগ করিতে অসমর্থ হইয়া প্রিয়া সকলের প্রতি "ন পারয়েহহম" ইত্যাদি শ্লোক পাঠ করিয়া প্রিয়া সকলের সমীপে প্রতিজ্ঞা করিয়াছিলেন ॥ ১৫৭ ॥

যিনি দন্তবক্র কর্ত্তৃক পরিবর্দ্ধিত কংসাদিকে নিপাত করিয়াছিলেন। কারণ তিনি চিন্তা করিয়াছিলেন যে তাহাদিগকে অগ্রে বিনাশ না করিলে ব্রজে শান্তি সঞ্চার হইবে না ॥ ১৫৮ ॥

Digitized at BRCindia.com

যস্তন্মধ্যে সমুৎকণ্ঠামকুণ্ঠাং শময়ন্নিব।
স্বস্থান্ কর্ত্তুং ব্রজান্তঃস্থান্ মুহুঃ সান্ত্বনমাদধে ॥ ১৫৯ ॥
যঃ স্বপ্রস্থানসময়ে শরীরস্থা ইমা নহি।
ভবেযুরিতি সংজজ্ঞে প্রতিজজ্ঞে নিজাগতিং ॥ ১৬০ ॥
যস্তত্র শুকদেবেন দ্রাঘিতঃ শ্লাঘিতঃ স্তুতঃ।
উভয়েষাং প্রেমসাম্যং ব্যঞ্জতা ব্যঞ্জিতাস্পদঃ ॥ ১৬১ ॥

---

যস্তন্মধ্য ইতি যঃ শ্রীকৃষ্ণঃ তন্মধ্যে স্বকর্ত্তৃককংসাদ্যসুরবিনাশোপলক্ষিত-বিরহকালে অকুণ্ঠাম্ অব্যাহতাং সমুৎকণ্ঠাম্ উদ্বিগ্নতাং শময়ন্ ইব ব্রজান্তঃ-স্থান্ স্বস্থান্ শান্তান্ কর্ত্তুং মুহুঃ সান্ত্বনং প্রবোধম্ আদধে কৃতবান্ ইতি ॥১৫৯॥

যঃ স্বপ্রস্থান ইতি যঃ শ্রীকৃষ্ণঃ স্বপ্রস্থানসময়ে স্বস্য মথুরাপ্রস্থানকালে ইমা ব্রজবাসিনঃ শরীরস্থা নহি ভবেযুরিতি সংজজ্ঞে নির্দ্ধারিতবান্ ইতি হেতোঃ ইমাঃ প্রিয়াঃ গোপীঃ প্রতি অহং ঝটিতি আযাস্যামি ইত্যাকারেণ নিজাং গতিং প্রতিজজ্ঞে, ॥ ১৬০ ॥

যস্তত্রশুকেতি যঃ শ্রীকৃষ্ণঃ তত্র শ্রীকৃষ্ণপ্রয়াণসময়ে উভয়েষাং কৃষ্ণ-গোপীনাম্ প্রেমসাম্যং সমপরিমাণতাম্ ব্যঞ্জতা প্রকটয়তা শুকদেবেন দ্রাঘিতঃ শক্তিমত্ত্বেন পরিচায়িতঃ, শ্লাঘিতঃ শ্লাঘাবত্ত্বেন কথিতঃ স্তুতঃ, ব্যঞ্জিতাস্পদঃ, সর্ব্বমাননীয়পদাভিষিক্তঃ ॥ ১৬১ ॥

---

এই সকল কার্য্য যখন নিষ্পাদিত হইবে, তখন ইহাঁদের অতি প্রবল সমুৎকণ্ঠা উত্থিত হইবে, যিনি ইহা বিবেচনা করিয়া ব্রজবাসি সকলকে শান্ত করিবার জন্য বারম্বার সান্ত্বনা করিয়াছিলেন ॥ ১৫৯ ॥

যিনি নিজের মথুরা প্রস্থান কালে এই গোপী সকল শরীরস্থ হইবেন না, এই বিবেচনা করিয়া নিজের আগমন বিষয়ে প্রতিজ্ঞা করিয়াছিলেন ॥ ১৬০ ॥

যিনি মথুরা প্রস্থান কালে কৃষ্ণ ও গোপী এই উভয়ের প্রেম সাম্য অবলো-কন করিয়া যাঁহাকে অতিশয় প্রশংসা ও স্তব করিয়াছিলেন ॥ ১৬১ ॥

Digitized at BRCindia.com

তাস্তথা তপ্যতীর্বীক্ষ্য স্বপ্রস্থানে যদূত্তমঃ।
সান্ত্বয়ামাস সপ্রেম আয়াস্য ইতি দৌত্যকৈঃ ॥ ১৬২ ॥
পূর্ব্ববদ্‌যুগ্মকং ॥

যঃ কংসঘ্নঃ শশংসেদং হরিবংশেঽপ্যনূদিতং।
নিশ্বাসা যস্য বেদাঃ স্যুস্তদেতৎকথমন্যথা ॥ ১৬৩ ॥
অহং স এব গোমধ্যে গোপৈঃ সহ বনেচরঃ।
প্রীতিমান্ বিচরিষ্যামি কামচারী যথাগজঃ ॥ ১৬৪ ॥
পূর্ব্ববদ্‌যুগ্মকং ॥

---

তাস্তথা তপ্যতীর্বীক্ষ্যেতি তপ্যতীঃ সন্তপ্যমানা, আয়াস্যে শীঘ্রমাগমিষ্যামীতি দূতবাক্যৈঃ ইতি শ্রীধরস্বামিচরণৈঃ ॥ ১৬২ ॥

যঃ কংসঘ্ন ইতি যঃ কংসঘ্ন ইদং শশংস কথিতবান্ পূর্ব্বোক্তমিতি ভাবঃ হরিবংশেঽপ্যনূদিতং যস্য নিঃশ্বাসা বেদাঃ স্যুঃ তস্য ব্রজে পুনঃ প্রত্যাগমনং কথমন্যথা ভবেৎ ॥ ১৬৩ ॥

পুনর্হরিবংশবাক্যং প্রদর্শয়তি অহং স এবেতি স এবাহং গোমধ্যে গোপৈঃ গোপালৈঃ সহ বনেচরঃ বনবিহারী অতএব প্রীতিমান্ আহ্লাদিতঃ সন্ যথা কামচারী গজঃ তথা স্বচ্ছন্দং বিচরিষ্যামি ॥ ১৬৪ ॥

---

সেই যদূত্তম শ্রীকৃষ্ণ মথুরা প্রস্থান কালে গোপীদিগকে সন্তাপত্রস্তা নিরীক্ষণ করিয়া আমি শীঘ্রই প্রত্যাগমন করিব, এই প্রেমময় বাক্যে তাঁহাদিগকে সান্ত্বনা করিয়াছিলেন ॥ ১৬২ ॥

যে কংসহন্তা এই কথা বলিয়াছিলেন ইহা হরিবংশেও অনূদিত হইয়াছে। বেদ সকল যাঁহার নিশ্বাস স্বরূপ, তাঁহার বাক্য কিরূপে অন্যথা হইতে পারে? ॥ ১৬৩ ॥

সেই আমি বনেচর হইয়া প্রীতিপূর্ণ মানসে স্বচ্ছন্দচারী হস্তীর ন্যায় গো সকলের মধ্যে গোপ সকলের সহিত বিচরণ করিব ॥ ১৬৪ ॥

Digitized at BRCindia.com

যঃ কংসে লম্ভিতধ্বংসে স্বংবিনাতিবিলম্বিতং।
কুর্ব্বন্তং পিতরং প্রোচে শোচেঃকথমিতঃ পিতঃ॥ ১৬৫॥
যাত যূয়ং ব্রজং তাত! বয়ঞ্চ স্নেহদুঃখিতান্।
জ্ঞাতীন্ বো দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং সুখং॥ ১৬৬॥
স্নেহেন দুঃখিতান্নিত্যেতৎপ্রোচ্য স্নেহবস্তুনি।
অতৃপ্তিং ব্যানগত্রাপি দ্রষ্টুমিত্যেব দর্শনং॥ ১৬৭॥

---

যঃ কংস ইতি যঃ শ্রীকৃষ্ণঃ কংসে উগ্রসেনসুতে মথুরাধীশে লম্ভিতধ্বংসে মৃত্যুমুখং প্রাপিতে সতি স্বম্ আত্মানং অর্থাৎ শ্রীকৃষ্ণং বিনা অতি বিলম্বিতং কুর্ব্বন্তং কৃষ্ণং বিনা বয়ং কথং ব্রজং যাস্তাম ইতি বিবিচ্য পিতরং নন্দং প্রোচে কথিতবান্ হে পিতঃ ইতঃ হেতোঃ কথং শোচেঃ?॥ ১৬৫॥

যাত যূয়মিতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে পঞ্চচত্বারিংশাধ্যায়ে যাত যূয়মিতি শ্লোকঃ হে তাত! যূয়ং ব্রজং যাত গচ্ছত, বয়ঞ্চ স্নেহদুঃখিতান্ মদ্বিরহোত্থ-স্নেহকাতরান্ জ্ঞাতীন্ বঃ যুষ্মান্ পুনঃ দ্রষ্টুম্ এষ্যামঃ গমিষ্যামঃ কদা তদাহ সুহৃদাং যদূনাং সুখং বিধায় শত্রুমারণাদিনেতি ভাবঃ॥ ১৬৬॥

স্নেহেণ দুঃখিতান্ ইতি স্নেহেন দুঃখিতান্ কাতরান্ ইতি এতৎ পূর্ব্বোক্তং প্রোচ্য স্নেহবস্তুনি স্নেহ এব বস্তু তদ্বিষয়ে অতৃপ্তিং ব্যানক্ গতবান্, বক্তুং

---

কংস বিনাশ প্রাপ্ত হইলে তাঁহাকে পরিত্যাগ করিয়া পিতা অর্থাৎ নন্দ ব্রজ গমন বিষয়ে অত্যন্ত বিলম্ব করিলে যিনি তাঁহাকে বলিয়াছিলেন হে পিতঃ! আপনি ইহার জন্য শোক প্রকাশ করিতেছেন কেন?॥ ১৬৫॥

হে তাত! আপনারা ব্রজে গমন করুন, আমি সুহৃৎ সকলের অর্থাৎ বসুদেবাদির সুখ বিধান করিয়া জ্ঞাতি স্বরূপ আপনাদিগকে দেখিতে গমন করিব॥ ১৬৬॥

স্নেহ হেতু দুঃখিত, এই কথা দ্বারা স্নেহময় বস্তুতে অতৃপ্তি ব্যক্ত করিয়াছিলেন, "দ্রষ্টুম্" এই পদ দ্বারা দর্শন বোধিত হইতেছে॥ ১৬৭॥

Digitized at BRCindia.com

পুরুষার্থতয়াবোচদ্ ভাবিকালতয়াপিচ।
অতৃপ্তের্ভাবিকালস্য চানন্ত্যাত্তদনন্তকং ॥ ১৬৮ ॥
তাতজ্ঞাতিপদাভ্যাঞ্চ তদ্‌যুক্তমিদমুক্তবান্।
সুহৃদাং সুখমিত্যাখ্যাস্যতে যদ্বত্তথা নহি ॥ ১৬৯ ॥

---

এবমাশয়ঃ এষ্যামি মাত্রকথনে এষাং মৎপিত্রাদীনাম্ নিতরাং স্নেহকাতরাণাং চিত্তশান্তির্ন ভবিষ্যতি অতঃ পুনঃ দ্রষ্টুম্ ইতি কথিতবান্॥ ১৬৭ ॥

পুরুষার্থতয়েতি পূর্ব্বশ্লোকপঠিতং দর্শনং পুরুষার্থতয়া বিধেয়তয়া ভাবিকালতয়া চ ভবিষ্যৎকালনিষ্ঠতয়াচ অবোচৎ শ্রীকৃষ্ণঃ কথিতবান্ তচ্চ কৃষ্ণকর্ত্তৃকনন্দাদিদর্শনং অনন্তকং অনবচ্ছিন্নং তত্র হেতুমাহ অতৃপ্তেঃ দর্শনস্য তৃপ্ত্যভাবশ্রবণাৎ, ভবিষ্যৎকালস্য আনন্ত্যাচ্চ ॥ ১৬৮ ॥

তাতজ্ঞাতীতি শ্রীকৃষ্ণঃ তদ্ তাতজ্ঞাতি ইতি পদাভ্যাং যুক্তং উচিতম্ উক্তবান্ নন্দস্তু পিতৃত্বেন সম্বোধিতবান্ বসুদেবাদীন্ সুহৃৎপদেনোল্লিখিতবান্ তদাশয়ং বিবৃণোমি সুহৃদাং সুখমিতি যদ্বৎ সুহৃদাং সুখমিতি আখ্যাস্যতে তথা নন্দাদীনাং নহি ভবতি অর্থাৎনন্দস্তু কৃষ্ণঃ তাতং জ্ঞাতিং মেনে বসুদেবাদীন্ সুহৃদো মেনে, যস্য সুখমাত্রমিচ্ছতি স সুহৃদ্ ইতি ভাবঃ ॥ ১৬৯ ॥

---

সেই শ্রীকৃষ্ণ সেই দর্শনকে পুরুষার্থরূপে অর্থাৎ মুখ্য উদ্দেশ্যরূপে এবং ভবিষ্যৎকাল-বর্ত্তিত্বরূপে বর্ণন করিয়াছিলেন। সেই দর্শন অনন্ত অর্থাৎ অক্ষয়-রূপে বর্ণন করিয়াছিলেন, কারণ "চতুম্" প্রত্যয় দ্বারা সূচিত তৃপ্ত্যভাব এবং ভবিষ্যৎকালের অবিচ্ছিন্নতা দর্শনের আনন্ত্য সমর্থিত করিতেছে ॥ ১৬৮ ॥

সেই শ্রীকৃষ্ণ তাত পদ ও জ্ঞাতি পদ দ্বারা উপযুক্ত কথাই বলিয়াছিলেন। কারণ তিনি সুহৃৎ বসুদেবাদি প্রতি যে প্রকার সুখ মাত্র বিধান করিয়াছিলেন নন্দাদির প্রতি সেরূপ বিধান করেন নাই ॥ ১৬৯ ॥

Digitized at BRCindia.com

সুহৃচ্ছব্দেনোপকার্য্যোপকারিত্বং প্রতীয়তে।
সুখঞ্চ সুহৃদাং গম্যমুপকারময়ং পরং ॥ ১৭০ ॥
বিধায়েতি চ পূর্ব্বস্য কালস্য চ্ছিন্নরূপতা।
তস্মাত্তেষাং শত্রুবধঃ সুখং যত্তৎসমাপ্স্যাতি ॥ ১৭১ ॥
জ্ঞাতীনাং স্নেহশীলানাং তত্তু বো ন সমাপ্স্যতি।
ইতি প্রোচ্যেদমব্যাক্ষীত্তেষাং ধৈর্য্যপ্রদঃ পরং ॥ ১৭২ ॥

---

সুহৃচ্ছব্দেনেতি উপকার্য্যশ্চ উপকারীচ তৌ উপকার্য্যোপকারিণৌ তয়োর্ভাবঃ উপকার্য্যোপকারিত্বং, প্রতীয়তেঽবধার্য্যতে কিঞ্চ শোভনং হৃদয়ং যস্য স সুহৃদ্ তস্মাৎ উপকারময়ঃ পরং সুখং সুহৃদাং বসুদেবাদীনাং গম্যম্ অবধারণীয়ং সুধীভিঃ ॥ ১৭০ ॥

বিধায়েতি চেতি যত্তু যাত সুখমিতি শ্লোকে বিধায় ইতি পদমস্তি ইত্যত্র ক্তাচ্ প্রত্যয়যোগাৎ পূর্ব্বকালো গম্যতে স চ পূর্ব্বকালঃ পরকালক্রিয়াচ্ছিন্নো ভবতি ভুক্ত্বা ব্রজতীতিবৎ, তদেবাহ পূর্ব্বস্য কালস্য ছিন্নেত্যাদিনা, তস্মাদ্ধেতোঃ পূর্ব্বকালনিষ্ঠক্রিয়াসাধ্যশত্রুবধজনিতং সুখং যৎ, তৎ অবশ্যং সমাপ্স্যতি ছিন্নং ভবতি ইত্যাহ তস্মাৎ তেষাং শত্রুবধেত্যাদিনা ॥ ১৭১ ॥

জ্ঞাতীনাং স্নেহশীলানাম্ ইতি স্নেহশীলানাম্ অকৃত্রিমমিত্রানাং জ্ঞাতীনাং বঃ যুষ্মাকং তৎ মদ্দর্শনজনিতসুখন্তু ন কদাচিৎ ন সমাপ্স্যতি ছিন্নং ন ভবতি তেষাং নন্দাদীনাম্ পরঃ ধৈর্য্যপ্রদঃ চিত্তসান্ত্বাকারকঃ ইতি "দ্রষ্টুং" "বিধায়" ইতি পদদ্বয়নিহিতার্থং প্রোচ্য ইদং পুনরাগমনং ব্যাক্ষীৎ প্রকটিতবান্ ॥ ১৭২॥

---

সুহৃৎ শব্দ হইতে উপকার্য্যত্ব ও উপকারিত্ব প্রতীত হইয়া থাকে। সুহৃৎ সকলের উপকারময় পরমসুখ প্রতীতির বিষয় হইয়া থাকে ॥ ১৭০ ॥

বিধায় এই পদ দ্বারা পূর্ব্বকালের ছিন্নরূপতা অর্থাৎ বিচ্ছেদ প্রতিপাদিত হইতেছে। সুতরাং তাঁহাদের শত্রু বধরূপ যে সুখ তাহা সমাপ্ত হইবে ॥ ১৭১ ॥

আপনারা আমার প্রতি স্নেহশীল জ্ঞাতি আপনাদের সেই সুখ কখনই

Digitized at BRCindia.com

মাগধাদিবধান্তস্থস্বস্থতাধাম যদ্ভবেৎ।
জরাসন্ধাদিশত্রূণাং প্রতিবন্ধানুপেক্ষ্য চ ॥
যদ্যেষাম্যনুসন্ধানং কুর্য্যুস্তত্রাপি তে দ্বিষঃ॥ ১৭৩ ॥
স্বেষামেব প্রতিজ্ঞায় ব্রজাগমনমীশ্বরঃ।
ন যূয়মত্রায়াতেতি ব্যাজ্য ব্যাঞ্জীদিদং পুনঃ॥ ১৭৪ ॥

---

মাগধাদিবধান্তস্থেতি হে পিতঃ মাগধাদিবধান্তে জরাসন্ধাদিপ্রবলবীর বধান্তে স্বস্থতা নিশ্চিন্ততা তস্যা ধাম অগারং ভবেদ্ ব্রজমিতি শেষঃ। জরাসন্ধাদিশত্রূণাং মগধপতিজরাসন্ধশিশুপালপ্রভৃতিদুর্জ্জয়বীরাণাং প্রতি বন্ধান্ বিঘ্নান্ তৈঃ করিষ্যমানান্ ইতি ভাবঃ উপেক্ষ্য অবিগণষ্য যদি ব্রজম্ এষ্যামি, তর্হি তে প্রবলা দ্বিষঃ শত্রবঃ তত্র ব্রজেঽপি নিশ্চিতঃ মম অনুসন্ধানং কুর্য্যুঃ তদা সুখময়ে ব্রজে মহান্ সম্ভ্রমো ভবিষ্যতি ॥ ১৭৩ ॥

স্বেষামেবেতি ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা স্বেষাং আত্মীয়ানাম্ এব অগ্রে পুনর্ব্রজা-গমনং প্রতিজ্ঞায় যূয়ং ব্রজবাসিনঃ অত্র মথুরায়াং ন আয়াত আগচ্ছত ইতি ব্যাজ্য কথয়িত্বা ইদং বক্ষ্যমাণং পুনঃ ব্যাঞ্জীৎ কথিতবান্ ॥ ১৭৪ ॥

---

ছিন্ন হইবে না। এই নন্দাদির ধৈর্য্যপ্রদ সেই শ্রীকৃষ্ণ এই কথা বলিয়া নিজের প্রত্যাগমন ব্যক্ত করিয়াছিলেন ॥ ১৭২ ॥

মাগধ জরাসন্ধাদি বীর সকলের বধ হইলেই ব্রজভূমি স্বাস্থ্য লাভ করিবে। যদি আমি জরাসন্ধাদি শত্রু সকলের দৌরাত্ম্য উপেক্ষা করিয়া ব্রজে গমন করি, তবে সেই শত্রু সকল নিশ্চয়ই এই ব্রজেতেও অনুসন্ধান করিবে ॥ ১৭৩ ॥

নন্দাদির সমীপে ঈশ্বর এইরূপ প্রতিজ্ঞা করিয়া বলিলেন, আপনারা এখানে আগমন করিবেন না। এই বলিয়াও পুনরায় বলিলেন ॥ ১৭৪ ॥



Digitized at BRCindia.com

যদি বাত্রভবন্তঃ স্যুর্গমাগমবিধায়িনঃ।
তথাপ্যচ্ছিন্নমৎস্নেহং জ্ঞাত্বাহন্যুর্ব্রজং দ্বিষঃ॥ ১৭৫॥
তস্মাত্তাবদ্ধীরভাবং বিধত্ত ব্রজসংসদি।
মাঞ্চ যুস্মৎপ্রিয়ং নিত্যং লালনঞ্চ সমাপ্স্যথ॥ ১৭৬॥
পূর্ব্ববন্নবভিঃ॥

---

কিন্তং তদাহ যদিবাত্রভবন্ত ইতি যদি ভবন্তঃ অত্র মথুরায়াম্ আগমবিধায়িনঃ স্যুঃ অর্থাৎ পুনরত্রাগমিষ্যন্তি ভবন্তঃ তদা তে দ্বিষঃ শত্রবঃ তথা পূর্ব্ববৎ অচ্ছিন্নমৎস্নেহং অদ্যাপি ব্রজবাসিগোপানাং শ্রীকৃষ্ণেঽবিচ্ছিন্না প্রীতিঃ ইতি অপি নিশ্চিতং জ্ঞাত্বা ব্রজং হন্যুঃ পুনঃ পুনঃ ব্রজং পীড়য়িষ্যন্তি তে দুষ্টা ইত্যর্থঃ॥ ৭৫॥

তস্মাৎ তাবদিতি তস্মাদ্ হেতোঃ ব্রজসংসদি ব্রজ এব সংসদ্ বাসস্থলী তস্যাম্ নতু অন্যত্র ধীরভাবং ধৈর্য্যং বিধত্ত কুরুত, যুস্মৎপ্রিয়ং মাং চ নিত্যং শশ্বৎ লালনং চ সমাপ্স্যথ, কিয়ৎকালং প্রতীক্ষস্তাম্ ভবতঃ ততঃ চিরসুখং ভবিষ্যতীতি ভাবঃ॥ ১৭৬॥

---

আপনারা যদি এই মথুরাতে বারম্বার আগমন করেন, তাহা হইলে সেই শত্রু সকল ব্রজের প্রতি আমার স্নেহ অচ্ছিন্ন অবগত হইয়া নিশ্চয়ই ব্রজ বিনাশ করিবে॥ ১৭৫॥

অতএব আপনারা ব্রজমণ্ডলেই ধৈর্য্য অবলম্বন করিয়া অবস্থান করুন। আপনারা নিত্যই আমাকে এবং মৎকর্ম্মক লালন প্রাপ্ত হইবেন॥ ১৭৬॥

Digitized at BRCindia.com

যঃ সঙ্গত্য গুরোর্গেহাৎ প্রতত্য স্বব্রজস্মৃতিং।
প্রাহিণোদুদ্ধবং বক্তুং সুনিশ্চিতমিদং যথা ॥ ১৭৭ ॥
হত্বা কংসং রঙ্গমধ্যে প্রতীপং সর্ব্বসাত্বতাং।
যদাহ বঃ সমাগত্য কৃষ্ণঃ সত্যং করোতি তৎ ॥ ১৭৮ ॥
আগমিষ্যত্যদীর্ঘেণ কালেন ব্রজমচ্যুতঃ।
প্রিয়ংবিধাস্যতে পিত্রোর্ভগবান্ সাত্বতাং পতিঃ ॥ ১৭৯ ॥

পূর্ব্ববৎত্রিভিঃ ॥

---

যঃ সঙ্গত্যেতি যঃ শ্রীকৃষ্ণঃ গুরোঃ আচার্য্যাৎ সঙ্গত্য অর্থাৎ বিদ্যামাদায় তস্য গেহাৎ প্রত্যাগত্য স্বব্রজস্মৃতিং পরমান্তরঙ্গনন্দগোষ্ঠস্মরণং প্রতত্য স্বচিত্তে প্রসার্য্য ইদং বক্ষ্যমানং সুনিশ্চিতং বক্তুং উদ্ধবং প্রাহিণোৎ প্রেরয়ামাস ॥ ১৭৭ ॥

হত্বা কংসমিতি রঙ্গমধ্যে সভামধ্যে সর্ব্বসাত্বতাম্ প্রতীপং শত্রুং কংসং হত্বা যুষ্মান্ যদাহ, যাতযূয়ং ব্রজং তাত বয়ঞ্চ স্নেহদুঃখিতান্ জ্ঞাতীন্ বো দ্রষ্টুমেষ্যামো বিধায় সুহৃদাং সুখম্ ইতি যদাহ কৃষ্ণঃ সমাগত্য তৎ সত্যং করিষ্যতীতি ॥ ১৭৮ ॥

আগমিষ্যত্যদীর্ঘেণ পিত্রোর্যুবয়োরিতি স্বামিপাদাঃ ॥ ১৭৯ ॥

---

যিনি গুরুগৃহ হইতে প্রত্যাবৃত্ত হইয়া স্বীয় ব্রজভূমি স্মরণ করিয়াছিলেন এবং এই সুনিশ্চিত কথা বলিবার জন্য উদ্ধবকে প্রেরণ করিয়াছিলেন ॥ ১৭৭ ॥

কৃষ্ণ সভামধ্যে সকল যাদবের শত্রু কংসকে বিনাশ করিয়া যাহা বলিয়াছেন, উনি এখানে সমাগত হইয়া তাহা সত্য করিবেন ॥ ১৭৮ ॥

অচ্যুত অর্থাৎ শ্রীকৃষ্ণ অল্পকাল পরেই ব্রজে আগমন করিবেন। ভক্ত পতি ভগবান্ জনক জননী বলিয়া আপনাদের সেবা করিবেন ॥ ১৭৯ ॥

Digitized at BRCindia.com

যঃ সাস্রমুদ্ধবং সাস্রঃ পতিস্তাসাং স্বয়ং রহঃ।
অসঙ্কোচমবোচত্তং প্রেষ্ঠমেকান্তিনং ক্বচিৎ ॥ ১৮০ ॥
গৃহীত্বা পাণিনা পাণিং প্রপন্নার্ত্তিহরো হরিঃ ॥ ১৮১ ॥
গচ্ছোদ্ধব ! ব্রজং সৌম্য ! পিত্রোর্নঃ প্রীতিমাবহ।
গোপীনাং মদ্বিয়োগাধিং মৎসন্দেশৈর্বিমোচয় ॥ ১৮২ ॥

---

যঃ সাস্রমিতি (যঃ শ্রীকৃষ্ণঃ) সাস্রঃ অস্রেণ প্রেমাশ্রুনা সহ বর্ত্তমানঃ তাসাং গোপীনাং পতিঃ যঃ শ্রীকৃষ্ণঃ সাস্রঃ প্রেমাশ্রুনা যুক্তঃ সন্ স্বয়ং রহঃ নির্জ্জনে প্রেষ্ঠং প্রিয়তমং নর্ম্মসুহৃদং একান্তিনং কৃষ্ণমাত্রপ্রাণং সাস্রং নয়নজলযুক্তম্ উদ্ধবম্ অসঙ্কোচং সবিশ্রম্ভং, অনেন পরমসুহৃদা মম রহস্যং অন্যত্র ব্যক্তং ন ভবিষ্যতীতি বিজ্ঞায় ইত্থম্ অবোচৎ ॥ ১৮০ ॥

গৃহীত্বেতি প্রপন্নার্ত্তিহরঃ শরণাগতপীড়াহারকঃ হরিঃ শ্রীকৃষ্ণঃ পাণিনা স্বকীয়েন উদ্ধবস্য পাণিং গৃহীত্বা ধৃত্বা বন্ধুত্বং দ্রঢ়য়ন্নিত্যর্থঃ তমুদ্ধবমাহ ইতি পূর্ব্বার্দ্ধেনান্বয়ঃ তমাহ ভগবান্ প্রেষ্ঠ ভক্তমেকান্তিনং ক্বচিৎ গৃহীত্বা পাণিনা পাণিং প্রপন্নার্ত্তিহরোহরিঃ। ইতি দশমস্কন্ধস্য ষট্চত্বারিংশাধ্যায়ে দ্বিতীয়ঃ শ্লোকঃ ॥ ১৮১ ॥

গচ্ছোদ্ধবেতি হে উদ্ধব! হে সৌম্য ! প্রসন্নমুখ! সৌম্যেতি পদেন দূতস্য কার্য্যসাধকত্বং সূচয়তি বক্তা। ব্রজং নন্দগোষ্ঠং গচ্ছ ব্রজ, তত্র কিং কর্ত্তব্যমিত্যত আহ, পিত্রোঃ নন্দযশোদয়োঃ মদ্‌বিরহকাতরয়োঃ প্রীতিং চিত্তস্বাস্থ্যম্ আবহ কুরু অন্যদ্ অতিরহস্যং শৃণু কিমিত্যত আহ গোপীনাম্

---

সেই গোপীদিগের প্রতি যে কৃষ্ণ অশ্রুপূর্ণলোচনে নির্জ্জনে কোন স্থলে একাকী প্রিয়তম সেই উদ্ধবকে অসঙ্কোচে বলিয়াছিলেন ॥ ১৮০ ॥

শরণাগত সকলের পীড়াহারক শ্রীকৃষ্ণ হস্ত দ্বারা হস্ত গ্রহণ করিয়া উদ্ধবকে বলিয়াছিলেন ॥ ১৮১ ॥

হে সৌম্য উদ্ধব! তুমি ব্রজে গমন কর। পিতামাতার প্রীতি বিধান

Digitized at BRCindia.com

তা মন্মনস্কা মৎপ্রাণা মদর্থে ত্যক্তদৈহিকাঃ
মামেব দয়িতং প্রেষ্ঠমাত্মানং মনসা গতা ॥
যে ত্যক্তলোকধর্ম্মাশ্চ মদর্থে তান্ বিভর্ম্ম্যহং
ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠে দূরস্থে গোকুলস্ত্রিয়ঃ ॥
স্মরন্ত্যোঙ্গ বিমুহ্যন্তি বিরহোৎকণ্ঠ্যবিহ্বলাঃ॥ ১৮৩ ॥ ১৮৪ ॥

---

মৎকান্তানাম্ যদ্‌বিয়োগাধিং মম বিয়োগেন জনিতঃ য আধিঃ মানসীব্যথা তৎ মৎসন্দেশৈঃ আশ্বাসভরপরিপূর্ণবার্ত্তাভি বিমোচয় দূরীকুরু ॥ ১৮২ ॥

গোপীনাং সন্দেশে কারণমাহ তা মন্মনস্কেতি ময়ি এব সংকল্পাত্মকং মনো যাসাং তাঃ অহমেব প্রাণা যাসাং তাঃ, মদর্থে ত্যক্তা দৈহিকাঃ পতিপুত্রাদয়ো যাভিঃ তাঃ। ততঃ কিমত আহ যে অক্তলোকধর্ম্মা ইতি। মন্নিমিত্তং ত্যক্তৌ লোকধর্ম্মৌ ইহামুত্রসুখে তৎসাধনানি চ যৈঃ তান্ বিভর্ম্মি পোষয়ামি সংবর্দ্ধয়ামি সুখয়ানীত্যর্থঃ ॥ ১৮৩ ॥

ইতি শ্রীধরস্বামি পাদাঃ।

তাসাং বিয়োগাধিং দর্শয়তি দ্বয়েন ময়ি তা ইতি বিরহেণ যদৌৎকণ্ঠ্যং তেন বিহ্বলাঃ পরবশাঃ ॥ ১৮৪ ॥

---

কর। গোপী সকলের আমার বিয়োগ জনিত ব্যথা আমার বার্ত্তা দ্বারা দূরীভূত কর ॥ ১৮২ ॥

সেই গোপী সকল আমাতেই সঙ্কল্পাত্মক মন প্রাণ অর্পণ করিয়াছে, তাহারা আমার জন্যই পতি পুত্রাদি পরিত্যাগ করিয়াছে। তাহারা মনোদ্বারা প্রিয়তম দয়িত আত্মস্বরূপ আমাতেই সকল বিষয়ে গমন করিয়াছে। কারণ যাহারা আমার জন্য লোক ধর্ম্ম পরিত্যাগ করিয়াছে, আমি তাহাদিগকে পোষণ করিয়া থাকি। প্রিয়স্বরূপ আমি দূরস্থ হওয়ায় সেই গোকুল সুন্দরী সকল আমাকে স্মরণ করিয়া বিরহোৎকণ্ঠাযুক্ত ও বিহ্বল হইয়াছে ॥ ১৮৩—১৮৪ ॥

Digitized at BRCindia.com

ধারয়ন্ত্যতিকৃচ্ছ্রেণ প্রায়ঃ প্রাণান্ কথঞ্চন।
প্রত্যাগমনসন্দেশৈর্বল্লব্যো মে মদাত্মিকা ॥ ১৮৫ ॥
পূর্ব্ববৎ ষড়্ভিঃ ॥
যস্তথা প্রোচ্য যৎপ্রত্যায়য়ত্তচ্চ বিলোচ্যতাং
যদ্বিলোচনমাত্রেণ ভ্রমস্তে শ্বভ্রতাং ব্রজেৎ ॥ ১৮৬ ॥
মামেবেত্যাদিনা তাসামন্তঃপতিরহং পরং।

---

ধারয়ন্তীতি গোকুলান্নির্গমনসময়ে শীঘ্রমাগমিষ্যামীতি যে প্রত্যাগমন-সন্দেশাস্তৈঃ। মে মদীয়া বল্লব্যো গোপ্যঃ মদাত্মিকা ইতি। তাসামাত্মা যদি স্বদেহে তর্হি বিরহতাপেন দহ্যেতৈব। তস্য ময়ি বর্ত্তমানত্বাৎ কথঞ্চিজ্জীবন্তীতি ভাবঃ ॥ ১৮৫ ॥

শ্রীধরস্বামি পাদাঃ।

যস্তথেতি যঃ শ্রীকৃষ্ণঃ তথা তেন প্রকারেণ ব্রজবাসিনঃ গোপীশ্চ সান্ত্বয়িত্বা যৎ প্রত্যায়য়ৎ বিশ্বসিতম্ অকারয়ৎ তদ্ বিলোচ্যতাম্ প্রেক্ষ্য বিচার্য্যতাম্ যস্য বিলোচনমাত্রেণ প্রেক্ষাপূর্ব্বকবিচারমাত্রেণ তে ভ্রমঃ শ্বভ্রতাং শূন্যতাং ব্রজেৎ ॥ ১৮৬ ॥

মামেবেত্যাদিনেতি যঃ শ্রীকৃষ্ণঃ মামেব দয়িতং প্রেষ্ঠমিতি দশমস্কন্ধ-ষট্চত্বারিংশাধ্যায়ে চতুর্থশ্লোকেন তাসাং গোপীনাম্ অহং অন্তঃ অন্তরস্য

---

আমাতেই আত্মসমর্পণকারিণী আমার বল্লবীগণ আমার প্রত্যাগমন বার্ত্তায় অতি কষ্টে কোন প্রকারে প্রাণ ধারণ করিতেছে ॥ ১৮৫ ॥

যে শ্রীকৃষ্ণ সেইরূপ কথা বলিয়া যাহা প্রত্যয় করাইয়া ছিলেন, তাহা আলোচনা কর। যাহার আলোচন মাত্রেই তুমি ভ্রম শূন্য হইবে ॥ ১৮৬ ॥

"মামেব" অর্থাৎ "আমাকেই" এই কথা দ্বারা, আমিই তাহাদের অন্তরের পতি হইয়া থাকি, বহির্ব্যবহার অর্থাৎ অন্য-পতিব্রতা লোক দৃষ্টি

Digitized at BRCindia.com

বহির্ব্যবহিতির্লোকদৃষ্টেতি স্পষ্টমাতনোৎ ॥ ১৮৭ ॥
যৎপিত্রোরিত্যুরীচক্রে পিতৃত্বং বল্লবেন্দ্রয়োঃ।
তস্মাদ্বল্লবমানিত্বমাত্মনশ্চ ব্যজিজ্ঞপৎ ॥ ১৮৮ ॥
তত্র চাহ ন ইত্যেতদ্‌বহুবাচি পদাদিদং।
ময়ি জাতে তয়োঃ পুত্রে রামে ত্বয়ি চ পুত্রতা ॥ ১৮৯ ॥

---

পরং পতিঃ, বহির্ব্যবহৃতিঃ অন্যপতিবত্তা লোকদৃষ্টা, লোকব্যবহারকার্থমিতি ভাবঃ ইতি গূঢ়ং স্পষ্টম্‌ আতনোৎ স্ফুটীকৃতবান্‌ ॥ ১৮৭ ॥

যৎপিত্রোরিতি যঃ শ্রীকৃষ্ণঃ দশমস্কন্ধীয়ষট্‌চত্বারিংশাধ্যায় তৃতীয়-শ্লোকস্থিত পিত্রোরিতি পদেন বল্লবেন্দ্রয়োঃ বল্লবী চ বল্লবেন্দ্রশ্চ তৌ পিতরৌ তয়োর্ভাবং পিতৃত্বং উরীচক্রে স্বীকৃতবান্‌, তস্মাৎ জ্ঞাপকব্যবহারাৎ আত্মনঃ বল্লবমানিত্বং আত্মানং বল্লবং মন্যতে যঃ স বল্লবমানী তস্য ভাবঃ বল্লবমানিত্বং অর্থাৎ গোপজাতিত্বং ব্যজিজ্ঞপৎ, প্রচারয়ামাস ॥ ১৮৮ ॥

তত্রচাহেতি তত্র প্রসঙ্গেঽসৌ শ্রীকৃষ্ণঃ ন ইতি আহ এতদ্‌বহুবাচিপদাদ্‌ ইদং মর্ম্ম প্রকটিতবান্‌ কিন্তৎ তদাহ ময়ি তয়োঃ যশোদানন্দয়োঃ পুত্রে জাতে কৈমুত্যেন রামে বলদেবে ত্বয়ি উদ্ধবে চ তয়োঃ পুত্রতা জাতা ত্বং বলদেবোঽপি তয়োঃ পুত্রৌ ইত্যর্থঃ ॥ ১৮৯ ॥

---

অনুসারেই হইয়া থাকে। এইরূপ সিদ্ধান্ত তিনি স্পষ্ট ব্যক্ত করিয়াছিলেন ॥ ১৮৭ ॥

যিনি "পিত্রোঃ" অর্থাৎ "পিতামাতায়" এই কথা দ্বারা নন্দ যশোদাকেই জনক জননী বলিয়া অঙ্গীকার করিয়াছিলেন। ইহা দ্বারা নিজকে বল্লব জাতীয় বলিয়া বিজ্ঞাপিত করিয়াছিলেন ॥ ১৮৮ ॥

তিনি "নঃ" বহুবাচি পদ হইতে এই কথা বিজ্ঞাপিত করিয়াছিলেন। আমি যখন নন্দ যশোদার পুত্র হইয়াছি তখন রাম ও তুমি সেই নন্দ যশোদার পুত্র হইয়াছ ॥ ১৮৯ ॥

Digitized at BRCindia.com

ততশ্চতাঃ প্রতিপাথ্যদ্বল্লব্যো মইতি স্ফুটং।
যদমূষু স্বদারত্বং ব্যানঞ্জ স্বয়মঞ্জসা ॥ ১৯০ ॥
মদ্দারত্বঞ্চ তাসাং তাঃ সদা যস্মান্মদাত্মিকা।
মদাত্মকত্বমাশু স্যাদভেদাচ্ছক্তিতদ্বতোঃ ॥ ১৯১ ॥

---

ততশ্চ তাঃ প্রতীতি ততঃ তদনন্তরং শ্রীকৃষ্ণঃ তা গোপীঃ প্রতি বল্লব্যো গোপ্যঃ মে মম সত্বাস্পদীভূতা ইতি স্ফুটং অপাথ্যৎ কথিতবান্ যদমূষ্বিতি অসৌ স্বয়ম্ অমূষু গোপীষু স্বদারত্বং স্বপত্নীত্বং অঞ্জসা যথার্থতঃ ব্যানঞ্জ প্রচারিতবান্ মদ্দারত্বঞ্চেতি তত্র দশমস্কন্ধীয়ষট্চত্বারিংশাধ্যায়ে ষষ্ঠশ্লোকে মদাত্মিকা ইতি পদেন তাসাং গোপীনাম্ সদানিত্যং মদ্দারত্বং চ ব্যানঞ্জ গোপ্যোঽপি সদা আত্মনঃ কৃষ্ণভার্য্যাত্বং মন্যন্তে ইতি ভাবঃ ॥ ১৯০ ॥

শ্রীকৃষ্ণগোপ্যোরভেদং প্রতিপাদয়তি মদাত্মকত্বমিতি অহমেব আত্মা স্বরূপং যাসাং তাঃ মদাত্মনঃ ততঃ স্বার্থে কঃ স্ত্রী শ্রীকৃষ্ণস্যায়মাশয়ঃ যদ্ গোপীনাং মত্তঃ পৃথক্ সত্বং নাস্তি, অতোঽসৌ মদাত্মিকা ইতি কথিতবান্ তচ্চ মদাত্মকং শক্তিতদবতোঃ শক্তিশক্তিমতোঃ অভেদাৎ তন্ত্রসিদ্ধাদ্ আশু স্যাদ্ সুগমং গোপ্যস্তু শ্রীকৃষ্ণশক্ত্য এবেতিফলিতং ॥ ১৯১ ॥

---

অনন্তর সেই গোপীদিগের প্রতি বলিয়াছিলেন যথা আমার বল্লবীসকল। এই কথা দ্বারা তিনি স্বয়ং সেই গোপীসকলের স্বদারত্ব প্রকটিত করিয়াছিলেন ॥ ১৯০ ॥

সেই গোপীসকলের মদ্দারত্ব "আমার পত্নী বলিয়া অভিমান" সিদ্ধ হইতেছে, কারণ তাহারা মদাত্মিকা। সেই মদাত্মকত্ব শক্তি শক্তিমানের অভেদ নীতি অনুসারে অনায়াসে সিদ্ধ হইয়া থাকে ॥ ১৯১ ॥

Digitized at BRCindia.com

ইতি ব্যঞ্জন্মন্মনস্কা ইত্যুক্তং নাত্যপৈক্ষ্যত।
নচান্যবদিহাপেক্ষ্যমন্যদিত্যপ্যমন্যত ॥ ১৯২ ॥
ধারয়ন্তীতি চ প্রোচ্য প্রত্যাগমনমুদ্দিশন্।
বল্লব্যো ম ইতি প্রাখ্যত্তস্মাদেব ন্যজীগমৎ ॥ ১৯৩ ॥
গমনং মম তজ্জজ্ঞে স্বামবশ্যং কৃতিং প্রতি।
আগম্য স্বীয়তা তাসাং পূরয়িষ্যাম্যদূরতঃ ॥ ১৯৪ ॥
পূর্ব্ববন্নবভিঃ ॥

---

ইতি ব্যঞ্জন্নিতি ইতি মদাত্মিকত্বং ব্যঞ্জন্ অমন্যত ইতি অন্বয়ঃ মন্মনস্কা ইত্যুক্তম্ ন অত্যপৈক্ষিত মদাত্মিকাত্বেনৈব মন্মনস্কত্বং দণ্ডাপূপিকন্যায়েন আপাদিতমিতিভাবঃ ন চ অন্যবৎ প্রাকৃতলোকবৎ অত্র বিবাহাদিক-মপেক্ষ্য মিত্যমন্যত ॥ ১৯২ ॥

ধারয়ন্তীতি চ তত্রৈব ধারয়ন্তী ইতি প্রোচ্য প্রত্যাগমনং পুনর্ব্রজে উদ্দিশন্ স্বাভিপ্রায়ং স্ফুটীকুর্ব্বন্ বল্লব্যো মে ইতি পুনঃ প্রাখ্যৎ কথিতবান্ তস্মাদ্ এব হেতোঃ ন্যজীগমৎ, প্রত্যাগমনং ব্যজিজ্ঞপৎ ॥ ১৯৩ ॥

গমনমিতি স্বাং কৃতি কর্ত্তব্যং প্রতি মম অবশ্যং তদ্ গমনং জজ্ঞে জাতং। অদূরতঃ শীঘ্রং আগম্য প্রত্যাগত্য তাসাং গোপীনাং স্বীয়তাং স্বকীয়তাং পূরয়িষ্যামি ॥ ১৯৪ ॥

---

এই কথা প্রকাশ করিয়া "মন্মনস্কা" এই পদের অর্থ অতি অপেক্ষিত হয় নাই। অন্য লোক ব্যবহারের ন্যায় অন্য বিবাহাদিও অপেক্ষিত হয় নাই ॥ ১৯২ ॥

"ধারয়ন্তি" অর্থাৎ ধারণ করিতেছে, এই কথা বলিয়া প্রত্যাগমনের উদ্দেশ করিয়াছিলেন। পরে "বল্লব্যঃ" এই কথা বলিয়া প্রত্যাগমন স্পষ্ট বিজ্ঞাপিত করিয়াছিলেন ॥ ১৯৩ ॥

অবশ্য কর্ত্তব্য সাধনের জন্য ব্রজ হইতে নিজের গমন আবশ্যক হইয়াছিল।



Digitized at BRCindia.com

যস্তাসু বহুধাজ্ঞানং নিদিশ্যাপি মুধা বিদন্
সাক্ষাদাত্মীয়সংপ্রাপ্তিং সাক্ষাদেব নিদিষ্টবান্ ॥ ১৯৫ ॥
ময্যাবেশ্য মনঃ কৃষ্ণে বিমুক্তাশেষবৃত্তিযৎ।
অনুস্মরন্ত্যো মাং নিত্যমচিরান্মামুপৈষ্যথ ॥ ১৯৬ ॥

---

যস্তাস্বিতি যঃ শ্রীকৃষ্ণঃ তাসু স্বপ্রেয়সীষু গোপীষু বহুধা বহুপ্রকারং ভবতীনাং বিয়োগো মে নহি সর্ব্বাত্মনা কচিৎ, যথা ভূতানি ভূতেষু খং বায়ুগ্নির্জ্জলং মহীত্যাদিরূপেণ উদ্ধবমুখনিঃসারিতেন শ্লোকপুঞ্জেন জ্ঞানং নির্দিশ্যাপি মুধা বৃথা বিদন্ জ্ঞাত্বা সাক্ষাদাত্মীয়সংপ্রাপ্তিং নতু রূপান্তরাবচ্ছেদেনেতি ভাবঃ সাক্ষাদেব স্পষ্টং নির্দ্দিষ্টবান্ তাভ্যঃ গোপীভ্যঃ ॥ ১৯৫ ॥

কিং নির্দেশবচনং তদাহ দশমস্কন্ধীয়বাক্যং সপ্তচত্বারিংশাধ্যায়ে ময্যাবেশ্য-মন ইতি বিমুক্তা পরিহৃতা অশেষবৃত্তয়ঃ বিষয়াকারা যস্মাৎ তথাভূতং মনঃ কৃষ্ণে সর্ব্বথা ময়ি ভগবতি আবেশ্য নিত্যং মাম্ অনুস্মরন্ত্যোঃ যূয়ম্ অচিরাৎ শীঘ্রম্ উপেষ্যথ প্রাপ্স্যথ ॥ ১৯৬ ॥

---

অতএব অল্পকাল পরেই তথায় গমন করিয়া তাহাদের স্বীয়তা নিত্য পরিপূরণ করিব ॥ ১৯৪ ॥

যিনি সেই গোপী সকলের প্রতি বহু প্রকার জ্ঞানতত্ত্ব উপদেশ করিয়াও বৃথা জ্ঞানে সাক্ষাৎরূপে নিজের প্রাপ্তি সাক্ষাৎ অর্থাৎ স্পষ্ট নির্দ্দেশ করিয়াছিলেন ॥ ১৯৫ ॥

অশেষ প্রকার বৃত্তি রহিত মন আমাতে অর্থাৎ কৃষ্ণেতে অর্পণ করিয়া তাহারা আমাকে নিত্যই স্মরণ করিয়া থাকে, অতএব শীঘ্রই তাহারা আমাকে প্রাপ্ত হইবে ॥ ১৯৬ ॥

Digitized at BRCindia.com

যা ময়া ক্রীড়তা রাত্র্যাং বনেঽস্মিন্ ব্রজ আস্থিতাঃ।
অলব্ধরাসাঃ কল্যাণ্যো মাপুর্মদ্বীর্য্যচিন্তয়া ॥ ১৯৭ ॥
পূর্ব্ববত্রিভিঃ ॥

যস্তদা সন্দিশন্ সন্দীপিতমেতদ্বিনির্ম্মমে।
তদেতচ্ছৃণু মচ্চিত্ত গুপ্তবিত্তং মনুষ্ব চ ॥ ১৯৮ ॥
বৃত্তি র্যদন্যা নির্ম্মুচ্য ময্যামুচ্য মনঃ স্থিতাঃ।
মামাপ্ন্যথ দ্রুতং তস্মান্মম নাত্র স্বতন্ত্রতা ॥ ১৯৯ ॥

---

উপৈষ্যথেতি মাধুর্য্যমাত্রমিতিচেদত আহ যামযেতি হে কল্যাণ্যঃ স্বভর্ত্তৃভিঃ প্রতিবদ্ধা যা বনে ক্রীড়তা ময়া সহ অলব্ধক্রীড়াস্তাস্তদৈব মা মাম্ আপুঃ। শ্রীধরস্বামিপাদাঃ ॥ ১৯৭ ॥

যস্তদাসন্দিশন্নিতি যঃ শ্রীকৃষ্ণঃ তদা তস্মিন্ সময়ে সন্দিশন্ উপদেশং কুর্ব্বন্ এতৎ সন্দীপিতং প্রচারং বিনির্ম্মমে কৃতবান্ হে মচ্চিত্ত! এতদ্ গুপ্তবিত্তং গুপ্তধনং শৃণুষ্ব, তদর্থকং বাক্যমিতি ভাবঃ শ্রুত্বা মনুষ্ব বিচার্য্যতাং মনসি গৃহ্যতামিতি ॥ ১৯৮ ॥

কিন্তদইত্যাহ বৃত্তির্যদন্যেতি অন্যা বিষয়াকারা বৃত্তীঃ নির্ম্মুচ্য পরিত্যজ্য অর্থাৎ তদ্ভিন্নসংকল্পঃ হিত্বা ময়ি ভগবতি মন আমুচ্য নিবেশ্য স্থিতা দৃঢ়-

---

আমি রাত্রিতে বনে ক্রীড়া করিতে প্রবৃত্ত হইলে বন্ধু সকল কর্ত্তৃক অবরুদ্ধা কোন কোন রমণী রাস ক্রীড়া প্রাপ্ত না হইলে সেই কল্যাণী সকল আমার বীর্য্য চিন্তা পূর্ব্বক আমাকেই প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৯৭ ॥

যে শ্রীকৃষ্ণ সেই সময় এইরূপ উপদেশ প্রদান করিয়া এইরূপ অর্থ প্রকাশিত করিয়াছিলেন। শ্রীজীবস্বামী আপনার চিত্তকে সম্বোধন পূর্ব্বক বলিতেছেন, হে আমার চিত্ত! তুমি শ্রবণ কর এবং ঐ শ্রুত বিষয়কে গুপ্তরত্ন বলিয়া বিবেচনা কর ॥ ১৯৮ ॥

যেহেতু অন্য বৃত্তি পরিত্যাগ করিয়া এবং আমাতেই মন আবেশিত্য

Digitized at BRCindia.com

ময়ীত্যনেন প্রাপ্তেঽপি কৃষ্ণেকৃষ্ণপদং ব্রুবন্।
অন্যরূপং মন্যমানান্ হন্যমানান্ ব্যধাৎ প্রভুঃ ॥ ২০০ ॥
ময়ীত্যেবং মামিতি চ প্রোচ্য মামিত্যবোচত।
তচ্চাবৃত্যা দৃঢ়ীকৃত্যমতং পরিদৃঢ়ীকৃতং ॥ ২০১ ॥

---

সংকল্পা যূয়ং তস্মাদ্ হেতোঃ দ্রুতং মাম্ আপ্স্যথ, অত্র স্মরণ প্রতিদানবিষয়ে স্বতন্ত্রতা অন্যথা কর্ত্তুং ক্ষমতা নাস্তি মম ভগবতোঽপি ॥ ১৯৯ ॥

ময়ীত্যনেনেতি ময়ি ইতি অনেন কথনেন কৃষ্ণে প্রাপ্তেঽপি পুনঃ দশমস্কন্ধে সপ্তচত্বারিংশাধ্যায়ে ষট্‌ত্রিংশৎশ্লোকে কৃষ্ণপদং ব্রুবন্ কথয়ন্ অন্যরূপং ইষ্টস্য অন্যরূপান্ মন্যমানান্ বিচার্য্য স্বমতং স্থাপয়তঃ হন্যমানান্ ব্যধাৎ নিগ্রহস্থানং প্রাপয়ৎ ইত্যর্থঃ কঃ ইত্যাকাঙ্ক্ষায়ামাহ প্রভুঃ সর্ব্বকর্ম্মসমর্থ ইতি কৃষ্ণ ইতি পুনঃ কথনাৎ নন্দনন্দনত্বেনৈব গোপীনামিষ্টপ্রাপ্তিরিতি ফলিতার্থঃ ॥ ২০০ ॥

ময়ীত্যেবমিতি তত্রৈব শ্লোকে ময়ি ইত্যেবং মামিতি চ প্রোচ্য কথয়িত্বা পুনঃ মাম্ উপেষ্যথ ইত্যত্র মাম্ ইতি পদমুল্লিখিতবান্ অস্মচ্ছব্দস্য একবার-পঠনেনেষ্টসিদ্ধাবপি অস্মচ্ছব্দস্য পুনরাবৃত্ত্যাঃ ফলিতমাহ তচ্চাবৃত্ত্যেতি পুনঃপুনঃ কথনেন মতং দৃঢ়ীকৃতমিতি ॥ ২০১ ॥

---

করিয়া তোমরা অবস্থিত হইয়াছ, অতএব তোমরা শীঘ্রই আমাকে প্রাপ্ত হইবে। কারণ এ বিষয়ে আমার স্বতন্ত্রতা নাই ॥ ১৯৯ ॥

ময়ি এই কথা দ্বারা কৃষ্ণ প্রাপ্ত হইলেও পুনর্ব্বার কৃষ্ণপদ উল্লেখ করিয়া প্রভু অর্থাৎ সর্ব্ব সমর্থ অন্যরূপ (কৃষ্ণের) যাঁহারা বিবেচনা করেন তাঁহা-দিগকে নিরস্ত করিয়াছিলেন ॥ ২০০ ॥

"ময়ি" এই কথা বলিয়া "মাম্" এই কথা বলিয়া পুনর্ব্বার "মাম্" এই কথা বলিয়া দৃঢ়ীকৃত মত পুনর্ব্বার দৃঢ়ীকৃত করিয়াছিলেন ॥ ২০১ ॥

Digitized at BRCindia.com

কৃষ্ণে ইতি পদং লব্ধে ময়ীত্যস্য বিশেষণে
মাং দ্বয়েপ্যুপলব্ধা সা তদ্বিশেষণতা স্বতঃ ॥ ২০২ ॥
ময়ি কৃষ্ণেহত্র মাং কৃষ্ণং মাং কৃষ্ণমিতি সিদ্ধ্যতি।
কল্যাণ্য ইতি সম্বোধ্য প্রবোধ্যং কৃতবানিদং ॥ ২০৩ ॥
ন তাসামিব মৎপ্রাপ্তির্দেহং বঃ পরমীহতে।
ইত্যেবমন্যদপ্যত্র মন্যমানং মনঃ কুরু ॥ ২০৪

---

কৃষ্ণে ইতি পদমিতি কৃষ্ণে ইতি পদে বিশিষ্যে বর্ত্তমানে, ময়ি ইতি পদং তস্য বিশেষণং। মাং দ্বয়স্যাপি অভেদেনৈবোপলব্ধেঃ। ২০২ ॥

কল্যাণ্য ইতি পদেন তাসাং গোপীনাং কৃষ্ণপ্রাপ্তিরূপসৌভাগ্যভাক্ত্বং সূচিতমিতি ॥ ২০৩ ॥

নতাসামিবেতি তাসাং অন্তর্গৃহগতরুদ্ধগোপীনামিব যুষ্মাকং মৎপ্রাপ্তিঃ, মরণান্তলভ্যা ন ইত্যর্থঃ। মৎপ্রাপ্তিঃ যুষ্মাকং দেহং পরম্ ঈহতেঽপেক্ষতে জীবন্তীভি র্গোপীভিঃ কৃষ্ণোলভ্য ইতি ফলিতার্থঃ হে শ্রোতঃ! ইত্যেবম্, অত্রবিষয়ে মনঃ অন্যদপি মন্যমানং কুরু, অন্যদ্রহস্যং শৃণু ইত্যর্থঃ ॥ ২০৪ ॥

---

কৃষ্ণ এই পদের "ময়ি" এই পদ বিশেষণ হইলে মাম্ এই পদদ্বয়েরও বিশেষ্য বিশেষণ ভাব স্বতই উপস্থিত হইতে পারে ॥ ২০২ ॥

"ময়ি কৃষ্ণে" এইস্থলে "মাং কৃষ্ণ" "মাং কৃষ্ণ" এইরূপ সিদ্ধ হইয়া থাকে। "কল্যাণ্য" এইরূপ সম্বোধন দ্বারা ইহা প্রবোধিত করিয়াছিলেন ॥ ২০৩ ॥

অন্তর্গৃহরুদ্ধ গোপীসকলের ন্যায় তোমাদের মৎপ্রাপ্তি ( কৃষ্ণ প্রাপ্তি ) হইবে না অর্থাৎ দেহান্তরে মৎপ্রাপ্তি হইবে না। কারণ তোমাদের দেহ মৎপ্রাপ্তির অপেক্ষিত হইতেছে। হে মন! তুমি অন্য বিষয়ও ধারণা কর ॥ ২০৪ ॥

Digitized at BRCindia.com

যঃ শ্রীরামেণ সন্দিশ্য প্রিয়াসু নিজহৃদ্গতং।
যথাবদ্ব্যঞ্জয়ামাস শ্রীপরাশরগীর্যথা ॥ ২০৫ ॥
সন্দেশৈঃ সামমধুরৈঃ প্রেমগর্ভৈরগর্ব্বিতৈঃ।
রামেণাশ্বাসিতা গোপ্যঃ কৃষ্ণস্যাতিমনোহরৈঃ ॥ ২০৬ ॥
যঃ কুরুক্ষেত্রযাত্রায়া ব্যাজান্মাত্রাদিকান্ চিরাৎ।
সংসজ্যামূন্ বিসৃজ্যান্যান্ সহবাসমুদং দধে ॥ ২০৭ ॥

---

যঃ শ্রীরামেণেতি যঃ শ্রীকৃষ্ণঃ শ্রীরামেণ বলদেবেন প্রিয়াসু গোপীষু নিজহৃদ্গতং স্বাভিপ্রায়ং সন্দিশ্য যথা ব্যঞ্জয়ামাস ব্যজ্ঞাপয়ৎ, তদ্বিষয়ে শ্রীপরাশরগীঃ পরাশরবাক্যং শ্রীবিষ্ণুপুরাণে ॥ ২০৫ ॥

তথাচ বিষ্ণুপুরাণশ্লোকঃ গোপ্যঃ কৃষ্ণপ্রেয়স্যঃ রামেণ শ্রীবলদেবেন অতিমনোহরৈঃ কর্ণমানসরসায়নৈঃ সামমধুরৈঃ, সাম্না সান্ত্বনাময়েন শান্ত্যা মধুরৈঃ রোচকৈঃ, প্রেমগর্ভৈঃ অনুরাগব্যঞ্জকৈঃ অগর্ব্বিতৈঃ দৃপ্ততারহিতৈঃ সন্দেশৈঃ বাচিকৈঃ আশ্বাসিতা সান্ত্বিতা। অহো সদাশয়ত্বং তস্য ॥ ২০৬ ॥

যঃ কুরুক্ষেত্র ইতি সূর্য্যগ্রহণযোগে যঃ শ্রীকৃষ্ণঃ কুরুক্ষেত্রযাত্রায়া ব্যাজাৎ ছলেন মাত্রাদিকান্ যশোদানন্দাদীন্ চিরাৎ সংসজ্য অন্যান্ বহিরঙ্গান্ বিসৃজ্য সহবাসমুদং দধে কৃতবান্ ॥ ২০৭ ॥

---

যিনি শ্রীরাম কর্ত্তৃক প্রিয়াদিগকে নিজের যথার্থ মনোভিপ্রায় বিজ্ঞাপিত করিয়াছিলেন। এসম্বন্ধে শ্রীপরাশরের বাক্য আছে ॥ ২০৫ ॥
সেই গোপী সমুদয় রাম কর্ত্তৃক সান্ত্বনাময় মধুর প্রেমগর্ভ গর্ব্বশূন্য মনোহর বাক্যে আশ্বাসিত হইয়াছিলেন ॥ ২০৬ ॥

যিনি কুরুক্ষেত্র যাত্রার ছলে বহুকাল পরে মাতাপিতাদির সহিত মিলিত হইয়া অপরসকলকে পরিত্যাগ পূর্ব্বক সহবাসসুখ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২০৭ ॥

Digitized at BRCindia.com

যঃ সুরঘ্নান্ ব্রজে গন্তুং বিঘ্নান্ হন্তুং ব্রজেশিতুঃ।
ব্রজে গমনমাচর্য্য দ্বারকাগতিমাদদে ॥ ২০৮ ॥
যঃ ক্রামন্তিঃ সুদীর্ঘেণ সুষ্ঠু ক্রষ্টুং ব্রজংপ্রতি।
আমুক্তঃ পাশসঙ্কাশমনসা ব্রজবাসিভিঃ ॥ ২০৯ ॥
যঃ প্রকাশং মহারাজসম্পদং দধদীক্ষিতঃ।
ব্রজায় ব্রজরাজাদ্যেনাহূতঃ পূর্ব্ববদ্গিরা ॥ ২১০ ॥

---

যঃ সুরঘ্নানিতি যঃ শ্রীকৃষ্ণঃ ব্রজে গন্তুং বিঘ্নান্ সুরঘ্নান্ অসুরান্ হন্তুং ব্রজেশিতুঃ শ্রীনন্দস্য ব্রজে গমনম্ আচর্য্য উপদিশ্য দ্বারকাগতিম্ আদদে স্বীকৃতবান্ ॥ ২০৮ ॥

যঃ ক্রামন্তিরিতি যঃ শ্রীকৃষ্ণঃ সুদীর্ঘেণ কালেন ক্রামন্তিঃ অর্থাৎ বহুকালং কৃচ্ছ্রেণ অতিযাপ্য ব্রজবাসিভিঃ শ্রীনন্দাদিভিঃ ব্রজং প্রতি সুষ্ঠু পুনর্বিয়োগা-ভাববত্ত্বেন ক্রষ্টুং বলাদ্ আনেতুং পাশসঙ্কাশমনসা রজ্জুতুল্যপ্রেমযুক্তমনসা আমুক্তঃ আকৃষ্টইতি ॥ ২০৯ ॥

যঃ প্রকাশমিতি যঃ শ্রীকৃষ্ণঃ প্রকাশং স্পষ্টং মহারাজসম্পদং ছত্রচামরাদি দধৎ ধারয়ন্ ঈক্ষিতঃ সর্ব্বৈরিতিশেষঃ। ততঃ ব্রজরাজাদ্যেন নন্দাদিনা ব্রজায় ব্রজং গন্তুং গিরা বাক্যেন আহূতঃ প্রার্থিতঃ ॥ ২১০ ॥

---

যিনি ব্রজগমনবিষয়ে বিঘ্নস্বরূপ অসুরসকলকে বিনাশ করিবার জন্য শ্রীনন্দকে ব্রজে প্রস্থান করাইয়া স্বয়ং দ্বারকায় গমন করিয়াছিলেন ॥ ২০৮ ॥

যিনি সুদীর্ঘকালপরে ব্রজবাসি সকল কর্ত্তৃক রজ্জুসদৃশ মনো দ্বারা আকৃষ্ট হইয়াছিলেন ॥ ২০৯ ॥

যে সময় মহারাজসম্পৎ ছত্র চামরাদি দ্বারা সুশোভিত হইয়া নিরীক্ষিত হইয়াছিলেন, তখন ব্রজরাজ অর্থাৎ নন্দাদি পূর্ব্বের ন্যায় বাক্যে ব্রজ গমনের জন্য আহ্বান করিয়াছিলেন ॥ ২১০ ॥

Digitized at BRCindia.com

যস্তেষাং সুষ্ঠু নির্ব্বিন্যে যন্মনঃ স্বাগতস্পৃহি।
তেনান্তঃকর্ষণং প্রাপ্তঃ কর্ষণমন্যেন নার্হতি ॥ ২১১ ॥
যঃ স্বীয়সহিতস্তেষাং স্বীয়কামানপূরয়ৎ।
কৃষ্ণে কমলপত্রাক্ষে সংন্যস্তাখিলরাধসাং ॥ ২১২ ॥
আগমিষ্যত্যদীর্ঘেণেত্যাশালব্ধং যদীপ্সিতং।
তদর্থমেব তানর্থান্ যে স্বীচক্রুঃ পরানপি ॥ ২১৩ ॥
পূর্ব্ববদ্‌যুগ্মকং ॥

---

যঃ তেষামিতি তেষাং ব্রজবাসিনাং মনঃ স্বাগতস্পৃহি স্বব্রজাগমনকাঙ্ক্ষি ইতি সুষ্ঠু সম্যক্ নির্ব্বিন্ধে, তেন তথাভূতেন প্রেমমস্থণেন মনসা অন্তঃ মর্ম্মনি কর্ষণং যঃ প্রাপ্তঃ, অসৌ গম্ভীরাশয়ঃ অন্যেন ব্রজবাসিমনোভিন্নেন কর্ষণসাধনেন কর্ষং ন অর্হতি ॥ ২১১ ॥

যঃ স্বীয়েতি যঃ শ্রীকৃষ্ণঃ স্বীয়ৈঃ অন্তরঙ্গৈঃ সহিতঃ কমলপত্রাক্ষে পুণ্ডরীকলোচনে কৃষ্ণে নন্দপুত্রে সংন্যস্তাখিলরাধসাং সমর্পিতসমগ্রবাসনানাং তেষাং ব্রজবাসিনাং স্বীয়কামান্ সঞ্চিতমনোরথান্ অপূরয়ৎ পরিপূরিতবান্ ॥ ২১২ ॥

আগমিষ্যত্যেতি আগমিষ্যত্যতিদীর্ঘেণ ইত্যাদিরূপেণ উদ্ধবমুখোচ্চারিতেন শ্রীকৃষ্ণবাক্যেন যা আশা তয়া লব্ধংযদ্ ঈপ্সিতং অভিলষিতং ; তদর্থমেব,

---

যিনি ব্রজবাসিসকলের নিজের ব্রজাগমন বিষয়ে অভিলাষ সম্যগ্‌রূপে অবগত হইয়াছিলেন। তিনি ব্রজবাসি সকলের আকর্ষণ ব্যতীত অন্য আকর্ষণে আকৃষ্ট হয়েন না ॥ ২১১ ॥

যিনি, পরিবারবর্গের সহিত কমল পত্রাক্ষ শ্রীকৃষ্ণে যাহারা সমস্ত বাসনা অর্পণ করিয়া থাকেন, সেই আত্মীয় সকলের সমস্ত অভিলাষ পূরণ করিয়াছিলেন ॥ ২১২ ॥

"আগমিষ্যত্যদীর্ঘেণ" অর্থাৎ অল্পকাল পরেই আগমন করিবেন, এই উদ্ধবের

Digitized at BRCindia.com

যঃ স্বাগমনমর্য্যাদাং প্রেয়সীষু নিজাং ব্যধাৎ।
দন্তবক্রান্তশত্রূণাং মারণং সর্ব্বতারণং ॥ ২১৪ ॥
অপি স্মরথ নঃ সখ্যঃ স্বানামর্থচিকীর্ষয়া।
গতাংশ্চিরায়িতান্ শত্রুপক্ষক্ষপণচেতসঃ ॥ ২১৫ ॥

---

এতান্ অর্থান্ শ্রীকৃষ্ণব্রজাগমনাদিরূপান্ পরান্ অন্যান্ অপি যে স্বীচক্রুঃ, তেষাং সন্তোষার্থমেব ॥ ২১৩ ॥

যঃ স্বাগমনেতি যঃ প্রেয়সীষু গোপীষু দন্তবক্রপ্রভৃতিপ্রবলবীররিপূনাং সর্ব্বতারণং সর্ব্বেষাং ভূতানাং তারণং ভয়েভ্যঃ রক্ষণং মারণমেব নিজাং স্বাগমনমর্য্যাদাং ব্রজে প্রত্যাগমনকালং ব্যধাৎ। কৃতবান্। দন্তবক্রাদিশত্রু-বিনাশানন্তরং অহং ব্রজে প্রত্যাগমিষ্যাম্যেব ইতি প্রেয়সীভ্যঃ কথিতবান্ কৃষ্ণঃ ॥ ২১৪ ॥

অপি স্মরথ ন ইতি চিরায়িতান্ বিলম্বিতান্। অত্র হেতুঃ। শত্রূণাং পক্ষস্য ক্ষপণে চেতো যেষাং তান্ ইতি শ্রীধরস্বামিপাদাঃ। দশমস্কন্ধে দ্বাশীতিতমেঽধ্যায়ে একচত্বারিংশশ্লোকঃ ॥ ২১৫ ॥

---

বাক্য অনুসারে আশালব্ধ যে অভিলষিত সেই অভিলাষের জন্য পূর্ব্বোক্ত সেই সেই অর্থ এবং অন্যান্য অর্থ স্বীকার করিয়াছিলেন ॥ ২১৩ ॥

যিনি দন্তবক্র পর্য্যন্ত অসুর বিনাশ পূর্ব্বক সকলকে রক্ষা করিয়া ব্রজে গমন করিব, প্রেয়সী সকলকে যিনি গমন সম্বন্ধে এইরূপ নিশ্চয় ব্যক্ত করিয়া ছিলেন ॥ ২১৪ ॥

হে সখীবর্গ! তোমরা কি আমাদিগকে স্মরণ করিয়া থাক? আমরা আত্মীয় সকলের স্বার্থ সিদ্ধির জন্য শত্রুপক্ষ বিনাশে মনোনিবেশ করিয়া বহুকাল ব্রজ হইতে আগমন করিয়াছি, কার্য্য শেষ হইলেই ব্রজে গমন করিব ॥ ২১৫ ॥



Digitized at BRCindia.com

ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে।
দিষ্ট্যা যদাসীন্মৎস্নেহো ভবতীনাং মদাপনঃ ॥ ২১৬ ॥
পূর্ব্ববৎত্রিভিঃ ॥

যস্তাৎকালিকশান্ত্যর্থে তথাপি জ্ঞানমাদিশৎ।
আহুশ্চেত্যাদিকে পদ্যে প্রার্থিতস্তাভিরন্যথা ॥ ২১৭ ॥

---

ময়িভক্তির্হি ইতি অপিচ অতিভদ্রমিদং যদুত ভবতীনাং মদ্বিয়োগেন মৎপ্রেমাতিশয়ো জাত ইত্যাহ ময়ীতি। ময়ি ভক্তিমাত্রমেব তাবদ্ অমৃতত্বায় কল্পত ইতি। যদুত ভবতীনাং মৎস্নেহ আসীৎ তদ্দিষ্ট্যা অতিভদ্রং। কুত মদাপনো মৎপ্রাপণ ইতি। ইতি শ্রীধরস্বামিপাদাঃ দশমস্কন্ধে দ্ব্যশীতিতমেঽধ্যায়ে চতুশ্চত্বারিংশশ্লোকঃ ॥ ২১৬ ॥

যস্তাৎকালিক ইতি যঃ শ্রীকৃষ্ণঃ স্নেহবত্ত্বেঽপি তাৎকালিকশান্ত্যর্থে আপাতধৈর্য্যার্থং তাসাং জ্ঞানং ময়ি ভক্তির্হি ইত্যাদিরূপম্ আদিশৎ। কিন্তু তাভিঃ গোপীভিঃ প্রেয়সীভিঃ আহুশ্চ তে নলিননাভ ইতি তত্রৈবস্কন্ধে অধ্যায়ে চ অষ্টচত্বারিংশশ্লোকে অন্যথা তৎপ্রেয়সীত্বমেব প্রার্থিতং। তত্রপদ্যে নলিননাভ ইতি অনুরাগব্যঞ্জকশব্দদর্শনাৎ ॥ ২১৭ ॥

---

আমার প্রতি ভূত সকলের ভক্তি অমৃতত্ব অর্থাৎ মোক্ষের নিমিত্তই হইয়া থাকে। ভাগ্য বলেই আমাকে প্রাপ্ত হইবার হেতু স্বরূপ আমার প্রতি স্নেহ লাভ করিয়াছ ॥ ২১৬ ॥

যে শ্রীকৃষ্ণ তাঁহাদের আপাত শান্তির নিমিত্ত জ্ঞানোপদেশ করিয়াছিলেন কিন্তু "আহুশ্চ তে নলিননাভ" এই পদ্য দ্বারা তাঁহারা অন্যরূপ প্রার্থনা করিয়াছিলেন ॥ ২১৭ ॥

Digitized at BRCindia.com

তত্রাঙ্ঘ্রি স্মৃতিযাঞ্চাতু লক্ষ্যমেব বিনির্গমে।
তৎপ্রত্যাগতিতাৎপর্য্যা সাতু পর্য্যবসায্যতে ॥ ২১৮ ॥
ময়ি তাঃ প্রেয়সামিত্যাদ্যুক্তং তেন স্বয়ং যতঃ।
তস্মাত্তচ্চিন্তনাশক্ত্যা ব্যক্ত্যা তদ্দর্শনার্থিতা ॥ ২১৯ ॥
তথানুগৃহ্য ভগবান্ গোপীনাং স গুরুর্গতিঃ।
ইত্যনেন মুনিঃ প্রোচ্য তাসাং বাঞ্ছিতপূরণং ॥ ২২০ ॥

---

তত্রাঙ্ঘ্রীতি তত্র কুরুক্ষেত্রে আহুশ্চতে নলিননাভ পদারবিন্দম্ ইতি পদ্যে অঙ্ঘ্রি প্রার্থনা যা যাচ্ঞা তু তাসাং লক্ষ্যং উদ্দেশ্যং বিনির্গমে তৎ-প্রত্যাগতিতাৎপর্য্যা শ্রীকৃষ্ণব্রজপ্রত্যাগমনার্থিকা পর্য্যবসায্যতে অবশেষগম্যা ভবতি ॥ ২১৮ ॥

ময়ি তাঃ প্রেয়সামিতি ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠে ইতি দশমস্কন্ধীয়-ষট্‌চত্বারিংশাধ্যায়ে পঞ্চমশ্লোকেন যতঃ তেন শ্রীকৃষ্ণেণ গোকুলস্ত্রীবিরহ-জন্যকাতরতা উক্তা তস্মাৎ হেতোঃ তচ্চিন্তনাশক্ত্যা তস্য চিন্তনেন যা আশক্তিঃ অনুরাগঃ সা তচ্চিন্তনাশক্তিঃ তস্যা হেতোঃ তদ্দর্শনার্থিতা তস্য শ্রীকৃষ্ণস্যাপি দর্শনার্থিতা গোপীদর্শনলালসা ব্যক্ত্যা প্রচারিতা ॥ ২১৯ ॥

তথানুগৃহ্যেতি স গুরুর্গতিঃ ভগবান্ গোপীনাম্ অনুগৃহ্য ইতি দশমস্কন্ধে ত্র্যশীতিতমাধ্যায়ে প্রথমশ্লোকার্দ্ধেন তাসাং বাঞ্ছিতপূরণং প্রোচ্য ॥ ২২০ ॥

---

সেই কুরুক্ষেত্রে শ্রীকৃষ্ণ চরণ স্মরণ প্রার্থনাই লক্ষ্য হইয়াছিল, পরিশেষে সেই যাচ্ঞা ব্রজে কৃষ্ণের প্রত্যাগমন রূপ অর্থই প্রকাশিত করিয়াছিল ॥ ২১৮ ॥

"ময়ি তাঃ প্রেয়সাম্ ইত্যাদি" এই শ্রীকৃষ্ণ স্বয়ং বলিয়াছেন। সেই কারণে তাঁহার সেই চিন্তারূপ আসক্তি হইতে তদ্দর্শনার্থিতা অর্থাৎ ব্রজদর্শনের ইচ্ছা সূচিত হইতেছে ॥ ২১৯ ॥

"তথানুগৃহ্য ভগবান্ গোপীনাং স গুরুর্গতি" অর্থাৎ "গোপীসকলের গুরু এবং গতি সেই ভগবান্" এই কথা দ্বারা গোপীদের বাঞ্ছিত পূরণের উল্লেখ

Digitized at BRCindia.com

ময়ি ভক্তির্হীতি কৃষ্ণপ্রোক্তমেব স্তজীগমৎ।
ময্যাবেশ্য মনঃকৃষ্ণ ইত্যাদ্যপি চ তদ্বচঃ॥ ২২১॥
পূর্ব্ববচ্চতুর্ভিঃ॥
যঃ পৃথিব্যা গুণস্তোমে সত্যেনাদাবভিষ্টুতঃ!
সত্যং বিধাতুং সত্যং তস্মাব্রজেৎ কিং ব্রজে বত॥ ২২২॥
সম্ভাবনা মমৈবেয়মিতি নাত্র বিচার্য্যতাং।
ব্রজস্থানাং ব্রজপ্রাণবর্যস্যপ্যবধার্য্যতাং॥ ২২৩॥

ময়িভক্তির্হীতি ময়ি ভক্তির্হি ভূতানাম্ ইতি দশমস্কন্ধে দ্ব্যশীতিতমেধ্যায়ে চতুশ্চত্বারিংশশ্লোকং শ্রীকৃষ্ণপ্রোক্তমেব স্তজীগমৎ ব্যাজিজ্ঞপৎ পূর্ব্বেনান্বয়ঃ। ময্যাবেশ্যমনঃ কৃষ্ণ ইত্যাদপি তদ্বচঃ শ্রীকৃষ্ণবাক্যং স্তজীগমৎ, ব্যজিজ্ঞপৎ শুকদেবঃ॥ ২২১॥

যঃ পৃথিব্যেতি যঃ শ্রীকৃষ্ণঃ তস্য গুণস্তোমে গুণরাশৌ বর্ত্তমানেঽপি পৃথিব্যা ধরয়া গর্ভস্তুতিপ্রকরণে সত্যেন সত্যগুণমাদায় অভিষ্টুতঃ। অতঃ সত্যং সত্যবাক্যং সত্যং সফলং বিধাতুং ব্রজে কিং না ব্রজেৎ বত? আশ্চর্য্যং! তেন প্রত্যাগতমেব। অন্যথা তস্য সত্যব্রতত্বং ন স্যাৎ॥ ২২২॥

সম্ভাবনেতি ইয়ং মম এব সম্ভাবনা নিশ্চিতিঃ শ্রীকৃষ্ণস্য ব্রজপ্রত্যাগতৌ ইতি ন অত্র বিচার্য্যতাং ব্রজস্থানাং ব্রজবাসিনাং, প্রার্থকানাম্ ব্রজপ্রাণবর্য্যস্য শ্রীকৃষ্ণস্য প্রার্থ্যস্য অপি অবধার্য্যতাং নির্ণীয়তাম্ মর্ম্ম ইতি শেষঃ॥ ২২৩॥

করিয়া "ময়ি ভক্তির্হি" এই বাক্য কৃষ্ণ প্রকাশ করিয়াছিলেন। পরে "ময্যাবেশ্য মনঃ কৃষ্ণে" এইরূপ কৃষ্ণ বাক্যও প্রকাশ করিয়াছিলেন॥ ২২০॥ ২২১॥

যিনি পৃথিবী কর্ত্তৃক অন্যান্য গুণরাশি থাকিতেও সত্যরূপ গুণ দ্বারা অভিষ্টুত অর্থাৎ স্তবের বিষয় হইয়াছিলেন সেই সত্যরূপে স্তবকে সত্য করিবার জন্য কি তিনি ব্রজে আগমন করেন নাই॥ ২২২॥

এ বিষয়ে আমারই এইরূপ সম্ভাবনা, এইরূপ বিচার করিবেন না। কারণ ব্রজবাসি সকলের ও ব্রজ প্রাণনাথের এইরূপ সম্ভাবনা দেখা যায়॥ ২২৩॥

Digitized at BRCindia.com

শ্রীমদ্ব্রজাধিরাজস্য কৃষ্ণকান্তাগণস্য চ।
উদ্ধবং প্রতি গীরীদৃগ্ দৃশ্যতাং দশমাদিষু॥ ২২৪ ॥
যুগ্মকং।

যস্য যর্হ্যম্বুজাক্ষেতি স্তুবন্তি দ্বারিকাজনৈঃ।
কদাচিদ্ব্রজমাগাদিত্যভ্যধায়ি কদাচন॥ ২২৫ ॥
যস্তথা শ্রূয়তে পাদ্মোত্তরখণ্ডাদপি স্ফুটং।
অদাদ্ব্রজায় স্বপ্রাপ্তিমঙ্গলং নিত্যমিত্যপি॥ ২২৬ ॥

---

শ্রীমদব্রজাধিরাজস্যেতি শ্রীমদব্রজাধিরাজস্য শ্রীনন্দস্য কৃষ্ণকান্তাগণস্য গোপীবর্গস্য চ সম্বন্ধে উদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণস্য যা ঈদৃক্ গীঃ প্রেমগর্ব্বিতা দশমাদিষু শ্রীমদ্‌ভাগবতে দশমস্কন্ধে আদিপদেন বিষ্ণুপুরাণে হরিবংশে চ দৃশ্যতাং॥ ২২৪ ॥

যস্য যর্হ্যম্বুজাক্ষেতীতি যস্য যর্হ্যম্বুজাক্ষ ইতি শ্রীমদ্‌ভাগবতেন দ্বারকাবাসিকৃতশ্রীকৃষ্ণস্তত্যাঽপি শ্রীকৃষ্ণস্য ব্রজে প্রত্যাগমনং সূচিতং। যথাহ প্রথমস্কন্ধে একাদশে নবমঃ শ্লোকঃ যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো! ভবান্ কুরূন্ মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া, তত্রাব্দকোটিপ্রতিমঃ ক্ষণো ভবেদ্ রবিং বিনাক্ষ্ণোরিব ন স্তবাচ্যুত! অত্র মধূন্ ইতি পদেন মথুরামণ্ডলবাসিব্রজস্থানামপি উপলব্ধিঃ॥ ২২৫ ॥

যস্তথা শ্রূয়ত ইতি পাদ্মোত্তরখণ্ডাৎ গ্রন্থাৎ অপি স্ফুটং স্পষ্টতঃ তথা

---

শ্রীমদব্রজাধিরাজ এবং কৃষ্ণকান্তাগণের সম্বন্ধে শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে ও পুরাণেও যে কথা আছে, তাহা অবলোকিত হউক॥ ২২৪ ॥

যে শ্রীকৃষ্ণকে দ্বারকাবাসি সকল "যর্হ্যম্বুজাক্ষ" এই শ্লোক দ্বারা ব্রজে আগমন করিয়াছিলেন বলিয়া কোন সময়ে স্তব করিয়াছিলেন॥ ২২৫ ॥

পদ্ম পুরাণের উত্তর খণ্ডেও এইরূপ শ্রবণ করা যায় যে, তিনি শ্রীব্রজেতে চিরকালের জন্য প্রাপ্তিরূপ মঙ্গল প্রদান করিয়াছিলেন॥ ২২৬ ॥

Digitized at BRCindia.com

দত্ত্বা তৎ কৃতকৃত্যঃসন্ প্রাদুর্ভাবান্তরং গতঃ।
জগাম দ্বারকামিত্যপ্যশ্রাবীত্যপি যুক্তিমৎ ॥ ২২৭ ॥
আগমিষ্যত্যদীর্ঘেণেত্যুদ্ধবাদ্বুদ্ধমন্যথা।
যথা ন স্যাৎ তথা ভাব্যং কথান্যা বিতথা মতা ॥ ২২৮ ॥
যস্ত্যজন্নপি গামাখ্যত্তমুদ্ধবকমুৎসুকঃ।
রামেণ সার্দ্ধমিত্যাদ্যং তাসাং কামিতলম্ভনং ॥ ২২৯ ॥

ব্রজপ্রত্যাগমনং শ্রূয়তে। যঃ শ্রীকৃষ্ণঃ ব্রজায় স্বপ্রাপ্তিমঙ্গলং শ্রীকৃষ্ণপ্রাপ্তিরূপং পরমং মঙ্গলং নিত্যমপি পুনর্বিরহাভাববত্ত্বেন অদাৎ দত্তবান্ ॥ ২২৬ ॥

দত্ত্বা তদিতি ব্রজবাসিভ্যঃ স্বপ্রাপ্তিরূপং পরমমঙ্গলং দত্ত্বা কৃত্যকৃত্যঃ কৃতার্থঃ সন্ প্রাদুর্ভাবান্তরং মূর্ত্ত্যন্তরং গতঃ সন্ দ্বারকাং জগাম ইত্যপি যুক্তিমৎ বাক্যম্ অশ্রাবি শ্রুতমস্মাভিরিতি ॥ ২২৭ ॥

আগমিষ্যত্যদীর্ঘেণেতি আগমিষ্যত্যদীর্ঘেন ইতি উদ্ধবাৎ যদ্ বুদ্ধং জ্ঞাতং তজ্জ্ঞানং যথাঽন্যথা ন স্যাৎ তথা সুধীভির্ভাব্যং অন্যা তদ্বিরুদ্ধা কথা বিতথা বৃথা ॥ ২২৮ ॥

যস্ত্যজন্নপীতি যঃ শ্রীকৃষ্ণঃ গাং পৃথিবীং ত্যজন্ দ্বারকালীলাপর্য্যবসানসময়ে ইতি জ্ঞেয়ং উৎসুকঃ পরমকুতুকী সন্ তং নর্ম্মসখং উদ্ধবম্ আখ্যৎ কথিতবান্। যথাহ একাদশস্কন্ধে দ্বাদশাধ্যায়ে উদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণবাক্যং সুগ্রীবো হনুমান্ ঋক্ষো গজো গৃধ্রো বণিক্পথঃ ব্যাধঃ কুব্জা ব্রজে গোপ্যো

ব্রজে নিজ নিত্য প্রাপ্তিরূপ মঙ্গল প্রদানে কৃতকৃত্য হইয়া প্রাদুর্ভাবান্তর অর্থাৎ মূর্ত্ত্যন্তর প্রাপ্ত হইয়া দ্বারকায় গমন করিয়াছিলেন, এইরূপ যাহা শ্রবণ করা যায় যায় তাহাও যুক্তিযুক্তই হইয়া থাকে ॥ ২২৭ ॥

„আগমিষ্যত্যদীর্ঘেন" এই যে উদ্ধব মুখোচ্চারিত বাক্য, সেই বাক্য হইতে যে জ্ঞান হইয়া থাকে, সেই জ্ঞান যাহাতে অন্যথা না হয়, সেইরূপ ভাবনা করাই কর্ত্তব্য। অন্য কথা ব্যর্থ ॥ ২২৮ ॥

যিনি পৃথিবী পরিত্যাগ কালে উৎসুক হইয়া উদ্ধবের প্রতি "রামেণ

Digitized at BRCindia.com

রামেণেতি দ্বয়েনাহ বিযুক্তের্যদ্ব্যতীততাং।
তেন নাস্তি বিযুক্তিঃ সা তদানীমিতি ভাব্যতে ॥ ২৩০ ॥
ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠ ইতি প্রাক্তনবাগ্দ্বয়ে।
বিযুক্তের্বর্ত্তমানত্বং দৃষ্ট্বা নিষ্টঙ্ক্যতামিদং ॥ ২৩১ ॥

---

যজ্ঞপত্ন্যস্তথা পরে রামেণ সার্দ্ধমিতি একাদশস্কন্ধে দশমঃ শ্লোকঃ, রামেণ সার্দ্ধং মথুরাং প্রণীতে, শ্বাফল্কিনা ময্যনুরক্তচিত্তাঃ। বিগাঢ়ভাবেন ন মে বিয়োগঃ, তীব্রাধয়োঽন্যং দদৃশুঃ সুখায় ॥ ইত্যাস্মাৎ শ্লোকাৎ গোপীনাং তাসাং কামিতলম্ভনং কামিতস্য অভীষ্টস্য শ্রীকৃষ্ণস্য লম্ভনং পুনঃ প্রাপ্তিঃ প্রতীয়তে ॥ ২২৯ ॥

কথং তদাহ রামেণেতি রামেণ ইতি পূর্ব্বোক্তে শ্লোকে তদনু, তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেন নীতা ময়ৈব বৃন্দাবনগোচরেণ ক্ষণার্দ্ধবৎ তাঃ পুনরঙ্গ তাসাং হীনা ময়া কল্পসমা বভূবুঃ ইতোতয়োরগ্রিমে শ্লোকে দদৃশুরিতি অত্র সুখানুভবাভাবস্য পূর্ব্বকালবর্ত্তিত্বাৎ দ্বিতীয়শ্লোকনিষ্ঠস্য বভূবুরিতি পদস্য চ অতীতকালবর্ত্তিত্বাচ্চ বিয়োগাভাব এব প্রতীয়ত ইতি ভাবঃ ॥ ২৩০ ॥

ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠ ইতি দশমস্কন্ধে উদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণস্য প্রাক্তন বাগ্দ্বয়ে পূর্ব্বকথিতশ্লোকদ্বয়ে বিযুক্তেঃ বিয়োগস্য বর্ত্তমানত্বং দৃষ্ট্বা ইদানীং

---

সার্দ্ধম্” এই শ্লোক দ্বারা সেই গোপী সকলের কামিত প্রাপ্তি অর্থাৎ “শ্রীকৃষ্ণের পুনঃ প্রাপ্তি” বর্ণন করিয়াছিলেন ॥ ২২৯ ॥

“রামেণ সার্দ্ধম্” “তাস্তাঃক্ষপা” একাদশস্কন্ধের দ্বাদশ অধ্যায়ের দশম ও একাদশ শ্লোকস্থিত “দদৃশুঃ” “বভূব” এই অতীত কাল প্রতিপাদক ক্রিয়াদ্বয় দ্বারা বিয়োগের অতীততা প্রতিপাদিত হইতেছে। সুতরাং যে সময়ে ভগবান্ উদ্ধবের প্রতি এই শ্লোকদ্বয় বলিয়াছিলেন, সেই সময় গোপীদিগের বিয়োগ ছিল না, এইরূপই নিশ্চিত হইতেছে ॥ ২৩০ ॥

“ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠ” এই দশমস্কন্ধস্থ বাক্যদ্বয়ে যে বিয়োগের

Digitized at BRCindia.com

স্বেন তাসাং পুনঃসঙ্গেযদ্বৃত্তং প্রথমেঽহনি।
তদপ্যতীতরীত্যাহ প্রীত্যা সন্দধদুদ্ধবং ॥ ২৩২ ॥
তা নাবিদন্নিতি প্রোচে যত্র তাসাং মদাত্মতাং।
বভূব স মহাভাবঃ সর্ব্বাসাং পরতঃ পরঃ ॥ ২৩৩ ॥

---

দ্বারকালীলাপর্য্যবসানকালে উদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণস্য যা উক্তিঃ অস্তি একাদশস্কন্ধে-তয়া তু সম্যক্ সূক্ষ্মধিয়া বিচার্য্য ইদং নিষ্টঙ্ক্যতাং তর্ক্যতাম্ ইতি ॥ ২৩১ ॥

স্বেন তাসামিতি প্রথমেঽহনি তাভিঃ পুনঃ সঙ্গে যদ্‌বৃত্তং যাদৃশী ঘটনা জাতা তদপি অতীতরীত্যা অতীতকালত্বেন সন্দধৎ শ্রীকৃষ্ণঃ উদ্ধবং প্রত্যাহ তা না-বিদন্ ইতি শ্লোকেন ॥ ২৩২ ॥

তানাবিদন্নিতি যত্র শ্রীকৃষ্ণদর্শনকালে তাসাং গোপীনাম্ নামরূপত্যাগরূপাং মদাত্মতাং তানাবিদন্নিতি শ্লোকেন প্রোবাচ স নামরূপত্যাগঃ সর্ব্বাসাং গোপীনাং পরতঃপরংশ্রেষ্ঠাদ্ অপি শ্রেষ্ঠঃ মহাভাবঃ বভূব ইতি ॥ ২৩৩ ॥

---

বর্ত্তমানত্ব প্রতীতি হইয়া থাকে, এক্ষণে দ্বারকা লীলার পর্য্যবসানে উদ্ধবের প্রতি ভগবানের বাক্য দ্বারা এই বিয়োগাভাব নিশ্চিত হউক ॥ ২৩১ ॥

প্রথম দিবসে সেই গোপীদিগের সহিত নিজের যে মিলন হইয়াছিল, ভগবান্ উদ্ধবের প্রতি প্রীতিপূর্ব্বক সেই মিলন অতীত রীতিতেই বর্ণন করিয়াছিলেন ॥ ২৩২ ॥

"তা না বিদন্নিতি" এই শ্লোকদ্বারা তাঁহাদিগের যে মদাত্মতা কথিত হইয়াছে, উহা সেই গোপীসকলের শ্রেষ্ঠ হইতে ও শ্রেষ্ঠ মহাভাব বলিয়াই অবধারিত হইয়া থাকে ॥ ২৩৩ ॥

Digitized at BRCindia.com

ততশ্চ নামরূপাত্মন্যুদ্ভূতে স্বীয়বৈভবে।
প্রবিষ্টা ইব ন স্পষ্টং প্রবিষ্টা গত্যভাবতঃ ॥ ২৩৪ ॥
দৃষ্টান্তযুগলং তত্র নাবিদন্নিতি কেবলে।
অবেদনং নদীপক্ষেঽপ্যন্ধ্যন্যরসতাহতিঃ ॥ ২৩৫ ॥
সমাধাবিতিদৃষ্টান্তস্যাঙ্গরূপতয়েরিতং।
দার্ষ্টান্তিকস্যানুষঙ্গঃ স্যাদঙ্গং তদ্ভিদা দ্বয়োঃ ॥ ২৩৬ ॥

---

ততশ্চ নামরূপেতি নামরূপাত্মনি নামরূপস্বরূপে স্বীয়বৈভবে স্বকীয়-ব্রহ্মশক্তৌ উদভূতে সম্মুখমাগতে তা গোপ্যঃ প্রবিষ্টা ইব, দর্পণপ্রবেশবৎ ইতি ভাবঃ নতু স্পষ্টং প্রবিষ্টা, কুতস্তদাহ গত্যভাবতঃ তাসাং তত্র গতি-শক্তেরভাবাৎ॥ ২৩৪ ॥

দৃষ্টান্তযুগলমিতি মুনিনদীরূপং দৃষ্টান্তযুগলং অবিদন্নিতি তাসাম্ অবেদি-ত্বাংশে কেবলে পদং লভত ইতি অবেদনং বিবৃণোতি অবেদনমিতি নদীপক্ষে অন্ধ্যান্যরসতাহতিঃ স্বরসপরিত্যাগপুরঃসরসমুদ্ররসগ্রহণং অবেদনং ভবতি॥ ২৩৫ ॥

সমাধাবিতীতি দৃষ্টান্তস্য :সমাধৌ ইতি অঙ্গরূপতয়া ঈরিতং কথিতং দার্ষ্টান্তিকস্য অনুষঙ্গঃ অঙ্গং স্যাৎ তস্মাৎ দ্বয়োঃ দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োঃ ভিদা ভেদ ইতি॥ ২৩৬ ॥

---

অনন্তর নাম রূপ স্বরূপ স্বীয় বৈভব প্রকটিত হইলে সেই গোপী সকল যেন প্রবেশই করিয়াছিলেন, স্পষ্ট প্রবেশ করেন নাই, গতির অভাবই এ বিষয়ে প্রতিবন্ধক হইয়াছিল॥ ২৩৪ ॥

সেই নদী ও মুনিরূপ দৃষ্টান্তদ্বয় "নাবিদন্" অর্থাৎ জ্ঞানাভাবরূপ অংশেই সঙ্গত হইয়া থাকে। নদী পক্ষে অবেদন অর্থাৎ জ্ঞানাভাব কেবল সমুদ্র রস গ্রহণ॥ ২৩৫ ॥

দৃষ্টান্তেতে "সমাধাবিতি" অর্থাৎ সমাধিই অঙ্গরূপে কথিত হইয়া থাকে।

মৎকামা রমণং জারমস্বরূপবিদো হবলাঃ।
ব্রহ্ম মাং পরমং প্রাপুরিতি পদ্যে তু তৎপরে ॥ ২৩৭
পচ্যন্তাং বিবিধাঃ পাকা ইতীবাত্রার্থিকঃক্রমঃ।
তা ব্রহ্ম প্রাপুরিত্যেবং তাইত্যস্যাত্র চান্বয়ঃ ॥ ২৩৮ ॥

---

মৎকামেতি একাদশস্কন্ধে দ্বাদশাধ্যায়ে ত্রয়োদশশ্লোকস্য শেষঃ সঙ্গাচ্ছত-সহস্রশ ইতি এবং তা অবলাঃ কেবলং মৎকামা অঙ্গরূপবিদঃ স্বরূপস্তু ন জানন্তি তথাপি সৎসঙ্গাৎ জারং ব্রহ্ম জারবুদ্ধিবেদ্যমপি ব্রহ্ম স্বরূপমেব মাং পরমং প্রাপুরিত্যর্থঃ ইতি শ্রীধরস্বামিপাদাঃ ইতি পদ্যে তু তৎপরে অর্থাৎ তা না বিদন্নিতি ইত্যস্মাৎ পরবর্ত্তিনি ॥ ২৩৭ ॥

পচ্যন্তামিতি পচ্যন্তাং বিবিধাঃ পাকাঃ সূপান্তাঃ পায়সাদয়ঃ সংযাবাপূপ-শস্কুল্যঃ সর্ব্বদোহশ্চ গৃহ্যতামিতি গোবর্দ্ধনযাগস্থভাগবতীয়শ্লোকে দোহস্যা-ন্তিমত্বেঽপি অর্থবশাদ্ আদিস্থিতত্বং গ্রহণীয়ং তথা তত্র মৎকাম ইতি শ্লোকে আর্থিকঃ ক্রমঃ তানাবিদন্ ইতি শ্লোকে স্থিতস্য তা ইতি পদং প্রাপুরিতি ক্রিয়ায়াঃ কর্ত্তৃত্বেন অন্বেতি ইতি ॥ ২৩৮ ॥

---

দার্ষ্টান্তিকে অনুষঙ্গই অঙ্গ হইয়া থাকে এই কারণেই দৃষ্টান্ত দার্ষ্টান্তিকের ভেদ হইয়া থাকে ॥ ২৩৬ ॥

আমার প্রতি কামনা বিশিষ্ট সেই অবলা সকল আমার স্বরূপ অবগত না হইলেও পরম ব্রহ্ম স্বরূপ আমাকে প্রাপ্ত হইয়াছিলেন "তা না বিদন্নিতি" শ্লোকের পরবর্ত্তি এই শ্লোকে "পচ্যন্তাং বিবিধাঃ পাকা" এই শ্লোকের ন্যায় আর্থিকক্রম জানিবে। "তা ব্রহ্ম প্রাপুঃ" অর্থাৎ সেই গোপীসকল ব্রহ্ম প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৩৭ ॥ ২৩৮ ॥

Digitized at BRCindia.com

কীদৃগব্রহ্মেতি বোধায় যৎপ্রাহ পরমং পদং।
তত্রাপ্যাকাঙ্ক্ষয়াবাদীন্মামিতি স্বং পুনঃ প্রভুঃ ॥ ২৩৯ ॥
ময়ি ভক্তির্হীতিবাক্যাদাহ প্রাগেতদেব হি।
ধারয়ন্ত্যতিকৃচ্ছ্রেণেত্যুক্ত্যা ব্যানগিদং পুরা ॥ ২৪০ ॥
প্রাণত্যাগেণ মৎপ্রাপ্তি র্নান্যবত্তাসু মন্মতা
মৎকামা ইতি পূর্ব্বার্দ্ধে চাখ্যৎ প্রাপ্তিবিভক্ততাং ॥২৪১॥

---

কীদৃগ্‌ব্রহ্মেতি সুগমমিতি ॥ ২৩৯ ॥

ময়ি ভক্তির্হীতি ইতি প্রাক্ পূর্ব্বস্মিন্ আহ ধারয়ন্ত্যতি কৃচ্ছ্রেনেতি পুরা অগ্রে ইদং ব্যানক্ অঞ্জুধাতোঃ ঘ্যা দিপ ॥ ২৪০ ॥

প্রাণত্যাগেন মৎপ্রাপ্তিরিতি গোপীনাং প্রাণত্যাগেনাপি পরমকান্ত শ্রীকৃষ্ণপ্রাপ্তিঃ সম্ভবেদদিত্যত আহ প্রাণত্যাগেনিতি অন্যবৎ অন্যসাধকবৎ প্রাণত্যাগেন প্রাণপরিহারেণ মৎপ্রাপ্তিঃ মৎসান্নিধ্যলাভঃ তাসু মৎকান্তাসু গোপীষু ন মন্মতা তত্র বিষয়ে মম সম্মতির্নাস্তি ইতি ভাবঃ তত্রেতুমাহ মৎকামা ইতি পূর্ব্বার্দ্ধে স্থিতেন পদেন প্রাপ্তিবিভক্ততাং প্রাপ্তিবৈলক্ষণ্যং আখ্যৎ কথিতবান্ শ্রীকৃষ্ণ ইতি ॥ ২৪১ ॥

---

সেই ব্রহ্ম কি প্রকার? এই বোধের নিমিত্ত "পরম" এই পদ উল্লেখ করিয়াছেন, এ বিষয়েও আকাঙ্ক্ষা উপস্থিত হওয়ায় প্রভু শ্রীকৃষ্ণ নিজকে "মাম্" অর্থাৎ আমাকে এই কথা বলিয়াছে ॥ ২৩৯ ॥

"ময়ি ভক্তির্হীতি" এই বাক্য হইতে ইহা অবগত হওয়া যায় "ধারয়ন্ত্যতি কৃচ্ছ্রেণ" এই কথা বলিয়া পূর্ব্বে এই কথা বলিয়াছিলেন ॥ ২৪০ ॥

অন্যের ন্যায় প্রাণত্যাগ গোপীসকলের মৎপ্রাপ্তি অর্থাৎ আমাকে প্রাপ্তি আমার সম্মত নহে। কারণ "মৎকামা" এইপদ দ্বারা পূর্ব্বার্দ্ধে তাঁহাদে প্রাপ্তি বৈলক্ষণ্য বর্ণিত হইয়াছে ॥ ২৪১ ॥

Digitized at BRCindia.com

অস্বরূপবিদঃ সত্যঃ প্রাপুর্জারধিয়েত্যবক্।
নিত্যতৎপ্রেয়সীরূপস্বরূপং হি তদীয়কং ॥ ২৪২ ॥
যৎপূর্ব্বং ভাবয়ন্ ভাবং ভাবিনীনামমূদৃশাং।
মৎকামা ইতি নিঃক্ষিপ্য জারত্বেঽস্থৈর্য্যমাক্ষিপৎ ॥ ২৪৩ ॥
ময়ি কামঃ সদা যাসাং তা মৎকামা ইতীরিতাঃ।
কামশ্চ রমণত্বেন স্পৃহাত্র প্রতিপদ্যতে ॥ ২৪৪ ॥

---

অস্বরূপবিদইতি অস্বরূপবিদঃ স্বরূপানভিজ্ঞাঃ সত্যঃ গোপাঃ কৃষ্ণ প্রাপুরিতি অবক্ কথিতবান্ হি যতঃ তদীয়কং অর্থাৎ গোপীনাং নিত্যতৎপ্রেয়সীরূপস্বরূপং নিত্যকৃষ্ণকান্তারূপস্বরূপম্ ইতি ॥ ২৪২ ॥

যঃ পূর্ব্বমিতি যঃ শ্রীকৃষ্ণঃ অমূদৃশাং ভাবিনীনাং রমণীনাং ভাবং তদেকপ্রাণতাং ভাবয়ন্ উদ্ধবং প্রদর্শয়ন্ মৎকামা ইতি পদেন স্বস্মিন্ তাসাং জারত্বে অস্থৈর্য্যং আক্ষিপৎ প্রাহিণোৎ ॥ ২৪৩ ॥

ময়ি কামঃ সদেতি সদা সর্ব্বস্মিন্ কালে যাসাং গোপীনাম্ ময়ি কামঃ অভিলাষঃ। তা গোপ্যঃ মৎকামা ইতি ঈরিতাঃ রমণত্বেন হেতুনাং গোপীনাং যা স্পৃহা বাঞ্ছা অস্তি, অত্র সৈব কামং প্রতিপদ্যতে কামত্বেন লভ্যতে ॥ ২৪৪ ॥

---

সেই গোপীসকল স্বরূপানভিজ্ঞা হইলেও জারবুদ্ধি দ্বারা কৃষ্ণকে প্রাপ্ত হইয়াছিলেন। কারণ সেই গোপীসকলের নিত্যকৃষ্ণকান্তারূপই স্বরূপ ॥২৪২ ॥

যিনি পূর্ব্বে সেই গোপীসকলের ভাব প্রদর্শন করিয়া "মৎকামাঃ" এই কথা বলিয়া উপপতিত্ববিষয়ে অস্থৈর্য্য আক্ষেপ করিয়াছিলেন ॥ ২৪৩ ॥

কারণ যে সকল নারীর আমার প্রতি সর্ব্বদা কাম বর্ত্তমান আছে, সেই সকল অবলাই মৎকামা বলিয়া কথিত হইয়া থাকেন। রমণত্বরূপে স্পৃহাই কাম বলিয়া কথিত হইয়া থাকে ॥ ২৪৪ ॥

Digitized at BRCindia.com

অস্মিন্নপি বতেত্যাদি শ্রীরাধাগীরলিং প্রতি।
বিবিচ্যতাং ততঃ সর্ব্বমন্যদন্যদ্বিবিচ্যতাং ॥ ২৪৫ ॥
অত্রার্য্যপুত্রশব্দঃ স্যাৎ পত্যাবেব প্রসিদ্ধিভাক্।
তথাপি স্বেষু কৈঙ্কর্য্যং দৈন্যাৎকন্যাবদীরিতং ॥ ২৪৬ ॥
সংক্লৃপ্তা পতিতা তাভিঃ পুনরিত্থমুদীরিতং।
শ্যামসুন্দর! তে দাস্য ইতি যদ্বত্তথেহ চ ॥ ২৪৭ ॥

---

অস্মিন্নপীতি বত মধুপূর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে সপ্তচত্বারিংশাধ্যায়ে একবিংশতিতমে শ্লোকে উদ্ধবং প্রতি শ্রীরাধায়া যা গীর্ভারতী সা বিবিচ্যতাং বিচার্য্যতাং ততঃ তদনন্তরং অন্যদ্ অন্যদ্ বিবিচ্যতাম্ ইতি ॥ ২৪৫ ॥

তত্রার্য্যপুত্রশব্দ ইতি তত্র শ্লোকে আর্য্যপুত্র শব্দঃ পত্যৌ ভর্ত্তরি এব প্রসিদ্ধিভাক্। তথাপি পত্নীত্বেঽপি স্বেষু কৈঙ্কর্য্যং দাস্যং যদ্ অঙ্গীকৃতং তদ্ দৈন্যাৎ বিরহতপ্তহৃদয়োত্থাদিতি তৎতু কৈঙ্কর্য্যং কন্যাবৎ বস্ত্রহরণ কল্পে কন্যাভি র্যথা দাস্যং প্রার্থিতং তথা অত্রাপি শ্রীমতীভিরীরিতং ॥ ২৪৬ ॥

কন্যানাং প্রার্থনং প্রপঞ্চয়তি সংক্লৃপ্তেতি তাভিঃ কন্যাভিঃ পতিতা নন্দ নন্দনস্য সংক্লৃপ্তা প্রসিদ্ধিং প্রাপিতা নন্দগোপসুতং দেবি পতিং মে কুরুতে নম ইতি বাক্যেন। পুনঃ শ্যামসুন্দর! তে দাস্য ইত্যনেন ইদং দাস্যং যদ্বদ্ ঈরিতং তথা ইহাপি উদ্ধবসমীপে শ্রীরাধিকয়াঽপি ভণিতং ॥ ২৪৭ ॥

---

এই বিষয়ে "অপি বত" ইত্যাদি রূপ শ্রীরাধার ভ্রমরের প্রতি যে বাক্য আছে, সেই বাক্য সকল বিচার কর। অনন্তর অন্য বিষয়ও বিচার কর ॥ ২৪৫

স্বামি মাত্রে প্রসিদ্ধ আর্য্যপুত্র শব্দ এইস্থলে শ্রুত হইতেছে। তথাপি কাত্যায়নী-ব্রতপরা কন্যা সকলের ন্যায় নিজ নিজ বিষয়ে দীনতা হেতু কিঙ্করতা প্রকাশ করিয়াছিলেন ॥ ২৪৬ ॥

সেই কন্যা সকল তাঁহাকে পতিস্বরূপে বরণ করিয়া "শ্যাম সুন্দর তে দাস্য" এইরূপ বলিয়াছিলেন। এইস্থলেও সেইরূপ জানিবে ॥ ২৪৭ ॥

Digitized at BRCindia.com

আৰ্য্যপুত্রঃ কদাস্মাকং কিঙ্করীণাস্তু মূৰ্দ্ধনি।
ভুজং ধাস্যত্যেবমাসাং তৎপত্নীপদকামতা ॥ ২৪৮ ॥
তৎকামতাহি সিদ্ধা চেৎ তেন তদ্দানমব্যয়ং।
যে যথা মাং প্রপদ্যন্তে ইতি যদ্বৎপ্রতিশ্রবঃ ॥ ২৪৯ ॥
বল্লব্যো মে মদাত্মান ইতি যৎ প্রোক্তমাত্মনা।
সৰ্ব্বেষাং বচসামূৰ্দ্ধং তদাস্তাং সৰ্ব্বমূৰ্দ্ধনি ॥ ২৫০ ॥

---

আৰ্য্যপুত্রেতি আসাং গোপীনাং তৎপত্নীপদকামতা শ্রীকৃষ্ণপত্নীপদাভিলাষঃ সনাতনঃ ॥ ২৪৮ ॥

তৎকামতেতি চেদ্ যদি তাসাং গোপীনাং তৎকামতা শ্রীকৃষ্ণপত্নীকামতা আৰ্য্যপুত্রশব্দেন দৃঢ়সিদ্ধা তেন হেতুনা তদ্দানম্ তাভ্যঃ তদ্দানং স্বাত্মদানম্ অব্যয়ং নিত্যসিদ্ধং জ্ঞেয়ং নন্থ সত্যপি তাসাং তাদৃগভিমানে শ্রীকৃষ্ণস্য কথমনীতিসম্মতিঃ ? ইত্যতঃ আহ যে যথা মামিতি যদ্ যস্মাৎ তৎ প্রতিশ্রবঃ তস্য প্রতিজ্ঞাঽস্তি তদ্ যথা শ্রীমুখবাক্যং যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহং ॥ ২৪৯ ॥

বল্লব্যো ম ইতি বল্লব্যো মে মদাত্মিকা আত্মনা শ্রীকৃষ্ণেণ যৎ প্রোক্তং তৎ প্রোক্তং সৰ্ব্বেষাং বচসাম্ উৰ্দ্ধং সৰ্ব্বমূৰ্দ্ধনি সৰ্ব্বসিদ্ধান্তশিরসি আস্তাং রাজচক্রবর্ত্তিবদ্ ইতি শেষঃ ॥ ২৫০ ॥

---

আৰ্য্যপুত্র কোন্ সময়ে আগমন করিয়া এই কিঙ্করী সকলের মস্তকে হস্ত প্রদান হস্তপ্রদান করিবেন। এইরূপে এই ব্রজসুন্দরী সকলের কৃষ্ণের পত্নীস্বরূপ পদ লাভের অভিলাষ প্রকাশ পাইতেছে ॥ ২৪৮ ॥

যদি সেই গোপী সকলের তাঁহার পত্নীত্ব বিষয়ে অভিলাষ সিদ্ধ হইল, সুতরাং তিনি তাঁহাদিগকে পতিরূপে আত্মপ্রদান করিয়াছিলেন, ইহাও নিশ্চিত হইল। কারণ "যে যথা মাং প্রপদ্যন্তে" এইরূপ শ্রীভগবানের প্রতিজ্ঞা বাক্য আছে ॥ ২৪৯ ॥

তিনি স্বয়ং "বল্লব্যো মে মদাত্মানঃ" অর্থাৎ আমার বল্লবীগণ আমাতেই

Digitized at BRCindia.com

যৎ মৎকামা ইতি প্রোচে তাসাং প্রাপ্তিস্তথাস্বয়ং।
তন্ময়া সাধু তৎপ্রোক্তং তাসাং কামিতলম্ভনং ॥ ২৫১ ॥
মৎকামা ইতি পদ্যস্য তুর্য্যাংশে ত্বিদমুচ্যতে।
পরাশ্চ সঙ্গতস্তাসাং প্রাপুঃশতসহস্রশঃ ॥ ২৫২ ॥

পূর্ব্ববদেকোনবিংশত্যা ॥

যঃ শ্রীগর্গবচঃ পূর্ণং তূর্ণং চক্রে স্বয়ং দ্বয়ং।
এষ বঃ শ্রেয় আধাস্যদ্ য এতস্মিন্ মহেতিদিক্ ॥ ২৫৩ ॥

---

যা মৎকামেতি গোপ্যো মৎকামা ইতি যৎ শ্রীকৃষ্ণেণ প্রোক্তং তেন হেতুনা তাসাং গোপীনাং স্বপ্রাপ্তিঃ স্বয়ং কথিতা তস্মান্ ময়া সাধু তৎকামিত-লম্ভনং প্রোক্তং ॥ ২৫১ ॥

মৎকাম ইতি পদ্যস্যার্দ্ধে ইতি তাসাং নিত্যসিদ্ধানাং গোপীনাং সঙ্গতঃ সাহচর্য্যাং পরা অন্যা সাধনসিদ্ধা গোপ্যঃ শতসহস্রশঃ তং শ্রীকৃষ্ণং প্রাপুঃ তথৈবেতি শেষঃ ॥ ২৫২ ॥

যঃ শ্রীগর্গবচ ইতি যঃ শ্রীকৃষ্ণঃ স্বয়ং শ্রীগর্গবচঃ দ্বয়ং তূর্ণং ঝটিতি পূর্ণং চক্রে কৃতবান্ কিন্তদ্গর্গবচনমিতিবিবৃণোতি এষ বঃ শ্রেয় আধাস্যৎ ইত্যনেন

---

আত্ম সমর্পণ করিয়াছেন, সেই কথা সকলের অর্থাৎ সর্ব্বসিদ্ধান্তের মস্তকোপরি বিরাজমান হউক ॥ ২৫০ ॥

তিনি যে "মৎকামা" এই কথা যাহা বলিয়াছিলেন, তাহাতে প্রমাণ হই-তেছে, তিনি স্বয়ং সেই গোপী সকলের প্রাপ্তি বর্ণন করিয়াছিলেন। অতএব আমি যে সেই গোপী সকলের কামিতলম্ভন অর্থাৎ অভীষ্ট প্রাপ্তি বলিয়াছি তাহা যুক্তি যুক্তই হইয়াছে ॥ ২৫১ ॥

মৎকামা এই পদ্যের চতুর্থাংশে ইহা কথিত হইয়াছে, অপরাপর শত সহস্র গোপী তাঁহাদের সঙ্গে শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৫২ ॥

যিনি শীঘ্রই শ্রীগর্গাচার্য্যের বচনদ্বয় পূর্ণ করিয়াছিলেন। যথা, "এষবঃ

Digitized at BRCindia.com

নাশাদ্বিঘ্নস্য কংসাদেঃ পত্যাভাসাদিজস্য চ।
সদা স্বমদদাদ্ যস্মাদ্ ব্রজে কান্তাব্রজেস্বপি ॥ ২৫৪ ॥
পূর্ব্ববদ্‌যুগ্মকং ॥

যঃ প্রাদাদ্‌ব্রজবাসিভ্যঃ পূর্ব্বরীত্যা নিজাং গতিং।
বৃন্দাবনস্থাং গোলোকনাম্নীং যাং প্রাগলোকয়ৎ ॥ ২৫৫ ॥

---

নন্দাদীন্ প্রতি তস্য মঙ্গলকারিত্বং সূচিতং গর্গাচার্য্যেণ য এতস্মিন্ মহাভাগে প্রীতিমিত্যাদিনা এতৎ প্রীতিকারিনাং বিঘ্নশূন্যত্বমপি তেনাচার্য্যেণ সূচিতং ॥ ২৫৩ ॥

নাশাদ্বিঘ্নস্যেতি বিঘ্নস্য নন্দাদীনাম্ অন্তরায়স্য কংসস্য নাশাৎ পত্যাভাসাদিজস্য, স্বস্য জারত্বপ্রবাদরূপবিঘ্নস্য চ উক্তপ্রকারেণ বিনাশাৎ পূর্ণং চক্রে ইতি পূর্ব্বেণান্বয়ঃ পত্যাভাসাদিজস্য বিঘ্নস্য বিনাশহেতুমাহ সদেতি যস্মাৎ হেতোঃ শ্রীকৃষ্ণঃ ব্রজে কান্তাব্রজেষু গোপীষু অপি সদা চিরং ব্যাপ্য স্বম্ আত্মানম্ অদাৎ দত্তবান্ ॥ ২৫৪ ॥

যঃ প্রাদাদ্ ইতি যঃ শ্রীকৃষ্ণঃ ব্রজবাসিভ্যঃ পূর্ব্বরীত্যা পূর্ব্বপ্রকারেণ বৃন্দাবনস্থাং গোলোকনাম্নীং নিজাং গতিং প্রাদাৎ, যাং গতিং প্রাক্ অগ্রে আলোকয়ৎ প্রাদর্শয়ৎ, তথাহি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে হৃষ্টাবিংশাধ্যায়ে "ইতি সঞ্চিন্ত্য ভগবান্ মহাকারুণিকো হরিঃ দর্শয়ামাস লোকং স্বং গোপানাং তমসঃ পরং" ইত্যাদিনা ॥ ২৫৫ ॥

---

প্রেয়ঃ আধাস্তৎ" "য এতস্মিন্ মহেতিদিক্" ইহাই গর্গাচার্য্যের শ্লোক দ্বয় ॥ ২৫৩ ॥

কংসাদিরূপ বিঘ্ন এবং পত্যাভাসাদি জন্য অর্থাৎ উপপতিত্বাদি জন্য বিঘ্ন বিনাশ করিয়া যিনি শ্রীগর্গ বাক্য পূর্ণ করিয়াছিলেন। কারণ তিনি ব্রজে এবং কান্তাব্রজে অর্থাৎ প্রেয়সী সমূহে সর্ব্বদা আত্ম প্রদান করিয়াছিলেন ॥ ২৫৪ ॥

যে শ্রীকৃষ্ণ ব্রজবাসি সকলকে পূর্ব্বরীতি অনুসারে নিজগতি প্রদান

Digitized at BRCindia.com

যাং শ্রীবৃহদ্গৌতমীয়ে প্রাহ বৃন্দাবনং প্রতি।
সর্ব্বদেবময়শ্চাহং ন ত্যজামি বনং ক্বচিৎ ॥ ২৫৬ ॥
আবির্ভাবস্তিরোভাবো ভবেন্মেঽত্র যুগে যুগে।
তেজোময়মিদং রম্যমদৃশ্যং চর্ম্মচক্ষুষা ॥ ২৫৭ ॥
তদেতদ্বিস্তরাদ্ ব্রহ্মসংহিতায়াং নিরূপিতং।
গোলোকনাম্নীং তন্মধ্যে গোকুলাখ্যং হরেঃ পদং ॥ ২৫৮ ॥

---

যাং শ্রীবৃহদিতি শ্রীবৃহদ্গৌতমীয়ে বৃন্দাবনং প্রতি যাং গতিং প্রাহ কথিতবান্ অহং শ্রীকৃষ্ণঃ সর্ব্বদেবময়ঃ সন্ ক্বচিদ্ অপি বনং বৃন্দাবনং ন ত্যজামি সর্ব্বদা তত্র তিষ্ঠামি ইতি ॥ ২৫৬ ॥

আবির্ভাবেতি অত্র বৃন্দাবনে মে মম যুগে যুগে আবির্ভাবঃ প্রকাশঃ তিরোভাবঃ অপ্রকাশশ্চ ভবেৎ। ইদং রম্যং তেজোময়ং অপ্রাকৃতং বনং চর্ম্মচক্ষুষাম্ অজ্ঞানাম্ অদৃশ্যং দর্শনানর্হমিতি ॥ ২৫৭ ॥

তদেতদ্বিস্তারাদিতি তৎ তস্মাৎ এতদ্ বৃন্দাবনং ব্রহ্মসংহিতায়াং বিস্তরাৎ বাহুল্যেন নিরূপিতং বর্ণিতং সসিদ্ধান্তমিতিশেষঃ তন্মধ্যে গোলোকনাম্না গোকুলাখ্যং হরেঃ শ্রীকৃষ্ণস্য পদং স্থানং ভবতি পদং ব্যবসিতিত্রাণস্থানলক্ষ্মাঙ্ঘ্রিবস্তুষু ইত্যমরঃ ॥ ২৫৮ ॥

---

করিয়াছিলেন। যিনি পূর্ব্বে সেই ব্রজবাসি সকলকে বৃন্দাবনস্থা যে গোলোক নাম্নী শক্তি অবলোকন করাইয়াছিলেন ॥ ২৫৫ ॥

যে বৃন্দাবন লক্ষ্য করিয়া গোলোক নাম্নী শক্তি বর্ণন করিয়াছিলেন। যথা আমি সর্ব্বদেবময়, কদাচ আমি এই বন পরিত্যাগ করিতে পারিব না ॥ ২৫৬ ॥

আমি যুগে যুগে এই বৃন্দাবনে আবির্ভূত ও তিরোভূত হইয়া থাকি। এই তেজোময় রম্য স্থান চর্ম্ম চক্ষে অজ্ঞানী সকলের অদৃশ্য হইয়া থাকে ॥ ২৫৭ ॥

এই সকলবিষয় ব্রহ্মসংহিতা গ্রন্থে নিরূপিত হইয়াছে। সেই গোলোক মধ্যে গোকুল নামক স্থানটিই হরির অধিষ্ঠান স্বরূপ হইয়া থাকে ॥ ২৫৮ ॥

১৪

Digitized at BRCindia.com

ন ত্যজামীতি যত্তত্তু দ্বিধাভিপ্রায়কং মতং।
বিরহেঽপি ব্রজে স্ফূর্ত্ত্যা পূর্ত্ত্যাশীঘ্রাগতেরপি ॥ ২৫৯ ॥

পূর্ব্ববচ্চতুর্ভিঃ ॥

যঃ স্বপূর্য্যোরপি স্থৈর্য্যং যাতি নিত্যং যথাহ চ।
মথুরা ভগবান্ যত্র নিত্যং সন্নিহিতো হরিঃ ॥ ২৬০ ॥
দ্বারকাং হরিণা ত্যক্তাং সমুদ্রোঽপ্লাবয়ৎ ক্ষণাৎ।
বর্জ্জয়িত্বা মহারাজ শ্রীমদ্ভগবদালয়ং ॥ ২৬১ ॥

ন ত্যজামীতি ন ত্যজামীতি যদ্ উক্তং তদ্ দ্বিধাভিপ্রায়কং মতং অভিপ্রায়দ্বৈবিধ্যেন উক্তং কথং তদাহ বিরহেঽপীতি বিরহে অপ্রকটাবস্থায়ামপি ব্রজে স্ফূর্ত্ত্যা সদা সর্ব্বথা স্থিত্যাঃ হেতোঃ প্রোষ্য শীঘ্রাগতেঃ পূর্ত্ত্যা ব্রজে বিরহদুঃখনিরাকরণেন পরমসুখপূরণাৎ চ হেতোঃ দ্বিধাভিপ্রায়কং ॥ ২৫৯ ॥

যঃ শ্রীকৃষ্ণঃ স্বপুর্য্যোঃ মথুরাদ্বারকায়োঃ অপি নিত্যং স্থৈর্য্যং যাতি, তয়োঃ পূর্য্যোঃ হরিঃ নিত্যং স্থির ইতি ভাবঃ যথাহ "দশমস্কন্ধে" মথুরা ভগবান্ যত্র নিত্যং সন্নিহিতোহরিঃ ॥ ২৬০ ॥

দ্বারকামিতি হে মহারাজ! হরিণা শ্রীকৃষ্ণেণ ত্যক্তাং দ্বারকাং স্বরাজধানীং তত্র শ্রীমদ্ভগবদালয়ং শ্রীকৃষ্ণমন্দিরং বিনা সমুদ্রঃ তৎক্ষণাৎ অপ্লাবয়ৎ গ্রস্তামকরোৎ একাদশস্কন্ধে একত্রিংশাধ্যায়ে ত্রয়োবিংশ শ্লোকঃ ॥ ২৬১ ॥

"ন ত্যজামি" যাহা বলা হইয়াছে, তাহার দুই প্রকার অভিপ্রায়, যথা বিরহ অবস্থাতেও ব্রজে সেই কৃষ্ণের স্ফুর্ত্তি হেতু এবং প্রবাস হইতে শীঘ্র ব্রজে শ্রীকৃষ্ণের আগমন হেতু জানিবে ॥ ২৫৯ ॥

যিনি আপনার পুরীদ্বয় মধ্যে চিরকাল স্থির ভাবে বাস করিয়া থাকেন। এ বিষয়ে প্রমাণ এই যে, "সেই মথুরা, যে স্থলে হরি নিত্যই সন্নিহিত হইয়া থাকেন" ॥ ২৬০ ॥

হে মহারাজ! হরি দ্বারকাপুরী পরিত্যাগ করিলে সমুদ্র শ্রীভগবন্মন্দির ব্যতীত সমস্ত পুরীই প্লাবিত করিয়াছিল ॥ ২৬১ ॥

Digitized at BRCindia.com

স্মৃত্বাশেষাশুভহরং সর্ব্বমঙ্গলমঙ্গলং।
নিত্যং সন্নিহিতস্তত্র ভগবান্ মধুসূদনঃ ॥ ২৬২ ॥
পূর্ব্ববদ্ভিঃ ॥
যস্তস্মাদুভয়ত্রাপি রাজতীতি শুকেন চ।
জয়তীত্যাদিবাক্যেন বর্ণিতঃ ক্ষিতিপং প্রতি ॥ ২৬৩ ॥

---

শ্রীমদ্ভগবদালয়স্যাপ্লাবিতত্বে হেতুঃ স্মৃত্বেতি তদ্ আলয়ং অশেষাশুভহরং সর্ব্বামঙ্গলক্ষয়কারণং সর্ব্বমঙ্গলমঙ্গলং সর্ব্বেষাং মঙ্গলানাম্ অপি মঙ্গলং কুশলস্বরূপম্ ইতি স্মৃত্বা হৃদি বিচার্য্য পূর্ব্বেণান্বয়ঃ তস্যাতিপ্রিয়ত্বং প্রদর্শয়তি নিত্যমিতি তত্র স্বকীয় আলয়ে ভগবান্ মধুসূদনঃ নিত্যং সদা সন্নিহিতঃ বিরাজতে শ্লোকযুগম্ একাদশস্কন্ধে একত্রিংশাধ্যায়ে বর্ত্ততে ॥ ২৬২ ॥

যস্তস্মাদিতি যঃ শ্রীকৃষ্ণঃ উভয়ত্র মথুরায়াং দ্বারকায়াঞ্চ রাজতি তিষ্ঠতি ইতি উভয়নিষ্ঠত্বং ক্ষিতিপং পরীক্ষিতং প্রতি জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো যদুবরপরিষৎস্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মং স্থিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্ ইতি দশমস্কন্ধীয়নবতিতমাধ্যায়েঽষ্টচত্বারিংশশ্লোকেন প্রতিপাদিতং অত্র যদুবরপরিষৎ ইতি পদেন দ্বারকানিষ্ঠত্বং স্থিরচিরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবমিতি শ্লোকার্দ্ধেন দ্বারকাবাসিত্বেঽপি তস্য ব্রজনিষ্ঠত্বং প্রতীয়তে, বর্দ্ধয়ন্নিত্যত্র শতৃপ্রত্যয়যোগাৎ ইতি ভাবঃ ॥ ২৬৩ ॥

---

সমুদ্র উক্ত ভগবদালয় অশেষ অমঙ্গলনাশক ও সর্ব্বমঙ্গলেরও মঙ্গলস্বরূপ বিবেচনা করিয়া উহা প্লাবিত করে নাই। ভগবান্ মধুসূদন তথায় নিত্যই সন্নিহিত হইয়া থাকেন ॥ ২৬২ ॥

সেই কারণে যে শ্রীকৃষ্ণ উভয়ত্র বিরাজ করিয়া থাকেন। এই কারণেই শুকদেব শ্রীপরীক্ষিতের প্রতি "জয়তি" এই শ্লোক দ্বারা বর্ণন করিয়াছিলেন ॥ ২৬৩ ॥

Digitized at BRCindia.com

যশ্চম্পূযুগলপ্রান্তমীদৃক্‌সিদ্ধান্তমীরিতং।
জীবান্তর্য্যামিতাং প্রাপ্তস্তূর্ণং পূর্ণমচীকরৎ ॥ ২৬৪ ॥

স তু হরিরধিবর্ত্ম দন্তবক্রং
যুধি শময়ন্ ব্রজবাসমাসসাদ।
তমভিযযুরমী ব্রজেশমুখ্যাঃ
শশিনমিব ক্ষুধিতাশ্চকোরবারাঃ ॥ ২৬৫ ॥

আদিমারভ্য মহাকুলকং ॥

স্বজনকমুখান্নিরীক্ষ্য শুষ্কান্
স্বদৃগমৃতেন স্বতেন সিঞ্চতি স্ম।

---

গোপালচম্পূগ্রন্থযুগলে যঃ শ্রীকৃষ্ণঃ জীবান্তর্য্যামিতাং গ্রন্থকর্ত্তুঃ বুদ্ধি চালকত্বং প্রাপ্তঃ সন্ তূর্ণং ঈদৃক্ ঈরিতং সিদ্ধান্তং ঝটিতি পূর্ণং সমাপ্তম্ অচীকরৎ কারিতবান্ ॥ ২৬৪ ॥

স তু হরিরিতি স তু হরিঃ শ্রীকৃষ্ণঃ অধিবর্ত্ম বর্ত্মনি মার্গে দন্তবক্রং দুর্দ্দান্তং বীরবিশেষং যুধি যুদ্ধে শময়ন্ পঞ্চত্বং প্রাপয়ন্ ব্রজবাসম্ আসসাদ প্রাপ্তবান্ ক্ষুধিতাঃ চকোরবারাঃ চন্দ্রসুধাপায়িপক্ষিসমূহাঃ শশিনমিব ব্রজেশ-মুখ্যাঃ নন্দপ্রভৃতয়ঃ তং শ্রীকৃষ্ণং অভিযযুঃ সম্মুখং গতবন্তঃ শ্রীকৃষ্ণং পরিবেষ্ট্য ব্রজবাসিনঃ তন্মুখমাধুরীং পিবন্ত আসন্নিতি ভাবঃ ॥ ২৬৫ ॥

স চ জনকেতি স শ্রীকৃষ্ণঃ জনকমুখান্ নন্দপ্রভৃতীন্ শুষ্কান্ নিরীক্ষ্য স্বদৃগমৃতেন স্বলোচনপীযূষেন সিঞ্চতি স্ম বত বিস্ময়ে তেঽপি গোপবৃক্ষাঃ

---

যিনি শ্রীগোপালচম্পূনামক গ্রন্থ যুগল শ্রীজীবের হৃদয়ে অন্তর্যামিতারূপ প্রাপ্ত হইয়া শীঘ্রই পূর্ণ করিয়াছিলেন। ২৬৪ ॥

সেই হরি শ্রীকৃষ্ণ পথিমধ্যে যুদ্ধে দন্তবক্রকে বিনাশ পূর্ব্বক ব্রজবাস প্রাপ্ত হইয়াছিলেন। তখন ব্রজবাসি সমূহ চন্দ্র সমাগমে ক্ষুধিত চকোর সমস্তের ন্যায় সেই শ্রীকৃষ্ণের অভিমুখে গমন করিয়াছিলেন ॥ ২৬৫ ॥

সেই শ্রীকৃষ্ণ নিজ জনক প্রভৃতিকে নিজ বিরহে শুষ্ক অবলোকন করিয়া

Digitized at BRCindia.com

পুলককুলমিষাদ্ যথাঙ্কুরাণাং
ততিমদধুর্বত তেঽপি গোপবৃক্ষাঃ ॥ ২৬৬ ॥
অথ হরিহরিণীদৃশশ্চ তর্হি
স্ফুরণমিব প্রতিপদ্য পূর্ব্বতুল্যং।
নয়নগততয়ান্যথা চ মত্বা
মুহুরগমন্ ভ্রমমভ্রমঞ্চ তত্র ॥ ২৬৭ ॥

---

গোপ এব বৃক্ষা গোপবৃক্ষাঃ স্বয়ং প্রতিকর্ত্তুমসত্ত্ব গন্তমক্ষমাস্তেঽতো বৃক্ষত্ব-মারোপিতা ইতি ভাবঃ ইদানীং হর্ষোদ্গমাৎ পুলককুলমিষাৎ পুলক-সমূহচ্ছলাৎ অঙ্কুরাণাং ততিং সমূহম্ অদধুঃ ধৃতবন্তঃ ॥ ২৬৬ ॥

অথ হরীতি অথ অনন্তরং হরিঃ শ্রীকৃষ্ণঃ হরিণীদৃশঃ গোপ্যঃ চ তর্হি তদা পূর্ব্বতুল্যম্ বিরহতুল্যমিব স্ফুরণং প্রতিপদ্য বিজ্ঞায় যোগেঽপি নিশ্চিতে নয়নগততয়া দর্শনবিষয়ীভূততয়া অন্যথা চ বৈপরীত্যেনাপি মত্বা তত্র দৃশ্য-বিষয়ে মুহুঃ ভ্রমমপ্রমাম্ অভ্রমঞ্চ প্রমাঞ্চ অগমন্ অব্রজন্। অয়ং শ্রীকৃষ্ণঃ কিং? অপরঃ কোবা? নহি অয়ং শ্রীকৃষ্ণঃ বয়ং বিরহে জগৎ তন্ময়ং পশ্যাম্। পুনঃ সোঽয়ং শ্রীকৃষ্ণঃ ইত্যাকারা গোপীনাং ভ্রান্তিরভ্রান্তিঃ সংশয়শ্চ জাতাঃ। শ্রীকৃষ্ণস্যাপি তাদৃক্ যথেয়ং সাম্নু মৎপ্রেয়সীত্যাদি রূপা ॥ ২৬৭ ॥

---

নিজের দর্শন রূপ অমৃত দ্বারা সেচন করিয়াছিলেন। তখন সেই গোপ-রূপ বৃক্ষ সকল পুলক সমূহ ছলে যেন অঙ্কুর সমূহ ধারণ করিয়াছিলেন ॥ ২৬৬ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ ও গোপীসকল পূর্ব্বতুল্য স্ফূর্ত্তি প্রাপ্ত হইয়া সম্মুখে পরস্পর নিরীক্ষণ করিলেন এবং অন্যথা বিবেচনা করিয়া বারম্বার ভ্রমযুক্ত ও অভ্রমযুক্ত হইয়াছিলেন ॥ ২৬৭ ॥

Digitized at BRCindia.com

ব্রজমথবিশতঃ সরত্নমারাত্রিক
মনুলব্ধবতশ্চ তস্য লোকঃ।
কুসুমকুলসহোদরং বিতন্বন্।
জয় জয় ঘোষমুবাচ ভদ্রবাচং ॥ ২৬৮ ॥
ব্রজমথ সুখয়ন্ বিনীতবাচা
ক্রমমনুলব্ধতদীয়সঙ্গমশ্চ।
দ্রুতগতি জননীং সুখেন সেক্তুং
গৃহমদসীয়মিয়ায় কৃষ্ণচন্দ্রঃ ॥ ২৬৯ ॥

---

ব্রজমথেতি অথ ব্রজং গোষ্ঠং বিশতঃ প্রবেশং কুর্ব্বতঃ অনু পশ্চাৎ সরত্নং স্বর্ণপাত্রস্থিতং আরাত্রিকং নীরাজনং লব্ধবতঃ নীরাজনেন সংকৃতস্য তস্য শ্রীকৃষ্ণস্য লোকঃ ব্রজবাসিবর্গঃ কুসুমকুলসহোদরং পুষ্পসমূহবর্ষণসহিতং জয়জয়ঘোষং জয়জয় ইতি উৎকর্ষদ্যোতকং শব্দং বিতন্বন্ ভদ্রবাচং কুশল-প্রশ্নম্ উবাচ কথিতবান্ ॥ ২৬৮ ॥

ব্রজমথেতি অথ অনন্তরং বিনীতবাচা সৌশীল্যপূর্ণেন বাক্যেন সুখয়ন্ সর্ব্বেষাং সুখং জনয়ন্ অনুক্রমং যথারীতি লব্ধতদীয়সঙ্গমঃ লব্ধঃ তদীয়ানাং সঙ্গমঃ প্রেমালিঙ্গনং যেন স তথাভূতঃ সন্ কৃষ্ণচন্দ্রঃ দ্রুতগতি শীঘ্রং পদবিক্ষেপেণ জননীং যশোদাং সুখেন সেক্তুং অদসীয়ং যশোদাধিষ্ঠিতং গৃহং মন্দিরম্ ইয়ায় গতবান্ ॥ ২৬৯ ॥

---

অনন্তর তিনি ব্রজে প্রবেশ করিলে ব্রজবাসিবর্গ রত্নপাত্রে তাঁহার নীরাজনা করিয়াছিলেন এবং পুষ্পবর্ষণের সহিত জয় জয় ধ্বনি করিয়াছিলেন এবং কুশল প্রশ্ন করিয়াছিলেন ॥ ২৬৮ ॥

অনন্তর বিনয় বাক্যে ব্রজবাসি সকলকে সুখিত করিয়া যথাক্রমে সকলের সহিত মিলিত হইয়া কৃষ্ণচন্দ্র জননীকে সুখসিক্ত করিবার জন্য তাঁহার গৃহে গমন করিলেন ॥ ২৬৯ ॥

Digitized at BRCindia.com

চিরমপি বিরচয্য শর্ম্ম তস্যা
স্তদনুমতিং প্রতিলভ্য তত্তনুজঃ।
সহসখিনিকরেণ দিব্যশয্যাং
সুখমধিশয্য নিশাবিরামদৃষ্টঃ॥ ২৭০॥
পুনরপি নিজবৃন্দসৌখ্যবৃন্দং
বিদধদুদিত্য স নিত্যচিত্রমিত্রঃ।
নিজমুখকমলং বিকাস্য নেত্র-
ভ্রমরমধূৎসবমাততান তত্র॥ ২৭১॥

---

চিরমপীতি তস্যা যশোদায়া চিরং সনাতনং পুনর্বিরহাভাবাদিতি জ্ঞেয়ং শর্ম্ম সুখং "শর্ম্মশাতসুখানিচ" ইত্যমরঃ বিরচয্য নির্ম্মায় তত্তনুজঃ তৎপুত্রঃ শ্রীকৃষ্ণঃ তদনুমতিং তস্যা অনুজ্ঞাং প্রতিলভ্য সখিনিকরেণ বন্ধুবর্গেণ সহ দিব্যশয্যাং দুগ্ধফেণসদৃশীং শয্যামধিশয্য নিশাবিরামদৃষ্টঃ নিশায়া রাত্র্যা বিরামঃ শেষঃ তস্য দৃষ্টং তদ্ অস্য অস্তি ইতি অর্শসাদিভ্যঃ অঃ॥ ২৭০॥

পুনরপীতি পুনরপি নিশাবসানে স নিত্যচিত্রমিত্রঃ সনাতনাপূর্ব্বমিত্রঃ উদিত্য শয্যায়া উত্থায় নিজবৃন্দসৌখ্যবৃন্দং নিজবৃন্দানাং স্বকীয়পরিকরানাং সৌখ্যবৃন্দং সুখজনককর্ম্মসমূহং বিদধৎ কুর্ব্বন্ নিজমুখকমলং স্বকীয়মুখচন্দ্রং বিকাস্য স্ম তত্র বিকাশে নেত্রভ্রমরমধূৎসবং নেত্রাণি এব ভ্রমরা অলয়ঃ তেষাং বসন্তোৎসবম্ আততান স শেষঃ॥ ২৭১॥

---

সেই পুত্র অনেকক্ষণ জননী যশোদার সুখ বিস্তার করিয়া পরে তাঁহার অনুমতি গ্রহণ করিয়া সখি সমূহের সহিত দিব্য শয্যায় সুখে শয়ন করিয়া নিশাবসান অবলোকন করিলেন॥ ২৭০॥

পুনর্ব্বার সেই অপূর্ব্ব চিরমিত্র, শয্যা হইতে উত্থিত হইয়া নিজ পরিবার

Digitized at BRCindia.com

অহরহরিদমেব তত্র পূর্ব্বং
প্রতিনবভাবমবাপ কেবলং ন।
জনসমুদিতিরপ্যদৃষ্টপূর্ব্বাং
বপুরনুকান্তিমিয়ায় শশ্বদেব ॥ ২৭২ ॥
দিবসকতিপয়ে তদাতিযাতে
পশুপতিপালকতাদীপ্ততাদৃগিচ্ছুঃ।
নিজরথতরসা নিনায় গোষ্ঠং
সহজননীকবলং তমুদ্ধবঞ্চ ॥ ২৭৩ ॥

---

অহরহরিদমিতি তত্র শ্রীকৃষ্ণসমাগমে জনসমুদিতিঃ জনসমূহঃ অহরহঃ প্রতিদিনং পূর্ব্বং প্রতি নবভাবং প্রবাসপ্রত্যাগতিনিমিত্তকনূতনানুরাগং কেবলং ন অবাপ প্রাপ্তবান্ অপিতু অদৃষ্টপূর্ব্বাং নবীনাং বপুরনুকান্তিং শরীরলাবণ্যং শশ্বদেব চিরমেব ইয়ায় গতবান্ ॥ ২৭২ ॥

দিবস কতিপয় ইতি তদা তস্মিন্ কালে পশুপতিপালকদীপ্ততাদৃগিচ্ছুঃ পশুপতীনাং গোপালানাং পালকঃ শ্রীনন্দঃ তস্য দীপ্ততা পরিপূর্ণতা তস্যা দৃগ্ দর্শনং তস্যা ইচ্ছুঃ অভিলাষী সন্ নিজরথতরসা স্বকীয়রথবেগেন সহজননীকবলং জনন্যা রোহিণ্যাঃ সহ বর্ত্ততে যঃ স সহজননীকঃ স চাসৌ বলশ্চেতি সহজননীকবলঃ তং উদ্ধবঞ্চ। গোষ্ঠং নন্দব্রজং নিনায় প্রাপিতবান্ ॥ ২৭৩ ॥

---

বর্গের প্রতি সুখরাশি বিতরণ করিবার জন্য নিজ মুখপদ্ম বিকাসিত করিয়া দর্শক সকলের নেত্ররূপ ভ্রমরসকলের বসন্তোৎসব বিস্তার করিয়াছিলেন ॥ ২৭১ ।

সেই শ্রীকৃষ্ণ সমাগমে জনসমুদয় কেবল পূর্ব্ব হইতে নূতন অনুরাগ প্রাপ্ত হইয়াছিলেন এরূপ নহে। তাঁহারা অদৃষ্টপূর্ব্ব শরীর লাবণ্যও চিরদিনের জন্য প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৭২ ॥

এইরূপে কয়েক দিবস অতীত হইলে সেই শ্রীকৃষ্ণ গোপরাজের পরিপূর্ণতা

Digitized at BRCindia.com

অঘরিপুসুদৃশাং ধবাভিমানি-
ষ্বকৃত তনুপ্রতিমাঃ পুরা তু মায়া।
সরভসমধুনাস্ম তা বিভজ্য
প্রকৃততনূস্তনুতে প্রেমাস্পদানি ॥ ২৭৪ ॥
অথ গতবতি মূর্ত্তিভেদরীত্যা
যদুপুরমত্র চ রাজমানধাম্নি।

---

অঘরিপ্বিতি মায়া যোগমায়া অঘরিপুসুদৃশাং শ্রীকৃষ্ণকান্তানাম্ ধবাভিমানিষু ভর্ত্রভিমানিষু তনুপ্রতিমাঃ তনু প্রতিরূপাণি যথা অকৃত কৃতবতী নাসূয়ন্ খলু কৃষ্ণায় মোহিতাস্তস্য মায়য়া মন্যমানাঃ স্বপার্শ্বস্থান্ স্বান্ স্বান্ দারান্ ব্রজৌকসঃ ইতি রাসপঞ্চাধ্যায়স্য শ্রীমদ্ভাগবতশ্লোকঃ অধুনা সরভসং সত্বরং তা প্রেমাস্পদানি অপ্রকৃতাস্তনুঃ বিভজ্য যথার্থজ্ঞানাস্পদানি প্রকৃততনুঃ যথার্থশরীরাণি তনুতে স্ম নির্ম্মিতবতী ॥ ২৭৪ ॥

অথ গতবতীতি অথ অনন্তরং মূর্ত্তিভেদরীত্যা মূর্ত্ত্যন্তরেণ যদুপুরং দ্বারকানগরীং গতবতি অত্র চ ব্রজেঽপি রাজমানধাম্নি রাজমানং দীপ্তিমৎ ধাম তেজঃ যস্য স তস্মিন্, ব্রজভবজনদৃশ্যমাত্ররূপে ব্রজভবজনমাত্রেণ ব্রজবাসিজনমাত্রেণ দৃশ্যং রূপং যস্য স তস্মিন্ গোপকৃষ্ণে গোপালবেশধারিণি

---

দর্শনে অভিলাষী হইয়া নিজ রথবেগে জননীর সহিত বলদেব ও উদ্ধবকে গোষ্ঠে আনয়ন করিয়াছিলেন ॥ ২৭৩ ॥

পূর্ব্বে যোগমায়া শ্রীকৃষ্ণপ্রেয়সীবর্গের শরীরে যে প্রতিমা নির্ম্মাণ করিয়াছিলেন, এক্ষণে শীঘ্রই সেই প্রতিমা শরীর বিভক্ত করিয়া সকলের প্রেমাস্পদ করিয়াছিলেন ॥ ২৭৪ ॥

অনন্তর মূর্ত্তিভেদে যদুপুরে গমন করিলেন এবং এই ব্রজপুরেও তেজোময়রূপে প্রকাশমান হইলেন। সেই রূপ ব্রজবাসিমাত্রেই অবলোকন

ব্রজভবজনমাত্রদৃশ্যরূপে
মতিরুদিয়াত্তবচিত্ত গোপকৃষ্ণে ॥ ২৭৫ ॥

ইতি জন্মাদিলীলা।

---

কৃষ্ণে শ্রীনন্দনন্দনে হে চিত্ত ! মম সংকল্প ! তব মতিঃ বুদ্ধিঃ উদিয়াৎ স্ফূর্ত্তিং গচ্ছতু ॥ ২৭৫ ॥

---

করিতে পাইতেন। চিত্ত! সেই গোপকৃষ্ণে অর্থাৎ গোপালবেশধারী কৃষ্ণে তোমার বুদ্ধি স্ফূর্ত্তিযুক্ত হউক ॥ ২৭৫ ॥

Digitized at BRCindia.com

অথ নিত্যলীলা।

প্রকটতর বিকাসভাজি বৃন্দা
বন ইহ ভাতি কিমপ্যদৃশ্য ধাম।
ব্রজজনসহিতঃ স যত্র কৃষ্ণঃ
সুখবিহৃতিং বিদধদ্বিভাতি নিত্যং॥ ১॥
পরিলসতি পয়ঃ সমুদ্রসীমা
ব্রজযুবরাজসমাজলোক এষঃ।

---

প্রকটতরবিকাশেতি প্রকটতরবিকাশভাজি প্রকটতরঃ বিকাশঃ স্ফুটতরা দীপ্তিঃ তং ভজতে যৎ তস্মিন্, চাৎ ভজবহসহো বিণ্ ইতি বিন্ ইহ বৃন্দাবনেঽদৃশ্যধাম সর্ব্বলোকগোচরং নিবাসস্থানং কিমপি অনির্ব্বচনীয়ম্ অস্তি। যত্র স কৃষ্ণঃ ব্রজজনসহিতঃ ব্রজবাসিপরিবেষ্টিতঃ সুখবিহৃতিং সুখবিহারং বিদধৎ কুর্ব্বন্ নিত্যং চিরং বিভাতি বিলসতীতি॥ ১॥

পরিলসতীতি পয়ঃসমুদ্রসীমঃ পয়ঃসমুদ্রঃক্ষীরাব্ধিঃ এষ সর্ব্বসুধীস্থনিশ্চিতঃ সীমা যস্য স ব্রজযুবরাজসমাজলোকঃ ব্রজযুবরাজস্য শ্রীকৃষ্ণস্য তস্য সমাজস্য পরিবারস্যচ লোকঃ পরিলসতি অমুম্ অস্য মধ্যে চতুরস্রং চতুর্ভুজক্ষেত্রম্

---

প্রকটতর বিকাশ যুক্ত এই বৃন্দাবনে কোন এক অদৃশ্য ধাম আছে। সেই কৃষ্ণ সেই স্থানে ব্রজবাসিবর্গের সহিত নিত্য সুখ বিহার করিয়া নিত্যই প্রকাশমান থাকেন॥ ১॥

ক্ষীরসমুদ্র ব্রজ যুবরাজ ও তৎ পরিবারের আবাস স্থল এই লোকের সীমা

Digitized at BRCindia.com

অমুমন্থু চতুরস্রমত্র বন্যাগিরি
সরিদঞ্চিতচারুতাতিধন্যা ॥ ২ ॥
গিরিসমুদিতিরত্র সুষ্ঠু গোব-
র্দ্ধনবলিতা পরিভাতি চিত্রতুল্যা।
বিলসতি যমুনাদিকা নদীনাং
ততিরপি মানসগঙ্গয়ানুযুক্তা ॥ ৩ ॥
অভিরুচিদদরত্নচিত্রমিত্রং
ভুবনমিদং পরিভাতি যত্র বৃক্ষাঃ।

---

অস্তি, অত্র চতুরস্রে ক্ষেত্রে বন্যা বনসমূহঃ বিদ্যতে যা গিরিসরিদঞ্চিতচারুতা গিরিঃ পর্ব্বতঃ সরিদঞ্চিতং নদীপ্রবাহঃ তাভ্যাং হেতুভ্যাং চারুতা যস্যাং সা ইতি হেতোঃ অতিধন্যা ॥ ২ ॥

গিরিসমুদিতিরিতি গিরিসমুদিতিঃ পর্ব্বতসমূহঃ অত্র গোবর্দ্ধনবলিতা গোবর্দ্ধনযুক্তা সতী গোবর্দ্ধনমুখ্যা ইতি ফলিতার্থঃ চিত্রতুল্যা আলিখিতা ইব স্থিরসৌন্দর্য্যবত্বাদিতি ভাবঃ পরিভাতি মানসগঙ্গয়া তন্নাম্না নদ্যা যুক্তা যমুনাদিকা নদীনাং ততিঃ সমূহোঽপি বিলসতি বিরাজতে তত্র ॥ ৩ ॥

অভিরুচীতি ইদং যত্র ইদম্ অভিরুচিদদরত্নচিত্রমিত্রং অভিরুচিদদং রত্নং চিন্তামণিনামকং তেন চিত্রম্ আশ্চর্য্যকরং মিত্রং সর্ব্বেষাং মনোরথ-

---

স্বরূপ হইয়া থাকে। ইহার মধ্যে বনশ্রেণী শোভা পাইয়া থাকে। সেই বনশ্রেণী পর্ব্বত ও নদী প্রবাহের সৌন্দর্য্যে অতি ধন্য হইয়া থাকে ॥ ২ ॥

যে স্থলে গোবর্দ্ধন প্রভৃতি পর্ব্বত পংক্তি চিত্র সদৃশ হইয়া প্রকাশ পাই-তেছে। যে স্থলে মানসগঙ্গা সংযুক্তা যমুনা প্রভৃতি নদী সমুদয় বিলাস করিতেছে ॥ ৩ ॥

চিন্তামণিরত্নে চিত্র অর্থাৎ চমৎকার এবং মিত্রতুল্য উপকারক এই ভুবন

Digitized at BRCindia.com

তদনুকৃতিপরারুচা সমৃদ্ধ্যা
হরিরতিদায়িতয়া চ যে বিভাতা ॥ ৪ ॥
বিলসতি চতুরস্রধাম্নিযস্র
ক্ষিতিপতিবিম্বমহঃ সহস্রপত্রং।
উপবনমধিপত্রমত্র কৃষ্ণ
প্রিয়তমুদারবিহারসারবারঃ ॥ ৫ ॥
ইহ কমলদলদ্বয়ালিমধ্য
স্থিতি পথিবৃন্দমতিস্ফুটং বিভাতি।

---

পূরকং ভুবনং পরিভাতি। যত্র মন্দিরপ্রাঙ্গণে বৃক্ষাঃ পাদপাঃ রুচা কান্ত্যা তদনুকৃতিপরাঃ মন্দিরগোষ্ঠবধারিণঃ তিষ্ঠন্তি। যে চ বৃক্ষা হরিরতিদায়িতয়া শ্রীকৃষ্ণচিত্তরঞ্জকত্বেন সমৃদ্ধ্যা ঐশ্বর্য্যেণ চ বিভাতাঃ প্রকাশশালিনঃ ভবন্তি ॥ ৪ ॥;

বিলসতিচতুরস্রেতি চতুরস্রধাম্নি চতুর্ব্বাহুক্ষেত্রে যস্রক্ষিতিপতিবিম্বমহঃ সহস্রপত্রং যস্রক্ষিতিপতিঃ দিনপতিঃ অর্থাৎ সূর্য্যঃ তস্য বিম্ববৎ মহঃ তেজো যস্য তৎ তথাভূতং সহস্রপত্রং কমলং বিদ্যতে, অধিপত্রং পত্রেষু তস্য কমলস্য ইতি ভাবঃ উপবনম্ আরামঃ বিদ্যতে, অত্র উপবনে কৃষ্ণপ্রিয়তমদারবিহার-সারঃ কৃষ্ণস্য প্রিয়তমা দারাঃ প্রেয়স্যঃ তাসাং বিহারাণাং সারবারঃ সার-সমূহঃ বিরাজতে ॥ ৫ ॥

ইহ কমলেতি ইহ কমলে কমলদলদ্বয়ালিমধ্যস্থিতিপথিবৃন্দং নলিনপত্র-

---

বিশেষরূপে প্রকাশ পাইতেছে। যে স্থলে বৃক্ষ সমুদয়ও শ্রীকৃষ্ণের প্রীতি-দায়িতাহেতু পরমা রুচি ও সমৃদ্ধির সহিত প্রকাশ পাইতেছে ॥ ৪ ॥

সেই চতুর্ব্বাহু ক্ষেত্রে সূর্য্যবিম্বের ন্যায় তেজস্বি এক পদ্ম বিদ্যমান আছে। সেই পদ্মের পত্রেতে উপবন আছে, সেই উপবনে কৃষ্ণের প্রিয়তম প্রেয়সী সকলের বিহার সার বর্ত্তমান আছে ॥ ৫ ॥

এই কমলের পত্র যুগলের সন্ধিস্থলে সরণি অর্থাৎ পত্র সকল অতি স্পষ্ট

Digitized at BRCindia.com

অপরপরগতাবচাক্ষুষাণি
শ্রুতিবিহিতান্যয়নানি যত্তু জেতৃ ॥ ৬ ॥
চিন্তামণিকমলস্য তস্যচাগ্রা
বলিবলয়প্রতিসন্ধিলব্ধসন্ধি।
সুরভিগণবৃতা সুধাভদুগ্ধা
সুরভিততিঃ শ্রূয়তে শুভংযুগোষ্ঠং ॥ ৭ ॥
অথ দলবলয়স্য মধ্যভাগং
প্রতিলসতি ব্রজরাজরাজধানী

গসমূহস্য মধ্যে স্থিতির্যস্য তথাভূতং পথিবৃন্দং সরণিকদম্বকং বিভাতি। যৎ তু পথিবৃন্দং শ্রুতিবিহিতানি বেদৈঃ প্রতিপাদিতানি অপরপরগতৌ ধূমযানদেবযানগমনবিষয়ে অবচাক্ষষাণি অগোচরাণি অয়নানি বর্ত্মানি জেতৃ জয়শীলং ভবতি ॥ ৬ ॥

চিন্তামণিকমলস্যেতি চিন্তামণিকমলস্য অগ্রাবলিবলয়প্রতিসন্ধিলব্ধসন্ধি অগ্রাবলিরেব বলয়ং তস্য প্রতিসন্ধিলব্ধসন্ধি মেলনস্থানলব্ধসন্নিবেশং শুভংযু মঙ্গলময়ং গোষ্ঠং সুরভিগণবৃতা দেবধেনু সমূহপূজিতা সুরভিততিঃ নন্দব্রজ স্থিতধেন্বাবলিঃ শ্রূয়তে সা সুরভিততিঃ সুধাভদুগ্ধা অমৃততুল্যদুগ্ধদায়িনী ॥ ৭ ॥

অথ দলবলয়স্যেতি দলবলয়স্য সহস্রদলকমলদলনির্ম্মিতং বলয়ং তস্য মধ্যভাগং পরিবিধৎ ব্যাপ্নুবৎ ব্রজরাজরাজধানী পরিলসতি, অত্র যত্র

প্রকাশ পাইতেছে। যে সরণিসকল অপরাপরের গতি সম্বন্ধে অগোচর বেদ-বিদিত অয়ন সকলকে পরাজিত করিতেছে ॥ ৬ ॥

ক্ষীরসমুদ্রস্থিত সেই কমলের অগ্রবলয়ের প্রত্যেক সন্ধিস্থলে গোষ্ঠ সকল বর্ত্তমান আছে। সেই গোষ্ঠ সকলে অমৃততুল্য দুগ্ধদায়িনী দেবধেনু সকল কর্ত্তৃক অর্চ্চিতা সুরভি সমুদয় আশ্রয় লইয়া থাকেন ॥ ৭ ॥

সেই কমলদল সকলের মধ্যভাগে ব্রজরাজ নন্দের রাজধানী শোভা পাইয়া

Digitized at BRCindia.com

পরিবিধদভিতঃ সমস্তগোপ
প্রকরগৃহাবলিরত্র যত্র ভাতি ॥ ৮ ॥
রুচিলসদবরোধমধ্যভাগং
সপরিষদন্তিমষষ্ঠভাগপুষ্টং।
ব্রজনৃপভবনস্তু তত্রেচান্ত
র্দিনকরবদ্বিদধাতি রশ্মিসৃষ্টিং ॥ ৯ ॥
যদপি মণিময়ং তদেকরূপং
তদপিসদদ্ভুতমধ্যমধ্যভাগং।

---

নানাপ্রকারেণ বিলসং সমস্তগোপপ্রকরগৃহাবলিঃ সমস্তগোপস্তবকস্য গৃহাবলিঃ হর্ম্ম্যশ্রেণী ভাতি প্রকাশতে ॥ ৮ ॥

রুচিলসদিতি তত্র ব্রজরাজধান্যাং অন্তিমষষ্ঠভাগপুষ্টং অন্তিমেন শেষস্থিতেন ভাগেন প্রকোষ্ঠেণ পুষ্টং শোভাবত্বেন উন্নীতং রুচিলসদবরোধমধ্যভাগং রুচিলসন্ কান্ত্যা বিরাজমানঃ অবরোধং অন্তঃপুরং মধ্যভাগে যস্য তৎ ব্রজনৃপভবনং অন্তর্দ্ধি কেন্দ্রে বিরাজমানং সৎ দিনকরকরবৎ সূর্য্যকিরণবৎ রশ্মিসৃষ্টিং বিদধাতি করোতি ॥ ৯ ॥

যদপিমণিময়মিতি যদপি যদ্যপি মণিময়ং তদ্ভবনম্ একরূপং সৌন্দর্য্যেন সর্ব্বত্র বিশিষ্টং তদপি তথাপি সদদ্ভুতমধ্যমধ্যভাগঃ, সচ্চ তৎ অদ্ভুতঞ্চেতি সদদ্ভুতঃ তথাভূতঃ মধ্যমধ্যভাগো যস্য তৎ ব্রজনৃপভবনং ভবতি। হে মম মানস।

---

থাকে। যে স্থলে চতুর্দ্দিকে অন্যান্য গোপবর্গের গৃহ সমূহ শোভা পাইয়া থাকে ॥ ৮ ॥

যাহার মধ্যস্থলে সৌন্দর্য্যশালী অবরোধ অর্থাৎ অন্তঃপুর শোভা পাইতেছে। পরিষদ্ অর্থাৎ সভাগৃহের সহিত ষষ্ঠভাগ দ্বারা যাহা পুষ্ট হইতেছে। এতাদৃশ ব্রজ নৃপতি মন্দির সূর্য্যের ন্যায় কিরণ বিকিরণ করিতেছে ॥ ৯ ॥

সেই চিন্তামণিময় স্থান যদিও একরূপ তথাপি উহার মধ্যভাগ অত্যাশ্চর্য্য।

Digitized at BRCindia.com

যদি বহুবিধমূহিতুং সমীহা
স্মর মম মানস গোপচম্পূযুগ্মং ॥ ১০ ॥
ইহ সহচরতারকালিপুষ্টঃ
স্বকপরিচারি চকোরবারজুষ্টঃ।
স্মিতমনুযশঃ ইত্যনুদ্য কৌমু-
দ্যবতরতীত্যুদিতাৎকবেঃ স্বতুষ্টঃ ॥ ১১ ॥

---

যদি বহুধা বহুবিধঃ সবিশেষম্ উহিতুং জ্ঞাতুং সমীহা সম্যক্‌চেষ্টা ভবেৎ তদা গোপালচম্পূযুগ্মং পূর্ব্বোত্তরভাগসম্পূর্ণং মৎকৃতগ্রন্থং স্মর চিন্তয় ॥ ১০ ॥

ইহসহচরেতি ইহ শ্রীনন্দভবনে স কৃষ্ণচন্দ্রঃ কিম্ভূতঃ ? তদাহ, সহচরতারকালিপুষ্টঃ, সহচরা বয়স্যা এব তারকালিঃ নক্ষত্রবীথিঃ তয়া পুষ্টঃ পরিবর্দ্ধিতঃ, স্বকপরিচারিচকোরবারজুষ্টঃ স্বকা যে পরিচারিনঃ ত এব চকোরবারাঃ চন্দ্রসুধাপায়িপক্ষিবিশেষসমূহাঃ তৈঃ জুষ্টঃ সেবিতঃ, যশঃ কীর্ত্তিম্ অনুস্মিতম্ ঈষদ্ধাস্যং অনুদ্য অবতার্য্য কৌমুদী জ্যোৎস্না অবতরতি আপততি ইতি কবেঃ বিচক্ষণস্য ভাবুকস্য উদিতাৎ বর্ণনাৎ স্বতুষ্টঃ পরম আপ্যায়িতঃ ॥ ১১ ॥

---

যদি বিশেষরূপে অবগত হইবার ইচ্ছা থাকে তাহা হইলে হে মন ! শ্রীগোপাল-চম্পূ গ্রন্থ স্মরণ কর ॥ ১০ ॥

সেই শ্রীকৃষ্ণচন্দ্র সহচররূপ নক্ষত্রসমূহ কর্ত্তৃক পুষ্ট হইয়া থাকেন। নিজ পরিচারকরূপ চকোরসমূহ কর্ত্তৃক সেবিত হইয়া থাকেন। ঈষৎ হাস্য ও যশের অনুবাদ করিয়া জ্যোৎস্না অবতীর্ণ হইতেছে, কবি অর্থাৎ ভাবুক সকলের এই ভণিতি হইতে তিনি তুষ্টি লাভ করিয়া থাকেন ॥ ১১ ॥

Digitized at BRCindia.com

ব্রজকুলকুমুদাবলীমুদাং যঃ
সততমহামহকৃদ্বিধাবতন্দ্রঃ।
পিতৃমুখসদসি প্রিয়াবলীনাং
মহসি চ নন্দতে গোপকৃষ্ণচন্দ্রঃ ॥ ১২ ॥
সুরপতিমণিমানিতাঙ্গসজ্ঞ
পটপটুতাকৃতহেমরঙ্গভঙ্গঃ।
গুণগণভৃতভারতীসমাজঃ
স জয়তি গোকুলরাজবংশরাজঃ ॥ ১৩ ॥
ত্রিভিঃ কুলকং ॥

---

ব্রজকুলেতি যঃ গোপকুলচন্দ্রঃ ব্রজকুলকুমুদাবলীমুদাং ব্রজকুলং ব্রজবাসিসমূহ এব কুমুদাবলী কুমুদবীথিঃ তস্যা মুদাং হর্ষাণাং বিধৌ বিধানে অতন্দ্রঃ অনলসঃ মহামহকৃৎ, মহোৎসবকৃৎ ভবতি অপিচ পিতৃমুখসদসি শ্রীনন্দাদি গুরুজনসভায়াং প্রিয়াবলীনাং মহসি উৎসবে নন্দতি সুখেন ক্রীড়তি ॥ ১২ ॥

সুরপতীতি সুরপতিমণিমানিতাঙ্গসজ্ঞঃ সুরপতিমণিনা মানিতঃ পূজিতঃ অঙ্গসজ্ঞঃ অবয়বসমূহঃ যস্য সঃ পটপটুতাকৃতহেমরঙ্গভঙ্গঃ, পটস্য পীতাম্বরস্য পটুতয়া বৈলক্ষণ্যেন কৃতঃ হেম্নঃ সুবর্ণস্য রঙ্গভঙ্গঃ গর্ব্বভঙ্গঃ যেন সঃ, গুণগণভৃতভারতীসমাজঃ গুণগণৈঃ ভক্তবাৎসল্যাদিগুণৈঃ ভৃতঃ পরিপূরিতঃ ভারত্যাঃ সরস্বত্যাঃ সমাজঃ অর্থাৎ বিদ্বৎসমাজঃ যেন স গোকুলরাজবংশরাজঃ গোকুলরাজস্য বংশঃ তস্মিন্ রাজতে যঃ শ্রীকৃষ্ণঃ স জয়তি ॥ ১৩ ॥

---

যিনি ব্রজবাসিরূপ কুমুদ সকলের মহামহোৎসব বিধানে সর্ব্বদা অনলস হইয়া থাকেন। পিতৃ প্রভৃতি মাননীয় সকলের সভাতে ও প্রেয়সী সকলের উৎসবে সেই গোপাল কৃষ্ণচন্দ্র আহ্লাদিত হইয়া থাকেন ॥ ১২ ॥

যাঁহার অঙ্গলাবণ্য ইন্দ্রমণির শোভা জয় করিয়াছে। যাঁহার বস্ত্রের অর্থাৎ পীতাম্বরের পটুতা স্বর্ণের গৌরব ভঙ্গ করিয়া থাকে। যিনি গুণসমূহ দ্বারা

ইহ হরিবিহৃতীরতীতরীত্যা
শৃণু কথয়ামি সদাপি নাতিভিন্নাঃ।
যদনৃতমপি পূর্ব্বরীতি চেতঃ
প্রবিশতি নাদ্যতনং তথা যথার্থং ॥ ১৪ ॥
ইহ চ যদুদিতং হরেশ্চরিত্রং
তদখিলমেবদিগেব তস্য গম্যা।

---

ইহ হরিবিহৃতীতি ইহ নন্দব্রজে সদাপি২তীতরীত্যা হরিবিহৃতীঃ শ্রীকৃষ্ণস্য বিহারান্ কথয়ামি শৃণু কথয়ামি, তা বিহৃতীঃ প্রকটবিহারাৎ অতিভিন্নাঃ ন পূর্ব্বরীতিচেতঃ যোগমায়াভাবিতান্তঃকরণং অনৃতমপি পরকীয়াত্বং প্রবিশতি যতঃ অদ্যতনং সম্প্রতি প্রাপ্তং নিত্যদাম্পত্যং যথার্থমপি তথা প্রেমাপাদকং ন ভবতীতি ভাবঃ ॥ ১৪ ॥

ইহ চেতি ইহ রে মানস! ত্বৎসমীপে হরেশ্চরিত্রং যদ্ উদিতং বর্ণিতং তদখিলং তৎসর্ব্বং তস্য শ্রীকৃষ্ণস্য সম্বন্ধে দিগেব দিগ্দর্শনমেব, অনন্তত্বাৎ কথয়িতুমশক্যমিতি ভাবঃ, তস্য লীলা গম্যা অন্তরেণ সুধীভির্ভাব্যা ইতি

---

বিদ্বৎসমাজ পূর্ণ করিয়া থাকেন। সেই গোকুলরাজবংশের শোভাবর্দ্ধক শ্রীকৃষ্ণ জয়যুক্ত হউন ॥ ১৩ ॥

এই নন্দ ব্রজ অতীতরীতি অর্থাৎ প্রকট লীলামতে হরিবিহার সকল বর্ণন করিব। এই সকল লীলা প্রকট-লীলা হইতে অতি ভিন্ন নহে। পূর্ব্বরীতি অনুসারে অন্তঃকরণ মিথ্যা বস্তুতে যেরূপ প্রবেশ করিয়া থাকে সেরূপ যথার্থ নহে ॥ ১৪ ॥

এস্থলে হরির যে যে চরিত্র কথিত হইল, সেই সমস্ত দিগ্দর্শন মাত্র জানিবে। হরির লীলা গম্যা অর্থাৎ অন্তরে ভাবনারই বিষয় হইয়া থাকে। বচনের বিষয় হইতে পারে না। কারণ সেই লীলার প্রতিলেশই আশ্চর্য্য

Digitized at BRCindia.com

প্রতিলবমপি চিত্রমস্য তত্তৎ
ক ইব সুধীরবসানমাদদীত ॥ ১৫ ॥
অথ নিশি রহসাগতান্তরায়াং
বলজসিতে স্তববাদ্যবিদ্যলোকে।
ব্রজভবনজনঃ সহৈব জাগ্রন্
মনসি হরিং দধদাগতং ননন্দ ॥ ১৬ ॥
সমথননিনদং সগীতনাদং
স সুরভি দোহরবং সগোপবাদং।

---

শেষঃ অস্য হরেঃ চরিত্রস্য প্রতি প্রতিলেশং লবং চিত্রমাশ্চর্য্যং। তস্মাৎ ক ইব সুধীঃ পণ্ডিতঃ অবসানং তৃপ্তিম্ আদদীত, ন কোঽপীত্যর্থঃ ॥ ১৫ ॥

অথ নিশীতি নিশি রাত্রৌ রহসা গতান্তরায়াং রহসি নির্জ্জনে আগতং অন্তরং যস্যাঃ তস্যাং সত্যাং প্রভাত ইত্যর্থ স্তববাদ্যবিদ্যলোকে স্তববাদ্যয়োঃ বিদ্যা যস্মিন্ স চাসৌ লোকশ্চেতি তস্মিন্ বলজং সিংহদ্বারং ইতে গতে ব্রজভবজনঃ ব্রজবাসিজনঃ সহৈব জাগ্রৎ সুতমাগধানাং গীতবাদ্যধ্বনিনা ইতি ভাবঃ মনসি আগতং হরিং দধৎ ননন্দ আহ্লাদিতো বভূব ॥ ১৬ ॥

সমথনেতি সমথননিনদং দধিমথনোদ্ভূতনিনাদেন ঘর্ঘরইত্যাকারেণ সহ বর্ত্ততে যৎ তৎ সগীতনাদং গোপাঙ্গনানাং শ্রমাপহারকপ্রমোদসূচক-সুস্বরগীতনাদেন সহ বর্ত্ততে যৎ তৎ, সসুরভিদোহরবং সুরভীনাং কাম-ধেনূনাং দোহস্য রবেণ ধ্বনিনা বর্ত্ততে যৎ তৎ সগোপবাদং গোপানাং

---

কোন সুবুদ্ধিই সেই লীলারস অনুভব করিয়া অবসান অর্থাৎ তৃপ্তি লাভ করিতে পারে না ॥ ১৫ ॥

প্রভাত হইলে স্তুতি পাঠক বাদ্য বাদক লোকসকল সিংহদ্বারে সমবেত হইয়া থাকে। ব্রজবাসি সকল এক কালে জাগরিত হইয়া মানসপটে সমাগত হরিকে ধারণ করিয়া অহ্লাদিত হইয়াছিলেন ॥ ১৬ ॥

মথন ধ্বনিযুক্ত সুস্বর সঙ্গীতযুক্ত দুগ্ধদোহনধ্বনিযুক্ত গোপসকলের বাদাঙ্ক-

অমৃতমথনযুক্ পয়োধিতুল্যং
ব্রজকুলমুল্লসিতং দিধিম্ব কৃষ্ণং ॥ ১৭ ॥
ব্রজপতিমিথুনং তদাথপুত্র
প্রমদমদশ্লথিত প্রদানসেতু।
তনয়জনবিরুত্ততিং পঠদ্ভ্যঃ
প্রচুরতরং বিততার বারবারং ॥ ১৮ ॥

---

অপবাদঃ বাদানুবাদঃ তেন সহ বর্ত্তমানং যং তং, অমৃতমথনযুক্পয়োধি-তুল্যং অমৃতমথনে যুক্তাতে যঃ পয়োধিঃ ক্ষীরাব্ধিঃ তেন তুল্যং ব্রজকুলং নন্দগোষ্ঠং কৃষ্ণং যুবরাজনন্দপুত্রং উল্লসিতং দিধিম্ব চকার ইতি ॥ ১৭ ॥

ব্রজপতিমিথুনমিতি অথ তদা ব্রজপতিমিথুনং নন্দঃ যশোদা চ স্ত্রীপুংসৌ মিথুনং দ্বন্দ্বম্ ইত্যমরঃ, পুত্রপ্রমদশ্লথিতপ্রদানসেতু পুত্রস্য শ্রীকৃষ্ণস্য প্রমদঃ হর্ষঃ বন্দিমাগধবাদ্যগীতশ্রবণাৎ জাত ইতি জ্ঞেয়ং তস্মাৎ হেতো জাতঃ মদ উৎকর্ষাভিমানঃ তেন হেতুনা শ্লথিতঃ শৈথিল্যং গতঃ প্রদানস্য বিতরণস্য সেতুঃ মর্য্যাদা যস্যাং ক্রিয়ায়াং যথা স্যাত্তথা তনয়স্য শ্রীকৃষ্ণস্য জয়বিরুত্ততিং জয়শঙ্খচক্রগদাপদ্মময়ীং রাজস্তুতিং পঠদ্ভ্যঃ প্রচুরতরং মণিমাণিক্যাদি বারবারং বিততার দদৌ ॥ ১৮ ॥

---

বাদ রবে শব্দায়মান সেই ব্রজ সমূহ অমৃতমথনকালে ক্ষীরসমুদ্রের ন্যায় কৃষ্ণকে উল্লসিত করিয়াছিল ॥ ১৭ ॥

সেই সময় ব্রজরাজদম্পতি পুত্রের প্রশংসাশ্রবণে মদমত্ত হইয়া প্রদান বিষয়ে মর্য্যাদালঙ্ঘন পূর্ব্বক যাঁহারা পুত্রের রাজস্তুতি পাঠ করিতেছিলেন, তাঁহাদিগকে বারবার প্রচুরধন বিতরণ করিয়াছিলেন ॥ ১৮ ॥

Digitized at BRCindia.com

ইহ লসতি হরের্বিলাসগেহ
প্রততিরুদারসুদারসারবারা।
শয়নসুখময়ী নিকুঞ্জবীথিঃ
ক্ব চ ন চ তাদৃশতাং গতা বিভাতি॥ ১৯॥
নিজনিজশয়নং গতং তমালি-
ঙ্গনবলিতং বিদধুর্বিধুসুতন্বঃ।
রজনিবিরমণং যথা যথাসীদ্
অঘটত দোর্দ্রঢ়িমা তথা তথাসাং॥ ২০॥

---

ইহ লসতীতি ইহ নিত্যানন্দব্রজে উদারসুদারসারবারা* উদারাণাং সরলানাং সুদারাণাং শ্রীকৃষ্ণপত্নীনাং সারবারঃ সারসমূহঃ যস্যাং সা হরেঃ শ্রীকৃষ্ণস্য বিলাসগেহপ্রততিঃ শ্রেণী লসতি রাজতি। ক্বচন বাহ্যপ্রদেশে শয়নসুখময়ী কুসুমশয্যাশালিনী ইতি জ্ঞেয়ং তাদৃশতাং উদারসুদারসারত্বং গতা নিকুঞ্জবীথিঃ নিকুঞ্জকুঞ্জৌ বা ক্লীব ইত্যমরঃ নিকুঞ্জস্য লতাগৃহস্য বীথিঃ পংক্তিঃ চ বিভাতি প্রকাশতে॥ ১৯॥

নিজপ্রনেতি বিধুসুতন্বঃ বিধুবৎ চন্দ্রবৎ তনুঃ মুখং যাসাং তাঃ ব্রজ-সুন্দর্য্যঃ, নিজনিজশয়নং গতং প্রেয়সীশয্যাসমুপস্থিতং তং শ্রীকৃষ্ণম্ আলিঙ্গনবলিতং আলিঙ্গনবদ্ধং বিদধুঃ কৃতবত্যঃ। রজনিবিরমনং রাত্রিক্ষয়ঃ যথা যথা আসীৎ, অহো সুখাবসানমস্মাকং ঝটিতি ভবিষ্যতী-ত্যাশয়েন তথা তথা আসাং কান্তানাং দোর্দ্রঢ়িমা ভুজযুগালিঙ্গনদৃঢ়ত্বম্ অঘটত॥ ২০॥

---

এই নন্দব্রজে শ্রীকৃষ্ণের উদার ব্রজসুন্দরী সকলে পরিপূর্ণ বিলাসগৃহ সমুদয় শোভা পাইতেছে। অন্য কোনস্থানে সেইরূপ ব্রজসুন্দরী সকলে পরিপূর্ণা শয়ন সুখদায়িনী নিকুঞ্জ শ্রেণীও প্রকাশ পাইতেছে॥ ১৯॥

সেই চন্দ্রমুখীগণ নিজ নিজ শয়নে সমাগত কান্ত শ্রীকৃষ্ণকে আলিঙ্গনে

Digitized at BRCindia.com

ইহ পরমরমা বিভাতি রাধা
সদুড়ুগণে গগণে যথেন্দুমূর্ত্তিঃ।
তদিয়মধিকয়া গিরা সভাজ্যা
তদনুগতিং দধতাং পরাঃ সপত্ন্যঃ ॥ ২১ ॥
ব্রজসুকৃতবিলাসসাররত্না
করবৃষভানুসুজাতশাতলক্ষ্মীঃ।

---

ইহ পরমরমেতি যথা সদুড়ুগণে সন্তঃ বর্ত্তমানা উড়ুগণা নক্ষত্রসমূহাঃ যত্র তস্মিন্ গগনে আকাশে যথা ইন্দুমূর্ত্তিঃ চন্দ্রমূর্ত্তিঃ তথা ইহ নন্দপুরে পরমরমা শ্রেষ্ঠলক্ষ্মী রাধা বিভাতি তস্মাৎ ইয়ং রাধা অধিকয়া গিরা রূপগুণাদিবৈশিষ্ট্যবিধায়িকা বাণ্যা সভাজ্যা শ্লাঘ্যা। কিঞ্চ পরাঃ সপত্ন্যঃ অন্যাঃ রাধাভিন্নাঃ কৃষ্ণপ্রেয়স্যঃ তদনুগতিং তস্যাঃ শ্রীরাধায়া অনুগতিং ছন্দোঽনুবর্ত্তনং দধতাং কুর্ব্বন্তি ॥ ২১ ॥

ব্রজসুকৃতেতি। সা রাধা ব্রজস্য গোষ্ঠস্য সুকৃতানি শুভাদৃষ্টানি তেষাং বিলাসসারঃ স এব রত্নাকরঃ সমুদ্রঃ স এব বৃষভানুঃ তন্নাম্না গোপবিশেষঃ তস্মাৎ সুজাতা সুখেন প্রাদুর্ভূতা শাতলক্ষ্মাঃ সুখলক্ষ্মীঃ ভবতি। পুনঃ কিম্ভূতা অঘস্য সর্পাকৃত্যসুরবিশেষস্য রিপুঃ হন্তা শ্রীকৃষ্ণঃ তস্য রমণীরমাঃ

---

জড়িত করিয়াছিলেন। যেমন যেমন রাত্রি শেষ হইতে লাগিল, সেই ব্রজসুন্দরী সকলের তেমনি তেমনি ভুজ যুগলের দৃঢ়তা হইতে লাগিল ॥ ২০ ॥

এই নন্দপুরে নক্ষত্র সমূহ সুশোভিত গগন মণ্ডলে চন্দ্রমূর্ত্তির ন্যায় পরমা লক্ষ্মী রাধা প্রকাশ পাইয়া থাকেন। সেই জন্য এই শ্রীমতী রাধিকা অধিক অর্থাৎ সর্ব্বাপেক্ষা রূপগুণবাচক বাক্যে প্রশংসিতা হইয়া থাকেন। অন্যান্য সপত্নী সকল সেই শ্রীরাধার আনুগত্য স্বীকার করিয়া থাকেন ॥ ২১ ॥

সেই শ্রীরাধিকা ব্রজবাসি সকলের পুণ্যের বিলাস সারস্বরূপ বৃষভানু রূপ সমুদ্রে প্রাদুর্ভূতা সুখ লক্ষ্মী। তিনি শ্রীকৃষ্ণের প্রেয়সী স্বরূপ লক্ষ্মী সকলের

Digitized at BRCindia.com

অঘরিপুরমণীরমাসু মুখ্যা
স্বয়মনুরাগবিহারহারিমূর্ত্তিঃ ॥ ২২ ॥
দয়িতঘনতড়িদ্বিলাসিবর্ণা
প্রিয়তমবর্ণসবর্ণশস্তবস্ত্রা।
হরিমণিতরলাদিদিব্যদীব্যন্
মণিময়ভূষণভূষণাঙ্গভঙ্গিঃ ॥ ২৩ ॥

---

রমণ্য এব রমা লক্ষ্ম্যঃ তাসু মুখ্যা শ্রেষ্ঠা ভবতি পুনঃ কিম্ভূতা স্বয়মনুরাগ-বিহারহারিমূর্ত্তিঃ, স্বয়মনুরাগঃ নির্হৈতুকানুরাগঃ তেন বিহারে সুখবিলাসে হারিণী মনোরঞ্জিকা মূর্ত্তির্যস্যাঃ সা ভবতি ॥ ২২ ॥

দয়িতঘনেতি সা রাধা দয়িতঘনতড়িদ্‌বিলাসিবর্ণা দয়িতঃ শ্রীকৃষ্ণ এব ঘনঃ মেঘঃ তস্মিন্ তড়িদ্‌বৎ বিলাসী বর্ণঃ যস্যাঃ সা ভবতি প্রিয়তমবর্ণ-শস্তবস্ত্রা, প্রিয়তমস্য শ্রীকৃষ্ণস্য বর্ণেন সবর্ণং সদৃশং শস্তং সুখকরং বস্ত্রং যস্যাঃ সা ভবতি হরিমণিতরলাদিদিব্যদীব্যন্মণিময়ভূষণভূষণাঙ্গভঙ্গিঃ হরিমণিঃ ইন্দ্রনীলমণিঃ তেন নির্ম্মিতং তরলাদি তরলো হারমধ্যগ ইত্যমরঃ তেন দিব্যাদিব্যানি দিব্যাৎ স্বর্গজাতাদ্ দ্রব্যাদ্ অপি দীব্যন্তি বিলসন্তি মণিময়ানি ভূষণানি অলঙ্কারাঃ তেষাং ভূষণং অঙ্গভঙ্গি, বপুষো গঠনং যস্যাঃ সা ভবতি ॥ ২৩ ॥

---

শ্রেষ্ঠা হইয়া থাকেন এবং নিজে অনুরাগ বিহারে মনোহর মূর্ত্তি গ্রহণ করিয়া থাকেন। ২২।

তাহার বর্ণ, কান্ত অর্থাৎ শ্রীকৃষ্ণরূপ মেঘে তড়িতের ন্যায় শোভা পাইয়া থাকে, তাহার প্রশস্তবস্ত্রও প্রিয়তম শ্রীকৃষ্ণের বর্ণের ন্যায় হইয়া থাকে। ইন্দ্রনীল মণিরূপ মধ্যমণি শোভিত দিব্য দিব্য মণিময় ভূষণ সকলের ভূষণ-স্বরূপ অঙ্গভঙ্গি যুক্ত হইয়া থাকেন ॥ ২৩ ॥

Digitized at BRCindia.com

উপমিতিপদবীং স্বমেব যান্তী
সুপরিমিতব্যতিশোভিতাঙ্গসঙ্ঘা।
প্রতিককুভশুভঙ্করপ্রথাভিঃ
সহজবিলক্ষণাঙ্কিতশ্রীঃ ॥ ২৪ ॥
শশিকমলরুচাং পদাপি জেত্রী
নিজনখকান্তিভিরুজ্জ্বলেন তেন।

---

উপমিতিপদবীমিতি সা রাধা স্বমেব উপমিতিপদবীং যান্তী গচ্ছন্তী তস্যা উপমানং কোঽপি নাস্তীতি ভাবঃ। পুনঃ কিম্ভূতা সুপরিমিতব্যতি-শোভিতাঙ্গসংঘা সুপরিমিত্যা ব্যতিশোভিতঃ নিতরাং শোভিতঃ অঙ্গসংঘঃ অবয়বসমুদায়ো যস্যাঃ সা ভবতি, পুনঃ কিম্ভূতা প্রতিককুভশুভঙ্করপ্রথাভিঃ প্রতিদিশং শুভঙ্করীভিঃ প্রথাভিঃ কীর্ত্তিভিঃ হেতুভিঃ সহজবিলক্ষণলক্ষণা-ঙ্কিতশ্রীঃ সহজবিলক্ষণৈঃ নিসর্গবিশিষ্টৈঃ লক্ষণৈঃ চিহ্নৈঃ অঙ্কিতা শ্রী, শোভা যস্যাঃ সা তথাভূতা ॥ ২৪ ॥

শশিকমলেতি সা রাধা উজ্জ্বলেন তেন সর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধেন পদাঽপি চরণেনাপি নিজনখকান্তিভিঃ নিজনখকিরণৈঃ শশিকমলরুচাং সুধাংশুসরো-রুহশোভানাং জেত্রী জয়শীলা ভবতি কিঞ্চ প্রতিনবরোচিষা প্রতিক্ষণং

---

তিনি স্বয়ই নিজের উপমান স্থান প্রাপ্ত হইয়া থাকেন অন্যবস্তু তাঁহার উপমান হইতে পারে না। তাঁহার অঙ্গ সমুদয় উত্তম পরিমাণ যুক্ত, প্রতিদিকে মঙ্গলকারিণী কীর্ত্তি বিস্তার দ্বারা স্বাভাবিক বিশিষ্ট লক্ষণে তাঁহার শোভা অঙ্কিত হইয়া থাকে ॥ ২৪ ॥

সেই শ্রীমতি রাধিকা নিজ পদের নখ কান্তিদ্বারা চন্দ্র ও পদ্মের রুচি জয়

Digitized at BRCindia.com

অবয়বকুলমন্যমন্যদস্তু।
প্রতিনবরোচিরুপাত্তকান্তচিত্তং ॥ ২৫ ॥
সুকুসুমসুকুমারতাবতার
স্ত্রিজগতি সৌরভসৌরভাকরশ্রীঃ।
ঋতমিতমধুরপ্রিয়ার্থরীতি
প্রবলিতবর্ণনরীতিলব্ধবর্ণা ॥ ২৬ ॥
সুমতিমতিগুরুঃ সমস্তবিদ্যা
সকলকলাবলিতাতিনম্রচিত্তা।

---

নবমেব প্রতীয়মানয়া রোচিষা অঙ্গজ্যোতিষা উপাত্তং অধীনীকৃতং কান্তস্য শ্রীকৃষ্ণস্য চিত্তং যেন তথাভূতং অবয়বকুলং অন্যদ্ অন্যদ্ অস্তু ॥ ২৫ ॥

সুকুসুমেতি সা রাধা সুকুসুমসুকুমারতাবতারঃ সুকুসুমেভ্যঃ শোভনেভ্যঃ পুষ্পেভ্যঃ অপি যা সুকুমারতা তস্যা অবতারঃ ভবতি ত্রিজগতি সৌরভস্য মলয়জাদিজরূপস্য সৌরভং তস্য আকরঃ শ্রীঃ শোভা যস্যাঃ সা পুনঃ কিম্ভূতা ঋতা সত্যা মিতা অল্পাক্ষরা মধুরা মাধুর্য্যগুণযুক্তা প্রিয়া প্রীতি-দায়িনী চ যা অর্থরীতিঃ অর্থপ্রচারঃ তয়া প্রবলিতং যুক্তং যদ্ বর্ণনম্ তস্য রীতৌ নয়ে লব্ধবর্ণা বিচক্ষণা ভবতি লব্ধবর্ণো বিচক্ষণঃ ইত্যমরঃ ॥ ২৬ ॥

সুমতিমতীতি সুমতীনাং সুবুদ্ধীনাং মতিঃ হিতাহিতবিবেকঃ তস্যা গুরুঃ উপদেষ্ট্রী, পুনঃ কিম্ভূতা সমস্তবিদ্যাসকলকলাবলিতাতিনম্রচিত্তা সমস্তা সমগ্রা বিদ্যা চতুর্দ্দশপরিমিতা, সকলা অশেষা কলা চতুঃষষ্টি-

---

করিয়া থাকেন। ক্ষণে ক্ষণে নূতন বলিয়া প্রতীয়মান ও কান্তের মনোহরণ কারি অন্য অন্য অবয়ব সমূহের কথা আর কি বর্ণনা করিব ॥ ২৫ ॥

সুশোভন পুষ্প সকল হইতেও যে সুকুমারতা তিনি সেই সুকুমারতার অবতারস্বরূপা, আরও বলি সেই শ্রীরাধিকা সত্য পরিমিত মধুর প্রীতিপ্রদ অর্থযুক্ত বাক্য বর্ণনে লব্ধবর্ণা অর্থাৎ বিচক্ষণা হইয়া থাকেন ॥ ২৬ ॥

সেই শ্রীরাধিকা সুমতি সকলেরও হিতাহিত বিচার প্রদর্শিনী। সমস্ত



Digitized at BRCindia.com

হ্রিয়মনু বিনয়ং নয়ং সমজ্ঞা
মপি দধতী স্বজনাদিশর্ম্মদাত্রী ॥ ২৭ ॥
নিখিলগকরুণাদিকৈ গুর্ণৈ
স্তং স্বদয়িতমেবতুলাং সদাপি ধত্রী।
গুরুনিকরদয়াস্পদাতিভক্তিঃ
স্থিরচরহার্দ্দসুধামৃতাভিষিক্তা ॥ ২৮ ॥

পরিমিতা নৃত্যগীতাদিরূপা, তাভ্যাং আবলিতং বিভূষিতং অতিনম্রং চিত্তং যস্যাঃ সা ভবতি হ্রিয়ং লজ্জাং অনু অনুগতং বিনয়ং নয়ং নীতিং সমজ্ঞাং কীর্ত্তিং, যশঃ কীর্ত্তিঃ সমজ্ঞা চেত্যমরঃ দধতী ধারয়ন্তী সতী স্বজনাদীনাং অন্তরঙ্গাদীনাং আদিপদাৎ অনুগতানামপি শর্ম্ম সুখং তস্য দাত্রী ভবতি ॥ ২৭ ॥

নিখিলগেতি নিখিলং সমস্তং, নিখিলং ত্রিসমস্তমিত্যমরঃ গচ্ছন্তি যে করুণাদিকা দয়াদাক্ষিণ্যাদিরূপা গুণাঃ তৈঃ করণৈঃ সদাপি স্বদয়িতং শ্রীনন্দ-নন্দনম্ এব নতু অন্যং তুলাং প্রতিযোগিনং ধর্ত্রী কুর্ব্বন্তী ভবতি গুরুনিকরস্য পিত্রাদিবর্গস্য দয়ায়াঃ স্নেহস্য আস্পদং ভক্তিঃ যস্যাং সা ভবতি পুনঃ কিম্ভূতা স্থিরচরাণাং স্থাবরজঙ্গমানাং হার্দ্দং প্রীতিঃ তস্মাৎ হেতোঃ যৎ সুখমেব অমৃতং সুধা তেন অভিষিক্তা ॥ ২৮ ॥

বিদ্যা ও সমগ্র কলা অভ্যাসে তাঁহার চিত্ত অতি নম্র হইয়া থাকে। তিনি লজ্জার সহিত বিনয় নীতি ও কীর্ত্তি বিস্তার করিয়া থাকেন এবং স্বজনগণের প্রতি সুখ প্রদান করিয়া থাকেন ॥ ২৭ ॥

তিনি সকল লোকের প্রতি প্রসরণ শীল করুণা প্রভৃতি গুণ দ্বারা সর্ব্বদা উপমান রূপে নিজ কান্তকেই প্রাপ্ত হইয়া থাকেন। যাঁহার অতিশয় ভক্তি গুরুবর্গের দয়ার আস্পদ স্বরূপ হইয়া থাকে। সেই শ্রীরাধিকা চরাচর সকলের প্রণয়রূপ সুখামৃত দ্বারা অভিষিক্তা হইয়া থাকেন ॥ ২৮ ॥

Digitized at BRCindia.com

প্রিয়পদনখকান্তিলেশনির্ম্মা
র্জ্জন পরচিত্তদশাবশানুবেলং।
ভ্রমরমপি তদীয়দূতবুদ্ধ্যা
প্রণয়জচিত্রগিরা বিচিত্রয়ন্তী ॥ ২৯ ॥
মরুদপি চলতি স্বভাবতশ্চেৎ
ক্বচিদনুকূলতয়া নিজাভিসারে।

প্রিয়পদেতি অনুবেলং নিরন্তরং প্রিয়পদনখকান্তিলেশনির্ম্মার্জ্জনপরচিত্তদশাবশা প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য পদয়োর্নখানাং যে কান্তিলেশাঃ কান্তিকণাঃ তেষাং যৎ নির্ম্মার্জ্জনং মার্জ্জনং তস্মিন্ পরা নিযুক্তা যা চিত্তস্য দশা অবস্থা তয়া বশা অধীনতাং গতা ভবতি কিঞ্চ যা তদীয়দূতবুদ্ধ্যা শ্রীকৃষ্ণপ্রেরিতদূতোঽয়ং ইতি জ্ঞাত্বা ভ্রমরমপি প্রণয়জচিত্রগিরা প্রণয়জা যা চিত্রা রসশালিনী বর্ণসৌষ্ঠবশালিনী গীঃ তয়া বিচিত্রয়ন্তী যোগাত্বকারুণিকত্বাদি গুণারোপণেন বিচিত্রং বিশিষ্টং কুর্ব্বন্তী ভবতি ॥ ২৯ ॥

মরুদপীতি কচিৎ নিজাভিসারে প্রেষ্ঠসঙ্গমপ্রয়াণে চেৎ মরুৎ বায়ুঃ স্বভাবতঃ নিসর্গতঃ অনুকূলতয়া সুখস্পর্শতয়া চলতি মন্দং মন্দং বহতি তদা তত্র মরুতি নববিধম্ অপি ভক্তভাবং শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনমিতি বিনিদধতী কুর্ব্বন্তী ভবতি তদ্‌হেতুমাহ

সেই শ্রীরাধিকা সর্ব্বদা প্রিয় শ্রীকৃষ্ণের নখ কান্তির নিমর্জ্জন বিষয়ে নিযুক্ত যে চিত্ত সেই চিত্তের বশীভূত হইয়া থাকেন। যিনি ভ্রমরকেও শ্রীকৃষ্ণের দূত বিবেচনা করিয়া প্রণয়ময় বিচিত্র বাক্যে সকলকে আশ্চর্য্যান্বিত করিয়া থাকেন ॥ ২৯ ॥

অভিসার কালে পবনদেব যদি স্বভাবতঃ কোন সময়ে তাঁহার অনুকূল রূপে

Digitized at BRCindia.com

নববিধমপি তত্র ভক্তভাবং
বিনিদধতী প্রিয়ভক্তচিত্তসক্তা ॥ ৩০ ॥

বহিরনুমিতিদূরভাবপূর
স্বরচিতচারুতয়া সদা বসন্তী।
রচয়তি রহসি প্রিয়াজনে সা
স্বদয়িতমন্বপি নর্ম্মকেলি শর্ম্ম ॥ ৩১ ॥

নবভিঃ ॥

ভ্রুকুটিনয়নসঙ্গিভঙ্গিকুত্রা-
প্যতিবিনয়প্রথিচাটু কুত্রচিচ্চ।

---

প্রিয়েতি, যতঃ সা প্রিয়ভক্তচিত্তসক্তা প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য যে ভক্তা সেবকাঃ তেষাং চিত্তেষু সক্তা অভিনিবিষ্টা ইতি ॥ ৩০ ॥

বহিরনুমিতীতি সা রাধা বহিরনুমিতিঃ বহিঃস্থিতজনকর্ত্তৃকা যা অনুমিতিঃ অনুভূতিবিশেষঃ তস্যা দূরভাবস্য পূরাণি সাকল্যেন ব্যঞ্জকানি স্বচরিতানি তেষাং চারুতয়া সৌন্দর্য্যেণ বিশেষণে তৃতীয়া সদা প্রিয়জনে সখীজনে রহসি একান্তে গুরুজনসঞ্চাররহিতে স্বদয়িতং স্বকান্তং শ্রীকৃষ্ণং অনু অপি অন্বপি নিরীক্ষ্য কটাক্ষেণ ইতি ভাবঃ নর্ম্মকেলিশর্ম্ম কৌতুকভরসরসভাবিত-সুখং রচয়তি ॥ ৩১ ॥

ভ্রুকুটিনয়েতি কুত্রাপি তস্যা ভ্রুকুটিকুটিলয়োঃ নয়নয়োঃ সঙ্গঃ বিদ্যতে যস্যাঃ ইতি সা ভঙ্গিঃ যত্র ক্রিয়ায়াং কুত্রচিৎ চ অতিবিনয়প্রথি অতিনম্রতা-

---

প্রবহমান হয়েন, তবে প্রিয় শ্রীকৃষ্ণের ভক্তেরও প্রতি আসক্ত চিত্তা শ্রীরাধিকা সেই বায়ুর প্রতি নববিধ ভক্তি প্রকাশ করিয়া থাকেন ॥ ৩০ ॥

সেই শ্রীরাধিকা অপরের অনুমানের অগোচর নিজ চরিত্রের সৌন্দর্য্যের সহিত সর্ব্বদা বাস করিয়া থাকেন। তিনি নির্জ্জনে প্রিয়ের প্রতি কটাক্ষপাত পূর্ব্বক সখীদিগের সহিত নর্ম্ম কেলি রচনা করিয়া থাকেন ॥ ৩১ ॥

কোন সময় সেই শ্রীরাধিকা কুটিল নয়নের ভঙ্গি দ্বারা কোন সময় অতি

Digitized at BRCindia.com

বশয়তি দয়িত হরিং প্রিয়া সা
কিমিদমিতি প্রথনায় নাহমীশে ॥ ৩২ ॥
হরিরপি শুশুভে স যাভি রুচ্চৈ-
রনুগতিমাদিতয়া সুগানধাম্নি।
প্রণয়ঋণিদশামবাপ যাসাং
প্রথতমা খলু তাসু সৈব সৈব ॥ ৩৩ ॥

---

খ্যাপকং চাটু প্রিয়বাক্যং যত্র ক্রিয়ায়াং চাটুঃচটুঃ প্রিয়প্রায়মিতি হেমচন্দ্রঃ। সা প্রিয়া রাধা দয়িতং হরিং শ্রীকৃষ্ণং কিমিদং কেন প্রকারেণ বশয়তি ইতি প্রথনায় খ্যাপনায় অহং ন ঈশে ন পারয়ে॥ ৩২ ॥

হরিরপীতি সুগানধাম্নি রাসমণ্ডলে অনুগতিমাদিতয়া যাবত্যো গোপ্যঃ তাবন্তঃ কৃষ্ণাঃ এবং প্রকারেণ যা অনুগতিঃ গোপীনামনুগমনং তয়া মাদ্যতি অনুগতিমাদী তস্য ভাবঃ অনুগতিমাদিতা তয়া ইত্যত্র বিশেষণে তৃতীয়া হরিঃ শ্রীকৃষ্ণোঽপি যাভিঃ গোপীভিঃ সহ উচ্চৈঃ অত্যর্থং শুশুভে যাসাং গোপীনাং প্রণয়ঋণিতাং তাসাং প্রণয়স্য অপরিমেয়ত্বাৎ অধমর্ণত্বং অবাপ সর্ব্বাসাং তাসামীদৃকমহত্বং,যথা, নপারয়েঽহং নিরবদ্যসংযুজাং স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপিবঃ ইত্যাদি শ্রীমদ্ভাগবতশ্লোকে বর্ণিতং তাসু খলু সৈব সৈব প্রথতমা সর্ব্বাগ্রগণ্যা॥ ৩৩ ॥

---

বিনয় পরিপূর্ণ চাটু বাক্য দ্বারা প্রিয় শ্রীকৃষ্ণকে কিরূপে বশীভূত করিয়াছিলেন, আমি ইহা বর্ণন করিতে সক্ষম হইতেছি না॥ ৩২ ॥

শ্রীকৃষ্ণ রাসমণ্ডলে অনুগমন করিয়া হর্ষের সহিত যে যে ব্রজসুন্দরী সকলের সহিত অতিশয় শোভা প্রাপ্ত হইয়াছিলেন। যে ব্রজসুন্দরী সকলের সমীপে নিজের ঋণিতা প্রকাশ করিয়াছিলেন, সেই ব্রজসুন্দরী সকলের মধ্যে সেই শ্রীরাধিকাই শ্রেষ্ঠতমা হইয়া থাকেন॥ ৩৩ ॥

Digitized at BRCindia.com

শৃণু গুণমপরং কৃপাবিলাসং
বৃষবরিজামনু রাসকেলিনক্তং।
মুররিপুরমুকাং নিনায় দূরং
নিজনয়নং বুবুধে মুদা তু নেয়ং ॥ ৩৪ ॥
তদপি তদসহিষ্ণবঃ সপত্ন্যঃ
কিমপি জজল্পুরমূরমুং বিনিন্দ্য।
ইয়মপি তু মুরারিমেলনায়
স্বয়মুপপত্তিমদাদমূষু সুষ্ঠু ॥ ৩৫ ॥
যুগ্মকং ॥

শৃণু গুণমপরমিতি রে মম মানস? বৃষবরিজাং শ্রীরাধাম্ অনু অপরং কৃপাবিলাসং শৃণু যথা অন্যাঃ পরিত্যজ্য যয়া সহ শ্রীকৃষ্ণস্য কৃপয়া পরমাদরেণ বিলাসং সুখসম্ভোগঃ কিন্তদ্ ইত্যাহ রাসকেলিনক্তমিতি রাসকেলিনক্তং রাসক্রীড়ারাত্রৌ মধুরিপুঃ শ্রীকৃষ্ণঃ অমুকাং শ্রীরাধাং দূরং নিনায় তদা তু ইয়ং মুদা হর্ষাতিরেকেণ নিজনয়নং নিজপ্রাপণমপি ন বুবুধে জ্ঞাতবতী ॥ ৩৪ ॥

তদপীতি তথাপি তদসহিষ্ণবঃ, মৎসরতাং গতাঃ সপত্ন্যঃ চন্দ্রবল্যাদয়ঃ অমূং শ্রীরাধাং বিনিন্দ্য কিমপি জজল্পুঃ কথিতবত্যঃ, তস্যা অমূনি নঃ ক্ষোভমিতে রাসপঞ্চাধ্যায়শ্লোকেন চন্দ্রবল্যাদীনাং মৎসরতা গম্যতে ইয়ং শ্রীরাধা তু চন্দ্রাবল্যাদীষু মুরারিমেলনায় পুনঃ শ্রীকৃষ্ণঃ সংযোগায় স্বয়ং অমূষু সুষ্ঠু উপপত্তিং ন পারয়েঽহমিতি যুক্তিং অদাৎ দত্তবতী ॥ ৩৫ ॥

বৃষভানুনন্দিনীর প্রতি শ্রীকৃষ্ণের কৃপাবিলাস-রূপ অপর গুণ শ্রবণ কর। রাসক্রীড়ার রাত্রিতে মুরারি শ্রীকৃষ্ণ অন্যান্য ব্রজসুন্দরীকে পরিত্যাগ করিয়া সেই রাধিকাকে দূরদেশে নীত করিয়াছিলেন। সেই সময় এই শ্রীরাধা হর্ষ ভরে নিজ নয়নরূপ সৌভাগ্য অবগত হইতে পারেন নাই ॥ ৩৪ ॥

তথাপি তাহা সহ্য করিতে না পারিয়া সেই সপত্নী সকল সেই শ্রীরাধিকার

Digitized at BRCindia.com

গুণকুলমপরং কিমঙ্গবর্ণ্যং
হরিরতিবারিধিভঙ্গসঙ্ঘরূপং।
অয়ি শৃণু হৃদয়ে প্রগে চ তস্যা
শ্চরিতমিদং মৃদু তৎপ্রিয়স্য চাথ॥ ৩৬॥
অনুমিতমকরোদ্ যদাল্পকল্পং
রজনিবিভাবমিয়ং তদা তু কান্তং।

---

গুণকুলমিতি অঙ্গ ভো মানস! হরিরতিবারিধিভঙ্গসঙ্ঘরূপং হরৌ শ্রীকৃষ্ণে রতিঃ অনুরাগঃ সা এব বারিধিঃ সমুদ্রঃ তস্য ভঙ্গসংঘরূপং তরঙ্গ নিকররূপং, ভঙ্গস্তরঙ্গ উর্ম্মিবেত্যমরঃ অপরং গুণকুলং গুণকদম্বকং ময়া কিং বর্ণ্যং বর্ণয়িতুং নশক্যম্ ইতিভাবঃ তথাপি অয়ি হৃদয় প্রগে প্রাতঃ তস্যাঃ শ্রীরাধায়াঃ মৃদু মনোজ্ঞং তৎ প্রিয়স্য তস্যাঃ শ্রীরাধায়াঃ প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য চ ইদং বক্ষ্যমানং চরিতং শৃণু॥ ৩৬॥

অনুমিতিমকরোদিতি ইয়ং শ্রীমতী রাধা যদা রজনিবিভাবং রাত্রিসঞ্চারং অল্পকল্পং অল্পপরিমিতং অনুমিতম্ অকরোৎ কৃতবতী তদা তু কান্তং বল্লভং শ্রীকৃষ্ণং ভুজপাশবদ্ধং অহো সুখনিশা প্রভাতা ভবিষ্যতি ঝটিতি ইতি বিবিচ্য

---

নিন্দা করিয়াছিলেন। কিন্তু শ্রীরাধিকা চন্দ্রাবলী প্রভৃতি রমণী সকলের সহিত শ্রীকৃষ্ণের মিলনার্থ স্বয়ং সুন্দর যুক্তি আবিষ্কার করিয়াছিলেন॥ ৩৫॥

কৃষ্ণানুরাগরূপ সমুদ্রের তরঙ্গ সমূহের ন্যায় অপর গুণ সমুদয় কি বর্ণন করিব? হে হৃদয়! প্রভাত কালে সেই শ্রীরাধার ও শ্রীকৃষ্ণের এই কোমল চরিত্র শ্রবণ করুন॥ ৩৬॥

সেই শ্রীরাধিকা যে সময়ে অনুমান করেন যে রাত্রি অল্পই অবশিষ্ট আছে,

Digitized at BRCindia.com

অকুরুত ভুজপাশবদ্ধমস্র
স্নপিতমিভং কুরুতে স্ম বর্ম্ম চাস্য ॥ ৩৭ ॥
অথ বহুবিনয়ং দধন্মুরারিঃ
পযাংস্যপসারয়ন্নমুষ্যা।
স্বনয়নসলিলেন সান্দ্রমঙ্গং
নিজমকরোদিদমীয়মপ্যভীক্ষ্ণং ॥ ৩৮ ॥
তদনু চ ললিতাবিশাখিকে দ্বে
সমবয়সাবনয়োরুপেত্য পার্শ্বং।

তিভাবঃ ভুজপাশাভ্যাং হস্তরজ্জুভ্যাং বদ্ধম্ অকুরুত সুখবিরামোমাভূদ্ আবয়োরিত্যাশয়েন অথ অস্য শ্রীকৃষ্ণস্য বর্ম্ম শরীরং অস্রস্নপিতং অস্রৈঃ অশ্রুভিঃ স্নপিতং কুরুতে স্ম ॥ ৩৭ ॥

অথ অনন্তরং মুরারিঃ শ্রীকৃষ্ণঃ বহু বিনয়ং দধৎ কুর্ব্বন্ অমুষ্যাঃ পয়াংসি নেত্রনীরাণি অপসারয়ন্ দূরীকুর্ব্বন্ স্বনয়নসলিলেন নিজনয়নজলেন নিজং স্বকীয়ং অঙ্গং ইদমীয়ং অপি শ্রীরাধিকায়া অপি অঙ্গং অভীক্ষ্ণং বারম্বারং সান্দ্রং সিক্তমকরোৎ কৃতবানিতি ॥ ৩৮ ॥

তদন্বিতি তদনু তদনন্তরং ললিতাবিশাখিকে দ্বে সমবয়সৌ সখ্যৌ অনয়োঃ পার্শ্বং উপেত্য গত্বা অহিমকরহিমর্ত্তুরশ্মিতুল্যাৎ হিমর্ত্তৌ সূর্য্যকিরণবৎ খরবচনাৎ

সেই সময় কান্তকে ভুজরূপ রজ্জু দ্বারা বদ্ধ করিয়া থাকেন এবং অশ্রুনীরে এই শ্রীকৃষ্ণের শরীর যেন স্নপিত করিয়াই থাকেন ॥ ৩৭ ॥

অনন্তর মুরারি শ্রীকৃষ্ণ বহু বিনয় পূর্ব্বক শ্রীরাধিকার নয়ন বারি অপসারণ করিতে করিতে নিজ নয়ন জলে নিজের অঙ্গ ও শ্রীরাধার অঙ্গ বারম্বার সিক্ত করিয়া থাকেন ॥ ৩৮ ॥

অনন্তর ললিতা ও বিশাখা নামে সমবয়স্কা সখীদ্বয় সেই শ্রীরাধাকৃষ্ণের

Digitized at BRCindia.com

অহিমকরহিমর্ত্তুরশ্মিতুল্যাৎ
খরবচনাৎ পটু লুম্পতঃ স্ম জাড্যং ॥ ৩৯ ॥
হ্রিয়নিয়মবলা তদা তু যাতা
দয়িততনোরুপগূহনং বিসৃজ্য।
স্বপনমিব গতাক্ষণং নিরীহা
পুনরিব জাগরণং ভয়াদ্দদস্তু ॥ ৪০ ॥
অহরুদিতনিভং পরাশ্চ যাতা
হরিদয়িতা হরিমাতরং ভবেযুঃ।

---

মর্ম্মস্পর্শিবাক্যাৎ অনয়োঃ জাড্যং জড়তাং পটু সুষ্ঠু লুম্পতঃ স্ম অপসারিতং কৃতবতৌ ইতি ॥ ৩৯ ॥

ইয়ং অবলা শ্রীরাধিকা তদা তস্মিন্ কালে হ্রিয়ং লজ্জাং যাতা গতা সতী দয়িততনোঃ শ্রীকৃষ্ণশরীরস্য উপগূহনং আলিঙ্গনং বিসৃজ্য পরিত্যজ্য নিরীহা নিশ্চেষ্টা সতী ক্ষণকালং স্বপনং নিদ্রাং গতা ইব পুনঃ জাগরণমিব ভয়াৎ দদস্তু ছলাদভিনীতবতী ইতি ॥ ৪০ ॥

অহেতি অহঃ উদিতনিভং উদিতপ্রায়ং দৃষ্ট্বা অন্যাশ্চ হরিদয়িতাঃ কৃষ্ণকান্তা হরিমাতরং যশোদাং যাতা ভবেযুঃ অর্থাৎ যশোদা সমীপং গতা ইতি এবম্প্রকা-

---

পার্শ্বে গমন করিয়া শীতকালে সূর্য্য কিরণের ন্যায় তীক্ষ্ণ বাক্যে উত্তমরূপে তাঁহাদের জড়তা দূর করিয়াছিলেন ॥ ৩৯ ॥

এই অবলা শ্রীরাধিকা সেই সময় লজ্জিত হইয়া কান্তের অঙ্গালিঙ্গন পরিত্যাগ পূর্ব্বক কয়েক ক্ষণ নিশ্চেষ্ট ভাবে নিদ্রার ভান করিয়া পুনর্ব্বার ছল পূর্ব্বক জাগরিত হইয়াছিলেন ॥ ৪০ ॥

সূর্য্য উদিত প্রায় হইলে অন্যান্য কৃষ্ণকান্তা কৃষ্ণ জননী সমীপে গমন করিয়া



Digitized at BRCindia.com

ইতি তদুদিতসম্ভ্রমাদয়াসীদ্
অহরুদয়ানুগকর্ম্মধর্ম্ম ধাম ॥ ৪১ ॥
রজনিবিলসিত প্রসঙ্গিবাসঃ
কুলমজহাত্তদিয়ং যদেন হৃদ্যং।
অপরমকুরুতাঙ্গসঙ্গি যদ্ তদ্
ঘনয়িতুমিষ্টমহোবলী তু দিষ্টঃ ॥ ৪২ ॥
পদকরবদনং মুহুঃপুনানা
যদিহ জলং বিসসর্জ্জ শুভ্রপাত্রে।

---

রেণ তদুদিতসম্ভ্রমাৎ সখীবচনজনিতসম্ভ্রমাৎ অহরুদয়ানুগকর্ম্মধর্ম্মধাম সূর্য্যোদয়ো-চিতকর্ম্ম সাধনগৃহং অর্থাৎ স্নানাগারং অযাসীৎ গতবতী ইতি ॥ ৪১ ॥

ইয়মিতি ইয়ং শ্রীরাধিকা তৎ রজনিবিলসিতপ্রসঙ্গিবাসঃকুলং রাত্রিবিলাস সংসর্গবস্ত্রসমূহং অজহাৎ ত্যক্তবতী, যদ্ বস্ত্রকুলং হৃদ্যং হৃদয়রোচকং ভবতি। অপরং যৎবস্ত্রং অঙ্গসঙ্গি অকুরুত তৎ ইষ্টং ঘনয়িতুং সম্পাদয়িতুমিতি ভাবঃ দিষ্টঃ কালঃ অহোবলী বলবান্ ভবতি! ॥ ৪২ ॥

পদকরেতি সা শ্রীরাধিকা মুহুঃ বারম্বারং পদকর বদনং চরণহস্তমুখং ইত্যত্র প্রাণ্যঙ্গত্বাৎ সমাহারঃ পুনানা পবিত্রং বিদধতী শুভ্রপাত্রে রজতপাত্রে

---

থাকিবেন, সখী সকলের এইরূপ বাক্যে সম্ভ্রম যুক্ত হইয়া প্রাতঃকালোচিত স্নানাগারে গমন করিলেন ॥ ৪১ ॥

সেই শ্রীরাধিকা রাত্রিবাসসম্বন্ধি বস্ত্র সমূহ পরিত্যাগ করিয়াছিলেন। কিন্তু সেই বস্ত্র সকলই হৃদয়রোচক হইয়াছিল। তথাপি ইষ্ট সাধন করিবার জন্য অপর অপর বস্ত্র অঙ্গে পরিধান করিয়াছিলেন। কি আশ্চর্য্য! কাল এইরূপ প্রভাবযুক্তই হইয়াথাকে। কারণ কাল অনুসারে ইষ্ট বস্তুও পরিত্যাগ করিতে বাধ্য হইতে হয় ॥ ৪২ ॥

সেই শ্রীরাধিকা চরণ হস্তমুখ পবিত্র করিয়া রজত পাত্রে যে জল বিসর্জ্জন

Digitized at BRCindia.com

ভুবমপি তদিদং ভুবঃস্বরাদী
ন্যপি ভুবনানি সদা পুনদ্বিভাতি ॥ ৪৩ ॥
অকুরুত ন পরং বহিঃ স্নিহং সা
হরিদয়িতা মুহুরন্তরস্নিহং চ।
হরিবপুরুপযুক্তভৈলশেষং
বিনিদধতী খলু যাতুলাং নিষেবে ॥ ৪৪ ॥
সুরভিভিরথ মর্দ্দনানি কৃত্বা
স্নপয়দমুমুদকেন তাদৃশেন।

---

যদ্ জলং বিসসর্জ্জ, তদ্ জলং ভূর্ভুবস্বরাদীনি ভুবনানি সর্ব্বদা পুনঃ পবিত্রানি কুর্ব্বদ্ বিভাতি ॥ ৪৩ ॥

অকুরুতেতি সা হরিদয়িতা বহিঃ স্নিহং বাহ্য বস্তু স্নেহং পরং অত্যর্থং স্নেহং ন অকুরুত তথা মুহুঃ বারম্বারং অন্তরস্নেহঞ্চ অকুরুত যা শ্রীরাধিকা হরিবপুঃ শ্রীকৃষ্ণশরীরস্য উপযুক্তভৈলশেষং উপযুক্তং পরিমিতং যৎতৈলং তস্য শেষং অবশিষ্টং বিনিদধতী সজ্জয়ন্তী তুলাং কৃষ্ণসাদৃশ্যং নিষেবে প্রাপ্তবতীতি ॥ ৪৪ ॥

সুরভীতি অথ সুরভিভিঃ চন্দনাদিভিঃ মর্দ্দনানি কৃত্বা অমুং শ্রীরাধিকাং তাদৃশেন সৌরভযুক্তজলেন অস্নপয়ৎ ততঃ তদনন্তরং সহজসুরভিতা

---

করিয়াছিলেন, সেই জল ভূর্ভুব স্বঃ প্রভৃতি সমস্ত লোক পবিত্র করিয়া প্রকাশ পাইতে থাকে ॥ ৪৩ ॥

হরিপ্রেয়সী সেই রাধিকা বাহ্য বস্তুর প্রতি অনুরাগ প্রকাশ করেন নাই। তিনি অন্তরে বারম্বার স্নেহ প্রকাশ করিতেন। যিনি শ্রীকৃষ্ণের তৈল মর্দ্দনের অবশিষ্ট তৈল মর্দ্দন করিয়া তাহার তুলনা প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৪৪ ॥

অনন্তর সুগন্ধি দ্রব্য মর্দ্দন করিয়া তাদৃশ সুগন্ধি সলিল দ্বারা সেই

Digitized at BRCindia.com

সহজসুরভিতা তত স্তদঙ্গাদ্
উদয়মিতা বিজিতা দিশশ্চকার ॥ ৪৫ ॥
যুগ্মকং ॥

তনুমনুববসে বরাংশুকং সা
তদপি তনুশ্ছবিমুজ্জগার তস্যাঃ।
ঘনততিপিহিতেঽপি সূর্য্যবিম্বে
দিশিদিশি রাজতি তস্য রশ্মিসঙ্ঘঃ ॥ ৪৬ ॥
অথবা ॥

হরিরতিরতিগুপ্যতে তয়া সা
তদপি চ তচ্ছবিরীক্ষ্যতে বহিশ্চ।

---

স্বাভাবিকী সুরভিতা তদঙ্গাৎ উদয়মিতা উন্নতিং গতা দিশঃ বিজিতাঃ চকার ॥ ৪৫ ॥

তনুমিতি সা শ্রীরাধিকা তনুমনু শরীরমনু বরাংশুকং উৎকৃষ্টচেলং ববসে আচ্ছাদিতবতী, তদপি তথাপি তস্যাঃ শ্রীরাধিকায়াঃ তনুঃ শরীরং ছবিং কান্তিং উজ্জগার সূর্য্যবিম্বে সূর্য্যমণ্ডলে ঘনততিপিহিতে সতি মেঘপংক্ত্যাচ্ছাদিতে সতি দিশি দিশি তস্য রশ্মিসঙ্ঘঃ রাজতি ॥ ৪৬ ॥

হরিরতীতি তয়া শ্রীরাধিকয়া সা হরিরতিঃ কৃষ্ণানুরাগঃ অতিগুপ্যতে

---

শ্রীরাধিকা স্নপন করিয়াছিলেন। পরে স্বাভাবিকী সুরভিতা তাহার অঙ্গ-হইতে উন্নতি লাভ করিয়া সমস্তদিক্ পরজয় করিয়া থাকে ॥ ৪৫ ॥

সেই শ্রীরাধিকা উৎকৃষ্ট চেল দ্বারা অঙ্গ আবরণ করিয়াছিলেন বটে তথাপি তাঁহার অঙ্গ হইতে ছটা নির্গত হইতেছিল। কারণ দেখিতে পাওয়া যায় সূর্য্য-মেঘশ্রেণী দ্বারা আচ্ছাদিত হইলে তাহার কিরণ সর্ব্বদিকে বিক্ষিপ্ত হইয়া থাকে ॥ ৪৬ ॥

সেই শ্রীরাধিকা কৃষ্ণানুরাগ গোপন করিতে ইচ্ছা করিলেও কৃষ্ণচ্ছবি বাহি-

Digitized at BRCindia.com

বিবিধমণিবিভূষণং বরাক্ষ্যাঃ
সুখয়তি তাঃ স্বসখীরিতীদমিত্থং ॥ ৪৭ ॥
ব্রজনৃপমিথুনস্যচাঙ্ঘ্রি তীর্থং
ব্রজনৃপতে স্তনয়স্য চ প্রপীয়।
জপবিধিবিহিতদ্বিবর্ণমন্ত্রা
হরিজননীমবলোকিতুং প্রতস্থে ॥ ৪৮ ॥
অথ হরিজননীং প্রতি প্রযাতা
প্যভিমুখমেতি ন সা সখীবৃতাপি।

---

তদপি তথাপি তচ্ছবিঃ কৃষ্ণকান্তিঃ বহিঃ ঈক্ষ্যতে, বরাক্ষ্যাঃ প্রশস্তনেত্রায়াঃ ইদং বিবিধমণিবিভূষণং নানামণিনির্ম্মিতালঙ্কারঃ তাঃ স্বসখীঃ ললিতাদীঃ ইত্থং এবম্প্রকারেণ সুখয়তি ॥ ৪৭ ॥

সা ব্রজনৃপেতি, ব্রজনৃপমিথুনস্য নন্দযশোদয়োঃ অঙ্ঘ্রি তীর্থং পাদোদকং ব্রজনৃপতে স্তনয়স্য শ্রীকৃষ্ণস্য চ অঙ্ঘ্রি তীর্থং প্রপীয় জপবিধিবিহিতদ্বিবর্ণমন্ত্রা অর্থাৎ কৃষ্ণ কৃষ্ণ ইতি দ্বিবর্ণাত্মকমন্ত্রজপং কৃত্বা হরিজননীং যশোদাং অবলোকিতুং দ্রষ্টুং প্রতস্থে প্রস্থিতবতী ইতি ॥ ৪৮ ॥

অথেতি অথ অনন্তরং সা শ্রীরাধিকা হরিজননী যশোদাং প্রতি প্রযাতা প্রস্থিতাপি সখীবৃতা সখিভিঃ পরিবেষ্টিতাপি অভিমুখং ন এতি। অপিতু

---

রেতে নিরীক্ষিত হইয়াছিল। সেই প্রশস্তনয়না নিজ সখীদিগকে সুখিত করিবার জন্য নানা প্রকার মণিনির্ম্মিত অলঙ্কার সমূহ পরিধান করিয়া থাকেন ॥ ৪৭ ॥

সেই শ্রীরাধিকা ব্রজরাজদম্পতির অর্থাৎ নন্দ যশোদার এবং ব্রজনৃপতির পুত্র শ্রীকৃষ্ণের পাদোদক পান করিয়া এবং কৃষ্ণ কৃষ্ণ এই দ্বিবর্ণমন্ত্র জপ করিয়া হরিজননী যশোদার সমীপ গমন করিলেন ॥ ৪৮ ॥

অনন্তর যশোদা-সমীপে প্রস্থান করিয়া সখীসকল কর্ত্তৃক পরিবেষ্টিত হইলেও

Digitized at BRCindia.com

অপি তু কুটিলবর্ত্মনানুগম্য
প্রণমতি তৎপদয়ো র্নিধায় ভালং ॥ ৪৯ ॥
অথ হরিজননী স্বয়ং করাভ্যাং
শিরসি সমুন্নমিতে সযত্নমস্যাঃ।
পরিমলমুপলভ্য সাস্রমেনাং
পিহিততনুং পরিরভ্য নন্দতি স্ম ॥ ৫০ ॥
তদনু তদুপদেশতঃ সমস্তাং
গুরুবনিতামবনম্য রম্যচিত্তা।

কুটিলবর্ত্মনা বক্রমার্গেন অনুগম্য গত্বা তৎপদয়োঃ শ্রীযশোদয়োঃ ভালং ললাটং নিধায় প্রণমতি ॥ ৪৯ ॥

অথহরীতি অথ অনন্তরং হরিজননী যশোদা সযত্নং সাগ্রহং করাভ্যাং হস্তাভ্যাং অস্যাঃ শ্রীরাধিকায়াঃ শিরসি মস্তকে উন্নমিতে উত্তোলিতে পরিমলং উপলভ্য অর্থাৎ আঘ্রায় সাস্রং সজলং যথা স্যাৎ তথা পিহিততনুং আচ্ছাদিত-তনুং পরিরভ্য আলিঙ্গ্য নন্দতি স্ম ॥ ৫০ ॥

তদন্বিতি তদনু তৎপশ্চাৎ তদুপদেশতঃ শ্রীযশোদাজ্ঞাবশতঃ সমস্তাং সমগ্রাং গুরুবনিতাং গুর্ব্বঙ্গনাং সা রম্যচিত্তা চন্দ্রমুখী চন্দ্রাননা অবনম্য প্রণম্য

সম্মুখে অগ্রসর হইতে পারেন নাই। পরে বক্রপথে গমন করিয়া সেই যশোদার পদোপরি ললাট স্থাপন করিয়া প্রণাম করিয়াছিলেন ॥ ৪৯ ॥

যশোদা স্বয়ং হস্ত দ্বারা শ্রীরাধিকার মস্তক উত্তোলন পূর্ব্বক সাশ্রু নয়নে আঘ্রাণ করিয়াছিলেন, পরে আচ্ছাদিতগাত্রী সেই বধূকে আলিঙ্গন করিয়া আহ্লাদিত হইয়াছিলেন ॥ ৫০ ॥

তৎপর রম্যচিত্তা সেই শ্রীরাধিকা শ্রীযশোদার উপদেশ অনুসারে সমস্ত

Digitized at BRCindia.com

পৃথগুপবিশতী সমস্তদৃষ্টী
অহরত চন্দ্রমুখী চকোরতুল্যাঃ ॥ ৫১ ॥
যদপি মুহুরিয়ং সদানুভূতা
তদপি তদামিলতী প্রতিস্বমার্দ্রং ।
রজনিচিরহিতা চকার বর্ষা-
জনিরিব ঘর্ম্মকণীয়সী সমস্তং ॥ ৫২ ॥
ইতি সতি চরিতে হরিপ্রিয়ায়া
হরিচরিতং শৃণু চিত্ত ! বর্ণয়ামি ।
গৃহগতবিভবে সুবর্ণিতে স্যাদ্
গৃহপতিবর্ণনমাশু সৌখ্যদায়ি ॥ ৫৩ ॥

---

পৃথক্ উপবিশতী আসীনা সতী চকোরতুল্যাঃ সমস্তদৃষ্টীঃ সকলজননয়নানি অহরত হৃতবতী ॥ ৫১ ॥

যদপীতি যদপি যদ্যপি ইয়ং শ্রীরাধা সদা সর্ব্বদা অনুভূতা তদপি তথাপি রজনিবিরহিতা সতী তদামিলতী প্রতিস্বং আর্দ্রং চকার, যথা ঘর্ম্মকণীয়সী গ্রীষ্মার্ত্তা বর্ষাজনিঃ মণ্ডূক্যাদিঃ বর্ষাগমে সমস্তং আর্দ্রং করোতি ॥ ৫২ ॥

ইতীতি, হরিপ্রিয়ায়াঃ শ্রীরাধায়াঃ চরিত্রে ইতি সতি হরিচরিতং শ্রীকৃষ্ণচরিতং বর্ণয়ামি হে চিত্ত ! শৃণু, গৃহগতবিভবে গৃহনিষ্ঠৈশ্বর্য্যে সুবর্ণিতে

---

গুর্ব্বঙ্গনাকে প্রণাম করিয়াছিলেন পরে আসনে উপবেশন পূর্ব্বক সেই চন্দ্রমুখী চকোরতুল্য সকলের দর্শন হরণ করিয়াছিলেন ॥ ৫১ ॥

যদিও শ্রীযশোদাদি প্রভৃতি মহিলাবর্গ তাঁহাকে বারম্বার দর্শন করিয়া থাকেন, তথাপি রাত্রিবিরহে গ্রীষ্মকালের পর বর্ষার উদয়ে মণ্ডূক্যাদির ন্যায় সকলকে প্রেমার্দ্র করিয়াছিলেন ॥ ৫২ ॥

হরিপ্রিয়া শ্রীরাধার এইরূপ চরিত্র বর্ণিত হইল, হে চিত্ত ! এক্ষণে হরিচরিত্র

Digitized at BRCindia.com

হরিদয়িততমা যদাশু তল্পা
দ্দিনমুখকৃত্যকৃতে কৃতেহযাসীৎ।
হরিরপি স তদা তদর্থমাত্ম-
প্রিয়সখদাসগণেন সেব্যতে স্ম ॥ ৫৪ ॥
স রজনিবসনং সসর্জ্জ তচ্চ
স্ফুটমিব সূচয়তি স্ম গূঢ়বৃত্তং।
ইহ চ তদিদমন্তরঙ্গমিত্থং
পিশুনমিতীব তদাস্মিতং সুহৃদ্ভিঃ ॥ ৫৫ ॥

সুকথিতে গৃহপতিবর্ণনং গৃহস্বামিবর্ণনং সৌখ্যদায়ি সুখসমূহপ্রদায়কমাশু ঝটিতি স্যাৎ ॥ ৫৩ ॥

হরীতি যদা যস্মিন্ কালে হরিদয়িততমা শ্রীকৃষ্ণপ্রিয়তমা শ্রীরাধা দিনমুখকৃত্যকৃতে তল্পাৎ শয়নাৎ প্রাতঃকৃত্যকরণায় আশু অযাসীৎ গতবতী তদা তস্মিন্ কালে হরিরপি শ্রীকৃষ্ণোহপি তদর্থং প্রাতঃকৃত্য সমাপনার্থং আত্মপ্রিয়সখদাসগণেন নিজপ্রিয়মিত্রসেবকসমূহেন সেব্যতে স্ম ॥ ৫৪ ॥

স রজনীতি স শ্রীকৃষ্ণঃ রজনিবসনং রাত্রিবস্ত্রং সসর্জ্জ তত্যাজ তচ্চ রজনিবসনং গূঢ়বৃত্তং গুপ্তব্যবহারং রতিচিহ্নমিতি ভাবঃ স্পষ্টমিব সূচয়তি স্ম। ইহ অস্মিন্ বিষয়ে তদ্ইদং রজনিবসনং ইত্থং অন্তরঙ্গং সৎপিশুনং সূচকং বভূব ইতীব হেতোঃ সুহৃদ্ভিঃ তদা তস্মিন্ কালে স্মিতং ঈষৎ হসিতং ॥ ৫৫ ॥

বর্ণনা করিব, শ্রবণ কর। গৃহের ঐশ্বর্য্য বর্ণিত হইলে গৃহস্বামির ঐশ্বর্য্য শীঘ্রই সুখপ্রদ হইয়াথাকে ॥ ৫৩ ॥

যে সময়ে শ্রীকৃষ্ণের প্রিয়তমা শ্রীরাধিকা প্রাতঃকৃত্য সমাপনার্থ শয্যা হইতে উত্থিত হইয়া গমন করিয়া থাকেন। সেই সময়ে শ্রীকৃষ্ণও প্রাতঃকৃত্য সমাপনার্থ প্রিয়মিত্র দাস সকল কর্ত্তৃক সেবিত হইয়া থাকেন ॥ ৫৪ ॥

সেই শ্রীকৃষ্ণ রাত্রিবস্ত্র পরিত্যাগ করিয়াছিলেন। সেই রাত্রিবস্ত্র গূঢ়

Digitized at BRCindia.com

মুখকরচরণং হরেঃ সুধৌতং
কমলবনানি জিগায় তচ্চ পশ্য।
ব্রজমনু কমলালয়াপি যস্য
শ্রয়তি রজঃ পদয়োর্যথাত্র বন্দী ॥ ৫৬ ॥
বহুবিধমপি তৈলমিষ্টগন্ধং
ধৃতমভিতঃ সবিদগ্ধতানিদিগ্ধঃ।
সুরভিতমিহ রাধয়া তু দেব্যা
স্বয়মুররীকুরুতে স্ম কৃষ্ণচন্দ্রঃ ॥ ৫৭ ॥

---

মুখকরেতি হরেঃ শ্রীকৃষ্ণস্য সুধৌতং সুপরিস্কৃতং মুখকরচরণং কমলবনানি জিগায় জিতবৎ তচ্চ পশ্য, ব্রজে কমলালয়া লক্ষ্মীরপি পদয়োঃ শ্রীকৃষ্ণস্য ইতি ভাবঃ শ্রয়তি যথা অত্র ব্রজে বন্দী স্তবপাঠকারকঃ তথা ॥ ৫৬ ॥

বহুবিধমিতি বহুবিধং বহুপ্রকারং ইষ্টগন্ধং মনোহরগন্ধতৈলং অভিতঃ সমন্তাৎ ধৃতং রক্ষিতং তু কিন্তু রাধয়া দেব্যা সুরভিতং সুবাসিতং তৈলং বিদগ্ধতানিদিগ্ধঃ রসিকতাযুক্তঃ স কৃষ্ণচন্দ্রঃ স্বয়ং উররীকুরুতেস্ম স্বীচকার ॥ ৫৭ ॥

---

ব্যবহার সূচিত করিয়াছিল। এই বিষয়ে সেই বস্ত্র অন্তরঙ্গরূপে সূচক হইলে মিত্র সকল ঈষৎ হাস্য করিয়াছিলেন ॥ ৫৫ ॥

হে মানস! নিরীক্ষণ কর, শ্রীকৃষ্ণের সুধৌত মুখ হস্ত ও চরণ পদ্মবনকেও পরাজয় করিতেছে। অধিক কি বলিব? এই ব্রজে কমলালয়া লক্ষ্মীও সেই শ্রীকৃষ্ণের পদদ্বন্দ্বের রেণু কামনা করিয়া থাকেন। সেই লক্ষ্মী এই ব্রজে বন্দিস্বরূপা হইয়া আছেন ॥ ৫৬ ॥

নানা জাতীয় সুগন্ধি তৈল চতুর্দ্দিকে সজ্জিত থাকিলেও সেই রসিক কৃষ্ণচন্দ্র রাধাদেবী কর্ত্তৃক সুবাসিত তৈল স্বয়ং অঙ্গীকার করিয়া থাকেন ॥ ৫৭ ॥



Digitized at BRCindia.com

তদঘজিতি সুতৈলমাদদানে
সমজনি পুষিততা ন তত্তু চিত্রং।
প্রথমমপি স তম্মুদাভিজিঘ্র
ন্নগমদমূদৃশতাং তদেব চিত্রং ॥ ৫৮ ॥
স শুচি সুরভিনা জলেন সিক্তং
স্ববপুরকারয়দীদৃশং বিধাতুং।
অহহ শৃণু মনস্তদেব তত্তদ্
গুণমহসা সমভূদতীব সান্দ্রং ॥ ৫৯ ॥

---

তদঘেতি অঘজিতি শ্রীকৃষ্ণে তৎস্থতৈলং সুগন্ধি তৈলং আদদানে মর্দ্দয়তি সতি পুষিততা পুষ্টতা সমজনি জাতা তত্তু চিত্রং আশ্চর্য্যং ন যতঃ স মুদা হর্ষেণ প্রথমমপি অভিজিঘ্রন্ অমূদৃশতাং পুষ্টতাং অগমৎ তদেব আশ্চর্য্য মিতি ॥ ৫৮ ॥

সশুচীতি স শ্রীকৃষ্ণঃ স্ববপুঃ নিজশরীরং সুরভিনা সুগন্ধিনা জলেন ঈদৃশং গৌরভযুক্তং বিধাতুং কর্ত্তুং সিক্তং অকারয়ৎ অহহ আশ্চর্য্যং! মনঃ! দেব শৃণু গুণমহসা গুণসম্ভারেণ তদ্বপুঃ অতীব সান্দ্রং নিবিড়ং সমভূৎ ইতি ॥ ৫৯ ॥

---

অঘজিৎ শ্রীকৃষ্ণ সুগন্ধি তৈল মর্দ্দন করিয়া যে প্রেমপুষ্ট হইয়াছিলেন, ইহাতে কোন আশ্চর্য্য নাই, কারণ প্রথমতঃ তিনি সেই তৈল আঘ্রাণ করিয়াই প্রেমপরিপুষ্ট হইয়াছিলেন, ইহাই আশ্চর্য্যের বিষয় থাকে ॥ ৫৮ ॥

সেই শ্রীকৃষ্ণ সুরভিসলিল দ্বারা নিজ অঙ্গ এইরূপে সুগন্ধি করিবার জন্য সিক্ত করিয়াছিলেন। হে মন! আশ্চর্য্য শ্রবণ কর, তখন সেই অবয়ব সকল গুণসম্ভারে অত্যন্তনিবিড় হইয়াছিল ॥ ৫৯ ॥

Digitized at BRCindia.com

হরিতনুমনুমার্জ্জনাং বিধিৎসন্
মৃদুরিয়মিত্যধিগত্য কম্পতে স্ম।
জলগুরুবসনং বিসর্জ্জয়ংস্তদ্
দ্বয়মপরং স দধৎ প্রফুল্লতি স্ম ॥ ৬০ ॥
কনকনিভপটদ্বয়ং পটীয়ান্
পরিদধদম্বুদরোচিরুপ্তকেশঃ।
সতিলকলঘুভূষণঃ স্বকান্ত্যা
ত্রিজগতি কান্তিদয়া সখীন্ দিধিন্ব ॥ ৬১ ॥

---

হরিতন্বিতি হরিতনুম্ অনু শ্রীকৃষ্ণশরীরে মার্জ্জনং মর্দ্দনং বিধিৎসন্ সেবকঃ ইয়ং তনুঃ বপুঃ মৃদুঃ ইতি অধিগত্য জ্ঞাত্বা কম্পতে স্ম জলগুরুবসনং জলসিক্ত বস্ত্রদ্বয়ং বিসর্জ্জয়ন্ পরিত্যজ্য অপরং দ্বয়ং দধৎ ধারয়ন্ প্রফুল্লতি স্ম ॥ ৬০ ॥

কনকেতি পটীয়ান্ কুশলঃ অম্বুদরোচিঃ মেঘশ্যামঃ শ্রীকৃষ্ণঃ কনকনিভ-পটদ্বয়ং সুবর্ণবর্ণবস্ত্রযুগলং পরিদধৎ ধারয়ন্ উপ্তকেশঃ বদ্ধচূড়ঃ সতিলকলঘুভূষণঃ তিলকেন সহিতং লঘু মনোরমং ভূষণং যস্য তথাভূতঃ চ সন্ ত্রিজগতি কান্তিদয়া শোভাদায়িন্যা স্বকান্ত্যা সখীন্ দিধিন্ব প্রীণয়ামাস ॥ ৬১ ॥

---

শ্রীকৃষ্ণের অঙ্গ মার্জ্জনা কালে অনুচর সকল অঙ্গের কোমলতা অনুভব করিয়া কম্পিত হইয়াছিলেন। পরে জলসিক্ত বস্ত্রদ্বয় পরিত্যাগ পুর্ব্বক অপর শুষ্ক বস্ত্র পরিধান করিয়া প্রফুল্লিত হইয়াছিলেন ॥ ৬০ ॥

শ্রীকৃষ্ণ সুবর্ণবর্ণ বস্ত্রদ্বয় পরিধান করিলেন এবং কেশ কুঞ্চিত করিয়া তিলক ও উৎকৃষ্ট উৎকৃষ্ট অলঙ্কার পরিধান করিয়া ত্রিভুবনে কান্তিদায়িনী নিজ কান্তি দ্বারা সকলকে আহ্লাদিত করিয়াছিলেন ॥ ৬১ ॥

Digitized at BRCindia.com

হরিরথ কনকাসনে নিবিশ্য
ব্যরচয়দাচমনং যথা নিদিষ্টং ।
পরিদধদুপবীতমন্যদাসী
জ্জপমনুসন্দধদপ্যদীপি তত্র ॥ ৬২ ॥

যদুপুরমনু যৎ প্রধানভাবং
হরিরকরোজ্জনকেঽপি বিদ্যমানে ।
তদুচিতমুচিতং তু নাত্র যস্মাৎ
পিতৃসুততাগততারতম্যমস্তি ॥ ৬৩ ॥

---

হরিরথেতি অথ হরিঃ শ্রীকৃষ্ণঃ কনকাসনে নিবিশ্য যথানিদিষ্টং যথাবিধি আচমনং ব্যরচয়ং কৃতবান্ অন্যদ্ উপবীতং নবীনং যজ্ঞসূত্রং পরিদধৎ জপমনু জপং কৃত্বা তত্র আহ্নিকালয়ে অদীপি দীপ্তবানিতি ॥ ৬২ ॥

যদুপুরেতি যদুপুরমনু দ্বারকায়াং হরিঃ শ্রীকৃষ্ণঃ জনকে বসুদেবে যৎ যাদৃক্ প্রধানভাবং সন্ধ্যাবন্দনাদি অকরোৎ তৎ তাদৃক্ উচিতং কর্ত্তব্যং সন্ধ্যাবন্দনাদি অত্র ব্রজে ন উচিতং ভবতি ইতি শেষঃ যস্মাৎ পিতৃসুততাগততারতম্যং যদুপুরব্রজয়োঃ পিতৃপুত্রতানিষ্ঠপার্থক্যম্ অস্তি ॥ ৬৩ ॥

---

অনন্তর শ্রীকৃষ্ণ কনকাসনে উপবেশন করিয়া যথাবিধি আচমন করিয়াছিলেন। পরে অন্য নূতন যজ্ঞ সূত্র ধারণ পূর্ব্বক জপ করিয়া সেই আহ্নিক মন্দিরে শোভা পাইয়াছিলেন ॥ ৬২ ॥

শ্রীকৃষ্ণ দ্বারকাপুরীতে জনক বসুদেবের সম্মুখে যেরূপ সন্ধ্যাবন্দনাদি করিতেন, এই ব্রজে সেই রূপ ভাবে সন্ধ্যাবন্দনাদি উচিত হইতে পারে না, কারণ দ্বারকা ও ব্রজ এতদুভয় স্থলে পিতাপুত্র-ভাবের পার্থক্য আছে ॥ ৬৩ ॥

Digitized at BRCindia.com

ব্রজপতিমিথুনং সদাপি বাল্যং
হরিমনুচিন্তয়দেবমাহ নিত্যং।
বয়মপি সুকৃতানি যানি কুর্ম্মঃ
প্রতিনিধয়স্তব তত্র ন স্বতন্ত্রাঃ ॥ ৬৪ ॥
ইতি হরিরিহ নাতিধর্ম্মকর্ম্মা
উষসি করোতি পিতুঃ প্রমোদকারী।
অপি তু তদনুমোদনানুকূলাং
ভবিককৃতিং বিদধাতি মাতুরগ্রে ॥ ৬৫ ॥

---

ব্রজপতিমিথুনং নন্দযশোদে সদা সর্ব্বদা হরিং অনু শ্রীকৃষ্ণে বাল্যং চিন্তয়ৎ নিত্যং প্রতিদিনং এবম্ আহ বয়ম্ অপি যানি সুকৃতানি শুভানি কুর্ম্মঃ তত্র শুভানুষ্ঠানে বয়ং তব প্রতিনিধয় এব ন স্বতন্ত্রাঃ স্বাধীনা ইতি ॥ ৬৪ ॥

ইতীতি ইতি হেতোঃ ইহ ব্রজে হরিঃ শ্রীকৃষ্ণঃ পিতুঃ নন্দস্য প্রমোদকারী হর্ষদায়ী সন্ উষসি প্রভাতে অতিধর্ম্মকারী অতিরিক্ত-ধর্ম্মানুষ্ঠয়ী ন ভবতি অপি তু মাতুঃ যশোদায়া অগ্রে তদনুমোদানুকূলাং পিত্রভিপ্রায়ানুবায়িনীং ভবিককৃতিং ধর্ম্মাচরণং বিদধাতি ॥ ৬৫ ॥

---

ব্রজপতি দম্পতি সর্ব্বদাই কৃষ্ণের বাল্যভাব চিন্তা করিয়া নিত্যই এই রূপ বলিতেন, যথা হে কৃষ্ণ! আমরা যে সকল শুভানুষ্ঠান করিয়া থাকি, তাহা তোমার প্রতিনিধিরূপেই অনুষ্ঠান করিয়া থাকি, স্বতন্ত্র ভাবে অনুষ্ঠান করিনা ॥ ৬৪ ॥

এই ব্রজে জনক জননীর প্রীতি উৎপাদন করিবার জন্য প্রত্যূষে তিনি ধর্ম্মানুষ্ঠানে অতিরিক্ত পরিশ্রম স্বীকার করেন না। পিতার অভিপ্রায়ানুসারে জননীর অগ্রে যৎকিঞ্চিৎ ধর্ম্মানুষ্ঠান করিয়া থাকেন ॥ ৬৫ ॥

Digitized at BRCindia.com

হরিরথ চলতি স্ম মাতৃপার্শ্বং
সহ সখিভি র্ধ্বনয়ন্ ভূষণানি।
স তদবকলয়ন্ বধূনিকায়ঃ
সপদি সসার রহস্যপাকধাম ॥ ৬৬ ॥
অথ হরিজননী হরিং নিরীক্ষ্য
ব্রজমহিলাভিরিয়ায় তস্য পার্শ্বং।
সুতমনুগমনং ব্যলোকি ধেনোঃ
সমমনয়া ন তরাং গবাং পরাসাং ॥ ৬৭ ॥

---

হরিরথেতি হরিঃ শ্রীকৃষ্ণঃ ভূষণানি অলঙ্কারান্ ধ্বনয়ন্ সখিভিঃ সহ মাতৃ-পার্শ্বং চলতি স্ম স বধূনিকায়ঃ বধূসমূহঃ রহস্যপাকধাম গুপ্তরন্ধনালয়ং সপদি ঝটিতি সসার জগাম ॥ ৬৬ ॥

অথেতি অথ হরিজননী যশোদা হরিং নিরীক্ষ্য দৃষ্ট্বা ব্রজমহিলাভিঃ ব্রজাঙ্গনাভিঃ সহ তস্য শ্রীকৃষ্ণস্য পার্শ্বং ইয়ায় গতবতী ধেনোঃ সুতমনু গমনং ব্যলোকি পরাসাং অন্যাসাং গবাং অনয়া যশোদয়া সমং ন তরা মিতি ॥ ৬৭ ॥

---

অনন্তর শ্রীকৃষ্ণ অলঙ্কার সকল ধ্বনিত করিতে করিতে মিত্রবর্গের সহিত মাতৃ পার্শ্বে গমন করিলেন, তখন বধূ সমূহ ইহা জ্ঞাত অবগত হইয়া দ্রুত রন্ধন গৃহে প্রবেশ করিলেন ॥ ৬৬ ॥

অনন্তর হরিজননী যশোদা শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়া ব্রজমহিলা বর্গের সহিত শ্রীকৃষ্ণের সমীপে গমন করিয়াছিলেন। ধেনুই বৎসের অনুগমন করিয়া থাকে, অন্য গোসকলের তাঁহার সাম্য কোন ক্রমে সম্ভূত হইতে পারেনা ॥ ৬৭ ॥

Digitized at BRCindia.com

পদমনু পতনং ভবেন্ন তস্যাঃ
সবিধজুষা হরিণা দ্রুতং মিলন্ত্যাঃ ।
ইতি হরিরবনম্য দূরদেশা
চ্চিরমিব তদ্বদতিষ্ঠদিষ্টভক্তিঃ ॥ ৬৮ ॥

দ্রুতমথ জননী তমেত্য পুত্রং
দ্রুতমুদনীনয়দাগ্রহং দধানা ।
তদনু চ সুচিরং প্রসজ্য মূর্দ্ধ্নি
স্রবদুদকাক্ষিযুগং তমালুলোকে ॥ ৬৯ ॥

---

সবিধজুষা সমীপবর্ত্তিনা হরিণা শ্রীকৃষ্ণেণ সহ দ্রুতং মিলন্ত্যাঃ তস্যাঃ যশোদায়াঃ পদম্ অনু পতনং পদবিক্ষেপঃ ন ভবেৎ ইতি হেতোঃ হরিঃ শ্রীকৃষ্ণঃ দূরদেশাদ্ অবনম্য ইষ্টভক্তিঃ ইষ্টায়াং যশোদায়াং ভক্তির্যস্য তথাভূতঃ সন্ তদ্বৎ প্রণতাবস্থায়াং অতিষ্ঠৎ স্থিতবান্ ।। ৬৮ ।।

দ্রুতেতি অথ অনন্তরং জননী তং পুত্রং শ্রীকৃষ্ণং এত্য আগ্রহং দধানা উদনীনয়ং উত্থাপয়ামাস । তদনু তদনন্তরং মূর্দ্ধ্নি সুচিরং প্রসজ্য আঘ্রায় স্রবদুদকাক্ষিযুগং সজলনয়নযুগং তং শ্রীকৃষ্ণং আলুলোকে দৃষ্টবতীতি ।। ৬৯ ।।

---

যশোদা সমীপবর্ত্তি পুত্রের সহিত দ্রুত মিলিত হইবার কালে পদে পদে স্খলিত হইতেছিলেন। হরি শ্রীকৃষ্ণ দূর হইতে জননীকে নিরীক্ষণ করিয়া প্রণাম করিলেন, এমন কি ইষ্টভক্তি প্রদর্শন করিয়া বহুক্ষণ সেই ভাবে অবস্থান করিয়াছিলেন ॥ ৬৮ ॥

অনন্তর জননী যশোদা পুত্রের সমীপে দ্রুত গমন করিয়া আগ্রহ সহকারে শীঘ্র তাঁহাকে উত্থাপিত করিয়াছিলেন। তদনন্তর বহুক্ষণ মস্তক আঘ্রাণ করিয়া সজল নয়নে সেই পুত্র শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়াছিলেন ॥ ৬৯ ॥

Digitized at BRCindia.com

হরিরবকলয়ন্ সরোহিণীকা
ব্রজমহিলা জননীসমানভাবাঃ।
তদনুগুণকভক্তিভাগমূষাং
নমনকৃদস্রজলেন সিচ্যতে স্ম ॥ ৭০ ॥
অথ বলবলিতাঃ পরে সখায়ঃ
সহমধুমঙ্গলকাঃ সমাগতাস্তে।
যদজিতমভজংস্তদহ্নি চিত্রং
বিধুমনুষজ্য শুভগ্রহা বিরেজুঃ ॥ ৭১ ॥

---

হরীতি হরিঃ শ্রীকৃষ্ণঃ সরোহিণীকাঃ রোহিণীসহিতা জননীসমানভাবাঃ যশোদাতুল্যভাবধারিণী ব্রজমহিলাঃ ব্রজাঙ্গনাঃ অবকলয়ন্ দৃষ্ট্বা তদনুগুণক-ভক্তিভাক্ তদুচিতভক্তিযুক্তঃ অমূষাং ব্রজাঙ্গনানাং নমনকৃৎ অর্থাৎ প্রণনাম অস্রজলেন তাসাং নয়নজলেন সিচ্যতে স্ম সিক্তোঽভূদিতি ॥ ৭০ ॥

অথবলেতি। অথ অনন্তরং বলবলিতা বলদেববিরাজিতা সহমধুমঙ্গলকা মধুমঙ্গলসুশোভিতা তে সখায়ঃ সুহৃদঃ যদ্ অজিতং শ্রীকৃষ্ণং অভজন্ তদ্ অহ্নি দিনমানে চিত্রং আশ্চর্য্যং বিধুং চন্দ্রং অনুষজ্য পরিবেষ্ট্য শুভগ্রহা বিরেজুঃ ইতি ॥ ৭১ ॥

---

শ্রীকৃষ্ণ রোহিণী প্রভৃতি মাতৃ সমান ব্রজমহিলাসকলকে অবলোকন করিয়া উপযুক্ত ভক্তি সহকারে তাঁহাদিগকে প্রণাম করিয়াছিলেন, পরে তাঁহাদিগের নয়ন জলে অভিষিক্ত হইয়াছিলেন ॥ ৭০ ॥

অনন্তর মধুমঙ্গলের সহিত অন্যান্য সখা ও বলদেব তথায় সমাগত হইয়া শ্রীকৃষ্ণকে ভজনা করিয়াছিলেন। ইহাতে একটি আশ্চর্য্যের বিষয় হইয়াছিল, যেন দিনমানে চন্দ্রকে বেষ্টন করিয়া শুভগ্রহ সকল শোভা পাইয়া ছিল ॥ ৭১ ॥

Digitized at BRCindia.com

অথ পুনরুপবেশমাগতাস্তে
হরিবলমাতৃমুখাঃ সুখাদশেষাঃ।
হরিবলবলিতা যথা স্বমাসন্
অধিবিবিধাসনমুদ্যদস্রনেত্রাঃ ॥ ৭২ ॥
অথ পুরুগুরুদারলব্ধিতাশী
র্বটুসহিতাঃ প্রতিপদ্য বিপ্রভার্য্যাঃ।
বলয়িতসকলঃ স রামকৃষ্ণঃ
প্রণমনসঙ্গতমুন্নমন্ দিদিম্ব ॥ ৭৩ ॥

---

অথপুনরিতি হরিবলমাতৃমুখাঃ যশোদারোহিণীপ্রভৃতয়ঃ অশেষা মহিলাঃ সুখাৎ উপবেশমাগতাঃ প্রাপ্তাঃ। হরিবলবলিতা কৃষ্ণবলরামশোভিতাঃ মধুমঙ্গলাদয়ঃ যথাস্বং প্রত্যেকং অধিবিবিধাসনং বিবিধাসনে উপবিশ্য উদ্যদস্র-নেত্রা প্রেমাশ্রুযুক্তা অভবন্নিতি ॥ ৭২ ॥

অথপুর্ব্বিতি অথ অনন্তরং পুরুগুরুদারলব্ধিতাশীঃ পুরুগুরুদারাঃ বহুল গুর্ব্বঙ্গনাঃ তাভ্যঃ লব্ধিতাঃ প্রাপ্তা আশীঃ যেন তথাভূতঃ বলয়িতসকলঃ বন্ধুবর্গবেষ্টিতঃ স রামকৃষ্ণঃ প্রণমনসঙ্গতং অর্থাৎ যথাবিধি নমন্ প্রণিপত্য দিদিম্ব প্রীণয়ামাস ইতি ॥ ৭৩ ॥

---

পরে যশোদা রোহিণী প্রভৃতি মহিলা সকল উপবেশন করিলেন। কৃষ্ণ বল-রাম প্রভৃতি মিত্রগণ প্রত্যেকে আসন পরিগ্রহ করিয়া প্রেমাশ্রু মোচন করিতে লাগিলেন ॥ ৭২ ॥

গুর্ব্বঙ্গনা-বর্গ হইতে আশীর্ব্বাদ লাভ করিয়া সখিবর্গের সহিত বিপ্রভার্য্যা



Digitized at BRCindia.com

দ্বিজকুলমহিলা বটুপ্রধানা
দিনদিনমাশিষমদ্ভুতাং দদানাঃ ।
তদুদয়মপি শশ্বদীক্ষমানা
বিদধতি সাক্ষতলাজপুষ্পবৃষ্টিং ॥ ৭৪ ॥
হরিরথ কপিলাঃ সনব্যবৎসা
রজতখুরপ্রকরাঃ সুবর্ণশৃঙ্গীঃ ।
বিবিধমণিভূষণাঃ সমর্চ্চ্য
দ্বিজবটুসাদকরোদ্বিধানযুক্তং ॥ ৭৫ ॥

---

দ্বিজকুলেতি বটুপ্রধানা মধুমঙ্গলপ্রধানা দ্বিজকুলমহিলা ব্রাহ্মণমহিলাবর্গঃ দিনদিনং প্রতিদিনং অদ্ভুতাং আশিষং দদানা তদুদয়ং তস্য শ্রীকৃষ্ণস্য উদয়ং ঐশ্বর্য্যং শশ্বদ্ নিত্যং ঈক্ষমাণা সাক্ষত লাজপুষ্পবৃষ্টিং বিদধতি কুর্ব্বন্তি ।। ৭৪ ॥

হরিরথেতি অথ হরিঃ শ্রীকৃষ্ণঃ সনব্যবৎসা নববৎসংযুক্তাঃ কপিলাঃ তজ্জাতীয়া ধেনূঃ রজতখুরপ্রকারাঃ রৌপ্যনির্ম্মিতখুরযুক্তাঃ সুবর্ণশৃঙ্গীঃ স্বর্ণঘটিতশৃঙ্গীঃ বিবিধমণিভূষণাঃ নানামণিনির্ম্মিতালঙ্কারাঃ বিধায় সমর্চ্চ্য পূজয়িত্বা

---

সকলের সমীপে উপস্থিত হইলেন। বিধি পূর্ব্বক তাঁহাদিগকে প্রণাম করিয়া সন্তোষিত করিলেন ॥ ৭৩ ॥

মধুমঙ্গলপ্রধানা দ্বিজ মহিলা মণ্ডলী প্রতিদিন আশ্চর্য্য আশ্চর্য্য আশীর্ব্বাদ বর্ষণ করিতে করিতে নিত্যই কৃষ্ণের উন্নতি অবলোকন পূর্ব্বক অক্ষত সহিত লাজ বর্ষণ করিয়া থাকেন ॥ ৭৪ ॥

অনন্তর হরি নুতনবৎসযুক্তা রৌপ্যনির্ম্মিত খুরশোভিতা কপিলা ধেনুসকলের

Digitized at BRCindia.com

ধৃতমণিনবকং সুবর্ণপাত্রং
ঘৃতপরিপূরিতভূরিকান্তি মধ্যং।
পরিচিতমুখবিম্ববিম্বমীশ
স্তিথিগণকায় দিদেশ দেশরূপং ॥ ৭৬ ॥
দ্বিজকুলজসতীর্বটূংশ্চ কৃষ্ণঃ
প্রণমনপূর্ব্বকমীপ্সয়াভিবন্দ্য।

---

বিধানযুক্তং যথাশাস্ত্রং বটুসাৎ অকরোৎ অর্থাৎ ব্রাহ্মণকুমারেভ্যঃ দদৌ ইতি ॥ ৭৫ ॥

ধৃতেতি ধৃতমণিনবকং নবমণিসংযুক্তং ঘৃতপরিপূরণেন ভূরিকান্তিঃ প্রচুরশোভা মধ্যে যস্য তৎ পরিচিতমুখবিম্ববিম্বং পরিচিতানাং বিম্বঃ প্রতিবিম্বো যত্র তৎ সুবর্ণপাত্রং তিথিগণকায় দৈবজ্ঞায় দেশরূপং দিদেশ দত্তবান্ ॥ ৭৬ ॥

দ্বিজকুলজেতি কৃষ্ণঃ দ্বিজকুলজসতীঃ বিপ্রভার্য্যাঃ বটূন্ ব্রাহ্মণকুমারান্ প্রণমনপূর্ব্বকং ঈপ্সয়া অভিবন্দ্য বাঞ্ছিতবস্তূনি প্রদায় ইত্যর্থ মধুরতরগিরা

---

যথাবিধি অর্চ্চনা করিয়া সেই সকল ধেনু ব্রাহ্মণ কুমার সকলকে প্রদান করিলেন ॥ ৭৫ ॥

নূতনমণি যুক্ত মধ্য ভাগে প্রভূত ঘৃত কান্তিযুক্ত দর্শক সকলের মুখমণ্ডলের প্রতিবিম্ব যুক্ত সুবর্ণপাত্র তিথিগণক অর্থাৎ দৈবজ্ঞকে উপযুক্তমতে প্রদান করিলেন ॥ ৭৬ ॥

কৃষ্ণ ব্রাহ্মণপত্নী ও ব্রাহ্মণ কুমার সকলকে প্রণাম করিয়া বাঞ্ছিত বস্তু

Digitized at BRCindia.com

মধুরতরগিরা বিসৃজ্য ধাম্নে
নিজজননীরুচিমঙ্গলং পুপোষ ॥ ৭৭ ॥
জনয়িতৃজননী স্বসৄঃ পিতৃব্যা
দিকবনিতাশ্চ বধূসুতা বিমিশ্রাঃ।
অনুনয়বিনয়প্রণামপূজা
দিভিরুপবেশতয়া হরির্দিধিন্ব ॥ ৭৮ ॥
ইতি পুরুকৃতমঙ্গলঃ সকৃষ্ণঃ
স্বকগৃহনির্ম্মিততৎকৃতির্বলশ্চ।

---

সুশ্রাব্যতরবাক্যেন ধাম্নে স্ব স্ব গৃহায় বিসৃজ্য নিজজননীরুচিমঙ্গলং যশোদা-ভিলাষরূপং মঙ্গলং কল্যাণং পুপোষ ইতি ॥ ৭৭ ॥

জনয়িত্রিতি জনয়িতৃজননী মাতৃমাতা স্বসৄঃ ভগিনীঃ বধূসুতাবিমিশ্রা পুত্রবধূকন্যাযুক্তা পিতৃব্যাদিকবনিতাঃ পিতৃব্যপত্নীঃ যথাযোগ্যং অনুনয়বিনয়-প্রণামপূজাদিভিঃ সম্মাননাদ্যৈঃ উপবেশতয়া হরিঃ সর্ব্বাঃ দিধিন্ব প্রীণয়ামাস ইতি ॥ ৭৮ ॥

ইতি পূর্ব্বিতি ইতি এবম্প্রকারেণ পুরুকৃতমঙ্গলঃ অনুষ্ঠিতমঙ্গলঃ স কৃষ্ণঃ স্বকগৃহনির্ম্মিততৎকৃতিঃ স্বকগৃহে নিজগৃহে নির্ম্মিতা অনুষ্ঠিতা তৎকৃতিঃ স্নানাদি

---

প্রদান পূর্ব্বক তাহাদিগকে নিজ নিজ গৃহ গমনার্থে বিদায় দিয়া জননীর অভি-লাষরূপ মঙ্গল পরিপূরণ করিয়াছিলেন ॥ ৭৭ ॥

হরি মাতৃ মাতা ভগনী পুত্র বধূ ও কন্যার সহিত পিতৃব্যপত্নী প্রভৃতির অনুনয় বিনয় প্রণাম পূজাদি দ্বারা সম্মান বিধান পূর্ব্বক উপবেশন করিয়া সকলকে প্রীত করিয়াছিলেন ॥ ৭৮ ॥

এইরূপে প্রভূতমঙ্গলানুষ্ঠায়ী কৃষ্ণ নিজ গৃহে সমাপিতকৃত্য বলদেব ও মিত্র

Digitized at BRCindia.com

সখিচিত্তমুচিতপ্রদেশমঞ্চ

ন্নশনবিধিং বিধিনা বিধিৎসতি স্ম ॥ ৭৯ ॥

অসিত-কুটিলকেশবেশভঙ্গী-

জনজনলোভনশোভয়া মনোজ্ঞং।

নিরুপমবদনং সনীলশুভ্র-

চ্ছবিসবিলাস সশোণকোণনেত্রং ॥ ৮০ ॥

---

কৃতিঃ যেন তথাভূতঃ স বলঃ বলদেবশ্চ সখিচিতং মিত্রব্যাপ্তং উচিতপ্রদেশং ভোজনযোগ্যপ্রদেশং অঞ্চন্ গত্বা বিধিনা যথান্যায়ং অশনবিধিং ভোজনলীলাং বিধিৎসতি স্ম বিধাতুমিচ্ছতি স্ম ইতি ॥ ৭৯ ॥

অসিতেতি অসিতকুটিলকেশবেশভঙ্গীজনজনলোভনশোভয়া অসিতানাং কৃষ্ণাণাং কুটিলানাং কেশানাং বালানাং বেশভঙ্গ্যা রচনাপরিপাট্যা জনজনলোভনী সকললোকলোভজননী যা শোভা তয়া মনোজ্ঞং মনোহরং নিরুপমবদনং তুলনারহিতমুখং অনীলশুভ্রচ্ছবিবিলাসসশোনকোণনেত্রং সনীলশুভ্রচ্ছবি কৃষ্ণাভাযুক্তশ্বেতকান্তিযুক্তং সবিলাসং বিলাসসহিতং সশোণকোণং লোহিতাভামিশ্রকোণযুক্তং নেত্রং যস্য তৎ ॥ ৮০ ॥

---

সমূহে পরিব্যপ্ত ভোজনালয়ে গমন করিয়া ভোজন লীলা বিস্তার করিতে ইচ্ছা করিয়াছিলেন ॥ ৭৯ ॥

যিনি কৃষ্ণ বর্ণকুটিলকেশের বেশভঙ্গী দ্বারা সকল লোকের লোভজননী শোভাবিশিষ্ট, নিরুপমমুখমণ্ডল এবং শ্বেত কৃষ্ণকান্তিবিশিষ্ট বিলাসময় রক্তবর্ণ অপাঙ্গশোভিত নেত্রে বিরাজিত হইয়া থাকেন ॥ ৮০ ॥

Digitized at BRCindia.com

অলকবিততভালমণ্ডিপুণ্ড্রং
পৃথুতরনীরদমুক্তমুক্তনাসং।
মণিগণময়কুণ্ডলপ্রভাভিঃ
শবলিতগণ্ডরুচাতিরোচিতুণ্ডং ॥ ৮১ ॥
গলবলয়বিভূষণাতিরম্যং
মণিসরমধ্যনিবদ্ধরত্নবর্য্যং।

---

অলকবিততভালমণ্ডিপুণ্ড্রং অলকবিততে অলকব্যাপ্তে ভালে মণ্ডি মনোহরং পুণ্ড্রং তিলকং যস্য পৃথুতরনীরদমুক্তবৎ মুক্তা যস্যাং তাদৃশী নাসা যত্রতৎ মণিগণময়কুণ্ডলপ্রভাভিঃ মণিসমূহনির্ম্মিতকর্ণভূষণকান্তিভিঃ শবলিতয়োঃ সংযুক্তয়োঃ গণ্ডয়োঃ রুচা দীপ্ত্যা অতিরোচি অতিদীপ্তিমৎ তুণ্ডং মুখং যস্য তৎ ॥ ৮১ ॥

গলবলয়েতি গলবলয়বিভূষণাতিরম্যং গলবলয়রূপমেব যৎ বিভূষণং অলঙ্কারঃ তেন অতিরম্যং মণিসরমধ্যে হারমধ্যে নিবদ্ধং গ্রথিতং রত্নবর্য্যং

---

তাঁহার অলকব্যাপ্ত কপালে অতি সুন্দর তিলক শোভা পাইয়া থাকে। মেঘবারিময় বর্ত্তুল মুক্তার ন্যায় মুক্তা যাঁহার নাসায় শোভা পাইয়া থাকে মণিসমূহ নির্ম্মিত কুণ্ডলপ্রভায় গণ্ডদেশ শোভিত হওয়ায় যাঁহার মুখমণ্ডল অতিশয় শোভা পাইতেছে ॥ ৮১ ॥

যাঁহার গলবলয় অর্থাৎ কণ্ঠহার দ্বারা অতিরম্য মণিময় হার মধ্যে রত্নবর

Digitized at BRCindia.com

বলয়বিলসদূর্ম্মিকাঙ্গদানাং
ছবিচলদূর্ম্মিভুজদ্বয়াতিচারু ॥ ৮২ ॥
নৃহরিবদবলগ্ন লগ্নকাঞ্চী-
স্তবকচলাঞ্চলজলদংশুজালং।
কনকঘনজিদন্তরাংশুকাংশ-
স্পৃশমণিনূপুর কান্তিপূরপূর্ণং ॥ ৮৩ ॥

---

রত্নবরং যস্ত তং বলয়বিলসদূর্ম্মিকাঙ্গদানাং বলয়শোভমানাঙ্গুরীয়ককটকানাং ছবেঃ কান্তেঃ চলদূর্ম্মিবৎ যদ্ ভূজদ্বয়ং তেন অতিচারু অতিসুন্দরং ॥ ৮২ ॥

নৃহরীতি নৃহরিবদবলগ্নলগ্নকাঞ্চীস্তবকচলাঞ্চলচলদংশুজালং নৃহরিবৎ নৃসিংহবদ্ অবলগ্নে লগ্নঃ যঃ কাঞ্চীস্তবকঃ রশনাস্তবকঃ তেন সহ চলৎ যৎ অঞ্চলং তস্মাৎ চলৎ উদ্গচ্ছদ্ অংশুজালং কিরণসমূহঃ যত্র তং কনকঘনজিদন্তরাংশুকাংশস্পৃশমণিনূপুরকান্তিপূরপূর্ণং কনকঘনজিৎ সুবর্ণপিণ্ডজিৎ যৎ অন্তরাংশুকং পরিধানং তস্য অংশঃ তং স্পৃশতি যৎ নূপুরং তস্য কান্তিপূরঃ শোভাসমূহঃ তেন পূর্ণং ॥ ৮৩ ॥

---

সন্নিবেশিত হইয়াছে, বলয়ের সহিত বিলাসযুক্ত অঙ্গুরীয়ক ও অঙ্গদ সকল কান্তিদ্বারা চঞ্চল তরঙ্গের ন্যায় ভুজ দ্বারা অতি মনোহর ॥ ৮২ ॥

নৃসিংহদেবের ন্যায় কটিদেশে রশনাসমূহের সহিত চঞ্চল অঞ্চলের চঞ্চল কিরণে শোভমান কনকপিণ্ডবিজয়ী পরিধানবস্ত্রের স্পর্শকারী মণিময় নূপুরের কান্তিরাশি দ্বারা পরিপূর্ণ ॥ ৮৩ ॥

Digitized at BRCindia.com

অভিমুখমুপবিষ্টমিষ্টপার
স্পারিকনিরীক্ষণসক্ষণাক্ষিযুগ্মং।
নবঘনঘনসারকান্তিপ্রদ
বপুরুন্নতদাসজুষ্টপৃষ্ঠং ॥ ৮৪ ॥
বিবিধবিধবিচিত্রমিত্রপঙ্ক্তি
দ্বয়রচিতদ্রবতর্ষিমাতৃহর্ষি।
নিজনিজবধূদৃশ্যদৃশ্যরূপং
রহসি বিনির্ম্মিতজালরন্ধ্রবৃন্দাৎ ॥ ৮৫ ॥

---

অভিমুখেতি অভিমুখং উপবিষ্টং ইষ্টপারস্পরিকনিরীক্ষণসক্ষণাক্ষিযুগ্মং ইষ্টং অভীপ্সিতং পারস্পরিকং যৎনিরীক্ষণং তেন সক্ষণং সোৎসবং অক্ষিযুগ্মং নয়ন-যুগলং যেন তথাভূতং নবঘন ঘনসারকান্তিপ্রদবপুরুন্নতদাসজুষ্টপৃষ্ঠং নবঘনস্য নবীনমেঘস্য ঘনসারস্য কর্পূরস্য কান্তিং শোভাং প্রদদাতি যদ্ বপুঃ তস্য উন্নতদাস-জুষ্টং প্রধানসেবকসেবিতং পৃষ্ঠং যস্য তং ॥ ৮৪ ॥

বিবিধেতি বিবিধবিধবিচিত্রমিত্রপংক্তিদ্বয়রচিতদ্রবতর্ষিমাতৃহর্ষি বিবিধানাং নানাজাতীয়ানাং বিচিত্রানাং মিত্রাণাং যৎপংক্তিদ্বয়ং শ্রেণীযুগ্মং তত্র রচিতঃ যোদ্রবঃ পরীহাসঃ তত্র তর্ষিণীনাং তৃষ্ণাযুক্তাণাং মাতৃনাং হর্ষি হর্ষজনকং রহসি একান্তে বিনির্ম্মিতাৎ জালরন্ধ্রবৃন্দাৎ গবাক্ষপথসমূহাৎ নিজনিজবধূদৃশ্যদৃশ্যরূপং নিজনিজবধূভিঃ দৃশ্যং দর্শনীয়ং দৃশ্যরূপং মনোহররূপং যস্য ॥ ৮৫ ॥

---

পরস্পর সম্মুখে উপবিষ্ট অভিলষিত পরস্পর অবলোকনে উৎসবপূর্ণ নয়নযুগলে শোভমান নবীন মেঘ ও কর্পূরের কান্তিপ্রদ শরীরের পৃষ্ঠদেশ প্রধান প্রধান দাস সকল সেবা করিতেছে ॥ ৮৪ ॥

নানা জাতীয় আশ্চর্য্য মিত্র সকলের পংক্তিদ্বয়ে পরীহাস রস বিস্তার করিয়া মাতৃ সকলের হর্ষ প্রদান করিয়াছেন একান্তে গুপ্ত গবাক্ষ পথ হইতে নিজ নিজ বধূ সকল যাঁহাদের মনোহর রূপ নিরীক্ষণ করিতে ছিলেন ॥ ৮৫ ॥

Digitized at BRCindia.com

স্বয়মপি সবিধং নিরীক্ষমাণং
তদনুগবাক্ষকুলং ক্রিয়াকুলাক্ষং।
দিনমুখমধিকৃত্য ভব্যকৃত্যং
স্মর সহজদ্বয়মিষ্টমিষ্টভুক্তি ॥ ৮৬ ॥

সপ্তভিঃ ॥

বহুষু দিনমুখেষু গোষু শীঘ্রং
ব্রজনমিতি ব্রজভূভৃতা স্বভোজ্যং
স্বয়মশনকৃতা প্রহেমিত্য
প্যশনমিদং লঘু বষ্টি কৃষ্ণচন্দ্রঃ ॥ ৮৭ ॥

---

স্বয়মপীত স্বয়মপি সবিধং সচ্ছলং নিরীক্ষমাণং তদ্ গবাক্ষকুলং অনুক্রিয়াকুলাক্ষং ক্রিয়াভিঃ আকুলং ব্যাপ্তং অক্ষি যস্য তদ্ দিনমুখং প্রভাতং অধিকৃত্য প্রাতরারভ্য ভব্যকৃত্যং মঙ্গলানুষ্ঠানং ইষ্টং অভিলষিতং সহজদ্বয়ং কৃষ্ণরামৌ স্মর তৎসংজ্ঞদ্বয়ং কিম্ভূতং ইত্যাহ ইষ্টভুক্তি ইষ্টৈঃ মিত্রৈঃ ভুক্তিঃ ভোজনাদি কর্ম্ম যস্য তৎ ॥ ৮৬ ॥

বহুম্বিত বহুষু দিনমুখেষু প্রভাতেষু গোষু শীঘ্রং ঝটিতি ব্রজনং গমনং ভবতি ইতি হেতোঃ স্বয়ং অশনকৃতা ভোক্তুং গচ্ছতা ব্রজভূভৃতা নন্দেন

---

যাঁহারা নিজেও কোন কোন সময়ে নিরীক্ষণ করিতেছিলেন, সেই গবাক্ষ সমূহ লক্ষ্য করিয়া যাঁহাদের চক্ষুঃ ক্রিয়া ব্যাপ্ত হইয়াছে। প্রাতঃকাল হইতে মঙ্গলানুষ্ঠায়ী মিত্রবর্গের সহিত ভোজনকারি সেই সহোদর যুগল স্মরণ কর ॥ ৮৬ ॥

অনেক দিবসই তিনি গোচারণ করিবার জন্য শীঘ্রই গমন করিয়া থাকেন। তখন গোপরাজ নিজে ভোজন করিতে উদ্যত হইয়া কৃষ্ণচন্দ্রের জন্য খাদ্য



Digitized at BRCindia.com

অথ মরিচসিতাসিতাংশুমিশ্রং
ঘৃতপরমান্নমদন্নসাবমীভিঃ।
নিজরুচিমিয়তা নিচায়য়ংশ্চ
প্রতিকবলং প্রশশংস কংসশত্রুঃ॥ ৮৮॥
নববধূনিহিতং বলস্য মাত্রা
স্বয়মুপনীয় ধৃতং ব্রজাধিরাজ্ঞ্যাং।
অকুরুত পরিবেষনং তথা সা
লবমপি নাত্র যথা স হাতুমৈষ্ট॥ ৮৯॥

---

সুভোজ্যং প্রহেয়ং প্রেরণীয়ং ইত্যপি কৃষ্ণচন্দ্রঃ ইদং অশনং ভোজ্যং লঘু বষ্টি কাময়তে॥ ৮৭॥

অথেতি অদৌ কংসশত্রুঃ শ্রীকৃষ্ণঃ অমীভিঃ সখিভিঃ মরিচাসিতাসিতামিশ্রং মরিচশর্করাকর্পূরমিশ্রং ঘৃতপরমান্নং ঘৃতপায়সং অদন্ ভক্ষয়ন্ নিজরুচিং নিচায়য়ন্ প্রতিকবলং প্রতিগ্রাসং প্রশশংস ইতি॥ ৮৮॥

নববধ্বিতি নববধূনিহিতং রাধিকানির্ম্মিতং খাদ্যং বলস্য বলদেবস্য মাত্রা রোহিণ্যা স্বয়ং উপনীয় ব্রজাধিরাজ্ঞ্যাং যশোদায়াং যশোদাসমীপে ধৃতং তথা সা

---

সামগ্রী প্রেরণ করিয়া থাকেন। সেই কৃষ্ণচন্দ্র সেই খাদ্য সামগ্রী লঘু লঘু ভোজন করিয়া থাকেন॥ ৮৭॥

কংস শত্রু শ্রীকৃষ্ণ মরিচ শর্করা কর্পূর মিশ্র ঘৃত পরমান্ন মিত্রবর্গের সহিত ভোজন করিতে করিতে নিজরুচি প্রকাশ পূর্ব্বক গ্রাসে গ্রাসে প্রশংসা করিয়াছিলেন॥ ৮৮॥

বলদেব জননী অর্থাৎ রোহিণী নববধূ শ্রীরাধিকার হস্ত নির্ম্মিত খাদ্য সামগ্রী ব্রজাধিরাজ্ঞী অর্থাৎ যশোদার সমীপে আনয়ন করিলেন। তখন সেই

Digitized at BRCindia.com

সপরিমলজলং তথা জনন্যো
মৃদু মৃদু জল্পবিকাশিমন্দহাসং।
অনুভবদিহ রামকৃষ্ণযুগ্মং
ক্রমমনুভোজনতৃষ্ণতামহাসীৎ ॥ ৯০ ॥
পুনরপি জননীদ্বয়ী শিশূনা
মশনরসং ব্যতিহসনাৎ পুপোষ।

---

যশোদা তথা পরিবেষণং অকুরুত যথা স শ্রীকৃষ্ণঃ লবমপি হাতুং ত্যক্তুং ঐষ্ট বাঞ্ছিতবান্ ইতি ॥ ৮৯ ॥

সপরীতি সপরিমলজলং সুবাসিতং জলং তথা জনন্যো যশোদারোহিণ্যোঃ মৃদু মৃদু জল্প বিকাশিমন্দহাস্যং অনুভবং ইহ ভোজনবিষয়ে রামকৃষ্ণযুগ্মং ক্রমমনু ক্রমশঃ ভোজনতৃষ্ণতাং ভোজনাগ্রহং অহাসীৎ তত্যাজ ॥ ৯০ ॥

পুনরপীতি জননীদ্বয়ী যশোদারোহিণ্যৌ ব্যতিহসনাৎ পরস্পরহাস্য-বিকাশাৎ অশনরসং ভোজনরসং ভোজনলীলাং পুপোষ অথ হরিঃ শ্রীকৃষ্ণশ্চ

---

যশোদা উহা এইরূপে পরিবেশন করিলেন যে শ্রীকৃষ্ণ এককণাও পরিত্যাগ করিতে পারেন নাই ॥ ৮৯ ॥

সুবাসিত জল ও ভোজন বিষয়ে জননী দ্বয়ের মৃদু মৃদু কথোপকথনে মন্দ মন্দ হাস্য অনুভব করিয়া শ্রীরামকৃষ্ণ ক্রমে ক্রমে ভোজনাগ্রহ পরিত্যাগ করিয়াছিলেন ॥ ৯০ ॥

সেই জননীদ্বয় পরস্পর হাস্য করিয়া শিশু সকলের ভোজন রসের পোষণ

Digitized at BRCindia.com

হরিরথচ গবাবনায় খেলা
বনগমনায় চ তং ক্রমাত্ততার ॥ ৯১ ॥
পরিমলজলধৌতবক্ত্রবিম্বা
নবহরিচন্দনচারু চর্চ্চিতাঙ্গাঃ।
খপুরফণিদলীপুটীভিরেতে
সুরভিতরঞ্জিতমুহুরাস্যমধ্যং ॥ ৯২
ব্রজনৃপভৃতিভৃৎকুমারবৃন্দা
র্পিতমহরাভরণাঙ্কিকঞ্চুকাদিঃ।

---

গবাবনায় গোপালনায় খেলাবনগমনায় চ ক্রীড়াকাননগমনায় তং অশন-রসং ক্রমাৎ ক্রমশঃ ততার সমাপিতবান্ ॥ ৯১ ॥

পরিমলেতি পরিমলজলধৌতবক্ত্রবিম্বা পরিমলজলেন সুরভিসলিলেন ধৌতং বক্ত্রবিম্বং যেষাং নবহরিচন্দনেন চারুচর্চ্চিতানি অঙ্গানি যেষাং এতে শ্রীকৃষ্ণাদয়ঃ খপুরফণিদলীপুটীভিঃ গুবাকনাগবল্লীনির্ম্মিতপুটীভিঃ সুরভিত-রঞ্জিতং আস্যমধ্যং মুখগহ্বরং উহুঃ ইতি ॥ ৯২।

ব্রজনৃপেতি ব্রজনৃপভৃতিভৃৎকুমার বৃন্দার্পিত মহরাভরণাঙ্কিকঞ্চুকাদি

---

করিয়াছিলেন। অনন্তর শ্রীকৃষ্ণ গোপালনের নিমিত্ত ও ক্রীড়া কাননে গমন করিবার নিমিত্ত ভোজন লীলা সমাপন করিয়াছিলেন ॥ ৯১ ॥

পরে তাঁহারা সুবাসিত জল দ্বারা মুখমণ্ডল ধৌত করিলেন, নূতন হরি-চন্দন দ্বারা অঙ্গচর্চ্চা করিলেন, গুবাক সংযুক্ত তাম্বূল পুটী সমূহ দ্বারা মুখ গহ্বর সুরভিত ও রঞ্জিত করিয়াছিলেন ॥ ৯২ ॥

গোপরাজের বেতনভুক্ সেবক কুমার সকল মহামূল্য অলঙ্কার ও (জামা) কঞ্চুক প্রভৃতি আনয়ন করিতে লাগিলেন। যশোদা সেই সকল অলঙ্কার ও

Digitized at BRCindia.com

স্তুতনুমনু সা বিরাজয়ন্তী
জননয়নান্যকরোদ্বিরাজিতানি ॥ ৯৩ ॥
তমসিতমণিকান্তিদেহকান্তি
স্নপিতসুবর্ণজবর্ণকান্তবস্ত্রং।
স্ববিরচিতবিভূষণং নিরীক্ষ্য
স্তননয়নাদমৃতান্যবোঢ় মাতা ॥ ৯৪ ॥

---

গোপরাজভৃত্যবালকসমূহানীতমহামূল্যাঙ্কারসংযুক্তকঞ্চুকাদি "জামা ইতি ভাষা" সা যশোদা স্তুতমনু পুত্রশরীরে বিরাজয়ন্তী জননয়নানি বিরাজিতানি আহ্লাদিতানি অকরোৎ কৃতবতীতি ॥ ৯৩ ॥

তমসীতি অসিতমণিকান্তিদেহকান্তিস্নপিতসুবর্ণজবর্ণকান্তবস্ত্রং অসিত মণেঃ ইন্দ্রনীলমণেঃ কান্তি র্যত্র তথাভূতস্য দেহস্য কান্ত্যা স্নপিতং ধৌতং সুবর্ণজ-বর্ণপীতবর্ণং মনোহরং বস্ত্রং যস্য তং শ্রীকৃষ্ণং স্বরচিতবিভূষণং স্বেন যশোদয়া বিরচিতং বিভূষণং যস্য তং নিরীক্ষ্য মাতা যশোদা স্তননয়নাৎ অমৃতানি অবোঢ় ধৃতবতীতি ॥ ৯৪ ॥

---

কঞ্চুকাদি পুত্র শরীরে পরিধান করাইতে লাগিলেন। শ্রীকৃষ্ণের বেশ রচনা দর্শনে লোকলোচন অত্যন্ত আহ্লাদিত হইয়াছিল ॥ ৯৩ ॥

শ্রীকৃষ্ণ ইন্দ্রনীলমণির কান্তি বিশিষ্ট দেহ কান্তি দ্বারা ধৌত সুবর্ণ বর্ণ মনোহর বস্ত্র পরিধান করিয়াছেন। জননী যশোদা সেই পুত্রকে নিজ বিরচিত অলঙ্কারে বিভূষিত অবলোকন করিয়া স্তন ও নয়ন হইতে অমৃত বর্ষণ করিয়াছিলেন ॥ ৯৪ ॥

Digitized at BRCindia.com

মণিরুচিমুরুলীসুবর্ণযষ্টি
প্রবরশিখণ্ডকশোভয়া চ কৃষ্ণঃ।
অসুখয়দবরোধলোকদৃষ্টিং
সুখয়িতুমিত্থমিয়েষ সভ্যদৃষ্টিং॥ ৯৫॥
হরিমনুকথনীয়মত্র যদ্যদ্
বলমনু তত্তদবেহি কিন্তু যোগ্যং।
হরিবলজননীযুগঞ্চ তুল্যং
পরিকলয় প্রিয়তা হি তত্র তুল্যা॥ ৯৬॥

---

মণিরুচীতি মণিরুচিমুরলীসুবর্ণযষ্টিপ্রবরশিখণ্ডকশোভয়া মণিরুচিমুরলী মণিমণ্ডিতমুরলী এব সুবর্ণযষ্টিঃ প্রবরশিখণ্ডকঃ চ তয়োঃ শোভয়া অবরোধলোক-দৃষ্টিং অন্তঃপুরবাসিনীনাং লোচনং অসুখয়ৎ ইত্থং এবম্প্রকারেণ সভ্যদৃষ্টিং সভাসদাং দৃষ্টিং নয়নং সুখয়িতুং ইয়েষ বাঞ্ছিতবান্ ইতি॥ ৯৫॥

হরিমন্বিতি হরিমনু অত্র যৎ যৎ কথনীয়ং বলমনু তত্তৎ কথনীয়ং অবেহি, কিন্তু তৎ যোগ্যং ভবত্যেব হরিবলজননীযুগঞ্চ যশোদারোহিণ্যৌ তুল্যং পরিকলয় পশ্য হি যতঃ তত্র রামকৃষ্ণয়োঃ তুল্যা প্রিয়তা প্রীতিঃ ভবতি ইতি॥ ৯৬॥

---

মণিমণ্ডিত মুরলীরূপ সুবর্ণ যষ্টি এবং ময়ূরপুচ্ছ নির্ম্মিত মুকুটের শোভা দ্বারা অন্তঃপুর রমণী সকলের দৃষ্টির সুখোৎপাদন করিয়া থাকেন, এইরূপে সভা সকলেরও দৃষ্টি সুখ বিধান করিয়া থাকেন॥ ৯৫॥

শ্রীকৃষ্ণের প্রতি যাহা যাহা কথনীয় তাহা বলদেবের প্রতি কথিত হইয়া থাকে। ইহা যুক্তিযুক্ত হইয়া থাকে। কৃষ্ণ জননী ও রাম জননী এই দুই জন তুল্য রূপই হইয়া থাকেন। রামকৃষ্ণের প্রতি এতদুভয়ের প্রীতি তুল্য রূপই হইয়া থাকে॥ ৯৬॥

Digitized at BRCindia.com

দিনদিন মনু সা বনায় গন্তুং
কৃতমনসস্তনয়স্য মঙ্গলায়।
সজলকলসদীপসারমারা
ত্রিকমুখমঙ্গলবস্তু বিস্তৃণোতি ॥ ৯৭ ॥
অথ চলিতুমনাঃ স্বমাতুরারাদ্
অরচয়দঞ্জলিমচ্যুতঃ প্রণম্য।
ইয়মবমৃশতী করেণ চামুং
স্তননয়নামৃতসার্দ্ধমাহ চেদং ॥ ৯৮ ॥

---

দিনদিনেতি দিনদিনং প্রত্যহং বনায় গন্তুং কৃতমনসঃ কৃতসংকল্পস্য তনয়স্য পুত্রস্য মঙ্গলায় সা যশোদা সজলকলসদীপসারং আরাত্রিকমুখমঙ্গলবস্তু বিস্তৃণোতীতি প্রসারয়তি ॥ ৯৭ ॥

অথ চলিত্বিতি অথ অয়ং অচ্যুতঃ শ্রীকৃষ্ণঃ চলিতুমনাঃ গন্তুকামঃ সন্ স্বমাতুঃ যশোদায়াঃ আরাৎ সমীপে প্রণম্য অঞ্জলিং অরচয়ৎ ইয়ং যশোদা করেণ হস্তেন অমুং কৃষ্ণং অবমৃশতী স্পৃষ্ট্বা স্তননয়নামৃতসার্দ্ধং স্তনদুগ্ধক্ষরণেণ নয়নবারিণা চ সহ ইদম্ আহ ॥ ৯৮ ॥

---

পুত্র গোচারণার্থ বন গমনে কৃত সংকল্প হইলে সেই জননী যশোদা তাঁহার মঙ্গলের জন্য জলপূর্ণ কলস দীপ ও আরাত্রিক সাধন মাঙ্গল্য দ্রব্য সমুদয় বিস্তার করিয়া থাকেন ॥ ৯৭ ॥

অচ্যুত প্রস্থানোন্মত হইয়া জননীকে প্রণাম পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিয়া থাকেন। তখন সেই জননী হস্ত দ্বারা তাঁহাকে স্পর্শ করিয়া স্তনদুগ্ধ ও নয়ন বারি বর্ষণ করিতে করিতে এই কথা বলিয়া থাকেন ॥ ৯৮ ॥

Digitized at BRCindia.com

বয়মপি ভবতা সমং প্রয়ামঃ
কৃতপচনং দ্রুতমুষ্ণমর্পয়ামঃ।
পরিণতবয়সশ্চিরাদভূম
প্রথয়সি লজ্জিতমত্র কিন্নু বৎস! ॥ ৯৯ ॥
যদি বদতি ভগবান্ স্বধাম্নি কা স্যা
দবসরমাবকয়োস্তদা বিদধ্যাং।
গৃহমহমহনি ক্ব চাধি বৎস্যা
ম্যথ বলসূরপি বৎস্যতি ক্ব চাপি ॥ ১০০ ॥

বয়মপীতি বয়মপি ভবতা ত্বয়া সমং প্রয়ামঃ গচ্ছামঃ তত্র বনে দ্রুতং কৃতরচনং অন্নব্যঞ্জনাদি উষ্ণং অর্পয়ামঃ। যতঃ বয়ং চিরাৎ পরিণতবয়সঃ ভবামি হে বৎস! অত্র বিষয়ে কিং লজ্জিতং প্রথয়সি ইতি ॥ ৯৯ ॥

যদি বদতীতি ভবান্ যদি বদতি স্বধাম্নি নিজগৃহে কা স্যাৎ হে পুত্র! শৃণু তদা আবকয়োঃ যশোদারোহিণ্যোঃ অবসরং পর্য্যায়ং বিদধ্যাং কচ অহনি দিনমানে অহং অধিবৎস্যামি কচন অহনি বলসূঃ বলদেবজননী বৎস্যতি ইতি ॥ ১০০ ॥

আমরাও তোমার সহিত বনে গমন করিতেছি। তথায় আমরা পাক করিয়া উষ্ণ উষ্ণ অন্ন ব্যঞ্জন তোমাকে অর্পণ করিতে পারিব। হে বৎস! আমরা অনেক দিন পরিণত বয়স অর্থাৎ প্রবীণ হইয়াছি, তুমি কিজন্য লজ্জিত হইতেছ? ॥ ৯৯ ॥

যদি বল তখন গৃহ রক্ষা করিয়া কে অবস্থান করিবেন? হে পুত্র! আমাদের দুইজনের মধ্যে তাহার ব্যবস্থা করিব। কোন দিন আমি গৃহে অবস্থান করিব, রোহিণী বনে যাইবেন, কোন দিন রোহিণী গৃহে থাকিবেন, আমি বনে যাইব ॥ ১০০ ॥

Digitized at BRCindia.com

কথমিব বদসি ত্বমেতদেবং
গৃহকৃতিরুদ্ধতিমাপ্স্যতীতি বৎস!।
তব বনগমনে পুনস্তদেতৎ
কিমপি ন সিধ্যতি পৃচ্ছ্যতামিদঞ্চ ॥ ১০১ ॥
অহরহরয়তাং বনানি বৎসঃ
স্বসদনবাসসুখং ত্যজাব নাবাং।
ইতিমতি পিতরাবমূ ন শঙ্কাং
ন চ হ্রিয়মত্র লভাবহে তনূজ ॥ ১০২ ॥

---

কথমিবেতি হে বৎস! ত্বং গৃহকৃতিঃ গৃহকার্য্যং উদ্ধতিং উচ্ছৃঙ্খলতাং আপ্স্যতি গমিষ্যতি ইতি কথমিব বদসি? প্রত্যুত তব বনগমনে তদেতৎ কিমপি ন সিধ্যতি বিরহগ্রস্তত্বাদিতিভাবঃ পৃচ্ছ্যতাং ইদং ইতি ॥ ১০১ ॥

অহরহরিতি বৎসঃ পুত্রঃ অহরহঃ প্রত্যহং বনানি অয়তাং গচ্ছতাং আবাং স্বসদনবাসসুখং নিজনিজবাসসুখং ন ত্যজাব। হে তনূজ! ইতিমতিপিতরৌ এবম্বিধবুদ্ধিবিশিষ্ট জনকজননৌ অমূ ন শঙ্কাং ন ভীতিং ন চ হ্রিয়ং লজ্জাং অত্র ন লভাবহে ॥ ১০২ ॥

---

হে বৎস! কি জন্য তুমি বলিয়া থাক যে আমরা বনগমন করিলে গৃহ কার্য্যের বিশৃঙ্খলা হইবে? অধিক কি বলিব? তুমি বন গমন করিলে তোমার বিরহেই আমাদের গৃহ কার্য্যে বিশৃঙ্খলতা ঘটিয়া থাকে। আমাদের কথায় যদি বিশ্বাস না কর, তবে এই লোক সকলকে জিজ্ঞাসা কর ॥ ১০১ ॥

বৎস অর্থাৎ বালক প্রতি দিন বনে গমন করিয়া থাকে, আমরা দুইজন নিজ গৃহবাস সুখপরিত্যাগ করিতে পারি না, হে পুত্র! এই প্রকার বুদ্ধিযুক্ত আমরা জনক জননী হইয়াও শঙ্কিত ও লজ্জিত হইনা ॥ ১০২ ॥



Digitized at BRCindia.com

ইতি স তু জননীরিতং নিশম্য
স্মিতবলিতং ধৃতবাষ্পমাললাপ ।
দ্বিবিদরিপুরপি প্রণম্রমূৰ্দ্ধা
মুহু তদনূদিতমন্তরা চচার ॥ ১০৩ ॥
জননী যদি পিতা তথাচ মাতা
পরিণমতি স্ম শিশুর্বভূব যোগ্যঃ ।
শিশুরয়মুভয়ত্র তত্র রাজ-
ন্যতি যদি তর্হি বিভাতি সুষ্ঠু যোগ্যঃ ॥ ১০৪ ॥

---

ইতীতি স শ্রীকৃষ্ণঃ ইতি এবম্প্রকারং জননীরিতং মাতৃকথিতং বাক্যং নিশম্য শ্রুত্বা স্মিতবলিতং ঈষদ্‌হাসবলিতং ধৃতবাষ্পং সজলনয়নং আললাপ। দ্বিবিদরিপুঃ বলদেবোঽপি প্রণম্রমূৰ্দ্ধা প্রণতমস্তকেন অন্তরা মধ্যেমধ্যে মুহু লঘু তদনূদিতং তদ্বাক্যসমর্থনং চচার কৃতবতীতি ॥ ১০৩ ॥

জননীতি হে জননি! যদি পিতা তথাচ মাতা পরিণমতি স্ম বার্দ্ধক্যং লভেত তত্র উভয়ত্র ইহকালে পরকালে চ শিশুঃ পুত্রঃ যদি রাজন্তি অতিশয়েন প্রকাশতে তর্হি সুষ্ঠু অত্যর্থং যোগ্যঃ বিভাতি ॥ ১০৪ ॥

---

সেই শ্রীকৃষ্ণ জননীর এইরূপ বাক্য শ্রবণ করিয়া ঈষদ্ হাস্যমুখে সজলনয়নে আলাপ করিয়াছিলেন, দ্বিবিদশত্রু বলদেবও প্রণতমস্তকে মধ্য মধ্য সেই বাক্যের সমর্থন করিয়াছিলেন ॥ ১০৩ ॥

হে জননি! যদি পিতা মাতা পরিণতবয়স অর্থাৎ বার্দ্ধক্যযুক্ত হয়েন এবং পুত্র যদি যোগ্য হয়েন, তবে সেই পুত্র পিতামাতার ইহকাল ও পরকালের নিমিত্ত উত্তমরূপে প্রকাশমান হইয়া থাকেন। এইরূপ হইলেই যথাযোগ্য হইয়া থাকে ॥ ১০৪ ॥

Digitized at BRCindia.com

বনমনু ধবলাবনায় মাদৃক্
যদটতি তন্মিষসিদ্ধিমম্ব ! বিদ্ধি।
সুখবিহরণমেব তত্র সার্দ্ধং
সখিভিরমীভিরনুক্ষণং বিভর্ত্তি ॥ ১০৫ ॥
বিপিনমনু বিহাপিতং ভবত্যা
জননি !চতুর্ব্বিধমন্নজাতমদ্মঃ।
অমৃতজয়িফলানি যেন বন্যা
ন্যভিরুচিমুত্তময়াম তত্র ভূরি ॥ ১০৬ ॥

---

বনমন্বিতি ধবলাবনায় ধেনুপালনায় মাদৃক্ মাদৃশোজনঃ বনমনু যদ্ অটতি হে অম্ব ! তন্মিষসিদ্ধিং তচ্ছলেন ইষ্টসিদ্ধিং বিদ্ধি জানীহি তদ্ ধবলাবনং অমীভিঃ সখিভিঃ সার্দ্ধং সুখবিহরণং অনুক্ষণং বিভর্ত্তি ইতি॥ ১০৫॥

বিপিনেতি হে জননি ! ভবত্যা বিপিনমনু বিহাপিতং প্রেরিতং চতুর্ব্বিধং অন্নজাতং খাদ্যসম্ভারং অদ্মঃ তত্র বিপিনে বন্যানি বনজাতানি অমৃতজয়িফলানি সন্তি যেন হেতুনা অভিরুচিং উত্তময়াম ॥ ১০৬ ॥

---

হে অম্ব ! (জননি !) আমরা যে ধেনুপালনের জন্য বন গমন করিয়া থাকি, তাহাতে আমাদের একটি উদ্দেশ্যসিদ্ধি হইয়া থাকে। কারণ গোচারণ-চ্ছলে বনে গমন করিলেই এই সখি বর্গের সহিত সুখ বিহার করিতে পারি ॥ ১০৫ ॥

হে জননি ! আপনি বনেতে যাহা প্রেরণ করিয়া থাকেন, আমরা সেই চতুর্ব্বিধ খাদ্য সামগ্রী উপভোগ করিয়া থাকি। আরও বলি সেই বনেতে অমৃতনিন্দি ফল সমূহ বিদ্যমান থাকে, আমরা সেই প্রচুর ফল সকলে অভিরুচি প্রকাশ করিয়া থাকি ॥ ১০৬ ॥

Digitized at BRCindia.com

ব্রজরিপুকুলমূলমাশু হন্তুং
পুনরগমং পুনরাগমং ব্রজঞ্চ।
অজনি চ জগতামদৃশ্য এষ
স্ফুরতু কথং বত মাতরত্র ভীতিঃ॥ ১০৭॥
অহহ বত গবাং কুলং সমস্তং
মম পথি তিষ্ঠতি মদ্‌গতিং প্রতীক্ষ্য।
ময়ি গতবতি শষ্পমত্তি চৈবং
হৃদি মম ধীরদশামশাশ্যতে স্ম॥ ১০৮॥

---

ব্রজেতি ব্রজরিপুকুলমূলং ব্রজরিপুকুলানাং ব্রজশত্রুসমূহানাং মূলং নিদানং আশু ঝটিতি হন্তুং অগমম্ ব্রজং পুনরগমঞ্চ। এষ ব্রজ জগতাম্ অদৃশ্য হে মাতঃ অত্র ভীতিঃ কথং স্ফুরতু ইতি॥ ১০৭॥

অহহেতি অহহ খেদে সমস্তং গবাং কুলং মদ্‌গতিং প্রতীক্ষ্য মম পথি তিষ্ঠতি ময়ি গতবতি সতি শষ্পং তৃণানি অত্তি ভক্ষয়তি চ এবং অর্থাৎ গবাং কুলস্য ঈদৃগ্ ব্যবহারঃ মম হৃদি ধীরদশাম্ অশাশ্যত স্ম অর্থাৎ ভৃশমশ্নাতি ইতি॥ ১০৮॥

---

আমি ব্রজের শত্রু সকলকে নির্ম্মূল করিবার জন্য গমন করিয়াছিলাম এবং পুনরায় ব্রজে আগমন করিয়াছি। এক্ষণে এই ব্রজ জগতের অদৃশ্য হইয়াছে, অতএব এই ব্রজে কিরূপে ভয়ের সঞ্চার হইতে পারে॥ ১০৭॥

কি আশ্চর্য্য! গো সকল আমার গমন প্রতীক্ষা করিয়া পথে অবস্থান করিতেছে। আমি গমন করিলেই তৃণভক্ষণ করিয়া থাকে। গোসকলের এই রূপ ব্যবহারে আমার ধৈর্য্য লোপ হইয়া থাকে॥ ১০৮॥

Digitized at BRCindia.com

অথ হরিজননীং পুরন্ধ্রিমান্যা
ততিরবদদ্ধৃতনীরবৃষ্টিদৃষ্টি।
ভবিকমনু মনুষ্ব নিত্যকৃত্যং
ভবতি তদেব গতিঃ পরাবরাচ ॥ ১০৯ ॥
তনুজমনু পুরন্ধ্রিভিঃ শুভাশী
র্ততিরকারি ততঃ স্বয়ন্তু মাতা।
বিধৃতকরতয়াঙ্গনায় সাস্রা
প্যমুমবতারয়তি স্ম মন্দ মন্দং ॥ ১১০ ॥

---

অথ হরীতি পুরন্ধ্রিমান্যাততিঃ মাননীয়মহিলাশ্রেণী ধৃতনীরবৃষ্টিদৃষ্টি সজলনয়নং হরিজননীং যশোদাং অবদৎ নিত্যকৃত্যং গোপালনং ভবিকমনু মনুষ্ব অর্থাৎ নিত্যকৃত্যপালনে মঙ্গলং ভবেদেব। তদেব অস্মাকং গোপজাতীনাং পরাবরা গতিঃ ভবতি ॥ ১০৯ ॥

তনুজেতি তনুজমনু কৃষ্ণংপ্রতি পুরন্ধ্রিভিঃ মহিলাভিঃ শুভাশীর্ততিঃ শুভাশীর্ব্বাদশ্রেণীঃ অকারি কৃতা, ততঃ স্বয়ন্তু মাতা যশোদা বিধৃতকরতয়া হস্তধারণং কৃত্বা সাস্রা নয়নজলবতী সতী মন্দ মন্দং অমুং শ্রীকৃষ্ণং অবতারয়তি স্ম ইতি ॥ ১১০ ॥

---

অনন্তর গ্রামের প্রধান প্রধান মাননীয়া মহিলা সকল সজল নয়নে হরিজননী যশোদাকে বলিয়াছিলেন, যে নিত্যকার্য্যপালনে মঙ্গলই হইয়া থাকে। এই গোপালনই আমাদিগের পরাবরা গতি হইয়া থাকে ॥ ১০৯ ॥

পুরমহিলাবর্গ শ্রীকৃষ্ণের প্রতি শুভাশীর্ব্বাদরাশি বর্ষণ করিয়াছিলেন। স্বয়ং মাতা যশোদা শ্রীকৃষ্ণের হস্ত ধারণ করিয়া ধীরে ধীরে অঙ্গন দেশে অবতারিত করিয়াছিলেন ॥ ১১০ ॥

Digitized at BRCindia.com

স্পৃশতি দিশতি বাঞ্ছতি প্রয়াতি
প্রণয়তি মন্দতি নন্দতি ব্রবীতি।
ইতি বহুবিধলালনাং দধানা
সুতমনু সা জননী ন তৃপ্তি মাপ ॥ ১১১ ॥
অথ গুরুবনিতাগণেন মাত্রা
প্যনুসরণাদবরোধিসেতুমাপ্তঃ।
প্রণয়বিসরবদ্ধতস্তু দামো
দরপদবীং পুনরেষ শশ্বদাপ ॥ ১১২ ॥
অথ হরিগমনে ক্রমেন সিদ্ধে
হরিজননী নিজগেহমেব গত্বা।

---

স্পৃশতীতি সুগমমিতি ॥ ১১১ ॥

অথ গুর্ব্বিতি অথ গুরুবনিতাগণেন গুর্ব্বঙ্গনাসমূহেন মাত্রা জনন্যা অপি অনুসরণাৎ অনুগমনাৎ অবরোধসেতুং অন্তঃপুরমর্য্যাদাং আপ্তঃ প্রাপ্তবান্। অসৌ দামোদরঃ প্রণয়বিসরবদ্ধতস্ত প্রেমসমূহজনিতবন্ধনাৎ শশ্বৎ নিত্যং দামোদরপদবীং আপ প্রাপ্তবানিতি ॥ ১১২ ॥

অথ হরীতি ক্রমেণ হরিগমনে সিদ্ধে হরিজননী যশোদা নিজগেহম্

---

জননী কথন শ্রীকৃষ্ণকে স্পর্শ করেন, উপদেশ করেন, বাঞ্ছা করেন, গমন করেন, শৈথিল্য প্রকাশ করেন, আহ্লাদিত হয়েন, এইরূপে পুত্রের প্রতি বহুবিধ লালন করিয়াও তৃপ্তি প্রাপ্ত হয়েন নাই ॥ ১১১ ॥

অনন্তর গুর্ব্বঙ্গনা ও জননীর অনুগমন সহকারে অন্তঃপুর সীমায় উপস্থিত হইয়াছিলেন। এই দামোদর প্রণয় জনিত বন্ধন বশতঃ পুনর্ব্বার চিরদিনের জন্ত দামোদর পদবী প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১১২ ॥

অনন্তর ক্রমে শ্রীকৃষ্ণের বন গমন সিদ্ধ হইলে যশোদা নিজ গৃহে

Digitized at BRCindia.com

গৃহকৃতিকলনান্নিনায় কালং
বৃষবরিজা চরিতানি তু স্মরামি ॥ ১১৩ ॥
যদবধি হরিরেতি মাতৃপার্শ্বং
তদবধি সা চ পরাশ্চ জালরন্ধ্রাৎ।
হরিমবকলয়ন্তি তত্র সর্ব্বা
মুহুরপি মোহময়ন্তি সংহরন্তি ॥ ১১৪ ॥
যদনুপদমিয়ং তদার্য্যপত্ন্যাং
দয়িতকৃতে বিনিধায় দিব্যমন্নং।

---

এব গত্বা গৃহকৃতিকলনাৎ গৃহকার্য্য সম্পাদনাৎ কালং সময়ং নিনায়। ইদানীং বৃষবরিজাচরিতানি শ্রীরাধিকাচরিতানি স্মরামি ইতি ॥ ১১৩ ॥

যদবধীতি যদবধি যদারভ্য হরিঃ শ্রীকৃষ্ণঃ মাতৃপার্শ্বং জননীসমীপং এতি গচ্ছতি তদবধি তদারভ্য সা রাধা পরা অন্যাশ্চ প্রেয়স্যঃ জালরন্ধ্রাৎ গবাক্ষছিদ্রাৎ হরিং শ্রীকৃষ্ণং অবকলয়ন্তি পশ্যন্তি। যত্র দর্শনে সর্ব্বাঃ প্রেয়স্যঃ মুহুঃ বারম্বারং মোহং অয়ন্তি গচ্ছন্তি সংহরন্তি অপসারয়ন্তি চ ॥ ১১৪ ॥

যদন্বিতি ইয়ং শ্রীরাধা আর্য্যপত্ন্যাং যশোদায়াং অনুপদং দয়িতকৃতে প্রিয়ার্থং

---

গমন করিয়া গৃহ কার্য্য নিষ্পাদনে কালক্ষেপ করিতে লাগিলেন। এক্ষণে শ্রীরাধিকার চরিত্র স্মরণ করিতেছি ॥ ১১৩ ॥

যে সময়ে শ্রীকৃষ্ণ মাতৃ সমীপে গমন করেন, সেই সময়ে শ্রীরাধিকা ও অন্যান্য প্রেয়সী গবাক্ষ পথ হইতে শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া থাকেন। তাহাকে দর্শন করিবার সময় সকল প্রেয়সীই বারম্বার মোহ প্রাপ্ত হইয়া থাকেন ও বারম্বার মোহ সম্বরণ করিয়া থাকেন ॥ ১১৪ ॥

এই শ্রীরাধিকা আর্য্যপত্নী যশোদার অনুগত হইয়া প্রিয় শ্রীকৃষ্ণের জন্য দিব্য দিব্য অন্ন পাক করিয়া সুখানুভব করিয়া থাকেন। শ্রীরাধিকার

Digitized at BRCindia.com

সুখমনু ভবতি স্ম তত্তু মাঞ্চ
ক্ষিপতি সুধাজলধাবহো ক্ব যামি ॥ ১১৫ ॥
তদশনমনু মদ্বিগাসজল্পং
হরিকৃতমন্বধিত স্বকর্ণযুগ্মং।
স্মিতনয়নযুগং তথা নিজালীঃ
প্রতি তদিদং মম চিত্তমাবৃণোতি ॥ ১১ ॥
হরিরহহ তদা বনং প্রয়াতুং
নিজতনুমাস্তৃত দিব্যবস্ত্রলক্ষ্ম্যা।

---

দিবাং অন্নং বিনিধায় নির্ম্মায় সুখং অনুভবতি স্ম তৎতৎকৃত্যং সুধাজলধৌ মাং ক্ষিপতি অহো! ক্ব যামি গচ্ছামি ইতি ॥ ১১৫ ॥

তদশনেতি তদশনমনু তত্তদ্‌ব্যভোজনে স্বকর্ণযুগ্মং হরিকৃতং শ্রীকৃষ্ণকৃতং বিলাসজল্পং হাস্যবচনং যদ্ অন্বধিত, তথা নিজালীঃপ্রতি নিজসখীঃপ্রতি স্মিতনয়নযুগং ঈষদ্‌হাস্যযুক্তলোচনং ইদং মম চিত্তম্ আবৃণোতি ॥ ১১৬ ॥

হরিরহহেতি অহহ! হরিঃ শ্রীকৃষ্ণঃ বনংপ্রয়াতুং দিব্যবস্ত্রলক্ষ্ম্যা দিব্যবস্ত্র-শোভয়া নিজতনুং নিজশরীরং আস্তৃত আচ্ছাদিতবান্ ইয়ং অসহনমানসা

---

সেই সকল কৃত্য আমায় সুখ সমুদ্র মধ্যে নিক্ষেপ করিতেছে। হায়! আমি কোথায় গমন করিব ॥ ১১৫ ॥

সেই সকল খাদ্যসামগ্রী ভোজন করিবার সময়ে শ্রীকৃষ্ণ হাস্য কোলাহল করিয়াছিলেন, শ্রীরাধা মনোযোগ সহকারে সেই হাস্যময় কথোপকথন শ্রবণ করিতেছিলেন; নিজ নিজ সখী বর্গের প্রতি ঈষৎ হাস্যযুক্ত কটাক্ষ বিস্তার করিয়াছিলেন। শ্রীরাধার এই সকল ব্যবহার আমার চিত্ত আবৃত করিতেছে ॥ ১১৬ ॥

হরি বনগমন কালে দিব্য বস্ত্রলক্ষ্মী অর্থাৎ বস্ত্রশোভা দ্বারা নিজতনু আচ্ছা-

Digitized at BRCindia.com

ইয়মসহনম[illegible]ক্ষ্যাম্

ইব নিদধে সকটাক্ষমক্ষি তস্যাং ॥ ১১৭ ॥

স বিপিনগতয়ে যদাপ্যুদস্থাদ্

অধিত ধৃতিং নহি তর্হি খঞ্জনাক্ষী ।

বপুরিব জহতা স্বচেতসা তং

প্রসজতি সা স্ম বনায় নির্গমায় ॥ ১১৮ ॥

সরসিজদৃগথাঙ্গনেঽবতীর্ণঃ

স্মিতমমৃতং বিচকার যর্হি দিক্ষু ।

---

অসহিষ্ণুঃ সতী তস্যাং দিব্যবস্ত্রলক্ষ্যাং সপত্ন্যাম্ ইব সকটাক্ষং অক্ষি নিদধে ॥ ১১৭ ॥

স বিপিনেতি স শ্রীকৃষ্ণঃ বিপিনগতয়ে বনগমনায় যদা অপি উদস্থাৎ তর্হি খঞ্জনাক্ষী শ্রীরাধা ধৃতিং ধৈর্য্যং ন হি অধিত ধৃতবতী। সা বপুঃ শরীরং জহতা ইব পরিত্যজতা ইব স্বচেতসা নিজান্তঃকরণেন বনায় নির্গমায় প্রসজতি স্ম ॥ ১১৮ ॥

সরসিজেতি অথ সরসিজদৃগ্ পুণ্ডরীকাক্ষঃ শ্রীকৃষ্ণঃ যর্হি যদা অঙ্গনে চত্বরে অবতীর্ণঃ সন্ দিক্ষু স্মিতং ঈষদ্ হাস্যং অমৃতং বিচকার বিচিক্ষেপ।

---

দন করিয়া থাকেন। এই শ্রীরাধিকা উহা সহ্য করিতে না পারিয়া সপত্নীর ন্যায় সেই বস্ত্র লক্ষীর প্রতি সকটাক্ষ অক্ষিনিক্ষেপ করিয়া ছিলেন ॥ ১১৭ ॥

সেই শ্রীকৃষ্ণ যে সময়ে বন গমনের নিমিত্ত উদ্যত হইয়া থাকেন, তখন সেই খঞ্জনাক্ষী শ্রীরাধিকা শরীর হইতে বহির্গমন শীল মনোবৃত্তি দ্বারা বন গমন করিতে প্রসক্তা হইয়াছিলেন ॥ ১১৮ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ অঙ্গনে অবতীর্ণ হইয়া যে সময়ে সেই দিকে হাস্যরূপ অমৃত বিকিরণ করিয়া থাকেন, অনুপমকান্তি এই শ্রীরাধিকা সখীসকল মধ্যে



Digitized at BRCindia.com

ইয়মতুলরুচিঃ সখীষু গুপ্তা
স্বনয়নমঞ্জলিমাচচার তর্হি ॥ ১১৯ ॥
মুরজিতি নিরিতে বরাবরোধাদ্
গুরুবনিতাস্থ নিবৃত্য চাগতাস্থ।
ইয়মথ ললিতাদিভিঃ স্বগেহং
প্রতিগমিতাগময়ৎ ক্লমেন কালং ॥ ১২০
প্রথমমজিতমীক্ষতে গবাক্ষাৎ
তদনু চ বর্ণয়তি প্রিয়াভিরেষা।
ইহ মুহুরপি তর্ষধর্ষমস্যাঃ
পুরু দধদক্ষিযুগং ন শান্তিমেতি ॥ ১২১ ॥

---

অতুলরুচিঃ অনুপমকান্তিঃ ইয়ং শ্রীরাধা তর্হি তদা স্বনয়নং অঞ্জলিং পাত্রং আচচার প্রসারয়ামাস ॥ ১১৯ ॥

মুরজিতীতি মুরজিতি শ্রীকৃষ্ণে বরাবরোধাৎ অন্তঃপুরবরাৎ নিরিতে নির্গতে সতি গুরুবনিতাস্থ গুর্ব্বঙ্গনাস্থ চ নিবৃত্য আগতাস্থ অথ ইয়ং শ্রীরাধা ললিতাদিভিঃ সখীভিঃ স্বগেহং স্বমন্দিরং প্রতি গমিতা প্রাপিতা ক্লমেন বিরহ-শ্রমেণ কালং অগময়ৎ অযাপয়ৎ ইতি ॥ ১২০ ॥

প্রথমেতি এষা শ্রীরাধা গবাক্ষাৎ প্রথমং অজিতং শ্রীকৃষ্ণং ঈক্ষতে পশ্যতি

---

লুক্কায়িত হইয়া সেই সময়ে নিজ নয়নরূপ অঞ্জলি প্রসারিত করিয়া থাকেন ॥ ১১৯ ॥

শ্রীকৃষ্ণ অন্তঃপুর হইতে বহির্গত হইলে এবং গুর্ব্বঙ্গনা সমূহ ফিরিয়া আসিলে এই শ্রীরাধা ললিতাদি সখী সকলের সহিত নিজ গৃহে প্রত্যাবৃত্ত হইয়া কষ্টের সহিত কালক্ষেপ করিয়াছিলেন ॥ ১২০ ॥

এই শ্রীরাধিকা প্রথমতঃ গবাক্ষ পথ হইতে এই শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়া

Digitized at BRCindia.com

স্রজতি হরিকৃ…
…দ্যতুলমিয়ং নিজসঙ্গিনী… ।
হরিগুণগণ গানমপ্যপূর্ব্বং
মৃদু বিদধাতি তথাপি নৈতি শান্তিং ॥ ১২২ ॥
মৃগমদতিলকা সুনীলরত্ন
শ্রুতিযুগলাভরণা ঘনাভবস্ত্রা ।
হরিবসনসনাভিকান্তিরেষা
স্বকরতিদীপনতাং স্বয়ং জগাম ॥ ১২৩ ॥

---

ইহ মুহুঃ বারম্বারং পুরু অধিকং তর্ষবর্ষং তৃষ্ণাচাঞ্চল্যং দধৎ ধারয়ৎ অক্ষিযুগং নয়নযুগলং ন শান্তিং এতি ইতি ॥ ১২১ ॥

স্রজতীতি ইয়ং শ্রীরাধা নিজসঙ্গিনীসহায়া নিজসহচরীসহিতা সতী হরিকৃতে শ্রীকৃষ্ণার্থং হারমাল্যাদি হারসহিতমাল্যাদি স্রজতি রচয়তি অপূর্ব্বং আশ্চর্য্যং হরিগুণগানম্ অপি কৃষ্ণলীলাগানম্ অপি মৃদু কোমলং বিদধাতি গায়তি তথাপি শান্তিং সুস্থতাং ন এতি প্রাপ্নোতি ॥ ১২২ ॥

মৃগমদতিলকেতি মৃগমদতিলকা কস্তূরীতিলকশোভিতা সুনীলরত্নশ্রুতিযুগলাভরণা সুন্দরনীলমণিনির্ম্মিতকর্ণদ্বয়ালঙ্কারবিশিষ্টা ঘনাভবস্ত্রা মেঘবর্ণবসনাচ্ছাদিতা হরিবসনসনাভিকান্তিঃ কৃষ্ণবস্ত্রতুল্যদীপ্তিঃ এষা স্বয়ং স্বকরতিদীপনতাং নিজানুরাগপ্রোদ্ভাসিততাং জগাম গতবতীতি ॥ ১২৩ ॥

---

থাকেন। এই শ্রীরাধার নেত্র যুগল তৃষ্ণাজন্য ঔৎসুক্য বশতঃ শান্তি লাভ করে না ॥ ১২১ ॥

সেই শ্রীরাধিকা নিজ সহচরী সকলের সাহায্যে শ্রীকৃষ্ণের জন্য পুষ্পহার ও পুষ্পমাল্য রচনা করিয়া থাকেন এবং কৃষ্ণলীলা সমূহ মৃদু স্বরে গান করিয়া থাকেন, তথাপি চিত্তে শান্তি লাভ করিতে পারেন না ॥ ১২২ ॥

কস্তূরী-তিলক-শোভিতা ইন্দ্রনীলমণিনির্ম্মিত-কর্ণাভরণ-বিশিষ্টা-কৃষ্ণবস্ত্র

Digitized at BRCindia.com

মুরজিতি জননীগৃহাৎ প্রয়াতে
বনমনু বর্ষবরান্ সুসখ্যদিগ্ধান্।
অবসরমনুবেষভঙ্গিভাষাদিষু
বধূপুংস্তলিতান্ দিদেশ সুভ্রূঃ॥ ১২৪॥
প্রতিনিধিতনবঃ স্থায়ুয়মস্মা
কমিতি নিজপ্রভুনা সমং প্রযাত।
প্রভুমপি তমুপেত্য মদ্বিধার্হং
পরিচরণং কুরুত ব্যতিপ্রসজ্য॥ ১২৫॥

---

মুরজিতীতি মুরজিতি শ্রীকৃষ্ণে জননীগৃহাৎ মাতৃগেহাৎ বনমনু প্রয়াতে সতি সুভ্রূঃ শ্রীরাধা অবসরমনু অবসরং প্রাপ্য সুসখ্যাদিগ্ধান্ মিত্রতাযুক্তান্ বর্ষবরান্ বেষভঙ্গিভাষাদিষু বিষয়ে বধূপুংস্তলিতান্ স্ত্রীপুরুষসদৃশান্ নপুংসকান্ দিদেশ॥ ১২৪॥

প্রতিনিধীতি যূয়ং অস্মাকং প্রতিনিধিতনবঃ প্রতিনিধিস্বরূপাঃ স্থ: ইতি হেতোঃ নিজপ্রভুনা নিজস্বামিনা সমং প্রয়াত। তং প্রভুং শ্রীকৃষ্ণং উপেত্য গত্বা ব্যতিপ্রসজ্য মদ্বিধার্হং মাদৃশকর্ত্তব্যং পরিচরণং পরিচর্য্যাং কুরুত ইতি॥ ১২৫॥

---

তুল্যকান্তি যুক্তা এই শ্রীরাধা স্বয়ং নিজ অনুরাগ দ্বারাও স্ফূর্ত্তি প্রাপ্ত হইয়াছিলেন॥ ১২৩॥

জননীর পার্শ্ব হইতে শ্রীকৃষ্ণ বন গমন করিলে শ্রীরাধা অবসর প্রাপ্ত হইয়া মিত্রতাযুক্ত নানা বেষ ভঙ্গি ও ভাষাদি বিষয়ে স্ত্রী পুরুষের সদৃশ নপুংসক সকলকে আদেশ করিয়াছিলেন॥ ১২৪॥

তোমরা আমাদের প্রতিনিধি স্বরূপ হইয়া নিজ প্রভুর সহিত গমন কর। সেই প্রভুর সমীপে গমন করিয়া যেরূপ ভাবে আমাদের পরিচর্য্যা করিলে সেইরূপে মাদৃশ জনের কর্ত্তব্য পরিচর্য্যা কর॥ ১২৫॥

Digitized at BRCindia.com

মুহুরথচ ভবাদৃগেক একঃ
স্বচরিতমস্য নিরীক্ষ্য নঃ সমেতু।
ইতি তদনুমতঃ স স ক্রমাত্তং
মুহুরনুভূয় জগাদ তামুপেত্য ॥ ১২৬ ॥
অথ হরিরগমৎ পিতুঃ সভায়াং
দিবিজগণস্তুতভাবভাবিতায়াং।
পশুপতিপরিপূজ্যপাশুপত্য
ব্রজজনভাস্করভাসিতাম্বরায়াং ॥ ১২৭ ॥

---

মুহুরথেতি অথ চ ভবাদৃগ্ এক এক মুহুঃ বারম্বারং অস্য মর্ম বল্লভস্য স্বচরিতং নিরীক্ষ্য নঃ অস্মাকং সমীপে সমেতু সমাগচ্ছতু। ইতি এবম্প্রকারেণ তদনুমতঃ রাধিকয়া অনুমতঃ স স ক্রমাৎ তং শ্রীকৃষ্ণং অনুভূয় তাং শ্রীরাধাং উপেত্য প্রত্যাগত্য জগাদ কথিতবান্ ইতি ॥ ১২৬ ॥

অথ হরীতি হরিঃ শ্রীকৃষ্ণঃ পিতুঃ দিবিজগণস্তুতভাবভাবিতায়াং দিবিজগণৈঃ দেবগণৈঃ স্তুতঃ যো ভাবঃ তেন ভাবিতায়াং সংযুক্তায়াং পশুপতিপরিপূজ্য-পাশুপত্যব্রজজনভাস্করভাসিতাম্বরায়াং পশুপতিনা মহাদেবেন পরিপূজ্যঃ পাশুপত্যব্রজজনঃ পশুপালসমূহস্বরূপঃ ব্রজবাসিলোকঃ স এব ভাস্করঃ সূর্য্যঃ তেন ভাসিতং অম্বরং আকাশো যস্যাং তস্যাং সভায়াং অগমৎ গতবান্ ইতি ॥ ১২৭ ॥

---

তোমরা এক এক জন সেই বল্লভের চরিত্র নিরীক্ষণ করিয়া আমাদের সমীপে প্রত্যাগমন কর। শ্রীরাধিকার এইরূপ অনুমতি প্রাপ্ত হইয়া সেই সেই বর্ষবর সকল বারম্বার শ্রীকৃষ্ণ চরিত্র অনুভব করিয়া তাঁহাকে নিবেদন করিয়াছিলেন ॥ ১২৬ ॥

অনন্তর দেবগণও যে ভাবের স্তব করিয়া থাকেন, এতাদৃশ ভাব যেস্থলে বর্ত্তমান এবং পশুপতি অর্থাৎ মহাদেবেরও পরিপূজ্য পশুপালক ব্রজবাসিজন-

Digitized at BRCindia.com

দ্বিজকলকলপোষবেদঘোষ
প্রকরজমঙ্গলসঙ্গতিং ব্রজন্ত্যাং।
দিশি দিশি কবিসূতমাগধাদি
প্রকররবস্তবিস্তরং ভজন্ত্যাং॥ ১২৮॥
ভরতবিবৃতগীতবাদ্যনৃত্য
প্রচয়ভিদাদিবিদাং মুদাংধরণ্যাং।
নিজপিতৃকুল মাতৃবংশতত্তদ্
বিবহনপুণ্যযুজাং প্রমোদধন্যাং॥ ১২৯॥

দ্বিজেতি দ্বিজকলকলপোষবেদঘোষপ্রকরজমঙ্গলসঙ্গতিং ব্রাহ্মণানাং কলকলধ্বনিনা পুষ্টিং প্রাপ্তঃ যৎ বেদঘোষ প্রকরং তস্মাৎ জাতা যা মঙ্গল-সঙ্গতিঃ তাং ব্রজন্ত্যাং দিশি দিশি কবিসূতমাগধাদি-প্রকররবস্তববিস্তরঃ কব্যাদিসমূহানাং স্তববিস্তরং স্তুতিবাহুল্যং ভজন্ত্যাং গচ্ছন্ত্যাং পূর্ব্বেণা-ন্বয়ঃ॥ ১২৮॥

ভরতেতি ভরতবিবৃতগীতবাদ্যনৃত্যপ্রচয়ভিদাদি-বিদাং ভরতমুনিপ্রচারিতগীতবাদ্যনৃত্যসমূহভেদাদ্যভিজ্ঞানাং মুদাং হর্ষানাং ধরণ্যাং ধারণবত্যাং নিজপিতৃকুলমাতৃবংশতত্তদ্বিবহনপুণ্যযুজাং প্রমোদধন্যাং আহ্লাদাকর স্বরূপায়াং॥ ১২৯॥

রূপ সূর্য্যের কিরণে যে স্থলে আকাশ পর্য্যন্তও উদ্ভাসিত হইতেছে, এতাদৃশ পিতৃসভায় হরি গমন করিয়াছিলেন॥ ১২৭॥

সেই গোপরাজের সভাতে ব্রাহ্মণগণ কলকণ্ঠে বেদধ্বনি রূপ মঙ্গল অনুষ্ঠান করিতেছিলেন। চতুর্দ্দিকে কবি সূত মাগধগণ স্তব বিস্তার করিতেছিলেন॥ ১২৮॥

সেই সভা ভরতমুনি প্রকটিত গীতবাদ্য নৃত্য সমূহের ভেদ বিষয়ে

Digitized at BRCindia.com

বলসখিসহিতঃ স সর্ব্বচক্ষু
স্তুতিষু ববর্ষ সুধামিবাঙ্গকান্তিং।
জয় জয় জয়কারবারসারঃ
সমজনি যেন তদানশে জগচ্চ ॥ ১৩০ ॥

চতুর্ভিঃ ॥

অপিবরগুরবস্তমাশু দৃষ্ট্বা
নিজনিজপীঠবরাদুপেতবন্তঃ।
জলনিধিমিবরাগিতানদী তান্
প্রসভমমুং বহতীতিতচ্চযুক্তং ॥ ১৩১ ॥

---

বলসখীতি বলসখিসহিতঃ বলদেবমিত্রপরিবেষ্টিতঃ স শ্রীকৃষ্ণঃ সর্ব্বচক্ষুস্তুতিষু সর্ব্বলোকলোচনেষু সুধামিব অঙ্গকান্তিং অবয়বলাবণ্যং ববর্ষ তদা জয়জয়কারবারসারঃ জয়জয়ধ্বনিসমূহঃ সমজনি যেন জয়ধ্বনিনা জগৎ ব্যানশে ব্যাপ্ত মিতি ॥ ১৩০ ॥

অপিবরেতি বরগুরবঃ পিত্রাদয়ঃ তং শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা আশু ঝটিতি নিজ নিজপীঠবরাৎ নিজনিজসিংহাসনাৎ উপেতবন্তঃ উত্থায় মিলিতবন্তঃ। রাগিতানদী অনুরক্তিতরঙ্গিনী জলনিধিমিব সমুদ্রমিব অমুং শ্রীকৃষ্ণং প্রসভং বরগুরূন্ বলাৎ বহতি তচ্চ যুক্তমিতি ॥ ১৩১ ॥

---

অভিজ্ঞ সকলের হর্ষ প্রদায়িনী হইয়াছিল এবং নিজ পিতৃবংশ মাতৃবংশ ও সেই সেই বিবহন রূপ পুণ্য যোগের আকর স্বরূপা হইয়াছিল ॥ ১২৯ ॥

সেই শ্রীকৃষ্ণ বলরাম ও মিত্রবর্গে পরিবেষ্টিত হইয়া সকলের লোচনে সুধার ন্যায় অঙ্গকান্তি বর্ষণ করিয়াছিলেন। তখন যে জয় জয় ধ্বনি উত্থিত হইয়াছিল, তাহাতে সমস্ত জগৎ ব্যাপ্ত হইয়াছিল ॥ ১৩০ ॥

জনক প্রভৃতি গুরুবর্গ সেই শ্রীকৃষ্ণকে নিরীক্ষণ করিয়া নিজ নিজ সিংহাসন হইতে উত্থিত হইয়া তৎক্ষণাৎ তাঁহার সহিত মিলিত হইলেন।

Digitized at BRCindia.com

ক্রমমনু স গুরূন্ বরাননংসীদ্
যুগপদথ প্রণনাম কাংশ্চিদন্যান্।
সমগমদপরান্নতান্ ভুজাভ্যাং
করকমলেন তথাদৃশা পরাংস্তু॥ ১৩২॥
ব্রজমনুপরমাবরাদিভেদা
দবরতয়া যদপি স্ফুরন্তি লোকাঃ।
তদপি বিধিরজল্পদত্রমিত্রং
পদমিতি হার্দ্দমমুষ্য বক্তি সুষ্ঠু॥ ১৩৩॥

ক্রমেতি স শ্রীকৃষ্ণঃ ক্রমমনু ক্রমশঃ বরান্ গুরূন্ পিত্রাদীন্ অনংসীৎ প্রণনাম অথ যুগপৎ অন্যান্ কাংশ্চিৎ গুরূন্ যুগপৎ সমং প্রণনাম অপরান্ নতান্ নমস্কুর্ব্বতঃ ভুজাভ্যাং সমগমৎ তথা পরান্ অন্যান্ জনান্ করকমলেন হস্তপদ্মেন দৃশা চ নয়নচালনেন সমগমৎ ইতি॥ ১৩২॥

ব্রজেতি যদপি ব্রজমনু ব্রজে পরমাবরাদিভেদাৎ শ্রেষ্ঠাশ্রেষ্ঠাদিবৈচিত্র্যাৎ লোকাঃ জনাঃ অবরতয়া অশ্রেষ্ঠতয়া স্ফুরন্তি তদপি বিধিঃ ব্রহ্মা অত্র লোকবিষয়ে মিত্রং পদং অজল্পৎ অকথয়ৎ ইতি হেতোঃ অমুষ্য শ্রীকৃষ্ণস্য হার্দ্দং সুষ্ঠু বক্তি কথয়তি॥ ১৩৩॥

রাগিতা-রূপা নদী সেই বর গুরু সকলকে সমুদ্র তুল্য শ্রীকৃষ্ণে যে সংযোজিত করিয়াছিল, ইহা যুক্তি যুক্তই হইয়াছিল॥ ১৩১॥

সেই শ্রীকৃষ্ণ ক্রমে ক্রমে পিতৃ প্রভৃতি গুরুবর সকলকে প্রণাম করিয়াছিলেন, অনন্তর অন্যান্য পূজনীয় সকলকে এককালে প্রণাম করিয়াছিলেন। যে সকল ব্যক্তি তাঁহাকে প্রণাম করিয়াছিলেন, তাঁহাদিগকে তিনি ভুজযুগল দ্বারা আলিঙ্গন করিয়াছিলেন, অন্যান্য সকলকে হস্তপদ্ম দ্বারা ও নয়ন চালনা দ্বারা সম্মাননা করিয়াছিলেন॥ ১৩২॥

যদ্যপি ব্রজেতে লোক সকল পরম শ্রেষ্ঠ ও অশ্রেষ্ঠাদি রূপ বৈচিত্র্য হেতু লোক সকল অশ্রেষ্ঠতারূপেও স্ফুর্ত্তি প্রাপ্ত হইয়া থাকেন, তথাপি ব্রহ্মা এই

Digitized at BRCindia.com

হরিরসিতমণিপ্রবেকমূর্ত্তি
র্লসতি বলঃ পৃথুপূর্ত্তিহীরমূর্ত্তিঃ।
নিজনিধিরিতি পুণ্যজাতলব্ধঃ
স্বয়মিতি সক্রমমাকলি ব্রজেন ॥ ১৩৪ ॥
ব্রজনৃপতিরথস্ববাষ্পনীর
স্থগিতগলঃ ক্ষমতে স্ম নাপি বক্তুং।
তদপি হরিরবেত্য তস্য হৃদ্যং
স্মিতনয়নাম্বুবৃতামুবাচ বাচং ॥ ১৩৫ ॥

---

ইতীতি হরিঃ শ্রীকৃষ্ণঃ অসিতমণিপ্রবেকমূর্ত্তিঃ ইন্দ্রনীলসদৃশমূর্ত্তিঃ লসতি বলঃ বলদেবঃ পৃথুহীরমূর্ত্তিঃ প্রকৃষ্টহীরসদৃশমূর্ত্তি র্লসতি। নিজনিধিরিতি স্বয়ং পুণ্যজাতলব্ধঃ ইতি ব্রজে স সক্রমম্ আকলি দৃষ্টঃ ॥ ১৩৪ ॥

ব্রজেতি অথ স্ববাষ্পনীরস্থগিতগলঃ স্ববাষ্পনীরেণ স্থগিতঃ গলঃ বাক্‌-শক্তির্যস্য তথাভূতঃ ব্রজনৃপতিঃ গোপরাজঃ বক্তুং ন ক্ষমতে স্ম তদপি তস্য পিতুঃ হৃদ্যং হৃদ্গতভাবং অবেত্য জ্ঞাত্বা স্মিতনয়নাম্বুবৃতাং ঈষদ্ধাস্যসহিতনয়নবারি-যুক্তাং বাচং বাণীং উবাচ ইতি ॥ ১৩৫ ॥

---

ব্রজবাসি-লোক সকলের বিষয়ে মিত্রপদ উল্লেখ করিয়াছেন। সুতরাং সেই লোক সকলের প্রতি শ্রীকৃষ্ণের সৌহার্দ্দ প্রকাশ পাইতেছে ॥ ১৩৩ ॥

শ্রীকৃষ্ণ ইন্দ্রনীলমণির ন্যায় ও বলদেব প্রকৃষ্ট হীরকের ন্যায় শোভা পাইয়া থাকেন। ব্রজবাসিবৃন্দ উহাঁদিগকে পুণ্য সমূহে লব্ধ নিধির ন্যায় অবলোকন করিয়া থাকেন ॥ ১৩৪ ॥

শ্রীগোপরাজ বাষ্পনীরে স্থগিতকণ্ঠ হইয়া কোন কথা ব্যক্ত করিতে পারেন নাই। তথাপি হরি তাঁহার মনোগত অভিপ্রায় অবগত হইয়া ঈষৎ হাস্য করিতে করিতে সজল নয়নে বলিয়াছিলেন ॥ ১৩৫ ॥



Digitized at BRCindia.com

অয়ি পিতৃচরণা নচাস্তি কিঞ্চিৎ
ব্রজবিপিনে ভয়দং পুরাবদত্র।
স্বয়মপি ধবলা বনাদুপেয়ু
স্তদপি বয়ং খলু খেলিতুং ব্রজামঃ॥ ১৩৬॥
তমবদদুপনন্দমুখ্যবৃন্দং
ব্রজসদসামসবঃ পিতা তবায়ং।
ত্বমসি তদসবস্তদত্র বাচ্যং
কিমিব ভবেন্নিখিলং ত্বমেব বেৎসি॥ ১৩৭॥

---

অয়ীতি অয়ি পিতৃচরণাঃ পুরাবৎ পূর্ব্ববৎ অত্র ব্রজবিপিনে ব্রজবনে কিঞ্চিৎ ভয়দং ভয়কারণং ন অস্তি ধবলা ধেনবঃ স্বয়ং বনাৎ উপেয়ুঃ সমাগচ্ছন্তি তথাপি বয়ং খেলিতুং ক্রীড়িতুং বনে ব্রজাম ইতি॥ ১৩৬ ?

তমবেতি উপনন্দমুখ্যবৃন্দং উপনন্দপ্রভৃতয়ঃ তং শ্রীকৃষ্ণং অবদৎ যথা, হে কৃষ্ণ! অয়ং তব পিতা ব্রজসদসাং ব্রজবাসিনাং অসবঃ প্রাণাঃ ত্বং তদসবঃ তস্য তব পিতুঃ অসবঃ প্রাণাঃ তস্মাৎ অত্রবিষয়ে কিমিব বাচ্যং ভবেৎ কথনীয়ং ভবেৎ। ত্বং নিখিলং সমস্তমেব বেৎসি জানাসি ইতি॥১৩৭॥

---

হে পিতৃচরণ! পূর্ব্বের ন্যায় এই ব্রজকাননে এক্ষণে কোনরূপ ভয়ের কারণ নাই। যদিও ধেনুসকল স্বয়ংই বন হইতে প্রত্যাবৃত্ত হইয়া থাকে, তথাপি আমরা খেলা করিবার জন্যই বনে গমন করিতেছি॥ ১৩৬॥

তখন উপনন্দ প্রভৃতি মুখ্য মুখ্য ব্যক্তি সকল বলিলেন, হে কৃষ্ণ! আপনার পিতাই এইব্রজবাসি সকলের প্রাণ, আর আপনি আপনার পিতার প্রাণ, সুতরাং এ বিষয়ে অধিক কি বর্ণনা করিব? কারণ আপনি সকলই অবগত আছেন॥ ১৩৭॥

Digitized at BRCindia.com

ব্রজপতিরথ যাচকান্ সমীক্ষ্য
স্বসুতসুখায় পুনর্দদে বহূনি ।
ব্রজপতিসুতমপ্যমীয়দাশী-
স্ততিমদদুর্ন স তত্র সাম্যমাপ ॥ ১৩৮ ॥
অথ বনগতয়েঽঞ্জলিং দধানে
মুরজিতি তদ্গতিতর্ষমূহমানা ।
শ্রুতিভণিতশুভান্ দ্বিজানমূপ্রাগ্
গতি তমমী ধবলাস্তিকায় নিন্যুঃ ॥ ১৩৯ ॥

---

ব্রজপতিঃ শ্রীমান্ গোপরাজঃ যাচকান্ সমীক্ষ্য স্বসুতসুখায় নিজতনয়সুখায় বহূনি ধনানি পুনর্দদে দত্তবান্ । তে যাচকাঃ ব্রজপতিসুতমপি অমীয়দাশীস্ততিং অপরিমিতাশীর্ব্বাদরাশিং অদদুঃ তথাপি স শ্রীকৃষ্ণঃ আশীর্ব্বাদবিষয়ে সাম্যং পরিচ্ছেদং ন প্রাপ ইতি ॥ ১৩৮ ॥

অথ বনেতি অথ বনগতয়ে বনগমনার্থং মুরজিতি শ্রীকৃষ্ণে অঞ্জলিং দধানে সতি তদ্গতিতর্ষং বনগমনৌৎসুক্যং উহমানা অর্থাৎ অবগতা শ্রুতিভণিতশুভান্ বেদধ্বনিরূপমঙ্গলানুষ্ঠায়িনঃ দ্বিজান্ ব্রাহ্মণান্ অমূপ্রাগ্গতি অমী গোপমুখ্যা তং শ্রীকৃষ্ণং ধবলাস্তিকায় ধেনুসমীপায় নিন্যুঃ ইতি ॥ ১৩৯ ॥

---

অনন্তর গোপরাজ যাচক সকলকে নিরীক্ষণ করিয়া নিজ পুত্রের সুখ নিমিত্ত বহুধন বিতরণ করিয়াছিলেন। তখন সেই যাচক সকল ব্রজেন্দ্রনন্দনকে লক্ষ্য করিয়া অপরিমিত আশীর্ব্বাদ বর্ষণ করিয়াছিলেন, তথাপি সেই ব্রজেন্দ্রনন্দন আশীর্ব্বাদ বিষয়ে পরিচ্ছিন্নতা প্রাপ্ত হয়েন নাই ॥ ১৩৮ ॥

মুরারি বন গমন করিবার নিমিত্ত অঞ্জলি বন্ধন করিলে সকলেই তাঁহার বনগমন বিষয়ে ঔৎসুক্য অবগত হইলেন। তখন বেদঘোষী ব্রাহ্মণ সকলকে অগ্রে করিয়া গোপমুখ্য সকল সেই শ্রীকৃষ্ণকে ধেনুগণ সমীপে উপনীত করিয়াছিলেন ॥ ১৩৯ ॥

Digitized at BRCindia.com

স্বয়মসবিধতঃ সমীক্ষ্য গাবঃ
নযযুরমী প্রযযুস্তু কৃষ্ণমুখ্যাঃ।
রভসবশমমূরমূংস্তু বীক্ষ্য।
ত্মজসদৃশান্ সমং সমং প্রণেদুঃ॥ ১৪০॥
অথ জিহি জিহি কারতঃ সমস্তা
বিদধুরমী ধবলা বনায় সুন্নাঃ।
হরিসুরভিমমূস্তু বিন্দমানা
হরিমনুগম্য মুহুর্নির্বৃত্তিমাপুঃ॥ ১৪১॥

---

স্বয়মিতিঃ গাবঃ ধেনবঃ অসবিধতঃ দূরতঃ সমীক্ষ্য দৃষ্ট্বা স্বয়ং ন যযুঃ অমী কৃষ্ণমুখ্যাস্তু কৃষ্ণপ্রভৃতয়স্তু প্রযযুঃ গতবন্তঃ। অমূঃ গাবস্তু আত্মজসদশান্ পুত্রতুল্যান্ অমূন্ কৃষ্ণমুখ্যান্ বীক্ষ্য সমং প্রণেদুঃ ইতি॥ ১৪০॥

অথজিহীতি অথ জিহি জিহিকারতঃ "জিহিজিহিরিতি মথুরাদেশে গোচালন-শব্দঃ" অমী কৃষ্ণাদয়ঃ সমস্তা ধবলা ধেনূঃ বনায় সুন্নাঃ চালিতা বিদধুঃ কৃতবন্তঃ। অমূঃ ধেনবস্তু হরিসুরভিং কৃষ্ণগাত্রসৌরভ্যং বিন্দমানা লভমানা সত্যঃ হরিমনুসৃত্য হরিমনুগম্য মুহুঃ বারম্বারং নিবৃত্তিম্ আপুঃ প্রাপ্তবত্য ইতি॥ ১৪১॥

---

ধেনু সকল দূর হইতে তাঁহাদিকে নিরীক্ষণ করিয়া গমন করিল না, কিন্তু কৃষ্ণ প্রভৃতি গোপসকলই অগ্রসর হইয়াছিলেন। সেই ধেনুসকল পুত্র সদৃশ তাঁহাদিগকে নিরীক্ষণ করিয়া যুগপৎ হাম্বারব করিয়া উঠিল॥ ১৪০॥

অনন্তর কৃষ্ণ প্রভৃতি গোপসকল সমস্ত ধেনুকে বনোদ্দেশে চালিত করিয়াছিলেন। সেই ধেনু সকল শ্রীকৃষ্ণের গাত্রসৌরভ্য অনুভব করিতে করিতে তাঁহার অনুগমন পূর্ব্বক পরম সুখলাভ করিয়াছিল॥ ১৪১॥

Digitized at BRCindia.com

তদপি গুরুগণে স্থিতে হরিস্তু
বিগতমনঃস্থিতিসূচনাং চকার।
হরিমতিমববুধ্য বাষ্পকণ্ঠঃ
স চ কথমপ্যপসর্য্যণং বভাজ ॥ ১৪২ ॥
বচনবদনমার্জ্জনানুশিক্ষা
দ্যনুগতিমুজ্জহদপ্যমুষ্য তাতঃ।
অমুমনুনয়নানুবৃত্তিচর্য্যাং
নতুশিথিলামিব কর্ত্তুমীশিতাসীৎ ॥ ১৪৩ ॥

তদপীতি তদপি তথাপি গুরুগণে পিত্রাদৌ স্থিতে হরিস্তু শ্রীকৃষ্ণস্তু বিগতমনঃস্থিতিস্থচনাং মনঃস্থৈর্য্যহানিস্থচনং চকার। তদা হরিমতিং শ্রীকৃষ্ণস্য অভিপ্রায়ং অববুধ্য জ্ঞাত্বা স গুরুগণঃ বাষ্পকণ্ঠঃ সন্ কথমপি কষ্টেন অপসর্পনং প্রত্যাবর্ত্তনংবভাজ কৃতবানিতি ॥ ১৪২ ॥

বচনেতি বচনবদনমার্জ্জনানুশিক্ষাদ্যনুগতিং মধুরবাক্যমুখমার্জনোপদেশস্বরূপানুগত্যং উজ্জহৎ পরিত্যজন্ অমুষ্য শ্রীকৃষ্ণস্য তাতঃ শ্রীমান্ নন্দঃ অমুং শ্রীকৃষ্ণম্ অনু নয়নানুবৃত্তিচর্য্যাং দৃষ্টিপাতরূপপরিচর্য্যাং শিথিলামিব কর্ত্তুং ঈশিতা নতু আসীৎ ইতি ॥ ১৪৩ ॥

গুরুবর্গ অবস্থিত হইলে তিনি মনশ্চঞ্চলতা সূচিত করিয়াছিলেন। ... গুরুবর্গ শ্রীকৃষ্ণের অভিপ্রায় অবগত হইয়া বাষ্পকণ্ঠে অতিকষ্টে ...ন করিতে চেষ্টা করিয়াছিলেন ॥ ১৪২ ॥

...তা মধুরবচন মুখমার্জ্জনা ও উপদেশ প্রভৃতি আনুগত্য পরিত্যাগ ...হার প্রতি দৃকপাতরূপ পরিচর্য্যা শিথিল করিতে সমর্থ হয়েন

Digitized at BRCindia.com

কথমপি বিনিবৃত্য সদ্ম যাতি
ব্রজধরণীশিতরি ব্রজে চ কৃৎস্নে।
হরিমনু বিনিবৃত্তা দৃষ্টিরস্য
ন বিঘটিতুং ঘটতে স্ম তস্য তস্য॥ ১৪৪॥
মুরজিদথ বিশন্ বনান্তরালং
গুরুকুলসন্নতিকৃদ্বিদূরতোহপি।
গুরুভিরতিতরাং তদা সদাশী
স্তুতিভিরপুষ্যত তুষ্যদক্ষিলক্ষ্মী॥ ১৪৫॥

কথমপীতি ব্রজধরণীশিতরি শ্রীনন্দে কৃৎস্নে সমগ্রে ব্রজে ব্রজবাসিলোকে কথমপি কষ্টেন সদ্ম গৃহান্ যাতি গচ্ছতি সতি তস্য ব্রজধরণীশিতুঃ তস্য ব্রজস্য চ দৃষ্টিঃ হরিমনু শ্রীকৃষ্ণং প্রতিং বিঘটিতুং ন ঘটতে স্ম ইতি। ১৪৪।
মুরজিদিতি অথ মুরজিৎ শ্রীকৃষ্ণঃ বনান্তরালং কাননাভ্যন্তরং বিশন্ প্রবিশন্ বিদূরতোহপি দূরদেশতোহপি গুরুকুলসন্নতিকৃৎ গুরুসমূহানাং সম্বন্ধে প্রণামকৃৎ বভূব তদা গুরুভিঃ পিত্রাদিভিঃ কর্তৃভিঃ আশীস্তুতিভিঃ আশীর্ব্বাদশ্রেণীভিঃ পিত্রাদিভ্যি তুষ্যন্তী অক্ষিলক্ষ্মী নয়নলক্ষ্মী যস্য ক্রিয়ায়াং সদা অপুষ্যত ইতি। ১৪৫।

ব্রজধরণীপতি শ্রীমান্ নন্দ ও সমগ্র ব্রজবাসী অতি কষ্টে গৃহাভিমুখে প্রত্যাবর্ত্তন করিতে থাকিলেও সেই শ্রীকৃষ্ণের প্রতি তাঁহাদের দৃষ্টি বিচ্ছিন্ন হয় নাই, অর্থাৎ মধ্যে মধ্যে গ্রীবা বক্র করিয়া তাঁহাকে অবলোকন করিতেছিলেন। ১৪৪।

মুরারি বন প্রবেশ কালে দূর হইতেও গুরুবর্গকে প্রণাম করিয়াছিলেন। গুরুবর্গ তখন সন্তোষনয়নে তাঁহার প্রতি আশীর্ব্বাদরাশি বর্ষণ করিয়া পোষণ করিয়াছিলেন। ১৪৫।

Digitized at BRCindia.com

অথ হরিরটবীমটন্‌সুহৃদ্ভিঃ
সহজবরেণ চ গাঃ স্থিরীবিভাব্য।
অভিরুচিতপথপ্রয়াণযুক্তা
সমবলয়ন্মৃদুগানরীতি হূতি ॥ ১৪৬ ॥
অথবনমগমদ্বলাদিসঙ্গং
পরমসুখপ্রদমেষ মন্যমানঃ।
বিবিধতরু লতাসু কোকিলাদি
দ্বিজমৃগসঙ্গতিমাবিশৎ পরস্তু ॥ ১৪৭ ॥

---

অথেতি হরিঃ সুহৃদ্ভিঃ মিত্রবর্গেণ সহজবরেণ বলদেবেন চ সহ অটবীং কাননং অটন্ বিচরন্ গাঃ স্থিরীবিভাব্য স্থিরীকৃত্য অভিরুচিতপথপ্রয়াণযুক্তা অভীষ্টমার্গগমনোৎসুকা সৃত্বা মৃদুগানরীতিহূতি অর্থাৎ বংশীগানেন আহূয় সমবলয়ৎ সমচালয়ৎ ইতি ॥ ১৪৬ ॥

অথবনেতি এষ শ্রীকৃষ্ণঃ বলাদিসঙ্গং বলরামশ্রীদামাদিসঙ্গং পরমসুখপ্রদং পরমাহ্লাদদায়কং মন্যমানঃ গণয়ন্ বনম্ অগমৎ পরন্তু বিবিধতরুলতাসু নানা-জাতীয়বৃক্ষলতাসু কোকিলাদিদ্বিজকুলজসঙ্গতিং কোকিলপ্রভৃতিপক্ষিমৃগসংসর্গং আবিশৎ ইতি ॥ ১৪৭ ॥

---

অনন্তর শ্রীকৃষ্ণ সুহৃদ্বর্গ ও অগ্রজ বলদেবের সহিত কাননে বিচরণ করিতে করিতে গো সকলকে স্থির করিয়াছিলেন। পরে অভীষ্ট পথে গমনোৎসুক হইয়া বংশীর মৃদুগানে সেই ধেনুসকলকে চালিত করিয়াছিলেন॥ ১৪৬॥

এই শ্রীকৃষ্ণ—বলরাম, শ্রীদাম প্রভৃতির সঙ্গ পরমসুখপ্রদ জ্ঞান করিয়া বনে গমন করিয়াছেন। পরে নানাজাতীয় বৃক্ষ লতাদির মধ্যে কোকিল প্রভৃতি পক্ষী ও মৃগ সকলের সংসর্গ প্রাপ্ত হইয়াছিলেন॥ ১৪৭॥

Digitized at BRCindia.com

মধুপপিকশিখিপ্রধানপক্ষি
প্লবগরুরুপ্রিয়কাদিজন্তুভেদান্।
ধ্বনিতনটকলাভিরন্বকুর্ব্ব
ন্নজিতবলাদিমুদামুদারবাল্যাঃ ॥ ১৪৮ ॥
ইতি বহুবিধখেলয়া মুকুন্দং
সুখয়তি বান্ধববৃন্দমেতমেব।
নিজনিজবিবিধস্বভাবতশ্চ
প্রমদয়তি প্রতিদিষ্টমিষ্টমিষ্টং ॥ ১৪৯ ॥

---

মধুপপিকেতি অজিতবলাদিমুদাং শ্রীকৃষ্ণবলরামপ্রভৃতীনাং সুখায় উদারবাল্যাঃ উদারং বাল্যং যেষাংতে গোপশিশবঃ ধ্বনিতনটকলাভিঃ প্রতিধ্বনিনৃত্যক্রিয়াভিঃ প্লবগরুরুপ্রিয়কাদিজন্তুভেদান্ ভেকরুরুনামকপ্রিয়কনামকাদিজন্তুসমূহান্ অন্বকুর্ব্বন্ অনুকৃতবন্তঃ ইতি ॥ ১৪৮ ॥

ইতীতি ইতি এবম্প্রকারেণ বান্ধববৃন্দং মিত্রবর্গঃ বহুবিধখেলয়া নানারূপবিক্রীড়নেন মুকুন্দমেব সুখয়তি আহ্লাদয়তি নিজনিজবিবিধস্বভাবতশ্চ স্বস্ববিচিত্রচরিত্রতশ্চ প্রতিদিষ্টং সর্ব্বদা ইষ্টমিষ্টং এতং মুকুন্দমেব প্রমদয়তি ॥ ১৪৯ ॥

---

শ্রীকৃষ্ণ, বলরাম ও শ্রীদাম প্রভৃতিকে সুখ প্রদান করিবার নিমিত্ত উদারবালক সকল প্রতিধ্বনি ও নৃত্য করিয়াছিলেন এবং মধুপপিক ময়ূর প্রভৃতি পক্ষি ও ভেক রুরু ও প্রিয়ক প্রভৃতি মৃগ সকলের অনুকরণ করিয়াছিলেন ॥ ১৪৮ ॥

এইরূপে নানাজাতীয় খেলা করিয়া মিত্রবর্গ শ্রীকৃষ্ণকে প্রীত করিয়া থাকেন। তাঁহারা নিজ নিজ বিচিত্র স্বভাব দ্বারাও সর্ব্বদা তাঁহাকে প্রমোদিত করিয়া থাকেন ॥ ১৪৯ ॥

Digitized at BRCindia.com

pages 193 to 200
missing!
to be found some-
where else and to
be copied (xerox) here,

BRC
by order

15/12/2014

Digitized at BRCindia.com

স্থিরতরবরবুদ্ধয়ঃ সখায়ঃ
সচিবচরিত্রতয়া হরিং ভজন্তি।
চপলমতিমিলদ্বিদূষকার্হং
প্রহসনকাব্যগিরঃ প্রহাসযন্তি॥ ১৫০
অতুলকুলজশীলমীলদুগ্র
প্রকৃতিগীর্মৃদুলাঃ সদার্দ্রয়ন্তি।
গিরিগিরিচ বিতণ্ডয়াতিচণ্ড
প্রভরচনপ্রভবো বিচিত্রয়ন্তি॥ ১৫১॥

---

স্থিরতরেতি স্থিরতরবরবুদ্ধয়ঃ সখায়ঃ সহচরাঃ সচিবচরিত্রতয়া হরিং শ্রীকৃষ্ণং ভজন্তি সেবন্তে। কদাচিৎ চপলমতিমিলদ্বিদূষকার্হং চঞ্চলবুদ্ধিসংযুক্ত বিদূষকযোগ্যং যথাস্যাৎ তথা প্রহসনকাব্যগিরঃ হাস্যরসময়বাক্প্রযোক্তারঃ সন্তং শ্রীকৃষ্ণং প্রহাসয়ন্তি চ ইতি॥ ১৫০॥

অতুলেতি অতুলকুলজশীলমীলদুগ্রপ্রকৃতিগীর্মৃদুলাঃ নিরুপমবংশজাত চরিত্রশান্তকঠোরস্বভাববাণীকোমলাঃ সন্তঃ আর্দ্রয়ন্তি সখায় ইতি শেষঃ॥ গিরি গিরিচ প্রতিবাক্যং বিতণ্ডয়া "স্বপক্ষস্থাপনাহীনোবিতণ্ডা" অতিচণ্ড-প্রভরচনপ্রভবঃ অতিদুরূহতর্কজালরচনসমর্থাঃ সন্তঃ বিচিত্রয়ন্তি, তে শ্রীকৃষ্ণ-মিতি শেষঃ॥ ১৫১॥

---

দৃঢ়তরবুদ্ধি সহচরবর্গ কোন সময়ে মন্ত্রীর ন্যায় ব্যবহার করিয়া তাঁহার ভজনা করিয়া থাকেন। কোন সময়ে বা চঞ্চলমতি বিদূষকের ন্যায় হাস্যরসময় কবিতা উচ্চারণ করিয়া সেই শ্রীকৃষ্ণকে হাস্য করাইয়া থাকেন॥ ১৫০॥

সেই সহচরবর্গ সৎকুলসুলভ মধুর বাক্যময় কোমল চিত্ত দ্বারা সেই শ্রীকৃষ্ণকে সর্ব্বদা আর্দ্র করিয়া থাকেন। কখন বা কথায় কথায় বিতণ্ডা দ্বারা দুরূহ তর্কজাল বিস্তার করিয়া তাঁহাদিগকে আশ্চর্য্যান্বিত করিয়া থাকেন॥১৫১



Digitized at BRCindia.com

ইতি নিখিলগণা বিচিত্রতত্তদ্
গুণগুণিতপ্রণয়প্রকর্ষচিত্তাঃ।
বহুবিধবিধয়ঃ পরে পরে তে
সুখদমমুং সততং সুখায়য়ন্তি ॥ ১৫২ ॥
ক্বচিদপি দিবসে সমিত্য গোব-
র্দ্ধনমিহ মানসসংজ্ঞিতাঞ্চ গঙ্গাং।
রবিদুহিতরমত্র চাহ্নি লীলাঃ
স্থলজলগা বিদধে ত্বদীয়কান্তঃ ॥ ১৫৩ ॥
ক্বচন চ সখিভিঃ সমেতি ভাণ্ডী
রকমধিযোজনমস্তি যঃ প্রসজ্য।

---

ইতি নিখিলেতি ইতি বিচিত্র তত্তদ্গুণগুণিতপ্রণয়প্রকর্ষচিত্তাঃ নিখিলগণাঃ সমগ্রাস্তৎসহচরাঃ বহুবিধবিধয়ঃ তে পরে পরে চ সখায়ঃ সুখদং অমুং শ্রীকৃষ্ণং সুখায়য়ন্তি সুখযুক্তং কুর্ব্বন্তি ইতি ॥ ১৫২ ॥

ক্বচিদপীতি হে রাধে! ত্বদীয়কান্তঃ তব কান্তঃ কচিদ্ অপি দিবসে গোবর্দ্ধনং পর্ব্বতং মানসসংজ্ঞিতাং গঙ্গাং চ রবিদুহিতরং যমুনাঞ্চ সমিত্য স্থলজলগা লীলাঃ বিদধে কৃতবানিতি রাধিকাং প্রতি বর্ষবরোক্তিঃ ॥ ৫৩ ॥

ক্বচনচেতি ক্বচন সখিভিঃ সহ ভাণ্ডীরকং বটং সমেতি সমাগচ্ছতি যঃ ভাণ্ডী-

---

এইরূপে শ্রীকৃষ্ণের সমস্তগণ সেই সেই বিচিত্র গুণযুক্ত প্রণয়প্রকর্ষচিত্তে সুখদ সেই শ্রীকৃষ্ণের সুখোৎপাদন করিয়া থাকেন এবং অন্যান্য সহচর সকলও নানারূপ ক্রিয়ানুষ্ঠানে সর্ব্বদা তাঁহাকে সুখী করিয়া থাকেন ॥ ১৫২ ॥

বর্ষবর বলিলেন হে রাধে! আপনার কান্ত কোন দিন গোবর্দ্ধন ও মানস গঙ্গায় গমন করিয়া থাকেন। কোনদিন সূর্য্যকন্যা যমুনায় গমন করিয়া দিনমানে জলস্থলে লীলা বিস্তার করিয়া থাকেন ॥ ১৫৩ ॥

কোন সময়ে সেই শ্রীকৃষ্ণ ভাণ্ডীরক বটে গমন করিয়া থাকেন। যে

Digitized at BRCindia.com

স্থলবনযমুনাদি কেলিমস্মিন্
বিবিধবিধং বিদধাতি কৃষ্ণচন্দ্রঃ ॥ ১৫৪ ॥
অয়ি তব দয়িতঃ কলেন বেণো
শ্চলয়তি দেবগণাংস্তথা পতঙ্গান্।
ইদমপি ঘটতাং পরন্তু চিত্রং
সহি ধুনুতে নিরসূনচেতনাংশ্চ ॥ ১৫৫ ॥
হ্বয়তি চ ধবলাজনায় যর্হি
ত্বদধিপতি র্মধুরেণ শব্দিতেন।
জলমপি কঙ্ককায়মাণমাসাং
মৃদুমৃদু চ বর্ণয়া রসং বিভর্ত্তি ॥ ১৫৬ ॥

রনামা বটঃ অধিযোজনং প্রসজ্য ব্যাপ্য অস্তি। অস্মিন্ কৃষ্ণচন্দ্রঃ স্থলবন যমুনাদিকেলিং বিবিধবিধং নানাপ্রকারং বিদধাতি করোতি ইতি ॥ ১৫৪ ॥

অয়ি তবেতি অয়ি শ্রীরাধে! তব দয়িতঃ কান্তঃ বেণোঃ কলেন দেবগণান্ তথা পতঙ্গান্ প্রাণিবিশেষান্ চলয়তি। ইদমপি ঘটতাং সম্ভবেৎ পরন্তুচিত্রং আশ্চর্য্যং হি যতঃ স তব দয়িতঃ নিরসূন্ নিষ্প্রাণান্ অচেতনান্ জড়াংশ্চ ধুনুতে বিপর্য্যয়ং নয়তি ইতি ॥ ১৫৫ ॥

হ্বয়তীতি হে রাধে। যর্হি যদা ত্বদধিপতিঃ তব কান্তঃ মধুরেণঃশব্দিতেন

ভাণ্ডীরক বট এক যোজন পর্য্যন্ত বিস্তীর্ণ হইয়া রহিয়াছে। কৃষ্ণচন্দ্র তথায় স্থলে বনে ও যমুনাদিতে ক্রীড়া করিয়া থাকেন ॥ ১৫৪ ॥

অয়ি শ্রীরাধে! আপনার কান্ত বেণুস্বরে দেবগণও পতঙ্গ সকলকে চালিত করিয়া থাকেন। ইহা কথঞ্চিৎ ঘটিতে পারে, কিন্তু অন্য এক আশ্চর্য্য শ্রবণ করুন। কারণ আপনার কান্ত নিষ্প্রাণ অচেতন সকলকেও বেণুস্বরে বিপর্য্যয় গ্রস্ত করিয়া থাকেন ॥ ১৫৫ ॥

হে রাধে! আপনার কান্ত যে সময়ে মধুর শব্দ দ্বারা ধবলা সমূহকে আহ্বান

Digitized at BRCindia.com

নিরুদকগিরিসানুগাঃ কদাচিদ্
বহুধবলাঃ শবলা স্তৃষা নিরীক্ষ্য।
ধ্বনয়তি মুরলীং পতিস্তবাস্মাদ্
ধরণিধরদ্রবতাহি তাঃ পিপর্ত্তি ॥ ১৫৭ ॥
কলয়তি যমুনাদিসংজ্ঞয়া তাঃ
শুষিরকলাশ্রিতয়া স এষ ধেনূঃ।
ইহ নিজনিজনামবুদ্ধিনদ্যঃ
কিময়ুরমুং কিমু বা কলান্তকৃষ্টি ॥ ১৫৮ ॥

---

ধ্বাননা ধবলাঙ্গনায় ধেনুসমূহান্ হ্বয়তি তদা জলমপি করকায়মাণং শিলাবৎ আসাং ধবলানাং মৃদু মৃদু চর্ব্বনয়া রসং বিভর্ত্তি জনযতীতি ॥ ১৫৬ ॥

নিরুদকেতি নিরুদকগিরিসানুগাঃ নির্জ্জলপর্ব্বতপ্রস্থগাঃ বহুশবলাঃ বহুধেনূঃ তৃষা শবলাঃ সংযুক্তা নিরীক্ষ্য তব পতিঃ মুরলীং ধ্বনয়তি। অস্মাৎ মুরলীধ্বনেঃ ধরণীধরদ্রবতা পর্ব্বতদ্রবতা তা পিপর্ত্তি তৃপ্তিযুক্তাঃ করোতি ইতি ॥ ১৫৭ ॥

কলয়তীতি হে রাধে! স এষ তব কান্তঃ শুষিরকলাশ্রিতয়া বংশীস্বর সংযুক্তয়া যমুনাদি সংজ্ঞয়া যমুনাগঙ্গেত্যাদ্যাখ্যয়া তা ধেনূঃ কলয়তি হ্বয়তি ইহ নিজনিজনামবুদ্ধিনদ্যঃ নিজনিজনামজ্ঞানবত্যঃ কিং কিমুবা কলান্তকৃষ্টি বংশীস্বরাকর্ষণাৎ অমুং শ্রীকৃষ্ণং অয়ুঃ অগমন্ ইতি ॥ ১৫৮ ॥

---

করিয়া থাকেন, সেই সময়ে জলও করকার ন্যায় হইয়া এই ধবলা সকলের মৃদু মৃদু চর্ব্বণে রস পোষণ করিয়া থাকে ॥ ১৫৬ ॥

হে রাধে! কোন সময়ে আপনার কান্ত,ধবলাসকল তৃষ্ণাতুর হইয়াছে, ইহা নিরীক্ষণ করিয়া মুরলীধ্বনি করিয়া থাকেন। সেই মুরলীরবে পর্ব্বত গাত্র দ্রবীভূত হইয়া ধবলা সকলকে পরিতৃপ্ত করিয়া থাকে ॥ ১৫৭ ॥

হে শ্রীরাধে! আপনার সেই কান্ত বংশীস্বরে যমুনা গঙ্গা কাবেরী প্রভৃতি নামে ধেনুসকলকে আহ্বান করিয়া থাকেন। সেই নদী সকল নিজ নিজ নাম-

Digitized at BRCindia.com

শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ
"শ্রীপাটপ্রাগ"
১৫৪।২, আপথ সিঁথি রোড, কলিকাতা-২



ক্বচনচ দিবসে নিদাঘমাধ্যা-
হ্নিকসময়ে বিগতাবৃতিপ্রদেশে।
দধদথ মুরলীকলং পয়োদাং
শ্চ্যুতসলিলান্ বিদধাতি গোষু গোষু ॥ ১৫৯ ॥
ক্বচনচ দিবসে সসার্দ্রচিত্তঃ
কলয়তি বেণুকলং তথা যথাসু!
দ্রবতি গিরিগণে পদাঙ্কমুদ্রা
জহতি শিলা ন কদাপি তত্র তেষাং ॥ ১৬০ ॥

---

ক্বচনচেতি ক্বচনচ দিবসে নিদাঘমাধ্যাহ্নিকসময়ে নিদাঘর্ত্তৌ মধ্যাহ্ন-সময়ে বিগতাবৃতিপ্রদেশে আবরণশূন্যপ্রদেশে মুরলীকলং দধৎ কুর্ব্বন্ গোষু-গোষু পয়োদান্ মেঘান্ চ্যুতসলিলান্ ধারাসহিতান্ বিদধাতি করোতীতি ॥১৫৯॥

ক্বচেতি ক্বচন দিবসে স তব কান্তঃ সার্দ্রচিত্তঃ করুণার্দ্রমানসঃ সন্ তথা বেণু-কলং কলয়তি বেণুং বাদয়তীত্যর্থঃ যথা গিরিগণে পর্ব্বতসমূহে দ্রবতি সতি শিলা অশ্মানঃ তেষাং শ্রীকৃষ্ণাদীনাং পদাঙ্কমুদ্রা চরণচিহ্নানি ন জহতি মুঞ্চন্তীতি ॥ ১৬০ ॥

---

শ্রবণে অথবা বংশীধনি প্রভাবে তথায় উপস্থিত হইয়া থাকেন, ইহা বলিতে পারা যায় না ॥ ১৫৮ ॥

কোন কোন দিন গ্রীষ্মকালে মধ্যাহ্ন সময়ে আবরণহীন প্রদেশে গোসকল কাতর হইলে আপনার সেই কান্ত মুরলী বাদন করিলে মেঘ উদিত হইয়া গো সকলের প্রতি বারিবর্ষণ করিয়া থাকে ॥ ১৫৯ ॥

হে রাধে! আপনার কান্ত আপনার প্রতি করুণার্দ্র হইয়া এইরূপে বেণু বাদন করেন যে সেই বেণুরবে পর্ব্বতও গলিত গাত্র হইলে শিলা সকল কদাচ তাঁহাদের পদচিহ্ন পরিত্যাগ করিতে পারেনা ॥ ১৬০ ॥

Digitized at BRCindia.com

রচয়তি মুরলীং কদাপি নাবং
সরিতি পশূন্ পশুপাংশ্চ তারয়ন্ সঃ ।
মধুরকলতয়া যদাতু তস্যা
ঘটয়তি তাং কঠিনাং কুতুহলেন ॥ ১৬১ ॥
ক্বচিদপি কবয়ঃ শিলাদ্রবাদ্যং
বত কবয়ন্তি কবিপ্রচারবৃত্যা ।
দধতি সরসতাঞ্চ তত্র বিজ্ঞা
হরিমনু তত্তু নিজং কিমত্র বর্ণ্যং ॥ ১৬২ ॥

রচয়তীতি স শ্রীকৃষ্ণঃ সরিতি নদ্যাং পশূন্ পশুপান্ গোপাংশ্চ তারয়ন্ কদাপি মুরলীং নাবং নৌকাং রচয়তি যদাতু তস্যামুরল্যাঃ কুতুহলেন কৌতুকেন তাং সরিতং কঠিনাং ঘটয়তি করোতি ইতি ॥ ১৬১ ॥

ক্বচিদপীতি কবয়ঃ কবিপ্রচারবৃত্ত্যা কবিজনোচিতব্যবহারেণ নতু বস্তুতঃ শিলাদ্রবাদ্যং প্রস্তরদ্রবভেদনাদি কবয়ন্তি বর্ণয়ন্তি যথা উর্ব্বশীবিয়োগে পুরূরবসঃ ক্রন্দনাদৌ, তত্র শিলাদ্রবাদ্যবর্ণনশ্রবণে বিজ্ঞা সরসতাং ভাবুকতাং দধতি হরিমনু তত্তু নিজং শিলাদ্রবাদ্যং কিম্ অত্র বর্ণ্যং যথার্থতঃ শিলাভেদশ্রবণে বিজ্ঞানাং কিং স্যাৎ কথং তৎ বর্ণনীয়মিতিভাবঃ ॥ ১৬২ ॥

রাধে! সেই শ্রীকৃষ্ণ কোন সময়ে পশুসকল ও পশুপাল সকলকে নদীপার করিতে হইল মুরলীকেই নৌকা স্বরূপ করিয়া থাকেন। যে সময়ে তিনি কৌতুহল বশতঃ মুরলীর মধুর স্বরে নদীকে কঠিন করিয়া থাকেন ॥ ১৬১ ॥

কবি সকল কোন সময়ে কবিজনোচিত প্রৌঢ়িবশতঃ শিলাদ্রবাদি বর্ণন করিলে উহা শ্রবণ করিয়া ভাবুক সকল ভাবযুক্ত হইয়া থাকেন। কিন্তু এই স্থলে যথার্থই বংশীস্বরে শিলা দ্রব হইয়া থাকে। ভাবুক সকলই এই যথার্থ ঘটনা শ্রবণ করিয়া কিরূপ ভাবযুক্ত হইবেন, ইহা কেমন করিয়া বর্ণন করিব ? ॥ ১৬২ ॥

Digitized at BRCindia.com

সখিবৃষমহিষান্ মুদা যুধা তান্
বলয়তি সম্বলতে চ তত্র।
ক্কচ বিজয়পরাজয়াবভীক্ষ্য
প্রহসিতমঞ্চতি যুষ্মদীয়কান্তঃ॥ ১৬৩॥
ক্কচনচ রচনাঞ্চিবস্ত্রযুগ্মং
ক্কচ সকিরীট সকঞ্চুকান্তরীয়ং।
ক্কচ নটরুচিভৃৎপটং ক্কচাপি
প্রবলিতমল্লতুলং স বষ্টি বেষং॥ ১৬৪

সখীতি হে রাধে! তান্ সখিবৃষমহিষান্ যুধা যুদ্ধেন বলয়তি যোজয়তি স্বয়ং তত্রতত্র সম্বলতে পরাক্রমতে চ। ক্কচ বিজয়পরাজয়ৌ অভীক্ষ্য দৃষ্ট্বা প্রহসিতমঞ্চতি অর্থাৎ হাস্যং করোতি ইতি॥ ১৬৩॥

ক্কচনচেতি স যুষ্মদীয়কান্তঃ ক্কচন চ দিবসে রচনাঞ্চিবস্ত্রযুগ্মং পরিধানোত্তরীয়রূপং ক্কচ নটরুচিভৃৎপটং নর্ত্তনোচিতং প্রবলিতমল্লতুল্যং বেষং বষ্টি কাময়েতে॥ ১৬৪॥

হে শ্রীরাধে! আপনাদের কান্ত, সখি সকল বৃষ সকল ও মহিষ সকলকে পরস্পর যুদ্ধে নিয়োজিত করিয়া থাকেন। তিনি স্বয়ংও তথায় পরাক্রম প্রকাশ করিয়া থাকেন। কোন কোন সময়ে জয় পরাজয় অবলোকন করিয়া হাস্য করিয়া থাকেন॥ ১৬৩॥

হে রাধে! আপনার কান্ত কথন বিচিত্ররচনাযুক্ত বস্ত্রদ্বয়, কথন মুকুট কঞ্চুক প্রভৃতি রাজবেষ, কথন নর্ত্তনোচিতপট্টবস্ত্র কথন বা বিচিত্র মল্লবেশ কামনা করিয়া থাকেন॥ ১৬৪॥

Digitized at BRCindia.com

ক্বচিদপি বিদধাতি মল্ললীলাং
ক্বচিদপি নৃত্যকলাং সুহৃদ্ভিরেষঃ ।
স্বয়মপি ভিদয়া মৃশা মেনেদং
গতিরতি চিত্রতমা সমাদ্বয়েপি ॥ ১৬৫ ॥
হরিণবিহরণং সুতুণ্ডযুদ্ধং
নয়ননিমীলনশালি নর্ম্মগালিঃ ।
ইতি বহুবিধখেলনাপ্তবেলং
স্বমশনমপ্যনিশং বিসস্মরুস্তে ॥ ১৬৬ ॥
অথবহুবিহৃতিং বিচিত্রচর্য্যাং
স রচিতবান্ সখিভিঃ সুখং নিষণ্ণঃ ।

---

ক্বচিদপীতি হে রাধে ! তব কান্তঃ ক্বচিৎ সুহৃদ্ভিঃ মল্লক্রীড়াং করোতীতি ভাবঃ ॥ ১৬৫ ॥

হরিণবিহরণমিতি হে রাধে ! তে গোপাঃ হরিণবিহরণং লম্ফপ্রদানক্রীড়া-সুতুণ্ডযুদ্ধং অজমেষাদীনাং শিরোযুদ্ধং। নয়নমিলনশালিনর্ম্মগালিঃ "লুক্-লুকুনি ইতি রাঢ়ভাষা" ইতি বহুবিধখেলনাপ্তবেলং স্বমশনং ভোজনমপি বিসস্মরুঃ বিস্মৃতবন্ত ইতি ॥ ১৬৬ ॥

অথেতি হে রাধে ! স তব কান্তঃ বহুবিহৃতিং বহুক্রীড়াং বিচিত্রচর্য্যাং বিচিত্রব্যবহারং রচিতবান্ ততঃ সখিভিঃ সহচরৈঃসুখং নিষণ্ণঃ উপবিষ্টঃ।

---

হে রাধে ! আপনার এই কান্ত কোন সময়ে মল্লক্রীড়া করিয়া থাকেন কোন সময়ে বা সুহৃৎ সকলের সহিত নৃত্য করিয়া থাকেন। এ বিষয়ে সেই রাম কৃষ্ণ হইতে সখি সকলের কোন ভেদ নাই ॥ ১৬৫ ॥

হরিণের ন্যায় লম্ফক্রীড়া অজমেষাদির ন্যায় তুণ্ডযুদ্ধ লুকলুকনি খেলা, এইরূপ নানাজাতীয় খেলা করিতে করিতে বেলা অতিক্রান্ত হইলেও তাঁহারা ভোজন করিতে বিস্মৃত হইয়া থাকেন ॥ ১৬৬ ॥

হে রাধে ! আপনার কান্ত নানাপ্রকার খেলায় বিচিত্র ব্যবহার করিয়া

Digitized at BRCindia.com

শয়নমনুগতশ্চ বীজনাদ্যৈঃ
পরিচরিতঃ সুখমেতি তদ্দদাতি॥ ১৬৭॥
ইতি হরিচরিতে তু তেন তেন
শ্রবসি চিতে মুরলীনিনাদরম্যে।
সপদি তদবধানমাদধানা
মুহুরভজন্ত দশামমূমমূশ্চ॥ ১৬৮॥
অধিহরিমুরলীস্বপূর্ব্বরাগ-
স্ফুরণদশাবশতাপুরাবদীহাঃ।

তদা বা শয়নমনুগতঃ নিদ্রাগতঃ বিজনাদ্যৈঃ পরিচরিতঃ পরিসেবিতঃ সন্ সুখং এতি প্রাপ্নোতি, তৎ সুখং দদাতি চ তেভ্যঃ ইতি শেষঃ॥ ১৬৭॥

ইতীতি তেন তেন বর্ণবরেণ ইতি হরিচরিতে হরিলীলায়াং শ্রবসি কর্ণে চিতে গতে ততঃ মুরলীনির্নাদরম্যে চ শ্রবসি কর্ণে চিতে গতে সপদি ঝটিতি তদবধানং আদধানা মুরলীনিনাদে মনঃসংযোগং কুর্ব্বাণা অমূঃ কৃষ্ণ-প্রেয়স্যঃ মুহুঃ অমূং দশামভজন্ত ইতি॥ ১৬৮॥

অধিহরীতি অধিহরিমুরলীস্বপূর্ব্বরাগস্ফুরণদশাবশতা পুরাবদীহাঃ মুরলী-নিনাদং শ্রুত্বা তাঃ পূর্ব্ববৎ পূর্ব্বরাগদশাগ্রস্তা ইতি ভাবঃ তদা বৃষরবিতনয়া-

বিশ্রামার্থ মিত্র সকলের সহিত সুখে উপবেশন করিয়া থাকেন। পরে শয়ন করিলে সহচর বর্গ বীজনাদি দ্বারা পরিচর্য্যা করিলে তিনি সুখপ্রাপ্ত হইয়া থাকেন এবং অপরকেও সুখপ্রদান করিয়া থাকেন॥ ১৬৭॥

শ্রীরাধাদি কান্তাগণ এইরূপে সেই সেই বর্ণবরগণ কর্তৃক বর্ণিত হরিলীলা শ্রবণ করিতেছেন, ইত্যবসরে মনোহর মুরলীর ধ্বনি তাঁহাদের কর্ণ গোচর হইলে তাঁহারা সহসা মুরলীধ্বনির প্রতি মনোনিবেশ করিয়া বারম্বার পূর্ব্বোক্ত দশা অর্থাৎ মোহগ্রস্তা হইয়াছিলেন॥ ১৬৮॥

তখন শ্রীবৃষভানুনন্দিনী প্রভৃতি কান্তা সকল মুরলীধ্বনি শ্রবণ করিয়া



Digitized at BRCindia.com

বৃষরবিতনয়ামুখাঃ সুদুঃখা-
স্তদমিলনান্মুমুহুর্মুহুর্মুহুশ্চ ॥ ১৬৯ ॥
ইতি সতি সচিবায়মানরামা
জগদুরহো! কথমত্র বিহ্বলাঃ স্থ।
ব্রজনৃপ-গৃহিণী-নিদেশবর্য্যং
কথমথ বিস্মৃতমার্ত্তিভিঃ কুরুধ্বে ॥ ১৭০ ॥
আদিশত সদয়া হরেঃ প্রসূর্যৎ
দ্বিবিদরিপোরপি সা বিধায় যুক্তিং।

---

মুখা বৃষভানুনন্দিনীপ্রভৃতয়ঃ প্রেয়স্যঃ সুদুঃখাঃ সত্যঃ তদমিলনাৎ তস্য কান্তস্য অমিলনাৎ মুহুঃ মুহুঃ বারম্বারং মুমুহুরিতি ॥ ১৬৯ ॥

ইতি সতি সচিবায়রামা মন্ত্রিবদাচরমাণাঃ রমণ্যঃ জগদুঃ ঊচুঃ, কিং জগদুঃ? অহো! অত্র বিষয়ে কথং বিহ্বলাঃ বিবশাঃ স্থ ভবথ যূয়মিতি শেষঃ। ব্রজরাজগৃহিণীনিদেশবর্য্যং ব্রজরাজস্য শ্রীনন্দমহারাজস্য গৃহিণী শ্রীযশোদা তস্যাঃ নিদেশবর্য্যং আজ্ঞাশ্রেষ্ঠং, আর্ত্তিভিঃ মনোব্যথাভিঃ কথং বিস্মৃতং কুরুধ্বে ॥ ১৭০ ॥

সদয়া দয়য়া সহ বর্ত্তমানা দয়াবতী ইত্যর্থঃ হরেঃ শ্রীকৃষ্ণস্য প্রসূঃ জননী শ্রীযশোদা অদিশত আদিষ্টবতী এবং দ্বিবিদরিপোরপি দ্বিবিদস্য তন্নামপ্রসিদ্ধ-

---

স্ব স্ব পূর্ব্বরাগে দীপ্যমান দশার অধিনতা হইলেও পূর্ব্বের ন্যায় চেষ্টাপ্রাপ্ত হইয়া কান্তের সহিত অমিলনে বারম্বার মোহ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৬৯ ॥

কৃষ্ণকান্তাগণ ঐ প্রকার পুনঃ২ মোহপ্রাপ্ত হইলে মন্ত্রিগণের তুল্য কোন কোন রমণীগণ কহিতে লাগিলেন হে সখীগণ! আপনারা শ্রীকৃষ্ণ প্রাপ্তি বিষয়ে বিহ্বলা হইতেছেন কেন? ব্যাকুলতা বশতঃ ব্রজরাজ মহিষীর আদেশ কি বিস্মৃত হইয়াছেন? ॥ ১৭০ ॥

শ্রীকৃষ্ণ জননী যশোমতী সদয়ান্তঃকরণে যাহা আদেশ করিয়াছেন এবং

Digitized at BRCindia.com

তদনুসরত কান্তরাগশান্ত-
স্মৃতিততয়স্তদুপায়মাতনুধ্বং ॥ ১৭১ ॥
প্রথমমশনমীশিতুঃ প্রভাতে
স্ফুটমপরং প্রতিভাতি সার্দ্ধযামে।
অবরমপি তুরীয়যামালম্ভে
পরমথ রাত্রিমুখে ব্যতীতমাত্রে ॥ ১৭২ ॥

---

বানরবিশেষস্য রিপুঃ তস্য বলরামস্য প্রসূঃ মাতা যুক্তিং বিধায় কৃত্বা যৎ আদিশত, কান্তরাগশান্তস্মৃতিততয়ঃ কান্তস্য রাগেণ অনুরাগেণ শান্তাঃ বিনষ্টাঃ স্মৃতিততয়ঃ যাসাং তাঃ যূয়ং তৎ অনুসরত অনুসরণং কুরুত প্রতিপালয়তেতি যাবৎ তদুপায়ং আতনুধ্বং বিরচনং কুরুত ॥ ১৭১ ॥

প্রথমেতি ঈশিতুঃ ভর্ত্তুঃ প্রথমং অশনং ভোজনং প্রভাতে ভবতি, সার্দ্ধযামে অপরং অশনং প্রতিভাতি। তুরীয়যামারম্ভে চতুর্থপ্রহরপারম্ভে অবরং অপরং অশনং ভবতি অথ রাত্রিমুখে প্রদোষে ব্যতীতমাত্রে সতি পরম-পরমশনং ভবতি ॥ ১৭২ ॥

---

বলদেব জননী রোহিণী দেবীও যাহা অনুমতি করিয়াছেন তাহার অনুসরণ করুন আপনারা কান্তের প্রতি অনুরাগ বশতঃ তাহা বিস্মৃত হইয়াছেন অত-এব তাহার উপায় বিধান করুন ॥ ১৭১ ॥

আপনাদের ভর্ত্তা প্রথমে প্রভাতে ভোজন করিয়া থাকেন, সার্দ্ধযাম অর্থাৎ দেড় প্রহর বেলার সময় দ্বিতীয়বার ভোজন করিয়া থাকেন। চতুর্থপ্রহরের প্রারম্ভে আর একবার ভোজন করিয়া থাকেন। প্রদোষকাল অতীত হইলে পুনর্ব্বার ভোজন করিয়া থাকেন ॥ ১৭২ ॥

Digitized at BRCindia.com

প্রথমমশনমর্প্যতে জনন্যা
তদপরমাব্রিয়তে সুহৃদ্গণেন।
পিতৃমুখগুরুভি ব্রিয়েত তুর্য্যং
ভবদুপযুক্তমতস্তৃতীয়মেব ॥ ১৭৩ ॥

ব্রজতটতঃ সুরারি-শত্রো-
রভিগমনং ভবতীভিরত্র যুক্তং।
স হি মিষমুপধায় যুষ্মদীয়ং
পরিসরমেষ্যতি ধাস্যতে চ শর্ম্ম ॥ ১৭৪ ॥

প্রথমমিতি জনন্যা, যশোদয়া প্রথমমশনং প্রাভাতিকং ভোজনং অর্প্যতে। তদপরং অর্থাৎ দ্বিতীয়ং সুহৃদ্গণেন আব্রিয়তে। তুর্য্যং চতুর্থং পিতৃমুখগুরুভিঃ জনকপ্রভৃতিগুরুজনৈঃ ব্রিয়েত, অতঃ তৃতীয়ং আপরাহ্নিকং ভোজনং ভবদুপযুক্তং ভবতীভিঃ সমাধেয়মিতি ॥ ১৭৩ ॥

ব্রজতটেতি অত্র অস্মিন্ সময়ে ব্রজতটম্ ব্রজপ্রান্তং অটতঃ বিচরতঃ সুরারিশত্রোঃ শ্রীকৃষ্ণস্য অভিগমনং ভবতীভির্যুক্তং কর্ত্তব্যং। ননু সখায়ঃ সন্তি অতঃ কথং তত্র গন্তব্যমস্মাভিঃ তত্রাহ,—স কান্তঃ মিষং ছলং উপধায় কৃত্বা যুষ্মদীয়ং পরিসরং পার্শ্বং এষ্যতি আগমিষ্যতি শর্ম্ম সুখঞ্চ ধাস্যতে করিষ্যতি ॥ ১৭৪ ॥

জননী প্রথম অশন অর্থাৎ প্রাভাতিক ভোজন অর্পণ করিয়া থাকেন। দ্বিতীয় ভোজনে মিত্র সকল তাঁহার সহিত ভোজন করিয়া থাকেন। চতুর্থ ভোজনে জনক প্রভৃতি গুরুবর্গে পরিবেষ্টিত হইয়া থাকেন। এক্ষণে তৃতীয় ভোজন আপনাদেরই উপযুক্ত অতএব আপনারাই সমাধান করুন ॥ ১৭৩ ॥

সুরারি শত্রু শ্রীকৃষ্ণ এক্ষণে ব্রজের প্রান্তদেশে আগমন করিয়াছেন। অতএব এক্ষণে আপনাদের তাঁহার প্রতি অভিগমন করা কর্ত্তব্য। এই

Digitized at BRCindia.com

ত্বরিতমিহ তু কান্তভোজ্যবর্য্যং
কুরুত কিমপ্যধুনা তু তাঃ প্রয়ান্তি ।
ব্রজনরপতিনা সমশ্নতা যা
ব্যধিষত দাপয়িতুং সুতায় ভোজ্যং ॥ ১৭৫ ॥
ইতি হরিবনিতাসু সুস্থিকাসু
ব্রজপতি-গীর্ব্বশতঃ পুরন্ধ্রিমুখ্যাঃ ।
বহুবিধমশনং বিধায় শীর্ষ্ণি ।
প্রমদভরং মনসি ব্রজান্তমীয়ুঃ ॥ ১৭৬ ॥

---

ত্বরিতমিতি ইহ অস্মিন্ সময়ে যূয়ং ত্বরিতং অবিলম্বিতং যথা স্যাৎ কান্ত-ভোজ্যবর্য্যং কান্তায় কৃষ্ণায় ভোজনীয়শ্রেষ্ঠং কিমপি কুরুত, সমশ্নতা ভোজনং কুর্ব্বতা ব্রজনরপতিনা শ্রীমন্নন্দেন সুতায় ভোজ্যং দাপয়িতুং, যা ব্যধিষত তা অধুনা প্রয়ান্তি ইতি ॥ ১৭৫ ॥

ইতি হরীতি ইতি এবম্প্রকারেণ হরিবনিতাসু কৃষ্ণকান্তাসু সুস্থিতাসু স্থিরচিত্তাসু সতীষু পুরন্ধ্রিমুখ্যাঃ প্রধানমহিলাঃ ব্রজপতিগীর্বশতঃ গোপরাজ-বাক্যবশতঃ শীর্ষ্ণি শিরসি বহুবিধমশনং বিধায় কৃত্বা মনসি প্রমদভরং ব্রজান্তং ব্রজপ্রান্তম্ ঈয়ুঃ গতবত্য ইতি ॥ ১৭৬ ॥

---

অবসরে সেই শ্রীকৃষ্ণ কোন ছল করিয়া আপনাদের সমীপে আগমন করি-বেন এবং আপনাদিগকে সুখপ্রদান করিবেন ॥ ১৭৪ ॥

আপনারা শীঘ্রই কান্তের নিমিত্ত কোন২ খাদ্যসামগ্রী নির্ম্মাণ করুন। ব্রজরাজ ভোজন কালে পুত্রের জন্য খাদ্য সামগ্রী প্রদান করিতে যাঁহাদের প্রতি আদেশ করিয়াছেন তাঁহারা এক্ষণে গমন করিতেছেন ॥ ১৭৫ ॥

এই রূপে মন্ত্রণাপ্রদায়িনী সখীর বচনে কৃষ্ণকান্তাগণ সুস্থিরচিত্ত হইলে গোপরাজের বাক্য বশতঃ প্রধান প্রধান পুরন্ধ্রিগণ শিরোদেশে বহুবিধ খাদ্য

Digitized at BRCindia.com

অথ নিজনিজকুল্যবালসঙ্ঘা
কুতুকপরীততয়া দ্রবন্মমৃভিঃ ।
ক্বচিদপি পুরতঃ ক্বচিচ্চ পশ্চাৎ
ক্বচিদপি দক্ষিণবামতঃ প্রসজ্য ॥ ১৭৭ ॥

বনলসদশনপ্রধানখেলা-
কুতুককুলং বত ! চিত্ত ! তস্য পশ্য ।
ত্বমসি কিল কিয়ন্মুনীন্দ্রবর্য্যা-
নপি যদিদং নিজবন্দিনঃ করোতি ॥ ১৭৮ ॥

---

অথ নিজেতি অথ নিজনিজকুল্যবালসঙ্ঘা নিজনিজবংশোদ্ভববালসঙ্ঘা কুতুকপরীততয়া কৌতুকযুক্ততয়া অমৃভিঃ মহিলাভিঃসহ ক্বচিদপি পুরতঃ অগ্রতঃ ক্বচিৎ পশ্চাৎ ক্বচিদপি দক্ষিণবামতঃ প্রসজ্য অদ্রবন্নিতি ॥ ১৭৭ ॥

গ্রন্থকর্ত্তা তদানীন্তনলীলাবর্ণনেনাতিপ্রেমাবিষ্টঃ সন্নাহ,—বনেতি হে চিত্ত ! তস্য বনলসদশনপ্রধানখেলাকুতুককুলং বনভোজনপ্রভৃতিখেলাকৌতুকসমূহং বত আশ্চর্য্যং পশ্য, ত্বমসি কিয়ৎ ? যদ্ ইদং বনলসদশনপ্রধানখেলা-কুতুককুলং মুনীন্দ্রবর্য্যান্ শুকদেবাদীন্ অপি নিজবন্দিনঃ নিজস্তবপাঠকান্ করোতি ॥ ১৭৮ ॥

---

সামগ্রী ধারণ করিয়া মনে মনে আহ্লাদভরে ব্রজের প্রান্তদেশে গমন করিয়াছেন ॥ ১৭৬ ॥

অনন্তর নিজ নিজ বংশোদ্ভব বালক সমুদয় কৌতূহলবশতঃ কোন স্থলে অগ্রদেশে কোনসময়ে পশ্চাতে কোন সময়ে দক্ষিণ ও বাম পার্শ্বে সেই মহিলা বর্গের সহিত দ্রুত গমন করিয়াছিলেন ॥ ১৭৭ ॥

হে চিত্ত ! সেই শ্রীকৃষ্ণের বনভোজন প্রভৃতি প্রধান প্রধান খেলা সকল স্মরণ কর। সেই সকলের স্মরণ বিষয়ে তোমারই বা কি সামর্থ্য ? শ্রীশুকদেব প্রভৃতি মুনীন্দ্রবর্গও সেই সকল লীলা স্মরণ করিয়া বন্দিত্ব প্রাপ্ত হইয়া থাকেন অর্থাৎ প্রেমপূর্ব্বক প্রশংসা করিয়া বর্ণন করিয়াছেন ॥ ১৭৮ ॥

Digitized at BRCindia.com

ক ইহ বত! ভবন্তি তে মুনীন্দ্রাঃ
স্বয়মপি যচ্ছ্রবণেঽপি রাধিকা সা।
অজিতমপি গুণেন মোহয়ন্তী
মুহুরপি মোহমুপৈতি তত্র কস্ত্বং ॥ ১৭৯ ॥
হরিহরিসুহৃদঃ স্ফুরদ্বিহারা
দদৃশুরমূরমুকানমূশ্চ তত্র।
তদপি তদুভয়কুলং ন ভোগং
প্রতিবিবিবেচ বিহারমগ্নবুদ্ধি ॥ ১৮০ ॥

---

ক ইহেতি মুনীন্দ্রাঃ ইহ বিষয়ে কে বত ভবন্তি? অজিতং শ্রীকৃষ্ণং অপি গুণেন মোহয়ন্তী স্বয়ং অসৌ শ্রীরাধিকা অপি যচ্ছ্রবণে মুহুর্ব্বারম্বারং মোহমুপৈতি তত্র কস্ত্বমিতি? ॥ ১৭৯ ॥

হরীতি হরিহরিসুহৃদঃ হরিশ্চ হরিসুহৃদশ্চ তে কৃষ্ণপ্রভৃতয় ইত্যর্থঃ স্ফুরদ্বিহারাঃ সন্তঃ ক্রীড়াপরায়ণাঃ সন্তঃ অমূঃ গোপীঃ দদৃশুঃ অমূশ্চ অমুকান্ তত্র দদৃশুঃ তদপি তথাপি তদুভয়কুলদৃশ্যদ্রষ্টৃরূপং বিহারমগ্নবুদ্ধিং বিহারে মগ্না বুদ্ধিঃ যস্য তথাভূতং সং ভোগং প্রতিং ন বিবিবেচ ইতি ॥ ১৮০ ॥

---

এই বিষয়ে মুনীন্দ্র সকলের কথা কি বলিব? কারণ, যিনি স্বীয় গুণ দ্বারা শ্রীকৃষ্ণকেও মোহিত করিয়া থাকেন সেই শ্রীরাধিকাও স্বয়ং যাহা শ্রবণ করিয়া মোহ প্রাপ্ত হইয়া থাকেন। সুতরাং তোমার কথা আর কি বর্ণনা করিব ॥ ১৭৯ ॥

তখন শ্রীকৃষ্ণ ও শ্রীকৃষ্ণের মিত্রগণ খেলামত্ত হইয়াছিলেন, যদিও তাহারা খাদ্যসম্ভার হারিণী সেই মহিলাগণকে এবং সেই মহিলাবর্গও তাঁহাদিগকে দর্শন করিয়াছিলেন তথাপি দ্রষ্টৃদৃশ্যবর্গ খেলানন্দ অনুভব করিয়া ভোজন বিষয়ে বিচার করিতে পারেন নাই ॥ ১৮০ ॥

Digitized at BRCindia.com

কথমপি মধুমঙ্গলস্তু পশ্য-
ন্নথ বিবিবেচ জবাদুবাচ তত্র।
ধৃতবিহৃতিমদা ন চেৎ পুরস্তাৎ
কৃতমপি পশ্যথ কা ক্ষুধা বরাকী॥ ১৮১॥
জগদুরথ ধৃতস্মিতং সখায়ঃ।
ক্বচিদপি চেন্ন ভবেৎ প্রয়োজনায়।
প্রকটতরমজাগলস্তনস্য
প্রতিমদশাং দ্বিজ এষ সম্বলেত॥ ১৮২॥

---

মধুমঙ্গলঃ আনীতভোজনদ্রব্যাণি দদর্শ ইত্যাহ,—কথমপীতি মধুমঙ্গলঃ কথমপি পশ্যন্ অথ অনন্তরং বিবিবেচ জবাৎ তত্র সখীগণসমীপে গত্বা উবাচ। ধৃতবিহৃতিমদা ধৃতক্রীড়োন্মত্তা যূয়ং পুরস্তাৎ কৃতমপি সম্পাদিতমপি ভোজ্যাদিকং ন পশ্যথ। ক্ষুধা কা বরাকী॥ ১৮১॥

জগদুরিতি অথ সখায়ঃ ধৃতস্মিতং সহাস্যং এষ দ্বিজঃ ক্বচিদপি প্রয়োজনায় ন চেৎ ভবেৎ অজাগলস্তনস্য প্রতিমদশাং অনুরূপাবস্থাং সম্বলেত অবলম্বনং কুর্ব্বীত ইতি॥ ১৮২॥

---

অনন্তর মধুমঙ্গল কথঞ্চিৎপ্রকারে তাহা নিরীক্ষণ করিয়া বিবেচনা করিলেন, এবং তখন অতি বেগে অন্য সখাগণের নিকট গমন করিয়া বলিলেন, তোমরা খেলামদে এতই মত্ত হইয়াছ যে সম্মুখে ভোজ্যাদি বর্ত্তমান রহিয়াছে তাহা একবার দৃষ্টিপাতও করিতেছ না, হায়! বরাকী ক্ষুধা! ॥১৮১॥

তখন তাহা শুনিয়া সখাসকল সহাস্যে বলিলেন এইব্রাহ্মণ কোন প্রয়োজনে আইসে না, কেবল অজাগলস্তনতুল্য দশাকে প্রকটরূপে অবলম্বন করিতেছে॥ ১৮২॥

Digitized at BRCindia.com

ইতি বহুহসিতং বিধায় তস্মিন্
স্থলবলয়ে বিনিবিশ্য কৃষ্ণমুখ্যাঃ।
চরণকরমুখং বিশদ্য বার্ভিঃ
সমশনশর্ম্মকৃতে ধৃতেহমাসন্ ॥ ১৮৩ ॥
বহুরুচিরুচিরাংশুকং দুকূলা-
দিকমধিকৃত্য শুভঃ শুভংযুবেশঃ।
সহসখিনিকরঃ স এষ কৃষ্ণঃ
সরভসভোজনতৃষ্ণতাং বভাজ ॥ ১৮৪ ॥

---

ইতি এবম্প্রকারেণ বহুহসিতং অনেকহাস্যং বিধায় কৃত্বা কৃষ্ণমুখ্যাঃ কৃষ্ণাদিপ্রধানগোপালনপরাঃ তস্মিন্ স্থলবলয়ে মণ্ডলস্থলে বিনিবিশ্য বার্ভিঃ জলৈঃ চরণকরমুখং বিশদ্য প্রক্ষাল্য সমশনশর্ম্মকৃতে ভোজনসুখকরণায় ধৃতেহং ধৃতচেষ্টং যথা স্যাত্তথা আসন্ বভূবুঃ ॥ ১৮৩ ॥

বহুরুচিরুচিরাংশুকং বহুবিধবর্ণৈঃ মনোহরং পরিধেয়বস্ত্রং দুকূলাদিকং উত্তরীয়বসনাভরণাদিকং অধিকৃত্য ধৃত্বা, শুভঃ মঙ্গলদায়কঃ সুন্দরো বা শুভংযুবেশঃ শুভান্বিতবেশঃ, সহসখিনিকরঃ বয়স্যগণসমন্বিতঃ স এষঃ কৃষ্ণঃ সরভসভোজনতৃষ্ণতাং সহর্ষসহিতভোজনেচ্ছাং বভাজ ॥ ১৮৪ ॥

---

এই প্রকারে অনেক হাস্য রস বিধান করিয়া সেই মণ্ডলস্থলে প্রবেশ করতঃ শ্রীকৃষ্ণ প্রভৃতি প্রধান প্রধান বালকগণ সুশীতল সলিলে কর, চরণ ও মুখ প্রক্ষালন পূর্ব্বক ভোজন সুখার্থ সযত্ন হইলেন ॥ ১৮৩ ॥

সর্ব্বমঙ্গলপ্রদ ও কুশলী সেই শ্রীকৃষ্ণ, নানাবর্ণে চিত্রিত পরিধেয় ও উত্তরীয় বসন ভূষণ প্রভৃতি ধারণ পূর্ব্বক সখাগণ সমন্বিত হইয়া সহর্ষে ভোজন ইচ্ছা করিলেন ॥ ১৮৪ ॥



Digitized at BRCindia.com

বিধুমনু কমলং বলিং প্রদত্তে
হসতি চকোরযুগং তদেব বীক্ষ্য।
ইতি হরিমবলোক্য তত্র তস্থু—
ৰ্ব্রজমহিলা বত! চিত্রতাং ভজন্ত্যঃ॥ ১৮৫॥
পৃথক্ সমুপবিশন্ বিলোকয়দ্ভ্যঃ
স চ মধুমঙ্গলকঃ সনর্ম্মজল্পঃ।
পৃথগিব পরিবেষয়ন্ প্রহাসং
রসমিতরান্ স্বরসান্ ষড়প্যমুষ্ণাৎ॥ ১৮৬॥

কমলং পদ্মঃ বিধুমনু চন্দ্রমনু লক্ষীকৃত্য বলিং পূজারূপোপহারং প্রদত্তে, তদেব উপহারপ্রদানমেব বীক্ষ্য বিশেষেণ দৃষ্ট্বা চকোরযুগং স্বনামপ্রসিদ্ধং চকোরপক্ষিযুগলং হসতি, ইতি এবম্প্রকারেণ হরিং শ্রীকৃষ্ণং অবলোক্য আলক্ষ্য তত্র ব্রজমহিলাঃ বত বিস্ময়ে চিত্রতাং চিত্রতুল্যতাং ভজন্ত্যঃ তস্থুঃ স্থিতাঃ বভূবুঃ॥ ১৮৫॥

স চ মধুমঙ্গলকঃ পৃথক্ সমুপবিশন্ বিলোকয়দ্ভ্যঃ পশ্যদ্ভ্যঃ জনেভ্যঃ সনর্ম্মজল্পঃ কৌতুকবচনপ্রযোক্তা চ সন্ পৃথগিব প্রহাসং উচ্চহাস্যং রসং পরিবেষয়ন্ ইতরান্ অন্যান্ ষড় স্বরসানপি অমুষ্ণাৎ অপহৃতবান্॥ ১৮৬॥

কমল,—চন্দ্রকে লক্ষ্য করিয়া উপহার প্রদান করিতেছে তাহা দেখিয়া চকোরদ্বয় হাস্য করিতেছে এইরূপে শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া ব্রজমহিলা-গণ বিস্মিত মানসে চিত্রতুল্য অবস্থা প্রাপ্ত হইয়া তথায় বিরাজ করিতে লাগিলেন॥ ১৮৫॥

সেই মধুমঙ্গল পৃথক্ স্থানে উপবেশন করিয়া দর্শকবৃন্দের প্রতি সপরি-হাস কৌতুক ময় বাক্য বিস্তার করিতেছিলেন তখন এইরূপ বোধ হইতে লাগিল যেন সেই মধুমঙ্গল ষড় রসের অতিক্রমকারি অন্য কোন হাস্যরস বিস্তার করিতেছিলেন॥ ১৮৬॥

Digitized at BRCindia.com

সমমশনসমর্পিণীভিরাপ্তান্
ব্রজপৃথুকান্ সবিধে বিধায় সাস্রঃ।
মুরজিদদনভাজনাদমীভ্যঃ
প্রতিকবলং কবলং দদন্ননন্দ ॥ ১৮৭ ॥
সুরভিঘৃতপরিষ্কৃতান্ সমাপ্তান
ষড়পি রসান্ প্রতিচর্ব্বণং রুচিপ্রান্।
প্রতিলবরুচিভোক্তৃষু প্রদায়
প্রতিলবমাপ রুচিং পুরন্ধ্রিবর্গঃ ॥ ১৮৮ ॥

---

অশনসমর্পিণীভিঃ ভোজনদাত্রীভিঃ সমং সহ আপ্তান্ প্রাপ্তান্ আগতানিতি যাবৎ ব্রজপৃথুকান্ ব্রজবালকান্ সবিধে সমীপে বিধায় কৃত্বা সাস্রঃ প্রেমাশ্রুজলসহিতঃ মুরজিৎ শ্রীকৃষ্ণঃ অদনভাজনাৎ ভোজনপাত্রাৎ অমীভ্যঃ ব্রজবালকেভ্যঃ প্রতিকবলং কবলং কবলং প্রতি ভোজনসময়ে ইতি শেষঃ কবলং গ্রাসং দদন্ অর্পয়ন্ ননন্দ পরমানন্দো বভূব ॥ ১৮৭ ॥

পুরন্ধ্রিবর্গঃ মহিলাসমূহঃ প্রতিলবরুচিভোক্তৃষু প্রতিলবরুচিপূর্ব্বক-ভোজনকর্ত্তৃষু শ্রীকৃষ্ণাদিষু সুরভিঘৃতপরিষ্কৃতান্ সুগন্ধিঘৃতেন পরিষ্কৃতান্ সংস্কৃতান্ প্রতিচর্ব্বণং চর্ব্বণং চর্ব্বণং প্রতি প্রতিগ্রাসে ইত্যর্থঃ রুচিপ্রান্ রুচিপ্রদান্ সমস্তান্ সকলান্ ভোজ্যান্ ষড়পি রসান্ প্রদায় প্রতিলবং প্রতিসময়ং রুচিং পরমপ্রীতিং আপ প্রাপ্তবান্ ॥ ১৮৮ ॥

---

ভোজনদ্রব্য সমর্পণ কারিণী মহিলাদিগের সহিত সমাগত বালক সকলকে সমীপে উপবেশন করাইয়া তখন প্রেমাশ্রুজলে অভিষিক্ত হইয়া শ্রীকৃষ্ণ ভোজন পাত্র হইতে প্রতি গ্রাসে গ্রাসে তাহাদিগকে গ্রাস প্রদান পূর্ব্বক পরমাপ্যায়িত হইয়াছিলেন ॥ ১৮৭ ॥

তখন মহিলাগণ প্রতিক্ষণে রুচিপূর্ব্বক ভোজনকারি বালকদিগকে সুগন্ধ

ইহ বহুবিধসন্ধিতানি নিম্বু—
প্রভৃতিফলানি রুচার্পিতানি রেজুঃ।
নিকটবিনিহিতানি যানি চাসন্
প্রতিমুহুরেব চ সর্ব্বরোচনানি ॥ ১৮৯ ॥
অভিনবপরিপক্বনারিকেল—
দ্রববলিতং মরিচাদিচারুগন্ধম্।
লবলবণরসপ্রিয়ং কদুষ্ণং
সমুচিতপাত্রভৃতঞ্চ মুদ্গযূষম্ ॥ ১৯০ ॥

যানি প্রতিমুহুরেব নিকটবিনিহিতানি সমীপবর্ত্তিস্থাপিতানি সর্ব্বরোচনানি সর্ব্বরোচকানি "আচার চাটনি" ইতি খ্যাতানি আসন্ বভূবুঃ তানি ইহ ভোজ্যে রুচিরার্পিতানি রুচিপ্রদানি বহুবিধসন্ধিতানি বহুপ্রকারমিলিতানি নিম্বুপ্রভৃতিফলানি রেজুঃ শোভন্তে স্ম। ১৮৯ ॥

সমুচিতপাত্রভৃতং স্বর্ণাদিযথাযোগ্যপাত্রপূর্ণং মুদ্গযূষং মুদ্গানাং যূষং "কাথ" ইতি ভাষা রাজতে ইতি শেষঃ কিম্ভূতং তৎ অভিনবনারিকেলদ্রববলিতং নূতনপরিপক্বনারিকেলস্য চূর্ণসংযুক্তং পুনঃ মরিচাদিচারুগন্ধং মরিচ-তেজপত্র-দারুচিনিপ্রভৃতীনাং সুন্দরগন্ধং যত্র তৎ পুনঃ লবলবণরসপ্রিয়ং ঈষল্লবণ-রসেন প্রীতিজনকং পুনঃ কদুষ্ণং ঈষদুষ্ণং ॥ ১৯০ ॥

ঘৃত সংস্কৃতই প্রতি গ্রাসে রুচিপ্রদ ও মধুরাদি ষড়্‌রসযুক্ত নিখিল ভোজ্য দ্রব্য প্রদান করিয়া প্রতিক্ষণে পরমানন্দ প্রাপ্ত হইয়াছিলেন ॥ ১৮৮ ॥

যেই সকল রোচক অর্থাৎ আচার প্রভৃতি সমীপবর্ত্তি স্থানে রক্ষিত ছিল ভোজন সময়ে সেই রুচিপ্রদ ও বহু প্রকারে মিলিত নিম্বু (কাগজি লেবু) প্রভৃতি ফল সকল শোভা পাইতে লাগিল ॥ ১৮৯ ॥

নূতন অথচ পরিপক্ব নারিকেল চূর্ণ যুক্ত, মরিচ তেজপত্র প্রভৃতি মশলার সুন্দর সৌরভান্বিত প্রীতি জনক ঈষৎ লবণ রস সমন্বিত ও ঈষদুষ্ণ মুদ্গযূষ সেই স্থলে সমুচিত পাত্রে শোভা পাইতেছিল ॥ ১৯০ ॥

Digitized at BRCindia.com

সুরভিসুরভিজাতজাতসর্পিঃ—

প্লুতমথ পীতনপীতমিষ্টগন্ধম্ ।

অপি পরিমলশালিদিব্যশালি—

প্রভবসুকোমলশুভ্রশোচিরন্নম্ ॥ ১৯১ ॥

শৃতঘৃতমুহুরুদ্ধৃতপ্রমৃষ্ট—

দ্বিদলবটীবিবিধপ্রকারবারম্ ।

হরিরভিজলসিক্তনির্ক্তিক্ত—

স্বরসবিবিক্তবিচিত্রপাকভেদম্ ॥ ১৯২ ॥

---

সুরভিসুরভিজাতজাতসর্পিঃপ্লুতং সুরভি সুরভিজাতেভ্যঃ গাভীগণেভ্যঃ জাতং উৎপন্নং যৎ সর্পিঃ ঘৃতং তেন প্লুতং সংস্কৃতং যুক্তং বা, অথ অনন্তরং পীতনপীতং কুঙ্কুমহরিদ্রাযুক্তং ইষ্টগন্ধং সদ্গন্ধান্বিতং অপি পুনঃ পরিমলশালিদিব্যশালিপ্রভবসুকমোলশুভ্রশোচিরন্নং—পরিমলশালী কুঙ্কুমাদি-সুগন্ধযুক্তঃ দিব্যশালিঃ উৎকৃষ্টধান্যবিশেষঃ তেভ্যঃ প্রভবঃ প্রকৃষ্টেন উৎপত্তিঃ যৎ সুকোমলশুভ্রশোচিরন্নং সুকোমলশুক্লবর্ণবিশিষ্টকান্তিযুক্তান্নং সমুচিতপাত্রভৃতং রাজতে ইতি শেষঃ ॥ ১৯১ ॥

পক্বঘৃতে মুহুঃ বারম্বারং উদ্ধৃতা উত্তোলিতা প্রমৃষ্টাচ যাঃ দ্বিদলবট্যঃ মুদ্গচণকাদীনাং বটিকাঃ তাসাং বিবিধপ্রকারবারঃ নানাবিধপাত্রসমূহঃ; ঘৃতসিক্তং জলসিক্তং ইত্যাদি বিচিত্রপাকভেদঃ ॥ ১৯২ ॥

---

গাভি দুগ্ধ সমুদ্ভূত সুগন্ধি ঘৃতে সংস্কৃত, কুঙ্কুম হরিদ্রাযুক্ত, সদ্গন্ধান্বিত, ও সৌরভময় উৎকৃষ্ট শালি তণ্ডুলের সুকোমল ও শুভ্রপ্রভা বিশিষ্ট অন্ন, স্বর্ণ পাত্রে রক্ষিত হইয়াছে ॥ ১৯১ ॥

ঘৃতপক্ক মুদ্গ ও চণকাদির অত্যুত্তম বটিকা ( বড়া ) সকল নানাপ্রকার পাত্রে সুসজ্জিত এবং ঘৃতসিক্ত ও জলসিক্ত বিচিত্র ভোজ্য সামগ্রী সকল রহিয়াছে ॥ ১৯২ ॥

Digitized at BRCindia.com

নবচণককলায়মাষমুদ্গ—
প্রবরজযুক্তকটুপ্রসক্তসূপম্।
ফলদলকুসুমত্বগস্থিকন্দ—
প্রসবকৃতপ্রথযুক্তিপংক্তিভেদম্॥ ১৯৩॥
শৃতঘৃতধৃতজীরকাক্ষিধাত্রী
ফলরসপাককষায়রম্যচুক্রম্।
বহুবিধরচনাচণাম্লসঙ্ঘং
ঘনদধিমণ্ডকরোটিকাজ্যপক্বং॥ ১৯৪॥

---

নবচণককলায়মাষমুদ্গানাং প্রবরজং সমুৎপন্নং যুক্তং মিলিতং কটুপ্রসক্তং তিক্তাদিসংলগ্নং সূপং দ্বিদলং নূতনচণকাদিনির্ম্মিতসূপপ্রকারজাতমিতিভাবঃ তথা ফল পত্র-পুষ্প-ত্বগস্থিকন্দপ্রসবৈঃ কৃতা যা প্রথযুক্তিঃ প্রসিদ্ধোপায়ঃ তস্যা পংক্তিভেদং পাকভেদং ফলাদিনির্ম্মিতব্যঞ্জনপ্রকারং তত্রাসীদিতি ভাবঃ॥১৯৩॥

শৃতঘৃতে পকঘৃতে ধৃতং অর্পিতং ভর্জ্জিতমিতি যাবৎ যৎ জীরকাক্ষিধাত্রী-ফলং জীরকযুক্তামলকীফলং তস্য যঃ রসপাকেন কষায়ঃ নির্য্যাসঃ তেন রম্যং উৎকৃষ্টং চুক্রং অম্লং বহুবিধরচনাচণাম্লসঙ্ঘং বহুবিধরচনয়া নানাপ্রকারপাক-প্রক্রিয়য়া চণকাম্লসমূহঃ চণকস্য ছোলা ইতি নামকস্য অম্লস্য চ সমূহং। ঘনদধিমণ্ডকরোটিকাজ্যপক্বং—ঘনদধিমণ্ডকঃ গাঢ়দধ্নো মণ্ডকঃ পিষ্টকবিশেষঃ দধিবড়া ইতিভাষা রোটিকা ইত্যুভয়ং ঘৃতপক্বং॥ ১৯৪॥

---

নূতন চণক ( ছোলা বা বুট ) কলায় ( কলাই ) মাষ কলাই ও মুদ্গ সমূহে জাত ও জিরা মরিচাদি সংযুক্ত নানাবিধ সূপ (ডাইল) এবং ফল পত্র পুষ্প ত্বক্ অস্থি ও আলু প্রভৃতি দ্বারা প্রসিদ্ধ উপায়ে বিবিধ ব্যঞ্জনের পাকভেদ নির্ম্মিত হইয়াছে॥ ১৯৩॥

পরিপক্ব ঘৃতে ভর্জিত জীরকাদি যুক্ত আমলকীফল,—রসমধ্যে পাক করিয়া অপূর্ব্ব অম্ল ও বহুবিধ প্রক্রিয়া দ্বারা চণাও অম্ল সমূহ এবং ঘৃতপক্ব দধিমণ্ডক ( দধিবড়া ) ও রোটিকা প্রস্তুত হইয়াছে॥ ১৯৪॥

Digitized at BRCindia.com

শ্রপিতপয়সি বাষ্পপক্কপিষ্ট—
প্রবলিতশর্করমুগ্ধদুগ্ধসারম্
অমৃতজয়িরসপ্রসারশালা—
নিভবিভবপ্রসরাগ্রণীরসালাম্ ॥ ১৯৫ ॥
সপরিমলং জলং তথা স্বধাত্রী—
প্রণয়জকোপবিলাসবল্গুবাচম্।
কুলবরপরিবেষিকাততীনাং
সখিবলয়েন বিবাদশর্ম্মজাতম্ ॥ ১৯৬ ॥

---

শ্রপিতপয়সি পক্বদুগ্ধে বাষ্পেণ পক্বং যৎ পিষ্টং পিষ্টকং তত্র প্রবলিতশর্করমুগ্ধদুগ্ধসারং কিম্বা শ্রপিতপয়সি বাষ্পপক্বপিষ্টকঞ্চ প্রবলিতশর্করমুগ্ধদুগ্ধসারঞ্চ তয়োঃ সমাহারঃ তং অমৃতজয়িরসপ্রসারস্য অমৃতজয়িরসবিস্তারস্য শালানিভঃ ভবনসদৃশঃ যঃ বিভবপ্রসরঃ বিভবসমূহঃ তস্য অগ্রণী শ্রেষ্ঠঃ যা রসালা তাং ॥ ১৯৫ ॥

সপরিমলং সৌরভ্যসহিতং জলং তথা স্বধাত্রীপ্রণয়জকোপবিলাসবল্গুবাচং স্বস্য ধাত্র্যাঃ প্রণয়জন্যকোপবিলাসেন বল্গুবাচং মনোহরবচনং, সখিবলয়েন বয়স্যসমূহেন সহ কুলবরপরিবেষিকাততীনাং উত্তমকুলোদ্ভবপরিবেষণকারিণীনাং গোপীশ্রেণীনাং বিবাদশর্ম্মজাতং বিবাদেন সুখসমূহং ॥ ১৯৬ ॥

---

পরিপক্বদুগ্ধে বাষ্পদ্বারা পক্বপিষ্টক ও শর্করামিশ্রিত দুগ্ধসার এবং অমৃতবিজয়ি রস বিস্তারের ভবন সদৃশ বিভব সমূহের অগ্রগণ্য রসালা ॥ ১৯৫ ॥

সুরভ সমন্বিত জল ও স্বীয় ধাত্রীর প্রণয় জন্য কোপবিলাস দ্বারা মনোহর বাক্য এবং বয়স্যগণের সহিত কুলশ্রেষ্ঠা পরিবেষিকাগণের পরস্পর বিবাদে সুখ সমূহ ॥ ১৯৬ ॥

Digitized at BRCindia.com

অনুভবদিহ রামকৃষ্ণযুগ্মং
মুহুরপি ভোজনতৃষ্ণতামবাপ।
তদপি চ নিজসেবকেষু ফেলা—
বিতরণকামতয়া ততো ব্যরংসীৎ॥ ১৯৭॥

অষ্টভিঃ কুলকং।

অরসয়দিহ তেমনানি ষষ্টিং
সহসখিসঙ্ঘতয়া স্বয়ং মুরারিঃ।
মুহুরতিসরসানি যানি তত্র
স্পৃহিজনভাবভিদাং বিধুন্বতে স্ম॥ ১৯৮॥

---

অনুভবৎ তত্তৎ সর্ব্বমিত্যর্থঃ রামকৃষ্ণযুগ্মং রামকৃষ্ণযুগলং মুহুরপি পুনরপি ভোজনতৃষ্ণতাং ভোজনে যা তৃষ্ণা স্পৃহা তস্যাঃ ভাবঃ ভোজনতৃষ্ণতা তাং অবাপ প্রাপ্তবান্ তদপি নিজসেবকেষু ফেলাবিতরণকামতয়া প্রসাদার্পণেচ্ছয়া ততঃ ভোজনাৎ ব্যরংসীৎ॥ ১৯৭॥

স্বয়ং মুরারিঃ শ্রীকৃষ্ণঃ ইহ ভোজলীলায়াং ষষ্টিং তৎসঙ্খ্যাকানি তেমনানি ব্যঞ্জনানি সহসখিসঙ্ঘতয়া সখিনিচয়ৈঃ সহ অরসয়ৎ যানি অতিসরসানি অতিশয়রসবিশিষ্টানি তেমনানি, তত্র ভোজনলীলায়াং মুহুঃ অত্যর্থং স্পৃহিজনভাবভিদাং স্পৃহিজনানাং অভিলাষুকজনানাং ভাবভিদাং ভাবভেদং রুচিপ্রভেদং বিধুন্বতে স্ম॥ ১৯৮॥

---

এই সমস্ত অনুভবকারি রাম ও কৃষ্ণ যদিচ পুনর্ব্বার ও ভোজন তৃষ্ণা প্রাপ্ত হইলেন তথাপি স্বীয় সেবক গণের প্রতি প্রসাদ বিতরণ বাসনায় ভোজন হইতে বিরত হইলেন॥ ১৯৭॥

স্বয়ং শ্রীকৃষ্ণ সখী সকলের সহিত মিলিত হইয়া যেই ষষ্টি প্রকার ব্যঞ্জন উপভোগ করিলেন সেই রসযুক্তব্যঞ্জন সকল অভিলাষুকজনগণের ভাবভেদকে অর্থাৎ কাহারও কোন বিশেষ বিশেষরুচিপ্রভেদকে চালিত করিতেছে॥ ১৯৮॥

Digitized at BRCindia.com

সপরিমলজলেন বক্ত্রশুদ্ধিং
বিদধুরমী বত ! তাদৃশেন যত্তু ।
অশনজসুখপূরি সুষ্ঠু চক্রে
হৃদয়গতং কিমপি প্রসাদশাতম্ ॥ ১৯৯ ॥
হিমজলহিমবালুকাসিতাভি-
র্বিরচিতপানকপায়কাঃ সখায়ঃ ।
হিমকরবরগন্ধবীটিকাভিঃ
কৃতমুখবাসতয়া সুখং বিরেজুঃ ॥ ২০০ ॥

---

অমী শ্রীকৃষ্ণাদয়ঃ তাদৃশেন তদ্‌যোগ্যেন সপরিমলজলেন সুরভিযুক্তজলেন বক্ত্রশুদ্ধিং মুখপক্ষালনং বিদধুঃ চক্রুঃ, যৎ হৃদয়গতং হৃদয়স্থিতং কিমপি অপূর্ব্বং প্রসাদশাতং প্রসন্নতাসুখং অশনজসুখপূরি ভোজনজনিতসুখপূর্ব্বকং সুষ্ঠু চক্রে ॥ ১৯৯

হিমজলহিমবালুকাসিতাভিঃ হিমজলং সুশীতলজলঞ্চ হিমবালুকা কর্পূরশ্চ সিতা শর্করাচ তাঃ তাভিঃ বিরচিতপানকপায়কাঃ বিরচিতং নির্ম্মিতং পানকং "সরব"মিত্যাখ্যং পানীয়ং পান্তি যে তে তথোক্তাঃ বিরচিতং পানকং পীতবন্তঃ ইত্যর্থ সখায়ঃ শ্রীকৃষ্ণাদয়ঃ সর্ব্বে। হিমকরবরগন্ধবীটিকাভিঃ--কর্পূর-গন্ধযুক্ততাম্বূলবীটীভিঃ কৃতমুখবাসতয়া বিহিতমুখশুদ্ধিত্বেন সুখং যথা স্যাত্তথা বিরেজুঃ শোভন্তে স্ম ॥ ২০০ ॥

---

শ্রীকৃষ্ণ প্রভৃতি সকলে ভোজনান্তে তদুপযুক্ত সুগন্ধি জলদ্বারা নিজ ২ মুখ প্রক্ষালন করিলেন। এবং হৃদ্‌গত কোন প্রসন্নতারূপ সুখকে ভোজন জনিত সুখের পরিপূরক রূপে বিবেচনা করিলেন ॥ ১৯৯ ॥

শ্রীকৃষ্ণাদি সকলে সুশীতলজল, কর্পূর ও মিশ্রী নির্ম্মিত পানক ( সরবৎ ) পান করিয়া কর্পূর মিশ্রিত তাম্বূলবীটী দ্বারা মুখশুদ্ধি অর্থাৎ তাম্বুল চর্ব্বণ করিতে ২ পরম সুখে বিরাজ করিতে লাগিলেন ॥ ২০০ ॥



Digitized at BRCindia.com

ইতি হরিমুপলভ্য তৃপ্তিমেতা
হরিজননীমুপলম্ভয়াম্বভূবুঃ।
তদশনমমৃতং বিভাতি তস্মিন্
কথমথ তৎকথনং তথা ন তস্যাং ॥ ২০১ ॥
তদনু তদনুগা তু কাপি কাপি
ব্রজকমলা সজতী তদেকশর্ম্মা।
হরিচরিতকথাস্বলম্ভিতাশা
হরিমপি লম্ভয়িতুং দ্রুতং ববাঞ্ছ ॥ ২০২ ॥

---

এতাঃ ধাত্র্যঃ ইতি এবম্প্রকারেণ হরিং তৃপ্তিং সন্তোষং ক্ষুন্নিবৃত্তিমিত্যর্থঃ উপলভ্য প্রাপয়িত্বা হরিজননীং শ্রীযশোদাং উপলম্ভয়াম্বভূবুঃ নিকটং প্রাপুবন্ তস্মিন্ ভোজনস্থানে গ্রামপ্রান্তে উপবনে ইতি যাবৎ তদশনং তস্য প্রসিদ্ধস্য কৃষ্ণস্য বা অশনং ভোজনং অমৃতং অমৃততুল্যং বিভাতি প্রকাশতে। অথ তস্যাং যশোদায়াং তথা তৎপ্রকারে তৎকথনং ভোজনসময়োচিততত্তদ্বর্ণনং কথং ন ভবেৎ? তত্তৎসর্ব্বং তস্যৈ বর্ণয়ামাসুরিতি ভাবঃ ॥ ২০১ ॥

তদনু তৎপশ্চাৎ তদনুগা শ্রীকৃষ্ণস্যানুগতা সজতী তদাশক্তা তদেকশর্ম্মা স শ্রীকৃষ্ণ এব একং শর্ম্ম সুখং যস্যাঃ তথাভূতা কাপি কাপি ব্রজকমলা ব্রজলক্ষ্মীঃ হরিচরিতকথাস্বলম্ভিতাশা—হরেঃ চরিতকথায়াং স্বলম্ভিতা

---

ধাত্রীগণ উক্ত প্রকার ভোজনদ্বারা শ্রীকৃষ্ণের পরিতৃপ্তি বিধান করিয়া কৃষ্ণ জননী যশোদার নিকট গমন করিলেন। গ্রামপ্রান্তে অমৃতময়ী সেই ভোজন লীলা শোভা পাইতেছিল অতএব তাঁহারা যশোদার নিকট ভোজন সময়োচিত লীলা বর্ণন না করিয়া কিরূপে থাকিতে পারেন? সে কারণ তত্তৎ সমুদয় যশোদার সমীপে বর্ণন করিয়াছিলেন ॥ ২০১ ॥

শ্রীকৃষ্ণ, যাহাদিগের একমাত্র সুখস্বরূপ, এবং যাহারা কৃষ্ণানুগতা ও কৃষ্ণের প্রতি আশক্তা এতাদৃশী কোন ২ ব্রজলক্ষ্মী, শ্রীকৃষ্ণের লীলা

Digitized at BRCindia.com

অথ পশুপকুলক্ষিতীশ-পত্ন্যাঃ
স্বমশনকালমধীত্য তত্র যাতাঃ।
তদশনমনু তাং নিষেব্য তদ্গী-
র্বশমশনং রহসা চরন্ত্বমূশ্চ ॥ ২০৩ ॥
অথ মুহুরুপলব্ধগোপরাজ্ঞী-
বচনবলাঃ স্বয়মিচ্ছমানসাশ্চ

---

সু লাপিতা আশা যস্যাঃ তথাভূতা সতী কিম্বা হরিচরিতকথাসু লম্ভিতাশা হরিমপি লম্ভয়িতুং প্রাপ্তুং দ্রুতং শীঘ্রং ববাঞ্ছ অভিলাষমকরোৎ ॥ ২০২ ॥

অথ অনন্তরং পশুপকুলক্ষিতীশপত্ন্যাঃ পশুপকুলানাং গোপানাং ক্ষিতীশঃ-শ্রীনন্দঃ তস্য পত্ন্যাঃ শ্রীযশোদায়াঃ স্বং স্বীয়ং অশনকালং ভোজনকালং অধীত্য স্মৃত্বা তত্র যশোদাসমীপে যাতাঃ গতাঃ তাঃ ইতি শেষঃ। তদশনমনু যশোদায়াঃ ভোজনানন্তরং তাং যশোদাং নিষেব্য ভোজনান্তরং যথোচিতসেবাং কৃত্বা তদ্গীর্বশং যশোদাবাক্যানুবাধিনং অশনং অমূশ্চ কৃষ্ণানুগতাঃ কান্তাঃ রহসা একান্তে চরন্ত বুভুজিরে ॥ ২০৩ ॥

অথ অনন্তরং মুহুঃ বারম্বারং উপলব্ধগোপরাজ্ঞীবচনবলাঃ—উপলব্ধং প্রাপ্তং গোপরাজ্ঞ্যাঃ যশোদায়াঃ বচনমেব বলং যাভিঃ তাঃ স্বয়ং ইচ্ছমানসাঃ

---

কথায় আশা প্রাপ্ত হইয়া তাঁহাকে শীঘ্র পাইবার নিমিত্ত বাঞ্ছা করিতে লাগিলেন ॥ ২০২ ॥

অনন্তর তাঁহারা শ্রীব্রজরাজ গৃহিণী যশোদার ভোজন সময় উপস্থিত হইয়াছে মনে করিয়া যশোদার নিকট গমন করিলেন এবং তাঁহার ভোজনানন্তর তাঁহাকে পরিচর্য্যা করিয়া তদীয় বাক্যানুসারে সকলে নিভৃত স্থানে ভোজন করিয়াছিলেন ॥ ২০৩ ॥

তৎপর শ্রীব্রজেশ্বরীর আদেশ বাক্যে বলবতী এবং স্বয়ং অভিলাষবতী ব্রজ-

নিজনিজকরসাধিতং বিতর্তুং
নিজরমণায় রমা বভূবুরুৎকাঃ ॥ ২০৪
দয়িতমভিসরন্তু তন্তু ধন্যাঃ
শতশতযূথমিতাঃ স এব চাস্থ।
বিরচয়তু গতিং কয়াপি শক্ত্যা
স্মর মম চিত্ত ! মুদা সদাপি রাধাম্ ॥ ২০৫ ॥
শৃণু হৃদয় ! দিশামি রাধিকায়াং
হরিমভিসারয় তত্র তাং কদাপি।

---

অভিলাষবত্যঃ চ রমাঃ ব্রজলক্ষ্ম্যঃ নিজরমণায় শ্রীকৃষ্ণায় নিজনিজকরসাধিতং স্বস্বহস্তনির্ম্মিতং মিষ্টান্নাদিকং বিতর্তুং দাতুং উৎকাঃ উৎসুকাঃ বভূবুঃ ॥ ২০৪ ॥ শতশতযূথমিতাঃ অসংখ্যযূথপরিমিতাঃ ধন্যাঃ কৃতার্থাঃ ব্রজসুন্দর্য্যঃ তং দয়িতং প্রিয়তমং শ্রীকৃষ্ণং অভিসরন্তু অভিসারং কুর্ব্বন্তু। স কৃষ্ণ এব আসু ব্রজাঙ্গনাসু কয়াপি অচিন্ত্যয়া শক্ত্যা গতিং বিরচয়তু। হে মম চিত্ত ! মুদা হর্ষেণ সদাপি অবিরতমপি রাধাং স্মর ॥ ২০৫।

হে হৃদয় ! দিশামি উপদিশামি শৃণু ত্বমিতি শেষঃ। রাধিকায়াং রাধাসমীপে হরিং অভিসারয় অভিসারং কারয়, তত্র কৃষ্ণসমীপে কদাপি কস্মিন্নপি সময়ে

---

সুন্দরীসকল, নিজ নিজ হস্তনির্ম্মিত মিষ্টান্ন প্রভৃতি স্বকান্তকে প্রদান করিবার নিমিত্ত সমুৎসুক হইয়াছিলেন ॥ ২০৪ ॥

অসংখ্য যূথ পরিমিত পরমধন্য ব্রজসুন্দরীগণ, প্রিয়তম শ্রীকৃষ্ণের প্রতি অভিসার করুন এবং শ্রীকৃষ্ণও কোনও অচিন্ত্য প্রভাবময়ী শক্তি দ্বারা ব্রজাঙ্গনাগণের প্রাপ্ত গতি বিরচন করুন অর্থাৎ তাঁহাদিগের সহিত মিলিত হইয়া তাহাদের অভীষ্ট পূরণ করুন। কিন্তু হে আমার মনঃ ! তুমি হর্ষান্বিত হইয়া সর্ব্বদাই শ্রীরাধাকে স্মরণ কর ॥ ২০৫ ॥

হে হৃদয় ! তোমাকে উপদেশ করিতেছি শ্রবণ কর, তুমি শ্রীরাধার সমীপে শ্রীকৃষ্ণকে অভিসার করাও কখন বা শ্রীকৃষ্ণ নিকটে শ্রীরাধাকে অভি-

Digitized at BRCindia.com

দ্বয়মিদমনুপূজনং তদেব
দ্বয়মনু যৎ পুরুতোষপোষকারি ॥ ২০৬ ॥
অথ সহ ধবলাভিরাব্রজন্তং
ব্রজতটসন্নি তুরীয়যামভাগে।
পুরুযুগবিরহাদিবাতিখিন্না
ব্যতিকৃতসত্বরতাবিধায়িজল্পা ॥ ২০৭ ॥
ঘৃতরচিতপচং সুমিষ্টমিষ্টং
তদনু চ ষাড়বসঙ্গিনীং রসালাম্।

তাং রাধাং অভিসারয়,ইদং দ্বয়ং অনুপূজনং সদা সেবনং কুরু ইতি শেষঃ। তদেব দ্বয়ং অভিসারদ্বয়ং যৎ যস্মাৎ পুরুতোষপোষকারি অতিশয়তোষণপোষণকারি ইত্যর্থঃ ॥ ২০৬ ॥

অথ অনন্তরং পুরুযুগবিরহাদিব অনেকযুগবিরহেন যথা কাতরা ভবতি তথা অতিখিন্না অতিশয়খেদান্বিতা, ব্যতিকৃতসত্বরতাবিধায়িজল্পা—অতিত্বরা-যুক্তসখিভিঃ সহ কৃষ্ণবিষয়কবিবিধালাপনপরা, বৃষার্কজাতা বৃষভানুনন্দিনী শ্রীরাধা, দ্রুততরগমনা সত্বরগমনা সতী সখীভিঃ সার্দ্ধং ইষ্টং অভিলষিতং ঘৃতরচিতপচং—ঘৃতপক্বং তদনু তৎ পশ্চাৎ ষাড়বসঙ্গিনীং পানক-মিশ্রিতাং রসযুক্তাং বা রসালাং পেয়বিশেষাং অভিগৃহ্য গৃহীত্বা তুরীয়-

সার করাও এই দুই বিষয় নিরন্তর সেবন কর, যে হেতু সেই অভিসার দ্বয়, অতিশয় তুষ্টি ও পুষ্টি সাধন করিয়া থাকে ॥ ২০৬ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, দিবসের শেষভাগে ধবলা প্রভৃতি গাভীগণের সহিত ব্রজ-সন্নিকটে আগমন করিলে বৃষভানুনন্দিনী, অনেক যুগ পর্য্যন্ত প্রিয় বিরহে কাতরা নারীর ন্যায় কৃষ্ণবিরহে অতিশয় খিন্না হইয়া অতিত্বরাযুক্ত সখীগণের সহিত কৃষ্ণবিষয়ক নানাবিধ কথা বলিতে বলিতে তাহাদিগের সহিত মিলিত হইয়া শ্রীকৃষ্ণের অভিলষিত সুমিষ্ট ঘৃতপক্ক খাদ্যাদি এবং ষাড়ব অর্থাৎ

Digitized at BRCindia.com

দ্রুততরগমনা বৃষার্কজাতা-

ব্রজদভিগৃহ্য সখীভিরাত্মকান্তম্ ॥ ২০৮

যুগ্মকম্।

নিজবনগমনার্হসূক্ষ্মরন্ধ্রং

দ্রুতমতিগম্য বনং প্রবিশ্য সর্ব্বাঃ।

প্রণয়িসবিধদূরতস্তু তস্থু-

র্জড়হৃদয়াঃ স্পৃহয়া চ লজ্জয়া চ ॥ ২০৯ ॥

---

যামভাগে চতুর্থপ্রহরাংশে অহ্নি দিবসে ধবলাভিঃ সহ ব্রজতটং ব্রজসমীপবর্ত্তি-ভূমিং আব্রজন্তং আগচ্ছন্তং আত্মকান্তং স্বপ্রিয়তমং শ্রীকৃষ্ণং অব্রজৎ অগচ্ছৎ ॥ ২০৭—২০৮ ॥

গমনব্যাপারাদ্যবস্থাং বর্ণয়তি নিজেত্যাদিনা। নিজগমনার্হসূক্ষ্মরন্ধ্রং নিজ-গমনযোগ্যনানাবিধবৃক্ষলতাদিপিহিতমার্গং দ্রুতং সত্বরং অতিগম্য অতিক্রম্য সর্ব্বাঃ ব্রজসুন্দর্যাঃ বনং প্রবিশ্য তাঃ স্পৃহয়া মিলনকাঙ্ক্ষয়া লজ্জয়া চ স্বভাবসিদ্ধয়া হ্রিয়া জড়হৃদয়াঃ জড়চিত্তাঃ সত্যঃ প্রণয়িসবিধদূরতঃ প্রাণনাথস কাশাৎ দূরে তস্থুঃ বিরাজমানাঃ বভূবুঃ ॥ ২০৯ ॥

---

পানক বা অন্য কোন রসযুক্তা রসালা (পেয় বিশেষ) গ্রহণ পূর্ব্বক স্বীয় কান্তের নিকট গমন করিলেন ॥ ২০৭—২০৮ ॥

ব্রজাঙ্গনাগণ, দ্রুতবেগে বৃক্ষলতাদি দ্বারা আবৃত নিজগমনযোগ্য নিভৃত পথ অতিক্রমণ পূর্ব্বক বনে প্রবেশ করিয়া কান্তসহ মিলনার্থ অভিলাষ ও স্বভা-বসিদ্ধ লজ্জাদ্বারা জড়ীভূত হইয়া প্রাণনাথের কিঞ্চিৎ দূরবর্ত্তিস্থানে অবস্থান করিয়া রহিলেন ॥ ২০৯ ॥

Digitized at BRCindia.com

হরিরিদমবগম্য রম্যচেতা-
শ্ছলমকরোন্নিখিলেষু বচ্মি তচ্চ।
দিনদিনমনু কাপি দেবতা মাং
কলয়িতুমেতি রহস্ততঃ প্রয়ামি ॥ ২১০ ॥
ত্বরিতমিহ তু যূয়মাব্রজন্তং
কলয়ত মামিতি দূরতামুপেত্য।
অথ কিমুচিতমিত্থমূহমান-
স্ত্রিচতুরবালকসঙ্গি তিষ্ঠতি স্ম ॥ ২১১ ॥

---

রম্যচেতাঃ রমণীয়মনাঃ হরিঃ ইদং কান্তাদীনামাগমনং অবগম্য জ্ঞাত্বানিখিলেষু বয়স্যাদিষু ছলং অকরোৎ। (হে চিত্ত!) তচ্চ ছলং বচ্মি ত্বাং প্রতি ইতি শেষঃ। কিয়ৎ দিনদিনমনু প্রতিদিনং কাপি দেবতা রহঃ নির্জ্জনে মাং কলয়িতুং দ্রষ্টুং এতি আগচ্ছতি ;ততঃ তস্মাৎ রহঃ অত্রৈব বায়য়ঃ প্রয়ামি গচ্ছামি অহ মতি শেষঃ ॥ ২১০ ॥

যূয়ং ত্বরিতং দ্রুতং দূরতাং দূরদেশং উপেত্য প্রাপ্য ইহ পথিমধ্যে (অত্রৈব ত্বরিতমিত্যস্যান্বয়ো বা) আব্রজন্তং আগচ্ছন্তং মাং কলয়ত পশ্যত অথ অনন্তরং কিমুচিতং কিংকর্ত্তব্যং ইত্থং অনেকপ্রকারেণ উহমানঃ বিতর্কমানঃ ত্রিচতুর-বালকসঙ্গি যথা ভবতি তথা তিষ্ঠতি স্ম। এতে চত্বারঃ বালকাঃ শ্রীকৃষ্ণস্য অন্তঃ-করণরূপাঃ মনঃবুদ্ধিচিত্তাহঙ্কারবৎ সদা সহচরাঃবিহরন্তি ॥ ২১১

---

রম্যচেতা শ্রীকৃষ্ণ, কান্তাগণের আগমন জানিতে পারিয়া বয়স্যাদিগের প্রতি ছল করিলেন, হে চিত্ত! তাহাই বলিতেছি শ্রবণ কর। কৃষ্ণ বলিলেন হে বয়স্যগণ! প্রতি দিন কোন দেবতা আমাকে দেখিবার নিমিত্ত নির্জ্জনে আগমন করিয়া থাকেন অতএব আমি নিভৃত স্থানে যাইতেছি ॥ ২১০ ॥

তোমরা এখান হইতে কিঞ্চিৎদূরে গমন করিয়া এই পথমধ্যেই অবিলম্বে আমাকে মিলিত দেখিতে পাইবে। অনন্তর "কি করা উচিত" এই প্রকারে বিতর্ক করিয়া তিন চারিজন বালক সঙ্গে করিয়া অবস্থিত হইলেন ॥ ২১১ ॥

Digitized at BRCindia.com

অথ কথিতচরাঃ সখীসদৃক্ষা
নবনববর্ষধরা হরিং পরীত্য।
স্বগতমুত তদীয়মিষ্টমর্থং
সমঘটয়ন্ সহসা বভাষিরে চ ২১২ ॥
ব্রজনৃপসুত! তাঃ সদা ভজন্তে
নবনবতাং তদমূঃ সদা কুমার্য্যঃ।
অপিধৃতসুবৃহদ্‌ব্রতাস্তদাসাং
তব মুরলী ক্ষিপতি ব্রতং মুহুশ্চ ॥ ২১৩ ॥

---

অথ অনন্তরং কথিতচরাঃ প্রাক্‌কথিতাঃ সখীসদৃক্ষা সখীজনতুল্যা অতিবিশ্বস্তা নবনববর্ষধরাঃ চত্বারঃ বালকাঃ হরিং শ্রীকৃষ্ণং পরীত্য বেষ্টয়িত্বা স্বগতং মনোগতং তদীয়ং শ্রীকৃষ্ণসম্বন্ধিনং ইষ্টং অভিলষিতং অর্থং প্রয়োজনং সমঘটয়ন্ সহসা বভাষিরে উচুঃ ॥ ২১২ ॥

ব্রজনৃপসুত! তাঃ কুমার্য্যাঃ সদা নবনবতাং নবনবভাবং ভজন্তে, তৎ তস্মাৎ অমূঃ সদা কুমার্য্যাঃ কুমারীভাবাপন্না অপিধৃতসুবৃহদ্‌ব্রতাঃ অপিধৃতং নিশ্চয়েন সুবৃহদ্‌ব্রতং যাভিঃ তাঃ তৎ তস্মাৎ আসাং কুমারীণাং ব্রতং তব মুরলী মুহুঃ বারম্বারং ক্ষিপতি ॥ ২১৩ ॥

---

অনন্তর পূর্ব্বে যাহাদিগের বৃত্তান্ত বর্ণিত হইয়াছে সখীজনতুল্য সেই বর্ষধর বালক চতুষ্টয়, কৃষ্ণের চতুর্দ্দিগে অবস্থিত হইয়া স্বগত অথচ কৃষ্ণের ইষ্ট অর্থ সহসা সঙ্ঘটন পূর্ব্বক কহিতে লাগিলেন ॥ ২১২ ॥

হে ব্রজরাজ-নন্দন! সেই কুমারী সকল নিত্য নূতন নূতন ভাব অবলম্বন করেন বলিয়া ইহারা সদাই কুমারী ও সুবৃহদ্‌ব্রতধারিণী কিন্তু তোমার মুরলী বারবার ইহাদের ব্রতের বিঘ্ন আচরন করিয়াথাকে ॥ ২১৩ ॥

Digitized at BRCindia.com

হরিরিদমববুধ্য সুধাধীশঃ
সহসিতমাহ কথং ক্ক বাত্র দোষঃ।
অহমপি স কুমার এব তস্মা-
দভিগমনং ময়ি যুক্তমেব তাসাম্ ॥ ২১৪ ॥
তদপি চ বত! তা ব্রতেন খিন্নাঃ
পুনরিয়দাগমনং ন তাসু যুক্তম্।
ইতি যদভিগতং তদেব তাসাং
বয়মনুযাম তথা সদাশ্রিয়াম ॥ ২১৫ ॥

---

সুধাধীশঃ সুধীনামপি অধীশঃ অধীশ্বরঃ হরিঃ শ্রীকৃষ্ণঃ ইদং বচনং বালকানাং ভাবম্বা অববুধ্য জ্ঞাত্বা সহসিতং সহাস্যং যথা স্যাত্তথা আহ—কথং অত্র ক্ক দোষঃ যতঃ অহমপি স প্রসিদ্ধঃ কুমার এব তস্মাৎ তাসাং কুমারীণাং ময়ি কুমারে অভিগমনং যুক্তমেব ॥ ২১৪ ॥

যদ্যপি তাঃ কুমার্য্যঃ ব্রতেন খিন্নাঃ কাতরাঃ তদপি পুনঃ ইয়দাগমনং এতাবদ্দূরমাগমনং তাসু কুমারীষু ন যুক্তং ইতি এবম্প্রকারঃ তাসাং যদভিগতং তদেব বয়ং তাসাং অনুযাম তথা সদা আশ্রয়াম ॥ ২১৫ ॥

---

সুধীগণের অধীশ্বর শ্রীকৃষ্ণ, অন্তরঙ্গ বালকদিগের এই ভাব বুঝিতে পারিয়া সহাস্যে কহিলেন—কেন ইহাতে দোষ কি আছে? যে হেতু আমিও কুমারই বটি, অতএব আমার প্রতি এই কুমারীগণের যে অনুরাগ বশতঃ অভিগমন তাহা যুক্তই হইয়াছে। ২১৪ ॥

আহা! যদি তাহারা ব্রতখিন্না হইয়া থাকে তবে তাহাদের এতদূর আগমন সঙ্গত নহে এই প্রকার যদি তাহাদের অভিমত হয় তাহা হইলে আমরা কুমারীগণের অনুগমন এবং নিয়ত আশ্রয় গ্রহণ করি। ২১৫॥

ইতি স পরিহসন্নমূনমূষাং
হৃদি মুরলীজনিমোহনন্তু জানন্।
সকরুণদৃগমূং সমীপমঞ্চন্
প্রচুরসখীমিলিতাং দদর্শ রাধাম্ ॥ ২১৬ ॥
হরিমিলনবিদূরভাবনাতঃ
ক্বচনচ দৃষ্টিবিসৃষ্টিযুক্তনেত্রাঃ।
হরিতনুমবলোক্য তাস্তু সাক্ষাৎ
কুচিতবপুর্লঘু লিলিন্যিরে লতাসু ॥ ২১৭ ॥

---

—ইতি এবম্প্রকারেণ স শ্রীকৃষ্ণঃ অমূন্ বালকান পরিহসন্ পরিহাসং কুর্ব্বন্ অমূষাং ব্রজসুন্দরীণাং হৃদি হৃদয়ে মুরলীজনিমোহনং মুরলীধ্বনিজন্যসম্মোহন-মিত্যর্থঃ জানন্ সকরুণদৃক্ কৃপাযুক্তনেত্রঃ সন্ অমূং রাধাং সমীপং অঞ্চন গচ্ছন্ প্রচুরসখীমিলিতাং অনেকসহচরীসঙ্গতাং রাধাং দদর্শ ॥ ২১৬ ॥

হরিমিলনবিদূরভাবনাতঃ শ্রীকৃষ্ণমিলনায় প্রভূতচিন্তায়াঃ যদ্বা হরিমিলনাৎ বিদূরা ভাবনা চিন্তা তস্মাৎ কেনোপায়েন কৃষ্ণসম্মিলনং ভবিষ্যতি ইত্যাদ্যর্থমতি-শয়প্রগাঢ়ভাবনায়াঃ ইত্যর্থঃ ক্বচনচ কুত্রাপি স্থানে দৃষ্টিবিসৃষ্টিযুক্তনেত্রাঃ দৃষ্টি-নিক্ষিপ্তযুক্তনয়নাঃ তাঃ ব্রজদেব্যঃ সাক্ষাৎ প্রত্যক্ষতঃ হরিতনুং কৃষ্ণদেহং অবলোক্য নিরীক্ষ্য কুচিতবপুঃ সঙ্কুচিতাঙ্গং যথা স্যাত্তথা লতাসু লতান্তরালেষু লঘু লিলিন্যিরে লীনাঃ বভূবুঃ ॥ ২১৭ ॥

---

শ্রীকৃষ্ণ, এই প্রকারে অন্তরঙ্গ বালকদিগকে পরিহাস করিয়া ব্রজাঙ্গনা-দিগের হৃদয়ে মুরলী ধ্বনিজনিত সম্মোহন অবগত হইয়া সকরুণ নেত্রে শ্রীরাধার সমীপে গমন পূর্ব্বক তাহাকে বহু সখীগণে মিলিতা দেখিতে পাইলেন ॥ ২১৬ ॥

ব্রজসুন্দরীগণ, "শ্রীকৃষ্ণের সহিত কি প্রকারে মিলন হইবেন" ইত্যাদি বিষয়ক নানাবিধ চিন্তা বশতঃ কোন স্থানে দৃষ্টি নিক্ষিপ্তযুক্ত নেত্রা

Digitized at BRCindia.com

অথ হরিরনুনীয় তাঃ পুরস্তাৎ
পরিবলয়ন্নুপহারমাদদানঃ।
স্বহৃদি সুখসুখং প্রসজ্য তাভিঃ
প্রততপরস্পরশর্ম্মতাং দধার ॥ ২১৮ ॥
যদপি সময়ভেদতঃ সমগ্রা
দধতি তদাস্পদতাং ভুবঃ ক্রমস্থাঃ।

অথ অনন্তরং হরিঃ সর্ব্বমনোহরঃ শ্রীকৃষ্ণঃ তাঃ কান্তাঃ অনুনীয় অনুনয়ং কৃত্বা পুরস্তাৎ অগ্রতঃ অগ্রদেশে ইত্যর্থঃ পরিবলয়ন্ অর্দ্ধচন্দ্রাকারবৎ সম্মুখে সংবেষ্টয়ন্ স্বহৃদি তাসাং উপহারং বন্যকুসুমহারাদ্যুপঢৌকং আদদানঃ গৃহ্লাণঃ। আদধান ইতি পাঠে তাঃ প্রতি আদদানঃ দদানঃ ইত্যর্থঃ; স্বহৃদি ইতি পরেণা-ন্বয়ঃ তাভিরিতি অত্রান্বয়ঃ সোঢব্যঃ তাভিঃ সহ সুখসুখং পরমসুখং যথা ভবতি তথা প্রসজ্য আলিঙ্গ্য প্রততপরস্পরশর্ম্মতাং বিস্তৃতান্যোন্যসুখত্বং পরস্পরাতিশয়সৌখ্যমিতিযাবৎ দধার ॥ ২১৮ ॥

হে চিত্ত! যদপি সময়ভেদতঃ কালভেদতঃ ক্রমস্থাঃ সমগ্রাঃ ভুবঃ পৃথিব্যাঃ তদাস্পদতাং ভগবদধিষ্ঠানত্বং কিম্বা মিলনযোগ্যতাং দধতি। তদপি তথাপি

---

অর্থাৎ একদৃষ্টে নেত্রপাত করিয়া রহিলেন, ইতি মধ্যে অকস্মাৎ সমাগত শ্রীকৃষ্ণকে সাক্ষাৎ অবলোকন করায় লজ্জাভরে সঙ্কুচিত দেহে লতান্তরালে লুক্কায়িত হইয়া রহিলেন ॥ ২১৭ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, কান্তাগণকে যথোচিত অনুনয়াদি সন্মান করিয়া তাহাদিগকে অগ্রদেশে অর্দ্ধচন্দ্রাকারে সম্বেষ্টন করাইয়া বন্য-কুসুমহারাদি উপহার প্রদান পূর্ব্বক [ অথবা স্বীয় বক্ষে তাহাদিগের উপহার গ্রহণ করতঃ ] কান্তাদিগের সহিত পরম সুখে আলিঙ্গন করিয়া পরস্পরের অত্যন্ত সুখ বিধান করিলেন অর্থাৎ স্বয়ং সুখী ও তাহাদিগকে সুখ প্রদান করিলেন ॥ ২১৮ ॥

হে চিত্ত! যদ্যপি সময় ভেদে ক্রমস্থ সমগ্র পৃথিবী তদাস্পদতা ধারণ

Digitized at BRCindia.com

তদপি দিগবলোকনায় যোগ্যং
নিশময় চিত্ত ! তদেতদদ্য ধাম ॥ ২১৯ ॥

পুরুমণিচয়চারুশোভিগোবৰ্দ্ধ-
শিবদিগ্ গতসানুনি প্রশস্তে
সুরতরুজয়িভূরুহালিশালি-
প্রসবসমুচ্চয়মণ্ডিকুণ্ডযুগ্মম্ ॥ ২২০ ॥

অনুপমিতিতদন্তরালবালে
মৃহুমৃহু মারুতভাজিকেলিধাম্নি।

---

দিগবলোকনায় দিগ্ দর্শনার্থং তৎ প্রসিদ্ধং এতদ্ যোগ্যং ধাম নিশময় শৃণু ॥ ২১৯ ॥

চতুঃশ্লোকৈস্তাবদ্ধাম বর্ণয়তি পুরুমণীত্যাদিভিঃ। প্রশস্তে প্রশংসনীয়ে পুরুমণিচয়চারুশোভগোবর্দ্ধনশিবদিগ্ গতসানুনি—পুরুমণিচয়ানাং প্রচুরমণি-সমূহানাং পুরুমণিচয়ৈঃ বা চারুশোভগোবর্দ্ধনস্য মনোহরসৌন্দর্য্যান্বিত-গোবর্দ্ধনস্য শিবদিগ্ গতসানুনি ঈশানদিগ্ গতগিরিতটে, সুরতরূন্ কল্প-বৃক্ষান্ জেতুং শীলং যেষাং তে সুরতরুজয়িনঃ যে ভূরুহাঃ তেষাং আলি-শালী শ্রেণীযুক্তঃ যঃ প্রসবসমুচ্চয়ঃ পুষ্পফলসমূহঃ তেন মণ্ডি শোভি-কুণ্ডযুগ্মং শ্রীরাধাকুণ্ডশ্যামকুণ্ডদ্বয়ং, অনুপমিতিতদন্তরালবালে নিরুপম-তন্মধ্যগতালবালে, মৃহুমৃহুমারুতভাজি কেলিধাম্নি মন্দমন্দপবনযুক্তে বিহার-ধাম্নি পরিমলবনে পুষ্পাদিসৌরভময়বনে কৃষ্ণবর্ণহৃষ্টভ্রমরসমূহস্য রবক্রমচয়েন

---

করিয়া থাকে তথাপি অদ্য দৃগ্ দর্শনার্থ প্রসিদ্ধ এই যোগ্য ধাম বিষয়ক বাক্য শ্রবণ কর ॥ ২১৯ ॥

প্রচুর মণিসমূহ দ্বারা মনোহর শোভাযুক্ত শ্রীগোবর্দ্ধনের ঈশান দিক্‌গত প্রশস্ত গিরিতটে সুরদ্রুমজয়ী বৃক্ষ ও তাহার ফলপুষ্পে মণ্ডিত শ্রীশ্যামকুণ্ড ও রাধাকুণ্ড বিরাজ করিতেছেন, নিরুপম তন্মধ্যগত আলবালে মৃহুমৃহু পবনযুক্ত

Digitized at BRCindia.com

পরিমলবনকৃষ্ণধৃষ্টহৃষ্ট-
ভ্রমররণক্রমজাতজাতসাম্নি ॥ ২২১ ॥
মুরজিদুপবিশন্ স্মিতার্পিতাশী-
রসিতমণিপ্রণিধানহারিভাসী ।
কনকগণমনঃ প্রকামমান-
প্রবসনকৃদ্বসনশ্রিয়াং নিবাসী ॥ ২২২ ॥
নিজবররমণীসুবর্ণবর্ণ-
ব্রততিততিস্মিতপারিজাতজাতিং ।
অনুভবপদবীং নয়ন্নয়ং স
প্রমদমদস্থগনায় নাপ সাতিং ॥ ২২৩ ॥

চতুর্ভিঃ ॥

---

জাতং সাম যত্র তস্মিন্, স্মিতার্পিতাশীঃ স্মিতেন ঈষদ্ধাস্তেন অর্পিতা আশীরিব আশীঃ যেন সঃ, অসিতমণিপ্রণিধানহারিভাসী অসিতমণেঃ ইন্দ্রনীলমণেঃ যৎ প্রণিধানং প্রযত্নং তদ্ধরণশীলা ভাঃ কান্তিঃ বিদ্যতে অস্য সঃ, কনকগণমনঃ প্রকামমানপ্রবসনকৃৎ, বসনশ্রিয়াং বস্ত্রশোভানাং নিবাসী অয়ং স মুরজিৎ শ্রীকৃষ্ণঃ উপবিশন্ তিষ্ঠন্ সন্ নিজবররমণীসুবর্ণবর্ণব্রততিততিস্মিতপারিজাতজাতিং নিজবররমণ্যঃ স্বীয়শ্রেষ্ঠরমণ্য এব সুবর্ণবর্ণব্রততিততয়ঃ "তন্—ক্তিঃ" স্বর্ণবর্ণবল্লীশ্রেণ্যঃ তাসাং স্মিতমেব পারিজাতজাতিং পারিজাতকুসুমনিচয়ং অনুভবপদবীং জ্ঞানগোচরপদ্ধতিং নয়ন্ প্রাপয়ন্ প্রমদমদস্থগনায় আনন্দতজ্জনিতানন্দসম্বরণায় সাতিং অবসানং নাপ ন প্রাপ্তবান্ ইত্যর্থঃ ॥ ২২০—২২৩ ॥

---

কেলিভবনে এবং পরিমলযুক্ত বনে কৃষ্ণাঙ্গ ধৃষ্ট ও হৃষ্ট ভ্রমরগণের ধ্বনি ক্রমসমূহে যেন সামবেদধ্বনি উৎপন্ন হইতে লাগিল। এতাদৃশ স্থানে ইন্দ্রনীলমণির কান্তিবিজয়ী ও কনকবিনিন্দিত প্রকৃষ্ট বসনধারি শ্রীকৃষ্ণ উপবেশন পূর্ব্বক হাস্য দ্বারা প্রিয়াগণের প্রতি আশীর্ব্বাদ অর্পণ করিতেছেন এবং তিনি সুবর্ণ

Digitized at BRCindia.com

ক্বচ যদি গণনাতিগাঃ সহায়াঃ
স্থলমপুরুপ্রথমেককশ্চ কৃষ্ণঃ।
তদপি ভবতি সাবকাশরীতি-
ত্রয়মপি চিত্ত ! বিচিত্রমত্র পশ্য ॥ ২২৪ ॥
যদপি সুবহবস্তদীয়কান্তা
নিজনিজগর্ব্বধরাধরাদবন্ধ্যাঃ।

---

যদিচ ক্ব কুত্রাপি স্থলে গণনাতিগাঃ সহায়াঃ সখিজনাঃ অপুরুপ্রথং অনধিকবিস্তারং স্থলং লীলাস্থলং একঃ কৃষ্ণঃ। তদপি তথাপি সাবকাশরীতিত্রয়মপি ভবতি হে চিত্র! অত্র বিচিত্রং পশ্য। ভাবশ্চায়ং এক এব কৃষ্ণঃ নিখিলগোগণকণ্ডুয়নাদিমনোরঞ্জনবয়স্যগণসহিতযথোচিতখেলনাদিতত্তল্লীলাস্থানগততত্তল্লীলাসমাধানং কৃতবান্ ॥ ২২৪ ॥

যদপি তদীয়কান্তাঃ শ্রীকৃষ্ণকান্তাঃ সুবহবঃ অনেকাঃ নিজনিজগর্ব্বধরাধরাৎ স্বস্বগর্ব্বরূপপর্ব্বতারোহণাৎ অবন্ধ্যাঃ সার্থকাঃ ভবন্তি। তদপি হে চিত্ত!

---

বর্ণলতাতুল্য নিজ কান্তাগণের বর্ণ ও তাহাদের পারিজাত সদৃশ হাস্যকে দর্শন করিয়া আনন্দ জনিত আনন্দ সম্বরণ করিবার নিমিত্ত অবসান প্রাপ্ত হইলেন না ॥ ২২০—২২৩ ॥

হে চিত্ত! যদিও কোন স্থানে অসংখ্য গোগণ, কোনস্থানে অসংখ্য সখাগণ এবং লীলাস্থলও বহুতর রহিয়াছে, পরন্তু শ্রীকৃষ্ণ একমাত্র হইলেও, এই বিষয়ে বিচিত্র সাবকাশ রীতিত্রয় অর্থাৎ কণ্ডূয়নাদি দ্বারা নিখিল গোগণের মনোরঞ্জন, সখাগণের সহিত যথোচিত খেলাদি এবং লীলাস্থানে যথাবসরে সে সে লীলা সমাধান অর্থাৎ কান্তাগণের সহিত লীলা প্রভৃতি একই শ্রীকৃষ্ণ অচিন্ত্যশক্তি প্রভাবে এই সকল সমাধান করিয়া থাকেন ॥ ২২৪ ॥

হে চিত্ত! যদিও শ্রীকৃষ্ণের বহু বহু কান্তাগণ নিজ নিজ গর্ব্বরূপ পর্ব্বতা-

Digitized at BRCindia.com

তদপি কলয় চিত্ত ! সা তু রাধা
নিখিলপুরঃসরতাং গতা বিভাতি ॥ ২২৫ ॥
হরিমনু রসনীয়মেতয়া যৎ
পরিপরিবেবিষিতমত্র তত্তু ভাব্যম্।
রসততিরিহ পর্য্যবেষিয়ান্যা
কথমথ সা পরিচেয়তাং প্রয়াতু ॥ ২২৬ ॥
নয়নবলনয়ান্বসূচি কিঞ্চি-
ন্নিটিলকচালনয়া তথান্যদত্র।

---

কলয় পশ্য সা রাধা নিখিলপুরঃসরতাং সর্ব্বাগ্রতাং গতা বিভাতি রাজতে ॥ ২২৫ ॥

এতয়া শ্রীরাধয়া অত্র হরিমনু হরিং প্রতি যৎ রসনীয়ং আস্বাদনীয়ং ভোগ্যং পরি সর্ব্বতোভাবেন পরিবেবিষিতং ভক্ষ্যবস্তুনঃ বিভাগপূর্ব্বকসমর্পণং তৎ ভাব্যং চিন্তনীয়ং। ইহ পর্য্যবেষিয়ান্যা রসততিঃ রসসমূহঃ অথ কথং সা রসততিঃ পরিচেয়তাং পরিচয়যোগ্যতাং প্রযাতু ॥ ২২৬ ॥

তয়া প্রসিদ্ধয়া রমণ্যা কৃষ্ণমনোমোহিন্যা নিত্যপ্রিয়য়া রাধয়া নয়নবলনয়া নেত্রসঞ্চালনেন প্রিয়তমপৃষ্টতমং শ্রীকৃষ্ণকর্ত্তৃকজিজ্ঞাসিতবাক্যবরং তথাত্র অন্যৎ

---

রোহণ বশতঃ সার্থক অর্থাৎ ধন্য হইয়াছেন, তথাপি দেখ—সেই শ্রীরাধা সর্ব্বাগ্রগামিনী হইয়া শোভা পাইতেছেন ॥ ২২৫ ॥

হে চিত্ত ! আর এই শ্রীরাধা, শ্রীকৃষ্ণকে যে ভোজ্য সামগ্রী সকল পরিবেষণ করিয়াছেন তাহাই ভাবনাকর। অন্য কর্ত্তৃক পরিবেষিত রসসমূহ কি প্রকারে পরিচয় প্রাপ্ত হইবে। অর্থাৎ অসংখ্য গোপীগণ অতএব অসংখ্য তাহাদের প্রদত্ত ভোজ্যবস্তু বলিয়া কেবল শ্রীরাধা প্রদত্ত পরিবেষিত ভোজ্যই চিন্তা কর ॥ ২২৬ ॥

শ্রীরাধা, নয়নসঞ্চালন দ্বারা স্বীয় প্রিয়তমের জিজ্ঞাসিত বাক্যের উত্তর প্রদান করিলেন। এবং কোন কোন বাক্যের উত্তর কিঞ্চিৎ মস্তক চালনা

Digitized at BRCindia.com

মৃদুতরবচসা তথাপরঞ্চ
প্রিয়তমপৃষ্টতমং তয়া রমণ্যা ॥ ২২৭ ॥
হরিরথ বিবিধং বিভজ্য ভোজ্যং
পৃথুপৃথুকানপি তান্ মুদোপযোজ্য।
সুখমনুসরসং জগাম যত্ত-
ন্নহি মুখতঃ প্রথনায় তস্য শেকে ॥ ২২৮ ॥
অশনরসনয়া জগাম তৃপ্তিং
নতু দৃশি রোচনয়া মুরারিরস্যাঃ।

বাক্যং কিঞ্চিন্নিটিলচালনয়া শিরশ্চালনেন তথা পরঞ্চ বাক্যং মৃদুতরবচসা মন্দমন্দবচনেন অন্বসূচি অনুসূচিতং ॥ ২২৭ ॥

অথ অনন্তরং হরিঃ শ্রীকৃষ্ণঃ তান্ পৃথুপৃথুকানপি বালকান বিবিধং ভোজ্যং বিভজ্য বিভাগং কৃত্বা মুদা উপযোজ্য ভুক্ত্বা যৎ সুখমনু সরসং জগাম প্রাপ তস্য তৎ প্রথনায় বিস্তরায় মুখতঃ মুখেন ন শেকে। অথবা হরিঃ বিবিধং ভোজ্যং বিভজ্য তান্ পৃথুকান্ উপযোজ্য যথাস্থানে যোজয়িত্বা উপবেশয়িত্বা স্বয়ং সুখমনু মুখে সরসং রসসহিতং কিম্বা সরসং রসযুক্তং সুখং জগাম প্রাপ্তঃ অন্যৎ সমানং ॥ ২২৮ ॥

মুরারিঃ শ্রীকৃষ্ণঃ অশনরসনয়া ভোজনাস্বাদনেন তৃপ্তিং জগাম প্রাপ, তু কিন্তু অস্যাঃ প্রিয়ায়াঃ রাধায়াঃ দৃশিরোচনয়া নয়নভঙ্গ্যাদিভাবদর্শনাস্বাদনেন

করিয়া ও কোন বাক্যের উত্তর মন্দ মন্দ বচনদ্বারা সূচনা করিতে লাগিলেন ॥ ২২৭ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ সেই বিবিধ ভোজ্য দ্রব্য সখাগণকে বিভাগ করিয়া স্বয়ং ও ভোজন করিলেন। সেই ভোজনে যে সুখের সরসতা প্রাপ্ত হইলেন তাহা এক মুখে বিস্তার করিতে আমার সামর্থ নাই ॥ ২২৮ ॥

যদিচ শ্রীকৃষ্ণ, ভোজনাস্বাদনে পরিতৃপ্তি হইলেন বটে পরন্তু শ্রীরাধার নেত্র-

Digitized at BRCindia.com

তদপি মধুরিপু র্গবাং ব্রজায়
ব্রজনমনুব্রজিতুং ততো ব্যরংসীৎ ॥ ২২৯ ॥
অথ মুখকর-শোধনায় তস্মিন্
সুরভিজলাদিকমর্পিতং সখীভিঃ।
যদনু সুরভিতং ন চাস্য-মাত্রং
সুরভিতমাচরদপ্যমুষ্য চিত্তম্ ॥ ২৩০ ॥
অশনপদমিদং বিসৃজ্য কৃষ্ণঃ
সুভগমতঃ পুরতঃ স্থলং সমিত্য।
সুখমনু মুখবাসনং প্রিয়াভিঃ
সহ রসয়ন্ মুখবাসনং জগাম ॥ ২৩১ ॥

---

তৃপ্তিং ন প্রাপ ইতি ভাবঃ। তদপি অতৃপ্তেরপি মধুরিপুঃ মধুহন্তা গবাং গোসমূহানাং ব্রজায় গোষ্ঠস্থানগমনায় ব্রজনমনুব্রজিতুং গমনমনুগন্তুং ততঃ তৃপ্তেঃ পূরণাৎ ব্যরংসীৎ বিরতো বভূব ॥ ২২৯ ॥

অথ অনন্তরং সখীভিঃ তস্মিন্ কৃষ্ণে মুখকরশোধনায় সুরভিজলাদিকং অর্পিতং যদনু আস্যমাত্রং বদনমাত্রং ন সুরভিতং সৌরভযুক্তং অপিতু অমুষ্য শ্রীকৃষ্ণস্য চিত্তমপি সুরভিতং আচরৎ ॥ ২৩০ ॥

কৃষ্ণঃ ইদং অশনপদং ভোজনস্থানং বিসৃজ্য পরিত্যজ্য অতঃ পুরতঃ

---

গোসমূহের গমনার্থ তাহাদের অনুগমন করিবার নিমিত্ত ঐ তৃপ্তি পূরণ করিতে যত্ন না পারিয়া তাহা হইতে বিরত হইলেন ॥ ২২৯ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের ভোজন সমাপন হইলে ললিতাদি সখীগণ তাহার মুখ ও হস্তাদি প্রক্ষালনার্থ সুগন্ধ সলিলাদি অর্পণ করিলেন। সেই সুগন্ধ জলে শ্রীকৃষ্ণের বদনমাত্রই যে সুরভিত হইয়াছিল এমত নহে, পরন্তু তাহার চিত্ত পর্য্যন্ত সুরভিত হইয়াছিল ॥ ২৩০ ॥

শ্রীকৃষ্ণ এই ভোজনস্থান পরিত্যাগ করিয়া ইহার অগ্রবর্ত্তি পরম রমণীয়



Digitized at BRCindia.com

তদনু চ পরিতঃ সখীসখীভি-
র্নিজনিজশিল্পবিলাসহারমাল্যম্।
উপহৃতিপদতামনায়ি তচ্চ
প্রতিরুচিভিশ্চিতমুল্ললাস তস্য ॥ ২৩২ ॥

অসিতমণিসুবর্ণবর্ণমাগা-
দভিমুখতাং মিথুনং মিথস্তদত্র।
প্রতিফলিততয়া বিলোক্য যত্তু
ব্যতিষজ্জমানমিব স্মিতং সখীভিঃ ॥ ২৩৩ ॥

---

অগ্রে সুভগং সুন্দরং স্থলং সমিত্য প্রিয়াভিঃ সহ সুখমনু মুখবাসনং রসয়ন্ আস্বাদয়ন্ মুখবাসনং মুখসুগন্ধিকরণং জগাম প্রাপ্তঃ ॥ ২৩১ ॥

তদনু তৎপশ্চাৎ সখীসখীভিঃ পরিতঃ নিজনিজশিল্পবিলাসহারমাল্যং উপহৃতিপদতাং অনায়ি তচ্চ প্রতিরুচিভিঃ চিতং সঞ্চিতং তস্য কৃষ্ণস্য চিত্তং উল্ললাস ॥ ২৩২ ॥

অসিতমণিসুবর্ণবর্ণং নীলমণিবর্ণকৃষ্ণঃ সুবর্ণবর্ণরাধা ইত্যর্থঃ। তৎ মিথুনং রাধাকৃষ্ণযুগলং মিথঃ পরস্পরমত্র অভিমুখতাং আগাৎ সংপ্রাপ্তঃ। সখীভিঃ প্রতিফলিততয়া তয়োঃ দিব্যাঙ্গপ্রতিবিম্বতয়া ব্যতিষজমানমিব পরস্পরসংযুক্তমিব বিলোক্য দৃষ্ট্বা স্মিতং হাস্যং কৃতং ॥ ২৩৩ ॥

---

স্থানে গমন পূর্ব্বক প্রিয়াদিগের সহিত সুখে তাম্বূল আস্বাদন করায় বদন সুগন্ধযুক্ত হইল ॥ ২৩১ ॥

অনন্তর চারিদিক্ হইতে সখীগণ আপন আপন শিল্প রচিত হার মাল্য সকল উপচার স্বরূপে আনয়ন করিলেন। তাহা প্রত্যেকের রুচিঅনুসারে নির্ম্মিত হওয়ায় শ্রীকৃষ্ণের অত্যন্ত উল্লাস হইল ॥ ২৩২ ॥

সুবর্ণবর্ণ ও নীলকান্তমণির বর্ণতুল্য সেই রাধাকৃষ্ণ যখন তথায় পরস্পর অভিমুখী হইলেন, তখন সখীগণ উভয়ের প্রতিবিম্ব উভয়ের অঙ্গে পরস্পর সংলগ্ন সদৃশ দেখিয়া হাস্য করিতে লাগিলেন ॥ ২৩৩ ॥

Digitized at BRCindia.com

অথ বিদধদমুষু নর্ম্মবাচং
স্বয়মনু সংদধদপ্যমূমমূষাম্ ।
অমৃতসরিতি সেককেলিমাভিঃ
সমমমত স্ফুটমচ্যুতশ্চিরায় ॥ ২৩৪ ॥
অথ হরিরবদদ্‌গবাবনায়
ত্বরিগহনান্তরহং রহঃ প্রয়ামি ।
পুরু মম জননীনিদেশতুষ্টি-
প্রথনকৃতে ত্বমপি ব্রজং প্রয়াহি ॥ ২৩৫ ॥

---

অথ অমূষু প্রিয়াসু নর্ম্মবাচং বিদধৎ কুর্ব্বন্ স্বয়মনু অমূষাং প্রিয়াণাং অমূং নর্ম্মবাচং সংদধৎ অচ্যুতঃ কৃষ্ণঃ আভিঃ প্রিয়াভিঃ সমং অমৃতসরিতি সুধানদ্যাং সেককেলিং অভিষেকরূপক্রীড়াং স্ফুটং চিরায় চিরকালং ব্যাপ্য সমমমত ॥ ২৩৪ ॥

অথ অনন্তরং হরিরবদৎ উক্তবান্—গবাবনায় গবাং রক্ষণায় চারণায় ইতি যাবৎ, ত্বরিগহনান্তঃ শীঘ্রতাসহিতবনমধ্যে অহং রহঃ নির্জ্জনং প্রয়ামি। পুরু অধিকং। কিমর্থং তত্রাহ—মম জননীনিদেশতুষ্টিপ্রথনকৃতে জনন্যাজ্ঞা-তুষ্টিবিস্তারণায় ইত্যর্থঃ ত্বমপি ব্রজং প্রযাহি গচ্ছ ॥ ২৩৫ ॥

---

অনন্তর শ্রীকৃষ্ণ, প্রিয়াবর্গের প্রতি পরিহাস বাক্য প্রয়োগ করিলে তাহা-রাও শ্রীকৃষ্ণের প্রতি পরিহাস বচন প্রয়োগ করিলেন তখন শ্রীকৃষ্ণ, কান্তা-গণের নর্ম্মবাক্য শ্রবণ করায় যেন তাহাদের সহিত বহুকাল ব্যাপি সুধানদীতে অভিষেক কেলি বলিয়া মনে করিলেন ॥ ২৩৪ ॥

তৎপর শ্রীকৃষ্ণকহিলেন—আমার জননীর আদেশতুষ্টি বিস্তারণার্থ আমিও গোচারণ করিবার নিমিত্ত অবিলম্বে নির্জ্জন বনমধ্যে গমন করিতেছি তুমি ও সখীগণ সহিত ব্রজে গমন কর ॥ ২৩৫ ॥

Digitized at BRCindia.com

অথ বরসুদৃশাং শ্রুতিস্তদেতৎ-
প্রবণতয়া নিরধারয়দ্‌যথার্থং ।
নিজগৃহগমনাক্ষমা তু দৃষ্টিঃ
শ্রুতিপথরোধনকৃদ্‌বিঘূর্ণতি স্ম ॥ ২৩৬ ॥
নয়নযুগলমশ্নুতে সদাম্ভঃ
ক নু নিবসেদ্‌বত ! দুর্ল্লভঃ স এষঃ ।
ইতি হরিবনিতা হরিং নিরীক্ষ্য
ধ্রুবমজহুর্নয়নাম্ভসাং কুলানি ॥ ২৩৭ ॥

---

অথানন্তরং তদেতৎপ্রবণতয়া প্রণত্রতয়া কিম্বা তদুক্তবচনাসক্ততয়া বরসুদৃশাং কান্তানাং শ্রুতিঃ যথার্থং নিরধারয়ৎ তু কিন্তু নিজগৃহগমনাক্ষমা স্বস্বগৃহগমনাসমর্থা দৃষ্টিঃ নয়নং শ্রুতিপথরোধনকৃৎ শ্রবণপথাবরোধনকারিণী সতী বিঘূর্ণতি স্ম ॥ ২৩৬ ॥

নয়নযুগলং নেত্রদ্বয়ং সদা অম্ভঃ জলং অশ্নুতে ব্যাপ্নোতি । নু ভোঃ বত খেদে স এষঃ দুর্ল্লভঃ কৃষ্ণঃ ক কুত্র নিবসেৎ ইতি এবম্প্রকারেণোক্ত্বা হরিবনিতাঃ কৃষ্ণকান্তাঃ হরিং মনোহরং কৃষ্ণং নিরীক্ষ্য দৃষ্ট্বা ধ্রুবং নিশ্চিতং নয়নাম্ভসাং নেত্রাশ্রূণাং কুলানি সমূহান্ অজহুঃ ত্যক্তবত্যঃ ॥ ২৩৭ ॥

---

তখন তদুক্তবচনে আসক্তবশতঃ সুনেত্র ব্রজসুন্দরীগণের শ্রুতি, যথার্থ বাক্য অবধারণ করিলেন বটে কিন্তু স্ব স্ব গৃহগমনে অক্ষমা দৃষ্টি, শ্রুতিপথ অবোধন করিয়া বিঘূর্ণিত হইতে লাগিল ॥ ২৩৬ ॥

হায় ! "এই দুষ্প্রাপ্য শ্রীকৃষ্ণ কোথায় অবস্থান করিবেন" এই মনে করিয়া ব্রজসুন্দরীগণের নেত্রযুগল সর্ব্বদা অশ্রুক্লিন্ন হইতে লাগিল । কৃষ্ণকান্তাগণ তখন শোকাকুলাবস্থায় শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া অবিরত নেত্রাশ্রু ত্যাগ করিতে লাগিলেন ॥ ২৩৭ ॥

Digitized at BRCindia.com

মুরজিদুচিতচারুচাতুরীভি-
র্মুহুরপি নেত্রবিনোদনক্রিয়াভিঃ।
স্বসদনবদনং বিধাতুমাসাং
নিকরমশক্যত ন স্বমগ্নমন্তঃ॥ ২৩৮॥
যদপি মুররিপুঃ প্রিয়াবদেব
প্রবসনকাতরতামবাপ তত্র।
তদপি তমনু পৌরুষং বভূব
স্ফুটমবলাবলয়াবলম্বনায়॥ ২৩৯॥

---

মুরজিৎ শ্রীকৃষ্ণঃ উচিতচারুচাতুরীভিঃ সমুচিতমনোহরচাতুর্য্যৈঃ মুহুরপি পুনরপি নেত্রবিনোদনক্রিয়াভিঃ আসাং প্রিয়াণাং নিজগৃহং প্রতি বদনং বিধাতুং প্রিয়াগণান্ গৃহগমনোন্মুখীঃ কর্ত্তুং ন অশকত। আসাং অন্তঃ অন্তঃকরণং স্বমগ্নং স্বস্মিন্ নিমগ্নমাসীদিতি শেষঃ॥ ২৩৮॥

যদপি মুররিপুঃ কৃষ্ণঃ প্রিয়াবদেব তত্র প্রবসনকাতরতাং প্রিয়জনবিরহজন্য-কাতরতাং অবাপ প্রাপ্তবান্ তদপি অবলাবলয়াবলম্বনায় অবলাগণাবলম্বনায় তমনু মুররিপুমনু পৌরুষং পুরুষস্য ভাবং স্ফুটং বভূব॥ ২৩৯॥

---

তখন শ্রীকৃষ্ণ—সমুচিত মনোহর চাতুর্য্যে ও নেত্র বিনোদন ক্রিয়াদ্বারা একবারও প্রিয়াদিগকে স্বগৃহে গমনোন্মুখী করিতে সমর্থ হইলেন না। পরন্তু কান্তাগণের চিত্ত আপনাতেই নিমগ্ন রহিয়াছিল॥ ২৩৮॥

যদিচ শ্রীকৃষ্ণ, প্রিয়াগণের ন্যায়ই বিরহে কাতরতা প্রাপ্ত হইয়াছেন বটে তথাপি অবলাসকলের অবলম্বনের নিমিত্ত শ্রীকৃষ্ণের পুরুষভাব প্রকাশ্যরূপে রহিয়া ছিল॥ ২৩৯॥

Digitized at BRCindia.com

দিবিজফলজয়ীনি তর্হি বৃন্দা-
বনজফলানি বলীন্ প্রিয়াবলীশাং ।
সুখয়িতুময়মালিসাদকার্ষীৎ
পরিমলসাৎকৃতবন্তি তানি তাশ্চ ॥ ২৪০ ॥
অথ কিয়দপি দূরবর্ত্ম যাতা
বনবলয়ং জলতীরগং নিরীক্ষ্য ।
শ্রমবিরতিকৃতে মুরারিরামা
নিবিবিশিরে বৃষভানুজা প্রধানাঃ ॥ ২৪১ ॥
অথ বৃষরবিদেহজা সখীভি-
র্ব্যতিহসিতপ্রথয়া মুদাঞ্চিতাভিঃ ।

---

তর্হি তদা অয়ং শ্রীকৃষ্ণঃ দিবিজফলজয়ীনি স্বর্গস্থফলজয়ীনি বৃন্দাবনজাত-ফলানি বলীন্ উপহারান্ প্রিয়াবলীশাং প্রিয়াবলীনাং ঈশাং শ্রীরাধাং সুখয়িতুং আলিসাৎ অকার্ষীৎ। তাশ্চ প্রিয়াশ্চ তানি পরিমলসাৎকৃতবন্তি ॥ ২৪০ ॥

অথ অনন্তরং বৃষভানুজাপ্রধানাঃ শ্রীরাধামুখ্যাঃ মুরারিরামাঃ কৃষ্ণকান্তাঃ কিয়দপি কিঞ্চিদপি দূরবর্ত্ম বনবলয়ং যাতাঃ সত্যঃ জলতীরগং নিরীক্ষ্য শ্রমবিরতিকৃতে শ্রমাপশমনায় নিবিবিশিরে ॥ ২৪১ ॥

অথ অনন্তরং বৃষরবিদেহজা বৃষভানুনন্দিনী ইত্যর্থঃ ব্যতিহসিতপ্রথয়া পরস্পরহাস্যবিস্তারেণ মুদাঞ্চিতাভিঃ আনন্দযুক্তাভিঃ সখীভিঃ সহ মুরবি-

---

তখন শ্রীকৃষ্ণ, স্বর্গীয়ফলজয়ি বৃন্দাবনজাত ফলসকল ও অন্যান্য উপহার, প্রিয়াগণের অধীশ্বরী রাধাকে সুখী করিবার নিমিত্ত সখীহস্তে সমর্পণ করিলেন, তাহারা সকলে সেই ফলসৌরভে আমোদিতা হইলেন ॥ ২৪০ ॥

অনন্তর শ্রীরাধা প্রভৃতি কৃষ্ণকান্তাগণ কিঞ্চিৎ দূরবর্ত্তিবন পথ গমন করিয়া জলতীর অবলোকন করিতে পাইয়া শ্রমশান্তির নিমিত্ত তথায় উপবেশন করিলেন ॥ ২৪১ ॥

অনন্তর বৃষভানুনন্দিনী শ্রীরাধা, পরস্পর হাস্য বিস্তার দ্বারা আনন্দিতা

Digitized at BRCindia.com

মুরবিজিদশনাবশেষমাদ-
ত্তদশনশর্ম্মকলামভাবয়চ্চ ॥ ২৪২ ॥
সমগুণপরিচারিকাভিরেতাঃ
সুরভিজলব্যজনাদিধারিণীভিঃ।
সরভসমুপসেবিতাঃ সমন্তা-
জ্জিতকমলাদিগুণা গুণাদ্বিরেজুঃ ॥ ২৪৩ ॥
অথ সখিগণবেষমাশ্রয়ন্ত্যঃ
পটুগতিবর্ধবরা মুরারি-পার্শ্বম্।
প্রতিপদি গতাস্তদা চ গোষ্ঠম্
হরিদয়িতা নিজসদ্মপদ্মমাপ ॥ ২৪৪ ॥

জিদশনাবশেষং শ্রীকৃষ্ণভোজনাবশেষং আদং ভক্ষিতবতী তদশনশর্ম্মকলাং তস্য কৃষ্ণস্য ভক্ষণসুখকলাং অভাবয়চ্চ চিন্তয়ামাসচ ॥ ২৪২ ॥

সুরভিজলব্যজনাদিধারিণীভিঃ সুবাসিতসলিলব্যজনপ্রভৃতিসেবোপযোগি-দ্রব্যাহস্তাভিঃ, সমগুণপরিচারিকাভিঃ সমানগুণবিশিষ্টদাসীভিঃ এতাঃ শ্রীরাধাপ্রভৃতয়ঃ সরভসং সবেগং সহর্ষংবা যথাস্যাত্তথা উপসেবিতাঃ গুণাৎ নিজগুণাৎ জিতকমলাদিগুণা জিতাঃ কমলাদিগুণাঃ লক্ষ্যাদিগুণাঃ যাভিঃ তাঃ। জিতকমলাদিগণা ইতি পাঠোঽপি দৃষ্টঃ। বিরেজুঃ শোভন্তে স্ম ॥ ২৪৩ ॥

অথ অনন্তরং পটুগতিবর্ধবরাঃ নিপুণগতিবর্ষবরাঃ সখিগণবেষং আশ্রয়ন্ত্যঃ মুরারিপার্শ্বং গতাঃ তদা তস্মিনক্ষণে কৃষ্ণপ্রিয়া নিজসদ্মপদ্মং আপ। ॥ ২৪৪ ॥

সখীগণের সহিত শ্রীকৃষ্ণের ভোজনাবশেষ ভক্ষণ করিলেন এবং তাঁহার ভোজন সুখকলা ভাবনা করিতে লাগিলেন ॥ ২৪২ ॥

সুরভিজল ও ব্যজনাদিহস্তা সমান গুণযুক্ত পরিচারিকাগণ কর্তৃক শ্রীরাধা প্রভৃতি কৃষ্ণকান্তা সকল সহর্ষে উপসেবিত হইয়া নিজ নিজ গুণে লক্ষ্মী প্রভৃতির গুণরাশি জয় করিয়া শোভা পাইতে লাগিলেন ॥ ২৪৩ ॥

অনন্তর তখন নিপুন গতি বর্ষবরা নাম্নী সখী, সখিসকলের বেষ ধারণ

Digitized at BRCindia.com

ব্রজপদমনুগম্য গোপরাজ্ঞী-
মপি তদনুজ্ঞপিতা স্বধাম গত্বা ।
স্বদয়িতমুপসেবিতুং রজন্যাং
বহুবিধশিল্পবিকল্পমাচচার ॥ ২৪৫ ॥
ইহ মৃদুমৃদু কৃষ্ণগানকর্ত্রী
বৃষরবিজা ললিতাদিভিঃ সখীভিঃ
মুহুরপি সমসাস্ত্বি কৃষ্ণবৃত্তা-
ন্মুদমনু বর্ষবরেণ তেন তেন ॥ ২৪৬ ॥

---

ব্রজপদং ব্রজস্থানং অনুগম্য প্রাপ্য গোপরাজ্ঞীং যশোদাং অপি অনুগম্য সমীপং গত্বা তদনুজ্ঞপিতা যশোদাদিষ্টা সতী স্বধাম গত্বা রজন্যাং নিশি স্বদয়িতং নিজপ্রিয়তমং শ্রীকৃষ্ণং উপসেবিতুং বহুবিধশিল্পবিকল্পং নানাপ্রকারশিল্পানাং বিবিধকল্পনাং শয্যামাল্যচন্দনাদিসেবাসামগ্রীং ইত্যর্থঃ আচচার সম্পাদিতবতী ॥ ২৪৫ ॥

ইহ নিজমন্দিরে বৃষরবিজা বৃষভানুসুতা ললিতাদিভিঃ সখীভিঃ সহ মৃদুমৃদু কৃষ্ণগানকর্ত্রী কৃষ্ণবিষয়কসঙ্গীতকারিণী মুহুরপি বারম্বারমপি তেন তেন বর্ষবরেণ মুদমনু হর্ষমনু কৃষ্ণবৃত্তাৎ সমসাস্ত্বি সম্যক্ সান্ত্বনা অকারি ইত্যর্থঃ ॥ ২৪৬ ॥

---

পূর্ব্বক কৃষ্ণ-সমীপবর্ত্তি গোষ্ঠে গমন করিলেন, তখন কৃষ্ণকান্তাও নিজ ভবনে প্রবেশ করিলেন ॥ ২৪৪ ॥

কৃষ্ণপ্রিয়া রাধা, ব্রজস্থান প্রাপ্ত হইয়া নন্দরাণী যশোদার সমীপে গমন করিলেন এবং তাহার অনুমতি অনুসারে স্ব গৃহে গমন পূর্ব্বক রজনীতে প্রিয়তমের সেবা করিবার নিমিত্ত তদুপযোগি বহুবিধ শিল্প অর্থাৎ মাল্য চন্দনাদি রচনা করিতে লাগিলেন ॥ ২৪৫ ॥

বৃষভানু নন্দিনী শ্রীরাধা স্বীয়ভবনে বসিয়া ললিতাদি সখীগণের সহিত মৃদু মৃদু স্বরে শ্রীকৃষ্ণ বিষয়ক সঙ্গীত করিতে লাগিলেন এবং পূর্ব্বোক্ত বর্ষবরগণ

Digitized at BRCindia.com

শৃণু সখি! মুরজিদ্যদা তু যুষ্ম-
দ্ব্যবহিতিমাপ তদা জগাম ধেনূঃ।
মধুমধুরকলান্নধেনুমাত্রং
পরমপরঞ্চ চকর্ষ জীবমাত্রম্ ॥ ২৪৭ ॥
মুরজিদথ সমস্তজীবজাতি-
ব্যতিকরবীক্ষণতঃ ক্ষমামবিন্দন্।
অকুরুত মুরলীকলীবিশেষং
যদজনি সর্ব্বকমেব তত্র ভিন্নম্ ॥ ২৪৮ ॥

---

সখি হে রাধে! শৃণু, মুরজিৎ শ্রীকৃষ্ণঃ যদা যুষ্মদ্ব্যবহিতিং যুষ্মাকং ব্যবধানং আপ প্রাপ্তবান্ তদা ধেনূঃ জগাম ধেনুসমীপং প্রাপ্তবান্। মধু-মধুরকলাৎ সুমধুরবংশীনাদাৎ ধেনুমাত্রং ন চকর্ষ কিন্তু পরং অপরঞ্চ জীবমাত্রং চকর্ষ ॥ ২৪৭ ॥

অথ অনন্তরং মুরজিৎ শ্রীকৃষ্ণঃ সমস্তজীবজাতিব্যতিকরবীক্ষণতঃ নিখিল-জীবজাতীনাং ব্যতিকরবীক্ষণতঃ পরস্পরমিলনদর্শনেন ক্ষমাং শান্তিং অবিন্দন্ লব্ধন্। পুনঃ যৎ মুরলীকলীবিশেষং বংশীধ্বনিবিশেষং প্রত্যাবর্ত্তনরূপমিত্যর্থঃ অকুরুত তত্র সর্ব্বকমেব জীবমাত্রং ভিন্নং পৃথক্ পৃথক্ স্থানং অজনি ॥ ২৪৮ ॥

---

পুনঃ পুনঃ আগমন পূর্ব্বক কৃষ্ণবৃত্তান্ত দ্বারা তাহাদিগকে সানন্দে সান্ত্বনা করিতে লাগিলেন ॥ ২৪৬ ॥

বর্ষবর কহিলেন হে সখি রাধে! শ্রবণ কর, তোমার প্রাণনাথ যখন তোমাদের নিকট হইতে স্থানান্তরিত হইলেন তখনই ধেনুগণ সমীপে গমন করিয়াছিলেন, তথায় মধু হইতে সুমধুর মুরলী ধ্বনি দ্বারা কেবল ধেনু মাত্রকে আকর্ষণ করিয়াছিলেন এমন নহে পরন্তু উত্তম অধম জীবমাত্রকেই আকর্ষণ করিয়াছিলেন ॥ ২৪৭ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, সমস্ত জীব জাতির একত্রমিলন দর্শনে পরমানন্দ লাভ



Digitized at BRCindia.com

বয়মখিলসখিপ্রসক্তনানা-
হরিচরিতকলনায় যর্হি যাতাঃ।
অপরহরিরমাভিরন্যদাব-
দ্বহুবিধভোজ্যমদায়ি তর্হি গুপ্তম্ ॥ ২৪৯ ॥
দনুজরিপুরশেষমেব সর্ব্বান্
প্রতি বিবভাজ চ ভাজনাবলীষু।
অতিগণিততয়া ন যদ্বিবিক্তং
সমুপহৃতং তদিদং কয়া কয়েতি ॥ ২৫০ ॥

বয়ং যর্হি যদা অখিলসখিপ্রসক্তনানাহরিচরিতকলনায় অখিলসখীনাং সমস্তবয়স্যানাং প্রসক্তং প্রস্তাবিতং যৎ নানাহরিচরিতং বিবিধহরিলীলাং কলনায় দর্শনায় যাতাঃ গতাঃ তর্হি তদা অপরহরিরমাভিঃ অন্যকৃষ্ণকান্তাভিঃ চন্দ্রাবলীপ্রভৃতিভিরিত্যর্থঃ অন্যদাবৎ অন্যসময়বৎ অন্যদিনবদিতিযাবৎ বহুবিধ-ভক্ষ্যং গুপ্তং যথা ভবতি তথা অদায়ি দত্তং। অন্যদাবদিত্যনেন প্রত্যহমেব তাভিরপি ভোজ্যং দত্তমিতি জ্ঞেয়ং ॥ ২৪৯ ॥

দনুজরিপুঃ শ্রীকৃষ্ণঃ অশেষমেব সম্পূর্ণমেব ভোজ্যদ্রব্যং ভাজনাবলীষু পাত্রসমূহেষু সর্ব্বান্ প্রতি বিবভাজ বিভাগং কৃতবান্। অগণিততয়া অসঙ্খ্যাতয়া যৎ ন বিবিক্তং পৃথক্কৃতং তদিদং কয়া কয়া গোপ্যা সমুপহৃতং ॥ ২৫০ ॥

করিলেন এবং পুনর্ব্বার জীবজাতির প্রত্যাবর্ত্তনরূপ বংশী ধ্বনি করিলেন তাহাতে সমস্ত জীবগণ ভিন্ন ভিন্ন স্থানে গমন করিতে লাগিল ॥ ২৪৮ ॥

আমরা যে সময় সমস্ত সখাগণের রচিত কৃষ্ণ-চরিত্র দর্শন করিতে গমন করিয়া থাকি তখন অন্যান্য কৃষ্ণপ্রিয়াগণ অন্যদিনবৎ বহুবিধ ভোজ্য সামগ্রী আনয়ন পূর্ব্বক গুপ্তভাবে শ্রীকৃষ্ণকে প্রদান করিয়া থাকে ॥ ২৪৯ ॥

শ্রীকৃষ্ণ ঐ অশেষ ভোজ্যদ্রব্য পৃথক্ পৃথক্ পাত্রে সকলকে বিভাগ করিয়াদিয়া-ছিলেন। এবং অসংখ্য হেতু যাহা পৃথক্ পৃথক্ বিভাগ করিতে অসমর্থ হইয়া-

Digitized at BRCindia.com

হরিরথ জলপায়নায় ধেনূ-
র্হ্বয়তি যদা স্ম তদা স্রবৎপদাঙ্কাঃ।
অপি নিখিলমমূস্তৃষা বিহীনং
বিদধুরমূষু তথা তথাস্তু দূরে ॥ ২৫১ ॥
তদপিচ সলিলানি পায়য়িত্বা
নিজকরসঙ্করতাসুধায়িতানি।
বহুনিকটমুখীশ্চকার ধেনূ-
র্নিজমুখতামপি বিভ্রতীঃ প্রযত্নঃ ॥ ২৫২ ॥

---

অথ অনন্তরং হরিঃ যদা জলপায়নায় জলপানায় ধেনূঃ হ্বয়তি আহ্বানং করোতি তদা স্রবৎপদাঙ্কাঃ স্খলিতপদচিহ্নাঃ অপি অমূঃ নিখিলং প্রচুরং তৃষা তৃষ্ণয়া বিহীনং রহিতং বিদধুঃ অমুষু তথা তথা দূরে অস্তু ॥ ২৫১ ॥

তদপিচ প্রযত্নঃ প্রযত্নেন বিশিষ্টঃ শ্রীকৃষ্ণঃ নিজকরসঙ্করতাসুধায়িতানি স্বহস্তকরস্পর্শেন সুধাতুল্যানি সলিলানি জলানি পায়য়িত্বা নিজমুখতাং স্বীয়াগ্রভাগং অপি বিভ্রতীঃ ধেনূঃ বহুনিকটমুখীঃ চকার ॥ ২৫২ ॥

---

ছিলেন তাহা কোন কোন গোপীগণ, অন্যান্য পাত্রে অপরাপরকে বিভাগ করিয়া দিয়াছিলেন॥ ২৫০ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, যখন ধেনু সকলকে জল পান করাইবার নিমিত্ত আহ্বান করিলেন, তখন ধেনুবৃন্দস্খলিত পদে আগমন পূর্ব্বক জল পান করিয়া প্রভূত-তৃষ্ণা নিঃশেষ করিলেন ও পুনর্ব্বার দূরবর্ত্তি স্ব স্ব স্থানে গমন করিয়া রহিলেন ॥ ২৫১ ॥

তাহা হইলেও শ্রীকৃষ্ণ অতি যত্ন সহকারে নিজ করসংস্পর্শে সুধাতুল্য জলপান করাইয়া স্বীয়াভিমুখে আগমনকারি ধেনুগণকে স্বয়ং নিকটাভিমুখী করিলেন ॥ ২৫২ ॥

Digitized at BRCindia.com

ন ভবতি বিনিবর্ত্তনাদ্যুপায়ঃ
প্রতিগতিযষ্টিবিচালনাদিরূপঃ।
অপিতু হরিগবীষু দৃষ্টিবেণূ
সপদি হরেঃ স্ফুরতঃ স্ম তত্র তত্র ॥ ২৫৩ ॥

অভিগৃহমজিতস্য যা নিবৃত্য
প্রতিগতিরত্রচ কৌতুকং বিভাতি।
উপসুরসুরজাতয়ঃ সমন্তা-
ন্নটনকলাঘটনপ্রথামটন্তি ॥ ২৫৪ ॥

---

বিনিবর্ত্তনাদ্যুপায়ঃ—প্রত্যাবর্ত্তনাদ্যুপায়ঃ প্রতিগতিযষ্টিবিচালনাদিরূপঃ পরাবৃত্তায় লগুড়চালনাদিরূপঃ ন ভবতি গবামিতিশেষঃ। অপিতু হরিগবীষু হরেঃ কৃষ্ণস্য দৃষ্টিবেণূ সপদি তত্র তত্র স্ফুরতঃ, :শ্রীকৃষ্ণস্যাবলোকনেন বেণুনাদেন চ গোপ্রত্যাবর্ত্তনাদিকার্য্যসিদ্ধির্ভবতীতি ভাবঃ ॥ ২৫৩ ॥

অজিতস্য নিবৃত্য বনাদিতিশেষঃ অভিগৃহং গৃহমভিমুখং যা প্রতিগতিঃ অত্রচ কৌতুকং বিভাতি। উপসুরসুরজাতয়ঃ উপদেবগণাঃ দেবগণাশ্চ সমন্তাৎ চতুর্দ্দিক্ষু নটনকলাঘটনপ্রথাং নৃত্যকলাঘটনাবিস্তারং অটন্তি ॥ ২৫৪ ॥

---

যষ্টি প্রহারাদি দ্বারা গোসকলের প্রত্যাবর্ত্তন করা হয় না কেবল শ্রীকৃষ্ণ, গাভীগণের প্রতি সকরুণ দৃষ্টি ও বেনুধ্বনি দ্বারাই তাহাদিগকে যথাস্থানে প্রত্যাবর্ত্তন করিয়া থাকেন ॥ ২৫৩ ॥

শ্রীকৃষ্ণ বন হইতে গৃহাভিমুখে যে প্রত্যাগমন করিয়াছিলেন সেই পথিমধ্যে একটী আশ্চর্য্য কৌতুক প্রকাশ পাইতে লাগিল এই যে, গন্ধর্ব্ব, কিন্নর, ও দেবগণ সকলে পরমানন্দে চতুর্দ্দিগে নৃত্য গানাদি করিতেছিলেন ॥ ২৫৪ ॥

Digitized at BRCindia.com

অথ চ যদি তদা সমস্তহৃদ্ভি-
র্ভরতকলামনুবিন্দতে মুকুন্দঃ।
দিবি ফলকবরে তদা দিবীশা
দিশি দিশি চিত্রনিভানি ভালয়ন্তি ॥ ২৫৫ ॥
ইতি ভণতি তদা তদীয়বর্গে
কলকলভাগজনি প্রমোদগোষ্ঠম্।
ইহ সতি বৃষভানুজাদিবর্গ-
স্তুরিতগতি চন্দ্রনিবেশমারুরোহ ॥ ২৫৬ ॥

---

অথ অনন্তরং যদি মুকুন্দঃ কৃষ্ণঃ সমস্তহৃদ্ভিঃ নিখিলসুহৃদ্ভিঃ ভরতকলাং ভরতমুনিকৃতকলানাটকাদিকাং অনুবিন্দতে পশ্যতি তদা দিবি আকাশে ফলকবরে দিবীশাঃ দেবাঃ দিশি দিশি চিত্রনিভানি চিত্রসদৃশানি ভালয়ন্তি পশ্যন্তি ॥ ২৫৫ ॥

ইতি এবম্প্রকারেণ তদা তস্মিন্ শ্রীকৃষ্ণাদীনামাগমনসময়ে তদীয়বর্গে শ্রীরাধাসহচরীগণে ভনতি কথয়তি সতি কলকলভাগ্ প্রমোদগোষ্ঠং আনন্দান্বিতগোষ্ঠং অজনি। ইহ সতি বৃষভানুজাদিবর্গঃ শ্রীরাধাদিসখীগণঃ ত্বরিতগতি যথাস্যাত্তথা চন্দ্রনিবেশং চন্দ্রশালিকাগৃহং আরুরোহ ॥ ২৫৬ ॥

---

অনন্তর তখন যদি শ্রীকৃষ্ণ, সমস্ত বয়স্যগণের সহিত সেই নৃত্যাদি অবলোকন করিতে থাকেন তবে তখন আকাশমার্গে দেবগণ চতুর্দ্দিকে চিত্র সদৃশ হইয়া তাঁহাকে দেখিতে থাকেন ॥ ২৫৫ ॥

শ্রীরাধার সহচরীগণ তখন উক্ত প্রকারে বলিতে লাগিলে আনন্দ যুক্ত গোষ্ঠ কল কল ধ্বনিময় হইয়া উঠিল এবং কল কল নাদে গোষ্ঠ আনন্দান্বিত হইল দেখিয়া বৃষভানুনন্দিনী প্রভৃতি সখীগণ দ্রুতপদে চন্দ্রশালিকা উপরি আরোহণ করিলেন ॥ ২৫৬ ॥

Digitized at BRCindia.com

উপরি গৃহগতঃ স তত্র তত্র
দ্রবদিব গোপকুলং দ্রবাদ্দদর্শ।
দৃশমথ ভৃশমগ্রতঃ প্রযচ্ছ-
ন্নভসি গতাং রজসাং নদীমপশ্যৎ ॥ ২৫৭ ॥
স্ফুরদথ খুররম্ভণাদিশব্দ-
প্রসরণমাবৃতসর্ব্বমেব শৃণ্বন্।
অবদদপি পরস্পরং তদিত্থং
স্বহৃদয়রঙ্গতরঙ্গনৃত্যতুল্যং ॥ ২৫৮ ॥

---

স প্রিয়াবর্গঃ উপরিগৃহগতঃ চন্দ্রশালিকাগৃহান্তর্গতঃ সন্ তত্র তত্র অর্থাৎ যত্র যত্র কৃষ্ণাদয়ো গচ্ছন্তি, কিম্বা তত্র তত্র গৃহে উপবেশ্য, দ্রবদিব গোপকুলং দ্রবাৎ বেগাৎ দদর্শ। অথানন্তরং দৃশং নয়নং ভৃশং অত্যর্থং বারম্বারমিতি যাবৎ প্রযচ্ছন্ গবাক্ষদ্বারৈরিতি শেষঃ। নভসি আকাশে গতাং রজসাং ধূলীনাং নদীং নদীমিব অপশ্যৎ ॥ ২৫৭ ॥

অথ অনন্তরং স্ফুরৎ প্রকাশমানং খুররম্ভণাদিশব্দপ্রসরণং গবাং খুরাণাং শব্দাদীনাঞ্চ শব্দৈর্বিস্তারং সর্ব্বমেব আবৃতং ব্যাপ্তং শৃণ্বন্, প্রিয়াবর্গইতিশেষঃ স্বহৃদয়রঙ্গতরঙ্গনৃত্যতুল্যং স্বহৃদয়রঙ্গস্য তরঙ্গেণ যৎনৃত্যং তত্তুল্যমিত্যর্থঃ পরস্পরং অন্যোন্যং ইত্থং অবদৎ ॥ ২৫৮ ॥

---

সেই শ্রীরাধাদিকান্তাগণ চন্দ্রশালিকা গৃহান্তর্গত হইয়া দ্রবভাবাপন্ন গোপ-গণকে দেখিতে লাগিলেন, অনন্তর গবাক্ষদ্বার দ্বারা বারম্বার স্ব স্ব নয়ন অর্পণ পূর্ব্বক, যেন আকাশগত ধূলী সমূহের নদী দেখিতে লাগিলেন ॥ ২৫৭ ॥

অনন্তর গাভিগণের প্রকাশমান খুরশব্দ ও হম্বাধ্বনিতে সর্ব্বদিক্ আবৃত হইয়াছে শ্রবণ করিয়া কান্তাগণ পরস্পর স্ব হৃদয়ের রঙ্গ তরঙ্গরূপ নৃত্যতুল্য বাক্য বক্ষ্যমাণ প্রকারে বলিতে লাগিলেন ॥ ২৫৮ ॥

Digitized at BRCindia.com

কলয় সখি! পুরঃ সুরভ্যনীকং
তদনু চ যুক্তনিযুক্তলোকসঙ্ঘঃ।
তমনু সখি! সুহৃৎকুমারবৃন্দং
বিলসতি তত্রচ শুভ্রকৃষ্ণযুগ্মং ॥ ২৫৯ ॥
ক্বচিদপি পশুনাম ভাষমাণঃ
ক্বচিদপি রক্ষকনাম বেণুপাণিঃ।
ক্বচিদপি সখিনামমিষ্টবংশী-
স্বরকলয়াখিলমোহমাতনোতি ॥ ২৬০ ॥

---

হে সখি! হে সখি! ইতি বিরক্তকাতিহর্ষেণ। কলয় পশ্য পুরঃ অগ্রে সুরভ্যনীকং গাভিসমূহঃ তদনু চ তৎপশ্চাচ্চ যুক্তনিযুক্তলোকসঙ্ঘঃ— উপযুক্তপ্রবর্ত্তিতজনগণঃ ভৃত্যাদয় ইতি যাবৎ তদনু তৎপশ্চাৎ সুহৃৎকুমার-বৃন্দং বয়স্যবর্গঃ তত্র তেষাং মধ্যে শুভ্রকৃষ্ণযুগ্মং বলদেবকৃষ্ণযুগলং বিলসতি ॥ ২৫৯ ॥

বেণুপাণিঃ মুরলীহস্তঃ শ্রীকৃষ্ণঃ কচিদপি কুত্রাপি পশুনাম ভাষমাণঃ পশূনাং নামআখ্যাং ভাষমাণঃ বদন্ ইত্যর্থঃ। ক্বচিদপি কুত্রাপি রক্ষকনাম— রক্ষকাণাং গোপালকানাং নাম। কচিদপি কুত্রাপি সখিনামং সখীনাং ইষ্টবংশি-স্বরকলয়া আশ্চর্য্যমধুরমুরলীশব্দানাং কলয়া অখিলমোহং সমস্তশ্রোতৃণাং মোহং আতনোতি বিস্তারয়তি ॥ ২৬০ ॥

---

হে সখি ঐ দেখ অগ্রে গাভীগণ আসিতেছে, তৎপশ্চাৎ উপযুক্ত ভৃত্যাদি, তৎপরবর্ত্তি বয়স্যগণ, তন্মধ্যে রামকৃষ্ণ অপূর্ব্ব শোভা পাইতেছেন ॥ ২৫৯ ॥

শ্রীকৃষ্ণ কোথায়ও গোসকলের নাম উচ্চারণ কোথাও বা গোপালকদিগের নাম, কোন স্থানে বেণু হস্তে করিয়া সখাগণের নাম, এইরূপে অপূর্ব্ব মধুরবংশী রবে সকলের মোহ বিস্তার করিতে লাগিলেন ॥ ২৬০ ॥

Digitized at BRCindia.com

উপরিরচিতপুষ্পবৃষ্টিসৃষ্টিঃ
স্তবকৃতসংস্তব এব দিব্যলোকঃ।
সুখয়তি সখি! গোকুলস্য লোকান্
প্রিয়মনু সপ্রিয়তাং হি সুষ্ঠু ধত্তে ॥ ২৬১ ॥
হরিমথ ধবলানিবাসমাপ্তং
স্বমনু চ সন্নতমগ্রজেন সার্দ্ধং।
ব্রজপতিরুপলভ্য তচ্ছ্রমাপং
মুহুরপমৃজ্য চিরং দদর্শ সাস্রং ॥ ২৬২ ॥

---

হে সখি! উপরিরচিতপুষ্পবৃষ্টিসৃষ্টিঃ উপরি রচিতা কৃতা পুষ্পবৃষ্টীনাং সৃষ্টিঃ যেন সঃ, স্তবকৃতসংস্তবঃ—স্তবেন কৃতঃ সংস্তবঃ প্রশংসা যেন সঃ, স এব দিব্যলোকঃ—দেবগণঃ গোকুলস্য লোকান্ সুখয়তি প্রিয়মনু প্রিয়ং প্রতি সুষ্ঠু প্রিয়তাং ধত্তে ॥ ২৬১ ॥

অথ অনন্তরং ব্রজপতিঃ ব্রজরাজঃ অগ্রজেন বলরামেণ সার্দ্ধং সহ ধবলানিবাসং গোষ্ঠং আপ্তং প্রাপ্তং স্বমনু স্বং ব্রজপতিং প্রতি সন্নতঞ্চ প্রণতঞ্চ হরিং সর্ব্বমনোহরং কৃষ্ণং উপলভ্য সমীপে প্রাপ্য তচ্ছ্রমাপং তস্য কৃষ্ণস্য শ্রমাপং ঘর্ম্মবিন্দুং মুহুঃ বারম্বারং অপমৃজ্য নির্ম্মঞ্ছনীকৃত্য চিরং বহুক্ষণং ব্যাপ্য সাস্রং অশ্রুবারিসহিতং যথাস্যাত্তথা দদর্শ ॥ ২৬২ ॥

---

হে সখি! শ্রীকৃষ্ণরামাদির উপরে পুষ্প বর্ষণ কারি ও স্তব দ্বারা প্রশংসাকারি দেবগণ, গোকুলের লোকসকলকে সুখী করিয়া থাকেন এবং প্রিয় শ্রীকৃষ্ণের প্রতি আশ্চর্য্য প্রিয়তা ধারণ করিয়া থাকেন ॥ ২৬১ ॥

অনন্তর ব্রজরাজ শ্রীনন্দ মহাশয়,—বলরামের সহিত গোগৃহগত ও নিজের প্রতি প্রণত কৃষ্ণকে সমীপে প্রাপ্ত হইয়া তাহার ঘর্ম্মবিন্দু মুহুর্মুহু মার্জ্জনা করিয়া সজল নেত্রে অবলোকন করিতে লাগিলেন ॥ ২৬২ ॥

Digitized at BRCindia.com

স্বয়মথ জনকঃ সমস্তযুক্তঃ
পশুকুলমাকুলমালয়ায় নীত্বা।
সবলমঘহরং শ্রমাপনুত্তিং
প্রতি নিদিদেশ যতঃ স এষ এতি ॥ ২৬৩ ॥
ইতি বদতি সখীজনে সমস্তাদ্-
বৃষরবিজাং বদতি স্ম কাচিদেত্য।
ব্রজনৃপ-দয়িতা সমং বধূভি-
শ্চলতি সুতং প্রতি মঙ্গলানুসঙ্গি ॥ ২৬৪ ॥

---

অথ অনন্তরং স্বয়ং জনকঃ ব্রজরাজঃ সমস্তযুক্তঃ সর্ব্বৈঃ সহিতঃ সন্ আকুলং ব্যাকুলং পশুকুলং আলয়ায় গৃহায় নীত্বা সবলং বলরামেণ সহিতং অঘহরং শ্রীকৃষ্ণং শ্রমাপনুত্তিং শ্রমশান্তিং প্রতি নিদিদেশ আদিষ্টবান্ যতঃ যস্মাৎ গোষ্ঠাৎ স এব জনকঃ এতি আগচ্ছতি ॥ ২৬৩ ॥

সখীজনে সমস্তাৎ ইতি এবম্প্রকারে বদতি সতি কাচিৎ সখী এত্য আগত্য বৃষরবিজাং শ্রীরাধাং বদতি স্ম অবদদিত্যর্থঃ। কিং বদতি স্ম ইত্যাশঙ্কায়ামাহ ব্রজনৃপদয়িতা ব্রজরাজগৃহিণী যশোদা বধূভিঃ সমং সুতং প্রতি মঙ্গলানুসঙ্গি যথা স্যাত্তথা চলতি গচ্ছতি ॥ ২৬৪ ॥

---

তৎপর স্বয়ং পিতা ব্রজরাজ, সকলের সহিত একত্রিত হইয়া আকুল পশুকুলকে গৃহে লইয়া গেলেন, এবং শ্রীবলদেবের সহিত শ্রীকৃষ্ণকে শ্রমশান্তির নিমিত্ত আদেশ করিলেন, যে হেতু গোষ্ঠ হইতে তিনিও স্বয়ং পরিশ্রান্ত হইয়া আগমন করিয়াছেন ॥ ২৬৩ ॥

চতুর্দ্দিক হইতে সখীগণ উক্ত প্রকারে বলিতে লাগিলে কোন সখী, শ্রীরাধা সমীপে সমাগতা হইয়া তাঁহাকে কহিলেন, হে সখি রাধে! শ্রীযশোদা—বধূগণের সহিত মাঙ্গলিক দ্রব্য সঙ্গে করিয়া পুত্রের নিকট গমন করিতেছেন ॥ ২৬৪ ॥



Digitized at BRCindia.com

ইদমবকলয়ন্ সখীসমূহ-
স্ত্বরিনিখিলাধিকরাধিকাং প্রতস্থে।
ব্রজনৃপদয়িতানুসঙ্গকামঃ
করমনু চাসজতি স্ম মঙ্গলানি॥ ২৬৫॥
অঘরিপু-জননী তু সর্ব্বযুক্তা।
স্বপথমভীক্ষ্ণমসাবভীক্ষমাণা।
বৃষরবিতনুজাদিভিঃ স্নুষাভিঃ
সমনুগতা স্বসুখং সুখীচকার॥ ২৬৬॥

---

সখীসমূহঃ তদন্যসখীগণঃ ইদং পূর্ব্বোক্তং যশোদাগমনং অবকলয়ন্ পশ্যন্ ত্বরি নিখিলাধিকরাধিকাং বেগেন সর্ব্বাধিকাং রাধিকাং প্রতস্থে জগাম। ব্রজনৃপদয়িতানুসঙ্গকামঃ যশোদাসহিতানুগমনকামঃ সন্ মঙ্গলানি দ্রব্যাণি করমনু করে আসজতি স্ম॥ ২৬৫॥

অসৌ অঘরিপুজননী কৃষ্ণজননী যশোদা সর্ব্বযুক্তা সর্ব্বাভিঃ বধূভিঃ সহিতা সতী অভীক্ষ্ণং পুনঃ পুনঃ স্বপথং স্বগমনপথং শ্রীকৃষ্ণাগমনপথমিত্যর্থঃ অভীক্ষমাণা সর্ব্বতোভাবেন পশ্যন্তী বৃষরবিতনুজাদিভিঃ শ্রীরাধাদিভিঃ স্নুষাভিঃ পুত্রবধূভিঃ সমনুগতা চ সতী স্বসুখং যথাস্যাত্তথা অন্যাংশ্চ সুখীচকার॥ ২৬৬॥

---

অপর সখীগণ, শ্রীযশোদাকে স্বপুত্রের নিকট গমন করিতে দেখিয়া তৎক্ষণাৎ সর্ব্বাধিকা শ্রীরাধিকার নিকট গমন করিলেন অনন্তর তাঁহাকে লইয়া শ্রীব্রজ-রাজ-গৃহিণীর সঙ্গে শ্রীকৃষ্ণের নিকটে গমনাকাঙ্ক্ষী হইয়া মাঙ্গলিক দ্রব্যহস্তে তথায় উপস্থিত হইতে লাগিলেন॥ ২৬৫॥

শ্রীকৃষ্ণ-জননী যশোদা সকলের সহিত মিলিতা হইয়া স্বীয় পথের প্রতি পুনঃ পুনঃ অবলোকন করিতে করিতে শ্রীরাধা প্রভৃতি পুত্রবধূগণের সহিত অনুগতা হইয়া নিজে সুখী ও অপরকে সুখী করিতে লাগিলেন॥ ২৬৬॥

Digitized at BRCindia.com

অথ জয়জয়শব্দভব্যগীত-
স্তবঘৃতদীপকপূর্ণকুম্ভলাজান্।
বচসি শিরসি হস্তয়োঃ শ্রয়ন্তী
হরিজননীপ্রভৃতিস্ততিঃ প্রতস্থে ॥ ২৬৭ ॥
সমগমদবরোধনিষ্ক্রমদ্বা-
রবধিমিয়ং স তদা তু কৃষ্ণচন্দ্রঃ।
সহবলমভিযন্ পুরঃ প্রদেশং
শ্রমজরুচাপ্যভিতঃ সুখং ববর্ষ ॥ ২৬৮ ॥

---

অথ অনন্তরং হরিজননীপ্রভৃতিঃ ততিঃ সমূহঃ জয়জয়শব্দভব্যগীতস্তব-ঘৃতদীপকপূর্ণকুম্ভলাজান্ জয়জয়ধ্বনি-মাঙ্গলিকগীতস্তব-ঘৃত-প্রদীপবারি-পূর্ণকুম্ভ-লাজান্ বচসি, শিরসি হস্তয়োঃ অর্থাৎ বচসি জয়জয়শব্দমাঙ্গল্যসঙ্গীতান্, শিরসি ঘৃতদীপান্ পূর্ণকুম্ভান্, হস্তয়োঃ লাজান্ শ্রয়ন্তী ধারয়ন্তী প্রতস্থে জগাম ॥ ২৬৭ ॥

ইয়ং শ্রীযশোদা অবরোধনিষ্ক্রমদ্বারবধিং অন্তঃপুরাৎ বহির্গন্তুং সিংহদ্বার-পর্য্যন্তমিত্যর্থঃ যদা সমগমৎ জগাম, তদা স কৃষ্ণচন্দ্রঃ সহবলং বলদেবেন সহিতং যথা স্যাত্তথা পুরঃপ্রদেশং অগ্রবর্ত্তিস্থানং অভিযন্ অভিগচ্ছন্ শ্রমজরুচা শ্রমাৎ জায়তে যা রুক্ কান্তিঃ তয়া অপি অভিতঃ সুখং ববর্ষ ॥ ২৬৮ ॥

---

অনন্তর শ্রীকৃষ্ণ-জননী ও অন্যান্য বধূগণ—মুখে জয় জয় ধ্বনি ও মাঙ্গলিক স্তব করিতে ২ মস্তকে ঘৃত প্রদীপ ও বারিপুর্ণ কুম্ভ এবং হস্তদ্বয়ে লাজ সমূহ ( খৈ সমূহ ) ধারণ পূর্ব্বক গমন করিতে লাগিলেন ॥ ২৬৭ ॥

যখন শ্রীযশোদা, বধূ প্রভৃতির সহিত অন্তঃপুর হইতে বহির্গত হইবার নিমিত্ত সিংহদ্বার পর্য্যন্ত আগমন করিলেন তখন সেই শ্রীকৃষ্ণচন্দ্র বলদেবের সহিত অগ্রবর্ত্তি প্রদেশে উপস্থিত হইয়া শ্রমজাত শোভায় সর্ব্ব প্রকারে সুখ বিধান করিতে লাগিলেন ॥ ২৬৮ ॥

Digitized at BRCindia.com

অথ স কুসুমলাজবৃষ্টিনীরা-
জনসুখমন্বনু মাতুরঙ্ঘ্রিলগ্নঃ।
অপরগুরুজনেষু চান্বতিষ্ঠ-
ত্তদথ যথাযুগপদ্বলশ্চ তদ্বৎ ॥ ২৬৯ ॥
তদনু চ জননী হৃদা সদাশী-
স্তুতিমদদান্নবচসা তু নেতি সর্ব্বা।
সনয়নজলগদ্গদং গদন্তী
কলকলবল্গুগিরাশিষঃ শশংস ॥ ২৭০ ॥

---

অথ অনন্তরং স শ্রীকৃষ্ণঃ কুসুমলাজবৃষ্টিনীরাজনসুখং কুসুমলাজানাং বৃষ্টির্বর্ষণং নীরাজনং আরাত্রিকং তেষাং সুখমনু অনু পশ্চাৎ যথা যুগপৎ মাতুঃ যশোদায়াঃ অঙ্ঘ্রিলগ্নঃ চরণসংলগ্নঃ সন্ অপরগুরুজনেষু রোহিণীপ্রভৃতিষু চ অন্বতিষ্ঠৎ প্রণম্যাতিষ্ঠৎ। তৎ তদা বলশ্চ বলরামশ্চ তদ্বৎ জননীপ্রভৃতি-গুরুবর্গেষু প্রণম্য অতিষ্ঠৎ ॥ ২৬৯ ॥

তদনু তৎপশ্চাৎ জননী যশোদা হৃদা হৃদয়েন সদাশীস্তুতিং আশীর্ব্বাদ-সমূহং অদদাৎ দত্তবতী, তু কিন্তু বচসা বাক্যেন ন, আশীর্ব্বাদং কর্ত্তুং অশক্নোৎ প্রেমবৈবশ্যাদিতিভাবঃ। সর্ব্বা জননীতরা সনয়নজলগদ্গদং নয়ন-জলেন সহ গদ্গদং অর্দ্ধস্ফুটবৎ বাক্যং গদন্তী বদন্তী সতী কলকলবল্গুগিরা কলকলমনোহরবাক্যেন আশিষঃ আশীর্ব্বাদান্ শশংস কথয়ামাস ॥ ২৭০ ॥

---

অনন্তর সেই শ্রীকৃষ্ণ—সর্ব্বজন কর্ত্তৃক পুষ্পবর্ষণ, লাজ (খৈ) বর্ষণ ও নীরাজন (আরতি) সুখানুভব করিয়া প্রথমতঃ জননীর চরণে সংলগ্ন হইয়া প্রণাম পূর্ব্বক রোহিণী প্রভৃতি অন্যান্য গুরুজনকেও যেরূপে প্রণাম করিলেন তদ্রূপ শ্রীবলরামও জননী প্রভৃতি গুরুজনের চরণে প্রণাম করিলেন ॥ ২৬৯ ॥

তৎপর শ্রীযশোদা হৃদয়ে অর্থাৎ মনে মনেই শ্রীকৃষ্ণকে আশীর্ব্বাদ করি-লেন যেহেতু তিনি বাৎসল্য প্রেমে অধীরা বশতঃ বাক্যদ্বারা পুত্রকে আশীর্ব্বাদ করিতে অসমর্থ হইয়া উঠিলেন রোহিণী প্রভৃতি অন্যান্য সকলে সজলনয়নে

Digitized at BRCindia.com

অথ বলজননীযুতা যশোদা
সুতযুগলং দধতী করেণ দোষ্ণি।
স্বসদনমুপনীয় খেদরিক্তং
করণলঘুব্যজনং বিধূনুতে স্ম॥ ২৭১॥
ক্ষণকতিপয়মাতৃলালনায়াং
জড়বদুপেয়তুরস্মৃতিং সহোত্থৌ।
তদনু চ তনুসেবকাঃ সমূচুঃ
স্নপনজলপ্রমুখং সমস্তমস্তি॥ ২৭২॥

---

অথ অনন্তরং বলজননীযুতা রোহিণীসহিতা যশোদা সুতযুগলং রামকৃষ্ণদ্বয়ং করেণ স্বস্বহস্তেন দোষ্ণি তয়োঃ ভুজে দধতী সতী স্বসদনং স্বীয়ভবনং উপনীয় আনীয় খেদরিক্তং শ্রমশূন্যং করণলঘুব্যজনং করণায় মন্দমন্দবীজনং বিধূনুতে স্ম॥ ২৭১॥

সহোত্থৌ সহাবির্ভাবৌ শ্রীরামকৃষ্ণৌ ক্ষণকতিপয়মাতৃলালনায়াং কিয়ৎক্ষণং ব্যাপ্য জননীলালনায়াং জড়বৎ মুগ্ধবৎ অস্মৃতিং অন্যকৃত্যেষু ইতিশেষঃ উপেয়তুঃ প্রাপতুঃ। তদনু তৎপশ্চাৎ চ তনুসেবকাঃ শরীরসেবকাঃ অঙ্গমার্জ্জন-স্নানাদিকার্য্যনিপুণা ভৃত্যাঃ সমূচুঃ উক্তবন্তঃ, কিমূচুঃ তদাহ স্নপনজলপ্রমুখং স্নানার্থজলাদিকং সমস্তং অস্তি॥ ২৭২॥

---

গদগদ বাক্য কহিতে কহিতে কলকল মনোহর বাক্যদ্বারা শ্রীকৃষ্ণকে আশীর্ব্বাদ বাক্য প্রয়োগ করিতে লাগিলেন॥ ২৭০॥

অনন্তর রোহিণীর সহিত যশোদা স্বস্ব পুত্রের বাহুধারণ পূর্ব্বক স্বগৃহে আনয়ন করিয়া পথশ্রান্তি অপনোদনার্থ মন্দ মন্দ ব্যজন করিতে লাগিলেন॥ ২৭১॥

শ্রীরামকৃষ্ণ কতিপয় সময় ব্যাপিয়া জননী কর্ত্তৃক লালিত হওয়ায় মুগ্ধতা-বশতঃ অন্যান্য স্নানাদি কার্য্যে বিস্মৃতি প্রাপ্ত হইলেন দেখিয়া তদনন্তর দেহ-রক্ষক সেবকগণ বলিলেন, স্নানার্থ জল প্রভৃতি সমস্ত প্রস্তুত রহিয়াছে॥ ২৭২॥

Digitized at BRCindia.com

দ্রুতমথ জননী-নিদেশলাভাৎ
স্নপনকুতে সহজদ্বয়ং জগাম ।
নিজনিজগৃহভাগ্বপুশ্চ নীরা-
দিভিরভিমৃজ্য জবাদবস্ত বস্ত্রম্ ॥ ২৭৩ ॥
হরিরথ হরিচন্দনেন রক্তং
মৃগজমদেন বলস্তু বস্ত্রযুগ্মম্ ।
দধদনু দধদঙ্গরাগমেবং
দরধৃতভূষণমাপ মাতৃপার্শ্বম্ ॥ ২৭৪ ॥

অথ অনন্তরং সহজদ্বয়ং শ্রীরামকৃষ্ণদ্বয়ং জননীনিদেশলাভাৎ মাতুরাজ্ঞা-প্রাপণাৎ স্নপনকুতে স্নানার্থং দ্রুতং সত্বরং জগাম। নিজনিজগৃহভাগ্—স্বস্বস্নানগৃহং প্রাপ্তং, বপুশ্চ দেহঞ্চ নীরাদিভিঃ জলামলকাদিদেহমার্জ্জন-প্রসিদ্ধাদিভিঃ অভিমৃজ্য মার্জ্জনাং কৃত্বা জবাৎ শীঘ্রং বস্ত্রং অবস্ত পরিধানং কৃতবান্ ॥ ২৭৩ ॥

অথ অনন্তরং হরিঃ শ্রীকৃষ্ণঃ হরিচন্দনেন পীতবর্ণসুগন্ধকাষ্ঠবিশেষেণ কিম্বা কুঙ্কুমেণ রক্তং বলঃ বলরামস্তু মৃগজমদেন রঙ্গং বস্ত্রযুগ্মং পরিধেয়োত্তরীয়-বসনদ্বয়ং দধৎ, দধদঙ্গরাগং, কৃষ্ণপক্ষে কুঙ্কুমহরিচন্দনাদিযথাযোগ্যাঙ্গরাগং, বলপক্ষে মৃগমদচন্দনাদিশুক্লাঙ্গযোগ্যশুক্লাঙ্গরাগং দধৎ; দরধৃতভূষণং ঈষদ্ধৃতভূষণং মাতৃপার্শ্বং জননীসমীপং আপ জগাম ॥ ২৭৪ ॥

তৎপর রামকৃষ্ণ, স্নানার্থ জননীর অনুমতি পাইয়া স্নান করিবার নিমিত্ত অবিলম্বে গমন করিলেন। এবং স্ব স্ব স্নান গৃহে গমন পূর্ব্বক জল ও সুগন্ধ অঙ্গমার্জনোপযোগি যথোপযুক্ত দ্রব্য সমূহ দ্বারা অঙ্গ মার্জনা করিয়া তৎক্ষণাৎ অপর বসন পরিধান করিলেন ॥ ২৭৩ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ,—হরিচন্দনে রক্তবর্ণ পরিধেয় ও উত্তরীয় বস্ত্রদ্বয় এবং বলরাম—মৃগমদদ্বারা রঞ্জিত বসনযুগল ধারণ পূর্ব্বক ও যথাযোগ্য অঙ্গরাগ অর্থাৎ কুঙ্কুম হরিচন্দনাদি দ্বারা যথোপযুক্ত অঙ্গরাগ এবং বলরাম

Digitized at BRCindia.com

সকলমবয়বং নিজং সবেশং
সুরভিতমপ্যতুলং করোতি কৃষ্ণঃ।
নিটিলমতিতমং যদস্য পশ্য-
ত্যপি পুরা জিঘ্রতি তাতমাতৃযুগ্মম্ ॥ ২৭৫ ॥
সুতযুগমথ মাতৃযুগ্মমাপ্তং
তদুচিতচিত্রকচিত্রমাশু কৃত্বা।
অমৃতরুচিধরেণ পানকেন
ক্রমুকপুটেন চ নন্দয়াঞ্চকার ॥ ২৭৬ ॥

কৃষ্ণঃ সবেশং বেশেন সহিতং নিজং স্বকীয়ং সকলং সমস্তং অতুলং তুলনা-রহিতমপি অবয়বং হস্তাদিকং সুরভিতং সুরভযুক্তং করোতি। যৎ অস্য পুত্রস্য নিটিলং মস্তকং অতিতমং অত্যধিকং পশ্যত্যপি তাতমাতৃযুগ্মং শ্রীনন্দযশোদারোহিণ্যাখ্যং পুরু অধিকং জিঘ্রতি "ঘ্রাগন্ধোপাদানে" ॥ ২৭৫ ॥

অথ অনন্তরং মাতৃযুগ্মং যশোদারোহিণীদ্বয়ং আপ্তং প্রাপ্তং সুতযুগং রাম-কৃষ্ণপুত্রদ্বয়ং আশু শীঘ্রং তদুচিতচিত্রকচিত্রং তয়োঃ রামকৃষ্ণয়োঃ উচিতং যথোপযুক্তং চন্দনমৃগমদকুঙ্কুমাদিকং তেন চিত্রকং আশ্চর্য্যং চিত্রং তিলকং কৃত্বা অমৃতরুচিধরেণ সুধাতুল্যসুস্বাদযুক্তেন পানকেন সিতাদিসংমিশ্রপানীয়েন ক্রমুক-পুটেন চ গুবাকসম্পুটেন তাম্বূলেনেতি যাবৎ নন্দয়াঞ্চকার কিম্বাত্র সুতযুগ-মিতি কর্তৃপদং যথাযোগ্যং যথারুচিভিঃ সুধীভিরেব সমাধেয়ং ॥ ২৭৬ ॥

মৃগমদচন্দনাদি দ্বারা যথোপযুক্ত অঙ্গরাগ, ও যথোচিত অঙ্গভূষণ ধারণ করিয়া জননীর সমীপে গমন করিলেন। ২৭৪ ॥

শ্রীকৃষ্ণ—বিবিধ বেশভূষান্বিত স্বীয় অতুলনীয় সমস্ত হস্তাদি অবয়বকে সুরভিত করিতে লাগিলেন এবং শ্রীব্রজরাজ, যশোদা ও রোহিণী সেই শ্রীকৃষ্ণের উত্তমাঙ্গ দর্শন করিতে থাকিলেও তখন পুনঃ পুনঃ তাহার আঘ্রাণ করিতে লাগিলেন ॥ ২৭৫ ॥

অনন্তর জননীদ্বয়—পুত্রযুগলকে প্রাপ্ত হইয়া তদুচিত অর্থাৎ যথোপযুক্ত

Digitized at BRCindia.com

স্ফুরদিহ জননীযুগং প্রসূত্যো-
র্যুগমপি চিত্রতয়া বিভাতি নিত্যং ।
যুগযুগমনু তর্ক্যতে ন লীলাৎ
ক্বনু জননীজননীয়তাবিভাগঃ ॥ ২৭৭ ॥
শিরসি দধদপূর্ব্বপট্টপাশং
করমনু রত্নজচিত্রমিত্রযষ্টিং ।
বলসহিততয়াঽচলজ্জনন্যো-
শ্চরণনতিং বিদধৎ পয়াংসি দোগ্ধুং ॥ ২৭৮ ॥

---

ইহ স্ফুরৎ জননীযুগং যশোদারোহিণ্যাখ্যং প্রসূত্যোঃ ( প্র+সূ+কর্ম্মণি ক্তিঃ ) পুত্রয়োর্যুগং চিত্রতয়া আশ্চর্য্যতয়া নিত্যং বিভাতি। যুগযুগং প্রতিযুগং লীলাৎ স্বভাবাৎ ক কুত্র নু ভোঃ জননীজননীয়তাবিভাগঃ জননীপুত্রত্ববিভাগঃ ন তর্ক্যতে ॥ ২৭৭ ॥

শিরসি মস্তকে অপূর্ব্বপট্টপাশং আশ্চর্য্যপট্টনির্ম্মিতপাশং করমনু করে রত্নজচিত্রমিত্রযষ্টিং রত্নজবিচিত্রিতমিত্রতুল্যযষ্টিং দধৎ বলসহিততয়া বলদেবেন সহ জনন্যোঃ শ্রীযশোদারোহিণ্যোঃ চরণনতিং পদে প্রণামং বিদধৎ কুর্ব্বন্ পয়াংসি দোগ্ধুং অচলৎ অগচ্ছৎ শ্রীকৃষ্ণ ইতি শেষঃ ॥ ২৭৮ ॥

---

চন্দন মৃগ মদ কুঙ্কুমাদি দ্বারা সুন্দর তিলক রচনা করিয়া অমৃততুল্য রুচি পানক ( সরবৎ ) ও তাম্বুল প্রদানে পরমানন্দিত করিয়াছিলেন ॥ ২৭৬ ॥

এই স্থানে জননীদ্বয় ও পুত্রযুগল অদ্ভুত প্রকারে নিত্য বিরাজ করিতেছেন এই রূপে যুগে যুগে স্বভাবত জননী ও পুত্রভাবের বিভাগ কোথায় বিতর্কিত না হইয়া থাকে ? ॥ ২৭৭ ॥

শ্রীকৃষ্ণ—মস্তকে অপূর্ব্ব পট্টনির্ম্মিত পাশ ও করে রত্ন নির্ম্মিত বিচিত্রিত মিত্রতুল্য যষ্টি ধারণ পূর্ব্বক বলদেবের সহিত জননী দ্বয়ের চরণে প্রণাম করিয়া দুগ্ধ দোহন করিবার নিমিত্ত গোষ্ঠে গমন করিলেন ॥ ২৭৮ ॥

Digitized at BRCindia.com

অথ কনকজদোহনাদিপাত্রা-
ণ্যনুগজনাঃ সমমেব তে গৃহীত্বা।
ব্যতিজয়মনসা দ্রবং দধানা
দ্রবগমনাঃ সময়ুস্তদীয়পদ্যাম্ ॥ ২৭৯ ॥
পুনরথ বৃষভানুজাদিবর্গঃ
সদনশিরোগৃহজালরন্ধ্রলগ্নঃ।
উপদিশতি পরস্পরং স্ম বীক্ষ্য
প্রিয়চরিতং গবিদোহনায় জাতম্ ॥ ২৮০ ॥

---

অথ অনন্তরং তে প্রসিদ্ধাঃ অনুগজনাঃ ভৃত্যাঃ কনকজদোহনাদিপাত্রাণি স্বর্ণনির্ম্মিতদোহনপাত্রাণি সমমেব তেন সহ তত্ত্ব বা কিম্বা যুগপদেব গৃহীত্বা ব্যতিজয়মনসা "অহং পূর্ব্বমহং পূর্ব্ব"মিত্যাকারপরস্পরজয়কামেন মনসা দ্রবং দধানাঃ দ্রবগমনাঃ সত্বরগমনাঃ তদীয়পদ্যাং শ্রীকৃষ্ণগমনমার্গং সময়ুঃ অগমন্ ॥ ২৭৯ ॥

অথ অনন্তরং পুনঃ বৃষভানুজাদিবর্গঃ শ্রীরাধাদিকান্তাসমূহঃ সদনশিরোগৃহজালরন্ধ্রলগ্নঃ দ্বিতলত্রিতলাদিগৃহগতগবাক্ষরন্ধ্রে নয়নসংলগ্নঃ সন্নিত্যর্থঃ, গবিদোহনায় গোসমূহদোহনায় জাতং সমুদ্ভূতং প্রিয়চরিতং কৃষ্ণচরিতং বীক্ষ্য পরস্পরং উপদিশতি ॥ ২৮০ ॥

---

অনন্তর অনুগত ভৃত্যগণ স্বর্ণনির্ম্মিত দোহন পাত্র সকল গ্রহণ পূর্ব্বক পরস্পর জয় মানসে দ্রুতপদে শ্রীকৃষ্ণের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥ ২৭৯ ॥

তখন শ্রীবৃষভানুনন্দিনী প্রভৃতি কান্তাগণ, দ্বিতল বা ত্রিতল গৃহের গবাক্ষ রন্ধ্রে নেত্র সংলগ্ন করিয়া শ্রীকৃষ্ণের গোদোহন কালীন বিবিধ চরিত্র দর্শন পূর্ব্বক পরস্পর তাহাই বর্ণন করিতে লাগিলেন ॥ ২৮০ ॥



Digitized at BRCindia.com

কলয় সখি! হরিঃ পিতুর্নিদেশং
স্বয়মনু যাচনয়া প্রপদ্যমানঃ।
পশুপজননিযোজনানুপূর্ব্ব্যা
সহবলমাচরতি স্ম গোষু দোহম্ ॥ ২৮১ ॥
যদপিচ হরিহূতিমাধুরীভিঃ
স নদতি সর্ব্বক এব ধেনুসঙ্ঘঃ।
তদপি চ বত কাপি তস্য শিক্ষা-
বশগতয়া তমিয়র্ত্তি তেন হূতা ॥ ২৮২ ॥

হে সখি! কলয় পশ্য, হরিঃ স্বয়মনু যাচনয়া প্রার্থনয়া পিতুঃ শ্রীব্রজরাজস্য নিদেশং অনুমতিং প্রপদ্যমানঃ প্রাপ্নুবন্ পশুপজননিযোজনানুপূর্ব্ব্যা গোপালকগণনিযোজনস্য আনুপূর্ব্ব্যা পরিপাট্যা অগ্রপশ্চাদ্ভাবেরূপক্রমেণবা গোষু দোহং সহবলং যথা স্যাত্তথা আচরতি অনুতিষ্ঠতি ॥ ২৮১ ॥

যদপি হরিহূতিমাধুরীভিঃ হরেঃ কৃষ্ণস্য যা হূতিঃ আহূতিঃ আহ্বানমিতি যাবৎ তস্যাঃ যা মাধুরী তাভিঃ সর্ব্বক এব স ধেনুসঙ্ঘঃ গোসমূহঃ নদতি "নদশব্দে" তদপি বত আশ্চর্য্যং কাপি ধেনুঃ তস্য শিক্ষাবশগতয়া শিক্ষাধীনতয়া তেন কৃষ্ণেন হূতা "শামলি ধবলি গঙ্গে যমুনে" ইত্যাদি নাম্না আহূতা সতী তমেব কৃষ্ণমেব ইয়র্ত্তি গচ্ছতি প্রাপ্নোতি ॥ ২৮২ ॥

হে সখি! ঐ দেখ শ্রীকৃষ্ণ স্বয়ং প্রার্থনা করিয়াই গোদোহনার্থ পিতার আজ্ঞা প্রাপ্ত হইয়া গোপালকদিগকে আনুপূর্ব্বিক নিযোজন পূর্ব্বক বলদেবের সহিত গোদোহন করিতেছেন ॥ ২৮১ ॥

যদ্যপি শ্রীহরির আহ্বানে সমস্ত ধেনুগণই প্রত্যুত্তররূপে হাম্বা ২ ধ্বনি করিয়া থাকে, তথাপি আশ্চর্য্য এই যে, শ্রীকৃষ্ণের শিক্ষার অধীনবশতঃ যে কোন ধেনু অর্থাৎ ধবলী শ্যামলী প্রভৃতি,—কৃষ্ণ কর্ত্তৃক আহূতা হইলে সেই সেই ধেনুই তাঁহার নিকট উপস্থিত হইয়া থাকে ॥ ২৮২ ॥

Digitized at BRCindia.com

অথ পরিহিতমুত্তরীয়বদ্ধং
দ্রঢ়য়তি গাঢ়তয়া গবামধীন্দ্রঃ।
তদনু চ মৃদুপাশনদ্ধবৎসং
নবধবলাচরণেন সংযুনক্তি ॥ ২৮৩ ॥
ক্ষিতিমনুচরণাগ্রদত্তভারঃ
প্রণমিতজানুযুগান্তরস্থপাত্রঃ।
মুহুরপি কলয়ন্ স গোস্তনাগ্রং
স্মিতমপি দুগ্ধমপি স্ম দোগ্ধি কৃষ্ণঃ ॥ ২৮৪ ॥

---

অথ অনন্তরং গবাং অধীন্দ্রঃ অধিপতিঃ গোবিন্দ ইতি যাবৎ গাঢ়তয়া দৃঢ়তয়া পরিহিতং পরিধানবস্ত্রং উত্তরীয়বদ্ধং উত্তরীয়েণ বস্ত্রেণ বদ্ধং যথা স্যাত্তথা দ্রঢ়য়তি। তদনু তৎপশ্চাৎ নবধবলাচরণেন সহ মৃদুপাশনদ্ধবৎসং মৃদুপাশেন কোমলপট্টরজ্জ্বা নদ্ধবৎসং সংযুনক্তি ॥ ২৮৩ ॥

ক্ষিতিমনু পৃথিবীমনু ক্ষিত্যাং চরণাগ্রদত্তভারঃ—চরণাগ্রে দত্তঃ অর্পিতঃ ভারঃ বিগ্রহস্য ভারঃ যেন সঃ, প্রণমিতজানুযুগান্তরস্থপাত্রঃ—প্রণমিতয়োঃ প্রকর্ষেণ নমিতয়োঃ বক্রীকৃতয়োর্বা জানুযুগয়োঃ অন্তরস্থং মধ্যস্থং পাত্রং স্বর্ণনির্ম্মিতভাজনং যস্য সঃ, স কৃষ্ণঃ মুহুরপি পুনঃ পুনরপি গোস্তনাগ্রং কলয়ন্ চালয়ন্ আকর্ষয়ন্নিতি যাবৎ, স্মিতমপি মন্দহাস্যমপি দুগ্ধমপি চ দোগ্ধি স্ম অদুগ্ধ ॥ ২৮৪ ॥

---

অনন্তর গোসকলের অধীশ্বর শ্রীগোবিন্দ, স্বীয় পরিধেয় বসন উত্তরীয় বস্ত্রদ্বারা দৃঢ়রূপে বন্ধন করিয়া সুকোমল পাশবদ্ধ বৎসকে নবধবলা গাভীর চরণের সহিত যোজনা অর্থাৎ বন্ধন করিলেন ॥ ২৮৩ ॥

আরও দেখ শ্রীকৃষ্ণ, চরণাগ্র দ্বারা পৃথিবীতে দেহ ভার অর্পণ পূর্ব্বক নমিত জানুযুগলের মধ্যে দোহন পাত্র ধারণ করিয়া পুনঃ পুনঃ গোস্তনাগ্র আকর্ষণ করতঃ হাস্য ও দুগ্ধ উভয়কেই দোহন করিতেছেন ॥ ২৮৪ ॥

Digitized at BRCindia.com

কলয় হরিরমূমদুহ্ধ ধেনুং
কথমপরা দুহতে স্বয়ং বিলোক্য।
অহহ! তদবলোক্য পশ্য দূরা-
দনুকুরুতে জরদঙ্গণাগণশ্চ ॥ ২৮৫ ॥
দ্রুতমথ পয়সাং নিপান্ প্রহিত্য
প্রযযুরমী ব্রজরাণ্মুখা গৃহায়।
হরিরথ সকলঃ সুহৃদ্বৃতিশ্রীঃ
কবিকবিতঃ স সসার রাজসদ্ম ॥ ২৮৬ ॥

---

অপরাঃ গোপাঃ কথং কেন প্রকারেণ কয়া প্রণাল্যা ইতি যাবৎ দুহতে গাঃ দুগ্ধমিতিশেষঃ ইতি স্বয়ং বিলোক্য হরিঃ অমূং ধেনুং অদুগ্ধ, কলয় পশ্য। অহহ আশ্চর্য্যং জরদঙ্গনাগণশ্চ বৃদ্ধাগোপীসমূহঃ দূরাৎ তৎ দোহনং অবলোক্য দৃষ্ট্বা অনুকুরুতে ইতি চ পশ্য ॥ ২৮৫ ॥

অথ অনন্তরং অমী ব্রজরাণ্মুখাঃ শ্রীনন্দপ্রভৃতয়ঃ পয়সাং দুগ্ধানাং নিপান্ কলসান্ দ্রুতং প্রহিত্য প্রেরয়িত্বা, সংগৃহ্য বা গৃহায় বাসভবনায় প্রযযুঃ জগ্মুঃ। অথ সকলঃ বলদেবসহিতঃ সুহৃদ্বৃতিশ্রীঃ সখিজনবেষ্টিতশোভাযুক্তঃ, কবিকবিতঃ কবিভিঃ কবিতঃ বিচিত্রকাব্যেন কীর্ত্তিতঃ বর্ণিতো বা স হরিঃ শ্রীকৃষ্ণঃ রাজসদ্ম রাজমন্দিরং সসার জগাম ইত্যর্থঃ ॥ ২৮৬ ॥

---

হে সখি! দেখ, গোপগণ কি প্রণালীতে গোদোহন করিতেছেন শ্রীকৃষ্ণ স্বয়ং তাহা দর্শন করিয়াই যেন এই ধেনু দোহন করিতে লাগিলেন। কি আশ্চর্য্য! ঐ দেখ বৃদ্ধ গোপীগণ দূর হইতে সেই দোহন অবলোকন পূর্ব্বক তাহার অনুকরণ করিতেছেন ॥ ২৮৫ ॥

অনন্তর ঐ দেখ, শ্রীব্রজরাজ প্রভৃতি গোপগণ,—যথাস্থানে দুগ্ধ-পাত্র সকল তৎক্ষণাৎ প্রেরণকরিয়া গৃহে গমন করিতেছেন তৎপর শ্রীকৃষ্ণ—বলরামের সহিত সখাগণ পরিবেষ্টিত বশতঃ পরম শোভাবিশিষ্ট ও কবিগণ কর্ত্তৃক বর্ণিত হইয়া রাজভবনে গমন করিতে লাগিলেন। ২৮৬ ॥

Digitized at BRCindia.com

বলমনুসখিভিঃ সহাসজল্পঃ
করকরতাড়নয়া মিথঃ প্রমোদী।
সমদগজগতি র্বিচিত্রবেত্রঃ
পরিসরমেতি সরন্ সরোজনেত্রঃ॥ ২৮৭ ॥
সরণিমনু সরন্নমুং প্রদেশং
পুনরমুমপ্যমুমপ্যমুং বিবেশ।
মুরজিদধিরুরোহ কর্ণিকাগ্রং
নিজনিজসেবনসিদ্ধয়ে প্রয়ামঃ॥ ২৮৮ ॥

---

বলমনুসখিভিঃ বলদেবসহিতসখিভিঃ সহ সহাসজল্পঃ হাস্যসমন্বিত বিবিধবাক্য-বাদী মিথঃ পরস্পরং করকরতাড়নয়া করতালীপ্রদানেনেত্যর্থঃ প্রমোদী প্রমোদ-যুক্তঃ, সমদগজগতিঃ—মদযুক্তগজগতিঃ, বিচিত্রবেত্রঃ রত্ননির্ম্মিতযষ্টিঃ, এতাদৃশঃ সরোজনেত্রঃ কমলনয়নঃ শ্রীকৃষ্ণঃ সরন্ গচ্ছন্ পরিসরং প্রদেশং এতি আগচ্ছতি ইত্যর্থঃ॥ ২৮৭ ॥

সরণিমনু মার্গমনু পথি ইতি যাবৎ সরন্ গচ্ছন্ অমুং প্রদেশং দেশং পুনঃ অমুং অমুং প্রদেশং অমুং অমুং প্রদেশং অমুং অমুং প্রদেশং বিবেশ, অপরসখি-জন-স্বস্বগৃহ প্রবেশাভিপ্রায়েণোক্তমিত্যাকারেণ, অনির্দ্দিষ্টকর্ত্তৃপদঞ্চ সখ্যা-তীতত্বাৎ, সুদামশ্রীদাম ইতিরীত্যা জ্ঞেয়ং। মুরজিৎ কর্ণিকাগ্রং অধিরুরোহ। নিজনিজসেবনসিদ্ধয়ে স্বস্বপরিচর্য্যানিষ্পত্তয়ে প্রয়ামঃ বয়মিতি শেষঃ। ২৮৮ ॥

---

কমলনয়ন শ্রীকৃষ্ণ—বলরামাদি অন্যান্য সখাগণের সহিত সহাস্যে বিবিধ বাক্য কথোপকথন ও পরস্পর করতালী দ্বারা প্রমোদযুক্ত হইয়া রত্ননির্ম্মিত বিচিত্র যষ্টি হস্তে লইয়া মদমত্ত গজেন্দ্র গতিতে গমন করিতে করিতে পরিসর প্রদেশে আগমন করিলেন॥ ২৮৭ ॥

সখি! ঐ দেখ, শ্রীদামাদি সকলে পথে গমন করিতে ২ আপন ২ গৃহে প্রবেশ করিল, আর শ্রীকৃষ্ণাগ্রজ বলরাম প্রাঙ্গণগত হইয়া স্বজননী রোহিণীর মন্দিরে প্রবেশ করিলেন, এবং শ্রীব্রজরাজনন্দন,—শ্রীব্রজেশ্বরীর কর্ণিকাকার

Digitized at BRCindia.com

ইতি বিবিধতয়ানুবর্ণ্যমানঃ
সবিধসমেততয়াবকর্ণ্যমানঃ।
উপজননি স এত্য তন্নিদেশাৎ
ক্লমমপনেতুমিয়ায় বাসসদ্ম ॥ ২৮৯ ॥
দ্রুতমথ বৃষভানুজাদিবর্গঃ
প্রিয়মুপসেবিতুমাবৃতীয়মানঃ।
অকুরুত জলতালবৃন্তচর্চ্চা-
দ্যুপকরণং কলয়ংস্তদীয়শর্ম্ম ॥ ২৯০ ॥

---

ইতি এবম্প্রকারেণ বিবিধতয়া নানাপ্রকারেণ অনুবর্ণ্যমানঃ কীর্ত্তিতঃ, সবিধসমেততয়া নিকটসঙ্গততয়া অবকর্ণ্যমানঃ দৃশ্যমানঃ কান্তাদিভিরিতিশেষঃ স শ্রীকৃষ্ণঃ, উপজননি জননীসমীপং এত্য আগত্য তন্নিদেশাৎ জনন্যাদেশাৎ ক্লমং শ্রমং অপনেতুং দুরীকর্ত্তুং বাসসদ্ম নিজশয়নগৃহং ইয়ায় জগাম ॥ ২৮৯ ॥

অথ অনন্তরং বৃষভানুজাদিবর্গঃ শ্রীবৃষভানুনন্দিনীপ্রভৃতিপ্রিয়াসমূহঃ প্রিয়ং প্রাণবল্লভং উপসেবিতুং পরিচর্য্যাং কর্ত্তুং দ্রুতং আবৃতীয়মানঃ বেষ্টিতীয়মানঃ জলতালবৃন্তচর্চ্চাদ্যুপকরণং পাদ্যাচমনীয়াদ্যর্থং জলং দেহসুশীতলার্থং তালবৃন্তং তালপত্রনির্ম্মিতব্যজনং চর্চ্চা চন্দনাদিলেপনং ইত্যাদি উপকরণং কলয়ন্ ব্যবহরন্ তদীয়শর্ম্ম প্রিয়তমসুখং অকুরুত কিম্বা তদীয়শর্ম্ম কলয়ন্ বিচারয়ন্ পশ্যন্বা জলাদ্যুপকরণং অকুরুত ॥ ২৯০ ॥

---

ভবনে প্রবেশ করিলেন অতএব চল আমরাও আপন আপন সেবা করিবার নিমিত্ত গমন করি ॥ ২৮৮ ॥

শ্রীকৃষ্ণ, উক্ত প্রকারে নানারূপে কান্তাদি কর্ত্তৃক বর্ণিত ও নিকটাগত প্রযুক্ত সবিশেষে দৃষ্টিগোচর হইয়া জননী সমীপে আগমন পূর্ব্বক তাঁহার আদেশে শ্রম শান্তির নিমিত্ত স্বীয় শয়ন মন্দিরে গমন করিলেন ॥ ২৮৯ ॥

অনন্তর শ্রীরাধিকা প্রভৃতি প্রিয়াগণ প্রাণবল্লভকে পরিচর্য্যা করিবার

Digitized at BRCindia.com

রুচিরমৃদুলতূলিকাঢ্যখট্টা-
মুপরিনিবেশমমুং নিষেবমাণাঃ।
যদিহ সুখমমুষ্য তন্নিজাত্ম-
প্রতিফলিতং নিজমেব তা বিদুঃ স্ম ॥ ২৯১ ॥
যদপি তমনুসেবতে সমস্তা
ততিরিয়মুত্তমকল্পমল্পকং ন।
তদপিচ বৃষভানুজা যদা যৎ
কলয়তি তন্নবতাং সদা প্রয়াতি ॥ ২৯২ ॥

রুচিরমৃদুলতূলিকাঢ্যখট্টাং মনোহরকোমলতূলিকাযুক্তপর্য্যঙ্কং উপরি নিবেশং স্থিতং অমুং বল্লভং নিষেবমাণাঃ পরিচর্য্যাং কুর্ব্বাণাঃ তাঃ প্রিয়াঃ, ইহ অমুষ্য প্রাণনাথস্য যৎ সুখং, তৎ নিজাত্মপ্রতিফলিতং স্বদেহপ্রতিবিম্বিতং নিজমেব বিদুঃ স্ম জানন্তি স্ম ॥ ২৯১ ॥

যদপি ইয়ং সমস্তা ততিঃ তমনু কৃষ্ণমনু সেবতে, তৎ উত্তমকল্পং বিধানং নিয়মঃ অল্পকং অল্পং ন, তদপি বৃষভানুজা শ্রীরাধা যদা যস্মিন্ সময়ে যৎ নিয়মং কলয়তি প্রিয়তমপরিতোষণার্থং করোতি তৎ বিধানং সদা ক্ষণে ক্ষণে নবতাং নূতনত্বং প্রয়াতি প্রাপ্নোতি ॥ ২৯২ ॥

নিমিত্ত তৎক্ষণাৎ তাহার চতুর্দ্দিগে আবৃত হইয়া পাদ্যাদি জল, ব্যজন ও চন্দনাদি লেপন প্রভৃতি উপকরণে প্রাণনাথের সুখবিধান করিতে লাগিলেন ॥ ২৯০ ॥

প্রিয়াগণ—মনোহর কোমল তুলাযুক্ত পালঙ্কগত প্রাণবল্লভকে পরিচর্য্যা করিতে লাগিলেন। তাহারা প্রিয়তমের যে সুখ তাহা নিজ আত্মাতে প্রতি ফলিত বিধায় নিজতেই জানিয়া থাকেন ॥ ২৯১ ॥

যদিচ সখীবর্গ—প্রিয়তমকে যে যে বিধানে পরিচর্য্যা করিয়া থাকেন সে উত্তম বিধানও অল্প নহে তথাপি শ্রীবৃষভানু নন্দনী যে সময়ে প্রাণবল্লভের সুখার্থ যে সেবা বিধান করিয়া থাকেন তাহা প্রতিক্ষণ নূতনত্ব প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৯২ ॥

Digitized at BRCindia.com

নবমিব মিথুনং মিথঃ স্থিতং য-
ন্নবমিব রাগজনুশ্চ যস্য নিত্যং।
কথমিব নবতাং ন তস্য বিন্দে-
দ্ব্যতিভজনং হরিরাধিকাভিধস্য ॥ ২৯৩ ॥
ইদমিদমভিতঃ স রাধিকায়াঃ
স পুলকসস্মিতসাস্রমীক্ষমাণঃ।
বহুবিনয়তয়ান্তিকায় নীতাং
মুহুরমুকাং করলালিতাঞ্চকার ॥ ২৯৪ ॥

যৎ মিথুনং শ্রীরাধাকৃষ্ণদ্বয়ং মিথঃ পরস্পরং নবমিব নূতনমিব স্থিতং বর্ত্তমানং অস্তি,যস্য রাধাবিনোদযুগলস্য রাগজনুঃ রাগস্য অনুরাগস্য জন্ম উৎপত্তিশ্চ নিত্যং নবমিবাস্তি, তস্য হরিরাধিকাভিধস্য ব্যতিভজনং পরস্পরসেবনং কথমিব নবতাং ন বিন্দেৎ লভেত ॥ ২৯৩ ॥

স শ্রীকৃষ্ণঃ রাধিকায়াঃ অভিতঃ সর্ব্বতোভাবেন ইদমিদং স্বকল্পিতনূতনসেবনং সপুলকসস্মিতসাস্রং পুলকেন সহ সপুলকং স্মিতেন হাস্যেন সহ সস্মিতং অস্রেন সহ সাস্রং সাশ্রুজলং ঈক্ষমাণঃ পশ্যন্, বহুবিনয়তয়া অন্তিকায় সমীপং নীতাং অমুকাং রাধিকাং মুহুঃ করলালিতাং করেণ লালিতাং চকার ॥ ২৯৪ ॥

যে শ্রীরাধাকৃষ্ণ,পরস্পর নূতন সদৃশ প্রতীয়মান হইয়া থাকেন এবং তাহাদের অনুরাগোৎপত্তিও নিত্য নূতনবৎ রহিয়াছে সেই রাধামাধবের পরস্পর সেবন কেনই বা নূতনত্ব লাভ না করিবে? ॥ ২৯৩ ॥

তখন শ্রীকৃষ্ণ,—সপুলক, সহাস্য ও সজল নয়নে শ্রীরাধার স্বকল্পিত নূতন সেবা সন্দর্শন করিয়া বহুবিনয় দ্বারা নিকটে সমাগত প্রাণেশ্বরীকে স্বীয় করে মুহুর্মুহু লালন করিতে লাগিলেন ॥ ২৯৪ ॥

Digitized at BRCindia.com

ইতি রজনিমুখে গতে সুখেন
প্রহিতচরঃ শিশুরাগতঃ স্ম বক্তি।
ব্রজপতিরধুনা স্বভোগধাম
প্রবিশতি তেন সমং বলাদয়শ্চ॥ ২৯৫॥
অথ মুরবিজয়ী চচাল তস্মাৎ
পিতৃসবিধং পিদধন্নিজস্মিতাদি।
সুদৃগিয়মপি তর্হি গোপরাজ্ঞী-
নিকটমতিপ্রকটং বিহায় বর্ত্ম॥ ২৯৬॥

---

ইতি উক্তপ্রকারেণ সুখেন রজনিমুখে প্রদোষে সূর্য্যাস্তকালতঃ যামার্দ্ধ-কালে ইতি যাবৎ গতে অতীতে সতি প্রহিতচরঃ প্রেরিতঃ শ্রীনন্দাদিভিরিতি শেষঃ শিশুঃ বালকঃ আগতঃ সন্ বক্তি বদতি স্ম শ্রীকৃষ্ণং প্রতীত্যর্থঃ। কিং বক্তি তদাহ—ব্রজপতিঃ শ্রীনন্দমহারাজঃ অধুনা ইদানীং স্বভোগধাম নিজ-ভোজনমন্দিরং প্রবিশতি তেন শ্রীব্রজপতিনা সমং সহ বলাদয়শ্চ প্রবিশন্তি ইতি॥ ২৯৫॥

অথ অনন্তরঃ মুরবিজয়ী শ্রীকৃষ্ণঃ তস্মাৎ বাসগৃহাৎ পিতৃসবিধং শ্রীনন্দ-সমীপং নিজস্মিতাদি নিজহাস্যাদি পিদধন্ অপিদধন্ আচ্ছাদয়ন্ চচাল জগাম। তর্হি তদা সুদৃক্ সুন্দরী সুন্দরনয়নবিশিষ্টা বা শ্রীরাধিকা অপি চার্থেঽপি শব্দঃ,

---

শ্রীকৃষ্ণ এই প্রকারে প্রিয়াগণ সঙ্গে আমোদ প্রমোদ করিতে করিতে প্রদোষ কাল অতিবাহিত হইলে তখন শ্রীব্রজরাজাদি কর্ত্তৃক প্রেরিত এক বালক আগমন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে বলিলেন এই যে, শ্রীব্রজরাজ এখন স্বীয় ভোজন মন্দিরে প্রবেশ করিতেছেন এবং বলদেব মধুমঙ্গল প্রভৃতিও তাঁহার সহিত ভোজন গৃহে গমন করিতেছেন॥ ২৯৫॥

অনন্তর মুরারি স্বীয় হাস্যাদি সম্বরণ পূর্ব্বক পিতার নিকট চলিলেন, তখন



Digitized at BRCindia.com

মুরজিতি সবিধং গতে ব্রজেজ্যা
নৃপসহিতা মুদিতা বলাদয়শ্চ।
সজলজলমুচীব চাতকাদ্যাঃ
কলকলবন্তু যযুস্তদাভিমুখ্যম্ ॥ ২৯৭ ॥
যদপি রবিসমঃ শশী বিভাতি
ব্রজভুবি তর্হ্যপি কান্তিভেদরীত্যা।
রজনিদিনবিভাগমীক্ষমাণা
ব্যবহৃতিভেদমমী সদা ভজন্তি ॥ ২৯৮ ॥

---

অতিপ্রকটং বক্রং বর্ত্ম মার্গং বিহায় ত্যক্ত্বা গুপ্তমার্গে গোপরাজ্ঞীনিকটং শ্রীনন্দমহিষীসমীপং চচাল ইত্যর্থঃ ॥ ২৯৬ ॥

মুরজিতি শ্রীকৃষ্ণে সবিধং নিকটং গতে সতি ব্রজেজ্যা ব্রজানাং ব্রজস্থানাং ইজ্যাঃ পূজ্যাঃ নৃপসহিতাঃ ব্রজরাজসহিতাঃ বলাদয়শ্চ মুদিতাঃ সন্তঃ, চাতকাদ্যাঃ সজলজলমুচীব সজলমেঘে ইব তদাভিমুখ্যং শ্রীকৃষ্ণাভিমুখ্যং কলকলবন্ত যথা স্যাত্তথা যযুঃ ॥ ২৯৭ ॥

যদপি যদ্যপি ব্রজভুবি রবিসমঃ সূর্য্যতুল্যঃ শশী চন্দ্রঃ বিভাতি প্রকাশতে তর্হ্যপি তথাপি কান্তিভেদরীত্যা শোভাভেদরীত্যা রজনিদিনবিভাগং রাত্রি-দিনবিভাগং ঈক্ষমাণাঃ পশ্যন্তঃ অমী বলাদয়ঃ ব্যবহৃতিভেদং ব্যবহারভেদং যত্র যথাযোগ্যমিতি ভাবঃ সদা ভজন্তি ॥ ২৯৮ ॥

---

সুনয়না বা সুন্দরী শ্রীরাধিকাও প্রকাশ্য পথ পরিত্যাগ করিয়া সুগুপ্ত মার্গে শ্রীব্রজেশ্বরীর নিকট গমন করিলেন ॥ ২৯৬ ॥

শ্রীকৃষ্ণ নিকটবর্ত্তী হইলে ব্রজপূজ্য শ্রীব্রজরাজের সহিত বলরাম মধুমঙ্গল প্রভৃতি সকলে আনন্দিত হইয়া সজল মেঘের প্রতি চাতকাদির ন্যায় মনোহর কল কল শব্দে শ্রীকৃষ্ণ সমীপে গমন করিলেন ॥ ২৯৭ ॥

যদিও ব্রজে সূর্য্যতুল্য চন্দ্র সর্ব্বদাই প্রকাশ পাইতেছেন, তথাপি কান্তিভেদে দিন

Digitized at BRCindia.com

অথ নিবিবিশিরে ব্রজেশ্বরাদ্যা
দনুজরিপুপ্রমুখাশ্চ ভিন্নপঙ্‌ক্তি।
ইতি ইহ সরসং সমস্তভোজ্যং
স্বদনবিধিং নয়তে তদন্যথা ন ॥ ২৯৯ ॥
দিনমুখমনু তত্র পাকবৃন্দে
দিনজঠরপ্রসরং দিনাঙ্ঘ্রিপূর্ত্তিম্।
ঋতুবলয়নিদেশদেশভেদং
বিবিধবিধানগতীঃ স্বয়ন্তু বিদ্ধি ॥ ৩০০ ॥

---

অথানন্তরং ব্রজেশ্বরাদ্যাঃ শ্রীনন্দাদ্যাঃ দনুজরিপুপ্রমুখাশ্চ শ্রীকৃষ্ণপ্রভৃতয়শ্চ ভিন্নপঙ্‌ক্তি যথা স্যাত্তথা নিবিবিশিরে। ইতি এবম্প্রকারেণ ইহ ভোজনে নিত্যলীলায়াম্বা, সরসং রসযুক্তং সমস্তভোজ্যং স্বদনবিধিং আস্বাদনবিধিং নয়তে তদন্যথা ন ভবতি ॥ ২৯৯ ॥

দিনমুখমনু দিবসপ্রথমমনু পূর্ব্বযামে ইত্যর্থঃ দিনজঠরপ্রসরং মধ্যযামে, দিনাঙ্ঘ্রিপূর্ত্তিং অন্তযামে তত্র পাকবৃন্দে পাকসমূহে ঋতুবলয়নিদেশভেদং ঋতুভেদেন নিদেশদেশভেদং বিবিধবিধানগতীঃ স্বয়ং বিদ্ধি জানীহি হে মনঃ ॥ ৩০০ ॥

---

রাত্রি বিভাগ অর্থাৎ দিবা ও নিশিতে রূপের তারতম্য দেখিয়া বলরাম প্রভৃতি সকলে সর্ব্বদা ব্যবহার ভেদ ভজনা করিয়া থাকেন ॥ ২৯৮ ॥

অনন্তর শ্রীব্রজেশ্বর প্রভৃতি ও শ্রীকৃষ্ণাদি সকলে ভিন্ন ভিন্ন পংক্তিতে উপসেবন করিলেন। এইপ্রকারে এই ভোজনে রসযুক্ত সমস্ত ভোজ্যদ্রব্যেরই আস্বাদন অর্থাৎ ভোজন হইল, ইহা অন্যথা নহে ॥ ২৯৯ ॥

হে চিত্ত! দিবসের প্রথমযামে মধ্যযামে ও অন্তযামে নানাবিধ রন্ধন সমূহ, ঋতুভেদে দেশভেদে বিবিধ বিধান গতি বলিয়া স্বয়ং জানিও ॥ ৩০০ ॥

Digitized at BRCindia.com

প্রথমমিহ ফলং বনাদুপাত্তং
বকরিপুণা স্বদনায় সুষ্ঠু জাতম্।
পুনরিহ হবিরাদিগোরসান্তং
শতবিধতেমনজেমনং বভূব ॥ ৩০১ ॥
অথ সুরভিজলেন সুষ্ঠু তাম্বূ-
লজপুটকেন চ শোধিতাস্যপদ্মাঃ।
ব্রজনৃপতিতদীয়নন্দনাদ্যা
বহিরুপবেশসভামভাসয়ন্ত ॥ ৩০২ ॥
অথ পুনরধিরুহ্য চন্দ্রশালী-
মুখমমৃতাংশুমুখীগণাঃ স্বকান্তম্।

---

ইহ প্রথমং বকরিপুণা শ্রীকৃষ্ণেন বনাৎ উপাত্তং গৃহীতং ফলং স্বদনায় সুষ্ঠু জাতং পুনরিহ হবিরাদিগোরসান্তং ঘৃতাদিদুগ্ধপর্য্যন্তং শতবিধতেমনজেমনং শতপ্রকারব্যঞ্জনভোজনং বভূব ॥ ৩০১ ॥

অথ ভোজনানন্তরং ব্রজনৃপতিতদীয়নন্দনাদ্যাঃ—শ্রীব্রজরাজতদীয়নন্দন-শ্রীকৃষ্ণপ্রভৃতয়ঃ সুরভিজলেন সুবাসিতজলেন সুষ্ঠু তাম্বূলপুটকেন শোধিতাস্য-পদ্মাঃ শোধিতানি পরিশোধিতানি আস্যপদ্মানি মুখকমলানি যৈঃ তে। বহি-রুপবেশসভাং বহির্বাটীস্থোপবেশনসভাং অভাসয়ন্ত আলোকয়ন্ত ॥ ৩০২ ॥

অথ পুনঃ অমৃতাংশুমুখীগণাঃ চন্দ্রমুখীগণাঃ চন্দ্রশালীমুখং প্রাসাদশিরোগৃহং

---

প্রথমতঃ বন হইতে কৃষ্ণ কর্ত্তৃক সংগৃহীত যে ফল তাহা আস্বাদনের নিমিত্ত হইয়াছিল, তৎপর ঘৃত আদি দুগ্ধ পর্য্যন্ত শতবিধ ব্যঞ্জন ভোজন হইল ॥ ৩০১ ॥

ভোজনানন্তর শ্রীব্রজরাজ ও শ্রীকৃষ্ণ প্রভৃতি সকলে সুবাসিত জলে মুখ প্রক্ষালন পূর্ব্বক তাম্বুল দ্বারা মুখশুদ্ধি করিয়া বহির্বাটীস্থ সভায় উপবেশন করতঃ সভা আলোকিত করিতে লাগিলেন ॥ ৩০২ ॥

অনন্তর চন্দ্রমুখীগণ চন্দ্রশালিকা গৃহে আরোহণ করিয়া সভাভিমুখে

Digitized at BRCindia.com

অভিমুখসদসি স্ফুরন্নিবেশং
দদৃশুরমুং নিভৃতং মিথোঽপ্যনূচুঃ ॥ ৩০৩ ॥
ইহ বিবিধকলাকলাপবিজ্ঞাঃ
সমুদিততাং সমবাপুরুৎকচিত্তাঃ।
অমুমুদিতমিতাঃ কলানিধানং
স্বকুলকলাং বিনিবেদ্য ভর্ত্তুমৈচ্ছন্ ॥ ৩০৪ ॥
যদপি হরিরসৌ কলানিবিজ্ঞ-
স্তদপি তদল্পকলাসু তোষমেতি।

---

অধিরুহ্য অভিমুখসদসি স্ফুরন্নিবেশং অমুং স্বকান্তং শ্রীকৃষ্ণং নিভৃতং যথা স্যাত্তথা দদৃশুঃ মিথঃ পরস্পরং উচুশ্চ ॥ ৩০৩ ॥

ইহ বিবিধকলাকলাপবিজ্ঞাঃ নানাপ্রকারকলাসমূহাভিজ্ঞাঃ কান্তাঃ উৎকচিত্তাঃ উৎকণ্ঠিতচিত্তাঃ সত্যঃ সমুদিততাং সমাক্‌কথনত্বং সমবাপুঃ প্রাপ্তাঃ অমুং কলানিধানং সর্ব্বকলাধারং স্বকান্তং উদিতমিতাঃ স্বকুলকলাং স্বকুলানাং স্বীয়ানাং কলাং নৈপুণ্যাদিরূপাং বিনিবেদ্য ভর্ত্তুং পরিতোষিতুং ঐচ্ছন্ ॥ ৩০৪

যদপি যদ্যপি অসৌ হরিঃ শ্রীকৃষ্ণঃ কলানিবিজ্ঞঃ সর্ব্বকলাবিদ্ তদপি তথাপি তদল্পকলাসু তেষাং নাটকাভিনয়কারিণাং কলাসু /নৃত্যগীতাদিকলাসু তোষং

---

বিরাজমান স্বীয় কান্তকে অলক্ষিতভাবে দর্শন পূর্ব্বক পরস্পর বলিতে লাগিলেন ॥ ৩০৩ ॥

বিবিধকলাসমূহে অভিজ্ঞ কান্তাগণ উৎকণ্ঠিত হইয়া সর্ব্বকলাধার স্বকান্তকে নিবেদন করিয়া পরিতোষ করিবার নিমিত্ত ইচ্ছা করিয়াছেন ॥ ৩০৪ ॥

যদিও শ্রীকৃষ্ণ, সর্ব্ববিধকলায় অভিজ্ঞ তথাপি নাট্যকারিদিগের সামান্য নৃত্যাদি দর্শনেই সন্তোষ হইতে লাগিলেন এবং যদ্যপি শ্রীনন্দাদি সভ্যগণ,

Digitized at BRCindia.com

যদপি কৃতমুখাঃ কলাসু সভ্যা-

স্তদপি হরেমু‍র্খবীক্ষয়া রমন্তে ॥ ৩০৫

ন ভজতি সকলং সদা সভায়াঃ

সমবসরং বত! কাব্যনাটকাদি।

ইতি নিশি নিশি ভিন্নতানুমত্যা

ব্রজপতিরিষ্টতমং তদাতনিষ্ট ॥ ৩০৬ ॥

ক চ নিশি নৃপতিঃ স বষ্টি কাব্যং

কচিদপি নাট্যকলাং কচাপি চিত্রম্।

---

আনন্দং এতি প্রাপ্নোতি। যদপি যদ্যপি সভ্যাঃ শ্রীনন্দাদয়ঃ কলাসু নৃত্যাদিষু তাং প্রতীত্যর্থঃ কৃতমুখাঃ কৃতানি মুখানি যৈস্তে নৃত্যাদিদর্শনরতাঃ, তদপি তথাপি হরেঃ সর্ব্বমনোহরস্য শ্রীকৃষ্ণস্য, মুখবীক্ষয়া বদনদর্শনেন রমন্তে প্রীতাঃ ভবন্তি ॥ ৩০৫ ॥

সভায়াঃ কাব্যনাটকাদি সদা সকলং সমবসরং ন ভজতি, বহুলত্বাৎ নিশি নিশি প্রতিরাত্রৌ ইতি ভিন্নতানুমত্যা ভিন্নত্বাদেশেন ব্রজপতিঃ শ্রীনন্দঃ ইষ্টতমং অতনিষ্ট "তনু এ দ বিস্তৃতৌ" ॥ ৩০৬ ॥

স নৃপতিঃ শ্রীব্রজরাজঃ ক চ নিশি নিশায়াং কাব্যং বষ্টি শ্রবণাভিলাষং করোতি, কচিদপি কুত্রাপি রাত্র্যাং নাট্যকলাং নৃত্যগীতবাদ্যরূপাং কচাপি চিত্রং

---

নাট্যকারিগণের নৃত্যাদি কৌশল অবলোকনে তৎপর তথাপি তখনই শ্রীকৃষ্ণ-বদন দর্শন করিয়া পরম প্রীত হইতে লাগিলেন ॥ ৩০৫ ॥

কাব্য নাটকাদি বহুল প্রযুক্ত এক নিশিতে সকল সমাবেশ হয় না বলিয়া ব্রজরাজ যে নিশিতে যাহা অনুমতি করেন, সে নিশিতে তাহাই অভিনয় হইয়া থাকে ॥ ৩০৬ ॥

শ্রীব্রজরাজ—কোন নিশিতে কাব্য, কোন রাত্রিতে নাট্যকলা এবং কোন রজনীতে চিত্র দর্শনে অভিলাষ করিয়া থাকেন, ঐ সকল পৃথক্ হইলেও

Digitized at BRCindia.com

পৃথগপি ন পৃথগ্বিভাতি সর্ব্বং
হরিচরিতানি পরং পুরঃ করোতি ॥ ৩০৭ ॥
ইতি পুরুকুতুকে গতেতু যামে
হরিবলসম্বলিতাঃ সমস্তলোকাঃ।
ব্রজনরপতিমুত্থিতং বিলোক্য
প্রতি তদবস্থিতি তস্থুরাদরেণ ॥ ৩০৮ ॥
মুরুজিতি গদিতুং কিমপ্যনীশে
পিতরি চ বাষ্পনিরুদ্ধকণ্ঠদেশে।

---

এতৎ সর্ব্বং পৃথগপি ভিন্নমপি ন পৃথগ্ বিভাতি প্রকাশতে, হরিচরিতানি শ্রীকৃষ্ণচরিত্রাণি "হরিরচিতানি"ইতি পাঠে হরিকৃতরচিতানি পরং কেবলং পুরঃ অগ্রে করোতি ॥ ৩০৭ ॥

ইতি এবম্প্রকারেণ পুরুকুতুকে প্রচুরানন্দে যামে প্রহরে গতে অতীতে সতি হরিবলসম্বলিতাঃ কৃষ্ণবলরামযুক্তাঃ সমস্তলোকাঃ ব্রজনরপতিং শ্রীব্রজরাজং উত্থিতং বিলোক্য দৃষ্ট্বা আদরেণ সম্মাননেন প্রতিতদবস্থিতি যথা স্যাত্তথা তস্থুঃ ॥ ৩০৮ ॥

বাষ্পনিরুদ্ধকণ্ঠদেশে পিতরি শ্রীব্রজরাজে নন্দে মুরুজিতি কৃষ্ণে কিমপি

---

পৃথক্ রূপে প্রতিভাত হয় না; পরন্তু অগ্রে কেবল শ্রীকৃষ্ণচরিত্রই সাক্ষাৎ দর্শন করিয়া থাকেন ॥ ৩০৭ ॥

এই প্রকার পরমানন্দে প্রহরকাল গত হইলে শ্রীকৃষ্ণ বলরাম প্রভৃতি সকলে শ্রীব্রজরাজকে সভা হইতে উত্থিত হইতে দেখিয়া সম্মানের সহিত গাত্রোত্থান করিলেন ॥ ৩০৮ ॥

তখন স্নেহাকুল প্রযুক্ত বাষ্পনিরুদ্ধকণ্ঠে শ্রীব্রজরাজ নন্দমহাশয়—স্বপুত্র

Digitized at BRCindia.com

স্থবিরগুরুজনা দ্বয়ং নিবেদ্য
প্রতিবিধয়ে সমনস্কমাচরন্ স্ম ॥ ৩০৯ ॥
অবনতপিতৃকঃ পরান্ যথার্হং
নতিবিনয়াদিভৃতান্ বিধায় কৃষ্ণঃ।
সহবলমনুগত্য মাতৃযুগ্মং
তদুচিতলালিততাং চিরং জগাম ॥ ৩১০ ॥
অনুমতিমথ মাতৃযুগ্মদত্তা-
মবকলয়ন্ প্রণমন্ সনম্রদৃষ্টিঃ।

গদিতুং অনীশে অসমর্থে স্থবিরগুরুজনাঃ বৃদ্ধগুরুজনাঃ দ্বয়ং শ্রীরামকৃষ্ণদ্বয়ং নিবেদ্য প্রতিবিধয়ে বাসমন্দিরগমনানুমতয়ে সমনস্কং আচরন্ ॥ ৩০৯ ॥

অবনতপিতৃকঃ অবনতঃ প্রণতঃ পিতৃকঃ পিতা যেন সঃ কৃষ্ণঃ পরান্ অপরান্ যথার্হং যথাযোগ্যং নতিবিনয়াদিভৃতান্ প্রণতিবিনয়াদীন্ বিধায় কৃত্বা সহবলং বলরামসহিতং মাতৃযুগ্মং শ্রীযশোদারোহিণীযুগলং অনুগত্য সমীপং গত্বা তদুচিতলালিততাং বলদেবযশোদারোহিণীভিঃ সমুচিতপ্রতিপালিততাং চিরং বহুক্ষণং ব্যাপ্য জগাম প্রাপ্তবানিত্যর্থঃ ॥ ৩১০ ॥

অথানন্তরং মাতৃযুগ্মদত্তাং শ্রীযশোদারোহিণীপ্রদত্তাং অনুমতিং শয়নাজ্ঞাং অবকলয়ন্ শৃণ্বন্ সনম্রদৃষ্টিঃ নম্রদৃষ্টিসহিতঃ সন্ প্রণমন্ হলধরং শ্রীবলরামং অনু-

শ্রীকৃষ্ণকে কিছুই বলিলেন না পরন্তু বৃদ্ধগোপগণ শ্রীরামকৃষ্ণকে নিবেদন করিয়া বাসভবনে গমনের অনুমতির নিমিত্ত মনন করিলেন ॥ ৩০৯ ॥

শ্রীকৃষ্ণ—পিতাকে প্রণাম ও অন্যান্য ব্যক্তিকে যথাযোগ্য নমস্কার বিনয়াদি বিধান করিয়া অগ্রজ বলরাম যশোদা ও রোহিণী কর্ত্তৃক অনেকক্ষণ পর্য্যন্ত লালিত হইতে লাগিলেন ॥ ৩১০ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ, মাতৃদ্বয় শ্রীযশোদা রোহিণী প্রদত্ত শয়নানুমতি শ্রবণ পূর্ব্বক বিনয়াবনত মস্তকে তাহাদিগকে প্রণাম করিয়া অগ্রজ

Digitized at BRCindia.com

হলধরমনুগম্য তং প্রণম্য
শ্রিতনববর্ষবরঃ স্ববাসমাপ ॥ ৩১১ ।
ইতি মুরহরবর্ণনাং স কুর্ব্ব-
ন্মধুহরমপ্যবলোক্য সদ্মসীম্নি ।
দ্রুততরমবরুহ্য রাধিকাদি-
র্নিজতদপহ্নবমাচচার বর্গঃ ॥ ৩১২ ॥
ইহ মতমপরেণ সর্ব্বকান্তা-
স্বনুনিশমঞ্চতি সোঽয়মিত্থমস্তু ।

গম্য সমীপং গত্বা তং হলধরং প্রণম্য নত্বা শ্রিতনববর্ষবরঃ শ্রিতঃ আশ্রিতঃ নববর্ষবরঃ তন্নামকান্তঃপুরসেবকঃ যেন সঃ, স্ববাসং নিজবাসভবনমিত্যর্থঃ আপ প্রাপ্তবান্ ॥ ৩১১ ॥

স রাধিকাদিঃ বর্গঃ প্রাগুক্তসভায়াং ইতি মুরহরবর্ণনাং শ্রীকৃষ্ণবর্ণনাং কুর্ব্বন্ সদ্মসীম্নি গৃহান্তর্ব্বর্ত্তিস্থানে মধুহরমপি অবলোক্য দৃষ্ট্বা দ্রুততরং অবিলম্বং যথা স্যাত্তথা অবরুহ্য উত্থায় নিজতদপহ্নবং স্বকর্ত্তৃকশ্রীকৃষ্ণবর্ণনরূপং অপলাপং আচচার ॥ ৩১২ ॥

ইহ অপরেণ মতং সম্মতং কিন্তৎ—সোঽয়ং শ্রীকৃষ্ণঃ সর্ব্বকান্তাসু সর্ব্বপ্রিয়াবর্গেষু অনুনিশং প্রতিরাত্র্যাং অঞ্চতি সংযোগং প্রাপ্নোতি ইতি, ইত্থং অনেন

শ্রীবলরামের নিকটবর্ত্তী হইয়া তাঁহাকে অভিবাদন করতঃ অন্তঃপুরচর নববর্ষবরের সহিত স্ববাস গৃহে গমন করিলেন ॥ ৩১১ ॥

সেই শ্রীরাধিকা প্রভৃতি কান্তাগণ সভাস্থলে শ্রীকৃষ্ণকে উক্তরূপে বর্ণনা করিতেছেন ইতিমধ্যে অকস্মাৎ তাঁহাকেই গৃহসমীপবর্ত্তী দেখিয়া দ্রুতবেগে উত্থিত হইলেন এবং নিজ নিজ কর্ত্তৃক শ্রীকৃষ্ণের বর্ণনাবিষয়ে মিথ্যা অপলাপ করিতে লাগিলেন ॥ ৩১২ ॥

শ্রীকৃষ্ণ—সর্ব্ব প্রিয়াবর্গের সহিত প্রতি রাত্রিতে সম্মিলিত হইয়া থাকেন



Digitized at BRCindia.com

হৃদয় ! কলয় কিন্তু চারু রাধা-
হরিচরিতং পরিতঃ স্মর ত্বমত্র ॥ ৩১৩ ॥
বৃষরবিতনয়াদিভিস্তদা দ্রাক্
সমগমি হারিহরিঃ সুবেশ এষঃ।
নবঘন ইব বিদ্যুতাবলীভি-
র্যদমৃতবৃষ্টিময়ী বভূব দৃষ্টিঃ ॥ ৩১৪ ॥
ব্রততিমণিবিবেকখণ্ডশোভা
পরিমলভাগিহ সদ্ম কিন্তু কুঞ্জম্।

---

প্রকারেণ অস্তু ভবতু, কা হানিরস্মাভিরিতি ভাবঃ। কিন্তু হৃদয়! হেচিত্ত! চারু মনোহরং রাধাহরিচরিতং শ্রীরাধাকৃষ্ণলীলাং পরিতঃ সর্ব্বতঃ কলয় পশ্য, অত্র ত্বং স্মর চ ॥ ১১৩

তদা তস্মিন্ সময়ে দ্রাক্ ঝটিতি বৃষরবিতনয়াদিভিঃ শ্রীবৃষভানুনন্দিনী শ্রীরাধাপ্রভৃতিভিঃ এষঃ সুবেশঃ হারিহরিঃ সর্ব্বমনোহরহরিঃ সমগমি প্রাপি, কথং তদাহ নবঘনঃ নূতনমেঘঃ বিদ্যুতাবলীভিরিব,তৎ কুতঃ ? যৎ যস্মাৎ তাসাং দৃষ্টিঃ অমৃতবৃষ্টিময়ী বভূব ॥ ১১৪ ॥

কল্পলতিকেন্দ্রনীলমণিবিচারখণ্ডিশোভাপরিমলভাগ্ সদ্ম ভবনং কিন্তু কুঞ্জং লতাদিপিহিতনিভৃতস্থানং। ইহ কিমু কুসুমং শয়নং কিম্বা অংশুকং

---

ইহা কোন কোন ব্যক্তির সম্মত, তাহা সেই রূপ হউক তাহাতে আমাদের কোনরূপ আপত্তি নাই ; পরন্তু হে চিত্ত ! তুমি শ্রীরাধাকৃষ্ণের মনোহর লীলা সর্ব্বত্র দর্শন ও স্মরণ কর ॥ ১১৩ ॥

তখন অনতিবিলম্বে বৃষভানুনন্দিনী প্রভৃতি কান্তাগণ সুবেশধারি ও সর্ব্ব মনোহর শ্রীহরিকে প্রাপ্ত হইলে বিদ্যুতাবলী কর্ত্তৃক নবমেঘ সংযোগের ন্যায় বোধ হইতে লাগিল যে হেতু তখন সকলের দৃষ্টিই যেন অমৃত বৃষ্টিময়ী হইয়াছিল ॥ ১১৪ ॥

ইহা গৃহ অথচ কুঞ্জ যে হেতু স্বশোভায় কল্পলতা ও ইন্দ্রনীলমণির বিচার

Digitized at BRCindia.com

ইহ কিমু কুসুমং কিমংশুকং বা
শয়নমিদং মিথুনং যদধ্যশেতে ॥ ৩১৫ ॥

ইতি নিত্যলীলা।

---

বস্ত্রং শয়নং শয্যাং ইদং মিথুনং শ্রীরাধাকৃষ্ণযুগলং যৎ শয়নং অধ্যশেতে ॥ ১১৫ ॥

---

খণ্ডন করিয়াছে, এবং পরিমল বিশিষ্ট, ইহাতে কি কুসুম শয্যা কিম্বা বসন শয্যা তাহা নিশ্চয় করা যায় না, যে শয্যাতে শ্রীরাধাকৃষ্ণ শয়ন করিয়া নিদ্রা যাইতেছেন ॥ ১১৫ ॥

Digitized at BRCindia.com

### অথ সর্ব্বর্ত্তুলীলা।

সা চ জন্মাদিকা সা চ নিত্যা লীলা শ্রুতীরিতা।
মিথঃ পূর্ব্বা পরা চ স্যাদ্বীজবৃক্ষপ্রবাহবৎ ॥ ১ ॥
অথ হৃদি কুরু বল্লবীসুতস্য
স্তবমমুং গৌতমতন্ত্রলব্ধমস্য।
বহুবিধসময়াগমাদ্বিচিত্রং
শুভচরিতং রচিতস্বভক্তভক্তি ॥ ২ ॥

সাচ জন্মাদিকা লীলা সাচ নিত্যা লীলা শ্রুতীরিতা শ্রুতিভিঃ কথিতা প্রতিপাদিতা, বীজবৃক্ষপ্রবাহবৎ বীজাৎ বৃক্ষঃ বৃক্ষাৎ বীজং ইতিবৎ মিথঃ পরস্পরং পূর্ব্বা পরাচ স্যাৎ ভবেৎ। প্রকটলীলাতঃ নিত্যলীলা, নিত্যলীলাতঃ প্রকটলীলা ভবেদত আদিরহিতা ইতি ভাবঃ ॥ ১ ॥

অনন্তরং নিত্যান্তর্ব্বর্ত্তি ষড়ৃতুলীলামাহ,—অথ অস্য বল্লবীসুতস্য শ্রীযশোদানন্দনস্য শ্রীকৃষ্ণস্য স্তবং হৃদি কুরু কথম্ভূতং? গৌতমতন্ত্রলব্ধং গৌতমতন্ত্রোক্ত-শ্রীগোপালস্তবরাজাৎ লব্ধং, পুনর্বহুবিধসময়াগমাৎ নানাবিধধর্ম্মশাস্ত্রাৎ বিচিত্রং শুভচরিতং মঙ্গলচরিতং রচিতস্বভক্তভক্তি রচিতা স্বভক্তানাং ভক্তি র্যেন স তং ॥ ২ ॥

উক্ত জন্মাদিলীলা ও নিত্যলীলা এই উভয়লীলাই শ্রুতি কর্ত্তৃক কথিত হইয়াছে পরন্তু ইহারা বীজবৃক্ষ প্রবাহবৎ অর্থাৎ যেমন বীজ হইতে বৃক্ষ ও বৃক্ষ হইতে বীজ, এই উভয়ই প্রবাহরূপে অনাদি বলা যায় তদ্রূপ উহারা পরস্পর পূর্ব্বা ও পরা হইয়া থাকে অর্থাৎ জন্মাদি প্রকটলীলা হইতে নিত্যলীলা ও নিত্যলীলা হইতে প্রকট লীলা উভয়েই সমান বা অনাদি বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১ ॥

অনন্তর হে চিত্ত! তুমি শ্রীযশোদানন্দনের গৌতমতন্ত্রোক্ত গোপালস্তবরাজ নামক স্তব নিরন্তর হৃদয়ে ধারণ কর, যাহা বহুবিধ ধর্ম্ম শাস্ত্র হইতে নিঃসৃত ও বিচিত্র শুভচরিত্রান্বিত এবং স্বভক্তে ভক্তি রচিত হইয়া থাকে ॥ ২ ॥

Digitized at BRCindia.com

জনুষি মধুঋতোঃ কুমারভাবে
তরুণিমনি প্রবয়স্তয়া চ যোগে।
দয়িতদয়িতয়োর্বসন্তরাগ-
প্রভৃতিকলা লসতি স্ম শাম্যতি স্ম ॥ ৩ ॥
তদিদমৃতুষু ষট্সু রুচ্যভেদাৎ
পৃথগনুবর্ণনমিষ্যতে তথাহি।
হরিরিহ বিহৃতিপ্রচারচর্য্যাং
বিদধদবর্ণয়দেব তর্হি তর্হি ॥ ৪ ॥

---

মধুঋতোঃ বসন্তর্ত্তোঃ কুমারভাবে প্রারম্ভভাবে, তরুণিমনি তরুণভাবে প্রবয়স্তয়া প্রবৃদ্ধভাবেচ শেষভাবে ইতি যাবৎ জনুষি উৎপন্নে দয়িতদয়িতয়োঃ প্রিয়প্রিয়য়োঃ বসন্তরাগপ্রভৃতিকলা লসতি স্ম প্রকাশতে স্ম শাম্যতি স্ম ॥ ৩ ॥

ষট্সু ঋতুষু গ্রীষ্মাদিষু রুচ্যভেদাৎ সুন্দরভেদাৎ তদিদং পৃথগনুবর্ণনং ইষ্যতে তথাহি ইহ এব হরিঃ শ্রীকৃষ্ণঃ বিহৃতিপ্রচারচর্য্যাং বিহারপ্রচারানুষ্ঠানং বিদধৎ কুর্ব্বন্ তর্হি তর্হি তত্র তত্র অবর্ণয়ৎ ॥ ৪ ॥

---

বসন্ত ঋতুর আদি মধ্য ও অন্ত সময় উৎপন্ন হইলে বল্লভ ও বল্লভার বসন্ত রাগ প্রভৃতি কলা প্রকাশ ও পরিসমাপ্তি হইয়া থাকে ॥ ৩ ॥

যদিও সৌন্দর্য্যভেদে গ্রীষ্মাদি ছয় ঋতু পৃথক্ পৃথক্ বর্ণিত হইয়া থাকে তথাপি এস্থলে শ্রীকৃষ্ণ লীলাপ্রচারানুষ্ঠান করিয়া তত্তৎস্থলে তত্তৎ ঋতুশোভা স্বয়ংই বর্ণনা করিয়া থাকেন ॥ ৪ ॥

Digitized at BRCindia.com

প্রথমমিহ শৃণুষ্ব চিত্ত ! বাক্যং
কচ নিশি যৎ প্রভুমাহ হারি রাধা।
অথ কলয় হরের্বচশ্চ তস্যা-
মমৃতবদন্তরশন্তমস্য দাতৃ ॥ ৫ ॥

অহহ ! বনবনং নিদাঘদগ্ধ-
স্থলমটসি স্ববপুঃ প্রপীড্য রুক্ষম্।
মুরহর ! তব চিন্তনেন জীর্ণান্
কথমবিতাসি জনানিদং ন জানে ॥ ৬ ॥

---

হে চিত্ত ! কচ নিশি নিশায়াং রাধা প্রভুং শ্রীকৃষ্ণং যৎ হারি মনোহরং বাক্যং আহ জগাদেতি তৎ প্রথমমিহ শৃণুষ্ব। অথ রাধাবাক্যশ্রবণানন্তরং তস্যাং শ্রীরাধায়াং রাধাং প্রতি হরেঃ কৃষ্ণস্য বচশ্চ কলয় শৃণু কিম্ভূতং ? অমৃতবৎ অন্তরশন্তমস্য সুখতমস্য দাতৃ ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণং প্রত্যাহ শ্রীরাধা,—অহহ অত্যন্ত খেদে হে মুরহর ! প্রাণবল্লভ ! বনবনং বনে বনে বনান্বনং নিদাঘদগ্ধস্থলং গ্রীষ্মদগ্ধস্থলং অতএব রুক্ষং কর্কশং তীব্রমিত্যিযাবৎ বিসর্গান্তপাঠে কৃষ্ণস্য বিশেষণং স্ববপুঃ স্বশরীরং প্রপীড্য অটসি ভ্রমসি তব চিন্তনেন স্মরণেন জীর্ণান্ কৃশীভূতান্ জনান্ গোষ্ঠে অস্মান্ কথং অবিতাসি রক্ষিতাসি ইদং ন জানে ন জানাম্যহমিতি শেষঃ ॥ ৬ ॥

---

হে চিত্ত ! কোন রাত্রিতে শ্রীরাধা, স্বীয় কান্ত শ্রীকৃষ্ণকে যে সকল মনোজ্ঞ বাক্য বলিয়া থাকেন প্রথমত তাহা শ্রবণ কর। অনন্তর শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণের যে সকল সুধাতুল্য সুখপ্রদ বাক্য, তাহাও শ্রবণ কর ॥ ৫ ॥

শ্রীরাধা, শ্রীকৃষ্ণের প্রতি কহিলেন হে প্রাণবল্লভ ! তুমি স্বদেহ পীড়ন পূর্ব্বক গ্রীষ্ম সন্তপ্ত রুক্ষ বনে বনে ভ্রমণ করিয়া থাক অর্থাৎ নিজের দেহ প্রতি কিছু

Digitized at BRCindia.com

ইদমভিহিতমাকলয্য কৃষ্ণঃ
স্মিতবদনঃ স্বয়মাহ যত্তু রাধাম্।
তদবকলয় চিত্ত! বিত্তমেত-
ত্তব বহুবৃত্তিপদং ভবিষ্যদস্তি ॥ ৭ ॥
অহহ সুমুখি! নেদমন্যদূহ্যং
তপঋতুমম্বপি তত্র চিত্রতাস্তি।
ক্বচ স হি মধুবৎ ক্বচাপি বর্ষা-
বদনুভবং দদতে স্বয়ং ক্বচাপি ॥ ৮ ॥

---

কৃষ্ণঃ ইদং পূর্ব্বোক্তং অভিহিতং শ্রীরাধাকথিতবচনং আকলয্য শ্রুত্বা স্মিতবদনঃ হাস্যবদনঃ সন্ স্বয়ং রাধাং যৎ বাক্যং আহ ব্রবীতি হে চিত্ত! তৎ বাক্যং অবকলয় শৃণু তব এতৎ বিত্তং বহুবৃত্তিপদং ভবিষ্যদস্তি ॥ ৭ ॥

শ্রীকৃষ্ণোক্তবাক্যমাহ—অহহ খেদে হে সুমুখি! শোভনাননে! ইদং অন্যৎ ন উহ্যং তর্কনীয়ং ত্বয়েতি শেষঃ। তত্র বনে তপঋতুমম্বপি গ্রীষ্মর্ত্তুমধ্যপি চিত্রতা অপূর্ব্বত্বং অস্তি, হি যতঃ স তপঋতুঃ ক্ব চ কুত্রাপি স্থানে মধুবৎ বসন্তবৎ ক্বচাপি কুত্রাপি চ বর্ষাবৎ অনুভবং উপলব্ধিং দদতে, ক্ব চাপি কস্মিন্নপি স্থানে স্বয়ং গ্রীষ্মঋতুঃ তৎকালীনানুভবং দদতে ॥ ৮ ॥

---

মাত্রও দৃষ্টিপাত কর না, অতএব তোমার চিহ্নে জীর্ণ শীর্ণ জনগণকে তুমি যে কি প্রকারে রক্ষা করিবে ইহা আমি অবগত হইতেছিনা ॥ ৬ ॥

হে চিত্ত! শ্রীকৃষ্ণ এইরূপে শ্রীরাধাকথিত বাক্য শ্রবণ করিয়া হাস্য বদনে প্রিয়াকে স্বয়ং যাহা বলিলেন, তুমি তাহা শ্রবণ কর; ইহা ভবিষ্যতে তোমার বহু বৃত্তিপদ বিত্ত হইবে সন্দেহ নাই ॥ ৭ ॥

কৃষ্ণ কহিলেন হে সুমুখি! রাধে! ইহা অন্যরূপ বিতর্ক করিও না,

Digitized at BRCindia.com

বনমিহ যদনূপমস্তি তস্মিন্
মধুরিব ভাতি নিদাঘকাল এষঃ।
নিরুদকতরুণি স্বয়ং নিদাঘঃ
ক্ষিতিধরনির্ঝরভাজিবার্ষিকশ্রীঃ ॥ ৯ ॥
মম সমমমরীভিরত্র বৃন্দা
নিখিলবনং পরিতঃ পরিষ্করোতি।
যদহরহরহং মহং ভবত্যা

---

ইহ যৎ অনূপং জলপ্রায়স্থানং বনং অস্তি, তস্মিন্ বনে এষঃ নিদাঘকালঃ গ্রীষ্মকালঃ মধুরিব বসন্ত ইব ভাতি শোভতে। নিরুদকতরুণি জলবিহীন-তরুর্যত্র স্থানে ক্ষিতিধরনির্ঝরভাজিবার্ষিকশ্রীঃ গোবর্দ্ধননির্ঝরযুক্তবর্ষাকালীন-শোভান্বিতঃ নিদাঘঃ গ্রীষ্মঃ স্বয়ং ভাতি ইত্যর্থঃ ॥ ৯ ॥

অত্র বৃন্দা অমরীভিঃ দেবীভিঃ সমং মম নিখিলবনং সমস্তবনং পরিতঃ

---

কারণ, সেই বনে গ্রীষ্মঋতুর অপূর্ব্বত্ব রহিয়াছে এই যে সেই বনের কোনস্থলে গ্রীষ্ম ঋতু—বসন্ত ঋতুবৎ কোথায় গ্রীষ্ম,—বর্ষাঋতুবৎ, কোথায়ও বা স্বয়ং গ্রীষ্মানুভব অর্পণ করিয়া থাকে ॥ ৮ ॥

তথায় জল সমীপবর্ত্তি যে বন আছে সে বনে এই গ্রীষ্মঋতু যেন বসন্ত কালের ন্যায় প্রকাশ পাইয়া থাকে, আর যে বৃক্ষ নিকটবর্ত্তি স্থানে জলের অসম্ভব, তথায় স্বয়ং গ্রীষ্মঋতু, গোবর্দ্ধনের নির্ঝরা যুক্ত বর্ষাকালীন শোভান্বিত হইয়া শোভা পাইয়া থাকে ॥ ৯ ॥

বৃন্দাদেবী, দেবীগণের সহিত মিলিতা হইয়া আমার পর্য্যটনীয় সমস্ত বন সুন্দররূপে পরিষ্কার করিয়া থাকে, যে বনে আমি দিন ও রাত্রিতে

Digitized at BRCindia.com

সহ সহচারিভিরপ্যলং ভজামি ॥ ১০ ॥
সুমধুরনবনারিকেলনীরং
তদুপমতালফলাম্বু চাস্য মজ্জ।
উপহৃতমিহ বৃন্দয়া সতৃষ্ণে
সখিসহিতে ময়ি তৃপ্তিমাদধীত ॥ ১১ ॥
সপনসসহকারগোস্তনীনাং
রসরসনং রচয়াম্যহং সমিত্রঃ।
সুদধরমধু মাং তু তত্র চিত্রং
স্মারয়তি সান্দ্রতয়া স্বমেব সুভ্রু। ॥ ১২ ॥

---

পরিষ্করোতি যৎ যস্মিন্ বনে অহং অহরহঃ রাত্রিন্দিবং ভবত্যা ত্বয়া সহচারিভি-রপি ললিতাদিভিশ্চ সহ মহং উৎসবং অলং অত্যর্থং ভজামি ॥ ১০ ॥

ইহ বৃন্দয়া সখিসহিতে বয়স্যগণযুক্তে সতৃষ্ণে তৃষ্ণয়া সহিতে ময়ি সুমধুরনব-নারিকেলনীরং সুস্বাদুনারিকেলজলং তদুপমতালফলাম্বু তত্তুল্যতালফলজলঞ্চ অস্য উক্তফলস্য মজ্জ ফলমধ্যগতস্নেহবিশেষঃ উপহৃতং সমর্পিতং সৎ তৃপ্তি-মাদধীত ॥ ১১ ॥

সমিত্রঃ মিত্রেণ সহিতঃ অহং সপনসসহকারগোস্তনীনাং কণ্টকীফলসহিতাম্র-

---

ললিতাদি সখী সমন্বিত তোমার সহিত মিলনাদি উৎসব প্রাপ্ত হইয়া থাকি ॥ ১০ ॥

সেই বনে বৃন্দা, পিপাসিত সখাগণ ও আমাকে সুমধুর নারিকেল জল ও তত্তুল্য তালফল জল এবং তাহার মধ্যগত মজ্জা (শাশ) সমর্পণ করিয়া থাকে তাহা পান ও ভক্ষণ করিয়া আমরা অত্যন্ত পরিতৃপ্ত হইয়া থাকি ॥ ১১ ॥

আমি সখাগণের সহিত মিলিত হইয়া পনস (কাঁটাল) আম্র দ্রাক্ষা ও আঙ্গুর প্রভৃতি ফলের রসাস্বাদন করিয়া থাকি। হে সুন্দরি! তখন



Digitized at BRCindia.com

অথ বয়মপি তাং বিহারভূমিং
তব কলয়াম যদি ত্বদীয়মিষ্টম্।
ইতি বৃষরবিজাদিভিঃ প্রদিষ্ট-
স্ত্বরিতমমূভিরমুং হরিঃ প্রতস্থে॥ ১৩॥
প্রথমমভিযযৌ বসন্তবন্তং
বিপিনবিশেষমথ প্রদেশমন্যম্।
অনুভবতুলয়ানুভাবয়ংশ্চ
প্রবদতি স স্ম সনর্ম্ম সুষ্ঠু বাচং॥ ১৪॥

ফলদ্রাক্ষাঙ্কুরাণাং রসরসনং রসাস্বাদনঃ রচয়ামি। হে সুভ্রু! তব ত্বদধরমধু স্বমেব মাং সান্দ্রতয়া মনোজ্ঞতয়া চিত্রং স্মারয়তি॥ ১২॥

অথ শ্রীকৃষ্ণবচনানন্তরং শ্রীরাধাহ যদি ত্বদীয়মিষ্টং অভিলষিতং ভবেৎ তদা তব তাং প্রসিদ্ধাং বিহারভূমিং বয়মপি কলয়াম পশ্যাম, ইতি এবং প্রকারেণ বৃষরবিজাদিভিঃ শ্রীরাধাদিভিঃ প্রদিষ্টঃ আদিষ্টঃ হরিঃ অমূভিঃ সহ অমুং বিহার-ভূমিং ত্বরিতং শীঘ্রং যথা স্যাত্তথা প্রতস্থে॥ ১৩॥

প্রথমং বসন্তবন্তং বসন্তকালযুক্তং বিপিনবিশেষং অথ অনন্তরং অন্যং প্রদেশং অভিযযৌ। অনুভবতুলয়া অনুভবসাদৃশ্যেন অনুভাবয়ন্ সনর্ম্ম সপরিহাসং সুষ্ঠু বাচং সুন্দরবাক্যং প্রবদতিস্ম অতীতে। স শ্রীকৃষ্ণ ইত্যর্থঃ॥ ১৪॥

ত্বদীয় অধরমধু—মনোজ্ঞত্ব প্রযুক্ত আমাকে কি এক অপূর্ব্ব ভাব স্মরণ করাইয়া থাকে॥ ১২॥

অনন্তর শ্রীরাধা কহিলেন হে বল্লভ! যদি তোমার অভিমত হয়, তাহা হইলে আমরাও তোমার সেই বিহার ভূমি দর্শন করিতে পারি, শ্রীকৃষ্ণ এই প্রকারে বৃষভানুনন্দিনী প্রভৃতি কর্ত্তৃক আদিষ্ট হইয়া তাহাদিগের সহিত দ্রুতবেগে সেই লীলাভূমি অর্থাৎ বনপ্রদেশে গমন করিলেন॥ ১৩॥

শ্রীকৃষ্ণ প্রথমতঃ বসন্তকালীন বনপ্রদেশে কান্তাগণের সহিত গমন করি-

Digitized at BRCindia.com

অহনি বয়মমূং নিরীক্ষ্য সুভ্রু !
বরসরিতং পুরতঃ সমং সজন্তঃ।
নিজনিজধবলাস্তু পায়য়িত্বা
বিহরণমত্র সুহৃদ্ভিরাচরাম ॥ ১৫ ॥
শশিমুখি ! শুচিমাসি মধ্যমধ্য-
ন্দিনমনু মন্দিরতুল্যশৈলগর্ভে ।
ঝরনিকরপরীতপার্শ্বদেশে
সহভবতীকমহং মুদা শয়িষ্যে ॥ ১৬ ॥

---

হে সুভ্রু! অহনি দিবসে বয়ং অমূং বরসরিতং শ্রেষ্ঠনদীং মানসগঙ্গাং নিরীক্ষ্য দৃষ্ট্বা পুরতঃ অগ্রে সমং এককালং সজন্তঃ মিলন্তঃ সন্তঃ নিজনিজধবলাঃ পায়য়িত্বা জলমিতি শেষঃ সুহৃদ্ভিঃ সহ অত্র বিহরণং আচরাম ॥ ১৫ ॥

হে শশিমুখি! শুচিমাসি জৈষ্ঠমাসি বা আষাঢ়মাসি মধ্যমধ্যন্দিনমনু মধ্যাহ্ণে মন্দিরতুল্যশৈলগর্ভে বাসমন্দিরসদৃশগোবর্দ্ধনগুহায়াং কিন্তুতে ! ঝরনিকরপরীতপার্শ্বদেশে নির্ঝরসমূহযুক্তপার্শ্বদেশে সহভবতীকমহং মুদা হর্ষেণ শয়িষ্যে ॥ ১৬ ॥

---

লেন এবং অনুভব তুলনার দ্বারা প্রিয়াদিগকে তাহা অনুভব করাইয়া পরিহাসময় মনোহর বাক্য বলিতে লাগিলেন ॥ ১৪ ॥

হে সুন্দরি ! আমরা দিবসে মানসগঙ্গা দর্শন পূর্ব্বক সকলে একত্র মিলিত হইয়া এবং নিজ নিজ গোসমূহেকে জল পান করাইয়া সখাগণের সহিত এই স্থলে বিহার করিয়া থাকি ॥ ১৫ ॥

হে চন্দ্রাননে! জৈষ্ঠ মাসীয় মধ্যাহ্ণ সময়ে মন্দির তুল্য গোবর্দ্ধন গুহায়

Digitized at BRCindia.com

সবিতৃদুহিতৃতুঙ্গতীরগর্ত্তে
শশিমণি ধামনি কুঞ্জপুঞ্জরাজি।
অনুরহসমহব্রজান্তিরন্তং
সহভবতীকমহং মুদাশ্রয়িষ্যে ॥ ১৭ ॥
বয়মিহ সরিতি দ্রবেণ গত্বা
বিহরণনর্ম্মসশর্ম্মতাং নয়াম।
ইতি বৃষরবিজাং বিধৃত্য বাহা-
বপরসখীসহিতাং চলন্নুবাচ ॥ ১৮ ॥
নিকটনিকটতাং চলংস্তটিন্যা
নিরুদকমাত্রপদং ক্রমাত্ত্যজংশ্চ।

সবিতৃদুহিতৃতুঙ্গতীরগর্ত্তে সবিতুঃ সূর্য্যস্য যা দুহিত্রী যমুনা তস্যাঃ উন্নত-তীরাভ্যন্তরে কুঞ্জপুঞ্জরাজি কুঞ্জসমূহশোভিতে শশিমণিধামনি চন্দ্রকান্তমণিময়-মন্দিরে সহভবতীকমহং মুদা হর্ষেণ আশ্রয়িষ্যে ॥ ১৭ ॥

ইহ বয়ং সরিতি নদ্যাং দ্রবেণ ত্বরয়া গত্বা বিহরণনর্ম্মসশর্ম্মতাং বিহারক্রীড়া-সসুখতাং নয়াম ইত্যুক্ত্বা শ্রীকৃষ্ণঃ অপরসখীসহিতাং বৃষরবিজাং বৃষভানুনন্দিনীং বাহৌ বিধৃত্য চলন্ গচ্ছন্ তটিন্যাঃ যমুনায়াঃ নিকটনিকটতাং নিকটে নিকটে

অর্থাৎ যাহার পার্শ্বদেশ অবিরত নির্ঝর সমূহ যুক্ত রহিয়াছে, এতাদৃশ মন্দির তুল্য গোবর্দ্ধন গুহায় আমি তোমার সহিত পরমানন্দে শয়ন করিব ॥ ১৬ ॥

সূর্য্যতনয়া যমুনার উচ্চ তীরমধ্যে কুঞ্জসমূহে শোভিত চন্দ্রকান্তমণি-ময় মন্দিরে প্রতিদিন তোমার সহিত আমি উপবেশন করিয়া তোমাকে আশ্রয় করিব অর্থাৎ তোমার সহিত পরমানন্দে বিলাস করিব ॥ ১৭ ॥

হে প্রিয়ে! আমরা দ্রুতপদে মানস গঙ্গায় গমন করিয়া বিবিধ ক্রীড়া কৌতুকে পরম সুখ লাভ করিব এই বলিয়া শ্রীকৃষ্ণ, সখীসমন্বিতা বৃষভানু-নন্দিনীর বাহুযুগল ধারণ পূর্ব্বক যমুনার ধারে ধারে গমন করতঃ ক্রমে ক্রমে

Digitized at BRCindia.com

তপমধুনৃপরাষ্ট্রযুগ্মমধ্যং
গতমিব চন্দ্রমুখি! স্বমত্র পশ্য ॥ ১৯ ॥
ইহ কমলবনানি তাপশীর্ণা-
ন্যপি কমলানি কিয়ন্তি ধারয়ন্তি।
তত ইহ সরিতি প্রবিশ্য যূয়ং
বয়মপি তানি বিচিত্য চারু চিন্মঃ ॥ ২০ ॥
মুহুরিহ পরিতঃ সমাব্রজন্তঃ
সরিতি রসপ্রসরং গবেষয়ন্তঃ।

---

চলন্, ক্রমাৎ নিরুদকমাত্রপদং জলশূন্যমাত্রস্থলং ত্যজন্ চ উবাচ, হে চন্দ্রমুখি! অত্র তপমধুনৃপরাষ্ট্রযুগ্মমধ্যং গ্রীষ্মবসন্তাখ্যর্ত্তুনৃপস্য রাজ্যদ্বয়মধ্যং গতমিব স্বং আত্মানং কিম্বাং বনমিত্যাহ্যং পশ্য ॥ ১৮—১৯ ॥

অন্যদপি পশ্য ইত্যাহ—ইহাত্র কমলবনানি তপশীর্ণান্যপি গ্রীষ্মসন্তাপজীর্ণান্যপি কিয়ন্তি কমলানি ধারয়ন্তি। ততঃ তস্মাৎ যূয়ং বয়মপি ইহ সরিতি প্রবিশ্য তানি কমলানি বিচিত্য চারু যথা স্যাত্তথা চিন্মঃ ॥ ২০ ॥

ভৃঙ্গাঃ ইহ মুহুঃ পুনঃ পুনঃ পরিতঃ সমাব্রজন্তাঃ সমাগচ্ছন্তঃ সরিতি নদ্যাং

---

জল শূন্য স্থান অতিক্রমণ করিয়া প্রিয়াকে কহিলেন হে চন্দ্রাননি! এখানে গ্রীষ্ম ও বসন্ত ঋতুরাজের রাজ্যদ্বয় মধ্যগত আপনাকে দেখ অর্থাৎ উভয় ঋতুর মধ্যবর্ত্তি স্থানে বিদ্যমান হইয়াছ বলিয়া অবগত হও ॥ ১৮—১৯ ॥

হে প্রিয়ে (ঐ দেখ) এই স্থলে কমলবন সকল, গ্রীষ্মতাপে শীর্ণ হইয়াও কি পরিমাণ কমল ধারণ করিয়া রহিয়াছে। অতএব তোমরা ও আমি এই সরোবরে অবগাহন করিয়া স্বেচ্ছানুরূপে কমলচয় চয়ন করিব ॥ ২০ ॥

(ঐ দেখ) এই স্থানে ভৃঙ্গ সকল চতুর্দ্দিক্ হইতে পুনঃ পুনঃ আগমন পূর্ব্বক

Digitized at BRCindia.com

নবনবতনয়ায় পদ্মিনীনাং
স্তনমিব বারিরুহং দুহন্তি ভৃঙ্গাঃ ॥ ২১ ॥
ইতি বলবলিতং ছলং বিধায়
ব্রজসুমুখীঃ সরিতং প্রবেশ্যমানাঃ।
কমলচয়নলক্ষ্যতঃ স্ববাঞ্ছা-
লসিতবশাঃ স চকার তত্র তত্র ॥ ২২ ॥
কমলমিদমহো ময়া তু লব্ধং
কনকরুচিপ্রথিতং ত্বয়া তু নীলম্।

---

রসপ্রসরং রসসমূহং গবেষয়ন্তঃ অন্বেষয়ন্তঃ নবনবতনয়ায় পদ্মিনীনাং স্তনমিব স্তনতুল্যং বারিরুহং পদ্মং দুহন্তি ॥ ২১ ॥

স শ্রীকৃষ্ণঃ ইতি ইত্থম্প্রকারেণ বলবলিতং বলযুক্তছলং বিধায় কৃত্বা ব্রজসুমুখীঃ ব্রজসুন্দরীঃ সরিতং নদীং প্রবেশ্যমানাঃ তত্র তত্র যথাবস্থিতস্থানে কমলচয়নলক্ষ্যতঃ পদ্মচয়নচ্ছলতঃ স্ববাঞ্ছালসিতবশাঃ স্বীয়াভীষ্টবশবর্ত্তিনীঃ চকার ॥ ২২ ॥

ততস্তেন যদুক্তং তদাহ—কমলমিত্যাদি। অহো আশ্চর্য্যং ময়া ইদং কনকরুচিপ্রথিতং সুবর্ণাদপি মনোহরকান্তিপ্রসিদ্ধং কমলং লব্ধং প্রাপ্তং হে প্রিয়ে

---

নদীমধ্যে রসসমূহ অন্বেষণ করিতে করিতে নব নব তনয়ের নিমিত্ত পদ্মিনী সকলের স্তনের ন্যায় পদ্ম দোহন করিতেছে ॥ ২১ ॥

শ্রীকৃষ্ণ এই রূপ নানারূপ ছল করিয়া ব্রজসুন্দরীগণকে নদীতে প্রবেশ করাইয়া কমল চয়ন ছলে তাহাদিগকে স্বীয় অভীষ্টের বশবর্ত্তি করিলেন ॥ ২২ ॥

শ্রীকৃষ্ণ কহিলেন কি আশ্চর্য্য হে প্রিয়ে! আমি জলাবগাহন করিয়া সুবর্ণবিনিন্দিত কান্তি যুক্ত এই কমল পাইলাম (অর্থাৎ হেমকমলসদৃশ তোমাকে পাইলাম) এবং তুমিও নীলকমল প্রাপ্ত হইলে (অর্থাৎ নীলকমলসদৃশ

Digitized at BRCindia.com

ইতি বিবিধমিষং পরম্পরং তাঃ
সমমজিতেন বিহারসারমীয়ুঃ ॥ ২৩ ॥
হৃদি কিমু কমলং ললাগ কিম্বা
হরিকর ইত্যমুকা বিশঙ্কমানাঃ।
ব্রজজনিসুদৃশস্তদা নবীনাঃ
সপুলকশীৎকৃতিকারিতামবাপুঃ ॥ ২৪ ॥
অথ বিহসতি তত্র জিহ্মনেত্রা
মুরজিতি চিক্ষিপুরায়ুধাভমম্ভঃ।

---

ইত্যাহ্যং ত্বয়াতু নীলং কমলং লব্ধং ইতি এবম্প্রকারেণ পরম্পরং বিবিধমিষং নানাবিধছলং কৃত্বা তাঃ ব্রজসুন্দর্য্যঃ অজিতেন শ্রীকৃষ্ণেন সমং বিহারসারং বিহারাতিশয়ং ঈয়ুঃ প্রাপুঃ ॥ ২৩ ॥

হৃদি কিমু কিং কমলং প্রসিদ্ধং পদ্মং ললাগ কিম্বা হরিকরঃ শ্রীকৃষ্ণকরঃ কমলনিভকোমলত্বাদিত্যুক্তং ইতি এবং অমুকাঃ বিশঙ্কমানাঃ শঙ্কাযুক্তাঃ সত্যঃ তদা নবীনা ব্রজজনিসুদৃশাঃ ব্রজোদ্ভবসুনেত্রাঃ গোপ্যঃ সপুলকশীৎকৃতি-কারিতাং পুলকযুক্তাব্যক্তশব্দকারিতাং অবাপুঃ প্রাপুঃ ॥ ২৪ ॥

অথানন্তরং তত্র মুরজিতি শ্রীকৃষ্ণে বিহসতি সতি জিহ্মনেত্রাঃ কুটিলনেত্রা গোপ্যঃ আয়ুধাভং অস্ত্রসদৃশপ্রতীয়মানং অম্ভঃ অঞ্জলিবিক্ষেপণবারি চিক্ষিপুঃ

---

আমাকে পাইলে) এইরূপে পরস্পর নানাবিধ ছল করতঃ ব্রজসুন্দরীগণ শ্রীকৃষ্ণের সহিত বিহারাতিশয় প্রাপ্ত হইলেন ॥ ২৩ ॥

"হৃদয়ে কি কমল সংলগ্ন হইল অথবা কমলতুল্য শ্রীকৃষ্ণ-কর সংলগ্ন হইল" এইরূপে আশঙ্কা করিয়া তখন কোন কোন ব্রজসুন্দরীগণ সপুলকে শীৎকার করিতে লাগিলেন ॥ ২৪ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ হাস্য করিতে লাগিলে কুটিলনেত্রা ব্রজসুন্দরীগণ অঞ্জলি বদ্ধ করিয়া অস্ত্রসন্নিভ প্রতীয়মান বারি তাঁহার প্রতি ক্ষেপণ করিতে লাগিলেন।

Digitized at BRCindia.com

স চ তদকৃত তাসু কিন্তু তাসাং
তদপগমঃ ক্রিয়তে স্ম তস্য তেন ॥ ২৫ ॥
হরিরসুরসহস্রলক্ষজেতা
স্বয়মবলাভিরয়ং বিজেতুমিষ্টঃ।
যদিহ জয়মবাপ তন্ন চিত্রম্
যদথ জিতস্তদতীব চিত্রমত্র ॥ ২৬ ॥
যদপি চ জলসেচনেন কীর্ণ-
স্তদপি পরাভবমাপ নাঘশত্রুঃ।

সচ শ্রীকৃষ্ণঃ তাসু ব্রজসুন্দরীষু তৎ জলসেচনং অকৃত, কিন্তু তাসাং ব্রজাঙ্গনানাং তদপগমঃ জলক্ষেপণনিরাসঃ তস্য কৃষ্ণস্য তেন জলসেকেন ক্রিয়তে স্মঃ ॥ ২৫ ॥

হরিঃ স্বয়ং অসুরসহস্রলক্ষজেতা সহস্রলক্ষসঙ্খ্যকাসুরজয়ী অবলাভিঃ ব্রজাঙ্গনাভিঃ অয়ং শ্রীকৃষ্ণঃ বিজেতুং ইষ্টঃ, যৎ ইহ জয়ং অবাপ প্রাপ্তঃ তৎ ন চিত্রং আশ্চর্য্যং। অথ অনন্তরং যৎ তাভিঃ জিতঃ পরাজিতঃ তৎ অত্র অতীবচিত্রং আশ্চর্য্যং ॥ ২৬ ॥

যদপিচ তাসাং জলসেচনেন কীর্ণঃ আচ্ছন্নঃ ব্যাপ্ত ইতি যাবৎ তদপি অঘশত্রুঃ শ্রীকৃষ্ণঃ পরাভবং জলযুদ্ধে পরাজয়ং ন আপ প্রাপ্তঃ ইতি হেত্বর্থে

শ্রীকৃষ্ণও তাহাদিগের প্রতি অঞ্জলিবদ্ধ করিয়া জলক্ষেপণ করিতে লাগিলেন কিন্তু শ্রীকৃষ্ণ নিজের জলক্ষেপণ দ্বারা ব্রজাঙ্গনা কর্তৃক সিচ্যমান জলক্ষেপণ নিরাশ করিতে লাগিলেন ॥ ২৫ ॥

শ্রীকৃষ্ণ স্বয়ং সহস্র লক্ষ অসুরজয়ী হইলেও ব্রজাঙ্গনাগণ তাঁহাকে জয় করিতে অভিলাষি করিয়াছিলেন। এবং শ্রীকৃষ্ণ যে তাহাদিগকে জয় করিয়াছেন তাহা বিশেষ আশ্চর্য্য জনক নহে পরন্তু শ্রীকৃষ্ণ যে তাহাদিগের কর্তৃক যে পরাজিত হইয়া পাকে তাহা অতীব আশ্চর্য্য ॥ ২৬ ॥

শ্রীকৃষ্ণ ব্রজসুন্দরীগণের জল সেচন দ্বারা যদিচ আচ্ছন্ন হইয়া পড়িলেন

Digitized at BRCindia.com

ইতি ভ্রুকুটিমধাত্তু বার্ষভান-
ব্যথ সত্তু তত্র বভূব চিত্রকল্পঃ ॥ ২৭ ॥
হরিমথ সকলাবলা বিলাসা-
ল্লঘু জগৃহুর্জ্জিতকাশিতাং দধানাঃ।
পুনরপি হসিতাম্বুলাপভঙ্গ্যা
বহিরবধানমধাপয়ন্মৃগাক্ষ্যঃ ॥ ২৮ ॥
অবহিতবতি জীবনাধিনাথে
বৃষরবিজা দ্রুতমস্য কর্ষণায়।

---

বার্ষভানবী বৃষভানুসুতা শ্রীরাধা ভ্রুকুটিং ভ্রূকুটীং কটাক্ষপাতমিতি যাবৎ অধাৎ অকরোৎ, স তু শ্রীকৃষ্ণঃ তত্র চিত্রকল্পঃ চিত্রতুল্যঃ বভূব ॥ ২৭ ॥

অথ অনন্তরং সকলাবলাঃ সর্ব্বাঃ ব্রজসুন্দর্য্যঃ জিতকাশিতাং জয়শীলতাং দধানাঃ সত্যঃ বিলাসাৎ প্রমোদাৎ হরিং লঘু শীঘ্রং যথা স্যাত্তথা জগৃহুঃ। পুনরপি তাঃ মৃগাক্ষ্যঃ হসিতাম্বুলাপভঙ্গ্যা হাস্যযুক্তবাক্যপুনঃপুনঃকথনভঙ্গ্যা বহিঃ অবধানং সাবধানতাং অধাপয়ন্ অকারয়ন্ ॥ ২৮ ॥

জীবনাধিনাথে প্রাণেশ্বরে অবহিতবতি সাবধানে সতি বৃষভানুনন্দিনী অস্য শ্রীকৃষ্ণস্য কর্ষণায় দ্রুতং সত্বরং ইহ তটং তীরং অটিতবতী গতবতী কৃষ্ণনামাপি

---

তথাপি পরাভব প্রাপ্ত হইলেন না বিধায় শ্রীবৃষভানুনন্দিনী প্রিয়তমের প্রতি ভ্রূকুটিপাত করিলেন তাহাতে শ্রীকৃষ্ণ—লিখিত চিত্র তুল্য অর্থাৎ পুত্তলিকার ন্যায় বিরাজ করিতে লাগিলেন ॥ ২৭ ॥

অনন্তর ব্রজসুন্দরীগণ প্রাণনাথকে জয় করিলাম ইহা মনে মনে ধারণা করিয়া হর্ষপ্রযুক্ত তাহাকে তৎক্ষণাৎ ধারণ করিলেন এবং সহাস্যবাক্যে পুনঃ পুনঃ বচনভঙ্গী দ্বারা বাহ্যে সাবধানতা করাইলেন ॥ ২৮ ॥

প্রাণেশ্বর শ্রীকৃষ্ণ সাবধান হইলে বৃষভানুনন্দিনী তাঁহাকে আকর্ষণ



Digitized at BRCindia.com

তটমটিতবতীহ কৃষ্ণনামা-
প্যনুগততাং সমবাপ রাগবদ্ধঃ ॥ ২৯ ॥
দ্রুতমথ পরিচারিকা মুরারিং
বৃষরবিজাং সবয়স্ততীরমূশ্চ।
মৃদুমৃদু বসনেন মার্জ্জিতাঙ্গা-
নকুষত বস্ত্রবরানধারয়ংশ্চ ॥ ৩০ ॥
স্বয়মথ বৃষভানুজা স্বকান্তং
মৃগমদকুঙ্কুমচূর্ণমার্জ্জিতাঙ্গম্।

---

রাগবদ্ধঃ অনুরাগবদ্ধঃ সন্ অনুগততাং আনুগত্যং সমবাপ সংপ্রাপ্ত-বান্॥ ২৯॥

অথ অনন্তরং পরিচারিকাঃ সেবিকাঃ দ্রুতং শীঘ্রং মুরারিং শ্রীকৃষ্ণং বৃষরবিজাং বৃষভানুসুতাং শ্রীরাধাং অমূশ্চ সবয়স্ততীঃ সবয়স্যাঃ মৃদু২ বসনেন বস্ত্রেন মার্জ্জিতাঙ্গান্ অকুষত বস্ত্রবরান্ উৎকৃষ্টবস্ত্রান্ অধারয়ন্ চ ॥ ৩০ ॥

অথানন্তরং বৃষভানুজা শ্রীরাধা স্বয়ং মৃগমদকুঙ্কুমচূর্ণমার্জ্জিতাঙ্গং—মৃগমদ-কুঙ্কুমচূর্ণৈঃ মার্জ্জিতদেহং স্বকান্তং শ্রীকৃষ্ণং সুলঘু যথা স্যাত্তথা বিদধতী সতী

---

করিবার নিমিত্ত দ্রুতপদে তীরবর্ত্তি ভূমিতে গমন করিলেন তখন শ্রীকৃষ্ণও অনুরাগ বদ্ধ হইয়া প্রিয়তমার অনুগামী হইলেন॥ ২৯ ॥

অনন্তর পরিচারিকাগণ দ্রুতপদে আগমন পূর্ব্বক গাত্রমার্জ্জনী দ্বারা মৃদু মৃদু ভাবে শ্রীকৃষ্ণ, শ্রীরাধা ও সখীগণের গাত্রমার্জ্জনা এবং বস্ত্র পরিধান করাইয়া দিলেন ॥ ৩০ ॥

অনন্তর বৃষভানুনন্দিনী স্বয়ং মৃগমদ কুঙ্কুম ও চূর্ণ দ্বারা মৃদুভাবে প্রাণ-

Digitized at BRCindia.com

স্ফুলঘু বিদধতী জহার জাড্যং
বহিরবহিঃ পুনরাজহার জাড্যম্ ॥ ৩১ ॥
অথ ঘুসৃণবিশেষকাংশুযুক্তং
লঘুতরবেশবিশেষশোভিমুক্তম্।
অকুরুত বৃষভানুজা স্বকান্তং
স চ রুচিতামকরোদমুং নিতান্তম্ ॥ ৩২ ॥
ক্রমুকসিতকরাক্ষিপর্ণবীটীঃ
রদিত সখী হরিরাধয়োর্মুখান্তঃ।

---

বহিঃ জাড্যং জড়তাং জহার তত্যাজ, অবহিঃ আন্তরিকং জাড্যং পুনঃ আজহার প্রাপ ॥ ৩১ ॥

অথ বৃষভানুজা শ্রীরাধা, স্বকান্তং স্বপ্রিয়ং শ্রীকৃষ্ণং ঘুসৃণবিশেষকাংশুযুক্তং কুঙ্কুমবিশেষকবস্ত্রযুক্তং লঘুতরবেশবিশেষশোভিমুক্তং অকুরুত। স চ কান্তঃ অমুং রাধাং নিতান্তং অতিশয়ং রুচিতাং শোভিতাং অকরোৎ ॥ ৩২ ॥

সখী, ক্রমুকসিতাক্ষিপর্ণবীটীঃ—ক্রমুকং গুবাকং সিতকরঃ কর্পূরঃ তাভ্যাং যুক্তাম্বূলবীটিকাঃ হরিরাধয়োঃ মুখান্তঃ অদিত দত্তবতী, তয়োঃ হরিরাধয়োঃ

---

বল্লভের অঙ্গ মার্জ্জনা করিতে করিতে যদিও বাহ্যিক জাড্য পরিত্যাগ করিলেন পরন্তু পুনর্ব্বার আন্তরিক জড়তা প্রাপ্ত হইলেন ॥ ৩১ ॥

তৎপর শ্রীরাধা, স্বকান্তকে কুঙ্কুম রঞ্জিত বসন যুক্ত ও লঘুতর বেশবিশেষ এবং মুক্তাদি দ্বারা শোভিত করিলেন। শ্রীকৃষ্ণও কান্তাকে ভূষণাদি দ্বারা অতিশয়রূপ শোভিত করিলেন ॥ ৩২ ॥

তখন কোন সখী —রাধাকৃষ্ণের বদন মধ্যে গুবাক (সুপারি) কর্পূরাদি

Digitized at BRCindia.com

যুগলমপি তয়োঃ সখীজনানা-
মধিত সুখপ্রথনায় বক্ত্রমধ্যে ॥ ৩৩ ॥
অথ কমলকরাঃ সকান্তকান্তাঃ
সবিলসিতং সদনায় গন্তুকামাঃ।
বিজিতকমলপত্রচারুনেত্রা
বিরুরুচিরেঃনিখিলেনঃখেলিতেন ॥ ৩৪ ॥
ক্বচিদপি হরিণা সমং ব্যধুস্তাঃ
পুরুকমলাকমলি প্রহাসযুক্তম্।

---

যুগলমপি ইতি কর্তৃপদং সখীজনানাং সুখপ্রথনায় সুখবিস্তারণার্থং বক্ত্রমধ্যে মুখমধ্যে অধিত দত্তবান্ ॥ ৩৩ ॥

অথানন্তরং কমলকরাঃ পদ্মহস্তাঃ সকান্তকান্তাঃ কান্তেন শ্রীকৃষ্ণেন সহ কান্তাঃ ব্রজসুন্দর্য্যাঃ সবিলসিতং বিলসিতেন সহ যথা স্যাত্তথা সদনায় ভবনায় গন্তুকামাঃ বিজিতকমলপত্রচারুনেত্রাঃ—বিজিতানি অভিভূতানি কমলপত্রাণি পদ্মপত্রাণি যৈঃ তাদৃশানি চারুনেত্রাণি মনোহরনেত্রাণি যাসাং তাঃ কান্তাঃ নিখিলেন বাহুল্যেন খেলিতেন ক্রীড়য়া বিরুরুচিরে বিশেষেণ ভান্তি-স্ম ॥ ৩৪ ॥

ক্বচিদপি স্থানে তাঃ কান্তাঃ হরিণা সমং প্রহাসযুক্তং অতিশয়হাস্যযুক্তং যথা স্যাত্তথা পুরু কমলাকমলি—কমলেন কমলেন প্রক্ষিপ্য যৎ কৌতুকং তৎ

---

যুক্ত তাম্বূল বীটী প্রদান করিলেন, শ্রীরাধাকৃষ্ণও সখীগণের সুখার্থ তাহাদিগের মুখমধ্যে স্ব স্ব বদনস্থ চর্ব্বিত তাম্বূল প্রদান করিলেন ॥ ৩৩ ॥

অনন্তর পদ্মহস্তা ও কমলপত্র বিনিন্দিত নেত্রা ব্রজসুন্দরীসকল শ্রীকৃষ্ণের সহিত সবিলাসে গৃহ গমনাভিলাষী হইয়া পরস্পর নানাবিধ ক্রীড়া দ্বারা অপূর্ব্ব শোভা ধারণ করিলেন ॥ ৩৪ ॥

পথি মধ্যে কোনস্থানে কান্তাগণ কান্তের সহিত সহাস্যবদনে পরস্পর কমল

Digitized at BRCindia.com

ইদমিহ ন বিদুস্তু তেন শশ্ব-
জ্জিতমখিলং ভুবনেষু কেবলেন ॥ ৩৫ ॥
ইতিবহুবিধখেলমালয়ান্তং
জগৃহুরমূরমুনা সমং সমস্তাঃ।
তদনু চ বরনিষ্কুটস্থধিষ্ণ্যং
প্রবিবিশুরাবিবিশুশ্চ তস্য ভাসি ॥ ৩৬ ॥
মণিসদনমিদং বৃতেরতীতং
বরসরসীসরসীরুহালিমধ্যম্।

তথোক্তং বধূঃ কৃতবত্যঃ, ইহ খেলায়াং কান্তাঃ ইদং ন বিদুঃ জানন্তি, তৎ কিং? তত্রাহ কেবলেন তেন শ্রীকৃষ্ণেন ভুবনেষু। শশ্বৎ অখিলং নিখিলং জিতং ইদং ন বিদুরিতি ভাবঃ ॥ ৩৫ ॥

ইতি এবম্প্রকারেণ অমূঃ সমস্তাঃ ব্রজসুন্দর্য্যঃ অমুনা শ্রীকৃষ্ণেন সমং সহ আলয়ান্তং বনাদ্‌গৃহপর্য্যন্তং বহুবিধখেলং নানাপ্রকারক্রীড়াং জগৃহুঃ। তদনুচ তদনন্তরঞ্চ বরনিষ্কুটস্থধিষ্ণ্যং কিম্বা অন্তঃপুরস্থগৃহং প্রবিবিশুঃ আবিবিশুশ্চ ॥ ৩৬ ॥

স্মিতাংশুশোভী ঈষদ্ধাস্যকিরণ শোভাযুক্তঃ হরিঃ সর্ব্বমনোহরঃ শ্রীকৃষ্ণঃ বৃতেরাবরণস্যাতীতং বরবরসীসরসীরুহালিমধ্যং অনিন্দ্যসরোবরসমূহানাং কমল-

প্রক্ষেপণ রূপ কৌতুক করিতে লাগিলেন, তাঁহারা জানেনা যে কেবল শ্রীকৃষ্ণই নিখিল ভুবন সমস্ত জয় করিয়াছেন অতএব না জানিয়াইযেন ভুবনবিজয়ীকেও আজ কমল প্রহারে জয় করিতে বাসনা করিতে লাগিলেন ॥ ৩৫ ॥

বন হইতে গৃহ পর্য্যন্ত এই রূপে ব্রজসুন্দরীগণ প্রাণবল্লভের সহিত নানাবিধ খেলা করিলেন। তদনন্তর অন্তঃপুরস্থ ভবনে প্রবেশ করিলেন এবং কান্তাগণ কান্তের কান্তিতে যেন বিলীন হইয়া রহিলেন ॥ ৩৬ ॥

ঈষৎ হাস্যযুক্ত শ্রীকৃষ্ণ মণিময়ভবনে প্রবেশ করিয়া তত্রস্থ শয্যোপরি সমাসীন হইলেন সেই গৃহ—সরোবর সকল ও কমল সমূহের মধ্যগত এবং সুকো-

Digitized at BRCindia.com

সুকুসুমসুকুমারগর্ভতূলী-
মিলদুপধানশুভংযুমঞ্জুশয্যাম্ ॥ ৩৭ ॥
সরুচিনিহিততালবৃন্তভৃঙ্গা-
রকমুখশর্ম্মদবস্তু সংস্তুতাঙ্গম্।
দ্রুততরমবিশদ্বিশংশ্চ শয্যা-
মধিবসতি স্ম হরিঃ স্মিতাংশুশোভী ॥ ৩৮ ॥
যুগ্মকম্ ॥

তমথ কুসুমচামরং দধানা
বৃষরবিজা স্বয়মেব সেবতে স্ম।

---

চম্বানাঞ্চ মধ্যগতমিত্যর্থঃ। সুকুসুমেত্যাদি, বহির্দ্দেশেসুকুসুমৈঃ সুন্দরপুষ্পৈঃ অভ্যন্তরে সুকোমলতূলিকয়াচ যুক্তোপাধনং শুভান্বিতমনোহরশয্যাং, সরুচি ইত্যাদি সকান্তিনিহিততালবৃন্তেন ভৃঙ্গারাদিসুখপ্রদদ্রব্যেণ সংস্তুতৈকদেশং এভিগুণৈর্বিশিষ্টং ইদং মণিসদনং মণিময়ভবনং দ্রুততরং শীঘ্রতরং অবিশৎ বিশন্ চ শয্যাং অধিবসতিস্ম ॥ ৩৭—৩৮ ॥

অথ বৃষরবিজা বৃষভানুনন্দিনী শ্রীরাধা স্বয়মেব কুসুমচামরং পুষ্পনির্ম্মিত-চামরং দধানা সতী তং শ্রীকৃষ্ণং সেবতে স্ম প্রণয়ি সতু প্রণয়বান্ কান্তঃ অনুজু-

---

মল তুলাবিশিষ্ট উপাধানোপরি সুন্দর কুসুমে সজ্জিত ও শুভ মনোহর শয্যা যুক্ত এবং আশ্চর্য্য তালবৃন্ত ভৃঙ্গারক (ঝাড়ি) প্রভৃতি বিবিধ সুখপ্রদ দ্রব্য তাহার এক এক দেশে শোভাপাইতে লাগিল ॥ ৩৭। ৩৮ ॥

অনন্তর বৃষভানুনন্দিনী স্বয়ং কুসুম নির্ম্মিত চামর ধারণ করিয়া প্রাপ-

Digitized at BRCindia.com

অনৃজুদৃশমমূং বলং ছলঞ্চ
প্রণয়ি সতু প্রণয়ন্নিনায় শয্যাম্ ॥ ৩৯ ॥
ইয়মপি তত এব খেদদম্ভা-
দলসনিভস্থিতাং বভাজ তস্যাং।
তদনু সবয়সঃ সচন্দ্রতাম্বু-
লকমনু শর্ম্মদধুস্তয়োর্দ্বয়োশ্চ ॥ ৪০ ॥
তদনু তদনুমায় তেন তস্যা
রহসি মিথঃ স্থিতিবাঞ্ছিতং বয়স্যাঃ।

দৃশং কুটিলনেত্রাং অমূং বৃষভানুনন্দিনীং বলং ছলঞ্চ যথা স্যাত্তথা প্রণয়ন্ প্রীতিং জনয়ন্ শয্যাং নিনায় ॥ ৩৯ ॥

ততস্তদনন্তরং ইয়মপি শ্রীরাধাপি খেদদম্ভাৎ খেদেন দুঃখপ্রকাশেন সহ দম্ভঃ সম্মানপ্রাপ্তিজন্যধার্ম্মিকতাপ্রকাশঃ তস্মাৎ, তস্যাং শয্যায়াং অলসনিভস্থিতিতাং আলস্যসদৃশাবস্থানত্বং বভাজ সেবে। তদনু তৎপশ্চাৎ সবয়সঃ সখ্যঃ তয়োর্দ্বয়োঃ শ্রীরাধাকৃষ্ণয়োঃ সচন্দ্রতাম্বূলকং—সকর্পূরতাম্বূলং অনু শর্ম্ম সুখঞ্চ দধুঃ ॥ ৪০ ॥

তদনু তদনন্তরং তেন প্রাণবল্লভেন সহ তস্যাঃ বয়স্যাঃ শ্রীরাধায়াঃ রহসি একান্তে মিথঃ পরস্পরং তৎ স্থিতিবাঞ্ছিতং অনুমায় বচনাদিব্যবহারেণ অনুমানং

বল্লভকে ব্যজন করিতে লাগিলেন প্রাণবল্লভও সেই কুটিলনেত্রা প্রিয়তমাকে বলে ও ছলে সন্তোষ করিয়া শয্যায় বসাইলেন ॥ ৩৯ ॥

অনন্তর শ্রীরাধাও যেন দুঃখ প্রকাশ ও সম্মান প্রাপ্তির জন্য ধর্ম্মিকতা প্রকাশ করিয়া সেই শয্যাতে অলস সদৃশী হইয়া অবস্থান করিলেন। তখন সখীগণ শ্রীরাধাকৃষ্ণকে সকর্পূর তাম্বূল ও অন্যান্য সুখ প্রদান করিতে লাগিলেন ॥ ৪০ ॥

অনন্তর সখীগণ—শ্রীকৃষ্ণের সহিত প্রিয়সখী শ্রীরাধার নিভৃতাবস্থান বাঞ্ছিত অনুমান করিয়া ছলক্রমে তথা হইতে স্থানান্তরে গমন করিলেন পরন্তু কোন

Digitized at BRCindia.com

সমিষমপগতাঃ ক্ষণন্তু কাচি-
ন্মৃদু পদমর্দ্দনমেতয়োর্ব্যধত্ত ॥ ৪১ ॥
ইয়মপি বিগতা দ্বয়স্য নিদ্রাং
ছলরচিতাং ছলমারচয্য যত্তু।
নয়নযুগলমীলনং বিহায়
প্রণয়ময়ীমুদমীমিলন্নিজেহাম্ ॥ ৪২ ॥
ইতি বহুবিধকেলিভির্নিদাঘে
বিগতবতি প্রবিবেশ বার্ষিকশ্রীঃ।

---

কৃত্বা সমিষং সব্যাজং অপগতাঃ শয়নগৃহাদিতিশেষঃ, তু কিন্তু কাচিৎ মঞ্জরী ক্ষণং ব্যাপ্য তয়োঃ শ্রীরাধাকৃষ্ণয়োঃ পদমর্দ্দনং পাদসম্বাহনং মৃদু যথা স্যাত্তথা ব্যধত্ত ॥ ৪১ ॥

ইয়মপি পাদসম্বাহনপরা কাচিৎ মঞ্জরী অপি দ্বয়স্য শ্রীরাধাকৃষ্ণযুগলস্য ছলরচিতাং নিদ্রাং বিগতা জ্ঞাতা সতী ছলং আরচয্য কৃত্বা ততঃ বিগতা অপগতা, মিথুনঞ্চ নয়নযুগলমীলনং বিহায় ত্যক্ত্বা প্রণয়ময়ীং নিজেহাং স্বচেষ্টাং উদমীমিলৎ প্রকাশয়ামাস ॥ ৪২ ॥

ইতি বহুবিধকেলিভিঃ পূর্ব্বকথিতানুবাদ্বি নানাক্রীড়াভিঃ নিদাঘে গ্রীষ্মে বিগতবতি সতি বার্ষিকশ্রীঃ বর্ষাকালীনশোভা প্রবিবেশ, জলদবলয়বিদ্যুতালি-

---

মঞ্জরী ক্ষণকাল তথায় অবস্থান পূর্ব্বক মৃদু মৃদু ভাবে শ্রীরাধাকৃষ্ণের চরণ সম্বাহন করিতে লাগিলেন ॥ ৪১ ॥

সেই পাদসম্বাহনপরা মঞ্জরী ও উভয়ের ছল রচিত নিদ্রা দেখিতে পাইয়া স্বয়ং ছল পূর্ব্বক তথা হইতে প্রস্থান করিলেন অনন্তর উভয়ে নয়নযুগল উন্মীলিত করিয়া প্রণয়ময়ী স্বচেষ্টা প্রকাশ করিতে লাগিলেন ॥ ৪২ ॥

এইরূপে বহুবিধ কেলি বিলাসে গ্রীষ্মকাল গত হইলে বর্ষাকালীন শোভা

Digitized at BRCindia.com

জলদবলয়বিদ্যুতালিলক্ষ্ম্যা
হরিহরিদারতনূর্বিলাসমাপ ॥ ৪৩ ॥
রুচিমিহ কলয়ন্ ব্রজেশসূনু-
র্নিশি নিশি বর্ণয়িতুং রুচিং জগাম।
ইদমবদধতীচ বার্ষভান-
ব্যপি সবয়স্ততিরুদ্যদুল্ললাস ॥ ৪৪ ॥
ইতি ঘনসময়স্ফুটপ্রভাতে
নিজজননীনিহিতং পয়ঃ কৃতান্নম্।

---

লক্ষ্ম্যা জলদবলয়ানাং মেঘসমূহানাং বিদ্যুতালীনাং তড়িৎসমূহানাঞ্চ যা লক্ষ্মীঃ শোভা তয়া হরিহরিদারতনূঃ কৃষ্ণস্য কৃষ্ণকান্তানাঞ্চ তনুঃ শরীরং বিলাসং আপ ॥ ৪৩ ॥

ইহ লীলাবিলাসে রুচিং শোভাং কলয়ন্ কুর্ব্বন্ ব্রজেশসূনুঃ শ্রীকৃষ্ণঃ নিশি নিশি রুচিং বর্ণয়িতুং জগাম প্রাপ্তঃ। ইদং অবদধতী অবধানং কুর্ব্বতী বার্ষভানবী বৃষভানুনন্দিনী সবয়স্ততিঃ সখীগণঃ অপি উদ্যৎ অত্যন্তং উল্ললাস আনন্দিতা অভূদিত্যর্থঃ ॥ ৪৪ ॥

ইতি ঘনসময়স্ফুটপ্রভাতে অহং নিজজননীনিহিতং নিজজনন্যা যশোদয়া নিহিতং কৃতং অর্পিতং বা পয়ঃকৃতান্নং পায়সং ঈষৎ অশ্নন্ অদন্ কিম্ভূতং

---

আসিয়া প্রবেশ করিল। এবং মেঘ সকল ও বিদ্যুচ্ছেণীর শোভা দ্বারা শ্রীকৃষ্ণ ও কৃষ্ণকান্তাগণের বিগ্রহ বিলাস প্রাপ্ত হইল ॥ ৪৩ ॥

এইরূপে উক্ত লীলাবিলাসে ঋতু শোভা বর্ণন করিয়া শ্রীকৃষ্ণ—প্রতিনিশিতে তাহা বর্ণন করিবার নিমিত্ত অনুরাগী হইতেন এবং তাহা অবধান করিয়া বৃষভানু নন্দিনী ও সবয়স্কা সখীগণ অত্যন্ত আনন্দিত হইতে লাগিলেন ॥৪৪॥

শ্রীকৃষ্ণ বলিলেন এই রূপে আমি বলরামাদির সহিত প্রভাতকালে



Digitized at BRCindia.com

মরিচবলিতমুষ্ণমীষদম্ল-
মহমনু রামমুখং সুখং ভজামি ॥ ৪৫ ॥
মম জনিতিথিরেষ্যতীহ ভাদ্রে
ব্রজজনশর্ম্ম চ তেন সার্দ্ধমঙ্গ!।
দ্বয়মপি যদিদং জগন্তি ধিন্বন্
পুরুতরপর্ব্ব তনিষ্যতি প্রকৃষ্টং ॥ ৪৬ ॥
গৃহশিখরিশিখামথাধিরূঢ়াঃ
কলয়ত নিশ্যপি গোষ্ঠবন্যধাম।

---

মরিচবলিতং মরিচযুক্তং পুনঃ উষ্ণং, অনুরামমুখং বলরামপ্রভৃতিসহিতং সুখং ভজামি ॥ ৪৫ ॥

অঙ্গ হে প্রিয়ে! ভাদ্রে মাসি মম জন্মতিথিঃ এষ্যতি আয়াস্তি, ব্রজজন-শর্ম্ম ব্রজবাসিনাং সুখপ্রদং তেন সার্দ্ধং তবচ জন্মতিথিঃ ভাদ্রাষ্টম্যাং আয়াস্তি যদিদং দ্বয়মপি জগন্তি ধিন্বন্ পুরুতরপর্ব্ব মহদুৎসবঃ প্রকৃষ্টং যথা স্যাত্তথা তনিষ্যতি "তনু বিস্তারে ॥ ৪৬ ॥

অথ গৃহাশিখরিশিখাঃ প্রাসাদোপরি ইত্যর্থঃ অধিরূঢ়াঃ সত্যঃ নিশি অপি গোষ্ঠবন্যধাম—গোষ্ঠবনয়োর্দীপ্তিং কলয়ত পশ্যত প্রতিলবতড়িদালিদীপ্তি-

---

জননী কর্ত্তৃক কৃত বা অর্পিত ঈষদুষ্ণ ও মরিচযুক্ত পরমান্ন ভোজন করিয়া সুখানুভব করিয়া থাকি ॥ ৪৫ ॥

হে প্রিয়ে! ভাদ্র মাসে ব্রজজন সুখপ্রদ আমার জন্মতিথি উপস্থিত হইলে তাহার সহিত অর্থাৎ মদীয় জন্ম তিথির পর অষ্টমীতে তোমারও জন্ম তিথি আসিবে অতএব উভয়ের জন্মতিথি—সকল জগৎ আনন্দিত করতঃ মহান্ উৎসব বিস্তার করিবে ॥ ৪৬ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ কহিলেন হে প্রিয়াগণ! তোমরা প্রসাদোপরি আরোহণ করিয়া রজনীগত গোষ্ঠ ও বনের শোভা দর্শন কর, আহা! তাহা প্রতিক্ষণে

Digitized at BRCindia.com

প্রতিলবতড়িদালি দীপ্তিভূম্না
দিন ইব সর্ব্বমিদং মুহুর্বিভাতি ॥ ৪৭ ॥
নভসি জলদবিদ্যুদালিলক্ষ্মী-
র্ভুবি হরিতঃ স্ফুরদিন্দ্রগোপকান্তিঃ।
মদনুগভবতীব কাননশ্রী-
স্ততিমনু পোষকতাং সখি! প্রয়াতি ॥ ৪৮ ॥
স্থলকুলমিহ কূর্ম্মপৃষ্ঠতুল্যং
নয়নগতিপ্রদরত্নবেশ্মমধ্যম্।

---

ভূম্না—প্রতিক্ষণে বিদ্যুন্নিচয়ানাং দীপ্তিবহুলেন ইত্যর্থঃ, দিন ইব ইদং সর্ব্বং মুহুঃ বিভাতি ॥ ৪৭ ॥

হে সখি রাধে! নভসি আকাশে জলদবিদ্যুদালিলক্ষ্মীঃ জলদবিদ্যুদালীনাং মেঘসৌদামিনীসমূহানাং লক্ষ্মীঃ শোভা, ভুবি পৃথিব্যাং স্ফুরদিন্দ্রগোপ-কান্তিঃ প্রকাশমানরক্তবর্ণক্ষুদ্রকীটানাং কান্তি র্যত্র হরিতঃ মদনুগভবতীব মম অনুগতা ভবতী ইব কাননশ্রীস্ততিমনু বনশোভাসমূহং লক্ষীকৃতং পোষ-কতাং মদীয়াতিশয়প্রীতিপোষকতাং প্রয়াতি প্রাপ্নোতি ॥ ৪৮ ॥

কূর্ম্মপৃষ্ঠতুল্যং কূর্ম্মপৃষ্ঠসদৃশং নয়নগতিপ্রদরত্নবেশ্মমধ্যং বিততং বিস্তৃতং

---

বিদ্যুৎ শ্রেণীর ন্যায় বহুতর প্রভায় এই সকল দিবস তুল্য প্রকাশ পাই-তেছে ॥ ৪৭ ॥

হে সখি আকাশে মেঘসকল ও বিদ্যুৎশ্রেণী এবং পৃথিবীতে প্রকাশমান রক্তবর্ণ ক্ষুদ্র কীট সকলের শোভাবিশিষ্ট তৃণগুলি মদীয়ানুগতা তোমার ন্যায় যেন কাননগত শোভাসমূহের পোষকতা প্রাপ্ত হইয়াছে ॥ ৪৮ ॥

কূর্ম্মপৃষ্ঠতুল্য ও বিচিত্র রত্নগৃহ মধ্যগত বিহার স্থান সকল বিস্তৃতভাবে রহিয়াছে, তথায় নব অঙ্কুরিত তৃণোপরি ধবলাগণ পালন করিয়া থাকি ॥৪৯॥

Digitized at BRCindia.com

বিততমভিনবপ্ররূঢ়তার্ণং
পরি ধবলাগণপালনং করোমি ॥ ৪৯ ॥
গিরিবরশিরসি ব্যুদস্তপার্শ্বা-
বৃতিমণিসদ্মনি লব্ধধেনুদৃষ্টিঃ।
বহুবিধশতরঞ্জমুখ্যখেলা।
বিদধদহং সখিভিঃ সুখং প্রয়ামি ॥ ৫০ ॥
স্রবতি সলিলমম্বুদে তরূণাং
কুহরগৃহে রসয়ন্ ফলং সকন্দম্।

স্থলকুলং অভিনবপ্ররূঢ়তার্ণং অভিনবাঙ্কুরিততৃণং পরি ধবলাগণপালনং ধবলাখ্য-গোপ্রভৃতিপালনং করোমি ॥ ৪৯ ॥

গিরিবরশিরসি গোবর্দ্ধনোপরিভাগে ইত্যর্থঃ ব্যুদস্তপার্শ্বাবৃতিমণিসদ্মনি পার্শ্বানাং আবরণরহিতমণিময়ভবনে ইত্যর্থঃ লব্ধধেনুদৃষ্টিঃ যত্রোপবিশ্য তৃণচরধেনূনাং দর্শনোপযোগিদেশঃ, স্থিতঃ ইতিভাবঃ অহং বহুবিধশতরঞ্জমুখ্য-খেলা বিদধৎ সখিভিঃ বয়স্যৈঃ সহ সুখং প্রয়ামি প্রাপ্নোতি ॥ ৫০ ॥

অম্বুদে মেঘে সলিলং জলং স্রবতি সতি তরূণাং বৃক্ষাণাং কুহরগৃহে সমীপবর্ত্তি-গৃহে সকন্দং ফলং রসয়ন্ আস্বাদন্ উপসলিলশিলাসনঃ জলসমীপগতপ্রস্তরাসনে সমাসীনঃ সন্ সখিভিঃ বয়স্যৈঃ সহ বিভক্তং দধিসহিতং সদন্নং অশ্নন্ অদন্।

গোবর্দ্ধনোপরিভাগে চতুর্দ্দিগ্‌ আবরণ বিহীন মণিময় গৃহে উপবেশন করিয়া তৃণচর গোসকলের প্রতি দৃষ্টিবিধান পূর্ব্বক বয়স্যগণের সহিত আমি বহুবিধ শতরঞ্জাদি খেলাবিধান করতঃ পরম সুখ প্রাপ্ত হইয়া থাকি ॥ ৫০ ॥

মেঘবর্ষণ হইতে থাকিলে তরু নিকটস্থ গৃহে বসিয়া সকন্দ ফল আস্বাদন করিয়া থাকি। কখনও বা সলিল সমীপস্থ শিলাসনে উপবেশন পূর্ব্বক সখাগণের সহিত বিভক্ত দধিসহিত সদন্ন ভোজন করি, কখন বা গিরিশিখরে ধেনুগণ আহ্বান করি কখন বা তাহাদিগকে গিরিশিখরে বসিয়া তাহা-

Digitized at BRCindia.com

উপসলিলশিলাসনঃ সদন্নং
দধিসহিতং সখিভির্বিভক্তমশ্নন্ ॥ ৫১ ॥
ক্বচিদপি গিরিমূর্দ্ধ্নি ধেনুহূতিং
বিদধদমূশ্চ মুদা নিবিশ্য পশ্যন্।
অধিবড়ভিগতাভিরীক্ষণীয়ঃ
সততমহং ভবতীভিরত্র তত্র ॥ ৫২ ॥
যুগ্মকম্ ॥

ইহ বহতি কদম্বনীপযূথী
শবলিতকেতকগন্ধসন্ধবাতঃ।
অনুভবসবিবিক্তকঞ্চ যদ্ব-
ত্তব মম চানুভবন্তি গন্ধমঙ্গং ॥ ৫৩ ॥

---

ক্বচিদপি গিরিমূর্দ্ধ্নি পর্ব্বতোপরি ধেনুহূতিং গোগণাহ্বানং বিদধৎ কদা বা তত্র নিবিশ্য অমূশ্চ মুদা পশ্যন্, কাপি অধিবড়ভিগতাভিঃ চন্দ্রশালাগৃহগতাভিঃ ভবতীভিঃ অত্র তত্র অহং সততং ঈক্ষণীয়ঃ দৃশ্যঃ ॥ ৫১—৫২ ॥

ইহ কদম্ববৃক্ষসমূহে কেতকপুষ্পাণাং গন্ধযুক্তবায়ুঃ ইহ বহতি। অনুভবসবিবিক্তকঞ্চ যদ্বৎ তব মম অঙ্গং গন্ধং চ অনুভবন্তি ॥ ৫৩ ॥

---

দিগকে অবলোকন করিয়া থাকি। সে সময় মণিময় মন্দিরোপরি আরোহণ করিয়া তোমরা এথানে সেথানে আমাকে দেখিতে পাইয়া থাক ॥ ৫১—৫২ ॥

এই স্থলে কদম্ব বৃক্ষ সমূহে যুক্ত কেতক (কেওরা) পুষ্পের সুগন্ধিবহ পবন মৃদু মৃদু বহিতেছে। এই নির্জ্জন বন মন্দ মন্দ সুগন্ধ পবনে যেমন আমোদিত তদ্রূপ তোমার ও আমার অঙ্গের ঈষৎ সুগন্ধ অনুভূত হইতেছে ॥ ৫৩ ॥

Digitized at BRCindia.com

যদি পুলককুলাকুলাসি কৃষ্ণং
কনকপটং পটুমাং নিরীক্ষ্য ভদ্রে!।
ঘনতড়িদুদয়াদ্বিবর্দ্ধমানা-
ঙ্কুরধরণীতুলনাং তদা প্রয়াসি ॥ ৫৪ ॥
ঘনসময়মনু ধ্বনিং প্লবাদ্যা
বিদধতি তে চ ঘনা মুহুস্তমত্র।
নিশময়িতুমমুং পরস্পরং যে
স্ফুটমনিশং রচয়ন্তি সুষ্ঠু পুষ্টম্ ॥ ৫৫ ॥

---

হে ভদ্রে! সুমঙ্গলে! যদি ত্বং কনকপটং পীতাম্বরমিত্যর্থঃ পটু মাং কৃষ্ণং নিরীক্ষ্য দৃষ্ট্বা পুলককুলাকুলাসি পুলককুলেন রোমাঞ্চসমূহেন আকুলা ভবসি। তদা ঘনতড়িদুদয়াৎ বিবর্দ্ধমানাঙ্কুরধরণীতুলনাং প্রয়াসি ॥ ৫৪ ॥

অত্র বনে ঘনসময়ং মেঘকালং অনু লক্ষীকৃত্য প্লবাদ্যাঃ মণ্ডূকাদয়ঃ ধ্বনিং "মক্‌মক" ইতি শব্দং বিদধন্তি কুর্ব্বন্তি তে ঘনাঃ মেঘাশ্চ তং ধ্বনিং মুহুঃ বিদধতি। যে মণ্ডূকমেঘাদয় সর্ব্বে পরস্পরং অমুং ধ্বনিং নিশময়িতুং শ্রাবয়িতুং অনিশং নিরন্তরং স্ফুটং সুষ্ঠু সুন্দরং পুষ্টং রচয়ন্তি ॥ ৫৫ ॥

---

হে ভদ্রে প্রিয়ে! যদি তুমি পীতাম্বরধারী আমাকে দর্শন করিয়া পুলক সমূহে আকুলা হও, তখন ঘন বিদ্যুৎ উদয়ে বিবর্দ্ধমান অঙ্কুরযুক্ত ধরণীর সাদৃশ্য প্রাপ্ত হইয়া থাক ॥ ৫৪ ॥

এই বনে মণ্ডুকাদি জন্তুসকল মেঘবর্ষণ সময়ে স্বজাতীয় মক্‌মকাদি ধ্বনি এবং মেঘসকলও গভীর গর্জ্জন করিতে থাকে। সেই মণ্ডুকাদি সকলে পরস্পরের ধ্বনি শ্রবণ করাইবার নিমিত্তই যেন নিরন্তর সুস্পষ্ট ধ্বনি করিতে লাগিল ॥ ৫৫ ॥

Digitized at BRCindia.com

জলদমনু কনিষ্ঠমধ্যমুখ্যাঃ
প্লবশিখিচাতকনামকাঃ প্রপন্নাঃ।
তরতমবিধিনা তদেকনন্দি-
দ্বয়মপরস্তু তদেকজীবিজীবঃ ॥ ৫৬ ॥
অহমপি তদিদং বিলোকমানঃ
কিল বিমৃশামিঃনিজাননন্যভক্তান্
যদনু চ ভবদীয়বৃন্দমেতৎ
পরমতয়া মম চিত্তমাবিবেশ ॥ ৫৭ ॥

---

কনিষ্ঠমধ্যমুখ্যাঃ অধমমধ্যমশ্রেষ্ঠাঃ প্লবশিখিচাতকনামকাঃ জলদং মেঘ মনু প্রাপন্নাঃ শরণাগতাঃ ভবন্তি। তরতমবিধিনা দ্বয়োর্মধ্যে একস্যোৎকর্ষঃ বহুমধ্যে একস্যোৎকর্ষঃ এবম্বিধিনা তদেকনন্দিদ্বয়ং মেঘ এব কেবলমাত্রানন্দপ্রদপ্লবশিখিদ্বয়ং, অপরস্তু অপরঃ চাতকঃ তদেকজীবিজীবঃ মেঘ এব জীবন জীবনং তস্যেত্যর্থঃ ॥ ৫৬ ॥

অহমপি তদিদং বিলোকমানঃ পশ্যন্ নিজান্ অনন্তভক্তান্ বিমৃশামি যদনুচ যদনন্তরং ভবদীয়বৃন্দং এতৎ পরমতয়া শ্রেষ্ঠতয়া মম কৃষ্ণস্য চিত্তং আবিবেশ ॥ ৫৭ ॥

---

কনিষ্ঠ মধ্য ও শ্রেষ্ঠ যে ভেক, ময়ূর ও চাতক তাহারা জলধরকে লক্ষ করিয়া শরণাপন্ন হইয়া থাকে। তন্মধ্যে তর তম বিধানানুসারে অর্থাৎ উভয়ের মধ্যে একের উৎকর্ষ ও বহুর মধ্যে একের উৎকর্ষরূপ বিধিতে ভেক ও শিখী এই উভয়ে মেঘ দর্শনে কেবল আনন্দ লাভ করিয়া থাকে, কিন্তু ঐ মেঘ—চাতকের একমাত্র জীবন স্বরূপ যেহেতু সে আর জলদের জল ভিন্ন অন্য জল পান করে না ॥ ৫৬ ॥

হে প্রিয়ে! আমিও ইহা অবলোকন করিয়া স্বীয় অনন্য ভক্তগণের বিষয় বিচার করিয়া থাকি। যাহার পর তোমরা সকলে ঐ সকল হইতে

Digitized at BRCindia.com

ইতি বদতি হরৌ পপাত বৃষ্টি-
র্বিস্মরশীকরভাক্ ততশ্চ সখ্যঃ।
পটকুটমদধুর্দ্বয়স্য খট্টা-
মনু পরিতঃ সদনং পটাবৃতঞ্চ ॥ ৫৮ ॥
বহিরনু ঘনগর্জ্জিতং সবর্ষং
গৃহমনু তল্পবরেণ্যমল্পশীতম্।
তদনু বসিতশস্তবস্ত্রমেত-
ন্মিথুনমনু স্মর চিত্ত! গৌরকৃষ্ণম্ ॥ ৫৯ ॥

---

হরৌ শ্রীকৃষ্ণে ইতি বদতি সতি বিস্মরশীকরভাক্—ব্যাপনশীলবায়ুপ্রেরিতজলবিন্দুবিশিষ্টা বৃষ্টিঃ পপাত, ততশ্চ সখ্যঃ পটকুটঃ বস্ত্রনির্ম্মিতগৃহং দ্বয়স্য শ্রীরাধাকৃষ্ণযুগস্য খট্টাং পালঙ্কাং অনু পরিতঃ চতুর্দ্দিগে পটাবৃতং সদনং গৃহঞ্চ অদধুঃ কিম্বা খট্টামনু পটগৃহমদধুঃ ॥ ৫৮ ॥

হে চিত্ত! বহিরনু পটগৃহস্য বহির্ভাগে সবর্ষং বর্ষণসহিতং ঘনগর্জ্জিতং, গৃহমনু তল্পবরেণ্যং উত্তমশয্যাং, অল্পশীতং তদনুবসিতশস্তবস্ত্রং পরিধানোত্তমবসনং এতন্মিথুনং শ্রীরাধাকৃষ্ণযুগলং গৌরকৃষ্ণং গৌরকৃষ্ণবর্ণং ইত্যর্থঃ অনু ত্বমিতি শেষঃ ॥ ৫৯ ॥

---

পরমশ্রেষ্ঠস্বরূপে আমার চিত্তে আবিষ্ট অর্থাৎ স্মৃতিপথে উদয় হইয়া থাক ॥ ৫৭ ॥

শ্রীকৃষ্ণ উক্ত প্রকারে প্রিয়ার নিকটে বনমাধুর্য্য বর্ণন করিতেছে, ইত্যবসরে সর্ব্বদিক্ ব্যাপিয়া মেঘবর্ষণ হইতে লাগিল। অনন্তর সখীগণ, শ্রীরাধাকৃষ্ণের পালঙ্ক—বস্ত্রাবাসে স্থাপন করিলেন কিম্বা শ্রীরাধাকৃষ্ণের খট্টার চতুর্দ্দিগে বস্ত্রাবৃত গৃহ নির্ম্মাণ করিয়াছিলেন ॥ ৫৮ ॥

হে মনঃ! পটগৃহের বহির্দ্দেশে মেঘগর্জ্জন ও বর্ষণ হইতে লাগিল, গৃহমধ্যে উত্তমশয্যা, ঈষৎ শীত এবং অত্যাশ্চর্য্য বসনধারী গৌর কৃষ্ণবর্ণ শ্রীরাধাগোবিন্দ বিরাজ করিতেছেন তুমি তাহা স্মরণ কর ॥ ৫৯ ॥

Digitized at BRCindia.com

ইতি বহুসুখখেলয়া প্রয়াতে
ঘনসময়ে শরদা জগাম তাঞ্চ।
স্ফুটমবকলয়ন্ পুরাবদাখ্য-
দ্বৃষরবিজাং মুরজিন্নিশি ক্রমেণ ॥ ৬০ ॥
অহরহরুদয়ে শরৎপ্রবেশে
নিজজননীনিহিতং পয়ঃকৃতান্নম্।
সহসুহৃদুপভুজ্য ধেনুসঙ্গা-
দ্বনকলিতং ভবতীং বিবিচ্য বচ্মি ॥ ৬১ ॥

ইতি এবম্প্রকারেণ বহুসুখখেলয়া নানাবিধক্রীড়য়া ঘনসময়ে বর্ষণকালে প্রয়াতে গতে সতি শরৎ তদাখ্যঃ কালঃ আজগাম সমাগতঃ মুরজিৎ শ্রীকৃষ্ণঃ তাঞ্চ শরদং স্ফুটং অবকলয়ন্ দর্শয়ন্ পুরাবৎ পূর্ব্বোক্তবর্ষাদিবর্ণনবৎ নিশি ক্রমেণ বৃষরবিজাং শ্রীরাধাং আখ্যৎ অবদৎ ॥ ৬০ ॥

শরৎপ্রবেশে শরদৃতুসমাগমে অহরহঃ প্রতিদিনং উভয়ে সূর্য্যোদয়ে সতি নিজজননীনিহিতং শ্রীযশোদয়া অর্পিতং পয়ঃকৃতান্নং পায়সং সহসুহৃদুপভুজ্য সুহৃদ্গণসহিতঃ সন্ ভুক্ত্বা ধেনুসঙ্গাৎ যবর্থে পী, বনকলিতং অস্মদাদীনাং বনগমনং বিবিচ্য ভবতীং তাং বচ্মি ॥ ৬১ ॥

এইরূপ নানাবিধ ক্রীড়া কৌতুকে মেঘবর্ষণকাল অতিবাহিত হইলে শরৎকাল উপস্থিত হইল, শ্রীকৃষ্ণ—নিজপ্রিয়াকে তাহা দেখাইয়া নিশিক্রমে পূর্ব্ববৎ ক্রমে ক্রমে তাহা বর্ণন করিতে লাগিলেন ॥ ৬০ ॥

হে প্রিয়ে! শরৎকাল সমাগত হইলে আমি প্রতিদিন সূর্য্যোদয়কালে সুহৃদগণের সহিত মিলিত হইয়া জননী কর্ত্তৃক অর্পিত পায়স ভোজন পূর্ব্বক ধেনু সকল লইয়া বনে গমন করিয়া থাকি, তাহা বিবেচনা করিয়া তোমার নিকট সবিশেষ বর্ণন করিতেছি (শ্রবণ কর) ॥ ৬১ ॥



Digitized at BRCindia.com

বহদমুনবমভ্রমচ্ছভাবং
প্রণিদধতী ক্ষিতিরাত্মনান্বচক্রে।
তদুচিতমুপজীবনীয়ভাবে
ময়ি ভবতী ভবতীদৃগেব শুভ্রু ! ॥ ৬২ ॥

তড়িদনুবলনে গতে পয়োদা-
দ্বত সিতিমানমিতে তথা পয়োদে।
ত্বদপগমদশাং নিজাং পুরাণীং
মুহুরহমস্ত তুলামনুস্মরামি ॥ ৬৩ ॥

---

হে শুভ্রু ! অভ্রং আকাশঃ নবং স্বচ্ছভাবং বহৎ দধৎ, ক্ষিতিঃ আত্মনা তাদৃশং স্বচ্ছভাবং প্রণিদধতী সতী অনুচক্রে। তদুচিতং যুক্তং যতঃ উপজীবনীয়ভাবে ময়ি ভবতী ঈদৃগেব ভবতি ॥ ৬২ ॥

পয়োদাৎ মেঘাৎ তড়িদনুবলনে সংযোগে গতে তথা পয়োদে মেঘে সিতিমানং শ্বেতত্বং ইতে প্রাপ্তে নিজাং পুরাণীং ত্বদপগমদশাং ময়া সহ তব বিয়োগসময়াবস্থাং অস্ত পূর্ব্বোক্তস্ত তুলাং তুলনাং অহং মুহুঃ অনুস্মরামি ॥৬৩॥

---

হে সুন্দরি ! আকাশ অতিনব স্বচ্ছতাকে ধারণ করিয়াছে, পৃথিবীও স্বীয় অবয়ব দ্বারা তাদৃশভাব ধারণ পূর্ব্বক তদীয় অনুকরণ করিতেছে ইহা উপযুক্ত বটে, যেহেতু অবলম্বিস্বরূপ আমাতে তুমিও এইরূপ হইয়া থাক ॥ ৬২ ॥

হে প্রিয়ে ! মেঘ হইতে বিদ্যুৎ অপসৃত হইলে এবং মেঘ শুভ্র ভাব ধারণ করিলে পূর্ব্বতন তোমার স্বীয় অপগম দশা অর্থাৎ আমার নিকট হইতে তুমি চলিয়াগেলে যে অবস্থা হয় সেই অবস্থাতে আমি ইহার সহিত তুল্যতা বিবেচনা করিয়া নিরন্তর তাহা স্মরণ করিতেছি ॥ ৬৩ ॥

Digitized at BRCindia.com

অথ যদা কলয়ামি তীরনীর-
ব্রজমনু খঞ্জনহংসকুঞ্জকান্তিং।
বরতনু! ভবদাগতিং বিতর্ক্য
ভ্রমদশয়া বত বিভ্রমং প্রয়ামি ॥ ৬৪ ॥
অভিলষতি মদীয়কেলিশিক্ষা-
গুরুময়মচ্যুতবল্লভাক্ষিলক্ষ্মীং।
ইতি কিল কমলাবলীং বিধূতা-
মুরু শফরীনিকরশ্চরীকরীতি ॥ ৬৫ ॥

---

অথ অনন্তরং অহং যদা তীরনীরং সরোবরাদিতীরচয়ং তজ্জলসমূহঞ্চ অনু পশ্চাৎ কিম্বা তীরনীরমনু লক্ষীকৃত্য খঞ্জনহংসৈঃ স্বনামপ্রসিদ্ধৈঃ কুঞ্জকান্তিং কুঞ্জশোভাং কলয়ামি পশ্যামি। বরতনু! হে সুন্দরি! তদা ভবদাগতিং তদাগমনং বিতর্ক্য বত ভ্রমদশয়া বিভ্রমং প্রয়ামি ॥ ৬৪ ॥

অয়ং শফরীনিকরঃ—মীনসমূহঃ মদীয়কেলিশিক্ষাগুরুং অচ্যুতবল্লভাক্ষিলক্ষ্মীং কৃষ্ণপ্রিয়াণাং নেত্রশোভাং অভিলষতি ইতি হেতোঃ বিধূতাং কম্পিতাং কমলাবলীং পদ্মশ্রেণীং উরু অতিশয়ং চরীকরীতি পুনঃ পুনঃ অতিশয়েন করোতি ॥ ৬৫ ॥

---

অনন্তর যখন সরোবরাদির তীর ও তজ্জল সমূহ এবং খঞ্জন ও হংস দ্বারা বিভূষিত কুঞ্জশোভা অবলোকন করিয়া থাকি হে সুন্দরি! তখন তোমার আগমন বিতর্ক করিয়া ভ্রমদশায় পড়িয়া বিভ্রমাবস্থা প্রাপ্ত হইয়া থাকি ॥ ৬৪ ॥

এই মীন সকল মদীয় কেলি শিক্ষার গুরুতুল্য প্রিয়াগণের নেত্র শোভা অভিলাষ করিতেছে এই হেতু কমলাবলীকে পুনঃ পুনঃ সঞ্চালিত করিতেছে ॥ ৬৫ ॥

Digitized at BRCindia.com

জলমনু পরমাচ্ছতাং নিরীক্ষ্য
ক্ষণমনু সন্দধদন্তরং যদাস্মি।
প্রতিফলিতমিহ স্বমীক্ষমাণ-
স্তব মনসা তুলনামনুস্মরামি ॥ ৬৬ ॥
নবনবপুলিনং নিরীক্ষ্য তত্তৎ-
পদদলনাং বিনিষিধ্য তত্র চাহং।

জলমনু প্রতি পরমাচ্ছতাং পরমস্বচ্ছতাং নিরীক্ষ্য দৃষ্ট্বা যদা ক্ষণমনুসন্দধৎ অস্মি, তদা ইহ স্বচ্ছজলে প্রতিফলিতং প্রতিবিম্বিতং স্বং আত্মানং ঈক্ষমাণঃ পশ্যন্ মনসা তব তুলনাং অনুস্মরামি। ভাবশ্চায়ং ত্বদীয়মনঃ এব শরজ্জলনিভস্বচ্ছং তত্রাহং সদা সাক্ষাৎ প্রতিবিম্বিতোঽস্মি ॥ ৬৬ ॥

নবনবপুলিনং যমুনাতটস্থিতনবপুলিনং নিরীক্ষ্য তত্তৎপদদলনাং পদচিহ্নং বিনিষিধ্য তত্রচ অহং মনসি অন্যহেতুং বিনিদধে, বচসি তদন্যহেতুং বিনিদধে ইদং ত্বমেব বেৎসি। ভাবশ্চায়ং পুলিনং দৃষ্ট্বা সখায়ঃ আহুঃ—ভোঃ সখে কৃষ্ণ! কিমত্র ত্বয়া রজন্যাং রাসলীলা কৃতা যতঃ অনেকবধূগণপদচিহ্নসহিত-

হে প্রিয়ে! আমি যখন জল সমূহের পরম স্বচ্ছতা অবলোকন করিয়া ক্ষণকালঅন্তর্মনা হইয়া অনুসন্ধানে তৎপর হই তখন এই স্বচ্ছজলে স্বীয় প্রতিবিম্ব দেখিয়া ত্বদীয় মনের সহিত তুলনা অনুস্মরণ করি অর্থাৎ তোমার মন যেমন শরৎকালীন জলের মত স্বচ্ছ এবং তাহাতে আমি সদাই প্রতিবিম্বিত হইয়া থাকি ইহাও তদ্রূপ বলিয়া তোমার মনের সহিত তুলনা করিয়া থাকি ॥ ৬৬ ॥

সখাগণ যমুনা পুলিনে পদচিহ্ন অর্থাৎ রাসকালে সখীসকলের পদচিহ্নের মধ্যে আমার পদচিহ্ন দেখিয়া আমাকে তাহারা জিজ্ঞাসা করিল সখে! তুমি কি রজনীতে সখীসহ রাস করিয়াছিলে? যেহেতু তাহাদের পদচিহ্নের মধ্যে তোমারও

Digitized at BRCindia.com

মনসি বিনিদধে স্ম হেতুমন্যং
বচসি তদন্যমিদং ত্বমেব বেৎসি ॥ ৬৭ ॥
পথি পথি কুসুমং বিচিত্য শশ্বৎ
কুসুমময়ং ধনুরাদিকং বিধায়।
পুলিনকুলমদঃ প্রপদ্য তস্মিন্
কুসুমশরায় বয়ং বলিং দদাম ॥ ৬৮ ॥
কুমুদমুকুলমল্পমল্পনালং
শরতুলিতং বিরচয্য শিল্পশালি।

---

ত্বদীয়চরণচিহ্নানি পশ্যামঃ তদা শ্রীকৃষ্ণঃ মনসি জানন্নপি ছলেন যথার্থবাক্যং সঙ্গোপয়ন্ সখীন্ নিষেধতি ভো সখায়ঃ! কেনাপি ভবিতব্যমিতি। তদেবোক্তং হে প্রিয়ে! ত্বমেব বেৎসি ॥ ৬৭ ॥

পথি পথি কুসুমং বিচিত্য পুষ্পচয়নং কৃত্বা শশ্বৎ নিরন্তরং কুসুমময়ং ধনুরাদিকং বিধায় কৃত্বা অদঃ পুলিনকুলং প্রপদ্য প্রাপ্য তস্মিন্ পুলিনসমূহে কুসুমশরায় কন্দর্পায় বয়ং বলিং উপহারং দদাম ॥ ৬৮ ॥

অল্পনালং অল্পং কুমুদমুকুলং শরতুলিতং শিল্পশালি বহুশিল্পযুক্তং ধনুরপি

---

পদচিহ্ন দেখিতেছি। তদুত্তরে আমি ছলক্রমে তাহাদিগকে নিষেধ করিলাম অর্থাৎ মনে যথার্থ জানিলেও বাক্য দ্বারা তাহা অন্য কোন হেতু নির্দ্দেশ করিয়া থাকি। প্রিয়ে! তুমি তৎসমুদয় অবগত আছ ॥ ৬৭ ॥

পথে পথে নিরন্তর কুসুম চয়ন করিয়া কুসুমময় ধনুকাদি নির্ম্মাণ করিয়া এই পুলিন সমূহ প্রাপ্ত হইয়া তথায় কন্দর্পকে আমরা পূজা করিয়া থাকি ॥ ৬৮ ॥

অল্প অল্প নাল বিশিষ্ট কুমুদ মুকুলে শর তুলিত ও নানাবিধ শিল্প চাতুর্য্যে

Digitized at BRCindia.com

ধনুরপি নবকেতকস্য পর্ণান্
ত্রিচতুরযোগদৃঢ়ান্ দৃঢ়ং সৃজামঃ ॥ ৬৯ ॥
ইতি হরিরচলৎ প্রিয়াসহায়ঃ
কুসুমচিতিং বিদধদ্বিচিত্রকেলিঃ।
পৃথুতনুবিষমচ্ছদাংস্তনীয়-
স্তনুলতিকাভিরিতস্মিতান্ জহাস ॥ ৭০ ॥
অথ পুলিনমসাবপশ্যদিন্দোঃ
প্রতিতনুবৎ পুলিনস্য তদ্বদিন্দুং।

বিরচয্য বিধায় নবকেতকস্য পর্ণান্ পত্রাণি ত্রিচতুরযোগদৃঢ়ান্ ত্রিচতুরযোগেন দৃঢ়ান্ দৃঢ়ং যথা স্যাত্তথা সৃজামঃ ॥ ৬৯ ॥

ইতি ইত্যুক্ত্বা প্রিয়াসহায়ঃ শ্রীরাধাদিভিঃ সহিতঃ বিচিত্রকেলিঃ অদ্ভুত-লীলাকারী হরিঃ সর্ব্বমনোহরঃ শ্রীকৃষ্ণঃ কুসুমচিতিং পুষ্পচয়নং বিদধৎ সন্ বিচিত্রকেলি নির্ব্বিসর্গপাঠে বিদধৎ ইতি ক্রিয়ায়াঃ বিশেষণং, তনীয়স্তনু-লতিকাভিঃ ক্ষীণতরাকারলতাভিঃ সহ পৃথুতনুবিষমচ্ছদান্ স্থূলাকারসপ্তচ্ছদ-বৃক্ষান্ ইতস্মিতান্ প্রাপ্তহাস্যান্ জহাস উপহসিতবান্ ॥ ৭০ ॥

অথ অসৌ কৃষ্ণঃ পুলিনং অপশ্যৎ কথম্ভূতং ইন্দোঃ চন্দ্রস্য প্রতিতনুবৎ প্রতিশরীরবৎ পুলিনস্য ইন্দুং চন্দ্রং তদ্বৎ চন্দ্রস্য প্রতিতনুবৎ পুলিনং পুলিনস্য

ধনু নির্ম্মাণ পূর্ব্বক নবকেতকের পত্র, তিনটি বা চারিটি একত্রিত করতঃ দৃঢ়তর করিয়া সৃজন করি। ৬৯ ॥

এই বলিয়া সেই বিচিত্র লীলাশালি শ্রীকৃষ্ণ নিজ প্রিয়াগণ সমন্বিত হইয়া গমন করিতে লাগিলেন। এবং পথি মধ্যে কুসুম চয়ন করিতে করিতে ক্ষীণাঙ্গ লতা সকলের সহিত স্থূলাকার সপ্তপর্ণী বৃক্ষ সকলকে যেন হাস্য করিতে দেখিয়া হাস্য বা উপহাস করিতে লাগিলেন ॥ ৭০ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ যমুনার পুলিন দর্শন করিতে লাগিলেন যেন সেই পুলিন

Digitized at BRCindia.com

কুতুকরসবশাদ্বিশংশ্চ তস্মিন্
স্বমমৃতসিক্তনিভং বিদন্ননন্দ ॥ ৭১ ॥
অবদদথ সখীততি র্মুকুন্দং
কুসুমশরঃ ক নু যং প্রপূজয়ামঃ।
হরিরবদদহং স এব সাক্ষা-
দিতি মম পূজনমেব তস্য বিদ্ধি ॥ ৭২ ॥

---

প্রতিতনুবৎ চন্দ্রং অপশ্যদিত্যর্থঃ। কুতুকরসবশাৎ তস্মিন্ পুলিনে বিশন্ প্রবিশন্ স্বং আত্মানং অমৃতসিক্তনিভং সুধাসিক্তসদৃশং বিদন্ জানন্ ননন্দ ॥ ৭১ ॥

অথ সখীততিঃ সখীসমূহঃ মুকুন্দং—মু মুক্তিসুখং কু কুৎসিতং যস্মাৎ তৎ মুকুং প্রেমাণং তং দদাতীতি মুকুন্দং প্রেমদাতারং প্রিয়তমং শ্রীকৃষ্ণং অবদৎ, কিং তদাহ—নু ভোঃ প্রিয়! স্বনির্ম্মিতঃ স কুসুমশরঃ ক কুত্র? যং কুসুমশরং প্রপূজয়াম বয়মিতিশেষঃ। তচ্ছ্রুত্বা হরিঃ সর্ব্বমনোহরঃ শ্রীকৃষ্ণঃ অবদৎ—স এব কুসুমশর এব সাক্ষাৎ অহং ইতি হেতোঃ মম পূজনমেব তস্য কুসুমশরস্য পূজনং বিদ্ধি জানীহি ॥ ৭২ ॥

---

চন্দ্রের প্রতিবিম্বতুল্য প্রতিভাত হইতেছে অথবা চন্দ্রই পুলিন সদৃশ গোচর হইতে লাগিল। যাইহউক তিনি কুতুহলাক্রান্ত হইয়া সেই পুলিনে উপবেশন পূর্ব্বক আপনাকে সুধাসিক্ত তুল্য বিবেচনা করিয়া পরম আনন্দানুভব করিতে লাগিলেন। ৭১ ॥

তৎপর সখীগণ—প্রিয়তম শ্রীকৃষ্ণকে কহিলেন প্রিয়তম! যাহাকে আমরা পূজা করিব মনে করিয়াছি তোমার স্বনির্ম্মিত সেই কুসুমশর কোথায় রহিয়াছে? প্রিয়াগণের বাক্য শুনিয়া, শ্রীকৃষ্ণ বলিলেন সেই আমি সাক্ষাৎ বর্ত্তমান রহিয়াছি অতএব আমার পূজাতেই তাহার পূজা হইবে জানিও ॥ ৭২ ॥

Digitized at BRCindia.com

যদি কুসুমশরস্য শক্তিরস্মি-
ন্নয়ি মনুষে নতরাং তদালিবর্গ !।
মম কুসুমশরান্ সহস্ব সাক্ষা-
দিতি কলয়ন্ নতু কম্পতে স্ম বর্গঃ ॥ ৭৩ ॥
অথ বৃষরবিজাবদন্মুরারে !।
শ্রুতমিহ ভৌমযুধি ত্বমেক এব।
পরবলবহুকোটি শস্ত্রমস্যন্
জয়মভজস্তদিদং নিচায়য়স্ব ॥ ৭৪ ॥

হে আলিবর্গ! সখীগণ! যদি কুসুমশরস্য শক্তিং অস্মিন্ ময়ি নতরাং অতিশয়েন মনুষে তদা মম কুসুমশরান্ সাক্ষাৎ প্রত্যক্ষং যথা স্যাত্তথা সহস্ব ইতি কলয়ন্ পশ্যন্ শৃণ্বন্ বা স বর্গঃ সখীগণঃ কম্পতে স্ম চকম্পে ॥ ৭৩ ॥

অথ বৃষরবিজা—শ্রীবৃষভানুনন্দিনী অবদৎ হে মুরারে! ইহ শ্রুতমস্মাভিঃ ভৌমযুধি ভৌমাসুরযুদ্ধে এক এব ত্বং পরবলবহুকোটিশস্ত্রং বহুকোটিবিপক্ষ-সৈন্যান্ প্রতি শস্ত্রং অস্যন্ ক্ষিপন্ জয়ং অভজঃ তদিদং নিচায়য়স্ব দর্শয় ইত্যর্থঃ ॥ ৭৪ ॥

হে প্রিয়সখীগণ ! যদি মদীয় কুসুম শরের শক্তি আমাতে একান্তই না মান, তাহা হইলে আমার কুসুম শর সকল প্রত্যক্ষরূপে থাকিয়া সহ্য কর, শ্রীকৃষ্ণের এই বাক্য শ্রবণ করিয়া সখীগণ কম্পিত হইতে লাগিলেন ॥ ৭৩ ॥

অনন্তর বৃষভানুনন্দিনী বলিলেন হে মুরারে! আমরা শুনিয়াছি এই যে ভৌমাসুর যুদ্ধে তুমি একাকীই বিপক্ষীয় অসংখ্য সৈন্যের প্রতি অস্ত্র নিক্ষেপ করিয়া জয় লাভ করিয়াছিলে তাহা আমাদিগকে দেখাও ॥ ৭৪ ॥

Digitized at BRCindia.com

উপপরিসরমস্য তর্হি সর্ব্বাঃ
কুসুমশরানকিরন্নমূরসংখ্যান্।
অভিনদয়মমূন্ শরানমূষাং
কুসুমশরৈরুরুচকঞ্চুকান্যবিধ্যৎ ॥ ১৫ ॥
হরিমথ জিতকাশিনং বভাষে
হরিরমণীবিততিঃ স্মিতং দধানা।
বয়মিহ যুবতীজনাস্তদস্মৎ-
পরিচিতমেব বিহারমাদিশস্ব ॥ ১৬ ॥

---

তর্হি তদা অমূঃ সর্ব্বাঃ প্রিয়াঃ অস্য শ্রীকৃষ্ণস্য উপপরিসরং সমীপপ্রদেশং অসংখ্যান্ কুসুমশরান্ অকিরন্ নিক্ষেপং অকুর্ব্বন্। অয়ং শ্রীকৃষ্ণঃ কুসুমশরৈঃ অমূষাং কান্তানাং অমূন্ শরান্ অভিনৎ, উচকঞ্চুকানি উর্দ্ধভাগস্থকঞ্চুকানি অবিধ্যৎ ॥ ১৫ ॥

অথ হরিরমণীবিততিঃ কৃষ্ণকান্তাগণঃ স্মিতং হাস্যং দধানা জিতকাশিনং জয়শীলং হরিং বভাষে উবাচ, কিং তদাহ,—ইহ বয়ং যুবতীজনাঃ তৎ তস্মাৎ অস্মৎপরিচিতঃ অস্মৎপরিজ্ঞাতঃ বিহারং আদিশস্ব ॥ ১৬ ॥

---

তখন শ্রীরাধাদি প্রিয়াগণ—শ্রীকৃষ্ণের চতুর্দ্দিকে অসংখ্য কুসুমশর ক্ষেপণ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণও স্বীয় কুসুমশর দ্বারা কান্তাদিগের কুসুমশর ছেদন করিতে লাগিলেন এবং উন্নত কঞ্চুক সকল ভেদ করিতে লাগিলেন ॥ ১৫ ॥

অনন্তর কৃষ্ণ-কান্তাগণ ঈষৎ হাস্য করিয়া জয়শীল শ্রীহরিকে বলিলেন হে প্রিয়! আমরা যুবতীজন অতএব আমাদিগের পরিচিত যে বিহার আছে তাহাই আমাদের প্রতি আদেশ কর ॥ ১৬ ॥



Digitized at BRCindia.com

হরিরথ বিহসন্ জগাদ যূয়ং
ভরতমতং প্রতি রাজথাতিবিজ্ঞাঃ ।
তদনুসরত গীতবাদ্যনৃত্যং
মম ভবতীভিরুদেতু তারতম্যম্ ॥ ৭৭ ॥
দ্রব ইব হরিগানতঃ শিলাদ্যং
হরিরমণীজনসীমকং বভূব ।
হরিরজনি কথঞ্চনাপি ধীরঃ
স চ ন তথাজনি গানতস্তু তাসাং ॥ ৭৮ ॥

---

অথ হরিঃ বিহসন্ সন্ জগাদ উবাচ । কিম্বদাহ,--যূয়ং ভরতমতং ভরতমতম্ভ নাটকাভিনয়নৃত্যগীতবাদ্যাদি প্রতি অতিবিজ্ঞাঃ অতিপারদর্শিন্যঃ সত্যঃ রাজথ শোভথ, তৎ তস্মাৎ গীতবাদ্যনৃত্যং অনুসরত কুরুত, ভবতীভিঃ সহ মম তারতম্যং ন্যূনাধিক্যং ইতরবিশেষমিতিযাবৎ উদেতু ॥ ৭৭ ॥

হরিগানতঃ কৃষ্ণকর্তৃকসঙ্গীতেন শিলাদ্যং হরিরমণীজনসীমকং কৃষ্ণকান্তা-পর্য্যন্তং দ্রব ইব বভূব। হরিঃ কথঞ্চনাপি ধীরঃ অজনি জাতঃ, তু কিন্তু তাসাং গানতঃ গানেন স চ শ্রীকৃষ্ণঃ তথা ধীরঃ ন অজনি অধীর এব জাতঃ ইতি ভাবঃ ॥ ৭৮ ॥

---

তাহা শুনিয়া শ্রীকৃষ্ণ হাস্য করিতে করিতে কহিতে লাগিলেন হে প্রিয়াগণ! তোমরা ভরতমত অর্থাৎ নাটকাদি অভিনয়ে অতিশয় নিপুণ অতএব নৃত্য গীত ও বাদ্যের অনুসরণ কর, তোমাদিগের সহিত মদীয় নৃত্যগীতাদি তারতম্য উদয় হউক ॥ ৭৭ ॥

শ্রীকৃষ্ণ-সঙ্গীতে শিলা প্রভৃতি শ্রীকৃষ্ণকান্তাগণ পর্য্যন্ত দ্রবতুল্য হইয়া পড়িলেন এবং স্বয়ং কৃষ্ণ কোন প্রকারে গাম্ভীর্য্য অবলম্বন করিয়া রহিলেন পরন্তু কান্তাদিগের সঙ্গীতে তিনি আর ধৈর্য্য ধারণ করিতে না পারিয়া অধীর হইয়া পড়িলেন ॥ ৭৮ ॥

Digitized at BRCindia.com

অথ মিলিততয়া চকার লাস্যং
নিজবনিতাভিরয়ং ন চাপ সাম্যং।
তমভিদধুরমূর্বয়ং ন সান্দী-
পনিমভজাম গুরুং কথং নু বিদ্মঃ ॥ ৭৯ ॥
হরিরকুরুত তণ্ডুনা প্রণীতং
নটনমনেন জহার চিত্তমাসাং।
ইহ জগদুরমূর্বয়ং ন পদ্মা-
তুলিততমা যদিহাপি শিক্ষিতাঃ স্মঃ ॥ ৮০ ॥

---

অথ অয়ং শ্রীকৃষ্ণঃ নিজবনিতাভিঃ প্রিয়াভিঃ সহ মিলিততয়া সঙ্গততয়া লাস্যং নৃত্যং চকার পরন্তু সাম্যং ন আপ প্রাপ্তবান্। অমূঃ প্রিয়াঃ তং কৃষ্ণং অভিদধুঃ উচুঃ, বয়ং সান্দীপনিং গুরুং ন অভজাম নৃত্যকলাদিশিক্ষার্থং গুরুত্বেন ন আশ্রয়াম। অতঃ নু ভোঃ! কথং নৃত্যং বিদ্মঃ। ত্বন্তু গুরুত্বেন তমাশ্রিতবান্ অতঃ নৃত্যপটুঃ ইতি শ্লেষঃ ॥ ৭৯ ॥

হরিঃ তণ্ডুনা স্বনামপ্রসিদ্ধশিবানুচরেণ প্রণীতং নটনং নৃত্যং অকুরুত, অনেন নটনেন আসাং প্রিয়তমানাং চিত্তং জহার হৃতবান্. ইহ নৃত্যবিষয়ে অমূঃ জগদুঃ বয়ং পদ্মাতুলিতা লক্ষ্মাঃ উপমিতাঃ নহি ভবামঃ, যৎ ইহাপি নটনে শিক্ষিতাঃ স্মঃ ভবামঃ ॥ ৮০ ॥

---

অনন্তর শ্রীকৃষ্ণ, নিজকান্তাদিগের সহিত মিলিত হইয়া নৃত্য করিতে লাগিলেন পরন্তু তাঁহাদিগের সহিত সাম্য প্রাপ্ত হইলেন না, তখন প্রিয়াগণ প্রিয়তমকে কহিলেন হে কান্ত! আমরা নৃত্যাদি শিখিবার জন্য সান্দী-পনিকে গুরুরূপে আশ্রয় করি নাই অতএব কিরূপে তাহা জানিব ॥ ৭৯ ॥

তখন শ্রীকৃষ্ণ শিবানুচর তণ্ডু কর্ত্তৃক প্রণীত নৃত্য করিতে লাগিলেন, এই নৃত্যে কান্তাগণের চিত্ত হরণ করিতে লাগিলেন এবং কান্তাগণ কান্তকে বলিলেন হে প্রিয়তম! আমরা লক্ষ্মীসদৃশী গুণবতী নহি যে এই নৃত্যেও সুশিক্ষিতা হইব ॥ ৮০ ॥

ব্যতিমিলিততয়াথ রাসনৃত্যং
ব্যধিষত তা দয়িতেন তেন সার্দ্ধং ।
বিলষিতবরমাধুরীভিরেষাং
সুরবনিতা মুমুহু র্মুহু র্মুহুশ্চ ॥ ৮১ ॥
অথ হরিরকরোদিহাপি চিত্রং
জবমহসা স তথানশে সমস্তম্ ।
যদখিলমহিলাঃ স্বপার্শ্বলগ্নং
তমনুলবং বত ! মেনিরে নিরীক্ষ্য ॥ ৮২ ॥

---

অথ তাঃ প্রিয়াঃ ব্যতিমিলিততয়া পরস্পরএকত্রীভূততয়া তেন দয়িতেন প্রিয়তমেন সার্দ্ধং সহ রাসনৃত্যং ব্যধিষত অকার্যুঃ এষাং নৃত্যানাং বিলষিত-বরমাধুরীভিঃ সুরবনিতাঃ দেব্যঃ মুহুর্মুহুঃ মুমুহুঃ ॥ ৮১ ॥

অথ স হরিঃ ইহাপি চিত্রং আশ্চর্য্যং অকরোৎ, তথা জবমহসা অতিশয়-কান্ত্যা সমস্তং প্রিয়াবর্গং আনশে ব্যাপ্তবান্ যৎ যস্মাৎ অখিলমহিলাঃ তং কান্তং অনুলবং অনুক্ষণং নিরীক্ষ্য দৃষ্ট্বা স্বপার্শ্বলগ্নং স্বপার্শ্বগতং মেনিরে ॥৮২॥

---

অনন্তর কৃষ্ণপ্রিয়াগণ পরস্পর মিলিত হইয়া প্রাণবল্লভের সহিত রাসে নৃত্য করিতে লাগিলেন, সেই নৃত্য বিলাস মাধুরী অবলোকন করিয়া দেবাঙ্গনা সকল পুনঃ পুনঃ মুগ্ধ হইতে লাগিলেন ॥ ৮১ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ এস্থলে এক আশ্চর্য্য কার্য্য করিলেন এই যে, স্বীয় কান্তি দ্বারা প্রিয়াগণকে আচ্ছন্ন করিলেন, যে হেতু সমস্ত :কান্তাগণ—প্রাণ-বল্লভকে দেখিয়া আপন আপন পার্শ্বগত বলিয়া :বিবেচনা করিতে লাগি-লেন ॥ ৮২ ॥

Digitized at BRCindia.com

বিলসিতমিদমিত্থমাচরন্তঃ
শ্রমমুপলভ্য চিরাদমী নিবিষ্টাঃ।
ব্যজনসলিলপানকাঙ্গরাগ-
ক্রমুকপুটাদিভিরাশ্রিতাভিরিষ্টাঃ ॥ ৮৩ ॥
অথ ভৃশমুপলভ্য শান্তিমেতা
হরিহরিণীনয়না নিশাবসানে।
বনমনু বিহৃতিং মুদা দধানাঃ
স্বমুপবনীমণিমন্দিরং সসজ্জুঃ ॥ ৮৪ ॥

---

ইত্থমনেন প্রকারেণ ইদং বিলসিতং বিলাসং আচরন্তঃ শ্রমং ক্লান্তিং উপলভ্য প্রাপ্য অনুভূয় ইতি যাবৎ চিরাৎ বহুকালং ব্যাপ্য অমী কৃষ্ণাদয়ঃ নিবিষ্টাঃ কুঞ্জং প্রতীতিশেষঃ তদা আশ্রিতাভিঃ শরণগতাভিঃ দাসীভিঃ ব্যজনসলিলপানকাঙ্গরাগক্রমুকপুটাদিভিঃ ব্যজনং সলিলং জলং পানকং জলসিক্তং সিতাদিপেয়ং অঙ্গরাগঃ মৃগমদচন্দনাদিলেপনরূপং ক্রমুকপুটং তাম্বূলং ইত্যাদিভিঃ ইষ্টাঃ অর্চ্চিতাঃ ॥৮৩॥

অথ অনন্তরং এতাঃ হরিহরিণীনয়নাঃ কৃষ্ণেন সহ মৃগীনেত্রাঃ ব্রজসুন্দর্য্যঃ ভৃশং অতিশয়ং শান্তিং উপলভ্য প্রাপ্য নিশাবসানে বনমনু বনমধ্যে মুদা হর্ষেণ বিহৃতিং বিহারং দধানাঃ স্বং উপবনীমণিমন্দিরং সসজ্জুঃ জগ্মুঃ "সসর্জ্জুঃ" ইতিঃ পাঠঃ চিন্তনীয়ঃ ॥ ৮৪ ॥

---

এই প্রকারে বিলাস করায় ক্লান্তি বশতঃ বহুক্ষণ ব্যাপিয়া কুঞ্জভবনে নিবিষ্ট হইয়া বিশ্রাম করিতে লাগিলেন তখন আশ্রিত দাসীগণ ব্যজন, সুশীতল জল, পানক (সরবৎ), অঙ্গরাগ ও তাম্বুল প্রভৃতি সময়োচিত নানাবিধ উপচার দ্বারা তাহাদিগকে পরিতোষ করিতে লাগিলেন ॥ ৮৩ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ ও মৃগীনয়না কৃষ্ণকান্তাগণ, দাসীবৃন্দের পরিচর্য্যায় পরম

Digitized at BRCindia.com

অথ মুররিপুরাধিকাখ্যযুগ্মং
মৃদু শয়নং প্রতিলভ্য বল্গু শর্ম্ম।
অতনুত শয়নং তথা যথা ত-
ত্তনুমপি ভেদমধাত্তনুদ্বয়ং ন ॥ ৮৫ ॥
অথ গিরিবরপর্ব্বণি স্বস্‌ৄণাং
গৃহগতপর্ব্বণি কার্ত্তিকে চ মাসি।
বহুবিধমহসা সশর্ম্মপূর্ণে
তদনুমুখং মুখরং সুখং করোতি ॥ ৮৬ ॥

---

অথ অনন্তরং মুররিপুরাধিকাখ্যযুগ্মং শ্রীরাধাকৃষ্ণাখ্যযুগলং বল্গু মনোহরং শর্ম্মং সুখং মৃদুশয়নং কোমলশয্যাং প্রতিলভ্য প্রাপ্য যথা তৎ তনুদ্বয়ং শ্রীরাধাদামোদরবিগ্রহযুগং তনুমপি অল্পমপি ভেদং বিচ্ছেদং ন অধাৎ তথা তেন প্রকারেণ শয়নং অতনুত "তনুঞ্চদবিস্তৃতৌ" সর্ব্বাঙ্গাশ্লেষপূর্ব্বকশয়নং কৃতবানিতি ভাবঃ ॥ ৮৫ ॥

অথ অনন্তরং কার্ত্তিকে মাসি গিরিবরপর্ব্বণি শ্রীগোবর্দ্ধনোৎসবে স্বসৄণাং ভগ্নীনাং গৃহগতপর্ব্বণি বহুবিধমহসা অনেকোৎসবেন সশর্ম্মপূর্ণে সুখসম্পন্নে সতি তদনুমুখং তাসামনুসুখং মুখরং সুখং করোতি ॥ ৮৬ ॥

---

শান্তি লাভ করিয়া নিশাবসানে বনমধ্যে পরমানন্দে বিহার করিয়া স্বীয় উপবনস্থ মণিময় মন্দিরে গমন করিলেন ॥ ৮৪ ॥

তৎপর শ্রীরাধামাধব তথায় সুখপ্রদ মনোহর মৃদু শয্যা প্রাপ্ত হইয়া এমন ভাবে শয়ন করিলেন যে উভয়ের বিগ্রহ কিঞ্চিন্মাত্রও বিচ্ছেদ রহিল না অর্থাৎ সর্ব্বাঙ্গে আলিঙ্গন পূর্ব্বক শয়ন করিলেন ॥ ৮৫ ॥

তাহার পর কার্ত্তিক মাসে শ্রীগোবর্দ্ধনোৎসবে ভগিনীদিগের গৃহগত পর্ব্বে এবং বহুবিধ মহোৎসবে সমাগত সে সকল পরমানন্দে অন্যান্য সকলকে সুখী করিতে লাগিলেন ॥ ৮৬ ॥

Digitized at BRCindia.com

অথ শরদনুজা যদা ঋতুশ্রী-
র্মৃদু মৃদু শীতময়ী সমাজগাম।
অশনবসনকাননাদ্রিখেলা-
শয়নসুখাদি হরিঃ প্রিয়ামুবাচ ॥ ৮৭ ॥
সুরভিনবকশালিতণ্ডুলীভিঃ
পুরুসিতবক্কয়নীপয়স্কৃতান্নং।
সপরিমলহবিঃপ্লুতং সমন্তাদ্
বিকলিতবল্কলবীজনাগরঙ্গম্ ॥ ৮৮ ॥

---

অথ যদা ঋতুশ্রীঃ ঋতুশোভা মৃদুমৃদুশীতময়ী শরদনুজা হেমন্তঃ সমাজগাম তদা হরিঃ অশনবসনকাননাদ্রিখেলাশয়নসুখাদি ভোজনবসনবনপর্ব্বত-খেলাশয়নসুখাদি প্রিয়াং শ্রীরাধাং উবাচ ॥ ৮৭ ॥

হে বরোরু! সুরভিনবকশালিতণ্ডুলীভিঃ সুগন্ধনূতনশালিতণ্ডুলৈঃ পুরুসিতবক্কয়নীপয়স্কৃতান্নং অতিশয়কৃষ্ণবর্ণনবপ্রসূতগাভিপয়সা কৃতান্নং কিম্ভূতং সপরিমলহবিঃপ্লুতং সপরিমলঘৃতব্যাপ্তং সমন্তাৎ বিকলিতবল্কলবীজনাগ-রঙ্গং বল্কলবীজবিরহিতনাগরঙ্গফলং বহুঘৃতপারপক্কপিষ্টভেদং প্রচুরঘৃতৈঃ

---

অনন্তর ঋতুশোভা ও মৃদু মৃদু শীতময়ী শরদনুজা (হেমন্ত) সমাগত হইল, তখন শ্রীকৃষ্ণ তৎকালীন ভোজন, বসন পরিধান এবং কাননে ও পর্ব্বতে খেলা ও শয়নসুখাদি নানা ব্যবহার স্বপ্রিয়তমা শ্রীরাধাকে বলিতে লাগিলেন ॥ ৮৭ ॥

হে সুন্দরি! সুগন্ধি নূতন শালিতণ্ডুল অতিকৃষ্ণবর্ণ নব প্রসূত গাভির দুগ্ধে সিদ্ধান্ন, তাহাতে সপরিমল ঘৃত মিশ্রিত করিয়া প্রতিদিন প্রত্যূষে জননী আমাকে প্রদান করিয়া থাকেন, কেবল যে ইহাই দেন তাহা নয়,

Digitized at BRCindia.com

বহুঘৃতপরিপক্বপিষ্টভেদং
প্রবিততমণ্ডকরোটিকাভিরিষ্টম্।
পরিকৃতদলিতার্দ্রকং স্বমাত্রা-
র্পিতমুষসি স্বদতে বরোরু! মহ্যং ॥ ৮৯ ॥
যুগ্মকং ॥

তদনু চ জননী দদাতি বেষং
মৃগমদকুঙ্কুমচূর্ণপূর্ণবস্ত্রম্।
তমহমহরহঃ সজন্ সরামঃ
সহ সখিবীথিরতীব শর্ম্ম যামি ॥ ৯০ ॥

---

পরিপক্বনানাবিধপিষ্টকং প্রবিততমণ্ডকরোটিকাভিঃ অনেকপ্রকারপিষ্টক-বিশেষৈঃ রোটিকাভিশ্চ ইষ্টং পিষিতার্দ্রকং এতৎসর্ব্বং স্বমাত্রা শ্রীযশোদয়া উষসি প্রভাতে অর্পিতং স্বদতে মাতা মাং আস্বাদয়তি ইত্যর্থঃ স্বদতে মহ্যং ইতি পরশ্লোকেন বা অন্বয়ঃ সুধীভিবিবেচ্যঃ ॥ ৮৮—৮৯ ॥

তদনু তৎপশ্চাৎ জননী শ্রীযশোদা মৃগমদকুঙ্কুমচূর্ণপূর্ণবস্ত্রং মৃগনাভি-কুঙ্কুমচূর্ণাভ্যাং পূর্ণং পরিপূর্ণং সংমিশ্রমিতিযাবৎ একাদৃশং বেষং দদাতি, সরামঃ বলরামেণ সহিতঃ অহং অহরহঃ প্রতিদিনং তং বেষং সজন্ ধারয়ন্ সহসখি-বীথিঃ বয়স্যগণসমন্বিতঃ সন্ অতীব শর্ম্ম সুখং যামি প্রাপ্নোমীত্যর্থঃ ॥ ৯০ ॥

---

বল্কল ও বীজ রহিত নাগরঙ্গ ফল, প্রচুর ঘৃতে পক্ব পিষ্টক, নানাবিধ মণ্ডল (পিষ্টকভেদ) রোটিকা, মুখরোচক পেষিত আর্দ্রক প্রভৃতি নানাপ্রকার খাদ্য দ্রব্য প্রদান করিলে আমি তাহা ভক্ষণ করিয়া থাকি ॥ ৮৮—৮৯ ॥

অনন্তর জননী মৃগমদ ও কুঙ্কুম চূর্ণে সুবাসিত বসন বিশিষ্ট বেষ প্রদান করিয়া থাকেন আমি প্রতিদিন সেই বেষে সুসজ্জিত হইয়া বলরাম ও অন্যান্য বয়স্য বর্গের সহিত একত্রিত হইয়া অত্যন্ত সুখ পাইয়া থাকি ॥ ৯০ ॥

Digitized at BRCindia.com

যদপি বিবিধতেমনাদি মধ্য-
ন্দিনমুপলব্ধমিহাস্তি পঙ্কজাক্ষি !।
তদপি ভবতি সার্দ্রকং ঘৃতান্তঃ-
কৃতপচশর্ষপশাকমাদরায় ॥ ৯১ ॥
অহরহরনু ধেনুকঞ্চুকাদি-
চ্ছবিসবিতৃচ্ছবিমিত্রতাচ্ছভাসঃ।
সখিভিরখিলকেলিশালিহারী-
তকরুতকর্ম্মণি নর্ম্মশর্ম্ম যামঃ ॥ ৯২ ॥

---

হে পঙ্কজাক্ষি! যদপি মধ্যন্দিনং দিবসস্য মধ্যভাগে মাত্রা প্রেরিতং বিবিধতেমনাদি নানাপ্রকারব্যঞ্জনাদি ইহ গোষ্ঠে উপলব্ধং অস্তি ভবতি, তদপি সার্দ্রকং আর্দ্রকসহিতং ঘৃতান্তঃকৃতপচশর্ষপশাকং ঘৃতপক্কশর্ষপশাকং আদরায় প্রীতয়ে ভবতি ॥ ৯১ ॥

অহরহঃ প্রতিদিনং ধেনুকঞ্চুকাদিচ্ছবিসবিতৃচ্ছবিমিত্রতাচ্ছভাসঃ—ধেনু-পশ্চাদ্গমনতচ্চারণজাম্বুনদ্বিতকঞ্চুকধারণকটিবন্ধনোষ্ণীষাদিগ্রহণমণিমুক্তাদ্যলঙ্কৃত-বিচিত্রবসনাদীনাং কান্তিভিঃ সূর্য্যকান্তিভিঃ সহ মিত্রতয়া উজ্জ্বলভাসঃ সখিভিঃ সহ অখিলকেলিশালিহারীতকরুতকর্ম্মণি বহুবিধক্রীড়াশালিশুকাদি পক্ষিণাং রবানুকরণকর্ম্মণি পরিহাসসুখং যামঃ ॥ ৯২ ॥

---

হে কমলনয়নে! যদিচ জননী মধ্যাহ্নকালে নানাবিধ ব্যঞ্জনাদি আমাদের ভোজনার্থ এই গোষ্ঠে পাঠাইয়া থাকেন তথাপি তন্মধ্যে আর্দ্রক মিশ্রিত ঘৃতপক্ক শর্ষপ শাক আমার পরম প্রীতির নিমিত্ত হইয়া থাকে ॥ ৯১ ॥

প্রতিদিন ধেনুচারণ ও তাহাদের পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়া থাকি। বিচিত্র কঞ্চুকাদি বিবিধ অলঙ্কারের দ্বারা সূর্য্যকান্তিসম দীপ্তিশালী হইয়া সখাগণের সহিত নানাবিধ ক্রীড়াতৎপর ও শুকাদি পক্ষিগণের শব্দানুকরণ করিয়া পরিহাস সুখ প্রাপ্ত হইয়া থাকি ॥ ৯২ ॥



Digitized at BRCindia.com

পরিণততরজম্বুনাগরঙ্গ-
ক্রমুকমুখদ্যুতিশোণকাননান্তঃ ।
স্মিতলবিতকটিঞ্জরাদিপুষ্প-
প্রমুদিতসর্বমহর্দ্দিবং ভ্রমামঃ ॥ ৯৩ ॥
চল সখি ! তদিদং বনং নিরীক্ষে-
মহি হিমর্ত্তে নিশি মার্গশীর্ষমাসি ।
পরপরদিবসেতু শীতশীতে
নহি বিহৃতির্বহিরৌচিতীং ভজেত ॥ ৯৪ ॥

---

স্মিতলবিতকটিঞ্জরাদিপুষ্পপ্রমুদিতসর্ব্বঃ—বিকসিতাভিলষিতকটিঞ্জরাদি-পুষ্পৈঃ আমোদিতসর্ব্বং পরিণততরজম্বুনাগরঙ্গক্রমুকমুখদ্যুতিশোণকাননান্তঃ পরিপক্কজম্বীরনাগরঙ্গগুবাকপ্রভৃতীনাং দ্যুতিভিঃ রক্তিমকাননমধ্যং । অহর্দ্দিবং অহরহঃ ভ্রমামঃ বয়মিতি শেষঃ ॥ ৯৩ ॥

হে সখি রাধে ! চল মার্গশীর্ষমাসি অগ্রহায়ণমাসি শিশিরযুক্তে নিশি রাত্র্যাং পরপরদিবসে উত্তরোত্তরদিনে শীতশীতে উত্তরোত্তরশীতে জাতে বহিঃ বিহৃতিঃ ঔচিতীং ন ভজেত । "নহি বিকৃতির্বহিরৌচিতীং ভজেত" ইতি পাঠান্তরং ভাব্যং ॥ ৯৪ ॥

---

হে প্রিয়ে ! বিকসিত মনোরম কটিঞ্জরাদি পুষ্পে আমোদিত ও পরিপক্ক জম্বির, নাগরঙ্গ, (নারাঙ্গালেবু) গুবাক্ (সুপারি ) প্রভৃতির কান্তিতে রক্তিমাক্ত কাননের মধ্যে আমরা অহরহ পরিভ্রমণ করিয়া থাকি ॥ ৯৩ ॥

হে সখি রাধে ! চল আমরা ঈষৎ শীতময় এই অগ্রহায়ণ মাসে এই বন দর্শন করিয়া আসি, এখন উত্তরোত্তর দিনে দিনে শীত পড়িবে তখন আর বাহিরে বিহার করা যাইবে না ॥ ৯৪ ॥

ইতি হরিবচনাদনেন সার্দ্ধং
বনমনুগম্য বিরম্য রম্যরূপং ।
সমুচিতফলপুষ্পসংগ্রহেণ
প্রমদভৃতঃ প্রমদা গৃহং সমীয়ুঃ ॥ ৯৫ ॥
ইতি মৃদুতরতুলিকানুকুলী-
কৃতশয়নং নয়নাভিরামযুগ্মম্ ।
মধুরিপুবৃষভানুজা সমাখ্যং
ন বপুষি ভেদমবাপ নাপি চিত্তে ॥ ৯৬ ॥

---

ইতি হরিবচনাৎ অনেন শ্রীকৃষ্ণেন সার্দ্ধং সহ বনং অনুগম্য রম্যরূপং বিরম্য সমুচিতফলপুষ্পসংগ্রহেণ প্রমদভৃতঃ পরমানন্দযুক্তাঃ প্রমদাঃ সুন্দর্য্যঃ গৃহং সমীয়ুঃ সংজগ্মুঃ ॥ ৯৫ ॥

ইতি মৃদুতরতুলিকানুকুলীকৃতশয়নং কোমলতুলময়ীশয্যায়াং অনুকুলকৃত-শয়নং নয়নাভিরামযুগ্মং নেত্রপ্রীতিকরযুগলং মধুরিপুবৃষভানুজাসমাখ্যং শ্রীরাধাকৃষ্ণনামকং বপুষি বিগ্রহে ভেদং ন আপ প্রাপ্তঃ চিত্তেঽপি ভেদং নাপ একাকারপ্রায়বিগ্রহত্বাদিতি ভাবঃ ॥ ৯৬ ॥

---

এই প্রকারে শ্রীকৃষ্ণের বাক্যে স্বীকৃত হইয়া কান্তের সহিত বন গমন পূর্ব্বক নানাবিধ রমণীয় ক্রীড়া করিতে লাগিলেন। এবং সমুচিত ফল পুষ্প প্রভৃতি সংগ্রহ করিয়া ব্রজসুন্দরীগণ পরমানন্দে গৃহে গমন করিলেন ॥ ৯৫ ॥

নয়নানন্দপ্রদ শ্রীরাধাকৃষ্ণ এইরূপে গৃহে গমন করিয়া দুগ্ধফেননিভ সুকোমল শয্যাতে এমন ভাবে মিলিত হইয়া শয়ন করিলেন যে, উভয়ের দেহ ও চিত্ত যেন একাকারে পরিণত হইয়া রহিল ॥ ৯৬ ॥

Digitized at BRCindia.com

অথ ধনুরপরাংশমীনরাজা-
বধি রবিভোগগতাহসঙ্ঘভাগে।
মুররিপুরবদৎ পুরাবদেতাং
বৃষরবিজাং স নিজাং বিলাসলক্ষ্মীং ॥ ৯৭ ॥
ঘৃতদধিকুসরার্দ্রকাদিজুষ্টাঃ
কটুবটকা বিবিধানি সন্ধিতানি।
অহরহরুদয়ে মদীয়মাত্রা
ময়ি নিহিতানি ভৃশং সুখং বহন্তি ॥ ৯৮ ॥

---

অথ অনন্তরং ধনুরিত্যাদি ধনুরাশিশেষাংশতঃ মীনরাশিপ্রথমপর্য্যন্তং সূর্য্যস্য ভোগগতদিনসমূহস্য ভাগে শীতকালে ইত্যর্থঃ, পৌষমাসীয়ার্দ্ধদিন-মারভ্য ফাল্গুনস্যার্দ্ধদিনপর্য্যন্তং শীতকালপ্রতীতেঃ। স মুররিপুঃ শ্রীকৃষ্ণঃ পুরাবৎ গ্রীষ্মাদিঋতুবর্ণনবৎ এতাং বৃষরবিজাং বৃষভানুনন্দিনীং প্রতি নিজাং স্বকীয়াং বিলাসলক্ষ্মীং বিলাসশোভাং অবদৎ ॥ ৯৭ ॥

অহরহঃ প্রতিদিনং উদয়ে সূর্য্যোদয়ে সতি মদীয়মাত্রা শ্রীযশোদয়া ঘৃত-দধিকুসরার্দ্রকাদিজুষ্টাঃ কটুবটকাঃ বিবিধানি সন্ধিতানি আচারাদীনি ভৃশং অত্যর্থং সুখং বহন্তি অহং ভোজনং করোমীতি ভাবঃ ॥ ৯৮ ॥

---

অনন্তর শীতকালে শ্রীকৃষ্ণ যে যে বিলাস করিয়া থাকেন গ্রীষ্মাদি ঋতু শোভা বর্ণনের ন্যায় শ্রীরাধার প্রতি তৎকালীন স্বকীয় বিলাস শোভা বর্ণন করিতে লাগিলেন ॥ ৯৭ ॥

প্রতি দিন সূর্য্যোদয় হইলে আমার জননী ঘৃত, দধি, তিল চূর্ণ মিশ্রিত অন্ন বা তিললাড়ু কিম্বা জিরা মরিচ আর্দ্রকাদি যুক্ত বটক ও বিবিধ আচার আমাকে প্রদান করেন আমি তাহা ভক্ষণ করিয়া অত্যন্ত তৃপ্তি লাভ করিয়া থাকি ॥ ৯৮ ॥

Digitized at BRCindia.com

বহুবিধমথ দুগ্ধবাষ্পপক্কং
মৃদুমৃদুপিষ্টকমিষ্টমিষ্টপূর্ণম্।
অধিদিনদিনমধ্যমাত্মমাত্রা
প্রহিতমহং রসয়ন্ মুদং ভজামি ॥ ৯৯ ॥
ঘুসৃণরুচিসতুলসূক্ষ্মবস্ত্র-
দ্বিদলজকঞ্চুকযুক্ পিধানবক্ষঃ।
পবনরহিতঘর্ম্মশর্ম্মদাতৃ-
স্থলমনু ধেনুবনেন শর্ম্ম যামি ॥ ১০০ ॥

অথ অধিদিনদিনমধ্যং দিবসস্য মধ্যভাগে গোষ্ঠাবস্থিতিকালে ইতি যাবৎ আত্মমাত্রা স্বজনন্যা যশোদয়া প্রহিতং প্রেরিতং দুগ্ধবাষ্পপক্কং বহুবিধং বহুপ্রকারং ইষ্টমিষ্টপূর্ণং মদীয়াভিলষিতমিষ্টযুক্তং মৃদুমৃদুপিষ্টকং অহং রসয়ন্ আস্বাদয়ন্ মুদং হর্ষং ভজামি ॥ ৯৯ ॥

ঘুসৃণেত্যাদি। কুঙ্কুমকান্তিবিশিষ্টতুলাসমন্বিতসূক্ষ্মবস্ত্রেণ উভয়পার্শ্বাবৃতৈ-তাদৃশকঞ্চুকাচ্ছাদিতবক্ষঃ ঈদৃশঃ অহং পবনরহিতঘর্ম্মশর্ম্মদাতৃস্থলমনু পবন-বিহীনরৌদ্রেণ সুখপ্রদস্থলং লক্ষীকৃত্য ধেনুবনেন ধেনুরক্ষণেন শর্ম্ম সুখং যামি প্রাপ্নোমি ইত্যর্থঃ ॥ ১০০ ॥

প্রতিদিন মধ্যাহ্ন সময়ে মদীয় জননী বাষ্পপক্ক দুগ্ধ ও অভিলষিত মিষ্ট যুক্ত বহু প্রকার সুকোমল পিষ্টক আমার ভক্ষণার্থ এই গোষ্ঠে পাঠাইয়া থাকেন, আমি তাহা ভক্ষণ করিয়া পরম প্রীতি লাভ করিয়া থাকি ॥ ৯৯ ॥

আমি কুঙ্কুম বর্ণের সূক্ষ্মবস্ত্রদ্বারা তুলার কঞ্চুক (জামা) অঙ্গে ধারণ করিয়া পবন শূন্য ও রৌদ্র বা উষ্ণ প্রদ সুখকর স্থানে বসিয়া ধেনু পালন দ্বারা সুখী হইয়া থাকি ॥ ১০০ ॥

Digitized at BRCindia.com

শিশিরমনু সমস্তসত্ত্বজাতে
ক্রুতিরহিতে কিখিষু প্রগল্‌ভবাক্ষু।
সমবদদিহ কোঽপি নেতি নূনং
সখি হসিতং দয়য়া সহায়তি স্ম ॥ ১০১ ॥
শিশিরজন্মুষি দুর্দ্দিনেঽপি জাতে।
মিতিরহিতা ধবলাঃ সুখং চরন্তি
শৃণু সখি! তদুপায়মস্ত্যমেকং
মম মুরলী ক্বনি যত্তু বায়ুসূক্তং ॥ ১০২ ॥

---

হে সখি! শিশিরমনু শীতকালং লক্ষীকৃত্য শীতকালে ইত্যর্থঃ সমস্তসত্ত্বজাতে নিখিলজন্তুসমূহে ক্রুতিরহিতে নিঃশব্দে জাতে কিখিষু শৃগালবিশেষেষু প্রগল্‌ভবাক্ষু উদ্ধতবাক্যেষু সৎসু কোপি সমবদৎ উবাচ, ইহ কোঽপি ন ইতি নূনং নিশ্চিতং হসিতং যথা স্যাত্তথা দয়য়া সহায়তি স্ম ॥ ১০১ ॥

হে সখি! শিশিরজন্মুষি শীতকালোদ্ভবে দুর্দ্দিনেঽপি জাতে মিতিরহিতাঃ পরিমাণশূন্যাঃ সংখ্যাতীতা ইতি যাবৎ ধবলাঃ গাবঃ সুখং যথা স্যাত্তথা চরন্তি তৃণং ভক্ষয়ন্তি। একং অস্যাং চরমং তদুপায়ং দুর্দ্দিনেঽপি তৃণচরণসাধনমিত্যর্থঃ শৃণু, যৎ যস্মাৎ মম মুরলী বায়ুসূক্তং বায়ুনিবারকমন্ত্ররূপং ক্বনি জাতঃ ভবতি ॥ ১০২ ॥

---

হে সখি রাধে! শীতকালে সমস্ত জন্তু নিঃশব্দ হইলে কেবল উদ্ধত স্বভাবাপন্ন শৃগাল গুলি উচ্চধ্বনি করতঃ কেহ বলিয়া থাকে, এখানে কেহই নাই ইহা বলিতে বলিতে দয়াপূর্ব্বকই যেন অপর জন্তুর সহায় হইতে বাসনা করিতেছে ॥ ১০১ ॥

হে প্রিয়ে! শীতকালে দুর্দ্দিন হইলেও অসংখ্য ধেনুগণ সুখে তৃণ ভক্ষণ করিয়া থাকে, তাহার এক চরমোপায় এই যে, আমার মুরলী তখন বায়ুনিবারক মন্ত্র স্বরূপ হইয়া থাকে। ১০২ ॥

Digitized at BRCindia.com

শিশিরমকুসুমান্তরং নিরীক্ষ্য
স্রজমিহ কুন্দকৃতাং বিভর্ম্মি চিত্রাং।
বিপদি যদুপজীবনং তদেব
প্রতি পদমাদরভাজনং বিভাতি ॥ ১০৩ ॥
ইহ হ্রসিতমহঃ সমূহমূহা
বিষয়তয়া দধতঃ পরে নিনিন্দুঃ।

---

শিশিরমকুসুমান্তরং অন্তকুসুমং ন দৃষ্ট্বা ইত্যর্থঃ। "ন শিশিরকুসুমান্তরং নিরীক্ষ্য" ইতি পাঠস্তু স্পষ্ট এব। ইহ কুন্দকৃতাং কুন্দপুষ্পগ্রথিতাং চিত্রাং আশ্চর্য্যাং স্রজং মালিকাং বিভর্ম্মি অহমিতি শেষঃ, বিপদি আপদ্‌কালে যৎ উপজীবনং জীবনোপায়ঃ তদেব প্রতিপদং পদে পদে আদরভাজনং আদরপাত্রং সৎ বিভাতি ॥ ১০৩ ॥

ইহ শীতকালে হ্রসিতমহঃসমূহং প্রতিদিনচয়ং প্রায়ত্রিংশদণ্ডাত্মকদিনসমূহমিতিযাবৎ বিষয়তয়া সাংসারিককার্য্যকলাপেন দধতঃ পরে বিষয়িণঃ উহাঃ ত্রিংশদণ্ডাত্মকদিনাভ্যন্তরে অস্মাকং বিষয়কার্য্যাপরং নিষ্পন্নং ন ভবতি ইতি তর্কিতাঃ সন্তঃ নিনিন্দুঃ, বিষয়িণঃ দীর্ঘদিনমাকাঙ্ক্ষন্তি ইতি ভাবঃ। তু কিন্তু

---

হে রাধে! শীতকালে অন্তকুসুম দেখিতে না পাইয়া কুন্দপুষ্প দ্বারা মনোজ্ঞ মালা নির্ম্মাণ পূর্ব্বক তাহাই গলে ধারণ করিয়া থাকি, কারণ বিপদ্‌কালে যে জীবনোপায় স্বরূপ হয়, সে প্রতিক্ষণেই আদরের পাত্র হইয়া থাকে ॥১০৩॥

এই শীতকালের দিনগুলি উনত্রিংশ কি ত্রিংশ দণ্ড বিধায় বিষয়িগণ তন্মধ্যে সাংসারিক কার্য্য সুচারুরূপে নির্ব্বাহ করিতে অসমর্থ হইয়া ঐ দিনসকল বিষয়ে নানাবিধ তর্ক ও নিন্দা করিয়া থাকে; কিন্তু হে রাধে! এই শীতকালের রাত্রি দীর্ঘ হেতু তোমার সহিত মিলনও অনেকক্ষণ ব্যাপিয়া হইয়া

Digitized at BRCindia.com

ভবতুপসংহৃতিবর্দ্ধিরাত্রিবৃদ্ধে-
রলমহমস্য তু বচ্মি দীর্ঘমায়ুঃ ॥ ১০৪ ॥
অথ মধু ঋতুরেষ্যতি প্রফুল্লং
বননিকরং বিদধদ্যদা ততঃ প্রাক্।
হরিহরিবনিতাকুলং প্রফুল্লং
স্বয়মভবদ্বত পশ্য তস্য বীর্য্যং ॥ ১০৫ ॥
প্রথমসমমথাত্র ভোজনাদ্যং
সমুচিতমাপ্রবিধায় কৃষ্ণচন্দ্রঃ।

---

অহং ভবতুপসংহৃতিবর্দ্ধিরাত্রিবৃদ্ধেঃ ত্বৎসংযোগবর্দ্ধিরজনীবৃদ্ধেঃ হেতোঃ শীতকালস্য দীর্ঘরাত্রিত্বাৎ ত্বয়া সহ মেলনং বহুক্ষণস্থায়ি ভবতি ইতিভাবঃ,অতঃ অস্য শীতকালদিবসস্য দীর্ঘমায়ুঃ বচ্মি কাময়ে, চিরকালং ব্যাপ্য শীতকালীনদিনমস্তু, রাত্রিরপি চিরাৎ বৃদ্ধিরস্তু ইতি ভাবঃ ॥ ১০৪ ॥

অথ শীতঋতুবর্ণনানন্তরং বসন্তবর্ণনোপক্রমমাহ,—অথেতি—যদা মধুঋতুঃ বসন্তঋতুঃ এষ্যতি আগমিষ্যতি। ততঃ প্রাক্ বননিকরং বনসমূহং প্রফুল্লং বিদধৎ, হরিহরিবনিতাকুলং শ্রীকৃষ্ণতৎপ্রিয়াবৃন্দং স্বয়ং প্রফুল্লং অভবৎ, বত আশ্চর্য্যং তস্য বসন্তস্য বীর্য্যং পরাক্রমং পশ্য হে মনঃ ইতি শেষঃ ॥ ১০৫ ॥

অত্র প্রথমসমং প্রথমসময়ে সমুচিতং যথাযোগ্যং ভোজনাদ্যং আপ্রবিধায়

---

থাকে, অতএব আমি শীতকালের দিনগুলি দীর্ঘ আয়ু কামনা করি, অর্থাৎ চিরকাল দিন—অল্প পরিমাণ ও রাত্রি—অধিক পরিমাণ হউক ॥ ১০৪॥

হে মনঃ! অনন্তর যখন বসন্ত ঋতু আগমন করিবে তাহার পূর্ব্বেই বন সমূহে প্রফুল্ল এবং শ্রীকৃষ্ণও তাঁহার প্রিয়াগণ স্বয়ং আহ্লাদিত হইয়া উঠিলেন, আহা! বসন্ত ঋতুর পরাক্রম দেখ ॥ ১০৫ ॥

Digitized at BRCindia.com

নিশি নিশময়তি স্ম বন্যবৃত্তং
দিনদিনমপ্যতুলং বৃষার্কপুত্রীং ॥ ১০৬ ॥
নিশময় কুতুকং বনেঽদ্য দৃষ্টং
বিতরিতরি প্রসভং বিভর্ত্তি ভিক্ষুঃ।
অমধুজমুষি পুণ্ড্রকে দ্বিরেফা
মুহুরপি ঝঙ্কৃতিতর্জ্জনাং বহন্তি ॥ ১০৭ ॥

---

সম্যক্ বিধায় কৃষ্ণচন্দ্রঃ দিনদিনং প্রতিদিনং নিশি রাত্রৌ অতুলং নিরুপমং বন্যবৃত্তং বৃষার্কপুত্রীং শ্রীবৃষভানুনন্দিনীং নিশময়তি শ্রাবয়তি স্ম ॥ ১০৬ ॥

হে প্রিয়ে নিশময় শৃণু অদ্য বনে কুতুকং দৃষ্টং মরেতিশেষঃ কিম্বদাহ ভিক্ষুঃ ভিক্ষার্থী বিতরিতরি প্রসভং ভিক্ষাপ্রদানকারিণং প্রতি বলাৎকারং বিভর্ত্তি, কিম্প্রকারং? অমধুজমুষি ঈষদ্‌সন্তোষ্ভবে অত্রাল্পার্থে নঞ্, পুণ্ড্রকে তন্নামক-পুষ্পে দ্বিরেফাঃ ভ্রমরাঃ মুহুরপি ঝঙ্কৃতিতর্জ্জনাং বহন্তি ॥ ১০৭ ॥

---

শ্রীকৃষ্ণ প্রথমতঃ সমুচিত ভোজনাদি বিধান করিয়া প্রতিদিন রাত্রিকালে বৃষভানুনন্দিনী শ্রীরাধাকে নিরুপম বনবৃত্তান্ত শ্রবণ করাইতে লাগিলেন ॥১০৬॥

হে প্রিয়ে এক আশ্চর্য্য শ্রবণ কর, অদ্য বন মধ্যে আমি এক কুতুক দর্শন করিয়াছি এই যে, ভিক্ষুক ভিক্ষাদাতার প্রতি বল প্রকাশ করিতেছে, তাহা শুনিয়া শ্রীরাধা বলিলেন, সে কি প্রকার? শ্রীকৃষ্ণ বলিলেন ঈষদ্ মসম্ভোদ্ভব পুণ্ড্রক পুষ্পে ভ্রমরগণ মুহুর্ম্মুহুঃ ঝঙ্কার ও তর্জ্জন করিতেছে অর্থাৎ মধুভিক্ষার্থী ভ্রমরগণ—মধুদাতা পুণ্ড্রক পুষ্পের প্রতি মধুভিক্ষার নিমিত্ত যেন বল প্রকাশ করিতেছে ॥ ১০৭ ॥



Digitized at BRCindia.com

কিমিয়মহহ ! মাধবীতি নাম্না
জনবিদিতেতি মদাৎ প্রফুল্লতি স্ম ।
শিব শিব ন বয়ং মধোঃ কিমিত্থং
কুসুমমধুঃ কিল সপ্তলাদয়শ্চ ॥ ১০৮ ॥
সবকুলসহকারকেতকীনাং
সকরুণকিংশুকনাগকেশরাণাং ।
ততিরতিশুশুভে বিলোক্য যান্তু
ভ্রমরপিকপ্রবরা মহঃ সজন্তি ॥ ১০৯ ॥

---

অহহ বিস্ময়ে ইয়ং মাধবীতিনাম্না জনবিদিতা জনপরিজ্ঞাতা ইতি হেতোঃ মদাৎ গর্ব্বাৎ কিং প্রফুল্লতি স্ম। শিব শিব ইতি খেদবচনং বয়ং কিং মধোঃ বসন্তস্য ন স্মঃ ইত্থং অনেন প্রকারেণোক্ত্বা সপ্তলাদয়ঃ নবমালিকা পাটলাদয়ঃ কুসুমং অধুঃ স্বস্মিন্ পুষ্পাণি ধারয়ামাসুঃ ॥ ১০৮ ॥

সবকুলসহকারকেতকীনাং বকুলসহিতাম্রকেতকীনাং সকরুণকিংশুকনাগ-কেশরাণাং যাং শোভাং বিলোক্য দৃষ্ট্বা ভ্রমরপিকপ্রবরাঃ ততিঃ সমূহঃ অতিশুশুভে, ভ্রমরকোকিলশ্রেষ্ঠাঃ মহঃ উৎসবং সজন্তি প্রাপ্নুবন্তি ইত্যর্থঃ ॥ ১০৯ ॥

---

হে প্রিয়ে! আমার নিশ্চয় বোধ হইতেছে এই যে, যেন এই পাটলাদি বৃক্ষ সকল আক্ষেপ করিয়া কহিতেছে এই যে,আহা কি আশ্চর্য্য? এই মাধবী, স্বনামে সর্ব্বজন বিদিত হইয়াছে বলিয়াই কি অভিমানে প্রফুল্লিত হইয়াছে? শিব শিব! আমরা কি বসন্তের কেহই হইনা" এইরূপে আক্ষেপ করিয়াই যেন তাহারা স্বয়ং কুসুম ধারণ করিয়া স্বপুষ্পে প্রফুল্লিত হইয়াছে ॥ ১০৮ ॥

(হে প্রিয়ে ঐ দেখ) বসন্ত কালে বকুল, আম্র, কেতকী, সকরুণকিংশুক ও নাগকেশর শ্রেণী অত্যন্ত শোভা পাইতেছে, যে শোভা সন্দর্শনে ভ্রমর কোকিল প্রভৃতি পক্ষিগণ মহানন্দে নিমগ্ন হইয়া পড়িল ॥ ১০৯ ॥

Digitized at BRCindia.com

মলয়জমরুদেষ ইত্যভিখ্যঃ
পবনগণঃ প্রতিপদ্য মৎকবন্যাং।
মলয়জজয়ি সৌরভাতিশস্তাং
প্রসরতি হ্রীণ ইবাত্র মন্দমন্দং ॥ ১১০ ॥
ইতি মধুঋতুবর্ণনং বিতন্বন্
মধুরিপুরন্যনিজপ্রিয়াঙ্গনানাং।
চরিতবিবৃতিমন্যনায়িকানাং
চরিতমিষাৎ কলয়ন্নমূং স্তুতে স্ম ॥ ১১১ ॥

---

এষ মলয়জমরুৎ মলয়জবায়ুঃ ইত্যভিখ্যঃ ইতিসংজ্ঞঃ পবনগণঃ মৎকবন্যাং মদীয়বৃন্দাবনং প্রতিপদ্য প্রাপ্য কথম্ভূতাং মলয়জজয়িসৌরভাতিশস্তাং—মলয়জজয়কারিসৌগন্ধ্যেন অতিপ্রশস্তযুক্তাং, হ্রীণ ইব লজ্জিত ইব অত্র বনে মন্দমন্দং প্রসরতি গচ্ছতি বহতি ইতি যাবৎ ॥ ১১০ ॥

মধুরিপুঃ মধুসূদনঃ শ্রীকৃষ্ণঃ ইতি এবম্প্রকারেণ মধুঋতুবর্ণনং বসন্তঋতু-বর্ণনং বিতন্বন্ বিবৃণ্বন্ অন্যনায়িকানাং চরিতমিষাৎ চরিত্রবর্ণনছলেন অন্য-প্রিয়াঙ্গনানাং অন্য কান্তানাং চরিতবিবৃতিং কলয়ন্ শ্রাবয়ন্ অমূং শ্রীরাধাং স্তুতে স্ম ॥ ১১১ ॥

---

মলয়জ বায়ু এই নামে প্রসিদ্ধ পবনগণ—মলয়জজয়ি সৌরভান্বিত মদীয় বৃন্দাবন প্রাপ্ত হইয়া যেন লজ্জিত হইয়াই মন্দ মন্দ সঞ্চরণ করি-তেছে ॥ ১১০ ॥

শ্রীকৃষ্ণ এইরূপে বসন্তঋতুবর্ণন সমাপন করিয়া অন্য নায়িকাদিগের চরিত্র বর্ণন ছলে অন্য নিজ প্রিয়াগণের চরিত্র বিস্তার পূর্ব্বক শ্রবণ করাইয়া শ্রীরাধাকে প্রশংসা করিতে লাগিলেন ॥ ১১১ ॥

Digitized at BRCindia.com

কুসুমকুলমিদং দধাতি তাবদ্-
ভ্রমরপিকাদিগণস্তথা স্বরূপং।
প্রিয়সহচরতা যদা প্রিয়াণাং
পরসময়ে শরতাঞ্চ বজ্রতাঞ্চ ॥ ১১২ ॥
অয়ি বিধুমুখি! সঙ্গতপ্রিয়াঙ্গি!
প্রিয়বিরহাদপরা ধৃতাবসাদাঃ।
উত কুসুমপিকাদিতুদ্যমানা
ধ্রুবমধুনাপ্রিয়তাবশা ভ্রমন্তি ॥ ১১৩ ॥

---

ইদং কুসুমকুলং পুষ্পচয়ঃ তথা ভ্রমরপিকাদিগণঃ স্বরূপং দধাতি, কদা ইত্যপেক্ষায়ামাহ, যদা প্রিয়াণাং কান্তানাং প্রিয়সহচরতা কান্তসহমিলনং ভবতি তদেতি পরসময়ে কান্তবিরহসময়ে—শরতাং ভ্রমরপিকাদিগণঃ—বজ্রতাং দধাতি ইত্যর্থঃ ॥ ১১২ ॥

অয়ি বিধুমুখি! হে সঙ্গতপ্রিয়াঙ্গি! প্রিয়বিরহাৎ প্রিয়বিচ্ছেদাৎ ধৃতাবসাদাঃ পরমখেদযুক্তাঃ উত অপি অপরাঃ কুসুমপিকাদিতুদ্যমানাঃ পুষ্পকোকিলাদিভিঃ পীড্যমানা ধ্রুবং নিশ্চিতং অধুনাপ্রিয়তাবশা ভ্রমন্তি ॥ ১১৩ ॥

---

যখন কান্তাদিগের কান্ত সহিত সংযোগ থাকে তখনই এই কুসুম সমূহ ভ্রমর ও কোকিলাদি বনবাসি সকল স্বীয় রূপ ধারণ করে অর্থাৎ প্রীতিপ্রদ হইয়া থাকে পরন্তু কান্তাগণের কান্তবিচ্ছেদ কালে ঐ কুসুমসকল—শরের তুল্য এবং ভ্রমর গুঞ্জন ও কোকিলের সুমধুর কলধ্বনি—বজ্র ধ্বনি তুল্য হইয়া থাকে ॥ ১১২ ॥

অয়ি চন্দ্রাননে হে সঙ্গত প্রিয়াঙ্গি রাধে! কান্তাগণ প্রিয়বিরহে খেদযুক্তা হইয়া কুসুমস্পর্শে ও কোকিলাদিনিনাদে ব্যথিত হইয়া অধুনা অত্যন্ত অসুখে ভ্রমণ করিতেছে ॥ ১১৩ ॥

Digitized at BRCindia.com

স্ফুরদসহনতা মিথঃ সপত্ন্যঃ
পথি রহসি প্রিয়মাত্মনাভিস্থতা।
দিশি চ বিদিশি চ স্ফুরন্তমারা-
ন্ন হি নিরনৈষুরমূঃ ক বা লভেরন্ ॥ ১১৪
নিয়মিতচরণাম্নিকুঞ্জধাম্নি
কচনচ বাসকসজ্জিকায়মানাঃ।
প্রিয়তমমনবাপ্য মানমাঞ্চন্
সুখমিব মানধনা হি ধন্যনার্য্যঃ ॥ ১১৫ ॥

---

সপত্ন্যঃ মিথঃ পরস্পরং স্ফুরদসহনতাঃ প্রকাশমানাধৈর্য্যাঃ সত্যঃ পথি রহসি নিভৃতে আত্মনা প্রিয়ং কান্তং অভিস্থতা কথন্তুতং প্রিয়ং তত্রাচ দিশি বিদিশিচ সর্ব্বত্র স্ফুরন্তং প্রকাশমানং, অতঃ আরাৎ সমীপে ন নিরনৈষুঃ নির্ণেতুমসমর্থাঃ অমূঃ কান্তাঃ ক বা কান্তং লভেরন্ প্রাপ্নুয়ুঃ কান্তং পুনঃ পুনঃ স্মরন্ নিখিলবস্তু তন্ময়ত্বাং সমীপেঽপি কান্তং ন পশ্যন্তি অতঃ কুত্র বা তং প্রাপ্নুয়ুরিতি ভাবঃ ॥ ১১৪ ॥

নিয়মিতচরণাৎ প্রাত্যহিকপথানিয়মানুষ্ঠানাৎ কচনচ কুত্রাপি নিকুঞ্জধাম্নি বাসকসজ্জিকায়মানাঃ বেশভূষাদিকং কৃত্বা বাসগৃহং সজ্জীকৃত্য নায়কাগমনপ্রতীক্ষামাচরন্ত্যঃ নায়িকাঃ ইত্যর্থঃ। প্রিয়তমং কান্তং অনবাপ্য অপ্রাপ্য মানং অভিমানং আঞ্চন্ প্রাপ্নুবন্ ধন্যনার্য্যঃ হি যতঃ সুখমিব মানধনাঃ ॥১১৫॥

---

সপত্নীগণ কান্তবিচ্ছেদ সহ্য করিতে না পারিয়া কান্তদর্শনার্থ পরস্পর নির্জ্জন পথে কান্তের নিকট গমন করিয়াও তাঁহাকে দেখিতে পাইলেন না, কারণ কান্তকে ভাবিতে ভাবিতে সর্ব্বত্রই কান্তময় দর্শন করিতে লাগিলেন, অতএব কান্তকে কোথায় বা প্রাপ্ত হইবেন? অর্থাৎ কান্ত, নির্দ্দিষ্ট স্থানে থাকিলেও সর্ব্বত্র তন্ময়ত্ব প্রযুক্ত তাঁহাকে দেখিতে পাইলেন না ॥ ১১৪ ॥

কোন নায়িকা প্রাত্যহিক নিয়মানুসারে কোনও নিকুঞ্জে বাসকসজ্জায় সুসজ্জিতা হইয়া প্রিয়তমকে না পাইয়া মানিনী হইলেন, ধন্য নারীগণ!

Digitized at BRCindia.com

অপিচ তদপরাস্তু বাসসজ্জা
মুহুরপি চিন্তনলব্ধকল্পতন্দ্রাঃ।
প্রিয়তমমুপলভ্য চাত্র জাগ্রদ্-
বলিতবদাপ সুখং নচাত্র ভেদং॥ ১১৬॥
অপি দয়িততমেন খণ্ডিতাশা
নহি কলহান্তরিতা বভূব কাপি।
উচিতমপি তদেতদেব যস্মা-
দ্দয়িততমঃ কথমন্যথা ঘটেত॥ ১১৭॥

---

অপিচ বাসসজ্জা বেশভূষাদিপরায়ণাঃ মুহুরপি চিন্তনলব্ধকল্পতন্দ্রাঃ পুনঃ-পুনঃ চিন্তনেন ঈষন্নিদ্রাবস্থাং লব্ধাঃ তদপরাঃ পূর্ব্বোক্তনায়িকাতিরিক্তা নায়িকা প্রিয়তমং উপলভ্য প্রাপ্য অত্রচ জাগ্রদ্বলিতবৎ জাগ্রদবস্থাতুল্যং সুখং আপ প্রাপ্তবান্ অত্র ভেদং ন আপ॥ ১১৬॥

দয়িততমেন প্রিয়তমেন কাপি খণ্ডিতাশা অপি "পার্শ্বমেতি প্রিয়ো যস্যা অন্যসম্ভোগচিহ্নিতঃ। সা খণ্ডিতেতি কথিতা ধীরৈরীর্ষ্যা কষায়িতা॥" কাপি কলহান্তরিতা "চাটুকারমপি প্রাণনাথং রোষাদপাস্য তু যা। পশ্চাত্তাপমবাপ্নোতি কলহান্তরিতা তু সা"॥ ন বভূব তদেতদেব উচিতং বিহিতং যস্মাৎ দয়িততমঃ প্রিয়তমঃ কথং অন্যথা ঘটেত॥ ১১৭॥

---

আহা! যাহাদিগের মানই ধনস্বরূপ হইয়াছে সেই নারীগণের মানও আপাততঃ সুখের ন্যায় প্রতীয়মান হইয়া থাকে॥ ১১৫॥

আর বাসকসজ্জায় সুসজ্জিতা ও পুনঃপুনঃ কান্তচিন্তনে ঈষৎ নিদ্রাগতা অপরাপর নায়িকাগণ তদবস্থাতেই প্রিয়তমকে প্রাপ্ত হইয়া জাগ্রদবস্থা সদৃশ সুখ প্রাপ্ত হইলেন, ইহাতে কিছু ভেদ নাই অর্থাৎ স্বপ্নেও কান্তসঙ্গ—জাগ্রদাবস্থাতুল্য হইল॥ ১১৬॥

প্রিয়তম কর্ত্তৃক কোন নায়িকা খণ্ডিতা অর্থাৎ স্বামীর পরস্ত্রীসঙ্গচিহ্ন

Digitized at BRCindia.com

ব্যবহিতপদবীং মমাস্তি নেতুং
ন হি ভবতীমপি কিঞ্চনাপি বস্তু।
ন পুরুষমিহ জাগরাদ্যবস্থা-
ত্রয়মপি চেতনয়া বিযোক্তুমীষ্টে ॥ ১১৮ ॥
নিশি সুমুখি! তদদ্য কুঞ্জপুঞ্জং
সহসবয়স্ততি সত্বরং ব্রজাবঃ।

---

ভবতীং ত্বাং ব্যবহিতপদবীং দূরীকৃতপদবীং নেতুং মম কিঞ্চনাপি বস্তু নাস্তি ইহ জাগরাদ্যবস্থাত্রয়মপি পুরুষং চেতনয়া বিযোক্তুং ন ঈষ্টে ॥ ১১৮ ॥

হে সুমুখি! সুবদনে! তৎ তস্মাৎ অদ্য নিশি সহসবয়স্ততি সখীগণসহিতাঃ কুঞ্জপুঞ্জং কুঞ্জসমূহং সত্বরং অবিলম্বং যথা স্যাত্তথা ব্রজাবঃ গচ্ছাবঃ, হি যতঃ

---

দর্শনে ঈর্ষাযুক্তা নায়িকা হইলেও কলহান্তরিতা* হয় না, তাহা উচিতও বটে; যেহেতু প্রিয়তম, অতএব কেনই বা অন্যথাচরণ সংঘটিত হইবে ॥ ১১৭ ॥

হে প্রিয়ে! তোমাকে চিত্ত হইতে অন্তর্হিত করিবার নিমিত্ত আমার কোনও বস্তু নাই, যেহেতু স্বপ্ন জাগ্রত ও সুষুপ্তি এই অবস্থাত্রয়বিশিষ্ট পুরুষ চৈতন্য-শক্তি হইতে অন্তর্হিত হয় না, অতএব তুমিও হ্লাদিনীশক্তিরূপা অতএব আমার সহিত তোমার কিছুতেই বিয়োগ নাই ॥ ১১৮ ॥

হে সুমুখি! অতএব অদ্য নিশিতে সখীগণ সমব্যবহারে কুঞ্জসমূহে সত্বর

---

* যে নায়িকা মানভরে নায়কের প্রতি কুপিতা হইয়া পশ্চাৎ অনুতাপ করে, অর্থাৎ পতি—নানাবিধ প্রিয় অথচ ছলবাক্য রচনা করিতেছেন বিধায় তাহাকে আরোপিত দোষ দ্বারা দূরীকৃত করিয়া পশ্চাত্তাপযুক্ত অর্থাৎ কেনই বা নাথকে স্থানান্তরে গমন করিতে বলিলাম। যে নারী এ প্রকার দোষকীর্ত্তন পূর্ব্বক পশ্চাৎ সন্তাপযুক্তা হয়, সেই নারীর নামই কলহান্তরিতা।

Digitized at BRCindia.com

ইহতি কুমুদমুদ্গরাদি পুষ্পং
সিতরুচিরোচিষি রোচমানমস্তি ॥ ১১৯ ॥
বিধুরথ দয়িতান্বিতঃ সখীভিঃ
সহ সহখেলনিয়ায় পুষ্পদেশং ।
স্ফুটমিহ তু বিধুঃ পরঃ সবৃন্দ-
স্তদুপরি বন্দনমালিকায়তে স্ম ॥১২০ ॥
অধিকুসুমবনং বিরাজমানং
হরিমণ কান্তিমতী বৃষার্কপুত্রী ।

---

কুমুদমুদ্গরাদিপুষ্পং কুমুদকাষ্ঠমল্লিকাপ্রভৃতিপুষ্পং ইহ সিতরোচিরোচিষি শ্বেতকান্ত্যা দীপ্তিবিশিষ্টে কুঞ্জে রোচমানং দীপ্যমানমস্তি ॥ ১১৯ ॥

অথ অনন্তরং বিধুঃ কৃষ্ণচন্দ্রঃ দয়িতান্বিতঃ প্রিয়াসমন্বিতঃ সন্ সখীভিঃ সহ সহখেলং পুষ্পদেশং পুষ্পবাটিকাং ইয়ায জগাম ইহতু পরঃ বিধুঃ চন্দ্রঃ তদুপরি সবৃন্দঃ স্বগণসহিতঃ বন্দনমালিকায়তে বন্দনমালিকা ইব আচরতি স্ম ॥ ১২০ ॥

অথ অনন্তরং হে চিত্ত ! অত্র চিত্রং আশ্চর্য্যং পশ্য, কিম্ভূৎ তত্রাহ—কান্তিমতী অলৌকিকসৌন্দর্য্যময়ী বৃষার্কপুত্রী শ্রীবৃষভানুনন্দিনী সুখকরললিতা-বিশাখাদি প্রিয়সবয়স্ততিভিঃ সুখপ্রদললিতাদিপ্রিয়সখীশ্রেণীভিঃ সমং সহ

---

গমন করিব, যেহেতু শ্বেতকান্তিযুক্ত সেই কুঞ্জে কুমুদ কাষ্ঠমল্লিকাদিপুষ্প—দীপ্যমান হইয়া রহিয়াছে ॥ ১১৯ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ—শ্রীরাধা ও অন্যান্য সখীগণের সহিত নানাবিধ বিচিত্র খেলা করিতে করিতে পুষ্পোদ্যানে গমন করিলেন, তথায় চন্দ্র—স্বগণের সহিত তদুপরে বন্দনমালিকা সদৃশ আচরণ করিয়া রহিল ॥ ১২০ ॥

অনন্তর হে চিত্ত! এক আশ্চর্য্য দেখ, অলৌকিক সৌন্দর্য্যময়ী শ্রীবৃষভানুনন্দিনী—সুখকর ললিতা বিশাখা প্রভৃতি প্রিয়বয়স্যাগণের সহিত মিলিত

Digitized at BRCindia.com

সুখকরললিতাবিশাখিকাদি-
প্রিয়সবয়স্ততিভিঃ সমং সমস্য ॥ ১২১ ॥
সুকুসুমনিকরানুপাদদানং
স্বমপি তমপ্যনু তান্নিযোজয়ন্তী।
স্বয়মপি তদনুব্রতক্রিয়াভি-
র্দ্রবততিভিশ্চ মুদাক্ষি কুর্ব্বতীভিঃ ॥ ১২২ ॥
অলমুপরিগপুষ্পবৃন্দমিচ্ছুং
স্বয়মপি তত্তদুপগ্রহং দিশন্তী।

সমস্য মিলিত্বা গুণক্রিয়াঙ্গভাবপ্রভৃতিভিঃ নৈসর্গিকগুণাদিভিঃ হরিং সর্ব্বজীব-মনোহরমপি কান্তং বশং অধীনং অকৃত ইত্যন্বয়ঃ অষ্টভিঃ কুলকং। কথম্ভূতং হরিং তত্রাহ, অধিকুসুমবনং কুসুমবনমধিকৃত্য বিরাজমানং কিম্বা কুসুমমধিকৃত্য যৎ বনং তৎ বিরাজমানং, পুনঃ কথম্ভূতঃ সুকুসুমনিকরান্ সুরভিতপুষ্প-নিচয়ান্ উপাদদানং গৃহ্নাণং। বৃষার্কপুত্রী কথম্ভূতা তত্রাহ স্বমপি আত্মান-মপি তমপি কৃষ্ণমপি অনু তান্ কুসুমনিকরান্ নিযোজয়ন্তী যথাযোগ্যাঙ্গেষু ধারয়ন্তী। সুখকরললিতাবিশাখিকাদিপ্রিয়সবয়স্ততিভিঃ, কথম্ভূতাভিঃ? তত্রাহ স্বয়মপি শ্রীরাধাকৃষ্ণযুগলমপি তদনুব্রতক্রিয়াভিঃ রাধাকৃষ্ণানুকূলকার্য্যকলাপৈঃ দ্রবততিভিশ্চ পরিহাসসমূহৈশ্চ মুদাক্ষিকুর্ব্বতীভিঃ হর্ষান্বিতং কুর্ব্বতীভিঃ ॥

স্বীয় নৈসর্গিক গুণ, ক্রিয়া, দেহ ও হাব ভাবাদি দ্বারা নিখিল জীবমনো-হর প্রাণকান্ত শ্রীকৃষ্ণকে অধীন করিয়াছেন। কারণ সেই প্রাণকান্ত কৃষ্ণ—কুসুমবনে বিরাজ করিয়া সুরভিত কুসুমনিকর চয়ন করিতেছেন, তখন শ্রীরাধা স্বীয় অঙ্গে ও শ্রীকৃষ্ণাঙ্গে ঐ কুসুমনিচয় ধারণ করিতে লাগিলেন। তাহা দেখিয়াই যেন ললিতাদি সখীগণ—রাধাকৃষ্ণের অনুকূল কার্য্যকলাপে ও পরিহাস সমূহদ্বারা উভয়কে আনন্দ প্রদান করিতে লাগিলেন এবং শ্রীকৃষ্ণ—উপরিগত বৃক্ষশাখাস্থ পুষ্পসমূহ ইচ্ছা করিলে ও শ্রীরাধা সেই সেই পুষ্পচয়ন



Digitized at BRCindia.com

ক্রতমিব ন কিমস্মদীয়রাজ্ঞ্যা
বহসি নিদেশমিতি স্মিতাঞ্চিগীর্ভিঃ ॥ ১২৩ ॥
প্রসভমিব রমামমুং ভুজাভ্যাং
হৃদি দধতং মুহুরূর্দ্ধপুষ্পহেতোঃ ।
সরুড়িব তদভীষ্টমাপয়ন্তী
সকলকলং হসিতং বিতন্বতীভিঃ ॥ ১২৪ ॥

পুনঃ কথম্ভূতং হরিং তত্রাহ—অগং অত্যর্থং উপরিগপুষ্পবৃন্দং বৃক্ষশাখোপরিস্থিতত্বাৎ ঊর্দ্ধগতকুসুমসমূহং ইচ্ছুং। বৃষার্কপুত্রী কথম্ভূতা তত্রাহ স্বয়মপি রাধা তত্তদুপগ্রহং সমীপগ্রহণং দিশন্তী আদিশন্তী। সখীভিঃ কথম্ভূতাভিঃ তত্রাহ অস্মদীয়রাজ্ঞ্যাঃ রাধায়াঃ নিদেশং আজ্ঞাং ক্রতমিব অবিলম্বিতমিব কিং ন বহসি ইতি স্মিতাঞ্চিগীর্ভিঃ মৃদুমন্দহাস্যযুক্তবাণীভিঃ। পুনঃ কথম্ভূতং হরিং তত্রাহ—ঊর্দ্ধপুষ্পহেতোঃ—উচ্চশাখাগতকুসুমচয়নার্থং অমুং রমাং মনোরমাং শ্রীরাধাং ভুজাভ্যাং প্রসভমিব বলাৎকারমিব মুহুঃ হৃদি বক্ষসি দধতং। বৃষভানুনন্দিনী কথম্ভূতা তত্রাহ সরুড়িব রোষান্বিতা ইব তদভীষ্টং শ্রীকৃষ্ণাভীষ্টং আপয়ন্তী নিরস্যন্তী। পুনঃ সখীভিঃ কীদৃশীভিঃ তদাহ সকলকলং কলেন সহিতমধুরং হসিতং বিতন্বতীভিঃ বিস্তারয়ন্তীভিঃ। পুনঃ কীদৃশং হরিং তত্রাহ

করিয়া দিতে আদেশ করিলে সখীগণ—মৃদুহাস্যযুক্তবাক্যে শ্রীকৃষ্ণকে বলিলেন, হে কৃষ্ণ! আমাদের সখী রাধারাণীর আজ্ঞা কেন অবিলম্বে পালন করিতেছনা। তখন শ্রীকৃষ্ণ—উচ্চশাখাগত কুসুমচয়ন করিবার নিমিত্ত মনোরমা প্রিয়তমাকে পুনঃ পুনঃ বল পূর্ব্বক নিজ ভুজযুগল দ্বারা হৃদয় মধ্যে ধারণ করিয়া ঊর্দ্ধগতা করিলে শ্রীরাধা রোষান্বিতা হইয়াই যেন শ্রীকৃষ্ণের ইচ্ছার প্রতিকূল আচরণ করিতে লাগিলেন, তখন সখীগণ কল কল হাস্য করিতে লাগিলেন। এবং শ্রীকৃষ্ণ—কুসুমচয়ন ছল করিয়া

Digitized at BRCindia.com

স্বকুসুমচয়কূটমীক্ষয়ন্তং
স্বয়মপি তন্তুলিতং নিচায়য়ন্তী।
বিবিধমততয়া প্রহাসভেদা-
চ্ছলমপি সত্যমপি প্রজল্পিনীভিঃ॥ ১২৫॥
কুসুমবিরচনাময়ং কলাপং
বিদধতমাশু চ তং পৃথক্ সৃজন্তী।
স্তুতিমস্তুতিমপি দ্বয়েঽপি তস্মিন্
সমিষবচঃ প্রচয়েন তন্বতীভিঃ॥ ১২৬॥

স্বকুসুমচয়কূটং কুসুমচয়নমেব ছলং যস্য স তং ঈক্ষয়ন্তং দর্শয়ন্তং। সা কীদৃশী—স্বয়মপি রাধা তং তুলিতং উপমিতং নিচায়য়ন্তী অবলোকয়ন্তী। তাভিঃ কীদৃশাভিঃ তত্রাহ বিবিধমততয়া নানাবিধমতানুসারেণ প্রহাসভেদাৎ হাস্যভেদাৎ ছলমপি সত্যমপি কিয়চ্ছলকিয়ৎসত্যবাক্যসংযুক্তং প্রজল্পিনীভিঃ বাদিনীভিঃ। পুনঃ কীদৃশং হরিং কুসুমবিরচনাময়ং পুষ্পৈর্বিবিধরচনাময়ং কলাপং ভূষণং বিদধতং কুর্বন্তং। সা কীদৃশী তত্রাহ, সা চ তং কুসুমবিরচনাময়ং ভূষণং পৃথক্ সৃজন্তী বিবিধহারমুকুটকুণ্ডলবলয়পদকাদিবিচিত্ররচনাং সৃজন্তী। সখীভিঃ কীদৃশাভিঃ তত্রাহ সমিষবচঃপ্রচয়েন ছলযুক্তবাক্য-

দেখিতে লাগিলেন যে শ্রীরাধা তাহাকে তুলিত বলিয়া দেখিতে লাগিলেন এবং সখীগণ নানাবিধ মতানুগত প্রযুক্ত ও নানাপ্রকার হাস্যভেদ নিবন্ধন যথার্থ ও অযথার্থ বাক্য প্রয়োগ করিতে লাগিলেন অর্থাৎ কোন কোন বাক্য সত্য ও কোন কোন ছল বাক্য প্রয়োগ করিতে লাগিলেন। তখন শ্রীকৃষ্ণ—পুষ্প দ্বারা নানাপ্রকার ভূষণ নির্ম্মাণ করিতে লাগিলে, শ্রীরাধাও কুসুম দ্বারা বিবিধ হার মুকুটকুণ্ডল বলয় পদকাদি পৃথক্ ভাবে নির্ম্মাণ করিতে লাগিলেন তাহা দেখিয়াই যেন সখীগণ ছলময়বাক্যে উভয়ের প্রতি প্রশংসা ও অনাদর

Digitized at BRCindia.com

স্বরচিততদলঙ্ক্রিয়াং স্তুবানং
স্বরচিততত্তদলঙ্কৃতিং স্তুবানা।
নিজকৃতিজনিতা মহত্ত্ববুদ্ধিঃ
প্রকৃতিরিহেতি বিহস্য বাদিনীভিঃ॥ ১২৭॥
বশমকৃত গুণক্রিয়াঙ্গভাব-
প্রভৃতিভিরত্র চ পশ্য চিত্ত! চিত্রং।
বহতি পতিরধীনভর্তৃকাজ্ঞাং
রচয়তি কর্ম্ম বিনাপি তাং স তস্যাঃ॥ ১২৮॥

---

সমূহেন তস্মিন্ ষরে শ্রীরাধাকৃষ্ণযুগলে স্তুতিং বিনয়ং অস্তুতিং অবিনয়ং তন্বতীভিঃ। পুনঃ কীদৃশং হরিং স্বরচিততদলঙ্ক্রিয়াং নিজনির্ম্মিততদ্ভূষণং স্তুবানং প্রশংসয়ন্তং। সা কীদৃশী? স্বরচিততদলঙ্কৃতিং স্তুবানা। কীদৃশীভিঃ সখীভিঃ তত্রাহ নিজকৃতিজনিতা নিজকার্য্যে উৎপন্না মহত্ত্ববুদ্ধিঃ ইহ সংসারে সর্ব্বেষামেব প্রকৃতিঃ স্বভাবঃ নিজনিজকার্য্যে মহত্ত্বজ্ঞানং প্রকৃতিসিদ্ধং সর্ব্বেষামিতি ভাবঃ ইতি বিহস্য বাদিনীভিঃ॥ অত্র চিত্রং কিং তত্রাহ—তাং অধীনভর্তৃকাজ্ঞাং বিনাপি তস্যাঃ রাধায়াঃ কর্ম্ম রচয়তি॥ ১২১—১২৮॥

---

প্রকাশ করিতে লাগিলেন। তচ্ছ্রবণেই যেন শ্রীকৃষ্ণ—স্বরচিত সেই অলঙ্কার গুলি বহু বহু প্রশংসা করিতে লাগিলে শ্রীরাধাও নিজের গ্রথিত ভূষণ সমূহকে নানারূপে শ্লাঘা করিতে লাগিলেন তখন ললিতাদি সখীগণ হাসিতে হাসিতে বলিলেন এ সংসারে নিজ নিজ কার্য্যকৌশলকে উত্তম বলিয়া সকলেই ভূরি ভূরি প্রশংসা করিয়া থাকে ইহা জনসাধারণের স্বভাবসিদ্ধ। যাই হউক হে মন এই রূপে পতি অধিন ভর্তৃকার আজ্ঞা পালন করিতেছেন, শ্রীকৃষ্ণ, আজ্ঞা ব্যতিরেকও শ্রীরাধার কর্ম্ম করিতেছেন ইহাই অতি আশ্চর্য্য॥ ১২১—১২৮॥

Digitized at BRCindia.com

হরিরিহ জনয়ন্ বসন্তরাগং
হরিবনিতা নিকরশ্চ সুষ্ঠু পুষ্টম্।
অভিনয়ময়নৃত্যতালজুষ্ট-
স্বাতিবশিতঃ স্ববশীচকার বিশ্বম্ ॥ ১২৯ ॥
ইতি বহুবিধখেলয়া রজন্যাঃ
প্রশমমিব প্রতিপদ্য নাগরেন্দ্রঃ।
সুরভিকুসুমবৃক্ষবাটিকান্তঃ-
ক্ষণশয়নক্ষণমাপ কান্তয়া সঃ ॥ ১৩০ ॥

---

হরিঃ সর্ব্বমনোহরঃ শ্রীকৃষ্ণঃ ইহ বসন্তরাগং স্বনামপ্রসিদ্ধরাগং জনয়ন্ বিশ্বং স্ববশীচকার। কিন্তু তং হরিবনিতানিকরশ্চ শ্রীকৃষ্ণকান্তাসমূহশ্চ সুষ্ঠু পুষ্টং পুনশ্চ অভিনয়ময়নৃত্যতালজুষ্টং ॥ ১২৯॥

স নাগরেন্দ্রঃ শ্রীকৃষ্ণঃ ইতি এবম্প্রকারেণ বহুবিধখেলয়া নানাপ্রকারলীলয়া রজন্যাঃ প্রশমং উপশমং গতপ্রায়মিব ইতি যাবৎ প্রতিপদ্য প্রাপ্য কান্তয়া শ্রীরাধয়া সহ সুরভিকুসুমবৃক্ষবাটিকান্তঃ ক্ষণশয়নক্ষণং সুগন্ধপুষ্পবৃক্ষবাটিকা মধ্যে ক্ষণকালং শয়নসুখং আপ ॥ ১৩০ ॥

---

এইস্থলে শ্রীকৃষ্ণ বসন্ত রাগ উৎপাদন অর্থাৎ আলাপ করিয়া নিখিল বিশ্বকে স্ববশবর্ত্তী অর্থাৎ মুগ্ধ করিতে লাগিলেন। কৃষ্ণকান্তাগণও ঐ রাগকে আলাপাদি দ্বারা পরিতুষ্ট করিতে লাগিলেন এবং তাহা অভিনয়ময় নৃত্য তাল যুক্ত ছিল। ১২৯ ॥

সেই নাগরেন্দ্র শ্রীকৃষ্ণ এই প্রকার বহুবিধ খেলাতে রজনী প্রায় অবসন্না মনে করিয়া প্রিয়া সহিত সুরভিত পুষ্পবাটিকায় ক্ষণকাল শয়ন সুখ প্রাপ্ত হইলেন ॥ ১৩০ ॥

Digitized at BRCindia.com

মণিময়বরচত্বরস্য শয্যা-
মনু কুসুমানিললীলয়া সুসেবঃ।
পরমতমসখীভিরস্যমান-
ভ্রমরততিঃ সসুখঃ সসুখশ্চকার ॥ ১৩১ ॥

ইতি সর্ব্বর্ত্তুলীলা সমাপ্তা।

মণিময়বরচত্বরস্ত শয্যামনু প্রতি কুসুমানিললীলয়া কুসুমসংপৃক্তপবন-লীলয়া সুসেবঃ সুখসেবঃ পরমতমসখীভিঃ প্রিয়তমসখীভিঃ অস্যমানা ভ্রমরততিঃ যস্য সঃ সসুখঃ সুখেন সহ বর্ত্তমানঃ শ্রীকৃষ্ণঃ সুখং চকার সখীজনান্ ইতি শেষঃ ॥ ১৩১ ॥

ইতি সর্ব্বর্ত্তুলীলায়াঃ বোধিনী সমাপ্তা।

মণিময় প্রশস্ত চত্বরস্থিত শয্যাতে শয়ন করিলে কুসুম সৌরভান্বিত মৃদু মৃদু পবন দ্বারা সুখে সেবিত হইতে লাগিলেন। তখন ভ্রমর কুল মধুলোভে শ্রীকৃষ্ণের মুখকমলাদিতে পুনঃ পুনঃ পতিত হইতে লাগিল দেখিয়া প্রিয়তমা সখীগণ কর্ত্তৃক সেই ভ্রমর শ্রেণী বিতাড়িত হইতে লাগিল, তখন শ্রীকৃষ্ণ পরমানন্দ সংকারে সকলের সুখবিস্তার করিতে লাগিলেন ॥ ১৩১ ॥

ইতি সর্ব্বর্ত্তুলীলার অনুবাদ সমাপ্ত ॥

Digitized at BRCindia.com

অথ ফলনিষ্পত্তিঃ।

ঘোষে স্বপ্রেমকোষে পিতৃমুখসুখদস্বীয়বৃন্দেন দীব্যন্
কংসেন প্রেরিতেভ্যস্তমতিভয়ময়ং বীক্ষ্য নিঘ্নন্ মুহুস্তান্।
হন্তুং তেষামপশ্যন্নধিমধুপুরি তং হন্তুমঞ্চন্ সবৃন্দং
হত্বা তং ঘোষমাগাত্তদতুলসুখকৃদ্ যঃ সদা তং ভজামি ॥১

যঃ শ্রীকৃষ্ণঃ স্বপ্রেমকোষে স্বীয়প্রেমভাণ্ডারস্বরূপে ঘোষে ব্রজে পিতৃমুখসুখদস্বীয়বৃন্দেন পিতৃপ্রভৃতিসুখপ্রদনিজগণেন সহ দীব্যন্ ক্রীড়ন্ কংসেন প্রেরিতেভ্যঃ পূতনাদিভ্যঃ অতিভয়ময়ং অতিশয়ভয়যুক্তং তং ঘোষং ঘোষস্থসর্ব্বমিতিযাবৎ বীক্ষ্য মুহুঃ তান্ পূতনাদীন্ নিঘ্নন্ নশ্যন্ তেষাং দৈত্যানাং হন্তুং হনধাতুতুপ্রত্যয়ঃ মৃত্যুং অপশ্যন্ ন পশ্যন্ সমূলনাশং অপশ্যন্নিত্যর্থঃ, সবৃন্দং গণসহিতং তং কংসং হন্তুং অধিমধুপুরি অঞ্চন্ গচ্ছন্ তং কংসং হত্বা ঘোষমাগাৎ আগমৎ, তৎ তস্মাৎ অতুলসুখকৃৎ নিরুপমসুখকরঃ তং কৃষ্ণং সদা ভজামি অহমিতি শেষঃ ॥ ১ ॥

যিনি স্বীয় প্রেমাগার স্বরূপ ব্রজধামে পিতা মাতা সখা সখী ও দাস দাসী প্রভৃতি স্বীয় ভক্তগণের সহিত পরমানন্দে ক্রীড়া করতঃ কংসপ্রেরিত পূতনাদি হইতে সেই ব্রজস্থ প্রাণিমাত্রকে অতিশয় ভয়যুক্ত দেখিয়া পূতনাদি শত্রু বিনাশ করিয়াও তাহাদিগের সমূলে বিনাশ দেখিতে না পাইয়া সেই সানুচর কংসকে বিনাশ করিবার নিমিত্ত মধুপুরি গমন পূর্ব্বক তথায় তাহাকে নিধন করিয়া পুনর্ব্বার যথা সময়ে ব্রজধামে আগমন করিয়াছিলেন সেই নিরুপম সুখপ্রদ শ্রীগোবিন্দকে আমি নিরন্তর ভজনা করি ॥ ১ ॥

Digitized at BRCindia.com

রাধাদ্যাঃ কৃষ্ণকান্তাঃ স্বয়মবতরণং কৃষ্ণবৎ প্রাপ্য লীলা,
শক্ত্যা বিস্মৃত্য নিত্যাং স্থিতিমপরতয়া জ্ঞাতকৃষ্ণাস্তথাপি।
রাগাদস্পষ্টকৃষ্ণশ্রয়ণসুখরতাঃ প্রান্ততঃ কৃষ্ণমেব
স্পষ্টং জগ্মুঃ স্বকান্তং তমতিসুখসুধাসিন্ধুমগ্নান্তরাঃ স্মঃ ॥২

রাধাদ্যাঃ কৃষ্ণকান্তাঃ শ্রীকৃষ্ণস্য নিত্যকান্তাঃ স্বয়ং কৃষ্ণবৎ অবতরণং প্রাপ্য গোলোকাদিতি শেষঃ, লীলাশক্ত্যা নিত্যাং স্থিতিং বিস্মৃত্য তথাপি অপরতয়া ন পরতয়া জ্ঞাতকৃষ্ণাঃ কৃষ্ণমেব স্বপতিত্বেন জ্ঞাতাঃ তথাপি অত্রৈবান্বয়ঃ তথাপি রাগাৎ পূর্ব্বানুরাগাৎ অস্পষ্টকৃষ্ণশ্রয়ণসুখরতাঃ গুপ্তভাবেন কৃষ্ণাশ্রয়-সুখে রতাঃ প্রান্ততঃ অন্তে তং কৃষ্ণমেব স্বকান্তং স্পষ্টং জগ্মুঃ অতঃ অতিসুখ-সুধাসিন্ধুমগ্নান্তরাঃ স্মঃ। অথবা রাধাদ্যাঃ শ্রীবৃষভানুনন্দিনীপ্রভৃতয়ঃ কৃষ্ণ-কান্তাঃ শ্রীকৃষ্ণপ্রিয়াঃ কৃষ্ণবৎ যথা কৃষ্ণঃ তথা স্বয়ং নতু অন্যেন বিধিনা বা অব-তরণং আবির্ভাবং প্রাপ্য লীলাশক্ত্যা যয়া সর্ব্বলীলা ভবতি তয়া শক্ত্যা নিত্যাং স্থিতিং স্বতঃনিত্যবিদ্যমানতাং বিস্মৃত্য অপরতয়া উপপতিত্বেন জ্ঞাতকৃষ্ণাঃ জ্ঞাতঃ বিদিতঃ কৃষ্ণঃ যাভিঃ তাঃ তথোক্তাঃ তথাপি যদ্যপি উপপতিত্বেন জ্ঞাতাঃ তথাপি রাগাৎ অনুরাগাৎ অস্পষ্টকৃষ্ণশ্রয়ণসুখরতা অপরিস্ফুট-ভাবেন কৃষ্ণাবলম্বনসুখে রতাঃ আসক্তাঃ প্রথমত ইতি শেষঃ, প্রান্ততঃ শেষতঃ তং কৃষ্ণমেব স্বকান্তং স্বপতিং স্পষ্টং স্ফুটং জগ্মুঃ প্রাপুঃ। প্রথমতঃ পরকীয়ভাবাস্বাদনরূপস্বেচ্ছয়া লীলাশক্ত্যা কৃষ্ণং উপপতিত্বেন মন্যন্তে স্ম, রসসারত্বাৎ ইতি ভাবঃ। পরতস্তু পরিণয়বিধিনা কৃষ্ণমেব স্বপতিত্বেন জানন্তি স্ম। পরকীয়ভাবমাত্রমত্র জ্ঞেয়ং, বস্তুতঃ তাভিঃ সহ তস্য স্বকীয়ত্বং "গোপ্যস্তু স্বকীয়া ভাবস্তু পরকীয়এব" ইতি বচনমপি নাবজ্ঞেয়ং, কেবলপরকীয়-বাদিমতমনেনৈব নিরস্তমিতি। অতঃ অতি সুখসুধাসিন্ধুমগ্নান্তরাঃ— অতিশয়-সুখসুধাসাগরেনিমগ্নমানসাঃ স্মঃ বয়মিতি শেষঃ ॥ ২ ॥

শ্রীরাধাদি কৃষ্ণকান্তাগণ শ্রীকৃষ্ণের ন্যায় স্বয়ং আবির্ভূত হইয়া লীলাশক্তি দ্বারা স্ব স্ব নিত্য বিদ্যমানতা বিস্মৃত হইয়াছিলেন বলিয়া প্রথমতঃ শ্রীকৃষ্ণকে উপপতি জ্ঞান করিয়াছিলেন অতএব অনুরাগ বশতঃ অস্ফুটরূপে (অপ্রকাশ্যে)

Digitized at BRCindia.com

হং হো সৌখ্যং সুরদ্বিট্কটুকটকঘটপ্রেষ্ঠকংসাদিদুষ্টান্
হত্বা তৎক্লিষ্টচিত্তাং পিতৃমুখজনতাং নির্বৃতাং সুষ্ঠু চক্রে।
কিঞ্চান্যঃ স্বপ্রিয়াণাং পতিরিতি বহিরখ্যাতিদুঃখানি হৃত্বা
তত্তদ্বিশ্লেষপীড়াচ্ছিদয়মতিজগদ্দৃষ্টিগোষ্ঠে বিভাতি ॥ ৩

হং হো সৌখ্যং সুরবিট্কটুকটকঘটশ্রেষ্ঠকংসাদিদুষ্টান্ দেবগণশত্রুগ্রসৈনাসমূহানাং প্রিয়তমকংসাদিদুষ্টান্ হত্বা তৎক্লিষ্টচিত্তাং কংসাদিভিঃ কষ্টপ্রাপ্তচিত্তাং পিতৃমুখজনতাং পিত্রাদিজনসমূহং নির্বৃতাং সন্তুষ্টাং সুষ্ঠু যথা স্যাত্তথা চক্রে। কিঞ্চ স্বপ্রিয়াণাং স্বস্য প্রিয়াণাং শ্রীরাধাদীনাং অন্যঃ স্বাতিরিক্তঃ পতিঃ ভর্ত্তা অস্তি ইতি বহিরখ্যাতিদুঃখানি বহিরপবাদদুঃখানি হৃত্বা তত্তদ্বিশ্লেষপীড়াচ্ছিদ্ তত্তদ্বিচ্ছেদদুঃখহারী অয়ং শ্রীকৃষ্ণঃ অতিজগদ্দৃষ্টিগোষ্ঠে জগতাং অদৃশ্যভূতে গোষ্ঠে ইত্যর্থঃ বিভাতি বর্ত্তমানপ্রয়োগত্বাৎ সদা শোভতে ॥ ৩ ॥

কৃষ্ণাবলম্বনের সুখে আসক্তা হইয়া পরে কৃষ্ণকেই স্পষ্টতঃ স্বীয় পতি বলিয়া জানিয়া ছিলেন তাহাতে আমাদিগের মন অতিশয় সুখসুধাসাগরে নিমগ্ন হইয়াছে ॥ ২ ॥

আহা কি আশ্চর্য্য সুখের বিষয়, এই শ্রীকৃষ্ণ, দেবশত্রু উগ্রসৈন্যগণের প্রিয়তম কংসাদি দুষ্টসকলকে নিধন করিয়া তৎকর্ত্তৃক ক্লিষ্টচিত্ত পিতা মাতা প্রভৃতি জন সাধারণকে আনন্দিত করিয়াছেন। এবং "নিজের কান্তাগণের অন্যপতি অর্থাৎ স্বীয়প্রিয়াগণ অপর অভিমন্যু প্রভৃতি কর্ত্তৃক পাণিগৃহীতা হইয়াছেন" এই বহির্ম্মুখ লোকাপবাদরূপ দুঃখচয় নিরাশ করিয়া অর্থাৎ নিজেই তাহাদিগের পতি হইয়া তত্তৎ বিচ্ছেদ দুঃখ হরণ পূর্ব্বক মায়িক জগতের অদৃষ্ট গোচর এই গোষ্ঠে অর্থাৎ শ্রীবৃন্দাবনে সদা বিরাজ করিতেছেন ॥ ৩ ॥



Digitized at BRCindia.com

প্রাতর্মাতুঃ সহস্তাদশনসুখকৃতী লব্ধতাতাদ্যনুজ্ঞঃ
শ্রীরামাদিপ্রসক্তঃ সুরভিগণশতং পালয়ন্ মোদযুক্তঃ ।
সন্ধ্যায়াং গোপগোপীসুখদগৃহগতিঃ সানুরাগং ক্ষপায়া-
স্তত্তদ্দীব্যদ্বিহারঃ স্ফুরতু তব মনঃ ! সর্ব্বদা কৃষ্ণচন্দ্রঃ ॥ ৪
জন্মাদ্যং স্বীয়বৃত্তং কবিভরতকলাচিত্রযোগেন দৃশ্য-
প্রায়ং তন্বন্ সভায়াং রহসি তু দয়িতাপূর্ব্বরাগাদ্যুদন্তং ।

বর্ণিতনিত্যলীলাং সংক্ষেপতঃ বর্ণয়ন্নাহ প্রাতরিতি। হেমনঃ! প্রাতঃ প্রভাতে মাতুঃ শ্রীযশোদায়াঃ সহস্তাদশনসুখকৃতী লব্ধতাতাদ্যনুজ্ঞঃ পিত্রাদ্যনুমতিং প্রাপ্তঃ, ততঃ শ্রীরামাদিপ্রসক্তঃ শ্রীযুক্তাগ্রজবলরামপ্রভৃতিসংলগ্নঃ, মোদযুক্তঃ আনন্দিতঃ সন্ সুরভিগণশতং অগণিতধেনুবৃন্দং পালয়ন্ চারয়ন্ সন্ধ্যায়াং রজনীমুখে গোপগোপীসুখদগৃহগতিঃ গোপানাং গোপীনাং সুখপ্রদভবনগতিঃ ক্ষপায়াং রাত্র্যাং সানুরাগং তত্তদ্দীব্যদ্বিহারঃ পূর্ব্বোক্তবনভ্রমণাদিরূপবিহারঃ এতাদৃশঃ কৃষ্ণচন্দ্রঃ সর্ব্বদা অহর্নিশং তব স্ফুরতু ॥ ৪ ॥

সভায়াং জন্মাদ্যং স্বীয়বৃত্তং নিজলীলাং কবিভরতকলাচিত্রযোগেন কবিশ্চ কবীনাং কবিত্বং ভরতকলা ভরতমুনিকৃতনাটকাভিনয়শ্চ চিত্রযোগশ্চ লীলানাং চিত্রং তেষাং সমাহারঃ তেন দৃশ্যপ্রায়ং তন্বন্ রহসিতু

হে মনঃ! যিনি প্রভাতে জননীর স্বহস্ত নির্ম্মিত ভোজ্য দ্রব্য ভোজন করিয়া পিতা মাতা প্রভৃতির আদেশানুসারে শ্রীরাম প্রভৃতি সখাগণের সহিত মিলিত হইয়া পরমানন্দে অসঙ্খ্য ধেনুগণ চারণ করিয়া থাকেন ও সন্ধ্যার সময় গোপ গোপীগণের সুখপ্রদ গৃহে গমন পূর্ব্বক তাহাদিগের পরম প্রীত্যুৎপাদন করিয়া থাকেন এবং রজনীযোগে পরমানুরাগে প্রিয়াগণের সহিত বন ভ্রমণাদি বিহার করিয়াথাকেন। সেই শ্রীকৃষ্ণচন্দ্র সর্ব্বদা তোমার স্ফূর্ত্তি হউন অর্থাৎ তুমি তাহাকে সর্ব্বদা দর্শন বা স্মরণ কর ॥ ৪ ॥

যিনি সভামধ্যে কবিবর্ণিত বা স্বীয় ভরতমুনিকৃত নাটকাভিনয় ও লীলার চিত্রাদিদ্বারা জন্মাদি নিজলীলা এবং নিভৃতে প্রিয়াদিগের পূর্ব্বানুরাগ প্রভৃতি

Digitized at BRCindia.com

বর্গং তত্তন্নিসর্গং নিজমনু বিজয়ী সর্ব্বসাৎ পর্ব্ব কুর্ব্বন্
দীব্যাদীব্যক্রিয়াভির্বিহরণকুতুকী নন্দতান্নন্দসূনুঃ ॥ ৫ ॥
যঃ শ্রীপর্য্যন্তযাচ্যান্বিতিরিহ পশুপশ্রেণিবন্ধুর্যশোদা-
নন্দস্বীয়াঙ্গজাতঃ সুবলমুখসখঃ কিঞ্চ রাধাদিকান্তঃ।
স শ্রীগোপালনামা সুরভিকুলমহঃ পালয়ন্ দিব্যকেলি-
র্নক্তং রাসাদিলীলাললিততমগতিঃ সর্ব্বদা স্যাদ্‌গতির্নঃ ॥ ৬

নিভৃতে দয়িতাপূর্ব্বরাগাচ্ছাদকং প্রিয়াণাং পূর্ব্বানুরাগাচ্ছাদকং চ দৃশ্যাপায়ং তন্বন্ তত্তন্নিসর্গং তত্তৎস্বভাবযুক্তং দাস্যসখ্যবাৎসল্যমধুরময়মিতি যাবৎ নিজং বর্গং পরিজনমনু সর্ব্বসাৎ পর্ব্ব উৎসবং কুর্ব্বন্ দীব্যাদীব্যক্রিয়াভিঃ লৌকিকালৌকিকক্রিয়াভিঃ বিহরণকুতুকী বিজয়ী সর্ব্বজেতা নন্দসূনুঃ শ্রীনন্দনন্দনঃ নন্দতাৎ নন্দতু ॥ ৫ ॥

ইহ শ্রীগোকুলে যঃ শ্রীপর্য্যন্তযাচ্যান্বিতিঃ শ্রীপর্য্যন্তৈঃ লক্ষ্মীপর্য্যন্তৈঃ যাচ্যা প্রার্থনীয়া অন্বিতিঃ অনুগমনং যস্য সঃ অর্থাৎ লক্ষ্মী ব্রজবাসার্থং রাসদর্শনার্থং বা তপো অতপ্যত, ব্রহ্মোদ্ধবাদয়ঃ গুল্মলতাদৌ কথঞ্চিৎ জননপ্রার্থনাং চক্রুঃ ইত্যাদ্যনুসন্ধেয়ং। পশুপশ্রেণিবন্ধুঃ গোপগণানাং বন্ধুঃ যশোদানন্দস্বীয়াঙ্গজাতঃ শ্রীযশোদানন্দাত্মজঃ, সুবলমুখসখঃ সুবলাদীনাং সখা রাধাদিকান্তঃ দিব্যকেলিঃ অপ্রাকৃতক্রিয়াশীলঃ স শ্রীগোপালনামা অহঃ দিবসং ব্যাপ্য সুরভিকুলং গোসমূহং পালয়ন্ নক্তং ব্যাপ্য রাসাদিলীলাললিততমগতিঃ

দৃশ্যপ্রায় বিস্তার করত দাস্য, সখ্য, বাৎসল্যময় নিজ পরিকরগণের পরম প্রীতি উৎসব বিধান পূর্ব্বক লৌকিক বা ও অলৌকিক বিবিধ ক্রিয়াদ্বারা নিরন্তর বিহার করিয়া আনন্দিত থাকেন সেই সর্ব্ববিজয়ী শ্রীনন্দনন্দন শ্রীকৃষ্ণ আনন্দিত হউন ॥ ৫ ॥

লক্ষ্মীদেবী পর্য্যন্ত দেব দেবীগণ যাহার অনুগমন প্রার্থনা মাত্র করিয়া থাকেন কিন্তু প্রাপ্ত হয়েন না এবং যিনি গোপ সকলের পরমবন্ধু, শ্রীনন্দযশোদার স্বীয় অঙ্গজাত, সুবলাদির সখা ও রাধাদি ব্রজাঙ্গনাগণের কান্ত, সেই দিব্য

Digitized at BRCindia.com

শ্রীমদ্বৃন্দাবনেন্দো র্মধুপখগমৃগাঃ শ্রেণিলোকা দ্বিজাতা
দাসা লাল্যাঃ সুরভ্যঃ সহচরহলভৃত্তাতমাত্রাদিবর্গাঃ।
প্রেয়স্যস্তাসু রাধাপ্রমুখবরদৃশা শ্চেতি বৃন্দং যথোর্দ্ধং
তদ্রূপালোকতৃষ্ণক্ প্রমদমনুদিনং হন্ত! পশ্যাম কর্হি ॥৭॥

---

রাসাদিলীলায়াং মনোহরগতিঃ যস্য সঃ এতাদৃশঃ স শ্রীকৃষ্ণঃ সর্ব্বদা নঃ অস্মাকং গতিঃ স্যাৎ ভবেৎ ॥ ৬ ॥

শ্রীমদ্বৃন্দাবনেন্দোঃ শ্রীবৃন্দাবনচন্দ্রস্য শ্রীকৃষ্ণস্য মধুপখগমৃগাঃ মধুপাঃ ভ্রমরাশ্চ খগাঃ কোকিলময়ূরশুকশারিকাদয়শ্চ মৃগাঃ হরিণাদয়শ্চ, শ্রেণিলোকাঃ সমানব্যবসায়িজনাঃ অর্থাৎ স্বর্ণকারমালাকারশিল্পকারচিত্রকারাদয়ঃ, দ্বিজাতাঃ পুরোহিতাদি ব্রাহ্মণাঃ, দাসাঃ ভৃত্যাঃ, লাল্যঃ লালনাৎ বালকাদয়ঃ, সুরভ্যঃ, সহচরহলভৃত্তাতমাত্রাদিবর্গাঃ, প্রেয়স্যঃ কান্তাঃ তাসু প্রেয়সীষু রাধাপ্রমুখবরদৃশাঃ শ্রীরাধাপ্রভৃতিসুলোচনাঃ ইতি যথোর্দ্ধং বৃন্দং ভবতি তদ্রূপালোকতৃষ্ণক্ তেষাং রূপদর্শনাভিলাষী কর্হি কদা অনুদিনং প্রতিদিনং প্রমদং যথা স্যাত্তথা পশ্যাম ॥ ৭ ॥

---

লীলাশালি শ্রীকৃষ্ণ দিবসে সুরভি পালন করিয়া রাত্রিতে রাসাদি লীলায় মনোহর গমন করিয়া থাকেন তিনি সর্ব্বদা আমাদিগের গতি হউন ॥ ৬ ॥

ভ্রমর, ময়ূর কোকিল ও শুকাদি পক্ষী, মৃগ প্রভৃতি বনজন্তু,সমান ব্যবসায়ী অর্থাৎ স্বর্ণকার, মালাকার, ও শিল্পকারাদি জন, পুরোহিতাদি ব্রাহ্মণ, দাস, দাসী, সুরভি বৃন্দ, কিঙ্করাদি বালকগণ, সখাগণ, বলরাম, পিতা মাতাদি গুরুবর্গ এবং প্রেয়সী সকল, তন্মধ্যে রাধাদি সুলোচনাগণ ইহারা সকলে শ্রীবৃন্দাবনচন্দ্রের পরিকর। আহা! ইহাদিগের দর্শনাভিলাষী হইয়া আমি কতদিনে প্রতিদিন ইহাদিগকে দর্শন করিব ॥ ৭ ॥

Digitized at BRCindia.com

শশ্বদ্ধ্যায়তি দূরগস্থিতি মিথঃ সূক্ষ্মপ্রথক্ষায়তি
প্রাজ্যান্তর্গতমাত্তনর্ম্ম তু সখীমধ্যস্থিতং পশ্যতি।
রাধামাধবনামধেয়মিথুনং বিঘ্নানতীত্যামিতান্
দাম্পত্যে স্থিতমত্র বা যদি রহঃ প্রাপ্তং তদা কিং পুনঃ ॥৮॥
রাধাকৃষ্ণযুগং মুহুর্বিঘটনামুত্তার্য্য দাম্পত্যভাক্
প্রত্যেকান্তমুপস্রমেকতরগস্বাপান্তরন্তর্ম্মিথঃ।

রাধামাধবনামধেয়মিথুনং শ্রীরাধাকৃষ্ণাখ্যযুগলং অমিতান্ অপরিমিতান্ বিঘ্নান্ অতীত্য অতিক্রম্য দাম্পত্যে স্থিতং অভূৎ অত্র ব্রজে যদি রহঃ প্রাপ্তং নিভৃতে লব্ধং স্যাৎ তদা পুনঃ কিং? নান্যৎ প্রার্থয়ে ইতি ভাবঃ। কিম্ভূতং মিথঃ পরস্পরং দূরগস্থিতি দূরাবস্থানং সৎ শশ্বৎ নিরন্তরং ধ্যায়তি চিন্তয়তি, সূক্ষ্মপ্রথং চায়তি। প্রাজ্যান্তর্গতং বহুবিধজনান্তর্গতং সৎ আত্তনর্ম্ম গৃহীতনর্ম্ম সৎ সখী-মধ্যস্থিতং সৎ পশ্যতি ॥ ৮ ॥

রাধাকৃষ্ণযুগং মুহুর্বিঘটনাং পুনঃ পুনঃ দুর্ঘটনাং উত্তার্য্য দাম্পত্যভাক্ দাম্পত্যং ভজতীতি তৎ মিথঃ পরস্পরং একতরগস্বাপান্তরন্তঃ রাধাকৃষ্ণয়োঃ

শ্রীরাধামাধবযুগল—অপরিমিত বিঘ্নরাশি অতিক্রম করিয়া দাম্পত্য প্রণয়ে অবস্থিত হইয়াছেন, উক্তযুগল—দূরবস্থিতি সময়ে অবিরত পরস্পর পরস্পরকে ভাবনা করিয়াথাকেন, কোন সময়ে গবাক্ষ দ্বারা উভয়ে উভয়কে দর্শন করিয়া থাকেন এবং যখন গুরুজন প্রভৃতি সাধারণ জনমধ্যে বিরাজ করেন তখন ছলক্রমে সখীগণের মধ্যস্থিত হইয়া পরস্পর পরস্পরকে অবলোকন করিয়া থাকেন। আহা! এই বৃন্দাবনমধ্যে আমি যদি এতাদৃশ শ্রীরাধামাধব যুগলকে নিভৃতে প্রাপ্ত হই তাহা হইলে আর অন্য প্রার্থনায় কি রহিল অর্থাৎ আর কিছুই প্রার্থনা করিনা ॥ ৮ ॥

শ্রীরাধাকৃষ্ণ যুগল—পরস্পর মুহুর্মুহুঃ আপতিত দুর্ঘটনা উত্তীর্ণ হইয়া দাম্পত্য

Digitized at BRCindia.com

বক্ত্রং পশ্যতি মাষ্টি লোচনপুটং নাসাগ্রমুদ্দণ্ডয়-
ন্নিংস্তে গণ্ডযুগং হৃদা হৃদি মিলল্লেলীয়তে শর্ম্মণি ॥ ৯ ॥
গৌরশ্যামরুচোজ্জ্বলাভিরমলৈরক্ষ্ণোর্বিলাসোৎসবৈ-
র্নৃত্যন্তীভিরশেষমাদনকলা বৈদগ্ধ্যদিগ্ধাত্মভিঃ ।

একতরস্থিততন্দ্রায়াঃ মধ্যে মধ্যে প্রত্যেকান্তং প্রত্যেকপর্য্যবসিতং উদস্রং নেত্রজলযুক্তং, বক্ত্রং বদনং পশ্যতি, লোচনপুটং মাষ্টি মার্জ্জনাং করোতি হস্তাভ্যামিতিশেষঃ নাসাগ্রং উদ্দণ্ডয়ৎ গণ্ডযুগং নিংস্তে চুম্বতি. হৃদা হৃদয়েন হৃদি হৃদয়ে মিলৎ সংলগ্নং সৎ শর্ম্মণি পরমসুখে লেলীয়তে ॥ ৯ ॥

রাধামাধবমাধুরীভিঃ শ্রীরাধাকৃষ্ণমাধুর্য্যৈঃ সদা মম চিত্তং অভিতঃ আক্রমতাং, কথম্ভূতাভিঃ গৌরশ্যামরুচোজ্জ্বলাভিঃ শ্রীরাধায়াঃ গৌরাঙ্গীত্বাৎ শ্রীকৃষ্ণস্ত শ্যামাঙ্গত্বাৎ গৌরকৃষ্ণকান্ত্যা উজ্জ্বলাভিঃ, অমলৈঃ নির্ম্মলৈঃ বিশুদ্ধৈরিতি যাবৎ অক্ষ্ণোঃ নয়নয়োঃ বিলাসোৎসবৈঃ নৃত্যন্তীভিঃ অশেষমাদনকলাবৈদগ্ধ্য-

প্রণয় ভজনা করিয়াছেন। আহা কখনও নিদ্রাবস্থায় মধ্যে ২ উভয়ে উভয়ের প্রেমাশ্রুক্লিন্ন বদন অবলোকন করিতে থাকেন, কখনও স্বহস্তে নয়নযুগল সম্মার্জ্জন করিয়াথাকেন কখনও বা নাসাগ্র প্রফুল্লিত করিয়া গণ্ডদ্বয় চুম্বন করিতে থাকেন কখনও হৃদয়ে হৃদয় সংলগ্ন করিয়া পরম সুখে মগ্ন হইয়া থাকেন ॥ ৯ ॥

শ্রীরাধামাধবের যেই মাধুরী—গৌর ও শ্যামকান্তি দ্বারা উজ্জ্বলিত অর্থাৎ রাধার মাধুরী—গৌর কান্তি দ্বারা ও মাধবের মাধুরী—শ্যামকান্তি দ্বারা পরম উজ্জ্বল এবং নেত্রদ্বয়ের বিমল বিলাসোৎসব দ্বারা নিয়ত নৃত্য পরায়ণ হইয়া অশেষ মাদন কলাদ্বারা বৈদগ্ধ্যযুক্ত ও পরস্পর প্রেমামৃতের

Digitized at BRCindia.com

অন্যোন্যপ্রিয়তা সুধাপরিমল স্তোমোন্মদাভিঃ সদা
রাধামাধবমাধুরীভিরভিতশ্চিত্তং সমাক্রাম্যতাং ॥ ১০ ॥

ইতি ফলনিষ্পত্তিঃ।

দিগ্ধাত্মভিঃ অন্যোন্যপ্রিয়তাসুধাপরিমলস্তোমোন্মদাভিঃ পরস্পরপ্রেমামৃত-পরিমলসমূহেন উন্মদাভিঃ ইতি বিশেষণানি যোজ্যানি ॥ ১০ ॥

পরিমল সমূহে উন্মত্ত হইয়া রহিয়াছে সেই মাধুরী সর্ব্বদা আমার চিত্তকে আক্রমণ করুক অর্থাৎ মদীয় চিত্তে নিরন্তর তাহা স্ফূর্ত্তি হউক ॥ ১০ ॥

Digitized at BRCindia.com

পূর্ণাঃ পুলিন্দ্য ইতি যা স্তুতা ব্রজরমাদিভিঃ।
ন বয়ং সাধ্বি! সাম্রাজ্যেতি শ্রেণীভর্দ্বারিকাস্ত্রিয়াং॥ ১॥
অনয়ারাধিতো নূনমিত্থং পূর্ব্বাভিরেব চ।
পুরাণে ক্কাপি বৈশিষ্ট্যসামান্যাদ্মেয়মুহ্যতে॥
রুক্মিণী দ্বারাবত্যাস্তু রাধা বৃন্দাবনে বনে॥ ইতি॥ ২॥

ব্রজরমাদিভিঃ ব্রজসুন্দরীভিঃ "পূর্ণাঃ পুলিন্দ্য" ইত্যাদিনা যা স্তুতা, তদুক্তং শ্রীদশমস্যৈকবিংশাধ্যায়ে গোপীগীতে তাঃ সাহঙ্কারমাহুঃ "পূর্ণাঃ পুলিন্দ্য উরুগায়পদাব্জরাগশ্রীকুঙ্কুমেন দয়িতাস্তনমণ্ডিতেন। তদ্দর্শনস্মররুজস্তৃণরূষিতেন লিম্পন্ত্য আননকুচেষু জহুস্তদাধিং" ইতি। দ্বারকাস্ত্রিয়াং দ্বারকামহিষীণাং শ্রেণিভিঃ ষোড়শসহস্রমহিষীশ্রেণীভিঃ "ন বয়ং সাধ্বি সাম্রে"তি স্তুতা, তদুক্তং শ্রীদশমস্য ত্র্যশীতিতমোঽধ্যায়ে শ্রীদ্রৌপদীং প্রতি মহিষীভিঃ—"ন বয়ং সাধ্বি! সাম্রাজ্যং স্বারাজ্যং ভৌজ্যমপ্যুত। বৈরাজ্যং পারমেষ্ঠ্যঞ্চ আনন্ত্যং বা হরেঃ পদং॥ কাময়ামহ এতস্য শ্রীমৎপাদরজঃ শ্রিয়ঃ। কুচকুঙ্কুমগন্ধাঢ্যং মূর্দ্ধ্না বোঢ়ুং গদাভৃতঃ। ব্রজস্ত্রিয়ো যদ্বাঞ্ছন্তি পুলিন্দ্যস্তৃণবীরুধঃ। গাবশ্চারয়তো গোপাঃ পাদস্পর্শং মহাত্মন" ইতি॥ ১॥

এবং পূর্ব্বাভিরেব "অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ। যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ। ইত্থং অনেন প্রকারেণ যা স্তুতা, পুরাণে ক্কাপি কুত্রাপি পুরাণে বৈশিষ্ট্যসামান্যাৎ বৈশিষ্ট্যৈকত্বপ্রযুক্তাৎ অর্থাৎ সর্ব্বা অপি বৈশিষ্ট্যা তাসু মধ্যে বৈশিষ্ট্যপ্রধানা ইত্যর্থঃ। ইয়ং শ্রীরাধা

ব্রজরমাগণ "পূর্ণাঃ পুলিন্দ্য" ইত্যাদি শ্লোকে, মহিষীগণ "ন বয়ং সাধ্বি সাম্রাজ্যং" ইত্যাদি শ্লোক দ্বারা অধিকন্তু ব্রজাঙ্গনাগণ "অনয়ারাধিতো নূনং" ইত্যাদি শ্লোকে যাহাকে সৌভাগ্যবতী বলিয়া স্তব করিয়াছেন সেই শ্রীরাধা কোনও পুরাণে বৈশিষ্ট্য সামান্য প্রযুক্ত অর্থাৎ বৈশিষ্ট্যের একত্ব রূপে তর্কিত

Digitized at BRCindia.com

তস্যাঃ কান্তঃ সদা কান্তঃ স স্যাদেকান্তভাগ্বশঃ।
যাবমূ মম চিত্তান্তর্ভূরুহস্নেহমূহতুঃ ॥ ৩ ॥
সদ্ভক্তেষ্বতুলং পিতৃব্যযুগলং কৃত্বা মদীয়াঙ্গতিং।
স্বং দাস্যং দিশদস্তি যৎ প্রভুযুগং তন্মে সদাস্তাং গতিঃ॥ ৪॥

ন উহ্যতে তর্ক্যতে তদেবাহ "রুক্মিণী দ্বারবত্যান্তু রাধা বৃন্দাবনে বনে" ইতি ॥ ২ ॥

তস্যাঃ শ্রীরাধায়াঃ স কান্তঃ শ্রীকৃষ্ণঃ সদা সর্ব্বদা কান্তঃ কমনীয়ঃ একান্তভাক্ নিভৃতপ্রাপ্তঃ বশঃ আয়ত্তঃ স্যাৎ ভবেৎ যৌ অমূ শ্রীরাধামাধবৌ মম চিত্তান্তর্ভূরুহঃস্নেহং চিত্তমধ্যে ভূরুহরূপস্নেহং প্রেমানন্দস্নেহং উহতুঃ বিস্তারয়ামাসতুঃ ॥ ৩ ॥

সদ্ভক্তেষু মধ্যে অতুলং নিরুপমং শ্রেষ্ঠমিতি যাবৎ পিতৃব্যযুগলং শ্রীরূপসনাতনদ্বয়ং মদীয়াং গতিং কৃত্বা স্বং দাস্যং দিশৎ আদিশৎ অস্তি বর্ত্ততে যৎ

হয় নাই যে হেতু কথিত আছে রুক্মিণী দ্বারাবতীতে শ্রেষ্ঠা, বৃন্দাবনে শ্রীরাধারাণী শ্রেষ্ঠা বলিয়া প্রসিদ্ধা হইয়াছেন ॥ ১—২ ॥

শ্রীরাধার কান্ত শ্রীকৃষ্ণ তিনি সর্ব্বদাই কান্ত অর্থাৎ কমনীয় বা শ্রীরাধার বাঞ্ছনীয় হইয়া একান্তগত ও তদায়ত্ত হইয়া থাকেন সেই শ্রীরাধামাধব আমার চিত্তমধ্যে প্রেমানন্দ বিস্তার করুন ॥ ৩ ॥

সদ্ভক্তগণের মধ্যে অতুলনীয় পিতৃব্যযুগল অর্থাৎ শ্রীরূপ সনাতন প্রভুদ্বয় মদীয় গতি নির্দ্ধারণ পূর্ব্ব স্বদাস্য উপদেশ করিয়া থাকেন তাঁহারা নিয়ত কাল আমার গতি হউক* ॥ ৪ ॥

* এই স্থলে গ্রন্থকর্ত্তা শ্রীজীব গোস্বামি মহাশয়—শ্রীরূপ সনাতনকে প্রভু বিশেষণে অলঙ্কৃত করিয়া এই নির্দ্দিষ্ট করিয়াছেন যে, প্রভুবংশসম্ভূত না হইলেও প্রভুশব্দ, স্বীয় গুরু প্রভৃতি পূজ্যজনেও ব্যবহার হইতে পারে এবং অন্যান্য স্থলে দেখা যায় ॥



Digitized at BRCindia.com

গঙ্গায়াং ককুচঙ্গমুক্ শ্রুতিমদাজ্জাগ্রদ্দগতং মাং প্রতি
শ্রীবৃন্দাবিপিনে ত্রয়ীমপি পরাং স্বপ্নাদ্যবস্থং পুনঃ।
যঃ শ্রীমান্ মধুমর্দ্দনঃ সুভগতাসদ্রূপতা বিশ্রুতঃ
সংজ্ঞাবান্ লঘুবংশশংসকতয়া বন্দে চ বন্দে চ তং ॥৫॥
শ্রীকৃষ্ণ কৃষ্ণচৈতন্য সসনাতন রূপক।
গোপাল রঘুনাথাপ্ত ব্রজবল্লভ পাহি মাং ॥ ৬ ॥*

---

প্রভুযুগং শ্রীরূপসনাতনরূপং তৎ প্রভুযুগং সদা মে মম গতিঃ আস্তাং ভবতু। শ্লোকস্যার্দ্ধমেব দৃশ্যত্বাৎ তদেব মুদ্রিতং ॥ ৪ ॥

যঃ শ্রীমান্ মধুমর্দ্দনঃ লঘুবংশশংসকতয়া বংশিবাদকতয়া ইত্যর্থঃ সংজ্ঞাবান্ বংশিধারী ইত্যাখ্যাবান্ তং বন্দে বন্দে পুনরুক্তিঃ ভক্তেরাধিক্যাৎ। সঃ গঙ্গায়াং গঙ্গাতীরে তত্রাবস্থানসময়েচ জাগ্রদ্গতং মাং প্রতি ককুচঙ্গমুক্ শ্রুতিং প্রেমপ্রতিপাদিকাং শ্রুতিং অদাৎ, পুনশ্চ শ্রীবৃন্দাবনে তত্রাবস্থানসময়ে স্বপ্নাদ্যবস্থং স্বপ্নস্য আদৌ যা অবস্থা অর্থাৎ জাগ্রদবস্থা তদ্গতং জাগ্রদ্গতং মাং প্রতি ত্রয়ীমপি অদাৎ। সঃ পুনঃ কথম্ভুতঃ সুভগতাসদ্রূপতা-বিশ্রুতঃ ॥ ৫ ॥

শ্লোকস্যাস্য গ্রন্থাদৌ বিদ্যমানত্বাৎ তত্রৈব ব্যাখ্যা কৃতা ॥ ৬ ॥

---

যে মধুসূদন শ্রীকৃষ্ণ সৌভাগ্য সদ্রূপে বিখ্যাত হইয়া বংশিধারী নামধারণ করিয়াছেন তিনি গঙ্গাতীরে জাগ্রদবস্থাপন্ন মৎ প্রতি প্রেমপ্রতিপাদিকা শ্রুতি ও শ্রীবৃন্দাবনে পরতত্ত্ব বেদ সমর্পণ করিয়াছেন তাঁহাকে আমি পুনঃ পুনঃ বন্দনা করি ॥ ৫ ॥

---

* ইহার অনুবাদ প্রথম পৃষ্ঠায় দ্রষ্টব্য।

Digitized at BRCindia.com

ইতি সঙ্কল্পকল্পদ্রুম নাম কাব্য মামক স্পৃহাধাম
শ্রীরাধাকৃষ্ণরূপপূরমপি পূরয়ন্তৎ।
শ্রীরাধাকৃষ্ণচরণার্পিতমেব মম
সর্ব্বমিতি তদিদমপি তথা ভবেদেবং ॥ ৭ ॥

পূরয়ন্তমিতি পাঠস্থ ভাব্যঃ। অন্যৎ সুগমং ॥ ৭ ॥

ইতি শ্রীধামনবদ্বীপনিবাসি শ্রীশচীনন্দনগোস্বামি ভক্তিরত্নেন কৃতা বিমলানাম্নী টীকা সমাপ্তা।

আমার বাঞ্ছনীয় এই সঙ্কল্পকল্পদ্রুম নামক কাব্য শ্রীরাধাকৃষ্ণের নিত্য লীলাদি দ্বারা পরিপূর্ণ হইয়াছে ইহা শ্রীরাধাকৃষ্ণের চরণেই সমর্পিত হইল, যে হেতু এইরূপ আমার সকলই শ্রীরাধাকৃষ্ণের চরণে অর্পিত হইয়া থাকে ॥৭॥

শ্রীশচীনন্দন গোস্বামি কৃত অনুবাদ সমাপ্ত।

ইতি সঙ্কল্পকল্পদ্রুম গ্রন্থঃ সমাপ্তঃ।

শ্রীসু...
১৬৮।২, সাউথ সিঁথি রোড, কলিকাতা-২

শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ
"শ্রী... ধাম"
১৬৮।২, সাউথ সিঁথি রোড, কলিকাতা-২

Digitized at BRCindia.com